আর্থিক উন্নতি

কৃষি শিল্প বাণিজ্য ও ধর্মবিজ্ঞান বিষয়ক পত্রিকা

১৮শ বর্ষ | বৈশাখ, ১৩৫০ | ১ম সংখ্যা

CALCUTTA CENTRAL LIBRARY UNIVERSITY
7563
·001/3



বঙ্গেশ্বরী কটন মিল্‌স্ লিমিটেড
ম্যানেজিং ডিরেক্টর ডক্টর শ্রীযুক্ত নরেন্দ্রনাথ লাহা

বার্ষিক মূল্য ৩৲ টাকা (ডাক মাশুল ।৵০ আনা স্বতন্ত্র) প্রতি সংখ্যা ।০ আনা

সম্পাদক শ্রী বিনয়কুমার সরকার

ARTHIK UNNATI

(Economic Progress)

Established April, 1926

A monthly journal, in **Bengali**, on economics (theoretical and applied), the applications of industrial research and scientific inventions for social welfare and material progress.

The object of the journal is to function as an organ of banking, foreign trade, money market, insurance, industrialization, agricultural enterprises, railway and shipping economics, public finance, economic legislation, national health, technical education, rural reorganization, municipal administration and other civic interests.

EDITED BY PROF. DR. BENOY KUMAR SARKAR, *Vidya-vaibhava*

Section 1. deals with the *wealth of Bengal*, profession by profession. The data are furnished by the reports of correspondents specially employed for the purpose. The standard of life prevailing among cultivators, artisans, fishermen, boatmen, leather-workers, weavers, shopkeepers, merchants, land-owners, exporters, importers, industrial workers, sailors, clerks, directors and founders of modern industries, banks and other business establishments—all classes of the Bengali population,—is the main theme of these statistical and objective investigations.

Section 2. deals with agricultural, manufacturing and *commercial activities of India* (excluding Bengal, but including the Indian states).

Section 3. deals with the *economic developments of the world*. It seeks to interpret the movement in foreign finance, industries and commerce to the Indian businessmen and economists. India's opportunities for co-operation with foreigners in all spheres of international trade and investment constitute likewise a special subject of study. The facts of world-economy involving, as they do, the intimate interdependence of India and the other countries in regard to economic functions and material welfare are placed before the readers in the form of a regular news-service.

Section 4. deals with the movements and pronouncements of the world's prominent bankers, captains of industry, engineers, chemists, experts in technical, commercial and agricultural education, statisticians, economists, finance-ministers and so forth. The *programmes of learned societies*, businessmen's associations, and bankers' institutes etc. fall within this section.

Section 5. is given over to *interviews* with specialists on problems of applied economics and economic thought.

In all these sections *Arthik Unnati*, although a monthly, intends to acquire the dynamic character of a weekly or even a daily newspaper

Special Features:

1. A tabular statement of the contents (with occasional synopsis) of the economic, financial, export-import, statistical and allied journals in the Indian and foreign languages including *French*, *German*, *Italian*, and whenever possible, *Russian*, *Japanese* and *Turkish*.
2. Review of books.
3. A serial announcement of Indian and foreign books on economics, banking, commerce, technical education and all other branches of material and social welfare.

N.B. About *fifty per cent* of the monthly devotes itself to essays and discussions of permanent value bearing on the methods and problems of the economic sciences. Bengali translation or summaries of the views and theories of foreign economists of the present or preceding generations form a marked characteristic of this journal.

Annual subscription Rs. 3/- (excluding postage).

Office: *9, Panchanan Ghose Lane (off Amherst Street), Calcutta*

Director

DR. NARENDRA NATH LAW

Managing Director, Bangeswari Cotton Mills, Ltd., Calcutta.

P24,082

CONTENTS OF THE APRIL-MAY NUMBER, 1943.

Section 1. Wealth of Bengal: Dacoities and Robberies in the Dacca District. Silk Control. Withdrawal of Control over Rice and Paddy. (pp. 1-3).

Section 2. Economic India : Hospital Railway Train in India. Cultivation of American Vegetables in India. Co-operation Shops in Punjab. Wholesale Price of Rice and Wheat in different places of India. (pp. 4-5).

Section 3. World Economy: Increase in Foodstuff Production in China. Mineral Wealth of China. Allowance for Families of deceased American Soldiers. Pension and Compensation in America. (pp. 6-7).

Section 4. Men, Institutions and Movements: Migrant Labour in Central Africa. First Inter-American Conference on Social Security. Major General Wood's Announcement. (8-9).

Section 5. Interview: The Dawn Society Institute of Culture. (Conversation between Prof. Benoy Kumar Sarkar and Sj. Haridas Mukerjee). (pp. 10-11).

Section 6. World of Journals: *International Labour Review. Summarised.* (pp. 12-13).

Section 7. Reviews: Bases of Peace in Hindu Political Economy. Three Aspects of Labour Dynamics. Management, Labour and Technical Change. (pp. 14-15).

Section 8. Bibliography: 14 books announced. p. 16.

Article:

Economic Development in Turkey.
By Manmatha Nath Sarkar, M. A. (pp. 17-22).

Works by and about BENOY SARKAR

B. K. SARKAR:

1. **Villages and Towns as Social Patterns.** Pages 704. Eight Charts. Rs. 15. (Royal).
2. **Economic Development.** Vol. I. Pages 464. Rs. 8. Vol. II. Pages 320. Nine Charts. Rs. 6. (Demy).
3. **The Political Philosophies since 1905.** Vol. I. Pages 404. Rs. 4. (Crown). Vol. II. Part I. Pages 356. Rs. 5. Part II. Pages 570. Rs. 12. Part III. Pages 368. Rs. 8. (Demy).
4. **The Sociology of Races, Cultures and Human Progress.** Pages 410. Rs. 7. (Royal).
5. **Introduction to Hindu Positivism.** Pages 770. Rs. 16. (Royal).
6. **Creative India.** Pages 725. Rs. 15. (Demy).
7. **The Politics of Boundaries.** Pages 340. Rs. 2-8-0. (Crown).
8. **Social Insurance Legislation and Statistics.** Pages 470. Nine Charts. Rs. 8. (Demy).
9. **Imperial Preference vis-a-vis World-Economy.** Pages 172. Fifteen Charts. Rs. 5. (Royal).
10. **Indian Currency and Reserve Bank Problems.** Pages 94. Fourteen Charts. Rs. 3. (Royal).

S. C. DUTT: **Conflicting Tendencies in Indian Economic Thought.** (Sarkarism in Economics). Pages 234. Rs. 5. (Royal).

N. N. CHAUDHURY: **Pragmatism and Pioneering in Benoy Sarkar's Sociology and Economics.** Pages 152. Rs. 3. (Royal).

S. K. GHOSHAL: **Sarkarism** (The Ideas and Ideals of Benoy Sarkar on Man and His Conquests). Pages 60. Re. 1. (Royal)

S. DASS (and fourteen collaborators). **The Social and Economic Ideas of Benoy Sarkar.** Pages 690. Rs. 12. (Royal).

CHUCKERVERTTY CHATTERJEE & CO., LTD. 15 College Square, Calcutta.

গত পঁয়ত্রিশ বৎসরের

সাফল্যের পরিচয়

গত পঁয়ত্রিশ বৎসরকাল হিন্দুস্থান যে ক্রমশঃ অধিকতর উন্নতির পথে অগ্রসর হইতেছে তাহা ইহার সম্প্রতি প্রকাশিত ১৯৪১ সালের বার্ষিক কার্য্যবিবরণী হইতে স্পষ্ট বুঝা যায়।

আর্থিক পরিচয়

নূতন বীমা	...	প্রায় ৩ কোটি টাকা
মোট চলতি বীমা		১৮ কোটি ২৯ লক্ষ টাকার উপর
বীমা তহবিল		৪ ২৩
মোট সম্পত্তি		৪ ৬৩
দাবী শোধ (১৯০৭-৪১)		১ ৭০ ,, ,,
প্রিমিয়ামের আয়		প্রায় এক কোটি টাকা

হিন্দুস্থানের বীমাপত্র সারবান লাভজনক এবং পারিবারিক সচ্ছলতার ও জাতির আর্থিক উন্নতির সহায়ক

হিন্দুস্থান কো-অপারেটিভ্

ইন্‌সিওরেন্স সোসাইটি, লিমিটেড্

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস্, কলিকাতা।

NEW ECONOMIC AND SOCIOLOGICAL WORKS

Labour Legislation in British India (Pankaj Mukherjee) Rs. 3/-
Conflicting Tendencies in Indian Economic Thought (Shib Dutt) Rs. 5/-
La Politica Finanziaria Britannica in India (Dr. Moni Moulik) Rs. 5/-
The Economics and Law of Central Banking (Prof. Suchin Dutt). Ans. -/8/-
The Messages of Dante (Prof. Subodh Ghoshal). Ans. -/4/-
The Social and Economic Ideas of Benoy Sarkar, Edited by Prof. Baneswar Dass with the collaboration of Fourteen Scholars and with a Foreword by Dr. Narendra Nath Law. Rs. 12/-
Economic Dialectics (Nagen Chaudhury). Rs. 2/
Italian Economy and Culture (Dr. Moni Moulik). Rs. 3/-
Principles of Civics, Part I. (Prof. Suchin Dutt). Re. 1-4-0
Herder's Doctrine of National Soul (Ghoshal) Ans. -/4/-

CHUCKERVERTTY CHATTERJEE & Co. Ltd.
15, College Square, Calcutta.

সূচী

বাংলার সম্পদ্ ঃ—ঢাকা জিলায় ডাকাতি ও লুঠতরাজ : এক রাত্রিতে চার বাড়ীতে ডাকাতি, চাউল লুঠ, গ্রামে ডাকাতি। খাদ্য-সমস্যা। বাঙ্গলার ধান ও চাউল চলাচলের নিষেধাজ্ঞা প্রত্যাহার। রেশন-নিয়ন্ত্রণ। (১-৩)।

আর্থিক ভারত ঃ—ভারতবর্ষে ইসপাতাল রেল-গাড়ী। ভারতবর্ষে মার্কিণ সমৃদ্ধি চাষের আয়োজন। পাঞ্জাবে কো-অপারেটিভ দোকানের কার্য্যাবলী। গম ও চাউলের পাইকারী মূল্য। (৩-৫)।

দুনিয়ার ধনদৌলত ঃ—চীন দেশে বিভিন্ন খাদ্য-বৃদ্ধির শ্রেণী ও উৎপাদন। চীন দেশের খনিজ ঐশ্বর্য্য। মার্কিণ মৃত সৈনিকের পরিবার-ভাতা। মার্কিণ দেশে পেনসন ও কম্পেনসেশন। (৬-৭)।

ব্যক্তি ও সঙ্ঘ ঃ—সেণ্ট্রাল আফ্রিকার মাইগ্রাণ্ট লেবার। কার্ণেগী ইণ্টার-আমেরিকান ফনফারেন্স অন্ সোসিয়াল সিকিউরিটি। মেজর জেনারেল উডের বেতার বক্তৃতা। (৮-৯)।

মোলাকাৎ ঃ—ডন-সোসাইটির সংস্কৃতি-শিক্ষালয়। [অধ্যাপক বিনয়কুমার সরকারের সহিত শ্রীহরিদাস মুখোপাধ্যায়ের কথোপকথন]। (১০-১১)।

পত্রিকা-জগৎ ১২

সমালোচনা ১৪

গ্রন্থপঞ্জী ১৬

প্রবন্ধ ঃ

তুরস্কের আর্থিক উন্নতি

শ্রীমন্মথনাথ সরকার, এম এ

বিনয় সরকারের বৈঠকে

(বিংশ শতাব্দীর বঙ্গ-সংস্কৃতি)

শ্রীহরিদাস মুখোপাধ্যায়

রামকৃষ্ণ-সাম্রাজ্য, বঙ্গ-বিপ্লব, স্বদেশী আন্দোলন, ডন সোসাইটির সতীশ মুখোপাধ্যায়, অরবিন্দ-দর্শন, শিল্প-বাণিজ্যে বাঙালীর প্রগতি, মজুর-আন্দোলন, মেয়েদের পুরুষ-সাথী, "অবনীন্দ্র-মণ্ডল", লাঠি-সেনাপতি পুলিন দাস, ব্রাহ্ম সমাজ, নজরুল ও অন্নদাশঙ্কর, বাংলার বৈজ্ঞানিক, ঐতিহাসিক ও দার্শনিক গবেষকগণ, রাবীন্দ্রিক ভগবান, গল্প-রচনায় বাঙালী মেয়েরা, হিন্দু-মুসলমানের ধর্ম্ম-মিলন, গুরুসদয়ের নাচানাচি, সুরেন্দ্রনাথ হ'তে শ্যামাপ্রসাদ, ১৯৮০ সনের বাঙালী ইত্যাদি বিষয়ে বিংশ শতাব্দীর বঙ্গ-সংস্কৃতি সম্বন্ধে অধ্যাপক বিনয়কুমার সরকারের সঙ্গে কথোপকথন। প্রশ্নোত্তরের আকারে লিখিত। ৪১০ পৃষ্ঠা মূল্য ৩৲

বঙ্গীয় ধনবিজ্ঞান পরিষদ্ ও বঙ্গীয় সমাজ-বিজ্ঞান পরিষদের সুধীবর্গের লিখিত কয়েকখানি গ্রন্থ

১। একালের ধনদৌলত ও অর্থশাস্ত্র (বিনয় সরকার) :—প্রথম ভাগ ২৷৹, দ্বিতীয় ভাগ ৩৲। ২। ধনদৌলতের রূপান্তর (বিনয় সরকার) ১৷৹। ৩। পরিবার, গোষ্ঠী ও রাষ্ট্র (বিনয় সরকার) ২৷৹। ৪। স্বদেশী আন্দোলন ও সংরক্ষণনীতি (বিনয় সরকার) ২৲। ৫। নয়া বাঙলার গোড়াপত্তন (বিনয় সরকার) :—প্রথম ভাগ ২৷৹, দ্বিতীয় ভাগ ২৲। ৬। বাড়্তির পথে বাঙালী (বিনয় সরকার) ৩৷৹। ৭। দেশ-বিদেশের ব্যাঙ্ক (ভট্টর নরেন্দ্রনাথ লাহা ও জিতেন সেনগুপ্ত) ১৷৹। ৮। টাকাকড়ি (রবি ঘোষ) ১৷৹। ৯। টাকার কথা (নরেন রায়) ১৲। ১০। ধনবিজ্ঞানে সাকুল্যেতি (শিব দত্ত) ২৲। ১১। বাংলায় ধনবিজ্ঞান (বিনয় সরকার ও অন্যান্য লেখকগণ) প্রথম ভাগ ৪৷৹, দ্বিতীয় ভাগ ৩৲। ১২। সমাজ-বিজ্ঞান (বিনয় সরকার ও অন্যান্য লেখকগণ) ৩৲। ১৩। মার্কিণ সমাজ ও সমস্যা (নগেন চৌধুরী) ২৲। ১৪। ফরাসী মনীষীদের প্রগতি-দর্শন (প্রফুল্ল বিশ্বাস) ৷৹।

চক্রবর্ত্তী চ্যাটার্জ্জি অ্যাণ্ড কোম্পানী লিমিটেড

১৫, কলেজ স্কোয়ার, কলিকাতা

বৈশাখ—১৩৫০

আর্থিক উন্নতি

১৮শ বর্ষ—১ম সংখ্যা

CALCUTTA UNIV.

অহমস্মি সহমান উত্তরো নাম ভূম্যাম্।
অভীষাড়স্মি বিশ্বাষাড়াশামাশাং বিষাসহি ॥

অথর্ববেদ ১২।১।৫৪

পরাক্রমের মূর্ত্তি আমি,—'শ্রেষ্ঠতম' নামে আমার জানে সবে ধরাতে ;
জেতা আমি বিশ্বজয়ী,—তন্ত্র আমার দিকে দিকে বিজয়-কেতন উড়াতে।



ঢাকা জিলায় ডাকাতি ও লুঠতরাজ

১। অন্নকষ্টের দরুণ দেশে দস্যুতা অতিমাত্রায় বৃদ্ধি পাইয়াছে, এবং প্রত্যহই নানাস্থান হইতে এইরূপ অত্যাচারের সংবাদ পাওয়া যাইতেছে। পাঠকবর্গের অবগতির নিমিত্ত নিম্নে কয়েকটী ঘটনার সংবাদ উদ্ধৃত হইল। (১) কয়েক দিন হয় মুন্সীগঞ্জ থানার অন্তর্গত খাসকান্দী চরের সমীপে মেঘনা নদীতে এক নৌকায় ডাকাতি হইয়াছে ; প্রকাশ, দস্যুগণ নগদ টাকা, অলঙ্কার ও বস্ত্রাদিতে নাকি প্রায় ১৫৮০৲ টাকা লইয়া গিয়াছে। (২) প্রায় পঁচিশজন লোক শিবালয় থানার অধীন টাঙ্গুটীয়া গ্রামের এক বাড়ীতে প্রবেশ করিয়া নগদ ও অলঙ্কারাদিতে প্রায় ১০০০৲ টাকা গ্রহণ পূর্ব্বক পলাইয়া গিয়াছে। (৩) তেজগাঁও থানার দুই মাইল দূরবর্ত্তী এক গ্রামের জনৈক সম্পন্ন মুসলমান গৃহস্থের বাড়ী হইতে দস্যুরা ৫০০৲ টাকা মূল্যের দ্রব্যাদি হরণ করিয়াছে। (৪) লৌহজঙ্গ থানার অধীন বাজপুর গ্রামের নিকট পদ্মানদীতে এক নৌকায় ডাকাতি করিয়া দস্যুরা আনুমানিক ৪০০৲ টাকা মূল্যের দ্রব্যাদি লইয়া গিয়াছে। (৫) টঙ্গীবাড়ী থানার অধীন বালিগ্রামের এক বাড়ী হইতে ডাকাতেরা প্রায় ৩০০৲ টাকা মূল্যের জিনিষাদি লইয়া গিয়াছে। (৬) মেঘনা নদীতে এক নৌকায় ডাকাতি করিয়া দস্যুগণ প্রায় ৩০০৲ টাকা মূল্যের দ্রব্যজাত লইয়া গিয়াছে। (৭) জয়দেবপুর থানার ধীরাশ্রম গ্রামে একবাড়ী হইতে ডাকাতেরা ২০০৲ টাকা মূল্যের দ্রব্যাদি লইয়া গিয়াছে। (৮) সাভার থানার অন্তর্গত গৌরীপুর গ্রামে এক বাড়ীতে প্রবেশ করিয়া ডাকাতেরা প্রায় দুইশত টাকা মূল্যের জিনিষ নিয়াছে।

এক রাত্রিতে চার বাড়ীতে ডাকাতি

প্রকাশ, বিগত ২৯শে ফেব্রুয়ারী রাত্রি প্রায় ৪ ঘটিকার সময় ঢাকা জেলার টঙ্গীবাড়ী থানার অন্তর্গত আপরকাঠী গ্রামে এক বাড়ীতে রামদা প্রভৃতি মারাত্মক অস্ত্রাদি লইয়া একদল ডাকাত একে একে তিন ঘরে হানা দেয়। কোন পুরুষ বাড়ীতে না থাকায় ডাকাতেরা দরজা ভাঙ্গিবার উপক্রম করিতেই স্ত্রীলোকেরা ভয়ে দরজা খুলিয়া দেয়। কিছু টাকা ও গহনা লইয়া উহারা সরিয়া পড়ে। প্রায় আড়াই ঘণ্টা পরে ডাকাতেরা বালিগাঁও গ্রামে 'কালী-বাড়ীর শ্রীযুত দক্ষিণাচরণ ভট্টাচার্য্যের বাড়ীতে হানা দেয়। ভট্টাচার্য্য মহাশয় বাহিরের ঘরে ঘুমাইতেছিলেন। ডাকাতেরা তাঁহার স্ত্রীর হার ও অন্যান্য জিনিষপত্র লইয়া যায় এবং পরক্ষণেই পার্শ্ববর্ত্তী শ্রীযুক্ত ললিত চক্রবর্ত্তীর গৃহে হানা দেয়। তথায় কিছু না পাইয়া উহারা ঐ বাড়ী সংলগ্ন গোপাল দে ও মনোরঞ্জন দের বাড়ীতে হানা দেয়। ঐ বাড়ীর লোকজনের চীৎকারে পূর্ব্বোক্ত দক্ষিণাচরণ ভট্টাচার্য্যের ঘুম ভাঙ্গে। তিনি বাহিরে আসিয়া ঘটনা জানিতে পারিয়াই চুপি চুপি নিকটবর্ত্তী মুসলমানপাড়ায় যাইয়া সংবাদ দেন। তখনই কয়েকজন দৌড়াইয়া আসে। আবদুল নামে এক সাহসী যুবক গোপনে ডাকাতদের অনুসরণ করে এবং মাঠের মধ্যে নামিতেই পিছন দিকের লোকটাকে একটি "টেটা" (মাছ কোপাইবার অস্ত্রবিশেষ) ছুড়িয়া সজোরে মারিয়া সরিয়া আসে। পরদিন সুবচনীর নিকট এক গ্রামে কোনও মুসলমান বাড়ীর ধারে জঙ্গলের মধ্যে কোমরে টেটাবিদ্ধ অবস্থায় লোকটাকে পাওয়া যায়। পুলিশ জঙ্গল ঘেরাও করিয়া লোকটাকে ধরিয়াছে এবং মুন্সীগঞ্জ হাসপাতালে চালান দিয়া টেটা বাহির করা হইয়াছে। অপর ৪।৭ জন ডাকাতও নাকি ধরা পড়িয়াছে।

৩। চাউল লুঠ

নারায়ণগঞ্জ মহকুমার বারদী গ্রামে ঘাটে বাঁধা একটি দেশী নৌকা হইতে এক জনতা প্রকাশ্য দিবালোকে প্রায় ৬৫ মণ চাউল লুঠ করিয়া লইয়া গিয়াছে। প্রকাশ, এসম্পর্কে পুলিশ পার্শ্ববর্ত্তী গ্রামের কয়েকটি গৃহ হইতে ৮ মণ চাউল উদ্ধার করিয়াছে এবং ৪ জন লোককে গ্রেপ্তার করিয়াছে।

৪। গ্রামে ডাকাতি

বিক্রমপুরের লৌহজঙ্গ থানার বড় নোয়াপাড়া গ্রামে এক বাড়ীতে ডাকাতি হইয়া গিয়াছে। প্রকাশ, ডাকাতরা নগদে ও অলঙ্কারে ন্যূনাধিক ১৪ হাজার টাকা লইয়া গিয়াছে।

দেশের সকল স্থান হইতেই লুঠতরাজ, ডাকাতি ও রাহাজানির অসংখ্য সংবাদ প্রতিদিন পাওয়া যাইতেছে। ইহার প্রতীকার কবে হইবে নারায়ণ জানেন! আত্ম-রক্ষার চেষ্টায় নিজেরা দলবদ্ধ না হইলে কোন উপায় হইবে না।

(ঢাকাপ্রকাশ)

খাদ্য-সমস্যা

বর্ত্তমানে আমাদের এতদঞ্চলে খাদ্য-সমস্যা কিরূপ প্রবল হইয়া উঠিয়াছে তাহা কাহারও অজানা নাই। অবশ্য গভর্ণমেণ্ট ও স্থানীয় কর্ত্তৃপক্ষগণ এ বিষয়ে চেষ্টা করিতেছেন; কিন্তু অতিলোভী ব্যবসায়ীদের কারসাজির জন্য কিছুতেই ফল হইতেছে না। যে সকল খাদ্য-দ্রব্য এখনও মজুত আছে সেগুলি কম মূল্যে বিক্রীর ব্যবস্থা হইলেও অবস্থার কতকটা প্রতীকার হইতে পারে বলিয়া মনে হয়। গভর্ণমেণ্টের তরফ হইতে নিম্ন-বেতনের কোনও কোন সরকারী কর্ম্মচারীকে কম মূল্যে চাউল দেওয়া হইতেছে এবং কোনও কোনও গ্রামাঞ্চলেও কৃষক-দিগকে ধান্যাদি দেওয়া হইতেছে। কিন্তু দুঃখের বিষয় এই-নদী-ভাঙ্গা কটিকা-বিধ্বস্ত মিউনিসিপ্যালিটীর অধিবাসীদের জন্য বিশেষ কোন সুব্যবস্থা হইতেছে না। বর্ত্তমানে ইহাদের অবস্থা অতীব শোচনীয় হইয়া পড়িয়াছে। আমরা এতদ্‌প্রতি কর্ত্তৃপক্ষের বিশেষ সদয় দৃষ্টি আকর্ষণ করিতেছি। (নোয়াখালী হিতৈষী)

বাঙ্গলায় ধান ও চাউল চলাচলের নিষেধাজ্ঞা প্রত্যাহার

কলিকাতা, ৩০শে এপ্রিলের সংবাদে প্রকাশ, বাঙ্গলার বেসামরিক সরবরাহ-সচিবের দপ্তরের এক ইস্তাহারে বলা হইয়াছে যে, কলিকাতা ও শিল্পাঞ্চল, দার্জ্জিলিং জিলা এবং চট্টগ্রাম জিলা হইতে ধান্য ও চাউল চলাচল সম্পর্কে যে নিষেধাজ্ঞা প্রযুক্ত আছে, তাহা ছাড়া, প্রদেশের সর্ব্বত্র ধান্য ও চাউল চলাচলের উপর যে নিষেধাজ্ঞা প্রযুক্ত আছে, তাহা বাতিল করিয়া দেওয়া হইতেছে।

কেবল কলিকাতা ও শিল্পাঞ্চল এবং দার্জ্জিলিং ও চট্টগ্রাম জেলার সম্পর্কে যথাক্রমে বেসামরিক সরবরাহ কণ্ট্রোলার, দার্জ্জিলিংএর ডেপুটি কমিশনার ও চট্টগ্রামের জিলা ম্যাজিষ্ট্রেটের নিকট হইতে অনুমতি গ্রহণ করিতে হইবে। প্রদেশের অবশিষ্টাংশে ধান্য ও চাউল চলাচলের ব্যাপারে কোন অনুমতি গ্রহণের প্রয়োজন হইবে না।

রেশম-নিয়ন্ত্রণ

বাঙলা দেশে কাঁচা রেশমের উৎপাদন ও তাহার ব্যবসায় নিয়ন্ত্রণ করিয়া বাঙলা সরকারের বাণিজ্য, শ্রম ও শিল্প বিভাগ হইতে এক বিজ্ঞপ্তি প্রচার করা হইয়াছে। এই ইস্তাহার অনুসারে প্রাদেশিক সরকার ইস্তাহারের মর্ম্মানুযায়ী কার্য্য করিবার জন্য "প্রাদেশিক রেশম-নিয়ন্ত্রণ অফিসার" নামে একজন অফিসার নিযুক্ত করিবেন এবং প্রয়োজন হইলে তাঁহাকে সাহায্য করার জন্য আরও কর্ম্মচারী নিযুক্ত করা হইবে। প্রাদেশিক সরকার প্রত্যেক জেলার জন্য একজন "জেলা রেশম-নিয়ন্ত্রণ অফিসার" নিযুক্ত করিবেন। প্রাদেশিক সরকারের অনুমতি অনুসারে প্রাদেশিক কণ্ট্রোলার বিভিন্ন সময়ে প্রয়োজনানুসারে তাঁহাদিগকে যেসকল ক্ষমতা প্রদান করিবেন, জেলা অফিসারগণ সেইসকল ক্ষমতা পরিচালনা করিবেন। প্রত্যেক রেশম-সূতা প্রস্তুতের কারখানার মালিককে একমাস অতিবাহিত হইবার পূর্ব্বেই রেজিষ্ট্রীকারী অফিসারের নিকট কারখানার নাম রেজিষ্ট্রী করার জন্য আবেদন করিতে হইবে। প্রাদেশিক কণ্ট্রোলার আদেশ করিবেন যে, তাঁহার আদেশে যে সকল লোকের উল্লেখ থাকিবে রেশমগুটি তাঁহাদের নিকট ছাড়া অন্য কাহারও নিকট বিক্রয় বা হস্তান্তর করা যাইবে না। বিভিন্ন শ্রেণীর রেশমগুটির সর্ব্বোচ্চ মূল্য প্রাদেশিক সরকার কর্ত্তৃক সময় সময় বাঁধিয়া দেওয়া হইবে। রেশমগুটির উৎপাদক ও রেজেষ্ট্রীকৃত কারখানার মালিকের চিত্তর যদি কোন গুটির শ্রেণী-বিভাগ সম্বন্ধে মতভেদ হয়, তাহা হইলে কারখানার মালিক উৎপাদকের দাবীকৃত দামের চারিভাগের তিন ভাগ দিয়া উহা ক্রয় করিতে পারিবে। বিভিন্ন শ্রেণীর কাঁচা রেশমের সর্ব্বোচ্চ মূল্য এমন হইবে যাহা সময়ে সময়ে সরকার কর্ত্তৃক বাঁধিয়া দেওয়া যাইবে। রেজেষ্টারীকরা ব্যবসায়ী ছাড়া অন্য কেহ কাঁচা রেশম বিক্রয় করিতে পারিবে না এবং রেজেষ্টারীকরা ব্যবসায়ী ছাড়া অন্য কাহারও নিকট হইতে কেহ কাঁচা রেশম কিনিতেও পারিবে না। প্রাদেশিক কণ্ট্রোলারের লিখিত অনুমতি ছাড়া কেহ রেশমগুটি বা কাঁচা রেশম বাঙলা দেশের বাহিরে কাহারও নিকট বিক্রয় বা হস্তান্তর করিতে পারিবে না। কণ্ট্রোলার বা সরকার কর্ত্তৃক ভারপ্রাপ্ত অন্য কোনও কর্ম্মচারী এজন্য যে কোন সময়ে যে কোনও বাড়ী অনুসন্ধান করিতে পারিবেন। (বাংলার কথা)

ভারতবর্ষে হাঁসপাতাল রেলগাড়ী

যুদ্ধক্ষেত্র হইতে আহত সৈন্যদের দ্রুত অপসারণ ও তাহাদের প্রাথমিক ব্যবস্থাদির জন্য ভারতবর্ষে আজকাল বহু "হাঁসপাতাল রেলগাড়ী" তৈয়ার হইতেছে। অদূর ভবিষ্যতে ভারতবর্ষ প্রকৃত যুদ্ধক্ষেত্রে পরিণত হইতে পারে এই আশঙ্কায় পূর্ব্ব হইতেই এই সমস্ত ব্যবস্থা করা হইতেছে।

যুদ্ধের সময় আহত সৈন্যদের নিরাপদ ভাবনায় লইয়া আসিবার জন্য হাঁসপাতাল রেলগাড়ীর প্রয়োজন খুব বেশী। এইসব হাঁসপাতাল রেলের কামরাগুলির মধ্যে দুই সারি করিয়া প্রথম শ্রেণীর ন্যায় আসন আছে এবং উহা ছোট বড় সকলেই ব্যবহার করিতে পারিবে। প্রত্যেকটি আসনের সঙ্গে একটি করিয়া বই রাখিবার তাক আছে। আহত সৈনিকরা বিছানায় শোয়া অবস্থায় নিজেরাই হাত বাড়াইয়া এখান হইতে বই নিয়া পড়িতে পারিবে। প্রত্যেকটি হাঁসপাতাল রেলগাড়ীতে ১২টি করিয়া কামরা আছে এবং সব কামরাগুলি পরস্পরের সহিত একটানা বারান্দা দিয়া সংযুক্ত : এক কামরা হইতে সহজেই অন্য কামরায় যায়। ১২টি কামরার মধ্যে ৭টি রোগীদের জন্য এবং বাকী কয়টি চিকিৎসাগার, ঔষধপত্র, ডাক্তার ও নার্সদের থাকিবার জায়গা এবং রান্না ও ভাঁড়ার ঘর।

স্বাভাবিক অবস্থায় প্রত্যেক হাঁসপাতাল রেলগাড়ীতে ২০২ জন রোগীর চিকিৎসার ব্যবস্থা আছে। জরুরী অবস্থায় ইহার চারগুণ রোগীও নেওয়া সম্ভব হইবে। প্রত্যেক গাড়ীর তত্ত্বাবধানের জন্য একজন মেডিকেল অফিসার আছেন এবং তাঁহার অধীনে বহু ভারতীয় ও ইংরেজ ডাক্তার ও নার্স রহিয়াছেন। মোট কথা হাঁসপাতাল গাড়ীগুলি জরুরী অবস্থার জন্য যথাযথভাবে প্রস্তুত হইয়া আছে। এই গাড়ীগুলি দেখিতে খাকি রংয়ের এবং ইহার গায়ে রেড ক্রস (হাঁসপাতাল গাড়ীর চিহ্ন) আঁকা আছে।

আহত রোগীদের এবং অবসর সময়ে ডাক্তার ও নার্সদের পড়িবার জন্য সামরিক কর্তৃপক্ষ দেশবাসীর নিকট নানারূপ গল্পের বই এবং সাময়িক ও পাক্ষিক পত্রিকাদি চাহিয়া আবেদন জানাইতেছেন।

ভারতবর্ষে মার্কিণ সব্জি চাষের আয়োজন

আমেরিকার কৃষি বিভাগ হইতে এক ঘোষণা প্রসঙ্গে বলা হইয়াছে যে, সম্মিলিত রাষ্ট্রবর্গের যেসব দেশ সম্প্রতি জার্ম্মাণি ও ইতালীর কবলমুক্ত হইয়াছে সেখানে চাষ আবাদের জন্য মিত্ররাষ্ট্রবর্গ আমেরিকা হইতে ৪ কোটি পাউণ্ড বীজ (আমেরিকার জাত শাকসবজির বীজ) রপ্তানি করিয়াছেন।

আমেরিকান খাদ্য বণ্টন বিভাগের কর্তৃপক্ষ বলিয়াছেন যে যুদ্ধ ও যুদ্ধোত্তর কালের জন্য পর্যাপ্ত পরিমাণ বীজ সঞ্চয় করিয়া রাখা হইবে এবং পোল্যাণ্ড, ফ্রান্স, যুগোস্লাভিয়া প্রভৃতি দেশগুলি জার্ম্মাণ কবলমুক্ত হইলে সেখানে চাষ আবাদের জন্য উহা পাঠান হইবে। বর্ত্তমানে ইউক্রেণ উত্তর আফ্রিকা ও চীনের স্থানে স্থানে এই চাষ আবাদের ব্যবস্থা হইতেছে।

ভারতবর্ষের জন্যও আমেরিকা হইতে বীজ চালান দিবার ব্যবস্থা হইয়াছে এবং বিমানযোগে একশত হইতে পাঁচশত পাউণ্ড বীজ পাঠান হইবে।

পাঞ্জাবে কো-অপারেটিভ দোকানের কার্য্যাবলী

১৯৩০ হইতে ১৯৪০

বৎসর	দোকানের সংখ্যা	মণ হিসাবে উৎপন্ন বিক্রয়	লক্ষ টাকা হিসাবে উৎপন্ন বিক্রয়
১৯৩০			৪১
১৯৩১			৩০
১৯৩২		৮,৯৪,৯৯৫	২৪
১৯৩৩		৫-৪৫,৬২৪	১৯'৬১
১৯৩৪		৬,৯৫,৪৯৭	১৮'৯৬
১৯৩৫		৭,০০,৮৩৩	২২'৫০
১৯৩৬		৭,০৯,৬৯৪	২৬'১১
১৯৩৭		৫,৭৬,৮৩২	২৩'৪৯
১৯৩৮		৬,৫০,৪০৯	১৯'০৫
১৯৩৯		৮'২৪,৬৩০	২৬'৬৫
১৯৪০		৮,১৭,৯৫৫	৩৩'৫৯

এই সকল দোকানের ম্যানেজারের ইচ্ছা অনুযায়ী কিছু কিছু টাকা অগ্রিম দেওয়ার প্রথা আছে। যাহারা উৎপন্ন দ্রব্য বিক্রয়ার্থ এইসকল দোকানে মাল রাখিয়া যাইবে তাহাদিগকে উক্ত অগ্রিম টাকা দেওয়া হয়। অগ্রিম দেওয়ার নিয়ম হইল রক্ষিত দ্রব্যের বাজার দরের ৭৫% টাকা। যখন সমস্ত মাল বিক্রয় হইয়া যাইবে তখন বাকী দেওয়ার নিয়ম আছে। অবশ্য যে টাকা অগ্রিম দেওয়া হইল তাহার উপর ১২।০% টাকা সুদ হিসাবে ধরিয়া লওয়া হয়। কিছুদিন যাবৎ উক্ত সুদের হার কমাইয়া ৯% করা হইয়াছে। এই ধরণের সুদ কমাইয়া অগ্রিম দেওয়ার ব্যবস্থা সত্যই সমবায়ের উপকার সাধন করিতেছে। কমিশন দোকানে অবশ্য নগদ টাকার কারবারই প্রচলিত এবং তাহা দুই দিনের মধ্যেই দিবার ব্যবস্থা আছে।

গম ও চাউলের পাইকারী মূল্য

১১ই এপ্রিল তারিখে ভারতের কতিপয় বিশিষ্ট বাজারে চাউল ও গমাদি শস্যের পাইকারী দর নিম্নরূপ ছিল :—

	প্রতিমণ টাকা
গম—	
লায়েলপুর (পাঞ্জাব)	৩।০
হাপুর (ইউ, পি)	১২।৶০
সাগর (সি, পি)	৮।০
চন্দৌসী (ইউ, পি)	৭।৶১ পাই
চাউল—	
চাঁদপুর	
পুর্ণিয়া (বিহার)	
বেরিলী (ইউ, পি)	
রায়পুর (সি, পি)	
বেজোয়াদা (মাদ্রাজ)	
কটক (উড়িষ্যা)	
লারকানা (সিন্ধু)	
জোয়ার—	
নন্দ্যাল (মাদ্রাজ)	
ঝাঁসী (ইউ, পি)	
খেরী-লক্ষ্মীপুর (ইউ, পি)	
বজরা—	
ধুলিয়া (বোম্বাই)	
আগ্রা (ইউ, পি)	

চীন দেশে বিভিন্ন খাদ্য-বৃদ্ধির শ্রেণী ও উৎপাদন

	(পিকিউল হিঃ) উৎপাদন
ধান্যের বৃদ্ধি	৪,৪৪,৬০০
গম ও অন্যান্য ফসল	৩৩,৩৮৭,০০০
* ফসলের রোগ ও পোকার দমন	
সার ব্যবহার	
খাল কাটার বৃদ্ধি	
ভাল পশুর উৎপাদনের দ্বারা কতটা শস্যের সাহায্য হইয়াছে	
মোট	৪৯,৫৩২,৪০০ ৪৫,০৬৩,৪০০

১৯৪১ সনের খাদ্য বৃদ্ধি প্রণালী অনুসৃত হইয়া যেরূপ ফল হইয়াছে।

প্রদেশ	যে পরিমাণ ফসল আশা করা গিয়াছিল (পিকিউল হিঃ)	একরে কতটা পরিমাণ ভূমি বৃদ্ধি হইয়াছে (মৌ হিঃ)	প্রকৃত কতটা ফসল জন্মিয়াছে (পিকিউল হিঃ)
সে-চোয়ান	৮,৩৪৪,০০০	৫,১৭২,৪৩৭	১৪,০৭১,৫১০
কোয়ানটাং	১,৪৬০,০০০	৩,৭৮৪,১৩৭	২১,১১১,১৭৪

চীন দেশের খনিজ ঐশ্বর্য্য

(কুংমাউ হিঃ)†

	প্রাইভেট অপারেটেড্	গভর্ণমেণ্ট অপারেটেড্
কয়লা	৩,১৬২,৮০১'৭৭	৭,০৫২,১২৪'২১
টিন	২৮৩,৩৭৫'২৫	২৮৩,৩৭৫'২৫
স্বর্ণ	৭৫২,৩৫২'৭৮	৭৫২,৩৫২'৭৮
লৌহ	১১,২২৩'০৮	৭৫৮,০০১'৬৪
তাম্র	×	২,৪৬৫,৫৮৫'৩৭
টাঙ্গস্টেন	১২২,৬০৮'১২	৮৪৪,২৫০'৩২

* ফসলের রোগ ও পোকা নিবারণ হইয়াছে যে পরিমাণ ভূমির উপর ও তাহার জন্য যে পরিমাণ ফসল পাওয়া গিয়াছে তাহার সংখ্যা।

† (১ কুংমাউ=১০০ স্কোয়ার মাইল)

খনিজ	প্রাইভেট অপারেটেড্	গভর্ণমেণ্ট অপারেটেড্
এণ্টিমনি	৬৭,৭৩৫·৬৬	×
এলুমিনিয়ম	৬০,২৪১·৬০	×
ম্যাঙ্গানীজ	৫৯,৬৪৮·৩৫	×
পারা	১৬৯,৭৬৪·১৩	×
বিসমাথ	৪,৫৭৯·৪৯	×
মলিবডেনাম	২০৭·৬০	×
কোবাল্ট	১৪২·০০	×
আর্সেনিক	২১,০২৬·৪৬	×
ফসফরাস	২২,৮৭০·০০	×
গ্রাউর্সপার	২,৮৫৭·৭৮	×
গন্ধক	১২,১১৩·০৭	×
গ্রাফাইট	৪০,৫০৬·২৬	×
ক্রিসটালিন রকস্	৩১১·১৯	×
ট্যাল্ক	৩,২৩২·১০	×
এ্যাজবেসটস	২,৩২২·৪৩	×

মার্কিণ মৃত সৈনিকের পরিবার-ভাতা

মার্কিণ দেশের সৈনিকদের মধ্যে যাহারা ১৯৪২ সনে মৃত্যু বরণ করিয়াছেন তাহাদের বিধবা স্ত্রী ও পুত্রাদির ভরণপোষণের জন্য গভর্ণমেণ্ট নিম্নলিখিতভাবে ক্ষতিপূরণ দিবার ব্যবস্থা করিয়াছেন :—

	কোন কার্য্যে মৃত্যু এবং তাহার জন্য দান			নন-সারভিস কনেকটেড মৃত্যু ও তাহার জন্য দান	
মৃতের আত্মীয়	স্পানিশ আমেরিকান যুদ্ধ বিশ্ব যুদ্ধ ১ম ও ২য়	সাধিস সময়ে যুদ্ধ (ডলার হিঃ)	সাধিস সময়ে (ডলার হিঃ)	পৃথিবীব্যাপী যুদ্ধ ১ম (ডলার হিঃ)	স্পানিশ ওয়ার (ডলার হিঃ)
বিধবা—					
৫০ বৎসরের নিম্ন বয়স ৩৮					
৫০ ঊর্দ্ধে ৪৫					
শিশু—(বিধবা আছে)*					
প্রথম শিশু					
১০ বৎসরের নিম্নে					
১০ বৎসরের উপরে					
অন্যান্য শিশু					
১০ বৎসরের নিম্নে					
১০ বৎসরের উপরে					
শিশু—(বিধবা নাই)					
১ম শিশু			৩৬		
২য় শিশু			৪২		
৩য় শিশু			৪৮		
প্রত্যেক শিশু			৪৬		
পিতামাতা—					
১ পিতা	—				
২ মাতা	—	—			
অন্যান্য আত্মীয়					
সর্ব্বোচ্চ দান			—		

মার্কিণ দেশে পেনশন ও কম্পেনসেশন

১৯৪১ সনে ৩০শে জুন অবধি যত টাকা পেনশন ও ক্ষতিপূরণ হিসাবে মার্কিণ গভর্ণমেণ্ট খরচা করিয়াছেন তাহার মোট সংখ্যা নিম্নে দেওয়া গেল :—

(হাজার ডলার হিঃ)

কর্ম্মের সময়	মোট	ডেটারনস	সারভাইভরস
মোট	৪২৮,৯৯৯	৩১৫,৭৭৩	১১৩,২২৬
১ম বিশ্বযুদ্ধ	২৫৭,৮২৪	১৯২,৪৬২	৬৫,২৬৩
পিসটাইম সারভিস	১৭,৬৬৯	১৪,৩৮৩	৩,২৮৬
স্পানিশ আমেরিকান যুদ্ধ	১২৭,৩৫৭	১০৫,২৮৪	২২,০৮৩
সিভিল ওয়ার	২৩,১৭৪	২,০৪০	২১,১২৪
ইণ্ডিয়ান ওয়ার	২,৯০৮	১,৫০৪	১,৪০৬
ওয়ার উইথ মেক্সিকো	৬৬	—	৬৬

* ২৮ মার্চ তারিখের ১৯৩৪ সনের এ্যাক্ট অনুসারে যে সকল বিধবা ও অনাথ শিশু দান প্রাপ্ত হন।

সেণ্ট্রাল আফ্রিকায় মাইগ্রাণ্ট লেবার

২৩শে মে (১৯৪২ সন) সাউদার্ণ রোডেসিয়া, নর্থার্ণ রোডেসিয়া এবং নাইসাল্যাণ্ডের সভ্যগণের দ্বারা সালসবারিতে একটি মাইগ্রাণ্ট লেবার এগ্রীমেণ্ট স্বাক্ষরিত হয়। ১৯৩৯ সনের যে চুক্তির দফাগুলি ছিল উহা তাহারই পুনরাবৃত্তি মাত্র বলিয়া জানা যায়। কার্য্য পছন্দ করার শক্তি সম্বন্ধে গভর্ণমেণ্ট স্বাধীনতা স্বীকার করিয়া লইয়াছেন। ইহা ছাড়া প্রত্যেক শ্রমিক তাহার সামাজিক হ্যাটাস ও সাধারণ জীবনধারণের পূর্ণ ক্ষমতা প্রাপ্ত হইবে।

ফার্ষ্ট ইণ্টার-আমেরিকান কনফারেন্স অন্ সোসিয়াল সিকিউরিটি

১৯৪২ সনের ১০ই হইতে ১৬ই সেপ্টেম্বর প্রথম ইণ্টার-আমেরিকান কনফারেন্স অন সোসিয়াল সিকিউরিটি বৈঠক বসিয়াছিল সাণ্টিয়াগো ডি চিলি নামক নগরে। উক্ত বৈঠকটি আহুত হইয়াছিল চিলিয়ান গভর্ণমেণ্ট কর্ত্তৃক এবং ইণ্টার-আমেরিকান কমিটি টু প্রোমোট সোসিয়াল সিকিউরিটির তত্ত্বাবধানে ইহার উদ্বোধন হয়। ১৯৪০ সনের ডিসেম্বর মাসে ইহার কমিটি "লিমা" নগরে প্রথম গঠিত হইয়াছিল।

এই বৈঠকে প্রায় ২১টী আমেরিকান প্রদেশ যোগদান করে। ইহার সভাপতিত্ব করেন ডা: মিশোয়েল এচেবার্ণে। ইনি চিলিয়ান গভর্ণমেণ্টের মিনিষ্টার অব-হেলথ, সোসিয়াল ইন্সিওরেন্স এণ্ড এসিসটেন্স।

ইণ্টার-ন্যাশন্যাল লেবার অফিসের গভর্ণিং বডিকে রিপ্রেসেণ্ট করিয়াছিলেন—মিঃ পল ঢাণ্ড ডিলাণ্ড। ইনি বেলজিয়ামের প্রাক্তন প্রধান মন্ত্রী (গভর্ণমেণ্ট গ্রুপের রিপ্রেসেণ্টেটিভ), মিঃ ক্লারেন্স মাক্ ডেভিট (এমপ্লয়ার্স গ্রুপের রিপ্রেসেণ্টেটিভ) এবং মিঃ রবার্ট কে ওয়াট (ওয়ার্কাস-গ্রুপের রিপ্রেসেণ্টেটিভ)।

দি প্যান আমেরিকান স্যানিটারি বিউরো ডা: এলটনি ডোনাডানকে পাঠাইয়াছিলেন।

এই অনুষ্ঠানটীকে সাফল্যমণ্ডিত করিবার জন্য চিলিয়ান গভর্ণমেণ্ট একটি কমিটি গঠন করেন। উহার চেয়ারম্যান ছিলেন ডা: জুলিও বাস্টোস, ইনি মিনিষ্ট্রি অব হেলথ, সোসিয়াল ইন্সিওরেন্সের সোসিয়াল ইন্সিওরেন্সের ডিপার্ট মেণ্টের চিফ।

মেজর জেনারেল উডের বেতার বক্তৃতা

কলিকাতা, ১৮ই এপ্রিলের সংবাদে প্রকাশ, ভারত সরকারের খাদ্য বিভাগের এডিশনাল সেক্রেটারী মেজর জেনারাল উড দিল্লী হইতে বেতার বক্তৃতায় ঘোষণা করেন যে, ভারত সরকার আগামী বার মাসের মধ্যে কিঞ্চিদধিক ৭ শত কোটি টাকা মূল্যের খাদ্য-শস্য ক্রয় করিবার সংকল্প করিয়াছেন।

বর্ত্তমান অবস্থায় প্রয়োজনীয় ব্যবস্থা সম্পর্কে তিনি সাতটি প্রধান বিষয়ের উল্লেখ করেন। প্রথমতঃ, প্রদেশসমূহ দেশীয় রাজ্য গুলি ও কেন্দ্রের মধ্যে দায়িত্ব বণ্টন করিতে হইবে। দ্বিতীয়তঃ, সামগ্রীসমূহ চোরা-বাজার অথবা মজুতকারীদের হাতে না পড়িয়া যাহাতে জনসাধারণের ব্যবহারে আসিতে পারে, তজ্জন্য সরকারের সেইগুলি হস্তগত করা একান্ত প্রয়োজন। বর্ত্তমানে এবং

যুদ্ধ-সমাপ্তির এক বৎসর পর পর্য্যন্ত উৎপাদনকারীদের এই সকল দ্রব্যের সঙ্গত মূল্যের জন্য সরকার পক্ষ হইতে নিশ্চয়তা দেওয়া হইবে।

তৃতীয় বিষয়ের সম্পর্কে মেজর জেনারেল উড বলেন যে, আগামী ১২ মাসের জন্য সরবরাহ ও বণ্টন সম্পর্কে সিদ্ধান্ত করা হইয়াছে। যে সকল প্রদেশে ও রাজ্যে প্রয়োজনের অতিরিক্ত খাদ্যশস্য আছে তাহারা কি পরিমাণ দিবে এবং যাহাদের প্রয়োজনের কম আছে তাহারা কত পাইবে তাহাও স্থিরীকৃত হইয়াছে। মোটের উপর সমস্ত প্রদেশ ও রাজ্যের সম্বন্ধান হয় এ পরিমাণ খাদ্যশস্য আছে এবং যুদ্ধপূর্ব্ব তিন বৎসরের মধ্যে নিকৃষ্ট বৎসরের তুলনায় প্রত্যেক প্রদেশ ও রাজ্যেই অধিক পরিমাণ খাদ্যশস্য থাকিবে।

চতুর্থ বিষয়টি হইল যে শস্যক্রয় ও পরিবেশনের জন্য একটি ব্যাপক প্রতিষ্ঠান প্রয়োজন এবং এই উদ্দেশ্যে ভারতের সর্ব্বত্র তাহা করার আয়োজন চলিতেছে। এতৎসত্ত্বেও মেজর জেনারেল উড পঞ্চম বিষয়টিতে বিশেষ জোর দিয়াই বলিয়াছেন যে, এই কার্য্যের জন্য প্রচলিত ব্যবসায়ের পন্থা ও ধারার পর্য্যাপ্তরূপ ব্যবহার করাই সরকারের সুনির্দ্দিষ্ট কার্য্যনীতি। পরবর্ত্তী বিষয়টীতে মেজর জেনারেল উড জনসাধারণের নিকট হইতে পূর্ণ সহযোগিতা লাভের জন্য আবেদন করেন।

পরিশেষে সর্ব্বশেষ বিষয় সম্পর্কে বক্তা বলেন যে, ভারত সরকার কেবল খাদ্যশস্য ক্রয় করিয়া এক স্থান হইতে অপর স্থানে প্রেরণ করিয়াই ক্ষান্ত হইবেন না। ইহা সমগ্র পরিকল্পনার অঙ্গবিশেষ মাত্র। ইহার সমগুরুত্ব-সম্পন্ন অপর একটি উদ্দেশ্য হইল যে, ভারত সরকারের হাতে যে মজুত মাল থাকিবে তাহা দেশের সর্ব্বত্র সরবরাহের ব্যবস্থা ও মূল্য সম্পর্কে সমতা স্থাপন ও রক্ষার জন্য ব্যবহৃত হইবে।

ডন-সোসাইটির সংস্কৃতি-শিক্ষালয়

[অধ্যাপক বিনয়কুমার সরকারের সহিত শ্রীহরিদাস মুখোপাধ্যায়ের কথোপকথন]

প্রঃ—আজ শ্রীযুক্ত সতীশ মুখোপাধ্যায় মহাশয়ের "ডন-সোসাইটি" সম্বন্ধে কিছু বলবেন কি ?

উঃ—সতীশবাবু ১৯০২ সনের শেষের দিকে তাঁর "ডন"-পত্রিকার নামে একটা সংস্কৃতি-শিক্ষালয় কায়েম করেন। তার নাম "ডন সোসাইটি"। প্রতিষ্ঠার সভায় আমি উপস্থিত ছিলাম। মেট্রোপলিটান ইনষ্টিটিউশনের (একালের বিদ্যাসাগর কলেজ) হোষ্টেলায় সার্ব্বজনিক সভা ডাকা হ'য়েছিল। সভাপতি ছিলেন জজ গুরুদাস বন্দ্যোপাধ্যায়। কলেজের প্রিন্সিপ্যাল নগেন্দ্রনাথ ঘোষের সঙ্গে সতীশবাবুর বন্ধুত্ব ছিল। নগেন্দ্রনাথ "ইণ্ডিয়ান নেশন" নামক সাপ্তাহিক পত্র সম্পাদন ক'রতেন।

প্রঃ—"ডন সোসাইটি"কে সংস্কৃতি-শিক্ষালয় বল্‌ছেন কেন ?

উঃ—এটা একটা স্কুল, মক্তব বা ইস্কুল-কলেজই বটে। কল্‌কাতার ভিন্ন-ভিন্ন কলেজের ছাত্ররা এই সোসাইটির সভ্য হ'তো। চাঁদা দিতে হ'তো না। সপ্তাহে দু-দিন ক'রে ক্লাস বস্‌ত। রীতিমত ক্লাস। বক্তৃতার ব্যবস্থা ছিল। সভ্যেরা বক্তৃতা শুনে' সেই সবের সংক্ষিপ্ত সার লিখ্‌তে বাধ্য হ'তো। কাগজ ও পেন্সিল বিনা পয়সায় দেওয়া হ'তো।

প্রঃ—ডন সোসাইটির ক্লাসে ক'জন ছাত্র হ'তো ?

উঃ—বোধ হয় পঁচাত্তর বা গোটা শ'য়েক সভ্য আমি অনেক সময় একসঙ্গে দেখেছি। আমিও অল্পতম ছিলাম। ১৯০৩ সনে আমি যোগ দিই,—রাধা-কুমুদ মুখোপাধ্যায়ের নেতৃত্বে। প্রথম-প্রথম বোধ হয় আমি প্রত্যেক ক্লাসে যেতাম না। হয়তো অন্যান্য আড্ডা মারার টান বেশী ছিল। কিন্তু অল্পদিনের ভেতরেই নিয়মিতরূপে যেতে সুরু করি।

খার্ড ইয়ারের সময়েই কলেজের আর হষ্টেলের বন্ধুরা আমাকে সতীশবাবুর চেলা ব'লে ডাকৃত বা ঠাট্টা ক'রত।

প্রঃ—ক্লাসগুলা চালানো হ'তো কি ক'রে ?

উঃ—বক্তারা ব'কে যেতেন। ছেলেরা নিত বক্তৃতার চুম্বক। তারপর তারা বাড়ীতে ব'সে সে-সব প্রবন্ধের আকারে লিখ্‌ত। লেখাগুলা সতীশবাবু নিজে প'ড়ে দেখ্‌তেন।

প্রঃ—কি-কি বিষয়ে বক্তৃতার ব্যবস্থা ছিল ?

উঃ—হপ্তায় দু'দিন ক্লাস হ'তো। বিকেল বেলায়। মঙ্গলবার ছিল "জেনার‍্যাল ট্রেনিং"য়ের (সাধারণ সংস্কৃতির) দিন। বক্তৃতা হ'তো ইংরেজিতে। সতীশবাবু নিজে বক্তৃতা ক'রতেন। শুক্রবার ছিল "মর‍্যাল ট্রেনিং"য়ের (নৈতিক সংস্কৃতির) জন্য মার্কামারা। গীতার উপর বক্তৃতা হ'তো,—বাংলায়। বক্তা ছিলেন পণ্ডিত নীলকণ্ঠ গোস্বামী।

প্রঃ—"সাধারণ সংস্কৃতি"র ভেতর কি-কি আলোচ্য বস্তু ছিল ?

উঃ—জাতীয় স্বার্থসমূহের বিশ্লেষণ ছিল আসল কথা।

ব্যক্তির চেয়ে জাতি বড় এই ছিল মন্ত্র। পরিবারের চেয়েও দেশ বড় এই মন্তরই প্রচারিত হ'তো নানা আকারে। কোনো দিন স্পেন্সারের বাণী, কোনো দিন মিলের বরেৎ, কোনো দিন কার্লাইলের বুখ্নি। কিন্তু যাই আলোচিত হ'ক না কেন,—ভাইনে-বাঁয়ে পায়তারা কর্তে-কর্তে সতীশবাবু এসে দাঁড়াতেন তাঁর স্বদেশ-নিষ্ঠায়।

প্রত্যেক দিনই ঘুরে-ফিরে এসে হাজির হ'তাম স্বার্থত্যাগের দর্শনে। বুঝ্তে পারতাম,—বিবেকানন্দ-বাহিত "একবগ্গা ক্যাপামি"র আসল প্রতিমূর্ত্তি সতীশ মুখোপাধ্যায়। সতীশবাবুর আবহাওয়ায় প'ড়েছিলাম ব'লে জীবন ধন্য হ'য়েছে।

প্রঃ—গীতার দিন কি পড়ানো হ'তো?

উঃ—গীতার শ্লোকগুলা ধ'রে ধ'রে শব্দের পর শব্দ বুঝিয়ে দেওয়া হ'তো। পণ্ডিত নীলকণ্ঠের ব্যাখ্যা-গুলা কানে ঠেকত অতি-মধুর আর মিশে যেত রক্তের সঙ্গে। প্রত্যেক দিন শুন্তাম এক সুর। তা হচ্ছে :—"শরীর কিছু নয়, প্রাণ কিছু নয়, মুক্তি কিছু নয়। একমাত্র জিনিষ কর্ত্তব্য-পালন।" সেই সুর আজও কানে বাজ্ছে। আর তারই জোরে বেঁচে র'য়েছি।

প্রঃ—কোনো বাইরের লোকের বক্তৃতার ব্যবস্থা ছিল?

উঃ—ব্রহ্মবান্ধব উপাধ্যায়, ভগ্নী নিবেদিতা, প্রিন্সিপাল নগেন ঘোষ, রবীন্দ্রনাথ, পণ্ডিত দুর্গাচরণ সাংখ্য-বেদান্ত-তীর্থ ইত্যাদি অনেক বক্তৃতা ক'রেছেন। দীনেশ সেনের বক্তৃতাও শুনেছি। ১৯০৪ সনের কথা। তখনকার দিনে "বঙ্গভাষা ও সাহিত্য"-গ্রন্থের লেখক ব'লে তিনি জন সোসাইটির আবহাওয়ায় অতি-প্রিয় ছিলেন।

দীনেশ সেনকে আমরা প্রকারান্তরে বাঙ্গালী জাতের সামাজিক ইতিহাসের উদ্ধারকর্ত্তারূপে সম্মান করতাম। ঐতিহাসিক যদুনাথ সরকার গবেষণার একদিকে আর দীনেশ সেন আর একদিকে.—এইরূপ ছিল ধারণা। তখনকার দিনে এই দুইজনই ছিলেন ঐতিহাসিক গবেষণার পথ-প্রদর্শক। হরপ্রসাদ শাস্ত্রীকে বোধহয় বেশী ছেলেরা জান্তো না। "বঙ্গভাষা ও সাহিত্য" বইয়ের অনেক কপি আমি ১৯০৭-১৪ সনে কিনে-ছিলাম। মালদহ জাতীয় শিক্ষাসমিতির ছাত্রদেরকে লেখাপড়ায় উৎকর্ষের জন্য বার্ষিক পুরস্কার দিতাম। দীনেশ সেনের সঙ্গে জাতীয় শিক্ষার যুগে আমার অন্যান্য যোগাযোগও ছিল। তাঁর কাছে ভাষা সংশোধনের সাহায্যও পেয়েছি।

"ইণ্টার-ন্যাশন্যাল লেবার রিভিউ"

কলকারখানার সম্বন্ধাদি এবং যুদ্ধ-সময়ে নিয়োগের ব্যবস্থার স্বরূপ নির্ণয়।

২। ইউনাইটেড ষ্টেট্‌সে পেনশন ও ক্ষতিপূরণ দেওয়া।

৩। সামাজিক নিরাপত্তার প্রথম আন্তর্জাতিক অধিবেশন। পুনর্গঠিত প্রণালী চেকোস্লোভাকিয়া, পোল্যাণ্ড, অষ্ট্রেলিয়া, বলাবিয়া। ইউনাইটেড ষ্টেটসে মাহিয়ানা ও মূল্য-নিয়ন্ত্রণ। অষ্ট্রেলিয়াতে নিয়োগনীতি। ফিনল্যাণ্ডে লেবার সার্ভিস। ভারতবর্ষে নিয়োগের অবস্থা। ক্যানাডার ট্রেড ইউনিয়ন মুভমেণ্ট।

৪। মাহিয়ানা ও কার্য্য-সময়ের সংখ্যা।

উপরিউক্ত প্রবন্ধগুলির মধ্যে কলকারখানার সম্বন্ধে ও যুদ্ধ সময়ে নিয়োগের ব্যবস্থার স্বরূপ নির্ণয় বিষয়ক প্রবন্ধটী মিঃ বেনলিঃ কর্ত্তৃক লিখিত হইয়াছে এবং ইণ্টার-ন্যাশন্যাল লেবার অফিস হইতে উহা প্রকাশিত হইয়াছে।

যুদ্ধ সময়ের যে সকল অর্থনৈতিক সমস্যা উত্থিত হইয়াছে তাহাদের মধ্যে "কলেকটিভ বার্গেনিং টু ওয়ার-টাইম রিকোয়ারমেণ্ট" অর্থাৎ যুদ্ধজনিত প্রয়োজনীয় দ্রব্যাদির জন্য সঙ্ঘবদ্ধ লাভ সম্বন্ধে বিরুদ্ধ মতবাদ উপস্থিত হইয়াছে।

অধিকাংশ ডেমোক্র্যাটিক দেশই এক্ষণে নিয়তম মাহিয়ানা নির্ণয়ের নীতি প্রবর্ত্তন করিয়াছে; কিন্তু ঐ সকল দেশে শান্তির সময়ে নিয়ম ছিল সরবরাহ ও চাহিদার উপর নির্ভর করিয়া মাহিয়ানা স্থির করা। অন্য কথায় বলা চলে যে, শ্রমিক ও ধনিক শ্রেণীর মধ্যে পরস্পরের যুক্তি ও চুক্তি হিসাবেই যাহা কিছু স্থির করা হইত এবং কলেকটিভ্ প্রেসার বা সঙ্ঘবদ্ধ চাপ দেওয়ার দ্বারা শ্রমিকের জীবনের সুখশান্তি বা অভাব অভিযোগের মীমাংসা করা হইত। শ্রমিকের মজুরি নির্দ্ধারণের জন্য দুইটী উপায় অবলম্বন করা হইত। মজুরের দিক হইতে তাহার প্রধান অস্ত্র ছিল সঙ্ঘবদ্ধভাবে মনিবের দরবার স্থানে যে চুক্তির সর্ত্ত তাহা মানিয়া না লওয়া—যে পর্য্যন্ত না বাস্তবিক ন্যায়সঙ্গত সর্ত্তে ধনিক রাজি হয় ততক্ষণ পর্য্যন্ত কার্য্য গ্রহণ না করা এবং ধনিকের দিক হইতে নিয়োগের চুক্তি মানিয়া না লওয়া অবধি কোন শ্রমিককে নিয়োগ করিতে নারাজ হওয়া অথবা "লকআউট" করা। শ্রম সম্বন্ধে যে চুক্তি বা স্বীকৃতি গ্রহণ করা হয়—তাহা জোর করিয়াই হউক অথবা ইচ্ছা দ্বারাই হউক তাহাকেই মীমাংসা হিসাবে গ্রহণ করা হয়। ইহাই লেখকের মতে সমাজের দিক হইতে শ্রমিক ও ধনিকের পক্ষে মঙ্গলজনক কাজ। তাহাতে উভয় পক্ষই উভয়কে চাপ যতদূর দেওয়া চলে তাহা দিয়াই একটা মীমাংসায় উপনীত হয়। উভয় দিকই মনে করে যে ইহাতে "ফ্রি নিগোসিয়েশন" থাকায় তাহাদিগকে সামাজিক সুবিধা কিছু দিয়া থাকে। অবশ্য ইহার অন্তরায় দিকটাও ধরা উচিত এবং তাহাতে কার্য্যের সময় নষ্ট হয়, সাময়িক মজুরি নষ্ট হয় এবং লাভও যথেষ্ট পরিমাণে পাওয়া যায় না। ইহাতে সাময়িকভাবে উৎপন্নের অভাব ও অসারতা আসিয়া পড়ে কিম্বা

সাধারণের পক্ষে বেশ ক্ষতি সাধিত হয়। তবে এ কথাও স্বীকার করিতে হইবে যে, শান্তির সময়ে এই ধরণের ষ্ট্রাইক বা লক্‌আউট হেতু যে ক্ষতি তাহা অতি সত্বর পূরণ করিয়া লওয়া চলে এবং তজ্জন্য খুব বেশী কষ্টও পাইতে হয় না।

"লিবারাল ইকনমিক" দ্বারা শান্তির সময়ে কতকগুলি ব্রেক ও সংশোধিত সীমা উৎপাদিত হয় এবং তাহা মূলতঃ ফ্রি কমপিটিশন বা মুক্ত প্রতিযোগিতা অথবা শিল্পের সম্বন্ধ হইতেই উৎপাদিত হইয়া থাকে বলিলে ভ্রান্তি হইবে না। যখন অর্থ-সঙ্কটের অবস্থা চলে তখন ষ্ট্রাইক অস্ত্র হিসাবে খুব কমই কার্য্যকরী হইয়া থাকে। কারণ এই সময়ে বেকার সংখ্যা এত অধিক থাকে যে এক শ্রমিকের পরিবর্ত্তে অন্য শ্রমিক নিয়োগ করা খুব বেশী শক্ত হয় না। ঠিক তদ্রূপ বলা চলে যে "লক্‌আউট" নীতি আর্থিক উন্নতির অবস্থায় বিশেষ উপযোগী হইয়া উঠে না। ওয়াকিং অর্গ্যানিজেশনের অভিজ্ঞতা হিসাবে দেখা যায় যে, শান্তিময় চাপের দ্বারাও অনেক সময়ে প্রাতিষ্ঠানিক শক্তি হিসাবে মজুরি বৃদ্ধি করাইতে পারা যায় এবং তজ্জন্য ষ্ট্রাইক প্রভৃতি আবশ্যক হয় না। ইহা ছাড়া কনসিলিয়েশন ও আরবিট্রেশন নীতির অবলম্বনে দেখা যায় যে, ভীষণ ব্যাপারও অপসৃত হইয়া গিয়াছে। অবশ্য এক্ষেত্রে অফিসিও ইন্টারভেনশনে অথবা সাধারণের মঙ্গলময় কার্য্য করার ইচ্ছা থাকায়ই উহা হইয়া থাকে।

কলকারখানা সম্বন্ধে যে নূতন নীতির প্রয়োজন হইয়া পড়িয়াছে তাহার একমাত্র কারণ হইল যুদ্ধের সময় অর্থনৈতিক জগতে প্রতিযোগিতা যেমন প্রায় চলিয়া যাইতেছে ঠিক সেই রকম শ্রম বিষয়েও উহার বিলোপ প্রতীয়মান হয়। কারণ এই সময়ে "ফ্রি মার্কেটের" যে প্রাতিষ্ঠানিক ক্রিয়া তাহার স্বাভাবিক কার্য্য রুদ্ধ হইয়া গিয়াছে। কারণ এখন দেখা যাচ্ছে যে, মূল্যের হার বৃদ্ধি পাইলে উৎপন্নের বৃদ্ধি পাওয়াটা স্বাভাবিক পরিণতি নহে বরং ঠিক তাহার বিপরীত। উৎপন্ন হ্রাস হওয়ায় যুদ্ধ গত সময়ের পারিপার্শ্বিক অবস্থা হিসাবেই দ্রব্য মূল্য অথবা রকম বৃদ্ধির মুখে চলিতেছে।

টোটাল ওয়ারে সমস্ত রকম দ্রব্যেরই অভাব হইয়া পড়া অতি সম্ভব। যুদ্ধের দ্রব্যাদি কোন কালেই যথেষ্ট হইবার সম্ভাবনা নাই।

কিন্তু উপরিউক্ত তথা কেবল সম্পূর্ণভাবে সত্য হইতে পারে যেখানে মানুষ শক্তি ও উৎপাদন-শক্তি উভয়েই চরম কার্য্য-তৎপরতার গণ্ডীর মধ্যে আসিয়া পড়ে। নচেৎ কিছু না কিছু প্রতিযোগিতা থাকিয়া যায়। যুদ্ধের প্রয়োজনীয় অস্ত্রশস্ত্র নির্ম্মাণের জন্য যদি ক্রমাগতই কারখানা ও শিল্পাদি নিয়োজিত হইবার সংখ্যা বৃদ্ধি পাইয়া যায় তাহা হইলে ফল হইবে যে খাদ্য দ্রব্যের কমতি হইয়া আসিবে এবং লোকের ক্রয়শক্তি বৃদ্ধি পাইয়া যাইবে। ইউনাইটেড ষ্টেট্‌সের প্রাইস্ এ্যাড্‌মিনিষ্ট্রেটর ক্রয় শক্তি এবং খাদ্যের জন্য দ্রব্যের অভাবের মধ্যে যে বিরাট "ফাঁক" তাহা মাপ করিয়া দেখাইয়াছেন যে, ১৯৪২ সনে উহার সংখ্যা ছিল ১৭,০০০ মিলিয়ন ডলার। উহার অর্থই হইল যে জনসাধারণের জীবনের মাপকাঠি ১৯৪২ সনে বাড়িয়া গিয়া ১৯৩২ সনের সঙ্গে সমান হইবে এবং এই বৎসরেই নাকি মার্কিণ দেশে সঙ্কটের আকার চরম অবস্থায় উপনীত হইয়াছিল।

তিনি বলেন যে ১৯৪৩ সনে ইহা অপেক্ষাও জীবনের মাপকাঠি কমিয়া যাইবে। ব্রিটিশ গভর্ণমেণ্ট হোয়াইট পেপারে দেখাইয়াছেন যে, ১৯৪১-৪২ সনে লোকের আয়ের (অবশ্য ট্যাক্স ও কারেণ্ট সেভিংস বাদ দিয়া) যে সংখ্যা পাওয়া যায় তাহা খাদ্য দ্রব্যের মূল্য অপেক্ষা ৫০০ মিলিয়ন পাউণ্ড অধিক।

"বেজেস্ অব্ পীস্ ইন্ হিন্দু পোলিটিক্যাল ইকনমি"—রবীন্দ্রলাল রায়, ১৮ রামরতন লেন, পোঃ আদমপুর, ভাগলপুর ; পৃষ্ঠা ১৬৮ ; দাম ৩৲ টাকা।

গ্রন্থকার হিন্দুদের আর্থিক জীবনের বিশেষত্ব কি ছিল, সে সম্বন্ধে অনেক-কিছু গবেষণা ও অনুসন্ধান চালাইয়াছেন এবং হিন্দুদের আর্থিক জীবনের সুবিধাগুলা বুঝাইবার বিশেষ চেষ্টা করিয়াছেন। বর্ণাশ্রম ধর্ম, জাতিভেদ প্রথা প্রভৃতির আর্থিক দিকের উপর তিনি বিশেষ জোর দিয়াছেন। টাকার পরিবর্তে শস্যের সাহায্যে ভূমির রাজস্ব দেওয়া যে চাষীর পক্ষে বিশেষ সুবিধাজনক এই মতের উপরও তিনি বিশেষ জোর দিয়াছেন। অষ্টাদশ শতাব্দী পর্যন্ত হিন্দুরা ও চীনারা যেরূপ অধিক সংখ্যক লোককে খাওয়া-পরার দিক্ হইতে সন্তোষজনক, অবসরযুক্ত ও আমোদ-প্রমোদপূর্ণ জীবন দিতে পারিয়াছিল, সমসাময়িক দুনিয়ায় আর কোন দেশ তাহা পারে নাই, এই মত তিনি জাহির করিয়াছেন। তাঁহার মতে হিন্দুদের সামাজিক জীবনের যে আর্থিক দিক আছে, তাহার ভিতরই উহার কারণ নিহিত। পৃথিবীর নানা-দেশের মধ্যে আর্থিক ব্যাপার লইয়া যে সব কলহ, তাহা মিটিতে পারে কেবল যদি হিন্দু সামাজিক জীবনের আর্থিক গড়নটা দুনিয়ায় ছড়াইয়া পড়ে। এই মতও তিনি প্রকাশ করিয়াছেন। হিন্দুর আর্থিক জীবনেও সমাজতন্ত্রবাদ ছিল এবং তাহা অনেক বিষয়ে, বিশেষতঃ ব্যক্তিগত স্বাধীনতার দিক দিয়া, রুশিয়ার সমাজতন্ত্রবাদ হইতে শ্রেষ্ঠ, ইহাও তাঁহার অন্যতম মত।

"থি এ্যাসপেক্টস অব লেবার ডাইনামিক্স" ; ভাবলিউ এস্ ভোরিটিসেকি কর্তৃক লিখিত ; সোসিয়াল সায়ান্স রিসার্চ কাউন্সিল কর্তৃক প্রকাশিত ; ওয়াশিংটন ; ১৯৪২ ; পৃঃ ২৪৯ ; মূল্য ২'৫০ ডলার।

আধুনিক আর্থিক পরিবর্তনের জন্য "ট্রাকচার অব এমপ্লয়মেণ্ট" বলিতে যাহা বুঝায় তাহার ভাবার্থ হইল নিয়োগের কাঠামো। ইউনাইটেড ষ্টেট্‌সে উহার তিন-প্রকারের সিফ্‌ট্ দেখা যায়। অবশ্য আধুনিক যুদ্ধের বাজারের পরিবর্তনের মধ্যে যে আর্থিক অবস্থা আসিয়া পঁহুছিয়াছে তাহারই পরিণাম-স্বরূপ উহার প্রবর্তন হইয়াছে এ কথা নিঃসন্দেহে বলা চলে।

শ্রমিকের শ্রমের উৎপাদন হার (টার্ণওভার) এবং তাহার অর্থকথা সম্বন্ধে লেখক পুস্তকের প্রথমাংশে বিশদভাবেই আলোচনা করিয়াছেন। লেখক যথাসাধ্য সংখ্যাতত্ত্বের সাহায্যেই প্রমাণ করিতে চাহিয়াছেন যে, ইউনাইটেড ষ্টেট্‌সে উৎপাদন হারের সহিত তুলনামূলকভাবে নিয়োগ পরিবর্তন হারকে যদি দেখা যায় তাহা হইলে বেশ স্পষ্টই বুঝা যাইবে যে উৎপাদন হার যত পরিমাণে কমিয়া যাইতেছে সেভাবে নিয়োগ বৃদ্ধির হার বৃদ্ধির পথে চলিয়াছে তাহার তুলনায়।

পুস্তকের দ্বিতীয় অংশে বেকারদের উৎপাদন হার সম্বন্ধে বলিয়াছেন। তিনি এই অংশে আরও আলোচনা করিয়া দেখাইয়াছেন যে, অর্থ সঙ্কটের সময়ে নিয়োগের সংখ্যা কমতির দিকে চলিতে থাকিলে শ্রমিকদের স্থায়ী নিয়োগও কমিয়া আসিবে কাজেই বেকারদের পুনর্নিয়োগ খুব বড় হইয়া উঠিবে তখন কাজ পাওয়া ও কাজ করা একেবারেই জীবন কঠিন হইয়া পড়ে।

তৃতীয় অংশ বা শেষাংশে যে বিষয় লেখক আলোচনা করিয়াছেন তাহা সাধারণতঃ খুবই কম আলোচিত হয়।

তিনি দেখাইয়াছেন যে, যখনই ইকনমিক ডিপ্রেশন বা আর্থিক সঙ্কট আসিয়া হাজির হয় তখনই দেখা যাবে যে নূতন বেকার শ্রমিকের দলও আসিয়া জুটিয়া যায়। লেখকের কথাটাই এখানে উদ্ধৃত করিতেছি—"ইন পিরিয়ড অব ইকনমিক ডিপ্রেশন দেয়ার ইস অ্যান ইনফ্লাক্স অব এ্যাডিশানাল ওয়ার্কার্স ইনটু দি এমপ্লয়মেণ্ট মার্কেট'। তাহার পরিণাম হয় এই, যে পরিমাণ মোট বেকার সংখ্যা ছিল তাহা বৃদ্ধি পাইয়া বেকার অবস্থার স্থায়িত্ব বৃদ্ধি করিয়া দেয়। ১৯৩০ সনে যে বেকার তথ্য সংগৃহীত হইয়াছিল তাহাই লেখক প্রমাণের বস্তু হিসাবে গ্রহণ করিয়াছেন। এই "সেকেণ্ডারি" বা দ্বিতীয় শ্রেণীর বেকার-সংখ্যার বৃদ্ধির পরিমাপ করিবার একটী প্রণালীর নির্দ্দেশ করা সম্বন্ধে লেখক প্রস্তাব করেন। যে নূতন ইনফ্লাক্স বা বেকার আমদানি হয় তাহাদের আমদানি সাধারণতঃ "আনএমপ্লয়েড ব্রেড্ উইনার্সের" ঘর থেকেই আসিয়া জোটে।

তাহার পর বিভিন্ন ধরণের গৃহস্থের মধ্যে কিরূপ বেকার শতকরা হিসাবে হয় তাহাও তিনি সুন্দরভাবে তুলনামূলক হিসাবে দেখাইয়াছেন। এখানে সত্যই লেখকের মৌলিকত্ব প্রস্ফুটিত হইয়া উঠিয়াছে।

"ম্যানেজমেণ্ট, লেবার এবং টেকনলজিক্যাল চেঞ্জ"; জন ডাবিলিউ রিগেল কর্ত্তৃক লিখিত; দি ইউনিভার্সিটি অব মিচিগান প্রেস কর্ত্তৃক প্রকাশিত; ১৯৪২; পৃঃ ১৮৭; মূল্য ২'৫০ ডলার।

যেসব ধরণের যান্ত্রিক পরিবর্ত্তন যুদ্ধ সময়ে ঘটিতেছে তাহারই একটা সঠিক বর্ণনা লেখক পুস্তকখানিতে দিয়াছেন। তাহার সহিত দেখাইয়াছেন কিভাবে শ্রমিকরা ঐ সকল যান্ত্রিক (টেকনলজিক্যাল) পরিবর্ত্তন সমূহ গ্রহণ করিতেছে। কলেকটিভ এগ্রিমেণ্ট সম্বন্ধে নূতন কি বিধি-ব্যবস্থা হইতেছে এই সব নূতন প্রণালী প্রবর্ত্তন হওয়ার জন্য এবং উন্নত ধরণের কলকারখানা-ওয়ালারাই বা কিভাবে উহাদিগকে পরিচালিত করিতে প্রস্তুত হইতেছেন ইত্যাদি বিষয় লেখক সুন্দরভাবে আলোচনা করিয়াছেন। নূতন সুবিধা ও প্রোসিডিওর যে সব হইতেছে তাহারও বিশ্লেষণ করিতে লেখক ভুলিয়া যান নাই।

বইখানি লেবার এক্সপার্টদের পক্ষে একান্ত নূতন ও পথপ্রদর্শক হইবে বলিয়া আশা করা যায়।

১। "ইণ্টার-ন্যাশন্যাল লেবার কনভেনশনস"; কয়লি হল ডিলন কর্তৃক লিখিত; ইউনিভার্সিটি অব নর্থ ক্যারোলিনা প্রেস কর্তৃক প্রকাশিত; ১৯৪২; নাপেল হিল; পৃঃ ২৭২; মূল্য ৩ ডলার মাত্র।

২। "ইকনমিক ওয়ারফেয়ার"; ১৯৩৯-৪০ পল আইনংসিগ কর্তৃক লিখিত; ম্যাক্‌মিলান এণ্ড কোং কর্তৃক প্রকাশিত; লণ্ডন; ১৯৪১; পৃঃ ১৫০।

৩। "দি এজলেস ইণ্ডিয়া"; রেমণ্ড কেনেডি কর্তৃক লিখিত; দি জন ডে কোম্পানী কর্তৃক প্রকাশিত; নিউ ইয়র্ক; ১৯৪২; পৃঃ ২০৮।

৪। "ডেমোক্র্যাটাইজ দি এমপায়ার"; ডাবলিউ এম্. ম্যাকমিলান কর্তৃক লিখিত; কেগান পল কর্তৃক প্রকাশিত; লণ্ডন; ১৯৪১; পৃঃ ৬৪; মূল্য ১ শিলিং।

৫। "হিসট্রি অব দি ইউনাইটেড ষ্টেটস্ ফুড এ্যাড্-মিনিষ্ট্রেশন, ১৯১৭-১৯১৯"; উইলিয়াম সি মুলেনডোর কর্তৃক লিখিত; হার্ভার্ড হুভার কর্তৃক ভূমিকা লিখিত; হুভার লাইব্রেরী অন ওয়ার রেভলিউশন এণ্ড পিস কর্তৃক প্রকাশিত; পাবলিকেশন নং ১৮; ১৯৪১; ক্যালিফর্ণিয়া, ষ্ট্যানফোর্ড ইউনিভার্সিটি; পৃঃ ৩২৯; মূল্য ৪·৫০ ডলার।

৬। "ইকনমিকস্ অব আমেরিকান ইনডাষ্ট্রি"; ই বি আলভেরকার এবং এইচ ই মিকল কর্তৃক লিখিত; ম্যাকগ্র হিল কর্তৃক প্রকাশিত; নিউ ইয়র্ক; ১৯৪২; পৃঃ ৪৬৬।

৭। "সোসিয়ালিসম্, ন্যাশন্যাল বা ইণ্টার ন্যাশন্যাল"; ফ্রাৎস বরকেনাউ কর্তৃক লিখিত; রাউটলেজ এণ্ড সনস কর্তৃক প্রকাশিত; ১৯৪২; লণ্ডন; পৃঃ ১৭২।

৮। "ইণ্ডাসট্রিয়াল কেটিগ"; মেয়ার ব্রাউন কর্তৃক লিখিত; আমেরিকান গ্যারান্টি এণ্ড লায়বেলিটি ইন্সিওরেন্স কোম্পানী কর্তৃক প্রকাশিত; ১৯৪২; শিকাগো; পৃঃ ১৮।

৯। "ডোরস টু জব"; এ হ্যাণ্ডি অব দি অর্গ্যানি-জেশন অব দি লেবার মার্কেট ইন ক্যালিফর্ণিয়া"; এমিলি এইচ ইটিংটন কর্তৃক লিখিত; বার্কলে; ১৯৪২; পৃঃ ৩৪৪।

১০। "সোভিয়েট লেবার এণ্ড ইণ্ডাষ্ট্রি"; লিওনার্ড বি হার্ব্বার্ড কর্তৃক লিখিত; ম্যাকমিলান এণ্ড কোং কর্তৃক প্রকাশিত; লণ্ডন; ১৯৪২; পৃঃ ৩১৪।

১১। "ইউথ ইন সি. সি. সি."; কেনেথ হেণ্ডারসন এবং ফ্রাঙ্ক আর্থেট হিল কর্তৃক লিখিত; আমেরিকান কাউন্সিল অন এডুকেশন কর্তৃক প্রকাশিত; পৃঃ ২৬৩।

১২। "প্রব্লেমস অব চেঞ্জিং সোসিয়াল অর্ডার"; জন. এম্. গিলেট এবং জেমস এম্. রাইবহার্ট কর্তৃক লিখিত; আমেরিকান বুক কোম্পানী কর্তৃক প্রকাশিত; নিউ ইয়র্ক; ১৯৪২; পৃঃ ৮২৪।

১৩। "দি ইকনমিক্স অব ১৯৬০"; কলিন ক্লার্ক কর্তৃক লিখিত; ম্যাকমিলান এণ্ড কোং কর্তৃক প্রকাশিত; লণ্ডন; ১৯৪২; পৃঃ ১১৮।

১৪। "দি এইট পয়েন্টস্ অব সোই-ওয়ার ওয়ার্ল্ড রি-অর্গ্যানিজেশন"; জুলিয়া ই. জনসন কর্তৃক লিখিত; এইচ. ডাবলিউ উইলসন কর্তৃক প্রকাশিত; নিউ ইয়র্ক; ১৯৪২; পৃঃ ১২৬।

তুরস্কের আর্থিক উন্নতি*

শ্রীমন্মথনাথ সরকার, এম এ

তুরস্ক নিরপেক্ষ দেশ ; তবুও যুদ্ধকালীন বহু সমস্যা হইতে দেশটী অব্যাহতি লাভ করে নাই। তুরস্ককে আংশিকভাবে সৈন্য সমাবেশ করিতে হইয়াছে ; তাহার বহু বাণিজ্য জাহাজ ডুবিয়াছে এবং দেশের মধ্যে বহু পণ্যদ্রব্য, বিশেষতঃ, খাদ্যদ্রব্যের অভাব ঘটিয়াছে। ১৯৩৯ সনের পর জীবনযাত্রার মূল্য অন্ততঃপক্ষে ৬০% বাড়িয়াছে, ফলে উহা দেশের আভ্যন্তরীণ অবস্থার উপর গুরুতর প্রভাব বিস্তার করিয়াছে। যুদ্ধরত শক্তিগুলা রাজনৈতিক কারণে তুরস্কজাত পণ্যদ্রব্য গ্রহণের জন্য দারুণ প্রতিযোগিতা আরম্ভ করিয়াছে। ইহাতে তুরস্কের রপ্তানি-বাণিজ্যের পক্ষে অনুকূল অবস্থার সৃষ্টি হইয়াছে ; তবু তুরস্কের পক্ষে ষোলআনা সুবিধা গ্রহণ করা সম্ভব হয় নাই। কারণ তুরস্ক আপন অভাব ও প্রয়োজন এবং মাল চালান দেওয়ার অসুবিধা বশতঃ রপ্তানি ও আমদানির আনুপাতিক সমতা রক্ষা করিতে পারে নাই। সেইজন্য দেখা যায়, ১৯৩৮ সনে রপ্তানির তুলনায় আমদানি ৪,৮৯০,১৭৮ তুর্কী পাউণ্ড বাড়িলেও ১৯৪১ সনের প্রথম তিন মাসে রপ্তানি আমদানির তুলনায় ২৭,২৭১,০৬০ তুর্কী পাউণ্ড বাড়িয়াছে। ইহাতে অর্থনৈতিক ক্ষেত্রে রাষ্ট্র অনবরত হস্তক্ষেপ করিতে থাকে। তবে ১৯৪২ সনের জুলাই মাসে সেরাজ ওগ্‌লু শাসনের আমলে এই নীতির পরিবর্তন ঘটিয়াছে। ১৯৪০ সনের জানুয়ারী মাসে গবর্ণমেণ্টের ক্ষমতা বর্দ্ধিত হয় ; ফলে গবর্ণমেণ্ট দেশের নিরাপত্তা রক্ষার জন্য সমস্ত খনি ও কলকারখানা যুদ্ধ-প্রচেষ্টার প্রয়োগ, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ এবং প্রয়োজনীয় যে কোন বিধি-ব্যবস্থা প্রয়োগের অধিকার পায়। ১৯৪০ সনের নবেম্বর মাসে এক সরকারী অনুজ্ঞা প্রকাশিত হয়। এই অনুজ্ঞাবলে এরেথ্‌লী কয়লার খনি জাতীয় সম্পদরূপে ঘোষিত হয় এবং জনুল্ডক ও আসমানার মধ্যবর্ত্তী সমস্ত কয়লা-সম্পদ্ সরকারী নিয়ন্ত্রণের আমলে আনা হয়। যে সমস্ত কয়লার খনির কাজ চলিতেছে এবং যেগুলির কাজ আরম্ভ হয় নাই সেই সমস্ত কয়লার সম্পর্কেই এই ব্যবস্থা বলবৎ হয়। ১৯৪১ সনে ১৩,০০০,০০০ তুর্কী পাউণ্ড মূলধন সহ সরকারী মালিকানা-যুক্ত ব্যবসায় প্রতিষ্ঠান কায়েম করা হয়। প্রতিষ্ঠানগুলির উপর পণ্যদ্রব্য ক্রয়, মৌজুদ ও বণ্টন, দর-নিয়ন্ত্রণ এবং অতিরিক্ত মুনাফা নিয়ন্ত্রণের ভার অর্পিত হয়। জরুরী অবস্থার জন্য মৌজুদ শস্য-ভাণ্ডার গঠনের উদ্দেশ্যে এই মাসে উৎপাদকদের প্রয়োজন মিটাবার পর সমস্ত বাড়তি শস্য ও উৎপন্ন দ্রব্য বাধ্যতা-মূলক ভাবে সংগ্রহ করার ব্যবস্থা করা হয়। ১৯৪১ সনের মে মাসে ক্ষেতের সমস্ত শস্য কর্ত্তনের পূর্ব্বেই রিকুইজিশনের জন্য কৃষি সচিবকে ক্ষমতা দেওয়া হয়। ১৯৪২ সনের মে মাসে খবর পাওয়া যায় যে, কাটাই-মাড়াই সুরু হওয়ার পূর্ব্বেই ক্ষেতের সমস্ত ফসলের উপর রিকুইজিশন জারির জন্য গবর্ণমেণ্ট মতলব আঁটিতেছেন। ১৯৪২ সনের ১৬ই জুলাই তারিখে কিন্তু এক নূতন ডিক্রিজারির সময় এম্ সেরাজওগ্‌লুর প্রধান মন্ত্রিত্বের আমলে সরকারী নীতির পরিবর্ত্তন সুস্পষ্ট হইয়া উঠে। নূতন ডিক্রি দ্বারা গবর্ণমেণ্টকে বড় বড় কার্ম্মের শতকরা ৫০ ভাগ, মাঝারি কার্ম্মের শতকরা ৩৫ ভাগ এবং ছোট ছোট ক্ষেত-খামারের মাত্র শতকরা ২৫ ভাগ ফসল ক্রয়ের অধিকার দেওয়া হয়। সরকারী দরও ৫০% বর্দ্ধিত করা হয়। সরকারের নিকট বিক্রয়ের পর কৃষকগণ বাকীবকেয়া ফসল যে কোন মূল্যে বিক্রয়ের অধিকার লাভ করে।

ক্রমাগত সৈন্য-সমাবেশের ফলে তুরস্ক গোধূম-আমদানি-কারক দেশে পরিণত হইয়াছে, এজন্য তুরস্ককে বেশ অসুবিধাও ভোগ করিতে হইতেছে। ১৯৪২ সনের

---

* দি বুলটিন অব্ ইণ্টারন্যাশন্যাল নিউজ, ১৯ সংখ্যা, ১৯শে সেপ্টেম্বর, ১৯৪২।

জানুয়ারী মাসে রুটি-নিয়ন্ত্রণের-ব্যবস্থা করা হইয়াছে। প্রত্যেক মজুরের দৈনন্দিন বরাদ্দ স্থির করা হইয়াছে ১½ পাউণ্ড। ৭০,০০০ টন গম ও ময়দা আমদানি সত্ত্বেও গবর্ণমেণ্ট যে মাসে রুটির বরাদ্দ একদিন পরপর অর্দ্ধেকে হ্রাস করিতে বাধ্য হয়। ১৯৪১ সনের মার্চ্চ মাসে সমস্ত রুটি ৭৫% গমের ময়দা ও ২৫% যুদ্ধের ময়দা দিয়া তৈরী করার হুকুম দেওয়া হয়। ১৯৪২ সনের জুন মাসে সংবাদপত্রে গত ২০ বৎসরের মধ্যে আহার্য্যাভাবের দরুণ প্রথম দাঙ্গা-হাঙ্গামার খবর প্রকাশিত হয়।

১৯৪০ সনের পর আরও অনেক কঠোর বিধি-ব্যবস্থা বলবৎ হইয়াছে। ১৯৪০ সনের মার্চ্চ মাসে সমস্ত কল-কারখানা, খনি ইত্যাদিতে কাজের সময় দৈনিক ৯ ঘণ্টা হইতে ১২ ঘণ্টায় বর্দ্ধিত হইয়াছে। পুরুষ শ্রমিকদের মত নারী ও শিশুদের উপরেও এই আদেশ বলবৎ করা হইয়াছে। পূর্ব্বে রাত্রিতে মেয়েদের পক্ষে কাজ করা নিষিদ্ধ ছিল; এই আদেশে তাহা প্রত্যাহার করিয়া রাত্রিতেও মেয়েদের কাজের ব্যবস্থা করা হইয়াছে। সপ্তাহে এক দিন ছুটী কেবলমাত্র রবিবারেই সীমাবদ্ধ রাখা হয় না। বে-আইনী মৌজুত রাখার বিরুদ্ধে খানাতল্লাসের জন্য ১৯৪১ সনের ডিসেম্বর মাসে গবর্ণমেণ্ট একটা আবশ্যকীয় ক্ষমতা লাভ করে। ১৯৪২ সনের মার্চ্চ মাসে মদ্য চোলাই ৫০% হ্রাস করা হয়; চড়া দামের মদ ও সিগারেট বাজার থেকে দূরীভূত করা হয় এবং মৌজুত মালের হিসাব শেষ না হওয়া পর্য্যন্ত চা এবং কফি বিক্রয়ও নিষিদ্ধ করা হয়। ব্যক্তিগত ধন-সম্পদ্ কাহার কিরূপ জমিয়াছে তাহা জানাইবার জন্য ১৯৪২ সনে সমস্ত সরকারী কর্ম্মচারীর উপর নির্দ্দেশ জারি করা হয়। ১৯৪২ সনের জুন মাসে রিপাবলিকান পিপল্‌স্ পার্টির এক কমিশন অতিরিক্ত মুনাফা কর অনুমোদন করে। ১৯৪০ সনের ১লা জানুয়ারী পর্য্যন্ত এই ট্যাক্সের বিষয় পিছাইয়া দেওয়া হয়। মুনাফা যদি পুঁজির শতকরা ১৫ ভাগের বেশী হয় এবং উহার মোট পরিমাণ যদি ১০,০০০ তুর্কী পাউণ্ডের অতিরিক্ত দাঁড়ায় তবেই তাহা নূতন করের আমলে আসিবে এরূপ ব্যবস্থা করা হয়। স্থাবর সম্পত্তির ক্রয়-বিক্রয়ের দালালদিগকেও নূতন ধরের গণ্ডী মধ্যে আনয়ন করা হয়। ১৯৪২ সনের মার্চ্চ মাসে লিমিটেড্ কোম্পানীগুলা সম্পর্কে অনেক নূতন নিয়ম কানুন প্রবর্ত্তনের সংবাদ প্রকাশিত হয়। তন্মধ্যে একটী আইনে নির্দ্দেশ দেওয়া হয় যে, কোন লিমিটেড্ কোম্পানীর পুঁজির মধ্যে বিদেশী পুঁজির পরিমাণ এক-তৃতীয়াংশের বেশী হইতে পারিবে না। ১৯৪২ সনের ফেব্রুয়ারী মাসে বাণিজ্য-সচিব এক নূতন নিয়ম প্রবর্ত্তন করেন। উহাতে সমস্ত পণ্যদ্রব্য দেশের মধ্যে মৌজুত রাখার জন্য চেষ্টা করা হয়; এবং বৈদেশিক বাণিজ্যে নিযুক্ত সমস্ত বণিককে এক একটী নির্দ্দিষ্ট বণিক-ইউনিয়নের অন্তর্ভুক্ত হইতেও নির্দ্দেশ দেওয়া হয়। রপ্তানিকারকদের পক্ষে সরাসরি ক্রেতাদের সহিত কারবার পরিচালনা নিষিদ্ধ করা হয়। ১৯৪২ সনের জুলাই মাসে গবর্ণমেণ্ট সকল প্রকার রপ্তানি বাণিজ্য-নিয়ন্ত্রণের ভার গ্রহণ করেন। এজন্য বাণিজ্য-সচিবের নিকট হইতে রীতিমত লাইসেন্স গ্রহণেরও ব্যবস্থা করা হয়।

বিধি-নিষেধ ও নিয়মকানুনের বহর ক্রমশঃ বাড়িয়া যায়। ফলে ১৯৪২ সনের জুন মাসে এক চমৎকার পরীক্ষা-মূলক ব্যবস্থার কথা ঘোষণা করা হয়। সহরে তথা পল্লী অঞ্চলে ২০০টী হিসাবে বাড়ী লইয়া এক একটী "জন-সঙ্ঘ" গঠনের নির্দ্দেশ দেওয়া হয়। প্রত্যেক সঙ্ঘ বা ইউনিয়নে পাঁচ জন সদস্য লইয়া এক একটী কমিটী গঠনের ব্যবস্থা করা হয়। স্থির হয় যে, আহার্য্য-নিয়ন্ত্রণ, নতুন নতুন আইন-কানুন সম্বন্ধে ইউনিয়নের লোকজনকে অবহিত করা এবং প্রয়োজনীয় জিনিষপত্রের ন্যায্য বণ্টনের ভার এই সমস্ত কমিটীর উপর অর্পণ করা হইবে। প্রত্যেক গৃহস্থের পক্ষে ইউনিয়নের সভ্য তালিকায় নাম রেজেষ্টারী করা বাধ্যতামূলক করা হয়। অন্যথা রাষ্ট্র-বিতরিত জিনিষপত্র হইতে বঞ্চিত হইতে হইবে, এইরূপ ব্যবস্থা করা হয়। সেরাজওগলু গবর্ণমেণ্ট জুলাই মাসে এক ইস্তাহার বাহির করেন; ফলে প্রস্তাবিত জনসঙ্ঘ সমূহ সংগঠন অনেকাংশে পরিত্যক্ত হয়। ঐ ইস্তাহারে ঘোষণা করা হয় যে, ভবিষ্যতে অবাধ নীতি অনুসারে খাদ্যদ্রব্য

বিক্রয় হইবে। তবে ব্যবসাদাররা যাহাতে খাদ্যদ্রব্য অযথা মৌজুদ করিবার বা অন্যায় ভাবে উহার দর বৃদ্ধির অবসর না পায় তাহা দেখা শুনার ভার স্থানীয় মিউনিসিপালিটী-গুলার উপর অর্পণ করা হয়। খাদ্যদ্রব্য ও প্রয়োজনীয় জিনিষপত্রের ন্যায্য দাঁটোয়ারার ভারও মিউনিসিপালিটী-গুলার হাতে অর্পণ করা হয়। মিউনিসিপালিটীগুলার হাতে যে দায়িত্ব দেওয়া হইল তাহা তাহারা পালন করিতে পারিবে কিনা সে সম্বন্ধে সংবাদপত্রগুলা যথেষ্ট সন্দেহের ভাব প্রকাশ করে। প্রকাশ, কেবলমাত্র তুলা আর পশম ছাড়া অন্য সকল প্রকার পণ্যদ্রব্যের অবাধ ক্রয়-বিক্রয়ের ব্যবস্থা করা সম্পর্কে সেরাজগণ্‌লু সরকার নূতন বিধি-ব্যবস্থা প্রণয়নের চেষ্টায় আছেন।

প্রাকৃতিক সম্পদ

দুঃখের বিষয়, যুদ্ধের মধ্যে আবশ্যকীয় বস্তুপাতি সংগ্রহে তুরস্কের নানাপ্রকার বাধাবিঘ্ন ভোগ করিতে হইতেছে। সেই জন্য তুরস্কের পক্ষে তাহার প্রচুর খনিজ-সম্পদের উদ্ধার সাধন ঘটিয়া উঠে নাই। ১৯৪০ সনের মে মাসে সার্টে তেলের সন্ধান পাওয়া যায়। এই বৎসরের শেষের দিকে বেসিরির নিকটে রামানভাগ নামক স্থানেও তেলের সন্ধান মিলে। তবুও এই সমস্ত তৈল খনির কাজ আরম্ভ করার জন্য আবশ্যকীয় ড্রিল, কম্প্রেসার এবং অন্যান্য বস্তুপাতির যোগাড় করিতে অনেক দুর্ভোগ সহ্য করিতে হয়। তুরস্ক বর্ত্তমানে বৎসরে ১৪০,০০০ টন তেল ব্যবহার করে। নূতন তৈলখনিগুলার কল্যাণে তুরস্ক তেল সম্পর্কে স্বাবলম্বী হইতে পারে অনায়াসেই এইরূপ আশা করা চলে। কিন্তু ইস্তক-নাগাদ যে সমস্ত তেল আবিষ্কৃত হইয়াছে তদ্দ্বারা তুরস্কের এই উদ্দেশ্য সফল হইবে বলিয়া মনে হয় না। ১৯৪০ সনের শেষ ভাগে সাকারিয়া নদীর উপত্যকায় লৌহপিণ্ডের বিরাট ভাণ্ডার আবিষ্কৃত হয়। ইহার অল্প সময়ের মধ্যেই খবর পাওয়া যায় যে, ধাতু গালাইয়ের কারখানা নির্ম্মাণের মতলব আঁটা হইতেছে। ১৯৪০ সনে এরগান ও কুডারগান তামার খনিতে ৮,৫৩১ টন তামা উৎপন্ন হয়। এরগান খনি থেকে এই বৎসরে প্রথম তামা উৎপন্ন হয়। এস্কেসেহিরের নিকটে বৎসরে ৮০০ টন ম্যাঙ্গানিজও উত্তোলিত হইতেছে। বৎসরে ৩৫০ মেট্রিক টন পারদ উৎপন্ন হয়। কারাবকের ইস্পাতের কারখানা বৎসরে ২ লক্ষ টন ইস্পাত উৎপাদনের উপযোগী; কিন্তু এপর্য্যন্ত কারখানাটী মাত্র উহার সিকি পরিমাণে ইস্পাত তৈরী করিতে সক্ষম হইয়াছে। এই সমস্ত কারখানা বর্ত্তমানে সম্পূর্ণরূপে তুর্কী মজুর ও তুর্কী যন্ত্র-বিশেষজ্ঞদের দ্বারা পরিচালিত হইতেছে। ১৯৪০ সনে জঙ্গুল ডক কয়লার খনিতে ৩০,২০,০০০ টন কয়লা উত্তোলিত হইয়াছে; তন্মধ্যে কারাবক ইস্পাত কারখানায় ১৫% কয়লা ব্যবহৃত হইয়াছে। ১৯৪১ সনের শীতকালে কয়লার অভাব পড়ে। ইস্তাম্বুলে কয়লার অভাব অনুভূত হয় সবচেয়ে বেশী। পিট-প্রদেশের অভাব বশতই কয়লার অভাব হইয়াছে। লিগ্‌নাইট্ উৎপাদন ১৯২৪ সনে ৪,৬১০ টন হইতে ১৯৪০ সনে ২১৯,৪১৪ টনে বর্দ্ধিত হইয়াছে। এই লিগ্‌নাইটের তাপশক্তি গ্রীস ও ইতালিতে উৎপন্ন লিগ্‌নাইটের চেয়ে অনেক বেশী। ক্রোম উৎপাদন ১৯২৫ সনে ৭,৫০৬ টন (পৃথিবীর মোট উৎপাদনের ২·৪৪%) হইতে ১৯৪০ সনে ১৮২,৩২৭ টনে (পৃথিবীর মোট উৎপাদনের ১৬·৫৮%) বর্দ্ধিত হইয়াছে। তবে প্রকাশ মাইনগুলি প্রায় নিঃশেষ হইয়া আসিতেছে।

১৯৪৫ সনে তুরস্কের পক্ষে আর চা আমদানির প্রয়োজন হইবে না এইরূপ আশা করা যাইতেছে। বর্ত্তমানে কৃষ্ণসাগরের তীরে রাইজ নামক স্থানে অনেক চা-বাগান স্থাপিত হইয়াছে। চিনি সম্পর্কেও তুরস্ক স্বাবলম্বী হইবে বলিয়া আশা করিতেছে। ১৯৪১ সনে ৫০০,০০০ হইতে ৬০০,০০০ টন চিনি উৎপন্ন হইয়াছে। ফলে অভাব পড়িয়াছে মাত্র ২০,০০০ টনের। তুরস্কের রপ্তানির উপযোগী পণ্যদ্রব্যসমূহের মধ্যে তামাকই সবচেয়ে মূল্যবান। ১৯৪০ সনে এই পণ্য-বস্তুর মোট পরিমাণ দাঁড়ায় ৩৪ মিলিয়ন কিলোগ্রাম এবং ২৪,২৩৩,৮৩১ তুর্কী পাউণ্ড মূল্যের তামাক বিদেশে রপ্তানি হয়। ১৯৪০ সনে তুরস্কে ৫,২০০,০০০ টন গম উৎপন্ন হয়।

১৯৩০ সনের পর এত বেশী গম তুরস্কে আর কখনও উৎপন্ন হয় নাই। তবুও এই অতি-প্রয়োজনীয় পণ্যদ্রব্য সম্পর্কে স্বাবলম্বী হওয়ার জন্য তুরস্ককে এখনও বহুদিন অপেক্ষা করিতে হইবে। ১৯৪০ সনে তুরস্কে ৩০০,০০০ বেল তুলা উৎপন্ন হয় এবং ৮,২৯০,২৩৯ তুর্কী পাউণ্ড মূল্যের তুলা বিদেশে রপ্তানি হয়। তুরস্কের অতি পুরাতন মোহাইর নামক মোটা পশমের স্থান এখন ক্রমশঃ মেরিনো পশম গ্রহণ করিয়া লইতেছে। ১৯২৬ সনে তুরস্কে মেরিনো ভেড়ার সংখ্যা ছিল ২৩,০০০; ১৯৪০ সনে এই সংখ্যা দাঁড়াইয়াছে ১২০,০০০।

যান-বাহন চলাচল

রেলপথ।—বর্ত্তমানে বৈরুত ও হাইফার সহিত তুরস্কের রেলওয়ে যোগাযোগ সাধিত হইয়াছে। ফলে মিশরের সাথেও তুরস্কের রেল-যোগাযোগ সম্পন্ন হইয়াছে। ১৯৪০ সনের জুলাই মাসে ইরাকে বাইজী ও মোসুলের মধ্যে রেলপথ নির্ম্মিত হওয়ায় ইস্তাম্বুল-বাগদাদ রেলপথ বাস্তবে পরিণতি লাভ করিয়াছে। ১৯৪১ সনে আল-আজিজ হইতে ইরাণের সীমান্ত পর্য্যন্ত প্রস্তাবিত রেল-পথের জরিপ ভ্যান হ্রদ পর্য্যন্ত সম্পন্ন হইয়াছে। আল-আজিজ হইতে পালু পর্য্যন্ত ৭০ কিলোমিটার দীর্ঘ সেক্সনের কাজ আরম্ভ হইয়াছিল, এবং ৯০ কিলোমিটার দীর্ঘ পালু হইতে লাপাকুস্থর পর্য্যন্ত পরবর্ত্তী সেক্সনটীর কাজও আরম্ভ হওয়ার উপক্রম হইয়াছিল। ১৯৪২ সনের ফেব্রুয়ারী মাসে, রেলপথ লাপাকুস্থর পর্য্যন্ত পৌঁছানোর সংবাদও পাওয়া গিয়াছিল। এই রেলপথ মূল হইয়া অগ্রসর হইবে এবং প্রায় ৪৭৫ কিলোমিটার দীর্ঘ হইবে। ১৯৪০ সনের মে মাসে দিয়ারবেকির হইতে বিৎলিস হইয়া ভ্যান হ্রদ পর্য্যন্ত আর একটী রেলপথ এবং হ্রদ থেকে ভ্যান পর্য্যন্ত ফেরিবোট সার্ভিসের যোগাবিধাও স্থির করা হয়। ১৯৪২ সনের ফেব্রুয়ারী মাসে দিয়ারবেকির-কাজার লাইনের রাস্তার বাঁধ নির্ম্মাণ শেষ হয় এবং দিয়ারবেকির হইতে সাবান পর্য্যন্ত ৭০ কিলোমিটার রেললাইনও স্থাপিত হয়। বর্ত্তমানে এই সেক্সনে ট্রেন চলাচল আরম্ভ হইয়াছে। এই রেলপথ অল্পদিন পূর্ব্বে আবিষ্কৃত রামানডাগ তৈলখনি হইতে তেল-আহরণের সুবিধা করিবে। রামানডাগ তাইগ্রীসের উপনদী বাখমান নদীর অববাহিকায় অবস্থিত। ফিলিয়োগ-জুলুলডক—এরেগ্‌লি লাইনের কদলু পর্য্যন্ত সম্প্রসারণ ১৯৪২ সনের শেষভাগ সম্পূর্ণ হওয়ার জন্য বাধ্য ছিল। সিভাস হইতে আর্জ্জেরুম পর্য্যন্ত রেলপথ ১৯৪০ সনের জুলাই মাসে শেষ হইয়াছে। ১৯৪১ সনের জুলাই মাসে আধাপাজারী—বোলু—ইস্মেতপাসা—সোমুজাক—তোসিয়া—তুমুশাসিকর—মেজিকন—আমাসিয়া ও তেরকান হইয়া আর্জ্জেরুম হইতে ইস্তাম্বুল পর্য্যন্ত নর্দ্দার্ণ লাইন নামে পরিচিত আর একটি রেলপথের জরিপ আরম্ভ হইতে দেখা যায়। ১৯৪০ সনের অক্টোবর মাসে খবর পাওয়া যায় মুদানিয়া ও ওকুস্থলের মধ্যেও এক নূতন রেল লাইনের জরিপ চলিতেছে। ১৯৪১ সনের আগষ্ট মাসে বোলুমুক হইতে বুর্সা পর্য্যন্ত আর একটী সেক্সনের প্রাথমিক কার্য্য শেষ হওয়ার সংবাদও পাওয়া গিয়াছিল।

সড়ক :—রিপাব্লিকের আমলে প্রায় ৩,০০ কিলো-মিটার সড়ক নির্ম্মিত হইয়াছে; তন্মধ্যে ৭৩৫ কিলোমিটার সড়ক নির্ম্মাণ শেষ হইয়াছে ১৯৪০ সনে। আন্তিয়ানোপল (ইডার্ণে) হইতে কার্কলারে লী পর্য্যন্ত সড়কটীর সংস্কারের এবং উহা আধুনিক সড়কে পরিণত করার জন্য ১৯৪১ সনের বাজেটে যথারীতি অর্থ গ্রহণের ব্যবস্থা করা হইয়াছে। ১৯৪১ সনের ডিসেম্বর মাসে খবর পাওয়া যায় যে, এস্‌জোন হইতে আর্জ্জেরুমের ভিতর দিয়া গারস্থ সীমান্ত পর্য্যন্ত সড়কটীর শেষ অংশের নির্ম্মাণ ১৯৪২ সনের প্রথম ভাগেই শেষ হইবে এবং বিৎলিস হইতে সার্ট হইয়া কার্ডালাস পর্য্যন্ত আরও একটী সড়ক তৈরী হইতেছে। ১৯৪২ সনে ইস্তাম্বুল হইতে ইস্মেত, আধা-পাজারী ও বোলু হইয়া আঙ্কারা পর্য্যন্ত এক মোটর সড়কও শেষ হওয়ার কথা। সিলিসিক্ হইতে মার্সিন ও টার্সাস হইয়া উলুকিস্‌লা পর্য্যন্ত একটী পিচঢালা রাস্তা তৈরীর জন্য গবর্ণমেণ্ট ১৯৪২ সনের জুন মাসে টেণ্ডার আহ্বান করিয়াছেন। বিশেষ দ্রষ্টব্যের বিষয় এই যে, ১৯৩৯

সনের তুরস্কে মোট ১০,৩৮৭ মাইল সড়কের মধ্যে ৪,৩৮০ মাইল সড়ক সংস্কারের প্রয়োজন ছিল বলিয়া জানা গিয়াছে।

বিমান পথ :—ইস্তাম্বুল, আঙ্কারা, ইজমির ও আদানার মধ্যে রীতিমত বিমান চলাচল হয়; কিন্তু নবেম্বর হইতে শীতের কয়মাস বন্ধ থাকে। ১৯৪১ সনের নবেম্বর মাসে খবর পাওয়া যায় যে, ১৯৪২ সনে আল-আজিজ পর্য্যন্ত নূতন বিমান সার্ভিস প্রতিষ্ঠিত হইবে। আল-আজিজে সম্প্রতি একটী প্রথম শ্রেণীর বিমান-ঘাঁটি নির্ম্মিত হইয়াছে।

বন্দর :—সেপ্টেম্বর হইতে মে মাস পর্য্যন্ত তুরস্কের কৃষ্ণসাগর তীরবর্ত্তী বন্দরগুলির একটীও নিরাপদ থাকে না। সাগর বেশ শান্ত আছে, কিন্তু এক ঘণ্টার মধ্যেই দারুণ বিপর্য্যয়ের] সৃষ্টি হইতে পারে। ইরেগলি ও সিনক এই উপকূলের সর্ব্বাপেক্ষা সুরক্ষিত বন্দরস্বরূপ গণ্য। উত্তর দিক্ হইতে ইরেগলি এবং সিনক একটী লাভা পর্ব্বত দ্বারা সুরক্ষিত। কার্য্যব্যস্ত রেলওয়ে-টার্মিনাস সামসুনে বর্ত্তমানে লাইটারগুলি উপকূলের নিকটে ডিঙ্গিয়া হালকা মোটর বোটযোগে মাল নামাইয়া থাকে।

দেশ রক্ষা

আর্ম্মি :—যুদ্ধ-নিরপেক্ষ থাকা সত্ত্বেও তুরস্ককে যুদ্ধরত দেশভাবেই সৈন্যবাহিনী প্রস্তুত রাখিতে হইয়াছে। তুরস্কের বর্ত্তমান সৈন্যসংখ্যা প্রায় ৫০০,০০০। সৈন্যবল অক্ষুণ্ণ রাখার জন্য ১৯৪২ সনে মিলিটারী সার্ভিসের মিয়াদ বাড়াইয়া তিন বৎসর করা হইয়াছে। ২০ হইতে ২৬ বৎসর বয়সের সমর্থ যুবকদিগকে সামরিক বৃত্তি গ্রহণে বাধ্য করা হইয়াছে। বিশ বৎসরেরও কমবয়স্ক, তরুণ রিজার্ভ সৈন্য এবং ইতিপূর্ব্বে যাহারা রেহাই পাইয়াছিল, তাহাদিগকেও সৈন্যদলে যোগদানের জন্য আহ্বান করা হইয়াছে। মোটের উপর তুরস্ক এখন দুই মিলিয়ন সৈন্য যুদ্ধে নিয়োগ করিতে পারে। তুর্কী আর্ম্মি বর্ত্তমানে ২৩ ডিভিশন লইয়া গঠিত ১১টী আর্ম্মি কোর, একটী সাঁজোয়া ব্রিগেড্ তিন ডিভিশন অশ্বারোহী, এবং ৭টী ফোর্ট্রেস কম্যাণ্ড লইয়া সংগঠিত।

নৌবহর :—১৯৩৯ সনে গ্রেট বৃটেনের নিকট যে সমস্ত রণতরীর অর্ডার দেওয়া হইয়াছিল, ১৯৪২ সনের মে মাসে তাহার ৫০% সরবরাহ করা হইয়াছে বলিয়া খবর পাওয়া গিয়াছে। প্রথমে চুক্তি হইয়াছিল যে, তুর্কী নাবিকগণ এই সমস্ত রণতরী বৃটেন হইতে দেশে লইয়া আসিবে। তদনুসারে আবশ্যকীয় নাবিকদল লইয়া "রেকাহ্" নামক তুর্কী জাহাজ স্বদেশ হইতে যাত্রা করে। কিন্তু তুরস্কের উপকূলের নিকটেই জাহাজখানা টর্পেডোর আঘাতে নিমজ্জিত হয়। সেই জন্য বৃটিশ নাবিকগণ তুরস্কের জন্য নির্ম্মিত দুইখানা ডেষ্ট্রয়ার (১,৩৮০ টন) ২ খানা সাবমেরিণ (৬৮৩ টন), দুই খানা মাইন সংস্থাপক জাহাজ (৩৫০ টন) এবং কেরী বোট সহ আরও কয়েকখানা জাহাজ নিরাপদে আলেকজান্দ্রেত্তা বন্দরে পৌঁছাইয়া দিয়াছে। তুর্কী নৌবহরের কিছু ক্ষতিও হইয়াছে। ক্ষতি হওয়ার পূর্ব্বে তুরস্কের ছিল ১ খানা ব্যাটল ক্রুজার, ২ খানা হাল্কা ক্রুজার (১৯০৩ সনে নির্ম্মিত ১খানা ট্রেনিং জাহাজরূপে ব্যবহৃত), ৬ খানা ডেষ্ট্রয়ার, ১১ খানা সাবমেরিণ, ২ খানা গ্যাট, ৩ খানা মোটর-টর্পেডোবোট, ৩ খানা মাইন উত্তোলক জাহাজ, ৫ খানা মাইন সংস্থাপক জাহাজ, ২ খানা গান বোট, ২ খানা মোটর মাইন সংস্থাপক, ২ খানা সাবমেরিণ ডিপোশিপ, ১ খানা সার্ভে জাহাজ, ১ খানা ড্রাইডিং টেণ্ডার, ১ খানা অয়েলার ও ১ খানা কোলিয়ার। ১৯৪২ সনের জুলাই মাসে ডার্দ্দানেলিস প্রণালীতে দুর্ঘটনার ফলে 'সালভারী' নামক সাবমেরিণ (১,২০০ টন) নিমজ্জিত হয়; ঐ মাসে "আন্টারেস" নামক তৈলবাহী জাহাজ (৩,১০০ টন) টর্পেডোর আঘাতে ত্রিপোলির নিকট চড়ায় আটকাইয়া যায়। বৃটিশ জাহাজগুলা তুরস্কে পৌঁছিবার পর তুরস্কের নৌ-সৈন্যের সংখ্যা নিশ্চয়ই বাড়িয়া গিয়াছে।

বিমানবহর :—বর্ত্তমান তুর্কী বিমানবহরের সঠিক হিসাব-পত্র পাওয়া কঠিন। ১৯৪০ সনে যুদ্ধের জন্য প্রস্তুত বিমানপোতের সংখ্যা দেওয়া হইয়াছিল, ৬৭০, লোকবলের সংখ্যা ৮,৫০০, বর্ত্তমানে ১৯৪০ সনের তুলনায় এরোপ্লেনের সংখ্যা নিশ্চয়ই অনেক বেশী

P 24,082

দাঁড়াইয়াছে। আদানা, আঙ্কারা, এস্কিসেহির, ইস্তাম্বুল, কোনিয়া, আড্রিয়ানোপল (ইউরোপে), ইজমির এবং আল-আজিজে বিমান ঘাঁটী রহিয়াছে। ১৯৪১ সনের জুলাই মাসে খবর পাওয়া গিয়াছিল যে, সামসুন, সিভাস, এবং আক্সিরণ কারাহিসারে আগামী কয়েক মাসের মধ্যেই নূতন বিমানঘাঁটি নির্মিত হইবে। বিমানবহর তুর্কী জেনারেল ষ্টাফের প্রত্যক্ষ নিয়ন্ত্রণাধীনে রহিয়াছে। অনসাধারণকে বিমানমুখো করিবার জন্য ১৯৩৪ সনে "টার্কিশবার্ড" নামক একটা প্রতিষ্ঠান গঠন করা হইয়াছে। এই প্রতিষ্ঠান দেশের মধ্যে অনেকগুলি শিক্ষা-শিবির তৈরী করিয়া সহস্রাধিক নরনারীকে গ্লাইডিং, পাইলট-গিরি, প্যারাস্যুট যোগে ঝাঁপ দেওয়া ইত্যাদিতে অভ্যস্ত করিয়াছে। গ্রেটবৃটেনে কয়েকজন তুর্কী যুবক এয়ার-ক্যাডেটরূপে শিক্ষা লাভ করিতেছে। ১৯৪২ সনের মে মাসে ২২ জন তুর্কী যুবক ইস্তাম্বুল হইতে এইজন্য যাত্রা করিয়াছে।

বাণিজ্য পোত বহর :—১৯৩৯ সনে তুরস্কের ২২৪,৪৬১ টনের ১৮৩ খানা বাণিজ্য জাহাজ ছিল। ১৯৪২ সনের জুলাই মাসে খবর পাওয়া যায় যে, বার্টেনে বেসরকারী জাহাজ নির্মাতাগণ ১০০—১৫০ টনের অনেকগুলা জাহাজ তৈরী করিতেছে। পূর্বোক্ত 'সালভারী' নামক সাবমেরিণ এবং "আর্টারেস" নামক তৈলবাহী জাহাজ ছাড়া সাব-মেরিণের আক্রমণে তুরস্কের 'চেফাক' (৫৫০ টন)। এনিসি (২২০ টন), 'কারনাকুভেরে' (১৪৩ টন), ২ খানা কাইকুয়েস জাহাজ (প্রত্যেকখানা ৩০০ টন), 'চানকায়া' (মোটর-জাহাজ) এবং 'রেনিজে, (ছোট ষ্টীমার) নামক কয়েকখানা জাহাজও ডুবিয়াছে।

সংবাদ-পত্র

এম, ইয়ালচিন, 'উলুস' পত্রিকার রাজনৈতিক সংবাদ দাতা, এম সদরের, এম সার্টেল, এম ডাভের এবং ইয়ান ম্যানকে লইয়া গঠিত তুর্কী সাংবাদিক মিশন গ্রেট-বৃটেন পরিভ্রমণ করিয়াছে। সেই জন্য তুরস্কের বড় বড় সংবাদ-পত্রগুলির আলোচনা গুরুত্বপূর্ণ বিবেচিত হইতে পারে। জুমহুরিয়েট (সম্পাদক-এম, নাদি), তাসভারী একবিয়ার এবং সনপোষ্টা জার্মাণির প্রতি সহানুভূতি সম্পন্ন। 'একদাম' (সম্পাদক এম ডাভের) পত্রিকায় এক্সিস-ভক্ত অধ্যাপক বলবানের প্রবন্ধ প্রকাশিত হইয়া থাকে। পত্রিকাখানা বৃটেনের প্রতি সহানুভূতি প্রকাশের পরিবর্তে এক্সিসের প্রতি সহানুভূতি প্রকাশ করিয়া থাকে। বৃটিশ-ভক্ত পত্রিকাগুলির মধ্যে এম ইয়ালচিনের "বেনি সাবাহ্" এবং তাঁহার সান্ধ্য পত্রিকা 'হাবের' সর্ব্ব প্রধান। এম ইয়ালচিন মূলতঃ মিত্রপক্ষের সমর্থক হইলেও প্রয়োজন হইলে সমালোচনাও করিয়া থাকেন। 'বাতাম' (সম্পাদক এম ইয়ালম্যান) এবং 'সম টেলিগ্রাফ' (সম্পাদক এম বেনিজে) বৃটিশ-অনুরক্ত পত্রিকারূপে গণ্য। 'তংরা' (সম্পাদক এম সার্টেল) পত্রিকাও মিত্রপক্ষের হইয়া কথা বলে। আধা সরকারী সংবাদপত্র 'উলুস' (সম্পাদক এম আতয়) গবর্ণমেণ্টের মুখপত্ররূপে গণ্য। সান্ধ্য পত্রিকা 'আকসাম' (সম্পাদক এম সাদেক) ও ওয়াকিত পত্রিকা (সম্পাদক উল) পুরাপুরি নিরপেক্ষ। এম, ইয়ানবিস ও এম আতয় উভয়ে গ্র্যাণ্ড ন্যাশন্যাল এসেম্ব্লির সদস্য।

৯নং পঞ্চানন ঘোষ লেনস্থ কলিকাতা ওরিয়েণ্টাল প্রেস লিঃ হইতে শ্রীযোগেশচন্দ্র সরখেল কর্তৃক প্রকাশিত ও মুদ্রিত।

আর্থিক উন্নতি

কৃষি শিল্প বাণিজ্য ও ধনবিজ্ঞান বিষয়ক পত্রিকা

CALCUTTA UNIVERSITY CENTRAL LIBRARY

১৮শ বর্ষ | জ্যৈষ্ঠ, ১৩৫০ | ২য় সংখ্যা



বঙ্গেশ্বরী কটন মিল্‌স লিমিটেড
ম্যানেজিং ডিরেক্টর ডক্টর শ্রীযুক্ত নরেন্দ্রনাথ লাহা

বার্ষিক মূল্য ৩৲ টাকা (ডাক মাশুল ।৵০ আনা স্বতন্ত্র) প্রতি সংখ্যা ।০ আনা

সম্পাদক শ্রী বিনয়কুমার সরকার

ARTHIK UNNATI

(Economic Progress)

Established April, 1926

A monthly journal, in **Bengali**, on economics (theoretical and applied), the applications of industrial research and scientific inventions for social welfare and material progress.

The object of the journal is to function as an organ of banking, foreign trade, money market, insurance, industrialization, agricultural enterprises, railway and shipping economics, public finance, economic legislation, national health, technical education, rural reorganization, municipal administration and other civic interests.

Edited by Prof. Dr. Benoy Kumar Sarkar, *Vidya-vaibhava*

Section 1. deals with the *wealth of Bengal*, profession by profession. The data are furnished by the reports of correspondents specially employed for the purpose. The standard of life prevailing among cultivators, artisans, fishermen, boatmen, leather-workers, weavers, shopkeepers, merchants, land-owners, exporters, importers, industrial workers, sailors, clerks, directors and founders of modern industries, banks and other business establishments—all classes of the Bengali population,—is the main theme of these statistical and objective investigations.

Section 2. deals with agricultural, manufacturing and *commercial activities of India* (excluding Bengal, but including the Indian states).

Section 3. deals with the *economic developments of the world*. It seeks to interpret the movement in foreign finance, industries and commerce to the Indian businessmen and economists. India's opportunities for co-operation with foreigners in all spheres of international trade and investment constitute likewise a special subject of study. The facts of world-economy involving, as they do, the intimate interdependence of India and the other countries in regard to economic functions and material welfare are placed before the readers in the form of a regular news-service.

Section 4. deals with the movements and pronouncements of the world's prominent bankers, captains of industry, engineers, chemists, experts in technical, commercial and agricultural education, statisticians, economists, finance-ministers and so forth. The *programmes of learned societies*, businessmen's associations, and bankers' institutes etc. fall within this section.

Section 5. is given over to *interviews* with specialists on problems of applied economics and economic thought.

In all these sections *Arthik Unnati*, although a monthly, intends to acquire the dynamic character of a weekly or even a daily newspaper.

Special Features:

1. A tabular statement of the contents (with occasional synopsis) of the economic, financial, export-import, statistical and allied journals in the Indian and foreign languages including *French*, *German*, *Italian*, and whenever possible, *Russian*, *Japanese* and *Turkish*.
2. Review of books.
3. A serial announcement of Indian and foreign books on economics, banking, commerce, technical education and all other branches of material and social welfare.

N.B. About *fifty per cent* of the monthly devotes itself to **essays and discussions of permanent value** bearing on the methods and problems of the economic sciences. **Bengali translation** or summaries of the views and theories of foreign economists of the present or preceding generations form a marked characteristic of this journal.

Annual subscription Rs. 3/- (excluding postage).

Office: 9, Panchanan Ghose Lane (off Amherst Street), Calcutta.

Director

DR. NARENDRA NATH LAW

Managing Director, Bangeswari Cotton Mills, Ltd., Calcutta.

CONTENTS OF THE MAY-JUNE NUMBER, 1943.

Section 1. Wealth of Bengal: Government Paddy & the Noakhali District. An Account of Crops in Bengal. Loss due to Midnapur Flood. (pp. 23-25).

Section 2. Economic India: Price of Rice in India. Co-operative Shops at Lyalpur. Revenue from Stamps in Punjab. Number of Civil Suits in Punjab. Export of Goods from India to China. Heavy Chemical Products in Mysore. Export of Indian Wheat. (pp. 26-27).

Section 3. World Economy: Fight for Rice of Hunan. Supplimentary Pension in Great Britain. Banks in different Countries. Copper Mines in China. Income of House-holders in America. Mineral Oil in China. (pp. 28-30).

Section 4. Men, Institutions and Movements: Rai Bahadur Debendra Nath of Midnapur. Hon'ble Mr. Tarak Nath Mukerjee. Turko-British Friendship. (31-33).

Section 5. Interview: The Dawn Magazine. (pp. 34-35).

Section 6. World of Journals: *International Labour Review.* (36-38).

Section 7. Reviews: Agenda for a Post-war World. (pp. 39-40).

Section 8. Bibliography: 13 books announced. p. 41.

Articles:

(1) The Seventeenth Year of the Arthik Unnati.
By Pankaj Kumar Mukherjee, M. A., B. L. (pp. 42-44).

Industrial Development in India through British Eyes.
By Manmatha Nath Sarkar, M. A. (pp. 44-46).

Works by and about BENOY SARKAR

B. K. SARKAR:

1. **Villages and Towns as Social Patterns.** Pages 704. Eight Charts. Rs. 15. (Royal).
2. **Economic Development.** Vol. I. Pages 461. Rs. 6. Vol. II. Pages 320, Nine Charts. Rs. 6. (Demy).
3. **The Political Philosophies since 1905.** Vol. I. Pages 404. Rs. 4. (Crown). Vol. II. Part I. Pages 356. Rs. 5. Part II. Pages 570. Rs. 12. Part III. Pages 368. Rs. 8. (Demy).
4. **The Sociology of Races, Cultures and Human Progress.** Pages 410. Rs. 7. (Royal).
5. **Introduction to Hindu Positivism.** Pages 770. Rs. 16. (Royal).
6. **Creative India.** Pages 725. Rs. 15. (Demy).
7. **The Politics of Boundaries.** Pages 340. Rs. 2-8-0. (Crown).
8. **Social Insurance Legislation and Statistics.** Pages 470. Nine Charts. Rs. 8. (Demy).
9. **Imperial Preference vis-a-vis World-Economy.** Pages 172. Fifteen Charts. Rs. 5. (Royal).
10. **Indian Currency and Reserve Bank Problems.** Pages 94. Fourteen Charts. Rs. 3. (Royal).

S. C. DUTT: **Conflicting Tendencies in Indian Economic Thought.** (Sarkarism in Economics). Pages 234. Rs. 5. (Royal).

N. N. CHAUDHURY: **Pragmatism and Pioneering in Benoy Sarkar's Sociology and Economics.** Pages 152. Rs. 3. (Royal).

S. K. GHOSHAL: **Sarkarism** (The Ideas and Ideals of Benoy Sarkar on Man and His Conquests). Pages 60. Re. 1. (Royal)

B. DASS (and fourteen collaborators). **The Social and Economic Ideas of Benoy Sarkar.** Pages 690. Rs. 12. (Royal)

CHUCKERVERTTY CHATTERJEE & CO., LTD. 15 College Square, Calcutta.

জীবনযাত্রার পাথেয়

জীবনযাত্রার অনিশ্চিত পথে
জীবন বীমা মানুষের
প্রধান পাথেয়।

আমাদের গৃহ-সংসার কত আশা-উৎসাহ, কত শান্তি ও সুখের স্বপ্ন দিয়ে তৈরী! বাপ মায়ের সে স্বপ্ন বুঝি আজ রূঢ় বাস্তবের আঘাতে ভেঙ্গে যায়। তাই নিজের জন্যও যেমন তাদের দুশ্চিন্তা, ছেলেমেয়ে ও আত্মীয় পরিজনের জন্যও তেমনি তাদের উদ্বেগ ও আশঙ্কা—কি উপায়ে তাদের জীবনযাত্রা নির্ব্বাহের উপযোগী সংস্থান করে রাখা যায়। বর্ত্তমান দুর্দ্দিনে ও ভবিষ্যতের আর্থিক সঙ্কটে তারা কোন্ পাথেয় নিয়ে দাঁড়াবে?—

হিন্দুস্থানের বীমাপত্র সেই মূল্যবান পাথেয়—দুর্দ্দিনের সর্ব্বোত্তম আশ্রয়। উপার্জ্জনশীল ব্যক্তিমাত্রেরই অবিলম্বে এই পাথেয় সংগ্রহ করা উচিত।

হিন্দুস্থান কো-অপারেটিভ

ইন্‌সিওরেন্স সোসাইটি, লিমিটেড্

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস্, কলিকাতা।

NEW ECONOMIC AND SOCIOLOGICAL WORKS

Labour Legislation in British India (Pankaj Mukherjee) Rs. 3/-
Conflicting Tendencies in Indian Economic Thought (Shib Dutt) Rs. 5/-
La Politica Finanziaria Britannica in India (Dr. Moni Moulik) Rs. 5/-
The Economics and Law of Central Banking (Prof. Sachin Dutt). Ans. -/8/-
The Messages of Dante (Prof. Subodh Ghoshal). Ans. -/4/-
The Social and Economic Ideas of Benoy Sarkar, Edited by Prof. Baneswar Dass with the collaboration of Fourteen Scholars and with a Foreword by Dr. Narendra Nath Law. Rs. 12/-
7. Economic Dialectics (Nagen Chaudhury). Rs. 2/.
8. Italian Economy and Culture (Dr. Moni Moulik). Rs. 3/-
9. Principles of Civics, Part I. (Prof. Sachin Dutt). Re. 1-4-0
10. Herder's Doctrine of National Soul (Ghoshal) Ans. -/4/-

CHUCKERVERTTY CHATTERJEE & Co. Ltd.
15, College Square, Calcutta.

সূচী

বাংলার সম্পদ ঃ—সরকারী ধান্ত ও নোয়াখালী জিলা। ধান্ত-শস্তের হিসাব। বন্তার ক্ষতি। (২৩-২৫)

আর্থিক ভারত ঃ—ভারতবর্ষে চাউলের দাম। লায়ালপুরে কো-অপারেটিভ দোকান। পাঞ্জাবে ষ্ট্যাম্প হইতে আয়। পাঞ্জাবে দেওয়ানী মোকদ্দমার সংখ্যা। ভারত হইতে চীনে মাল প্রেরণ। মহীশূরের ভারি রাসায়নিক দ্রব্য। ভারতীয় গমের রপ্তানি। (২৬-২৭)

দুনিয়ার ধনদৌলত ঃ—ব্রহ্মদেশের চাউলের জন্ত যুদ্ধ। গ্রেটব্রিটেনে সাপ্লিমেণ্টারি পেনসন বৃদ্ধি। বিভিন্ন দেশের ব্যাঙ্ক-প্রসার। চীনদেশে তামার খনি। আমেরিকান গৃহস্থের আয়। চীনদেশে খনিজ তৈল। (২৮-৩০)।

ব্যক্তি ও সঙ্ঘ ঃ—রায়বাহাদুর দেবেন্দ্রনাথ। মাননীয় তারকনাথ মুখার্জী। ইঙ্গ-তুরস্ক মিতালী। (৩১-৩৩)

মোলাকাৎ ঃ—"ভন" পত্রিকা। ৩৪

পত্রিকা-জগৎ ৩৬

সমালোচনা ৩৯

গ্রন্থপঞ্জী ৪১

প্রবন্ধ ঃ

(১) আর্থিক উন্নতির সপ্তদশ বর্ষ
শ্রীশঙ্করকুমার মুখোপাধ্যায়, এম এ, বি এল ৪২

(২) বিলাতী চোখে ভারতের শিল্পোন্নতি
শ্রীঅমলধনাথ সরকার, এম এ

বিনয় সরকারের বৈঠকে

(বিংশ শতাব্দীর বঙ্গ-সংস্কৃতি)

শ্রীহরিদাস মুখোপাধ্যায়

রামকৃষ্ণ-সাম্রাজ্য, বঙ্গ-বিপ্লব, স্বদেশী আন্দোলন, ডন সোসাইটির সতীশ মুখোপাধ্যায়, অরবিন্দ-দর্শন, শিল্প-বাণিজ্যে বাঙালীর প্রগতি, মজুর-আন্দোলন, মেয়েদের পুরুষ-সাজা, "অবনীন্দ্র-মণ্ডল", লাঠি-সেনাপতি পূর্ণিন্দু দাস, ব্রাহ্ম সমাজ, নজরুল ও অন্নদাশঙ্কর, বাংলার বৈজ্ঞানিক, ঐতিহাসিক ও দার্শনিক গবেষকগণ, রাবীন্দ্রিক ভগবান, গল্প-রচনায় বাঙালী মেজাজ, হিন্দু-মুসলমানের ধর্ম-মিলন, গুরুসদয়ের নাচানাচি, সুরেন্দ্রনাথ হ'তে শ্যামাপ্রসাদ, ১৯৮০ সনের বাঙালী ইত্যাদি বিষয়ে বিংশ শতাব্দীর বঙ্গ-সংস্কৃতি সম্বন্ধে অধ্যাপক বিনয়কুমার সরকারের সঙ্গে কথোপকথন। প্রশ্নোত্তরের আকারে লিখিত। ৪৯০ পৃষ্ঠা মূল্য ৩৲

বঙ্গীয় ধনবিজ্ঞান পরিষদ্ ও বঙ্গীয় সমাজ-বিজ্ঞান পরিষদের সুধীবর্গের লিখিত কয়েকখানি গ্রন্থ

১। একালের ধনদৌলত ও অর্থশাস্ত্র (বিনয় সরকার):—প্রথম ভাগ ২৷০, দ্বিতীয় ভাগ ৪৲। ২। ধনদৌলতের রূপান্তর (বিনয় সরকার) ১৷০। ৩। পরিবার, গোষ্ঠী ও রাষ্ট্র (বিনয় সরকার) ২৷০। ৪। স্বদেশী আন্দোলন ও সংরক্ষণনীতি (বিনয় সরকার) ২৲। ৫। নয়া বাঙলার গোড়াপত্তন (বিনয় সরকার):—প্রথম ভাগ ২৷০, দ্বিতীয় ভাগ ২৲। ৬। বাড়্তির পথে বাঙালী (বিনয় সরকার) ৩৷০। ৭। দেশ-বিদেশের ব্যাঙ্ক (ভক্টর নরেন্দ্রনাথ লাহা ও জিতেন সেনগুপ্ত) ১৸০। ৮। টাকাকড়ি (রবি ঘোষ) ১৷০। ৯। টাকার কথা (নরেন রায়) ১৲। ১০। ধনবিজ্ঞানে সাক্বরেতি (শিব দত্ত) ২৲। ১১। বাঙলার ধনবিজ্ঞান (বিনয় সরকার ও অন্যান্য লেখকগণ) প্রথম ভাগ ৪৷০, দ্বিতীয় ভাগ ৩৲। ১২। সমাজ-বিজ্ঞান (বিনয় সরকার ও অন্যান্য লেখকগণ) ৩৲। ১৩। মার্কিণ সমাজ ও সমস্যা (নসেন চৌধুরী) ২৲। ১৪। ফরাসী মনীষীদের প্রগতি-দর্শন (প্রফুল্ল বিশ্বাস) ৪০।

চক্রবর্ত্তী চ্যাটার্জ্জি অ্যাণ্ড কোম্পানী লিমিটেড

১৫, কলেজ স্কোয়ার, কলিকাতা

আর্থিক উন্নতি

জ্যৈষ্ঠ—১৩৫০ ১৮শ বর্ষ—২য় সংখ্যা

অহমস্মি সহমান উত্তরো নাম ভূম্যাম্।
অভীষাড়স্মি বিশ্বাষাড়াশামাশাং বিষাসহি ॥

অথর্ববেদ ১২।১।৫৪

পরাক্রমের মূর্ত্তি আমি,—'শ্রেষ্ঠতম' নামে আমায় জানে সবে ধরাতে ;
জেতা আমি বিশ্বজয়ী,—জয় আমার দিকে দিকে বিজয়-কেতন উড়াতে।

সরকারী ধান্য ও নোয়াখালী জিলা

বাংলার গভর্ণমেণ্ট ও মন্ত্রিবর্গ বাংলার খাদ্য-সমস্যার সমাধান করিবার জন্য চেষ্টা করিতেছেন সন্দেহ নাই। তাঁহাদের চেষ্টার দরুণ কলিকাতা প্রভৃতি নানা স্থানে ধান চাউলের আমদানি ও কমমূল্যে বিক্রীর ফলে অবস্থার উন্নতি হইয়াছে। কিন্তু অতীব দুঃখের বিষয় যে আমাদের এই নোয়াখালী সহরে ও মফস্বলে এখনও অবস্থার বিশেষ পরিবর্ত্তন দেখা যাইতেছে না। গভর্ণমেণ্টের পক্ষ হইতে কোনও কোনও স্থানে ধারে বীজ-ধান বিতরণ করা হইয়াছে সত্য, কিন্তু প্রয়োজনের তুলনায় তাহা একান্তই অকিঞ্চিৎকর। আরও দুঃখের বিষয় যে কলিকাতা প্রভৃতি স্থানের ন্যায় নোয়াখালীর নদী-ভাঙ্গা গৃহ-সম্বলহীন অধিবাসীদের জন্য এখনও উপযুক্তরূপ সাহায্যের ব্যবস্থা হইতেছে না। জানা যায় এজিলার অধিবাসীদের মধ্যে ২৫,০০০ মণ বীজ-ধান্য বিতরণের কথা ছিল ; কিন্তু ৫০০ মণ ধান্য দেওয়ার পর এখন আর দেওয়া হইতেছে না। অথচ পূর্ব্ব বাংলার যুদ্ধাঞ্চলের নিকটস্থ এতদঞ্চলের অধিবাসীদের প্রয়োজন অন্যান্য স্থান অপেক্ষা অনেক বেশী। আমাদের মতে এতদঞ্চলের অধিবাসীদের শোচনীয়তর অবস্থা বিবেচনায় তাহাদের মধ্যে অন্ততঃ ৪০,০০০ মণ ধান্য বিতরণ করা একান্ত আবশ্যক ; এবং সর্ব্বসাধারণের নিকট কম মূল্যে ও ধারে চাউল বিক্রয়ের সুব্যবস্থা হওয়াও আশু প্রয়োজন। আমরা এদিকে আমাদের জেলা ম্যাজিষ্ট্রেট, সদর এস ডি ও এবং মাননীয় বেসামরিক সরবরাহ মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

(নোয়াখালী হিতৈষী)

খাদ্য-শস্যের হিসাব

মেজর-জেনারেল উড্ খাদ্য-শস্যের একটা হিসাব দাখিল করেন এবং সেই হিসাবের তাৎপর্য্য ব্যাখ্যা করেন। তিনি বলেন, ১৯৪৩ সনে বঙ্গদেশে চাউলের প্রাচুর্য্য বা অপ্রাচুর্য্য রহিয়াছে তাহার বিচার করিতে হইলে পূর্ব্ববর্ত্তী পাঁচ বৎসরের গড়পড়তা হিসাবের প্রতি দৃষ্টি রাখিতে হইবে। ১৯৩৬-৩৭ হইতে ১৯৪০-৪১ পর্য্যন্ত পাঁচ বৎসরের হিসাব অনুসারে বৎসরে ৮১ লক্ষ ৮১ হাজার টন চাল উৎপন্ন হইয়াছে। এক্ষণে বর্ত্তমান বৎসরে কত চাউল থাকার সম্ভাবনা তাহার হিসাব করিতে হইলে এই বৎসরে কত উৎপাদন হইয়াছে এবং গত বৎসর কতটা উদ্বৃত্ত রহিয়াছে তাহার সমষ্টি গণিতে হইবে। এই হিসাব অনুসারে বর্ত্তমান বৎসরে ৬৯ লক্ষ ১৬ হাজার টন চাল উৎপন্ন হওয়ার সম্ভাবনা। গত বৎসরের উদ্বৃত্তের পরিমাণ ১০ লক্ষ হইতে ১৪ লক্ষ টন হওয়ার সম্ভাবনা। গত বৎসর এতটা উদ্বৃত্ত হইবার হেতু এই যে, গত বৎসর অপ্রত্যাশিতভাবে বঙ্গদেশে অতিরিক্ত ফসল হইয়াছিল। গত পাঁচ বৎসরের গড়পড়তা হিসাব অনুসারে গত বৎসরে অতিরিক্ত ফসলের পরিমাণ ১৮ লক্ষ টন হইয়াছিল। সুতরাং দেখা যাইতেছে যে, পূর্ব্ব পূর্ব্ব বৎসরের গড়পড়তা ৮১ লক্ষ ৮১ হাজার টনের স্থলে গত বৎসরে অন্ততঃ ১০ লক্ষ টন সহ বর্ত্তমান বৎসরের ৬৯ লক্ষ ১৬ হাজার টন মিলিয়া বঙ্গদেশে বর্ত্তমান চালের পরিমাণ দাঁড়াইতেছে ৭৯ লক্ষ ১৬ হাজার টন। এতদ্ব্যতীত ভারত সরকার অন্যান্য স্থান হইতে চাল ও ডাল আনাইয়া বঙ্গদেশকে সরবরাহ করিতেছেন। খাদ্যহিসাবে ডালকে চালের সামিলই ধরা যায়। ভারত সরকার যে চাল-ডাল দিতেছেন, তাহার মোট পরিমাণ ৫ লক্ষ ৫০ হাজার টন। সুতরাং বঙ্গদেশে যাহা আছে তাহার সহিত ইহা যোগ করিলে ৮৪ লক্ষ ৬৬ হাজার টন দাঁড়ায়। অথচ পূর্ব্ব পূর্ব্ব বৎসরের গড়পড়তার পরিমাণ ৮১ লক্ষ ৮১ হাজার টন। এই অঙ্ক হইতে প্রমাণিত হয় যে, বাংলায় খাদ্যশস্যের অপ্রাচুর্য্য নাই, বরং প্রাচুর্য্যই রহিয়াছে।

অন্যভাবেও একটা হিসাব করা যায়। তাহা উৎপাদনের দিক্ হইতে নহে, খরচের দিক্ হইতে। কিন্তু সেই হিসাব করিতে হইলে চাল-ডালের হিসাব একসঙ্গে লইতে হইবে। এই হিসাব অনুসারে দেখা যায় যে, চাল, দুধ, গম এবং ছোলা ১৯৩৭ সনে ৯৯ লক্ষ ৫৭ হাজার টন, ১৯৩৮ সনে ৯৫ লক্ষ ১ হাজার টন এবং ১৯৩৯ সনে ৮৩ লক্ষ ৭৭ হাজার টন ব্যবহৃত হইয়াছে। আমদানি ও রপ্তানির পরিমাণ এই হিসাবের মধ্যে ধরা হইয়াছে। যুদ্ধের পূর্ব্ববর্ত্তী যে তিনটী বৎসর সবচেয়ে খারাপ গিয়াছে, সেই তিন বছরেও বঙ্গদেশে খাদ্যাভাবের কোন বাহ্য লক্ষণ দেখা যায় নাই। সুতরাং ঐ কয় বৎসরের সহিত বর্ত্তমান বৎসরের পরিমাণ তুলনা করিলে খাদ্যাভাবের কোন হেতু থাকিতে পারে না। অবশ্য যদি লোকে খাদ্যশস্য মজুত না রাখিয়া বাজারে ছাড়ে তবেই একথা সত্য হইতে।

বর্ত্তমানে দেখা যাইতেছে বঙ্গদেশে ১৯৪৩ সনে খাদ্যশস্যের পরিমাণ নিম্নলিখিতরূপ দাঁড়াইবে :—বঙ্গদেশে উৎপন্ন চাল ৭৯ লক্ষ ১৬ হাজার টন, ভারত সরকার প্রদত্ত ৫ লক্ষ ৫০ হাজার টন। ভারত সরকার কর্ত্তৃক প্রদত্ত গম ২ লক্ষ ২৪ হাজার টন, ভারত সরকার কর্ত্তৃক প্রদত্ত ডাল ১৯ হাজার টন। মোট ৮৭ লক্ষ ৯ হাজার টন।

সুতরাং দেখা যাইতেছে যে, ১৯৪৩ সনে বঙ্গদেশে প্রধান প্রধান খাদ্য শস্যের মোট পরিমাণ যুদ্ধের পূর্ব্ববর্ত্তী ৩ বৎসরের পরিমাণ অপেক্ষা ৫ লক্ষ টন অধিক দাঁড়াইবার সম্ভাবনা। বাংলা দেশে একটা ভ্রান্ত ধারণা চলিতেছে যে, বিদেশে চাল চালান দেওয়ায় এবং গত বৎসর কোন কোন স্থান হইতে চাল অপসারণ করার ফলেই চাল দুর্ঘট হইয়াছে। প্রকৃত তথ্যগুলি পরীক্ষা করিলেই এই ধারণা ভ্রান্ত বলিয়া প্রমাণিত হইবে। ১৯৪২ সনে যে চাল ধরিয়া অন্যত্র সরাইয়া লওয়া হইয়াছিল, তাহার পরিমাণ ৩০ হাজার টন। তাহার মধ্যে ২৭ হাজার ৪ শত টন বাঙ্গালী সাধারণের নিকট বিক্রয় করা হইয়াছে, ২ হাজার ৫ শত টন সিংহলে রপ্তানি হইয়াছে এবং একশত টন সমরবিভাগে ব্যয় হইয়াছে।

এই গেল অপসারিত চালের হিসাব। একব্যতীত

১৯৪২ সনের এপ্রিল হইতে ১৯৪৩ সনের ফেব্রুয়ারী পর্য্যন্ত কলিকাতার বন্দর হইতে ৪৮,৪৮০ টন চাল রপ্তানি হইয়াছে এবং গত বার মাসে সমর বিভাগের জন্য বাংলা দেশে সাত হাজার টন চাল খরিদ করা হইয়াছে। কলিকাতা বন্দর হইতে যে চাল বিদেশে রপ্তানি হইয়াছে তাহার অধিকাংশই বঙ্গদেশে উৎপন্ন নহে।

(বাঙলার কথা)

বন্যায় ক্ষতি

বিগত সর্ব্বধ্বংসী বাত্যাবর্ত্তে ও সমুদ্রের জলোচ্ছ্বাসে মেদিনীপুর জেলার কি পরিমাণ ক্ষতি হইয়াছে তাহা খাঁটি নির্দ্ধারণ করা দুষ্কর। বঙ্গীয় ব্যবস্থা পরিষদে শ্রীযুক্ত শিবনাথ বন্দ্যোপাধ্যায়ের প্রশ্নের উত্তরে ভূতপূর্ব্ব রাজস্ব সচিব মাননীয় প্রমথনাথ বন্দ্যোপাধ্যায় মহাশয় বলিয়াছিলেন যে, বিগত অক্টোবর মাসের বাত্যাবর্ত্তে ও সমুদ্রের জলোচ্ছ্বাসে মেদিনীপুর জেলায় ১৪,৪৪৩ জনের মৃত্যু হয় এবং ১,৮৮,০০০ গরু প্রাণ হারায়। বাত্যাজনিত ব্যাধিতে আক্রান্ত হইয়া কলেরা ও আমাশয়ে প্রায় ১৬০০ ব্যক্তি প্রাণ হারাইয়াছে। অন্যান্য কারণে মৃত ব্যক্তিদের সংখ্যা জানা যায় নাই। উহাতে ক্ষতিগ্রস্ত হওয়ার সংখ্যা প্রায় ১,৬১০ এবং ঐ অঞ্চলের আয়তন প্রায় ৯০০ বর্গমাইল। ধ্বংসপ্রাপ্ত ও বাসের অযোগ্য গৃহের সংখ্যা মোট ৫,২৭,০০০ এবং মাঠের যে শস্য নষ্ট হইয়াছে, তাহার মূল্য প্রায় ১১,০০,০০,০০০ কোটি টাকা।

এই ধরণের মূল্য নির্ণয় কেবল অনুমানের ভিত্তিতেই করা সম্ভব। কাঁথি মহকুমায় নিহতের সংখ্যা সর্ব্বাধিক। এই সংখ্যা ১০,৯৪২। অন্যান্য মহকুমায় মৃত্যু-সংখ্যা নিম্নরূপ—তমলুকে ২৯৯৪, ঘাটালে ৩১, বাড়গ্রামে ২, সদরে (উত্তর ৬৯, দক্ষিণ ৫০০) ৫৬৯।

(নীহার)

ভারতবর্ষে চাউলের দাম*

	মুক্সী (?) কলিকাতা মণকরা	বালাম কলিকাতা মণকরা	মুক্সী ও বালাম গড়	রেঙ্গুন চাল মণকরা
১৯১৬		৬।০	৬।০	৪/৭।০
১৯১৭		৫৸০	৫/০	৩৸১
১৯১৮		৪৸০	৪৵০	৩।৯
১৯১৯		৭।৬	৬৸৶৬	৫।/৩।০
১৯২০		৯।০	৮।৵০	৬৸৶১০
১৯২১	৬৸৶০	৮৶০	৭।০	৭৸৮
১৯২২	৬।০	৭৵০	৬৸৶০	৭৵০
১৯২৩	৪৸৶০	৬।৵০	৫।৵০	৬।৵৬
১৯২৪	৩৸৶০	৫৸৶০	৫৸৵০	৭৶০
১৯২৫	৬/০	৮।৵০	৭৶৩	৭।৵১
১৯২৬	৬।৵০		৬৸৶৬	৭।৪
১৯২৭	৬।/০		৭।০	৬৸০
১৯২৮	৬।৵০		৭৶৬	৬৶২৪০
১৯২৯	৫৸৵০		৬৵০	৬।০
১৯৩০	৪৸৶০		৫৸/০	৫।৶১০৪০
১৯৩১	৩।৶০		৪/৯	৩৸৫৪০
১৯৩২	২।৵০		৩/৯	৩।৵৪
১৯৩৩	২৵০	৩/০	২৸৵৬	২৸৵৭
১৯৩৪	৩/০	৩৪৶০	৩।৵৩	২৪৩
১৯৩৫	৩।৶০	৩৪/০	৩।৶৬	৩৶০
১৯৩৬	৪৶০	৩৸৶০	৪/০	৩/৮

লায়ালপুরে কো-অপারেটিভ দোকান

		সভ্যসংখ্যা কো-অপারেটিভ সোসাইটি	
লায়ালপুর	১৭০	৭৪	
জারানওয়ালা	১৪১	৬৩	
টাণ্ডিয়ানওয়ালা	২০৯	৭২	
গোজরা	২৭৪		
টোবাটেকসিং	২৫২	৫১	
চক ঝুমরা	১৫৫	৪৪	১৯৯

পাঞ্জাবে ষ্ট্যাম্প হইতে আয়

	৮৩·৫ লক্ষ টাকা
	৭৪·৭৬
	৬৫·৭২

পাঞ্জাবে দেওয়ানী মোকদ্দমার সংখ্যা

১৯২৬-৩০	৮০২০৪
১৯৩৭	৫:১০৬
১৯৩৮	৭১২৪০

উপরোক্ত সংখ্যা দেখিলে মনে হয় যে, মোকদ্দমার সংখ্যা ক্রমশই কমিয়া আসিয়াছে। ইহার কারণ বলা হইয়াছে যে, এখানে মর্টগেজ দেওয়ার সঙ্গে সঙ্গে জমির

* ইনডেক্স নাম্বারস অব ইণ্ডিয়ান প্রাইসেস হইতে উপরোক্ত সংখ্যাগুলি সংগৃহীত হইয়াছে।

দখল দেওয়া হয় এবং তাহা হইতে টাকা শোধ হয়, কাজেই মোকদ্দমা করিয়া টাকা উশুল করিতে হয় না।

ভারত হইতে চীনে মাল প্রেরণ

সমরোপকরণ ব্যতীত অন্যান্য যেসকল জিনিষপত্র এখন ভারত হইতে চীন দেশে প্রেরিত হইতেছে তাহা তিব্বতের ১২ হাজার ফুট উচ্চ মালভূমির পথে ভীষণ ঠাণ্ডা ও শুষ্ক আবহাওয়ার মধ্য দিয়া যাইতেছে।

বিদেশীদের তিব্বতে প্রবেশ নিষিদ্ধ রাখার চিরন্তন নীতির ব্যতিক্রম করিয়া তিব্বতের পথে মাল প্রেরণের চুক্তি করার পূর্ব্বে কয়েক মাস ধরিয়া সুদীর্ঘ আলোচনা চালাইতে হইয়াছিল। তিব্বতী ট্রান্সপোর্ট কণ্ট্রাক্টরগণ মালপত্র ঐ পথে লইয়া যাইবে। ইহার পরিবর্ত্তনের দায়িত্ব তিব্বত সরকার গ্রহণ করিয়াছেন।

উত্তরবঙ্গের কালিম্পং এবং সিকিম রাজ্যের গ্যাংটক হইতে এই পথ সুরু হইয়াছে।

মহীশূরের ভারি রাসায়নিক দ্রব্য

১৯৪২ সনের মে মাসে মহীশূর ষ্টেটে যে পরিমাণ ভারি রাসায়নিক দ্রব্য উৎপন্ন হইয়াছে তাহা নিম্নের তালিকায় পূর্ব্বমাসের সহিত তুলনামূলকভাবে দেওয়া গেল :—

দ্রব্যের নাম	মূল্য টাকা
সালফিউরিক এ্যাসিড	১,৪২,৭৫০
এ্যামোনিয়াম সালফেট	৪৭,৫০০
লিকুইড এ্যামোনিয়াম	৩৮	৪৮	৩৬,০০০
সুপার ফসফেটস্		১৮	৩,৮০০
মিক্সড ফার্টিলাইজার	৪১	৯২	১৫,৭০০
		৮৮৯	২,৪৫,৩৫০

ভারতীয় গমের রপ্তানি

কেবলমাত্র করাচী বন্দর হইতে ১৯১৯-১৯৩৯ সনে কি পরিমাণ গম রপ্তানি করা হইত তাহা নিম্নের তালিকায় দেওয়া গেল :—

মাস	১৯১৯	১৯৩৪	১৯৩৫	১৯৩৬
জানুয়ারি	১,২৪৯	৮৩	১০৬	৪১
ফেব্রুয়ারি	৫৪৩	৪৪	৪১	৩৬
মার্চ্চ	৪৯৯	৩১	৩৩	৩৩
এপ্রিল	৫৬		৪৬	৩১
মে	৫৯৭		৩৫	৩২৬
জুন	৩২৩		২৭	৫,১২৩
জুলাই	৪৫৫		১৯	৪,১৩৮
আগষ্ট	৪৩৬		৪৮	৮,৭৯৫
সেপ্টেম্বর			২,১৮৯	৩৭,৩৮৫
অক্টোবর			২,৭৮৬	৫৩,১২২
নবেম্বর			২,৫২৩	×
ডিসেম্বর			৫০	×

হুনানের চাউলের জন্য যুদ্ধ

চীনা সৈন্যবাহিনীর মুখপত্র "সাও টাঙ পাও"য়ের মতে হুনানের উত্তরে টুংটিং হ্রদ অঞ্চলে সম্প্রতি নূতন করিয়া যে যুদ্ধ আরম্ভ হইয়াছে তাহার সামরিক গুরুত্ব অপেক্ষা অর্থনৈতিক গুরুত্বই বেশী। গত বৎসরের যে উদ্বৃত্ত চাউল মজুত রহিয়াছে তাহার উপর শত্রুর দৃষ্টি আছে—ইহা ছাড়া আক্রমণকারীর উদ্দেশ্য হইতেছে এই বৎসরের জুলাই মাসের ফসল যেন চীনা কৃষকেরা সংগ্রহ করিতে না পারে এবং পরে দ্বিতীয় মরশুমের জন্য তাহারা বীজ বপন করিতে না পারে।

টুংটিং হ্রদের চারি পার্শ্বের ৫,২০০ বর্গ কিলোমিটার অঞ্চল চীনের চাউল উৎপাদন কেন্দ্রগুলির মধ্যে সর্ব্বাপেক্ষা গুরুত্বপূর্ণ। বৎসরে এই স্থান হইতে দুইটি করিয়া ফসল পাওয়া যায়। হ্রদের চারিপার্শ্বের ১১টী কাউন্টী—যাহা প্রাগ্‌ঐতিহাসিক যুগে অভ্যন্তরের সমুদ্রের অংশ ছিল—পশ্চিম হুপে ও পূর্ব্ব সিচুয়ানে সরবরাহ করিবার জন্য বৎসরে অতিরিক্ত এক কোটী পিকুল চাউল উৎপাদন করে। হ্রদের পার্শ্ববর্ত্তী ধান্যক্ষেত্র বাস্তবিকই স্বাধীন চীনের যুদ্ধকালীন শস্য-ভাণ্ডার। অতীতকালে বহুবার চাউলের সাময়িক অভাব টুংটিংএর চাউল দিয়া মিটান হইয়াছে।

বর্ত্তমান জাপানী আক্রমণের আর একটী উদ্দেশ্য চাংটে ও ইহার নিকটবর্ত্তী সহরগুলি অধিকার করা এবং উত্তর হুনান ও চুংকিংএর মধ্যে জল ও স্থল দ্বারা যে সংক্ষিপ্ত যাতায়াতের পথ আছে তাহা বিচ্ছিন্ন করা। উয়ান ও ইউ নদী এবং একটী রাজপথ দ্বারা গঠিত এই পথটী যুদ্ধকালে রাজধানী ও হুনানের মধ্যে মাল লইয়া আসা-যাওয়ার প্রধান পথ। ইহা ছাড়া পূর্ব্ব সিচুয়ানের পর্ব্বত-মালা ভেদ করিয়া যাইবার জন্য সিচুয়ান-হুনান রাজপথটী ইয়াংট্‌সী নদীর সঙ্কীর্ণ উপত্যকার পথ হইতে অনেক সুগম।

টুংটিং হ্রদ হইতে এক বাহু পশ্চিম দিকে বিস্তার করিয়া জাপানীরা পুনরায় চ্যাংসা আক্রমণ করিবার জন্য এক সাঁড়াশী অভিযান চালাইতে পারে। চাংটে অধিকার করিতে সক্ষম হইলে তাহারা এই স্থান হইতে পশ্চিমে সাঁড়াশীর এক বাহু প্রসারিত করিয়া, উত্তর পূর্ব্ব হইতে রেলপথ ধরিয়া সাঁড়াশীর অপর বাহু প্রসারিত করিবে। যদি চ্যাংসার পতন হয় তাহা হইলে কোরিয়া হইতে সিঙ্গাপুর পর্য্যন্ত রেলপথ বিস্তার করিবার যে কল্পনা শত্রুর আছে, তাহার কিয়দংশ সফল হইতে পারে। কিন্তু তাহা সত্ত্বেও ইহা শত্রুর কল্পনাই রহিয়া যাইবে। কারণ সাঁড়াশী অভিযানের পশ্চিম বাহুটী টুংটিং হ্রদের উপরেই অসাড় করিয়া দেওয়া হইয়াছে। যদি ধরিয়া লওয়া যায় যে, শত্রু উত্তর-পূর্ব্ব হুনান অধিকার করিবার পর হুনান ও সিচুয়ানের মধ্যে সোজা জল এবং স্থল পথ ও সিচুয়ান-হুনান রাজপথ দিয়া চুংকিং অভিমুখে অগ্রসর হইতেছে তাহা হইলেও তাহার সফল হইবার সম্ভাবনা অতি অল্প। শত্রুর বহুদিনকার ইচ্ছা এক বিরাট সাঁড়াশী অভিযান করিয়া চুংকিং আক্রমণ করে। এই অভিযানের এক বাহু উত্তর হুপে এবং দক্ষিণ সেন্সি হইতে প্রসারিত হইয়া চুংকিংএর উত্তর পার্শ্ব আক্রমণ করিবে এবং অপর বাহু পশ্চিম হইতে আক্রমণ করিবে। এই অভিযান সফল হইবার জন্য প্রত্যেক বাহুতে অন্ততঃ ১০ লক্ষ লোকের

প্রয়োজন, ইহা ছাড়া সংযোগপথ রক্ষা করিবার জন্য আরও ১০ লক্ষ লোকের প্রয়োজন হইবে। অন্য সীমান্তে ব্যাপৃত থাকিয়া কেবল চীন সীমান্তের জন্য এইরূপ বিরাট সৈন্য বাহিনী সমাবেশ করিতে শত্রু সক্ষম নয়। সুতরাং তাহার উদ্দেশ্য হইতেছে স্বাধীন চীনের সহিত বর্ম্মা, তিব্বত ও দক্ষিণ-পূর্ব্ব প্রদেশগুলির যাতায়াত পথ ছিন্ন করিয়া চীনকে শ্বাস রুদ্ধ করিয়া মারা।

টুংটিং হ্রদ এলাকায় আক্রমণ করিয়া শত্রু কেবল গত বৎসরের উদ্বৃত্ত চাউল লুট করিতে সক্ষম হইবে না, সে চীনা কৃষকদিগকে ১৯৪৩ সনের ফসলও সংগ্রহ করিতে দিবে না, এবং এইরূপে স্বাধীন চীনকে তাহার প্রধান শস্য ভাণ্ডারের পরিপূর্ণ ব্যবহার করিতে দিবে না। স্থানীয় অসামরিকদলকে তড়িৎ গতিতে সমাবেশ করিয়া চীনারা এই অঞ্চলের মজুত চাউলের অধিকাংশই আক্রমণের পূর্ব্বে বাহিরে লইয়া গিয়াছে এবং চীনা সৈন্য-বাহিনী যেরূপ দৃঢ়প্রতিজ্ঞভাবে এই সীমান্তে যুদ্ধ চালাইতেছে তাহাতে হ্রদের পার্শ্ববর্ত্তী শস্য-ক্ষেত্রগুলির অধিকাংশই ধ্বংস হইতে রক্ষা পাইবে।

টুংটিং হ্রদ অঞ্চল, নদী, খাল, এবং ক্ষুদ্র ক্ষুদ্র হ্রদ পরিপূর্ণ একটী জলাভূমি। এই অঞ্চল রক্ষাকারী চীনা সৈন্যেরা বহুদিন পূর্ব্বেই অভ্যন্তরের বিভিন্ন দ্বীপগুলির সংযোগ-পথগুলি বিনষ্ট করিয়া দিবার জন্য আয়োজন করিয়া রাখিয়াছে। প্রচুর বারিপাতের জন্য ক্রমবর্দ্ধিষ্ণু হ্রদটী শত্রুকে টুংটিং হ্রদে যাতায়াতের পথের সুবিধা করিয়া দিয়াছে। জাপানী লঞ্চগুলি হ্রদের সকল স্থানেই পৌঁছিতে সক্ষম হইয়াছিল বলিয়া রক্ষাকারী সৈন্যেরা জাপানীদিগকে বিভিন্ন স্থানে বাধা দিতে সমর্থ হয় নাই। অধিকন্তু হ্রদে ও উত্তর হুনানের মধ্যে অবৈধভাবে মাল লইয়া যাতায়াতের পথগুলিও শত্রুকে আক্রমণ চালাইতে সাহায্য করিয়াছে। (চীনবার্ত্তা)

গ্রেটব্রিটেনে সাপ্লিমেণ্টারি পেনশন বৃদ্ধি

২২শে জুলাই (১৯৪২ সন) হাউস অব কমন্সে একটী চ্যাণ্ট রেগুলেশন পেশ করা হয়। উহার উদ্দেশ্য হইল সাপ্লিমেণ্টারি পেনশন বৃদ্ধি করা এবং বেকার-সাহায্যের ব্যবস্থা করা।

'স্কেলরেট' (অর্থাৎ জীবনধারণের জন্য উপযুক্ত আয় স্বরূপ যে সংখ্যা গ্রহণ করা হইয়াছে তাহা) হইল প্রতি ১৬ বৎসরের উর্দ্ধবয়স্ক লোকের জন্য প্রতি সপ্তাহে যাহা আছে তাহার উপর ২ শিলিং ৬ পেন্স করিয়া বৃদ্ধি করা হইবে। উক্ত বয়সের নিম্নের শিশুদের জন্য ১ শিলিং করিয়া বাড়াইবার প্রস্তাব করা হয়। শীতকালীন এ্যালাউয়েন্স যাহাতে বৃদ্ধি হয় তাহার জন্যও সুপারিশ করা হইয়াছে। ওল্ড্এজ পেনশনারদের 'স্কেল রেট' নিম্নরূপ হইবে—যে ১৯ শিলিং ৬ পেন্স সপ্তাহে পাইত সে ২২ শিলিং করিয়া পাইবে। যে ক্ষেত্রে স্বামি-স্ত্রী উভয়েই পেনশন-ভোগী সেখানে তাহারা ৩২ শিলিং এবং যুগে একণে ৩৭ শিলিং পাইবে।

বিভিন্ন দেশের ব্যাঙ্ক-প্রসার

নিম্ন তালিকা হইতে বিভিন্নদেশে ব্যাঙ্কের প্রসার বুঝা যাইবে :—

ইউ, এস্, এ
ইউনাইটেড কিংডম
ফ্রান্স
ইণ্ডিয়া

চীনদেশে তামার খনি

চীনদেশে অনেক স্থানেই তামার খনি দেখা যায়; কিন্তু অল্প স্থলেই উহা হইতে কৃতকার্য্যতার সহিত তামা উত্তোলিত হইয়া থাকে। কারণ এখানে মাত্র ৫% আসল তামা পাওয়া যায়। চীনদেশে বৎসরে তামার খাদন ৭,০০০ টন। ইউনাইটেড ষ্টেট্সের বাৎসরিক তামার উৎপাদন ১৯৩৯ সনে ছিল ৭১০,০০০ টন এবং উহার ~~১/৩~~ অংশ তথায় খরচা হয়। চীনদেশে বাৎসরিক তামার উৎপাদন ১৯৩৭ সনে ছিল ৪০০ টন, কিন্তু ১৯৪০ সনে হয় ১,০০০ টন।

আমেরিকান গৃহস্থের আয়

আমেরিকায় ১৯৩১ সনে প্রায় শতকরা ৫০ ভাগ গৃহস্থের আয় ছিল ১,৪৮০ ডলারের কিছু নিম্নে। ১৯৩২ সনে খানেকের অর্দ্ধেক অংশের আয় ছিল ১,৫৪০ ডলার। যদি জিনিষ-পত্রের আয়ও উক্ত টাকার আয়ের সহিত যুক্ত হয় তাহা হইলে দেখা যাইবে ১৯৩৯ সনে উহা ছিল ১,৪৪০ ডলার এবং ১৯৩২ সনে ছিল ১,৬১০ ডলার। ১৯৩৫-৩৬ সনের আয়ের তুলনায় উপরিউক্ত আয়ের হার বহু পরিমাণে বৃদ্ধি পাইয়াছে বলিয়া জানা যায়। এই রকমের আয়ের হার হইলে খরচার হারও নিশ্চয়ই বৃদ্ধি পাইবে। বাস্তবিক পক্ষে খরচার হারও বৃদ্ধি পাইয়াছিল বটে, কিন্তু কোন নূতন দ্রব্যের জন্য বা কোন নূতন বিষয়ে খরচা বৃদ্ধি হয় নাই, বরং পুরাতন দ্রব্যের মূল্য-বৃদ্ধির জন্য খরচা বৃদ্ধি হইয়াছে বলিয়া অবগত হওয়া যায়। প্রত্যেক গৃহস্থের খাদ্যের জন্য খরচা ছিল ১৯৩১ সনে ৪০০ ডলার। উহা ১৯৩৬ সনে ছিল ৩৭৮ ডলার। প্রায় ৩২% বৃদ্ধি পাইয়াছে।

১৯৩২ সনের গোড়ার দিকে দেখা যায় যে, ১৯৩১ সন অপেক্ষাও ৪% খরচা বৃদ্ধি।

চীনদেশে খনিজ তৈল

মর্থ সেনসাই বেসিনে যথেষ্ট পরিমাণে তৈল পাওয়া যায়। সিচুয়েন প্রদেশেও উহার উৎপাদন যথেষ্ট। উক্ত দুই স্থানের গড়পড়তা উৎপাদন ৫৬,২২৭ মিলিয়ন গ্যালন পেট্রোল। সেন্সিতে একটী কূপ প্রাপ্ত হওয়া গিয়াছে, সেখানে বৎসরে ১০০ মিলিয়ন গ্যালন তৈল উৎপন্ন হইয়া থাকে। জাপানির জন্য চুংকিংয়ের ইকনমিক মিনিষ্ট্রি এ্যালকহল এবং ভেজিটেবল হইতে একরূপ তৈল ব্যবহার করা অনুমোদন করেন।

"সেল অয়েল" মাঞ্চুরিয়ায় প্রচুর পরিমাণে পাওয়া যায়। এখানে উক্ত তেল ৭,৬২৮ মিলিয়ন মেট্রিক টন পাওয়া যায়। ইহার ¾ অংশ ফুশুন প্রদেশে জমা আছে। এখানে "নেভি অয়েল" উৎপন্ন হইয়াছে ১৯৩১ সনে ৬১,০০০ মেট্রিক টন এবং উহার সংখ্যা ১৯৩৯ সনে ৩৬০,০০০ মেট্রিক টন বলিয়া জানা যায়। ১৯৪১ সনে জাপান ঠিক করিল যে উক্ত কোম্পানীকে সাবসিডি দিয়া আরও উৎপাদন বৃদ্ধি করিতে হইবে। ১০০ মিলিয়ন ইয়েন সাবসিডি দেওয়া হইয়াছে বলিয়া অবগত হওয়া যায়।

রায় বাহাদুর দেবেন্দ্রনাথ

রায় বাহাদুর দেবেন্দ্রনাথ মেদিনীপুর জেলা বোর্ডের চেয়ারম্যান আছেন আজ ১৭ বৎসর। তাঁহার আমলে জেলাবোর্ডের বিভিন্ন বিভাগে বিশেষ উন্নতি হইয়াছে।

তিনি জেলাবোর্ডের চেয়ারম্যানরূপে বোর্ডের বা বিভিন্ন কমিটির মিটিংএ যোগদানের জন্য অথবা বোর্ডের কার্য্যোপলক্ষে জেলার বিভিন্ন স্থানে যাতায়াতের জন্য কখনো কোন পাথেয় গ্রহণ করেন না। আজকাল এতাদৃশ স্বার্থত্যাগের দৃষ্টান্ত অতি বিরল।

জেলায় যক্ষ্মা রোগের সুচিকিৎসাকল্পে সদর হাঁসপাতালের সঙ্গে থাইসিস রোগীদের বক্ষ ও রক্তাদি পরীক্ষার্থ একটী পৃথক্ পরীক্ষাগার প্রতিষ্ঠার জন্য জেলাবোর্ডের তহবিল হইতে গৃহনির্ম্মাণ বাবদ তিনি এককালীন ১০০০৲ টাকা ও বার্ষিক ২৫০৲ টাকা সাহায্য মঞ্জুর করিয়াছেন।

যাদবপুর থাইসিস হাসপাতালে মেদিনীপুর জেলার থাইসিস রোগীর জন্য পৃথক দুইটী স্থান রাখিবার ব্যবস্থা করিয়া ও জেলাবোর্ড হইতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করিয়া তিনি এই জেলার দুঃস্থ থাইসিস রোগীদের চিকিৎসা ও আশ্রয়লাভের পথ সুগম করিয়া দিয়াছেন।

কুষ্ঠ-বহুল পশ্চিম মেদিনীপুরের শালবনীতে কুষ্ঠ হাঁসপাতাল ও বিভিন্ন স্থানে কুষ্ঠাশ্রম স্থাপনের পরিকল্পনা গ্রহণ করিয়া তাহা কার্য্যে পরিণত করিবার জন্য তিনি আপ্রাণ চেষ্টা করিতেছেন এবং সরকারের নিকট হইতে প্রয়োজনীয় অর্থ সাহায্যের জন্য বিশেষ চেষ্টা করিতেছেন।

সমগ্র বঙ্গদেশের কুষ্ঠ রোগীদের সুচিকিৎসার্থ ও পৃথক আশ্রয় স্থান প্রতিষ্ঠামানসে প্রাদেশিক কুষ্ঠ পরিকল্পনা মেদিনীপুর জেলায় সফল ও সার্থক করিবার জন্য তিনি বিশেষভাবে আত্মনিয়োগ করিয়াছেন এবং সরকারের সহিত লেখালেখি ও পরামর্শ করিতেছেন।

সন্ত্রাসবাদীদের হাতে মেদিনীপুরের জেলা ম্যাজিষ্ট্রেট বার্জ্জ সাহেবের মৃত্যুর পর রাজনৈতিক সন্দেহে তৎকালীন জেলাবোর্ডের সরকারী চেয়ারম্যান কর্ত্তৃক নন্দকুমার রায় ও নৃপেন্দ্রনাথ সেনগুপ্ত নামক বোর্ডের দুইজন অভিজ্ঞ কর্ম্মচারী বোর্ডের চাকুরী হইতে অপসারিত হন। সরকারী আদেশে নৃপেন্দ্র বাবু মেদিনীপুর জেলা পরিত্যাগ করিতে বাধ্য হন। তাঁহারা তৎকালীন বিভিন্ন চেয়ারম্যানের নিকট চাকুরী লাভের আশায় বারংবার আবেদন করিয়াও নিরাশ হন। দেবেন্দ্র বাবু বহু বাধা বিঘ্ন ও সরকারের রক্তচক্ষু উপেক্ষা করিয়া প্রাণপণ চেষ্টায় তাঁহাদের নির্দ্দোষিতা প্রমাণ করেন এবং তাঁহাদিগকে পুনরায় কার্য্যে বাহাল করিতে সমর্থ হন। মেদিনীপুরে সেই বিষম সঙ্কটময় সন্ত্রাস-যুগে দেবেন্দ্র বাবুর এরূপ নির্ভীকতা ও তেজস্বিতার তুলনা অতি বিরল।

উপর্য্যুপরি সন্ত্রাসবাদীদের কার্য্যের ফলে মেদিনীপুর জেলাবোর্ড যখন সরকারের কুক্ষিগত হইবার উপক্রম হইয়াছিল তখন দেবেন্দ্র বাবু দুঃসাহসের সহিত বোর্ড পরিচালনার গুরু দায়িত্ব নিজ স্কন্ধে গ্রহণ করেন এবং নিঃস্বার্থভাবে উহার সেবায় আত্মনিয়োগ করিয়া উহাকে একটী প্রকৃত জনহিতকর প্রতিষ্ঠানে পরিণত করেন। তাঁহার কর্ম্মকুশলতা, বুদ্ধিমত্তা, সততা ও কর্ম্মশক্তি বোর্ডকে বাঁচাইয়া রাখিতে সমর্থ হইয়াছে।

মেদিনীপুর সহরে একটী শিশু হাঁসপাতাল ও প্রসূতি আশ্রমের ভিত্তি পত্তন করা হইয়াছে। ইহা এ জেলার একটা বিশেষ অভাব দূর করিবে। ইহার প্রতিষ্ঠা

কার্য্যে দেবেন্দ্র বাবুর চেষ্টা ও উৎসাহ প্রশংসনীয়। এজন্য তিনি জেলাবোর্ড হইতে এককালীন ৫০০০৲ টাকা সাহায্য মঞ্জুর করিয়াছেন।

দেবেন্দ্র বাবু নিম্নলিখিত প্রতিষ্ঠানগুলির সহিত নানাভাবে যুক্ত আছেন :—

মেদিনীপুর মিউনিসিপ্যালিটী—ভূতপূর্ব্ব চেয়ারম্যান।

মেদিনীপুর জেলাবোর্ড—ভূতপূর্ব্ব ভাইস চেয়ারম্যান এবং বর্ত্তমান (৬।৭ বৎসর) চেয়ারম্যান।

বেলেবেড়ে সেণ্ট্রাল ব্যাঙ্ক—অনারারী সেক্রেটারী।

বাড়গ্রাম পিপল কো-অপারেটিভ ব্যাঙ্ক—চেয়ারম্যান।

বাড়গ্রাম শাখা হিন্দু মিশন—প্রতিষ্ঠাতা ও সভাপতি।

নিখিল ভারতীয় হিন্দু মিশন—কার্য্যকরী সমিতির সদস্য।

বঙ্গীয় প্রাদেশিক হিন্দু মহাসভা—কাউন্সিলের সদস্য।

বাড়গ্রাম মহকুমার হিন্দু মহাসভা—প্রতিষ্ঠাতা ও সভাপতি।

বাড়গ্রাম কুমুদকুমারী হাই স্কুল—অনারারী সেক্রেটারী।

মেদিনীপুর কলেজ—পরিচালনা বোর্ডের সদস্য।

মেদিনীপুর শাখা সাহিত্য পরিষদ—সহকারী সভাপতি।

মেদিনীপুরে প্রস্তাবিত "রবীন্দ্র-স্মৃতি রক্ষা" সমিতি—সহকারী সভাপতি।

মেদিনীপুর বিদ্যাসাগর স্মৃতি-মন্দির—কার্য্যকরী সমিতির সদস্য।

মেদিনীপুর সদর হাসপাতাল—কার্য্যকরী সমিতির সদস্য।

মেদিনীপুর প্রস্তাবিত শিশু হাসপাতাল ও প্রসূতি আশ্রম—সহকারী সভাপতি।

মেদিনীপুর বটিকা-সাহায্য সমিতি—সম্পাদক।

মাননীয় মিঃ তারকনাথ মুখার্জ্জী

উত্তরপাড়া মিউনিসিপ্যালিটির ভূতপূর্ব্ব কমিশনার মাননীয় মিঃ তারকনাথ মুখার্জ্জী, এম বি ই, বাঙ্গলা সরকারের রাজস্ব-মন্ত্রী নিযুক্ত হওয়ায় উক্ত মিউনিসিপ্যালিটির নাগরিকদের পক্ষ হইতে তাঁহাকে অভিনন্দন জ্ঞাপন করা হয়। মাননীয় মন্ত্রী মহোদয় সভাগৃহে পদার্পণ করিলে উত্তরপাড়ার এ আর পি কর্ম্মিগণ তাঁহাকে সম্মান প্রদর্শন করে। মন্ত্রী মহোদয় পূর্ব্বে উত্তরপাড়া এ আর পির চীফ ওয়ার্ডেন ছিলেন। সভাগৃহ পুষ্পাদি দ্বারা সুশোভিত করা হইয়াছিল; উপস্থিত কমিশনারদিগের সহিত মন্ত্রী মহোদয়কে মঞ্চের উপর লইয়া যাওয়া হয়। রেশমী কাপড়ে মুদ্রিত অভিনন্দনপত্র রৌপ্য নির্ম্মিত কাসকেটে করিয়া মাননীয় মন্ত্রী মহোদয়ের সম্মুখে উপস্থিত করা হয়। এই অনুষ্ঠানে প্রায় ৮০০ ভদ্রলোক উপস্থিত ছিলেন।

পূর্ব্বতন কমিশনার এবং শহরের একজন প্রাচীনতম অধিবাসী মিঃ উপেন্দ্রনাথ চাটার্জ্জী সভাপতির আসন গ্রহণ করেন। প্রফেসার রামচন্দ্র কাব্য স্মৃতিতীর্থ আশীর্ব্বাণী উচ্চারণ করেন। কলিকাতা সাউথ সুবারবন স্কুলের প্রধান শিক্ষক বাবু বিনোদবিহারী চাটার্জ্জী মাল্য প্রদান করেন। অভিনন্দনপত্র পঠিত হওয়ার পর মাননীয় মন্ত্রী মহোদয় উত্তরস্বরূপ নিশ্চয়তা প্রদান করিয়া বলেন যে, বর্ত্তমান মন্ত্রি-মণ্ডলী খাদ্যসমস্যা সমাধান করিবার জন্য তাঁহাদের যথাসাধ্য চেষ্টা করিতেছেন। তিনি উত্তরপাড়ার অধিবাসীদিগকে উদ্দেশ করিয়া বলেন যে, এক সপ্তাহ বা ঐরূপ সময়ের মধ্যে চাউল, চিনি এবং আটা প্রভৃতি যথেষ্ট পরিমাণে সরবরাহ করা হইবে। তিনি মিউনিসিপ্যালিটিকে খাদ্যদ্রব্য এরূপভাবে বণ্টন করিয়া দিতে উপদেশ দেন যাহাতে ক্রয়দাতাদের পক্ষে কোন অসুবিধা না হয়। কতকগুলি প্রতিষ্ঠান হইতেও মাননীয় মন্ত্রী মহোদয়কে মাল্য প্রদান করা হয়। একটী সঙ্গীতের পরে অনুষ্ঠান সমাপ্ত হয়।

ইজ-তুরস্ক মিতালী

আনকারা রেডিও হইতে বলা হইয়াছে যে, তুরস্কের প্রধান-মন্ত্রী এম শারাজগলু গ্রাণ্ড ন্যাশনাল এসেম্ব্লীতে নূতন শাসনতন্ত্রের নীতি ঘোষণা করিয়া বলেন "বৃটিশ গভর্ণমেণ্ট যে আমাদিগের সহিত মিত্রতাসূত্রে আবদ্ধ

হইয়াছেন, সেজন্য আমরা তাঁহাদিগকে ধন্যবাদ প্রদান করিয়া জানাইতেছি যে, ইঙ্গ-তুরস্ক মিতালী শুধু যে বর্ত্তমান জরুরী পরিস্থিতির জন্যই হইয়াছে তাহা নহে; এই মিতালী দুই জাতিরই মঙ্গলের জন্য বিশেষ প্রয়োজন। আদানা কনফারেন্সের পর হইতে আমরা মিঃ চার্চ্চিলকে ঘনিষ্ঠভাবে জানিতে এবং তাঁহাকে অধিকতর ভালবাসিতে পারিয়াছি। বৃটিশ রাজনীতিকগণ সকলদিকেই আমাদিগের বন্ধুত্ব কামনা করেন। এই রাজনীতিকগণের বন্ধুত্বের কথা সকল সময়েই আমরা শুনিতে পাইতেছি—"হাউস্ অব্ লর্ডস"এ এই বন্ধুত্বের আরও নিদর্শন পাওয়া গিয়াছে। আমাদের বন্ধু বৃটিশারগণ নিশ্চিত থাকিতে পারেন যে, আমরা তাঁহাদের বন্ধুত্ব আনন্দের সঙ্গেই গ্রহণ করি এবং লণ্ডন হইতে আগত তাঁহাদের সহৃদয়তাব্যঞ্জক কথা লণ্ডনের প্রতি প্রযুক্ত আমাদিগের কথার প্রতিধ্বনি মনে করি।"

তিনি বলেন যে, নূতন মন্ত্রিসভা পুরাতন মন্ত্রিসভার নীতি অনুসরণ করিয়াই চলিবে। নূতন সৈন্যগণ আসিয়া যেমন পুরাতন প্রহরীদিগকে অবসর প্রদান করে সেইরূপ নূতন মন্ত্রিসভা পুরাতন মন্ত্রিসভাকে দায়িত্বমুক্ত করিয়াছে। মন্ত্রিসভার পরিবর্ত্তনের ভিতর আর অন্য কোনও অর্থ নাই। মন্ত্রিসভা তুর্কি-বাহিনীকে সকল সময়েই প্রস্তুত রাখিবেন এবং বাহিনীর শক্তি বৃদ্ধির জন্য আপ্রাণ চেষ্টা করিবেন।

সারাজোগলু আরও বলেন "আমাদিগের মিত্রশক্তি-সমূহের সহিত আমাদের সমস্ত সন্ধিপত্রসমূহেই বিধিবদ্ধ আছে। আমাদের বৈদেশিক সচিব এবং প্রেসিডেন্টের দূরদর্শিতা ও শক্তিশালী বাহিনীর সাহায্যে অক্ষুণ্ণভাবে ফললাভ হইয়াছে। ইহা তুরস্কের রাজ্য এবং অধিকার রক্ষা করিতে সমর্থ হইবে।

ক্যানাডার যুদ্ধোত্তর পুনর্গঠন

ক্যানাডার হাউস অব কমনস কর্ত্তৃক "কমিটি অব রিকনসট্রাকসন এণ্ড রি-এসটাবলিসমেণ্ট" গঠিত হইয়াছে। যুদ্ধ হইয়া গেলে যে যে সমস্যার উদ্ভব হইতে পারে তাহা কিভাবে সমাধান করিতে পারা যায় তাহাই হইল এই কমিটির বিশেষ আলোচনার বিষয়। উক্ত কমিটির ১৮টী সভা হইয়া গিয়াছে এবং উহা ১৯৪২ সনের জুলাই মাসে হাউস অব কমনসে একটী বর্ণনাপত্র প্রদান করিয়াছে।

উক্ত কমিটি ক্যানাডার প্রাকৃতিক সম্পদ্ সম্বন্ধে বিশেষ অনুসন্ধান করিবার জন্য মনস্থ করিয়াছেন। এই সকল সম্পদ্ কি ভাবে সম্পূর্ণরূপে ব্যবহারযোগ্য হইতে পারে তাহার ব্যবস্থা করাও এই কমিটির কার্য্যতালিকাভুক্ত হইয়াছে বলিয়া অবগত হওয়া যায়।

"ডন" পত্রিকা

[অধ্যাপক বিনয়কুমার সরকারের সহিত শ্রীহরিদাস মুখোপাধ্যায়ের কথোপকথন]

প্রঃ—"ডন" পত্রিকার সঙ্গে ডন সোসাইটির কোনো যোগাযোগ ছিল?

উঃ—আগেই বলেছি,—"ডন"-পত্রিকার নামেই "ডন সোসাইটি" কায়েম হয়েছিল (১৯০২)। সোসাইটি কায়েম হবামাত্রই পত্রিকাটাকে সতীশবাবু সোসাইটির মুখপত্র ক'রে দিলেন। কাজেই পত্রিকাটার নতুন নামকরণ হ'ল সোসাইটি থেকে। এই অবস্থায় "দি ডন অ্যাণ্ড দি ডন সোসাইটিজ ম্যাগাজিন" দেখা দিল সাহিত্য-সংসারে। ১৯০২ হ'তে ১৯১৩ পর্য্যন্ত এই নামে পত্রিকাটা চ'লেছিল। তারপর আর কোনো সংখ্যা বেরোয়নি। ইতি-মধ্যে সোসাইটির কাজ বন্ধ হয় জাতীয় শিক্ষা পরিষৎ প্রতিষ্ঠিত হবার সঙ্গে-সঙ্গে। সে হচ্ছে ১৯০৬ সনের মাঝামাঝি। কাজেই ডন সোসাইটি বলতে ১৯০২ হ'তে ১৯০৬ পর্য্যন্ত বছর চারেকের মেয়াদওয়ালা সংস্কৃতি-শিক্ষালয়টা বুঝ্‌তে হবে।

এই চার বছরের ম্যাগাজিন বা পত্রিকাটাকে সোসাইটির সঙ্গে গাঁথা ভাবে দেখা কর্ত্তব্য। সতীশ মুখোপাধ্যায়, ডন সোসাইটির বক্তৃতাসমূহ, আর ডন সোসাইটির মাসিক ম্যাগাজিন এই তিনে মিলে "সতীশ-মণ্ডল।"

প্রঃ—ডন সোসাইটির ম্যাগাজিনে কিরূপ রচনা প্রকাশিত হ'তো?

উঃ—আগেই বলেছি,—১৯০২ সনের পূর্ব্ববর্ত্তী অর্থাৎ প্রাক্-সোসাইটি ডন-পত্রিকার গড়ন ছিল প্রধানতঃ সাংস্কৃতিক ও দার্শনিক। প্রাচ্যে-পশ্চিমে তুলনা-সাধন ছিল তার অন্যতম বিশেষত্ব। ১৯০২-এর পরবর্ত্তী অর্থাৎ ডন সোসাইটির মুখপত্রস্বরূপ ম্যাগাজিনের সূচীপত্র দেখা দিয়েছিল বিলকুল অন্য ঢঙের। সভ্যতার তুলনা, সংস্কৃতির বিশ্লেষণ, হিন্দু-খৃষ্টিয়ানের দোষগুণ-বিচার এই সব চিজ ম্যাগাজিন থেকে বিদায় নিল। তার বদলে এল বস্তুনিষ্ঠ ভারত-বৃত্তান্ত।

প্রঃ—পত্রিকার ভারত-বৃত্তান্ত সম্বন্ধে কিছু বল্‌বেন?

উঃ—দেশের কথায় পত্রিকা ভরা থাকত। ভারতীয় ভাষাগুলার বিভিন্নতা বা ঐক্য দেখানো হ'ত। হিন্দু সমাজের জাত-পাঁতের খু-খু বুঝানো হতো। পল্লী-শহরের আকার প্রকার বিবৃত করা হ'তো। আলোচনাগুলার ভেতর ঠাঁই পেত তথ্য আর সংখ্যা। ভারতের সামাজিক তথ্য, আর্থিক তথ্য, সাংস্কৃতিক তথ্য ইত্যাদি নানা প্রকার তথ্য ছাড়া আর কোনো বিষয়ে জোর দেওয়া হ'তো না। পাঠকেরা সরকারী সেন্সাস রিপোর্টগুলার চুম্বক পেত ডন সোসাইটির ম্যাগাজিনের প্রত্যেক সংখ্যায়। নৃতত্ত্ব, অর্থশাস্ত্র, সমাজ-বিজ্ঞান ইত্যাদি নানা বিদ্যার খুঁটিনাটি মাল কি মালে পাঠকদের পরিবেষণ করা হ'তো।

প্রঃ—এই রকম পত্রিকা পড়্‌বার লোক পাওয়া যেত?

উঃ—কুই ভেবে ভাখ্ না। মনে কর্, আজকে এই রকম একখানা কাগজ,—ধর্ "আধিক উন্নতি",—তোদের

ক্লাসে দেওয়া গেল। তার গতি কী হবে? বুঝ্‌তেই পার্‌ছিস। এক সংখ্যা দেখ্‌লে আর দ্বিতীয় সংখ্যা কেউ দেখ্‌তে চাইবে না। পাঠকদেরকে ভারতবর্ষের বিভিন্ন প্রদেশের হরেক-রকম বৃত্তান্ত মুখস্থ করানোই ছিল যেন সতীশ বাবুর মতলব। এই মতলব-মাফিক প্রবন্ধ লেখার ভার ছিল প্রধানতঃ হারাণ চাকলাদারের হাতে। হারাণবাবুকে দেখ্‌তাম নিত্য-নৈমিত্তিক ভাবে সেন্সাস রিপোর্ট-গুলা পড়্‌তে আর তাই থেকে মাল নিয়ে প্রবন্ধ লিখ্‌তে।

প্রঃ—সেন্সাস রিপোর্টে প্রতিষ্ঠিত রচনাগুলা আপনার কেমন লাগ্‌তো?

উঃ—সরকারী আদমসুমারীর বইগুলা যে গিল্‌তে হয় তা এই দেখ্‌লাম প্রথম। আর তা দেখে আমার চোখ খুলে গিয়েছিল। সঙ্গে-সঙ্গে অঙ্কগুলা ছাড়া যে বস্তু-পরিচয় অসম্পূর্ণ থাকে তাও কি মাসে মগজে বস্‌তে পেরেছিল। ষ্ট্যাটিসটিক্‌স শব্দটা তখনও জানা ছিল কিনা জানি না। কিন্তু ষ্ট্যাটিস্‌টিক্‌স মালটা যখন-তখন জীবনের অভিজ্ঞতার ভেতর এসে পড়তো। ডন সোসাইটির ম্যাগাজিন এক অদ্ভুত আত্মিক আবহাওয়ার সৃষ্টি ক'রেছিল। তার ফল আজ পর্য্যন্ত সর্ব্বদাই ভোগ করছি। ভারত-তত্ত্বে হাতেখড়ি তো হ'তোই। সঙ্গে-সঙ্গে মগজে যে কতৃত্ব তথানিষ্ঠা আর সংখ্যানিষ্ঠা।

পরবর্ত্তী কালে সেলিগ্‌ম্যান ইত্যাদি মার্কিণ অর্থশাস্ত্রীদের আবহাওয়ায় সংখ্যানিষ্ঠা যারপর নাই বেড়ে গেছে (১৯১৪-২০)। আমেরিকার চিত্র-শাস্ত্রী, সমাজ-শাস্ত্রী, শিক্ষা-শাস্ত্রী, রাষ্ট্র-শাস্ত্রী ইত্যাদি পণ্ডিত-মহলেও ষ্ট্যাটিস্‌টিক্‌স-প্রীতি দেখেছি অবয়বভাবে। যাই হ'ক,—"ডন সোসাইটির ম্যাগাজিন"এর সংখ্যানিষ্ঠাতেই এই অধমের সংখ্যা-প্রীতির সূত্রপাত।

প্রঃ—১৯০২ হতে ১৯০৬ পর্য্যন্ত চার বছরের ভেতর আপনি কখনো ডন সোসাইটির ম্যাগাজিনে কিছু লিখেছিলেন? কারা কারা লিখ্‌তেন?

উঃ—না। তবে ম্যাগাজিনে ছাত্রদের রচনা প্রকাশের জন্যও একটা অধ্যায় নির্দ্দিষ্ট ছিল। তাতেও আমি কখনো কিছু লিখিনি। হারাণবাবুর পরেই লেখকদের মধ্যে প্রধান ছিলেন রবী ঘোষ ও রাধাকুমুদ মুখোপাধ্যায়। ১৯০৬-এর পরেও এঁদের তিন জনেরই লেখা বেরুত। পরে বোধ হয় রবী ঘোষই ছিলেন সর্ব্বার-লেখক। আমার ইংরেজি রচনা বোধ হয় একটা মাত্র বেরিয়েছিল (১৯০৭)। আর বাংলা রচনা গোটা দু-তিনেক। সবই ১৯০৭-০৮ সনে। তবে কোনোটাই ম্যাগাজিন নির্দ্দিষ্ট রীতির লেখা ছিল না। আমার বাংলা লেখাগুলা নাগরি হরপে ছাপা হ'য়েছিল অবাঙ্গালী পাঠকের সুবিধার জন্য। ৺জ সারদাচরণ মিত্র বাংলাদেশে নাগরি-লিপির প্রচারক ছিলেন। তাঁর সঙ্গে সতীশ বাবুর যোগাযোগ ছিল।

প্রঃ—ডন সোসাইটির ম্যাগাজিনটা কল্‌কাতার বাহিরে প্রচলিত ছিল?

উঃ—বাংলাদেশে এই পত্রিকার কাট্‌তি কতটা ছিল জানি না। তবে ভারতের বিভিন্ন প্রদেশের সঙ্গে এর যোগাযোগ ছিল নিবিড়। দূর-দূর পল্লী-শহরের ছেলেরা ম্যাগাজিনের লেখক হ'তো। সতীশ বাবুর ব্যবস্থায় ভিন্ন-ভিন্ন প্রদেশের ছেলেরা পরস্পর চিঠি-বিনিময়ের সুযোগ পেত। ম্যাগাজিনের মারফৎ আন্তঃপ্রাদেশিক ভাব-বিনিময় কিছু-কিছু সাধিত হ'য়েছিল। ডন সোসাইটির নাম-ডাক সে যুগে ভারতব্যাপী ছিল বলা যেতে পারে।

প্রঃ—এর ভারতব্যাপী যোগাযোগের কোনো চিহ্ন দেখ্‌তে পান?

উঃ—১৯৪০ সনে বোম্বাই বিশ্ববিদ্যালয়ের নিমন্ত্রণে বক্তৃতা কর্‌তে যাই। এই উপলক্ষে সেখানে "আরিয়ান পথ" ও "ইণ্ডিয়ান পি-ই এন" পত্রিকার সম্পাদক শ্রীমতী সোফিয়া ওয়াডিয়ার বাড়ীতে সান্ধ্য-সম্মেলন অনুষ্ঠিত হ'য়েছিল। উপস্থিত লোকজনের ভেতর একজন ব'ল্‌লেন,—"আমি আপনাকে ছেলেবেলা থেকে জানি। ডন-সোসাইটির ম্যাগাজিনে আমার লেখা বেরুত। সেই সূত্রে জাতীয় শিক্ষাপরিষদের কাজ-কর্ম্ম আমার জানা ছিল।" এই ব্যক্তির নাম গোপালদাস না। ইনি গুজরাতী। বর্ত্তমানে বোম্বাই গবর্ণমেণ্টের অ্যাকাউণ্ট্যাণ্ট জেনারাল।

ইণ্টার্ন্যাশন্যাল লেবার রিভিউ

আন্তর্জাতিক মজুর-পত্রিকা ইণ্টার্ন্যাশন্যাল লেবার রিভিউ জেনীভা হইতে প্রকাশিত হইত। লড়াইয়ের দুর্যোগে এই পত্রিকার আফিস কানাডার মণ্ট্রীয়াল শহরে স্থানান্তরিত হইয়াছে। ১৯৪৩ সনের জানুয়ারী সংখ্যায় ভারতীয় মজুর-সংগঠন বিষয়ক ব্যবস্থার বৃত্তান্ত আছে। এই সম্বন্ধে ১৯৪২ সনের আগষ্ট মাসে দিল্লীতে সরকারী সম্মেলন বসিয়াছিল। সেই সম্মেলনের প্রস্তাব মাফিক কাজ-কর্ম্মের বৃত্তান্ত এই প্রবন্ধের মাল। মার্কিণ যুক্তরাষ্ট্রের ১৬০০ শিল্প-কারখানায় লড়াইয়ের কাজ চলিতেছে। এই সকল কারখানার মনিব ও মজুর দু'য়ে মিলিয়া সঙ্ঘ কায়েম করিয়াছে। সেইসকল সঙ্ঘের কর্ম্মফল দ্বিতীয় প্রবন্ধে আলোচিত হইয়াছে। তৃতীয় প্রবন্ধে আছে বিলাতী সমাজ-বীমা বিষয়ক নয়া মোসাবিদার বৃত্তান্ত। এই মোসাবিদা তৈয়ারি করিয়াছেন বেভ্‌রিজ। "সোস্যাল সিকিওরিটি" (সামাজিক নিরাপত্তা) নামে এই ব্যবস্থা দুনিয়ায় নামজাদা হইয়াছে। এই শব্দ মার্কিণ মুলুকে বেশ চলে। আসল কথা ইহা জার্ম্মাণির ১৮৮০-৯০ সনে বিস্‌মার্ক প্রবর্ত্তিত সমাজ-বীমা ছাড়া আর কিছু নয়। ১৯১১ সনের লয়েড জর্জ্জ কর্ত্তৃক বিলাতে প্রবর্ত্তিত সমাজ-বীমা ব্যবস্থাই বেভ্‌রিজ বর্ত্তমান সময়ের উপযোগী করিয়া পুনর্গঠনের প্রস্তাব তুলিয়াছেন। এই প্রস্তাবে জনসাধারণের ভাতার হার বাড়িবে আর সরকারী খরচের পরিমাণও বাড়িবে।

ভাতার হার নিম্নে দেখানো যাইতেছে। ভাতা দুই প্রকারের হইবে। কতকগুলা নিয়মিত। কতকগুলা এককালীন।

নিয়মিত ভাতা	সাপ্তাহিক শিলিং
ক। বেকার, দৌর্ব্বল্য (অসামর্থ্য) ও শিক্ষা	
পুরুষ বা অবিবাহিতা স্ত্রী	
২১ বৎসরের উর্দ্ধে	
১৮-২০ বৎসর বয়স	
২। বালক বা বালিকা ১৬।১৭ বৎসর বয়স	
৩। বিবাহিতা স্ত্রী	
খ। অধিকবয়স্ক পোষ্য	
স্ত্রী অথবা অন্য কোনো অধিকবয়স্ক পোষ্য	
গ। কর্ম্মবিরতির পরবর্ত্তী পেন্‌শন	
পুরুষ (৬৫ বৎসর), স্ত্রী (৬০ বৎসর)	
মূল পেন্‌শন (১৯৪৫ সনে সুরু হার)	
প্রত্যেক দুই বৎসরে চাঁদা ১ শি. হারে	
বৃদ্ধি কিন্তু চরম বৃদ্ধি (১৯৬৫ সনে)	
পেন্‌শন-বয়সের বিবাহিত স্বামি-স্ত্রী	
দুইজনে একসঙ্গে (১৯৪৫ সনে সুরু হার)	
প্রত্যেক দুই বৎসরে চাঁদা ১ শি. ৬ পে	
হারে বৃদ্ধি, কিন্তু চরম বৃদ্ধি (১৯৬৫ সনে)	
মাতৃত্ব ভাতা	
চাকুরি-রতা বিবাহিতা স্ত্রী	৩৬
ঙ। বিধবা-ভাতা	৩৬
চ। অভিভাবক-ভাতা	
অন্ততঃ একজন পোষ্য সন্তানবতী বিধবা	
ছ। শিল্প-কারখানা সংক্রান্ত পেন্‌শন	

১। সম্পূর্ণ দৌর্ব্বল্য
(বা অসামর্থ্য) পূর্ব্ববর্ত্তী ১২ মাসে যত আয় হইয়াছে তাহার গড়ের ½ অংশ। চরম ভাতা ৬০ শি। সর্ব্বনিম্ন ভাতা দৌর্ব্বল্য (অসামর্থ্য) ভাতা "ক" দ্রষ্টব্য।

২। আংশিক দৌর্ব্বল্য
(বা অসামর্থ্য) দৌর্ব্বল্যের অবস্থা বা পরিমাণ অনুসারে। এককালীন দান দেওয়াও চলিবে (যদি পুরুষ কিম্বা স্ত্রী পুনরায় খাটিয়া সর্ব্বনিম্ন মজুরি রোজগার করিতে পারে)।

বর্ত্তমানের বিলাতী সমাজবীমা ব্যবস্থায় ভাতার পরিমাণ কিরূপ তাহা বিনয় সরকার প্রণীত "সোস্যাল ইন্‌শিওরান্স" (সমাজ-বীমা) গ্রন্থে পাওয়া যায়। বেভ্‌রিজ মোসাবিদা অনুসারে এককালীন ভাতা হইবে নিম্নরূপ :—

এককালীন মোটা ভাতা	পরিমাণ
বেকার-দান—	স্থান-পরিবর্ত্তন, বাস-পরিবর্ত্তন, ঘরভাড়া ইত্যাদির খরচা মাফিক।
বিবাহ-দান—	প্রত্যেক চাঁদা-বৎসরের জন্য ১ পাউণ্ড। চরম দান ১০ পা.
মাতৃত্ব-দান	৪ পা
কবর-দান	
১১ বৎসরের উর্দ্ধে	২০ পা
১০-২০ বৎসর বয়স	১৫ পা
৩-৯ বৎসর ,,	১০ পা
৩ বৎসরের নীচে	৬ পা

৪। কারখানায় মৃত্যু আইন মাফিক হার বাঁধা।

এইসব প্রস্তাবিত এককালীন ভাতার অনেক-কিছু বর্ত্তমানের বিলাতী ব্যবস্থায় নাই। প্রস্তাব মাফিক কাজ হইলে লোকের সুখ-বৃদ্ধি হইবে সন্দেহ নাই।

সমাজ-বীমার ব্যবস্থায় লোকজন নিয়মিত চাঁদা দিতে বাধ্য। কোন্ শ্রেণীর লোক কত চাঁদা দিবে তাহার বিবরণ নিম্নে দেওয়া যাইতেছে।

শ্রেণী	সাপ্তাহিক চাঁদার হার		
	২১ বৎসরের উর্দ্ধে	১৮-২০ বৎসর	১৮-১৭ বৎসর
	শি পে	শি পে	শি পে
মনিবের অধীনে চাকরী প্রাপ্ত মজুর বা কেরাণী শ্রেণী			
পুরুষ			
মনিব			
যোগফল			
স্ত্রী			
মনিব			
যোগফল			
স্বাধীন রোজগারশীল শ্রেণী			
পুরুষ	৪ ৩		
স্ত্রী	৩ ৯		
রোজগারহীন অধিক বয়স্ক শ্রেণী			
পুরুষ	৩ ৯	৩	৬
স্ত্রী	৩	২ ৬	১ ৬

সকল প্রকার ভাতায় বার্ষিক খরচ কত পড়িবে তাহা বিশ্লেষণ করিয়া দেখাইতেছি।

খরচের হিসাব	পাউণ্ড ('০০০,০০০)	
	১৯৪৫	১৯৬৫
কর্ম্ম-বিরতি পেন্‌শন	১২৬	৩০০
বেকার-ভাতা (বেকারদের সংখ্যা সমগ্র মজুর-শ্রেণীর ১২ ভাগের একভাগ অর্থাৎ ৮½% অংশ ধরিয়া লওয়া হইয়াছে)	১১০	
দৌর্ব্বল্য (অসামর্থ্য) ভাতা (কারখানা সংক্রান্ত পেন্‌শন সমেত)	৮৬	
অন্যান্য সমাজ-বীমা সংক্রান্ত ভাতা	৪২	

৫। "ন্যাশন্যাল অ্যাসিস্ট্যান্স" (সরকারী খয়রাত, যেসকল পুরুষ বা স্ত্রী সমাজ-বীমার নিয়মিত চাঁদা দিতে অসমর্থ তাহাদের ভরণপোষণের আর চিকিৎসা ও সেবা শুশ্রূষার জন্য গভর্ণমেণ্ট দায়ী)। ৪৪

বালক-বালিকা ভাতা। ১৪।১৬ বৎসর বয়সের ছেলে-মেয়েদের প্রত্যেককে সপ্তাহে ৮ শিলিঙ দিবার ব্যবস্থা। এজন্য পিতামাতার নিকট হইতে কোনো স্বতন্ত্র চাঁদা আদায় করা হইবে না। গভর্ণমেণ্টের মামুলি সরকারী তহবিল হইতে খরচ করা হইবে। যে-সকল বাপ-মা বা অভিভাবক কোনো ভাতা ভোগ করে একমাত্র তাহাদের ছেলেমেয়েরা এই ভাতা পাইতে অধিকারী

স্বাস্থ্য-সেবা

৮।	শাসন-ব্যবস্থা	২৪	২৩
	যোগফল	৬২৬	৮৫৮

এই সব টাকা আসিবে কোথা হইতে? তাহার বিবরণ নিম্নে প্রদত্ত হইতেছে :—

আয়ের হিসাব	পাউণ্ড ('০০০,০০০)	
	১৯৪৫	১৯৫৫
বীমাকারী স্ত্রীপুরুষের দেওয়া চাঁদা	১৯৪	১৯৭
মনিবদের দেওয়া চাঁদা (বিপদ্‌জনক কারখানা হইতে মোটা হারে চাঁদা আদায় করা হয়)	১৩৭	১৩২
বীমা-ভাণ্ডারের পাওয়া সুদ	১৫	১৫
গভর্ণমেণ্টের তহবিল হইতে দান	৩৪১	৫১৯
যোগফল	৬২৭	

১৯৪৫ সনের হিসাবে দেখা যাইতেছে যে, সমস্ত খরচের শতকরা ৫০ অংশ অর্থাৎ আধাআধি আসিবে গবর্মেণ্টের মামুলি তহবিল হইতে। সরকারী খরচ পরবর্ত্তী কালে বাড়িয়া যাইবে। ১৯৬৫ সনে সরকারী তহবিল খরচের শতকরা ৬০ অংশের জন্য দায়ী থাকিবে। ১৯৪৫ সনে সমাজবীমার সকল খরচের পরিমাণ ৬৯ কোটি ৭০ লাখ পাউণ্ড। তাহার ভিতর সরকারী খরচ ৩৫ কোটি ১০ লাখ পাউণ্ড।

লড়াইয়ের পরবর্ত্তী আর্থিক দুনিয়া

"আর্থিক উন্নতি"তে লড়াইয়ের অর্থকথা ত আলোচিত হয়-ই। লড়াইয়ের পরবর্ত্তী দুনিয়ার অর্থকথাও আলোচিত হইয়াছে। আজকাল জগতের সর্ব্বত্রই লড়াইয়ের পরবর্ত্তী আর্থিক দুনিয়া সম্বন্ধে আলোচনা-গবেষণা চালাইবার মরশুম পড়িয়া গিয়াছে। মার্কিণ অধ্যাপক কণ্ড্লিফ-প্রণীত "এজেণ্ডা ফর এ পোষ্ট-ওয়ার ওয়ার্ল্ড" বইটা শ' আড়াই পৃষ্ঠায় সম্পূর্ণ। তাহার ভিতর আছে লড়াইয়ের পরবর্ত্তী আর্থিক দুনিয়ার জন্য ব্যবস্থাপত্র। ১৯৪২ সনে প্রকাশিত হইয়াছে নিউইয়র্কে। নর্টন কোম্পানী প্রকাশক। কণ্ড্লিফ আদর্শনিষ্ঠ ভাবুক আদমি নন। তিনি পুরা-দস্তুর বস্তুনিষ্ঠ পণ্ডিত। রাতারাতি দুনিয়াকে জুড়াইয়া স্বর্গে তোলার স্বপ্ন তাঁহার মগজে ঘর করে না। যা বয়-সয় সেই ধরণের দুনিয়া মেরামত করার ফিকির তাঁহার মাথায় চলাফেরা করে। পঞ্চাশ-পঁচাত্তর শ' বৎসর পর দুনিয়ার আর্থিক হালচাল কিরূপ হওয়া উচিত কণ্ড্লিফ তাহার বিশ্লেষণে মশ্‌গুল হইতে রাজি নন। লড়াই থামামাত্রই দেশ-বিদেশে নানা দুঃখ, দুর্দৈব, দুর্গতি, দুর্ভিক্ষ, ব্যাধি, ইত্যাদি গণ্ডগোল জুটিতে বাধ্য। সেই সবের কিনারা করার দিকেই চলে তাঁহার মতিগতি।

বিগত লড়াইয়ের পর ১৯১৯-২১ সনে ইয়োরোপের নানা দেশে মুদ্রার "অতি-বৃদ্ধি" ঘটিয়াছিল। সেই অতি-বৃদ্ধির নাম ইন্‌ফ্লেশন। তাহার পরেই সেইসকল দেশে মুদ্রার অতি-"সঙ্কোচ" সাধিত হইয়াছিল। তাহাকে বলে "ডিফ্লেশন। প্রথম অবস্থায় দ্রব্যের মূল্য বৃদ্ধি, দ্বিতীয় অবস্থায় দ্রব্যের মূল্য-হ্রাস। তাহাতে প্রথম অবস্থায় সাধারণ গৃহস্থের অসুবিধা হইয়াছিল যার-পর-নাই। ব্যবসায়ীদের পক্ষে জিনিষপত্রের এইরূপ অতিমাত্রায় উঠা-নামা কোনোমতেই বাঞ্ছনীয় নয়। বহুসংখ্যক শিল্পী বণিক্ বেপারী বীমাদার ব্যাঙ্কার পটল তুলিতে বাধ্য হইয়াছিল। বহুসংখ্যক পুঁজিপতির সর্ব্বনাশ হইয়াছিল। সেই সকল কথা মনে রাখিয়া কণ্ড্লিফ বলিতেছেন :—"বর্ত্তমান লড়াই থামিবামাত্রই লড়াইয়ের সময়কার সরকারী বেসরকারী আর্থিক ব্যবস্থাগুলা ধাঁ করিয়া রাতারাতি তুলিয়া দেওয়া ঠিক হইবে না। লড়াইয়ের সময় প্রত্যেক দেশেই বহুসংখ্যক কর্ম্মক্ষেত্রে নানা প্রকার লোক নানা কাজে মোতায়েন আছে (নতুন-নতুন চাষ-শিল্প-ব্যবসা জন্ জন্ করিতেছে। যুদ্ধের পরেও কয়েক বৎসর ধরিয়া সেই সব,—পূরা মাত্রায় না হউক,—বেশ-কিছু,—বজায় রাখা উচিত। তাহা হইলে ব্যবসা-বাণিজ্য হঠাৎ ফেল মারিতে পারিবে না। লোকজনও হাজারে-হাজারে বেকার হইয়া পড়িবে না। লড়াইয়ের সময় যত প্রকারের সরকারী শাসন, সরকারী নিয়ন্ত্রণ, সরকারী কড়াকড়ি, সরকারী বাঁধাবাঁধি চলিতেছে তাহার অনেকগুলাই লড়াইয়ের পরও চালানো দরকার হইবে।" এই পাঁতি মাফিক কাজ চালাইবার দিকে ভারতীয় গবর্মেণ্টেরও প্রস্তুত থাকা কর্ত্তব্য। বঙ্গীয় ধনবিজ্ঞান পরিষদের এক সভায় "আর্থিক উন্নতি"র সম্পাদক অধ্যাপক বিনয় সরকার ভারতের মুদ্রাবৃদ্ধি ও মূল্যবৃদ্ধি বিশ্লেষণ উপলক্ষে এইরূপ মতই প্রচার করিয়াছেন (মার্চ্চ ১৯৪৩)।

কণ্ড্লিফ ইয়োরামেরিকার দিকে তাকাইয়া বলিতে-ছেন :—"কতকগুলা বড়-বড় কারবারে সরকারী শাসন ও নিয়ন্ত্রণ জবরদস্তভাবেই কায়েম করা দরকার হইবে।

তাহাতে পরিষ্কারের মঙ্গল। যে-যে কারবারে সরকারী হস্তক্ষেপ অনাবশ্যক সেই-সেই কারবারগুলার স্বাধীনতা বাঁচাইবার দিকে তীক্ষ্ণ নজর থাকা চাই।"

একালের আর্থিক দুনিয়ায় একটা মত জোরের সহিত প্রচারিত হইয়া থাকে। যে-সকল দেশ পরস্পর লাগা-লাগিভাবে অবস্থিত তাহারা আর্থিক হিসাবে সঙ্ঘবদ্ধ বা ঐক্য-গ্রথিত হউক। ইয়োরোপে জার্মাণির ঘেঁষাঘেঁষি যাহারা বসবাস করে তাহারা জার্মাণিকে কেন্দ্র করিয়া আর্থিক দুনিয়া গড়িয়া তুলুক। জাপানের নিকটবর্ত্তী দেশগুলা সেইরূপ জাপানকে কেন্দ্র করিয়া অর্থনৈতিক সঙ্ঘের ভিতর চলাফেরা করুক। এই ধরণের ভৌগোলিক দল বাঁধাবাঁধিকে "রিজান্যালিজ্‌ম্‌" বলে। ইহাকে জনপদ-গত সঙ্ঘ বা ঐক্য নীতি বলিতে পারি। বলা বাহুল্য জার্মাণি আর জাপান এই ভৌগোলিক ঐক্যনীতির প্রচারক। এই নীতি বাস্তবিক কাজ চলিলে বিলাত, আমেরিকা ইত্যাদি দেশের প্রভাব ইয়োরোপ আর এশিয়া হইতে যেখানে সম্ভবপর হইতে পারে। কণ্ড্‌লিফ্‌ এই জনপদগত সঙ্ঘ ব্যবস্থার চরম মুরুব্বি। তাঁহার যুক্তি নিম্নরূপ :—"জার্মাণির ভৌগোলিক প্রতিবেশীরা একমাত্র জার্মাণির সঙ্গে আমদানি-রপ্তানি চালাইয়া তিষ্ঠিতে পারে না। তাহাদের নিত্যনৈমিত্তিক কাজের জন্য দুনিয়ার বহুসংখ্যক দূর-নিকট দেশের সঙ্গে একই সময় কারবার চালাইতে হয়। সেইরূপ জাপানের নিকটবর্ত্তী দেশগুলাও অহরহ বহু বিদেশের সঙ্গে আমদানি-রপ্তানি চালাইতে বাধ্য থাকে। ঘরের কোণে জাপান বলিয়াই একমাত্র জাপানের সঙ্গে কেনা-বেচা করিলে তাহাদের চলে না। কণ্ড্‌লিফ্‌ জনপদগত সঙ্ঘনীতির বিরুদ্ধে দুনিয়ার সনাতন আন্তর্জ্জাতিক বাণিজ্যের স্বপক্ষে রায় দিয়াছেন। এই রায় যুক্তিসঙ্গতও বটে। অর্থশাস্ত্রীরা কণ্ড্‌লিফের মতে সায় দিলে অন্যায় করা হইবে না।

লড়াই থামিলে লড়াইয়ের কারখানাগুলা বন্ধ হইয়া যাইতে বাধ্য। এইসকল কারখানায় যেসব মজুর কেরাণী খাটিতেছে তাহাদের নকরি যাওয়া যাইতে বাধ্য। অধিকন্তু যেসকল লোক সেনা-নৌ-আকাশ বিভাগে পল্টনী কাজ করিতেছে তাহাদের চাকরিও আর থাকিবে না। সর্ব্বত্রই চলিবে বরখাস্ত। এই সকল কাজ গুটানো আর লোক বরখাস্ত করার কাজকে বলা হয় "ডি-মবিলি-জেশন"। ইহা মবিলিজেশন বা চলাচলের উল্টা প্রণালী, —জোয়ারের উল্টা যেমন ভাটা। "ডিমবিলিজেশন"কে কাজকর্ম্মের সঙ্কোচন বা গতিরোধ বলা চলে। গতিরোধের অবস্থায় লোকজনের দুর্গতি অবশ্যম্ভাবী। সেই দুর্গতি হইতে লোকজনকে বাঁচাইবার জন্য কণ্ড্‌লিফের পাতি নিম্নরূপ :—"মানুষের নিত্যনৈমিত্তিক খাওয়াপরার জিনিষ যে-সকল কৃষি-শিল্প-বাণিজ্যের কারবার, সেই সকল কৃষি-শিল্প বাণিজ্যের দিকে গবর্মেণ্টের সহানুভূতি থাকা উচিত। বস্তুতঃ, এই সকল কারবার পুষ্ট করার জন্যই সরকারী টাকা খরচ করা কর্ত্তব্য। রাস্তাঘাট, বাড়ীঘর তৈয়ারির কাজেও সরকারী টাকা খাটানো বাঞ্ছনীয়।" কণ্ড্‌লিফের এই ব্যবস্থা যুক্তিসঙ্গত।

জার্মাণি, জাপান আর ইতালিকে হারাইবার পর ইংলাণ্ড আর আমেরিকা তাহাদের নিকট হইতে ক্ষতিপূরণ আদায় করিবে বুঝাই যাইতেছে। কিন্তু ক্ষতিপূরণ আদায়ের প্রণালীটা কিরূপ হওয়া উচিত? কণ্ড্‌লিফ বলিতেছেন :—"নগদ টাকা আদায় করার দিকে মাথা খেলানো উচিত নয়। ক্ষতিগ্রস্ত দেশগুলায় জার্মাণ, জাপানী আর ইতালিয়ান গবর্মেণ্টকে মজুর পাঠাইতে বাধ্য করা উচিত। অধিকন্তু আসবাবপত্র যন্ত্রপাতি, বাসনকসনা ইত্যাদি দিয়া পল্লীসহর ঘরবাড়ী ফ্যাক্টরি ইত্যাদি প্রতিষ্ঠানসমূহ মেরামত করিতে বাধ্য করা উচিত। কণ্ড্‌লিফের এই পাতি যুক্তিসঙ্গত নয়। এই ব্যবস্থা কাজে পরিণত হইলে ক্ষতিগ্রস্ত দেশগুলার লোকসান হইতে বাধ্য। আর জার্মাণি ও জাপানের লাভ ছাড়া লোকসান নাই। জার্মাণ ও জাপানী মজুর খাটিবে বিদেশে। ইহাতে বিদেশী মজুরদের ভাত মারা যাইবে। অধিকন্তু জার্মাণ ও জাপানী মালের বাজার বাড়িবে বিদেশে। তাহাতে বিদেশী শিল্প-কারখানার ক্ষতি অবশ্যম্ভাবী। অপর পক্ষে জার্মাণি ও জাপানের বেকার সমস্যা কমিবে ছাড়া বাড়িবে না।

১। "ডিপেণ্ডেণ্ট এরিয়াজ্ ইন্ দি পোষ্ট-ওয়ার ওয়ার্ল্ড" ; (লড়াইয়ের পরবর্ত্তী দুনিয়ার পরাধীন দেশ-সমূহের অবস্থা) ; এ, এন্, হলকম্ব্ (বষ্টন ওয়ার্ল্ড্ পীস ফাউণ্ডেশন কর্ত্তৃক প্রকাশিত) ; ১৯৪১ ; ১০৮ পৃষ্ঠা ; ৫০ সেণ্ট।

২। "সোভিয়েট এশিয়া" ; এ, আর, ডেভীজ্ এবং এ, জে, টাইগার ; নিউইয়র্ক ; ডায়াল প্রেস কর্ত্তৃক প্রকাশিত ; ১৯৪২ ; ৩৯৭ পৃষ্ঠা।

৩। "দি আইলাণ্টিক চার্টার অ্যাণ্ড আফ্রিকা ফ্রম অ্যান আমেরিকান ষ্ট্যাণ্ড পয়েণ্ট" ; (আটলাণ্টিক সনদে আফ্রিকার স্থান) ; মার্কিণ দৃষ্টিভঙ্গী হইতে লিখিত ; নিউ ইয়র্কের কমিটি অন্ আফ্রিকা ; দি ওয়ার অ্যাণ্ড পীস্ এইম্স্ (আফ্রিকা, লড়াই ও শান্তির লক্ষ্য বিষয়ক সমিতি) কর্ত্তৃক সম্পাদিত ও প্রকাশিত ; ১৯৪২ ; ১৭৪ পৃষ্ঠা।

৪। "পীস্ বাই পাওয়ার" ; (শক্তির সাহায্যে শান্তি প্রতিষ্ঠা) ; এস্ সেল্‌যার ; লণ্ডন ; অক্স্‌ফোর্ড ইউনি-ভার্সিটি প্রেস কর্ত্তৃক প্রকাশিত ; ১৯৪২ ; ১৭৬ পৃষ্ঠা।

৫। "চৌট্যান ডিক্টি" ; (পুরাপুরি বিজয়লাভ) ; এস্, ডিং-হল ; নিউইয়র্ক ; হার্‌কোর্ট ব্রেস কোম্পানী কর্ত্তৃক প্রকাশিত ; ১৯৪২ ; ৩১৮ পৃষ্ঠা ; ২ ডলার।

৬। "দি ইকনমিক্স্ অব্ ১৯৬০" ; (১৯৬০ সনের আর্থিক দুনিয়া) ; সি, ক্লার্ক ; ম্যাক্‌মিলান কোং কর্ত্তৃক প্রকাশিত।

৭। হাউসিং বিফোর দি ওয়ার অ্যাণ্ড আফ্টার" ; (গৃহসমস্যা, লড়াইয়ের পূর্ব্ববর্ত্তী ও পরবর্ত্তী অবস্থা) ; এম, জে, এল্‌সাস ; লণ্ডন ; পি, এস কিং কোং কর্ত্তৃক প্রকাশিত ; ১৯৪২ ; ৭৮ পৃষ্ঠা ; ৫ শিলিং।

৮। "আমেরিকা ইন দি নিউ প্যাসিফিক" ; (নয়া প্যাসিফিকে আমেরিকার ঠাঁই) ; জি, ই, টেলার ; চিকাগো ; ম্যাক্‌মিলান কোম্পানী কর্ত্তৃক প্রকাশিত ; ১৯৪১ ; ২৬০ পৃষ্ঠা ; ২ ডলার।

৯। "এ ট্রিটিজ অন ওয়ার-ইনফ্লেশন" (লড়াইয়ের সময়কার মুদ্রাবৃদ্ধি) ; ডাব্লিউ, জে, ফেল্‌নার ; বার্কলে, ইউনিভার্সিটি অব ক্যালিফর্ণিয়া প্রেস কর্ত্তৃক প্রকাশিত ; ১৯৪২ ; ১৯০ পৃষ্ঠা ; ২ ডলার।

১০। "দি ওয়ার অব ন্যাশন্যাল লিবারেশন" ; (জাতীয় স্বাধীনতার লড়াই) ; জে, ষ্টালিন ; নিউইয়র্ক ; ইণ্টার্ন্যাশ-ন্যাল পাবলিশার্স কর্ত্তৃক প্রকাশিত ; ১৯৪২ ; ৬১ পৃষ্ঠা ; ১৫ সেণ্ট।

১১। "এজেণ্ডা ফর এ পোষ্ট-ওয়ার ওয়ার্ল্ড" ; (লড়াইয়ের পরবর্ত্তী দুনিয়ার জন্য ব্যবস্থাপত্র) ; জে, বি, কণ্ড্‌লিফ ; নিউইয়র্ক ; নর্টন কোম্পানী কর্ত্তৃক প্রকাশিত ; ১৯৪২ ; ২৩২ পৃষ্ঠা ; ২'৫০ ডলার।

১২। "ডিস্ট্রিবিউটিভ জাষ্টিস্" ; (ধনবণ্টনের ন্যায্য ব্যবস্থা) ; জে, এ, রায়ান ; নিউইয়র্ক ; ম্যাক্‌মিলান কোং ; ১৯৪২ ; ৩৬৮ পৃষ্ঠা ; ৪ ডলার।

১৩। "ইকনমিক প্রবলেম্স্ অব মডার্ণ ইণ্ডিয়া" ; (বর্ত্তমান ভারতের অর্থনৈতিক সমস্যা) ; রাধাকমল মুখোপাধ্যায় ও হীরেন্দ্রলাল দে কর্ত্তৃক সম্পাদিত ; ম্যাক্‌-মিলান কোম্পানী কর্ত্তৃক প্রকাশিত ; প্রথম খণ্ড ১৯৩৯ ; ৪৬২ পৃষ্ঠা ; দ্বিতীয় খণ্ড ১৯৪১ ; ৫৬০ পৃষ্ঠা।

"আর্থিক উন্নতি"র সপ্তদশ বর্ষ

শ্রীশঙ্করকুমার মুখোপাধ্যায়, এম্ এ, বি এল

কঠিনতম সংগ্রামের মধ্যেও "আর্থিক উন্নতি" সপ্তদশ বর্ষ অতিক্রম করিয়া অষ্টাদশে পদক্ষেপ করিল। একদিকে যেমন কাগজের মহামারী অন্য দিকে তেমনি খাদ্যের অভাব; উভয় দিকের তাড়নার মধ্যেও মানুষকে বাঁচাইয়া রাখে তার আদর্শ। সেই জন্য আজও আমাদের কাগজ অনাবিল রিক্ততাকেও বরণ করিয়া চলিয়াছে সেই আদর্শের নির্দেশিত পথে। ইহাতে আজিও দুনিয়ার খবর সঙ্কলের কার্পণ্য দেখা যায় নাই। ভারতের আর্থিক কথা, বাঙ্গলার সুখ-দুঃখ সবই কাল ছাপার হরফে সাদা কাগজের বুকে অঙ্কিত করিতে এই পত্রিকাখানি বিরত হয় নাই। দারিদ্র্য-ক্লিষ্ট দেশে এমন পত্রিকা কি করিয়া দেশবাসীর সেবায় আত্মনিয়োগ করিতে সমর্থ হইতেছে? ইহার পিছনে কোন্ কায়া আছে যাহার ছায়ায় ইহার বিদগ্ধ জীবন কর্ম-শক্তি আহরণ করিতে পারিতেছে? আজিকার এই প্রবন্ধে এই দুইটী প্রশ্নের জবাবদিহি করিবার বাসনা সংযত করিতে পারিতেছি না। বারবার সতর্ক করিয়া যাই যে, কেহ যেন "আর্থিক উন্নতি" নাম দেখিয়া ভ্রম না করেন যে, ইহাতে 'মধুচক্রের' কোন গন্ধ আছে। বরং তাহার বিপরীত। কারণ বিনয়বাবুর টোলের প্রবন্ধ-লেখক বা গবেষক সকলকেই ত্যাগের মন্ত্র গ্রহণ করিতে হয়। এখানে লভ্যাংশ বলিয়া কিছুই নাই—আছে জ্ঞান-পিপাসুদের পাগলামি।

এই বৎসর "আর্থিক উন্নতি"তে ধারাবাহিকভাবে "শ্রম ও শ্রমের দাম", "বন্টন," "মজুরি", "পণ্যদ্রব্য ও তাহার নিয়ন্ত্রণ" প্রভৃতি বিষয়ে সুধাকান্ত দে'র আলোচনা প্রকাশিত হইয়াছে। সুধাকান্ত বাবুর লেখার মধ্যে একটা বেশ সহজ সারল্য দেখা যায়। এসব নীরস গবেষণাকে সাধারণের পাঠ্য করিয়া তোলা সহজ-সাধ্য নহে, কিন্তু লেখক সে বিষয়ে সফল হইয়াছেন বলিয়াই বোধ হয়। তাহার পর বিপদবারণ সরকারের "ফিলটারহীন নলকূপ" নামক প্রবন্ধটী আমাদের নজরে পড়ে। লেখাটী সাধারণের পক্ষে উপকার-জনক বলিয়াই মনে হয়। মন্মথনাথ সরকার মহাশয়ের "মার্কিন চোখে আর্থিক ভারত" প্রবন্ধটীও বেশ ভাল হইয়াছে।

ডক্টর বিনয়কুমার সরকারের লিখিত প্রবন্ধ দুইল "দারিদ্র্য-দর্শন ও মজুরি" এবং "মজুরি ব্যবস্থায় সমাজ-বীমা ও রাজত্বের প্রভাব"। দারিদ্র্য সম্বন্ধে বলিতে গিয়া বিনয় বাবু বলিয়াছেন—"সর্বশেষে সরকারী দরিদ্র-সেবাকে দারিদ্র্য-নিয়ন্ত্রণের সহায়ক হিসাবে যাচাই করিয়া দেখা আবশ্যক। এই ব্যবস্থার প্রিমিয়াম লইয়া গঠিত বীমার প্রশ্ন উঠিতে পারে না। বর্তমান সমাজের আর্থিক কাঠামোর ভিতরে দরিদ্র-সেবা প্রয়োজনীয় স্থান দখল করিয়া বসিয়াছে। সুতরাং অর্থ-শাস্ত্রীদিগকে স্বীকার করিয়া লইতেই হইবে যে, বর্তমান মজুরি-হারের মধ্যে দারুণ গলদ রহিয়াছে। অতীতের মত বর্তমানের মজুরির হার "স্বাভাবিক" সম্পদ-বন্টনের আখড়ায় ফেল মারিয়াছে। যাহারা গড়ের বা মগজ খাটাইয়া ভাত-কাপড়ের ব্যবস্থা করে তাহারা আপন মজুরি দ্বারা আপনাদিগকে এবং পরিবার-পরিজনবর্গকে প্রতি-পালন করিতে অসমর্থ। ইহাই হইতেছে একালে সেকালে সকল কালেই মজুরি-নীতির গোড়ার কথা।"

মোলাকাতের মধ্যে বিনয়বাবুর "বঙ্গসংস্কৃতির লেন-দেন", "সতীশ মুখোপাধ্যায়ের স্বদেশ-নিষ্ঠা ও স্বার্থত্যাগ", "বিবেকানন্দ-দর্শনে হাতেখড়ি", "অরবিন্দ-দর্শন" প্রভৃতি আলোচনাগুলি বহু পাঠকের নিকট শিক্ষণীয় হইয়াছে। এই সকল বিষয়ে বাঙালী জাতির জিজ্ঞাসা বাড়িতেছে। সেই জিজ্ঞাসার জবাব দিয়াছেন বিনয় বাবু।

"আর্থিক উন্নতি" পরিচালনাব্যাপারে বিশেষভাবে ডাঃ নরেন্দ্রনাথ লাহার নাম উল্লেখযোগ্য। তাঁহারই আগ্রহে "আর্থিক উন্নতি" সকল দুর্যোগ অতিক্রম করিয়া স্বীয়

আদর্শ বহন করিয়া চলিতে সক্ষম হইতেছে। এই দুর্যোগের দিনে তাঁহার নিকট বাঙালী পাঠকেরা বেশ-কিছু ভরসা রহিল।

বর্তমানে অন্নবস্ত্রের সমস্যাই বঙ্গদেশের বড় সমস্যা হইয়া দাঁড়াইয়াছে। ক্রমশঃ অবস্থার উন্নতির পরিবর্তে অবনতিই ঘটিতেছে। ইহা সকলেই দেখিতেছেন ও হাড়ে-হাড়ে অনুভব করিতেছেন। "আর্থিক উন্নতি"তে স্থানান্তরে "পণ্যদ্রব্য ও পণ্যদ্রব্য নিয়ন্ত্রণ" প্রবন্ধে বলেন:—"এজন্য দরকার কোথাও সরকারের উৎসাহ-দান, কোথাও পুঁজিদারদের পরস্পর-মিলন আবার কোথাও অভিজ্ঞ ব্যক্তির সমাবেশ।"

এই প্রসঙ্গে বঙ্গীয় ধনবিজ্ঞান পরিষদের দুই সভায় (২৮ মার্চ্চ ও ১০ এপ্রিল ১৯৪০) বিনয় বাবু বলেন যে, একমাত্র মুদ্রা-প্রসারণের জন্য মূল্য-বৃদ্ধি ঘটে নাই। মালের আনটন অন্যতম কারণ। এই ধরণের অবস্থা ভারতের একচেটিয়া নয়। বিলাতে, আমেরিকায়, জার্মাণিতেও এই অবস্থা দেখা যায়। মূল্যবৃদ্ধি সকল দেশেই ঘটিতে বাধ্য। কিন্তু সরকারী শাসনে মূল্য ঠেকাইয়া রাখা সম্ভব। যুদ্ধের যোগান ও যানবাহনের অভাব ইত্যাদিও বিভিন্ন কারণ। বিলাতে, আমেরিকায় ও জার্মাণিতে গবর্ণমেণ্ট প্রতিবিধান করিয়াছেন। ভারতেও গবর্ণমেণ্টকে বিলাতী-মার্কিণ-জার্মাণ নীতি চালাইতে হইবে। একেবারে সোজা কথায় বলা যায় যে, আজ এই অবস্থার জন্য একটা কোন ব্যক্তি বা একটা কোন দলকে দায়ী করা যায় না। কারণ নির্দ্দিষ্ট কেহই দায়িত্ব গ্রহণ করেন নাই। ষ্ট্যাণ্ডার্ড কাপড়ের জন্য কমিটি হইয়াছে, ইহার বিতরণের জন্য ব্যবস্থা চলিতেছে, অথচ কার্য্যতঃ কিছুই দেখা যায় না। বাস্তবিক পক্ষে দেখা যায় যে, এই অবস্থার জন্য দায়ী প্রথম দ্রব্যের অভাব এবং দ্বিতীয় বণ্টন অভাব এবং তৃতীয় ক্রয়শক্তি বৃদ্ধি। ইংলণ্ডের মতন স্থানে গবর্ণমেণ্ট বহু কার্য্য নিজ হস্তে গ্রহণ করিতেছে। এখানেও সেই ব্যবস্থার প্রবর্ত্তন যে হয় নাই তাহা নহে, কিন্তু তাহার ব্যাপক প্রবর্ত্তন হওয়াই প্রয়োজন। এই সুযোগে গ্রাউণ্ড কমিশনের পরামর্শানুযায়ী সমগ্র জমি গবর্ণমেণ্টের খাস করিয়া তাহার উৎপাদন শক্তি বৃদ্ধি করিবার জন্য দায়িত্বশীল লোক নিয়োগ করা উচিত। নচেৎ পুরস্কার দান করিয়া অথবা লোভ দেখাইয়া উৎপাদন বৃদ্ধির চেষ্টা এই দুর্দ্দিনে একেবারে নিরর্থক। যাহার ঘরে অন্ন নাই সে পুরস্কার গ্রহণ করিবে না। তাহার প্রয়োজনীয় দ্রব্যাদি সংগ্রহ করিবে। তাহা ছাড়া পুরস্কার বিতরণ মানে আরও ইনফ্লেশন (মুদ্রা-বৃদ্ধি) এবং কৃত্রিম ক্রয়শক্তির বৃদ্ধি। ইহা অযৌক্তিক এবং ভ্রান্ত নীতি। উৎপাদন যদি গবর্ণমেণ্ট কণ্ট্রোল করে অর্থাৎ শাসনে আনে তবেই কণ্ট্রোল-মূল্যে বাজারে দ্রব্যাদি ছাড়া সম্ভব। নচেৎ গবর্ণমেণ্টের পক্ষে উচ্চমূল্যে উৎপন্ন করিয়া তাহা সাধারণের মধ্যে কম মূল্যে ছাড়া সম্ভব হইবে না এবং প্রশ্ন হইবে কোন্‌টা সস্তা, চড়া দামে বিক্রয় না চড়া দামে ক্রয়? তাহা ছাড়া দ্রব্যাদির উৎপাদন-বৃদ্ধি করা সম্ভব হইবে যখন চাষী নির্দ্দিষ্টভাবে আহার পাইবে এবং পরিশ্রমের মূল্য পাইবে।

মূল্যবৃদ্ধির সমস্যায় একচোখো বিশ্লেষণ চালানো উচিত হইবে না। যেমি "অসামরিক সরবরাহ দপ্তরের একটি বিজ্ঞপ্তিতে প্রকাশ নারায়ণগঞ্জে ২০ হাজার মণ, দিনাজপুরে ৩১ হাজার মণ, বাঁকুড়ায় ১০০০ মণ, পাবনায় ৭ হাজার মণ, বরিশালে কয়েক হাজার মণ চাউল উদ্ধার করা হয়েছে"। অস্বীকার করা চলে না যে, আমাদের দেশে অতি-লোভী ব্যবসাদাররা নিজের দেশের লোককে প্রাণে মারিয়া টাকা রোজগারের ব্যবস্থা করিতেছে। ইহার মূল উৎপাটন করাই আবশ্যক। সিভিক গার্ড যেমন সৃষ্টি হইয়াছে সেই রকম সিভিক সেলসম্যান বা বিক্রেতা হউক এবং এই ধরণের প্রতিষ্ঠান লোকের সমস্ত প্রয়োজনীয় খাদ্যদ্রব্যের ভার গ্রহণ করুক। লাইসেন্স সিস্টেম উঠিয়া যাউক। কারণ বহু অন্যায়ের সৃষ্টি ইহাতে হইতেছে। সমস্ত দোকান গবর্ণমেণ্ট বাজেয়াপ্ত করুক। সাধারণের চাল বিক্রয়ের ক্ষমতা লুপ্ত হউক। ফল চাউলের আড়ৎ খুব শীঘ্রই বাহির হইয়া পড়িবে। তখন সাধারণের মধ্যে বণ্টন-ব্যবস্থাও সহজ-সাধ্য হইবে। এই

ধরণের সরকারী বিক্রেতাদের সামরিক ক্ষমতা দেওয়া থাকিলে আরও সুবিধা হইতে পারে।

সমস্যাকে ঘোরালো করিয়া তুলিয়াছে ক্রয়শক্তির বৃদ্ধি। ক্রয়শক্তির বৃদ্ধির মূলে টাকা ছাড়া হইল আসল কারণ। এক্ষণে গভর্ণমেণ্ট লাগাই হইতে যদি প্রয়োজনীয় দ্রব্যাদি সরবরাহের ব্যবস্থা করা হয় তাহা হইলে মাগ্‌গী ভাতার প্রশ্ন থাকে না। সঙ্গে সঙ্গে অনেকটা 'টাকা ছাড়ার' সমস্যাকে সংযত করাও সম্ভব হইবে। যেখানে টিকেট বা কার্ড দ্বারা কার্য্য সিদ্ধ হয় সেখানে টাকার ব্যবহার বন্ধ করাই যুক্তিযুক্ত। তাহা হইলে পুরাপুরি না হউক অনেক পরিমাণে ক্রয়শক্তি বৃদ্ধির প্রশ্ন এড়াইয়া চলা সম্ভব হইবে।

১৯৪৩ সনের মাঝামাঝি যুদ্ধ-সমালোচনার সময় লড়াইয়ের বর্ত্তমান অবস্থা সহজেই নজরে আসে। ইয়োরোপের রণাঙ্গনে জার্ম্মানি এখনও নীরব—এবং যদি নীরব থাকিয়া প্রতিরোধমূলক নীতি অবলম্বন করে তাহা নিজের পক্ষে বিশেষ ক্ষতিকর নাও হইতে পারে। আফ্রিকায় ইংলণ্ড বিপদ হইতে উদ্ধার পাইল এবং জার্ম্মাণির বিপদের কারণ হইল। পূর্ব্বাঞ্চলে এশিয়ার অবস্থা বেশ সুস্পষ্ট নহে। এক্ষণে বিমান যুদ্ধের অপেক্ষা ডুবো-জাহাজের যুদ্ধই সমধিক প্রকট হইয়াছে—মনে হয় আকাশ হইতে যুদ্ধ এবার জলে নামিয়াছে। আর স্থলে তাহার গতিবেগ কমিয়াছে। প্রশান্ত মহাসাগরে জাপানী ডুবো-জাহাজের কার্য্যতৎপরতা এবং আটলাণ্টিক মহাসাগরে জার্ম্মাণ ডুবো-জাহাজের উৎপাত চলিতেছে। ইংলণ্ড ও আমেরিকার প্রচুর নৌশক্তি থাকার জন্যই আজিও তারা অপ্রতিহতভাবে যুদ্ধ চালাইয়া যাইতেছে এবং আজিও বিলাতী ও মার্কিণ বাণিজ্য-জাহাজ ভারতীয়-বন্দরে মাল আনিয়া দিতেছে।

বিলাতী চোখে ভারতীয় শিল্পোন্নতি*

শ্রীমন্মথনাথ সরকার, এম এ

বৃটিশ ভারত ও দেশীয় রাজ্যগুলি সহ ভারতবর্ষের আয়তন মোজিয়েট রুশিয়া-বর্জ্জিত ইয়োরোপ মহাদেশের প্রায় কাছাকাছি। ১৯৪১ সনের আদম শুমারি অনুসারে ভারতের লোক-সংখ্যা প্রায় ৩৮৯ মিলিয়ন। বৃটিশ সাম্রাজ্যের মোট লোক-সংখ্যার ৭ % ভারতবর্ষের অধিবাসী। ভারতের শিল্পোন্নতির বহর সম্বন্ধে আলোচনার সময় এই সমস্ত তথ্য ও মাপজোক সম্বন্ধেও অবহিত হওয়ার দরকার। দুনিয়ার শিল্পনিষ্ঠ প্রথম শ্রেণীর আটটী দেশের মধ্যে ভারতবর্ষ অন্যতম দেশরূপে গণ্য। কিন্তু ভারতের অজস্র প্রাকৃতিক সম্পদ ও ক্রমবর্দ্ধমান বিরাট লোক-সংখ্যার তুলনায় এই শিল্পোন্নতির গতিও মন্থর বলিয়াই মনে হইবে। ১৯৪১ সনের আদমশুমারি এখনও পাশাপাশি ও বিস্তৃত বিবরণীরূপে গণ্য করা যায় না। এ সম্বন্ধে ১৯৩১ সনের হিসাবই পাকাপাকি ও শেষ চূড়ান্ত বিস্তৃত আদম শুমারিরূপে গণ্য হওয়ার যোগ্য। এই আদম শুমারিতে দেখা যায়, ভারতের মোট কার্য্যরত জনসংখ্যার মধ্যে ৬৬% কৃষিকার্য্য ও তৎ-সংশ্লিষ্ট পেশা বা বৃত্তিগুলাতে নিযুক্ত আছে। মাত্র শতকরা ১০ জন লোক বিভিন্ন শিল্পে

* "দি বুলেটিন অব ইষ্টার-ন্যাশন্যাল নিউজ" পত্রিকার ১৯৪২ সনের ১৬ই জুনের সংখ্যায় প্রকাশিত প্রবন্ধের অনুবাদ।

মোতায়েন রহিয়াছে। শতকরা এই দশজনের মধ্যেও অধিকাংশ লোক ছোট খাটো দেশীয় শিল্পে নিযুক্ত ; মাত্র সাড়ে তিন মিলিয়ন অর্থাৎ মোট কার্যরত লোকের ২·২%, বড় বড় কল-কারখানায় কাজ করে। ১৯৩৯ সন পর্য্যন্ত কারখানা আইনের আমলে দার্য্য কল-কারখানাগুলিতে মাত্র পৌনে দুই মিলিয়ন শ্রমিক কাজ করিয়াছে।

বহু শতাব্দী ধরিয়া ভারতবর্ষ দেশীয় শিল্পের দ্বারাই আপন শিল্প দ্রব্যের অভাব মিটাইয়াছে। ভারতের কৃষি ও খনিজ সম্পদকে বিনিময় করিয়া ঐ সমস্ত দেশীয় শিল্প গড়িয়া উঠে। ভারতের পল্লী-শিল্পগুলা, স্থানীয় অভাব পূরণের সঙ্গে সঙ্গে নগরজীবনের বিস্তৃততর চাহিদাও পূরণ করিয়াছে ; এমনকি বিদেশী বাজারেও টক্কর দিতে কসুর করে নাই। এই সমস্ত দেশীয় শিল্পের মধ্যে বস্ত্র, খনিজ দ্রব্য এবং ধাতু-শিল্পই সবচেয়ে উল্লেখ-যোগ্য। ভারতে প্রস্তুত সূক্ষ্ম কার্পাস বস্ত্র বিদেশের বাজারে খুব বেশী কাটিত। অষ্টাদশ শতাব্দীতে ভারতের কার্পাস বস্ত্রের রপ্তানিবাণিজ্য পাশ্চাত্য জগতের প্রতিযোগিতায় বিনষ্ট হয়। উনবিংশ শতাব্দীতে আমদানি করার ফলে তৈরী জিনিষপত্রের ক্রম-বর্দ্ধমান প্রতিযোগিতায় সমস্ত দেশীয় শিল্পের দারুণ অধোগতি উপস্থিত হয়। ভারতের কার্পাস তুলার তাঁত-শিল্প অত্যন্ত হ্রাস পায়। পূর্ব্বে ভারতের সর্ব্বত্র অনেক ছোট ছোট লোহা ঢালাইয়ের কারখানা ছিল ; এইগুলা একেবারে বন্ধ হইয়া যায়।

ভারতের আধুনিক শিল্পোন্নতি আরম্ভ হইয়াছে উনবিংশ শতাব্দীর শেষার্দ্ধ হইতে। স্থলপথ ও জলপথে যান-বাহন যাতায়াতের দ্রুত রেওয়াজবৃদ্ধিই এই শিল্পোন্নতি ঘটাইয়াছে। ভারতে প্রথম রেলপথ নির্ম্মিত হয় ১৮৫৩ সনে ; গুরুত্বপূর্ণ অঞ্চলগুলায় যাতায়াতের উপযোগী রেলপথ নির্ম্মাণ ১৯০০ সনে শেষ হইয়াছে। ইহার ফলে ভারতবর্ষ দুনিয়ার অন্যতম শ্রেষ্ঠ কৃষিজাত দ্রব্য ও কাঁচা মালের রপ্তানিকারক দেশ ও পাশ্চাত্য জগতের কারখানা-জাত শিল্প দ্রব্যের বাজারে পরিণত হইয়াছে। কিন্তু এই সঙ্গে ভারতভূমিতে আধুনিক শিল্পেরও প্রথম খুঁটা গাড়া হয়। রেল পথগুলিতে সরবরাহের জন্য কয়লা খনিগুলার কাজ আরম্ভ হয় ; বড় বড় রেলওয়ে ওয়ার্কশপে ইঞ্জিনিয়ারিং কারখানা স্থাপিত হয়। অনেকগুলি কাপড়ের কল ও চটকলও প্রতিষ্ঠিত হয়। তবে বর্ত্তমানে বড় বড় কল-কারখানা স্থাপিত হওয়ার সুবিধা আর নাই। ১৯১৩-১৪ সনে বস্ত্র শিল্প, চটকল, কয়লা, ইঞ্জিনিয়ারিং ও প্ল্যান্টেশন শিল্প বেশ জাঁকিয়া উঠে। বস্ত্র উৎপাদক দেশ হিসাবে ভারত দুনিয়ায় চতুর্থ স্থান অধিকার করে। ভারতের বাজারে ভারতীয় মিলে প্রস্তুত কাপড় ও সুতার শতকরা হিসাব ক্রমে বাড়িতে থাকে। পাটের থলিয়া ও ব্যাগ ভারতের অন্যতম প্রধান রপ্তানি-যোগ্য পণ্য দ্রব্যে পরিণত হয়। ১৯০৭ সনে টাটা লোহা-ইস্পাতের কারখানা স্থাপিত হয়। এই কারখানায় কাজ আরম্ভ হয় ১৯১১ সনে। টাটা হাইড্রলিক কন্‌সার্ণও স্থাপিত হয়। ১৯১৫ সন হইতে ইহা বোম্বাইয়ের স্টলমিলগুলিতে বিদ্যুৎ সরবরাহ করিতে থাকে।

১৯১৪-১৮ সনের মহাযুদ্ধের সময়ে শিল্পোন্নতির মস্ত সুযোগ-সুবিধা পাওয়া যায়। ভারতের ব্যবসাবাণিজ্য হ্রাস পায় ; কিন্তু আমদানি-হ্রাসের সঙ্গে সঙ্গে প্রতিযোগিতাও কমিয়া যায়। ইম্পিরিয়াল বাহিনীর, বিশেষতঃ মেসোপটেমিয়া অভিযানের জন্য সাজ-সজ্জা ও রসদপত্রের বিরাট চাহিদা উপস্থিত হয়। ফলে শিল্পোন্নতিরও প্রচুর অবসর ও সুযোগ উপস্থিত হয়। যুদ্ধের মধ্যে কার্পাস ও পাট শিল্পের কাজ চলে সর্ব্বোচ্চ হারে। টাটা আয়রণ অ্যাণ্ড ষ্টীল কোম্পানীর ইস্পাত উৎপাদন ১৯১৩ সনের ১৯,০০০ টন থেকে ১৯১৮-১৯ সনে ১২৪,০০০ টনে বর্দ্ধিত হয়। তখন ভারতের অবস্থা যুদ্ধের উপযোগী শিল্পসমূহের বিস্তৃতি সাধনের উপযোগী ছিল না, কাজেই দেশবাসীর প্রয়োজনীয় শিল্পদ্রব্যের চাহিদা পূরণের জন্য ভারতকে জাপান ও মার্কিণ যুক্তরাষ্ট্র হইতে আমদানি বাড়াইতে হয়। ভারতে ভারি শিল্প-প্রচেষ্টার একান্ত অভাব। যন্ত্রপাতি এবং আনুষঙ্গিক সাজ-সরঞ্জাম সমস্তই ভারতকে বিদেশ হইতে আমদানি করিতে হয়। সেই জন্য যুদ্ধের পরবর্ত্তী বৎসরগুলিতে ভারতবর্ষে প্রতিযোগিতা বাড়িয়া চলে। বিগত মহাযুদ্ধের সময় ভারতের বিরাট সম্ভাবনার পরিচয় পাওয়া যায় ;

তবুও ভারতের পক্ষে উহার পূর্ণ সুযোগ গ্রহণ সম্ভব হয় নাই।

বিগত মহাযুদ্ধের পূর্ব্বে বৃটেন ভারতের শিল্প-প্রচেষ্টায় সর্ব্বদিক সহায়তা প্রদান করিলেও যুদ্ধোত্তর যুগে এ-দিক দিয়া বৃটিশ নীতির বিশেষ পরিবর্ত্তন ঘটে। ১৯১৯ সনে ভারতবর্ষ "অর্দ্ধ নৈতিক স্বরাজ" লাভ করে। কিন্তু সময় পরে রাজস্ব কমিশন নিয়োগ করা হয়। ১৯২২ সনে এই কমিশন পক্ষপাতমূলক সংরক্ষণের পক্ষে সুপারিশ করে। কার্পাস-বস্ত্রের উপর কর প্রবর্ত্তিত হয়। সাধারণভাবে সংরক্ষণ-শুল্কেরও ব্যবস্থা করা হয়। লৌহ শিল্প সংরক্ষণের জন্য ৩৩½% আমদানি শুল্ক এবং সরকারী সাহায্যেরও ব্যবস্থা করা হয়। ১৯২৭ সন পর্য্যন্ত সরকারী সাহায্য অব্যাহত ছিল; এই সময়ের মধ্যে লৌহশিল্প বেশ স্থায়িত্ব লাভ করে। অতঃপর সরকারী সাহায্য প্রত্যাহৃত এবং সংরক্ষণ শুল্কও হ্রাস করা হয়। অন্যান্য শিল্পের বিশেষ সংরক্ষণের জন্যও অনেক আবেদন করা হয়। গবর্ণমেণ্ট এইসমস্ত আবেদন সম্পর্কে বিবেচনা করিয়া, যে সমস্ত শিল্পে সহায়তা করিলে সুফল লাভের সম্ভাবনা বুঝিতে পারে, মাত্র সেই সমস্ত শিল্পে সরকারী সাহায্যের ব্যবস্থা করে। ১৯২৭ সন হইতে সাম্রাজ্যিক পক্ষপাত নীতি অনুসারে সংরক্ষণের ব্যবস্থা করা হয়। ১৯৩২ সনের অটাওয়া চুক্তি এই ব্যবস্থার মেয়াদ বর্দ্ধিত করে। ১৯৩৪ ও ১৯৩৯ সনের ভারত-বৃটিশ বাণিজ্য-চুক্তি সামান্য রদ-বদলসহ পূর্ব্বতন নীতিই অক্ষুণ্ণ রাখিবার ব্যবস্থা করে। ভারতীয় কারখানা-মালিক ও রাজনৈতিক নেতৃবর্গের পক্ষ হইতে সাম্রাজ্যিক পক্ষপাত নীতির বিরুদ্ধে তীব্র প্রতিবাদ উত্থিত হয়। ইঁহারা বৃটিশ প্রতিযোগিতার কবল হইতে রক্ষা পাইবার জন্য সংরক্ষণের প্রার্থনা করিতে থাকেন। সংরক্ষণ ব্যবস্থার অনেক সুফলও ফলিয়াছে। সংরক্ষিত অনেকগুলি শিল্প উন্নতি লাভ করিয়াছে। মন্দার যুগে ভারতকেই সব চেয়ে বেশী অসুবিধা ভোগ করিতে হইয়াছে। মন্দার সময় কতকগুলি ভারতীয় শিল্প লুপ্ত হইতে চলিয়াছিল। সংরক্ষণের ফলে এইগুলি অন্ততঃ পক্ষে টিকিয়া থাকার অবসর লাভ করিয়াছে। ভারতীয় শিল্পগুলি জাপানী প্রতিযোগিতা হইতেও প্রাণে রক্ষা পাইয়াছে। তা ছাড়া অটাওয়া চুক্তি সাম্রাজ্যের মধ্যে ভারতীয় ব্যবসা-বাণিজ্যের ক্রমোন্নতির ব্যবস্থা করিয়াছে। এই ব্যবস্থার বৃদ্ধি কেবলমাত্র কাঁচা মালেই সীমাবদ্ধ নয়। সাম্রাজ্যের ভিতর ভারতের শিল্পজাত দ্রব্য সমূহের ক্রয়-বিক্রয়ের রীতিমত সুবাহা হইয়াছে।

(ক্রমশঃ)

৯নং পঞ্চানন ঘোষ লেনস্থ কলিকাতা ওরিয়েণ্টাল প্রেস লিঃ হইতে শ্রীযোগেশচন্দ্র সরখেল কর্ত্তৃক প্রকাশিত ও মুদ্রিত।

আর্থিক উন্নতি

ধনবিজ্ঞানবিষয়ক মাসিক পত্র

শ্রীবিনয়কুমার সরকার
সম্পাদিত

১৭শ বর্ষ—১৩৪৯

কলিকাতা ওরিয়েণ্টাল প্রেস লিঃ
৯, পঞ্চানন ঘোষ লেন, কলিকাতা।

ARTHIK UNNATI

(Economic Progress)

Established April, 1926

A monthly journal, in **Bengali**, on economics (theoretical and applied), the applications of industrial research and scientific inventions for social welfare and material progress.

The object of the journal is to function as an organ of banking, foreign trade, money market, insurance, industrialization, agricultural enterprises, railway and shipping economics, public finance, economic legislation, national health, technical education, rural reorganization, municipal administration and other civic interests.

Edited by Prof. Dr. Benoy Kumar Sarkar, *Vidya-vaibhava*

Section 1. deals with the *wealth of Bengal*, profession by profession. The data are furnished by the reports of correspondents specially employed for the purpose. The standard of life prevailing among cultivators, artisans, fishermen, boatmen, leather-workers, weavers, shopkeepers, merchants, land-owners, exporters, importers, industrial workers, sailors, clerks, directors and founders of modern industries, banks and other business establishments—all classes of the Bengali population,—is the main theme of these statistical and objective investigations.

Section 2. deals with agricultural, manufacturing and *commercial activities of India* (excluding Bengal, but including the Indian states).

Section 3. deals with the *economic developments of the world*. It seeks to interpret the movement in foreign finance, industries and commerce to the Indian businessmen and economists. India's opportunities for co-operation with foreigners in all spheres of international trade and investment constitute likewise a special subject of study. The facts of world-economy involving, as they do, the intimate interdependence of India and the other countries in regard to economic functions and material welfare are placed before the readers in the form of a regular news-service.

Section 4. deals with the movements and pronouncements of the world's prominent bankers, captains of industry, engineers, chemists, experts in technical, commercial and agricultural education, statisticians, economists, finance-ministers and so forth. The *programmes of learned societies*, businessmen's associations, and bankers' institutes etc. fall within this section.

Section 5. is given over to *interviews* with specialists on problems of applied economics and economic thought.

In all these sections *Arthik Unnati*, although a monthly, intends to acquire the dynamic character of a weekly or even a daily newspaper

Special Features:

1. A tabular statement of the contents (with occasional synopsis) of the economic, financial, export-import, statistical and allied journals in the Indian and foreign languages including *French*, *German*, *Italian*, and whenever possible, *Russian*, *Japanese* and *Turkish*.
2. Review of books.
3. A serial announcement of Indian and foreign books on economics, banking, commerce, technical education and all other branches of material and social welfare.

N.B. About *fifty per cent* of the monthly devotes itself to **essays and discussions of permanent value** bearing on the methods and problems of the economic sciences. **Bengali translation** or summaries of the views and theories of foreign economists of the present or preceding generations form a marked characteristic of this journal.

Annual subscription Rs. 3/- (excluding postage).

Office: 9, Panchanan Ghose Lane (off Amherst Street), Calcutta

Director

Dr. NARENDRA NATH LAW

Managing Director, Bangeswari Cotton Mills, Ltd., Calcutta.

সূচীপত্র

বাংলার সম্পদ

যুদ্ধকালীন আর্থিক পরিবর্তন। কলিকাতায় খাদ্য-দ্রব্যাদির দর নিয়ন্ত্রণ। জীবন-যাত্রার সূচী-সংখ্যা। বাংলার রবি-শস্যের পূর্ব্বাভাষ। বাংলায় গম চাষের পূর্ব্বাভাষ। (১-৩)

যুদ্ধের আর একদিক্ : জাতিগঠন ও পল্লী-উন্নয়ন প্রচেষ্টার নমুনা :—বরিশাল, দিনাজপুর, ঢাকা, নদীয়া, নোয়াখালী, সিরাজগঞ্জ (পাবনা), নেত্রকোণা (ময়মনসিংহ), রাজশাহী, ফরিদপুর। পেট্রোল ও কেরোসিনের মূল্য। আটা ও ময়দার দর। চাউলের দর। বাংলায় ব্যাঙ্কিং দুর্ঘটনা। (৩৩-৩৭)

বাংলা দেশে পল্লী-উন্নয়নকার্য্য। পাটচাষের প্রাথমিক পূর্ব্বাভাষ। কলিকাতা পাটের দরের সূচী-সংখ্যা। কলিকাতা হইতে ক্যাম্বিস কাপড় রপ্তানি। বিভিন্ন ফ্যাক্টরীর চিনির দর। ডালের মূল্য নিয়ন্ত্রণ। চাউলের মূল্য নিয়ন্ত্রণ। নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দর। বরিশালে লবণ, কেরোসিন ও চিনির অভাব। নোয়াখালিতে জল ও আলোর অব্যবস্থা। মেদিনীপুর—(১) খাদ্য, (২) ডাক্তারির অভাব। (৬৫-৬৯)

বাংলা দেশে কাপড়ের কল। বাংলায় সমবায় ব্যাঙ্কের প্রসার। ইলিশ মাছ ও আম। রাস্তার দুরবস্থা। ধান ফসলের ক্ষতি ও তাহা নিবারণের উপায়। নৌকার ব্যবসায়। (৯৭-১০০)

পয়সার অভাব। কলিকাতায় চাউল সরবরাহ। চাউল আমদানি। আর্থিক সঙ্কট। কুইনাইন-সমস্যা। গণ্ডগোপরি বিস্ফোটকং। (১২৯-১৩১)

কলিকাতার নলকূপের ক্ষতি-নিবারণের চেষ্টা। চিটাগড় কাগজের কল। কাপড় কাচিবার সহজ উপায়। (১৬১-১৬৪)

চাউলের অভাব। সেভিংস্ সার্টিফিকেট ও ষ্ট্যাম্প। দুর্ভিক্ষে সাহায্য। কৃষিকার্য্যে সাহায্য। জনস্বাস্থ্য ও চিকিৎসা-সাহায্য। বঙ্গদেশে পানীয় জল সরবরাহ। (১৯১-১৯৩)

ডাক্তারির অভাব। ধান-চাউলের মূল্য। নৌকার প্রয়োজন। খাদ্য-মূল্য। জাতিগঠন ও পল্লী-উন্নয়ন প্রচেষ্টা—বগুড়া, নেত্রকোণা (ময়মনসিংহ), টাঙ্গাইল (ময়মনসিংহ), কিশোরগঞ্জ (ময়মনসিংহ), কুষ্টিয়া (নদীয়া) (২২১-২২৫)

নৌকার অভাব ও ভূম্যধিকারীদের বিপদ। পটুয়াখালীতে ম্যালেরিয়া। কুইনাইন বনাম লাটা-চূর্ণ। বর্ত্তমান দুর্ভিক্ষে ক্ষতির পরিমাণ। বিপদের উপর বিপদ। বাঙ্গালার হতাহত। ইলিশ মাছের চাষ। রোহিত-কাৎলা মাছের চাষ। (২৪৩-২৪৭)

বাস্তসঙ্কট। কাগজের মূল্য। ক্রেতাদের দুর্ভোগ। বাঙ্গলার চাউল রপ্তানি করা হইবে না। বাধানের বহর। জাতিগঠন ও পল্লী-উন্নয়ন প্রচেষ্টা। (২২৭-২৭৯)

ম্যালেরিয়া-নিবারণী প্রচেষ্টা। দেশের অবস্থা। বাঙ্গলা সরকারের বাজেট। চাউলের অত্যধিক মূল্য-বৃদ্ধিতে বিক্ষোভ। (৩০১-৩০২)

দাতব্য চিকিৎসালয়ে সরকারী দান। ভিখারী নিবাস। চট্টগ্রামে বাধ্য-প্রত্যাগতদের কর্ম্মনিয়োগ ব্যবস্থা। (৩২৪-৩২৭)

আর্থিক ভারত

১৯৪১-৪২ সনে ভারতে আমদানি ও রপ্তানি বাণিজ্য। সরকারী রেলওয়েসমূহের আয়। ভারতীয় গম। ভারতবর্ষের হরীতকী রপ্তানি। ভারতীয় নারিকেল রপ্তানির হিসাব। (৪-৭)

পল্লীউন্নয়ন সম্পর্কে ভারত সরকারের সাহায্য দান। খনির উৎপাদন ও বিক্রয় বৃদ্ধি! ভারতের বহির্ব্বাণিজ্য। ভারতে তুলার আনুমানিক হিসাব। রেল ও সমুদ্রপথে

বোম্বাইতে তূলা আমদানি। দুই টাকার নোট। ভারতে বেতারযন্ত্রের সংখ্যা। মহীশূর রাজ্যে শিল্প-বাণিজ্যের খতিয়ান। কুটির-শিল্পে উদ্যোগী মহীশূর। সোনালিঘরে মহুয়া ও তূলা। রামপুর ষ্টেটে শ্রমিক কলোনি। বড়োদা ষ্টেটে মাছের কারবার। কাশ্মীরে কাচ শিল্প। (৩৮-৪০)

ভারত হইতে পাট রপ্তানি। ভারতীয় পাট রপ্তানি। মজুত পাটের অবস্থা। বিভিন্ন দেশের সহিত ভারতের বাণিজ্য। বোম্বাই সহরে ট্রাম ও বাসের সংখ্যা। ভারতে তাঁবু নির্মাণ। ভারত ও ইংল্যাণ্ডের মধ্যে এয়ার-গ্রাফ ডাক। ভারতে প্যারাস্যুটের রেশম। কলিকাতা বোম্বাই মালগাড়ীর সংখ্যা। চিনির উৎপাদন ও মজুত। "রুপিলোন" পরিশোধ। ভারতের তূলা রপ্তানি। ভারতে তূলা আমদানি! ভারতীয় মিলে তূলার ব্যবহার। (৭০-৭৩)

ভারতে তূলাজাত দ্রব্যের আমদানি। ভারতীয় মিলের উৎপাদন। ভারতীয়েরা কত গজ কাপড় ব্যবহার করে? ভারতীয় তূলা। ভারতে তূলার উৎপাদনে পরিবর্তন। ভারতের বিভিন্ন প্রদেশে উন্নত ধরণের ইক্ষুর চাষ। ইক্ষু হইতে শতকরা হিসাবে চিনির উৎপাদন। মহীশূরে গাভকুমার সংখ্যা। ১৯৪১ সনের নূতন বীমার পরিমাণ। (১০১-১০৪)

ভারতে তাঁবু নির্মাণ। ভারতীয় ব্যাঙ্কসমূহে আমানত। আমানতের সহিত নগদ ও জেরের অনুপাত। আমানতের কত অংশ সরকারী ও অন্যান্য ভাল কোম্পানীর কাগজ। জয়েণ্ট ষ্টক কোম্পানীর সেয়ার। শাখা ব্যাঙ্ক। ভারতীয় ব্যাঙ্কের পুঁজি। (১৩২-১৩৪)

বিনা কেরোসিনে হারিকেন জ্বালান। মহীশূরে রেডক্রস সোসাইটী। মহীশূর ষ্টেটে শ্রমিক-সমস্যা ও শ্রমিক আইন। ভারতের চিনাবাদাম। ব্রিটিশ ভারত হইতে বিভিন্ন দেশে বাদাম রপ্তানির তালিকা। ভারতে ম্যাঙ্গানিজ খনি। সোনার বাণিজ্য। (১৬৫-১৬৭)

পঞ্চম জর্জ মার্কা টাকা। ভারতের দস্তা রপ্তানি। তামা। তামার উৎপাদন। ভারতীয়দের বাহিরে গমন। মালয়। ভারতের দেশীয় রাজ্যে শিল্প-বাণিজ্যের বিস্তার। (১২৪-১২৫)

বোম্বের "প্রোবেশান" অফিসারের কাজ। সামরিক কলেজে শিক্ষার সুযোগ। সমাজ-সেবার খরচা। কোলার স্বর্ণখনির উৎপাদন। সিভিউলড্ ব্যাঙ্কের অবস্থা। ভারতবর্ষে "এসটিমেটেড্" চিনির উৎপাদন। উড়িষ্যার শিল্পোন্নতি। ভারতে কোলাগুড়ের বাণিজ্য। সার তোরাবজির দান। ভারতীয় কার্গো বীমার হার। ভারতে পরদেশী ব্যাঙ্ক। রৌপ্যমুদ্রার প্রচলন হ্রাস। (২২৬-২২৯)

ভারতের শিল্পোৎপাদন বৃদ্ধি। ভারতে কাগজ নির্মাণ। ভারতে সামরিক কলেজ। মান্দ্রাজে কৃষির ব্যয়। আসামের আলুর বীজ। বিভিন্ন মিউনিসি-প্যালিটিতে মুদ্ধ-ভাতা ও ছুটি। ভারতবর্ষে মাহিয়ানা-নীতি ও মূল্য-নিয়ন্ত্রণ। পয়সার অভাব। মন্থণের সংখ্যা-বৃদ্ধি। (২৪৮-২৬০)

ভারতের নারী-প্রতিষ্ঠান। চাষী-শিল্প জমির পরিমাণ। ছায়োত্তরে শস্যের অবস্থা। তূলার উন্নতির জন্য ল্যাবরে-টরির লোক-সংখ্যা। মাদ্রাজ গভর্নমেণ্টের গ্র্যাচুয়িটির নিয়ম। ভারতে গুড় উৎপাদন। (২৮০-২৮২)

ভারতে ট্যাওার্ড বস্ত্র উৎপাদন। ভারতে যুদ্ধ-জাহাজ নির্মাণ। ভারতে লবণ-সমস্যা। ভারতীয় তূলার পরীক্ষার বর্ণনা ১৯৩০-৩২। বিভিন্ন প্রদেশে চিনির উৎপাদন। চিনির কলে মোট কার্য্যের দিন ১৯৩৭-৩৮—১৯৩৯-৪০। (৩০৩-৩০৫)

ভারতের লোকবল। শিক্ষিতের হার। ভারত হইতে রেড়ীর তৈল রপ্তানি। ভারতবর্ষে "লঙ্গ জম্প্রাও" নীতি। সিংহলে শাকসব্জী। তূলার কথা। পাটনায় শস্যভাণ্ডার। গ্রাম ও নগরে খাদ্যাহার। (৩২৮-৩৩০)

দুনিয়ার ধনদৌলত

আমেরিকার চল্‌তি ব্যাঙ্কের হিসাব। আমেরিকায় প্রচলিত টাকার পরিমাণ। গ্রেটবৃটেনে মূল কাজের চাহিদা। বৃটেনে জাতীয় ব্যয়। বিলাতে কাগজী মুদ্রার উর্দ্ধসীমা। যুদ্ধে বিলাতী করদার নূতন অবস্থা। বিলাতী ধূমপায়ীদের অসুবিধা। অষ্ট্রেলিয়ার ইস্পাত সম্পদ্। (৮-১০)

ফটল্যাণ্ডে বেকার শ্রমিক ও রোগী শ্রমিক। ইংলণ্ড ও বহির্ব্বাণিজ্য। ফরাসীদেশের দুরবস্থা। নিউ ইয়র্কে তুলার বাজার-দর। জাপানের নব-বিধানে বাধা। চীনদেশে জমির পুনরুদ্ধার। অষ্ট্রেলিয়ার কারখানা। (৪১-৪৩)

স্বর্ণ-উৎপাদনের পরিমাণ। পেট্রল ও কেরোসিন। আফগানিস্থান হইতে মার্কিণ যুক্তরাষ্ট্রে ভেড়ার চামড়া রপ্তানি। আমেরিকায় প্রত্যহ কত বীমার টাকা দেওয়া হয়। মার্কিণ যুক্তরাষ্ট্রে বিদেশী ব্যাঙ্কের মজুত টাকা। মোটা ক্যাম্বিস্ কাপড়। গ্রেটবৃটেনের রাস্তায় দুর্ঘটনা। বিলাতে যুদ্ধের সময়ে বীমা। স্পেনে পারিবারিক ভাতা। ক্যানাডার কলকারখানায় অগ্নি। চীনদেশে যুদ্ধের দরখাস্ত। মিশরে তুলার উৎপাদন। (৭৪-৭৭)

বিভিন্ন দেশে আমেরিকার টাকা। ১৯৪১ সনের প্রথম কোয়ার্টারে ইংলণ্ডের গবর্ণমেণ্টের ঋণ। জার্ম্মাণিতে ১৯৩০-৩৭ সনে রোগে আক্রান্ত অকর্ম্মণ্য শ্রমিকের সংখ্যা। ইংলণ্ডে নয়টী ক্লিয়ারিং ব্যাঙ্কের কাজ। ১৯২৭-১৯৩৭ সনে চেকোস্লোভাকিয়ার বেকার-সংখ্যা। জার্ম্মাণ হোটেলে ইতালীয়ান কর্ম্মী। বোহিমিয়া-মোরাভিয়াতে বাধ্যতা-মূলক শ্রম। নিউইয়র্কে ষ্টেট্ লেবার রিলেশন বোর্ড। নূতন মেক্সিকান গবর্ণমেণ্টের সমাজ-নীতি। (১০৪-১০৮)

আমেরিকায় খাদকের খরচা বৃদ্ধি। ফরাসী উপ-নিবেশ। নিউইয়র্কে "পেশাগত" রোগে ক্ষতিপূরণ। গ্রীসে খাদ্যাভাব। ইরাণে ফসলনাশক পোকা। তুরস্ক-জাম্মাণ বাণিজ্য। চিলির হাসপাতালের উন্নতি। (১৩৫-১৩৬)

ককেসাসের তৈল-সম্পদ্। মার্কিণদেশে ফার্ম্মের আয় (১৯৪০-১৯৪১)। মার্কিণদেশে তেয়ারী উৎপাদন। সিকাগোতে আত্মহত্যার সংখ্যা। ফরাসী দেশে "কলেক-টিভ এগ্রিমেণ্ট"। ফরাসী দেশে চাষের শিক্ষা। যুদ্ধের সময়ে গ্রেটব্রিটেনে বেকার সংখ্যা। এক অথবা একাধিক বর্ষব্যাপী বেকার। (১৬৮-১৭০)

গ্রেটব্রিটেনে অক্ষম লোকের যান্ত্রিক শিক্ষার ব্যবস্থা। উদ্ধারপ্রাপ্ত ফরাসী সৈনিক স্বদেশীয় নিয়োগ। নিউজি-ল্যাণ্ডে মেডিক্যাল বেনিফিট। অষ্ট্রেলিয়ার খনির শ্রমিকদের পেনশন। নিউইয়র্কে অনিষ্টকর ঔষধের কার্য্যে নিযুক্ত শ্রমিকের ক্ষতিপূরণ। (১৯৬-১৯৭)

নিউজিল্যাণ্ডে মাহিয়ানা সমেত বাৎসরিক ও আইন-মাফিক ছুটি। কিউবার শ্রমিকের ছুটি ও বেতন। মার্কিণ দেশে ডিম উৎপাদনের প্রধান স্থান। মার্কিণ দেশে সন্ধ্যাবিনের ব্যবহার। চীনদেশে যুদ্ধের সময়ে সকল্। বৈমানিক বিদ্যা শিক্ষা ব্যবস্থার উন্নয়ন। টাইফয়েডের নূতন ভ্যাক্সিন। (২৩০-২৩১)

বিভিন্ন দেশে "ঋণ" বৃদ্ধি। আমেরিকায় আলুর উৎপাদন। মার্কিণ দেশের গম। দক্ষিণ আফ্রিকাতে বাড়ী ভাড়া। কানাডায় বাড়ী ভাড়া নিয়ন্ত্রণ। নিয়াসা-ল্যাণ্ডে প্রোটেক্টোরেটে শ্রমিকের অবস্থা। (২৬১-২৬৩)

গ্রেটব্রিটেনে এয়ার রেডের ভগ্ন ক্ষতি। যুদ্ধ ক্ষতি-পূরণ। আমেরিকায় ১৯৪২ সনের এপ্রিল মাসে মাখন ও পনীরের দর। আমেরিকায় সয় উৎপাদন। সমুদ্রে নিরাপত্তা-বিষয়ক নিয়ম। যুক্তরাষ্ট্রে যুদ্ধকালীন শ্রমের সময়। ইরাণে শ্রমিক-স্বাস্থ্য সম্বন্ধীয় ব্যবস্থা। সুইডেনে জীবনযাত্রার খরচা। (২৮৩-২৮৪)

আমেরিকায় আলুর ফসল। আমেরিকায় তুলার বীজ উৎপাদন। আর্জ্জেন্টিনার বীমা-বাণিজ্য। ক্যানা-ডায় অগ্নির জন্য লোকসান। দক্ষিণ আফ্রিকায় মোটর বীমা। ব্রিটিশ গায়ানায় সামাজিক সংস্কার। গ্রেট-ব্রিটেনে বীমা পরিকল্পনা। (৩০৬-৩০৭)

আমেরিকায় ম্যাপল প্রোডাক্ট। মার্কিণ দেশে পূর্ণ বয়স্ক গৃহস্থ পিছু প্রতি বৎসর কত খাদ্য লাগে? (৩৩১-৩৩৩)

ব্যক্তি ও সঙ্ঘ

রবীন্দ্রনাথের অমরতা। পুষ্টিকর খাদ্যের পরিকল্পনা। বাংলা সরকারের বস্ত্র ক্রয়। যুদ্ধের সময় অষ্ট্রেলিয়ায় শ্রমিক নিয়ন্ত্রণ। শ্রমিক সম্বন্ধে অষ্ট্রেলিয়ায় গবর্ণমেণ্ট নীতি। বৃটিশ ফাইনান্স বিল সম্বন্ধে কমন্স সভায় তীব্র বিরোধী উক্তি। মার্কিণ শিল্প মিশন। বঙ্গীয় আইন সভার অধিবেশন। আশ্রয়প্রার্থীদের সম্পর্কে ব্যবস্থা। (১১-১৩)

আমেরিকান্ টেকনিক্যাল মিশন। মার্কিণে ভারত সরকারের প্রতিনিধি। দক্ষিণ আফ্রিকার ভারতীয়গণ। ভারতীয় সংখ্যাতত্ত্ব সম্মেলন। পরলোকে শ্রীযুক্ত রাঘবেন্দ্র রাও। বিদ্যুৎ নিয়ন্ত্রণ-ব্যবস্থা। মেডিক্যাল এইড্ সোসাইটির আবেদন। ইয়োরোপে ভারতীয় বন্দীর সংখ্যা। (৪৪-৭৪)

সেলবোর্ণ পরিকল্পনা। আন্তর্জাতিক মজুর সংগঠন। নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি সংগ্রহ সমস্যা। বোম্বাইয়ের সামরিক শিক্ষাকেন্দ্র। উদ্বাস্তুদের ভিটামাটি। (৭৮-৭৯)

বাঙ্গালার লবণ-সমস্যা। ষ্ট্যাণ্ডার্ড বস্ত্র সরবরাহের দাবী। মুচরা চাউল বিক্রয় বন্ধ। ভারতীয় ষ্ট্যাণ্ডার্ড টাইম। হায়দ্রাবাদ ও মহীশূরে চিকিৎসা-শিক্ষা। ভারতে কাচের কারখানা। প্রাদেশিক যোগান ব্যবস্থা। বঙ্গীয় খনিবিজ্ঞান পরিষৎ। (১০৯-১১৩)

কুইনাইন উৎপাদন বৃদ্ধির ব্যবস্থা। ষ্ট্যাণ্ডার্ড কাপড়। ভারতবর্ষের বিপুল সমর প্রচেষ্টা। লবণ ও চিনির যোগান। ছোটখাটো দোকানদারদের জন্য লাইসেন্স। (১৩৭-১৩৯)

রাউ কমিটির বিল। লাটিন আমেরিকার ওয়ার্কার্স অর্গানিজেশন। বোম্বের শ্রমিকদের আনন্দদানের ব্যবস্থা। লিভারপুলে বালিকা ও নারীর ছুটীর ব্যবস্থা। ফার্ন্দোসির প্রস্তরমূর্ত্তি। ঢাকা জিলায় পল্লীমঙ্গল-প্রচেষ্টা। রেডক্রস্ সোসাইটি কর্ত্তৃক বেতার-বার্ত্তা সংগ্রহের ব্যবস্থা। চীনা শিক্ষা-শুভেচ্ছা মিশন। প্রজার দুর্দ্দশা। (১৭১-১৭২)

চেকোশ্লোভাকিয়া স্বাধীনতা দিবস। মেদিনীপুর জেলার সাহায্য ব্যবস্থা। বাঙ্গালার খাদ্য-সঙ্কট। শর্করা-শিল্পের অবস্থা। কলিকাতা তপশিলভুক্ত সম্প্রদায়ের সম্মেলন। (১৯৮-২০০)

চীনের সেণ্ট্রাল ট্রাষ্ট। তুর্কীর "এয়ার চীফ"। মহীশূরের শ্রমিক সঙ্ঘ। খাদ্যশস্য বৃদ্ধির আন্দোলন। এলাহাবাদ বিশ্ববিদ্যালয় ইউনিয়ান। বাস্তুত্যাগীদিগের সমস্যা। আসাম সরকারের খাদ্য দ্রব্য ও বস্ত্রাদি ক্রয়। যুদ্ধোত্তর কালের অর্থনীতি। চট্টগ্রামের ধান চাউল রপ্তানি। (২৩২-২৩৪)

চীনদেশে "এমার্জেন্সী" আইন। ভারতে শ্রমিক-সম্বন্ধে কনফারেন্স। ইরাকের "পুনর্গঠন পরিকল্পনা"। আমেরিকার যুদ্ধপশ্চাৎ পরিকল্পনা কমিটি। সরকারের কাগজ সম্পর্কিত সিদ্ধান্ত ব্যাঙ্কিদের অনুরোধ। (২৬৪-২৬৫)

আমেরিকান কাউন্সিল অন এডুকেশন। দি ন্যাশন্যাল রিক্রিয়েশন অ্যাসোসিয়েশন। পাবলিক আফেয়ার্স কমিটি। ইষ্টার্ন-আমেরিকান সোসিয়াল সিকিউরিটি কনফারেন্স। মিঃ ওয়েণ্ডেল উইলকী। বাঙলার চিরস্থায়ী বন্দোবস্তের রদবদল। শ্রীমতী ডাঃ ফুলরেণু দত্ত, এম এ, ডি লিট্ (প্যারিস)। (২৮৬-২৮৯)

দি ইণ্ডিয়ান সোসাইটি অব্ এগ্রিকালচারাল ইকনমিক্স্। দি এইটথ্ প্যান-আমেরিকান চাইল্ড কংগ্রেস। সেকেণ্ড ইণ্টার-আমেরিকান কনফারেন্স অব্ এগ্রিকালচার। ভারতীয় সেনাবাহিনীর কৃতিত্ব। অধিকতর মৎস্য-উৎপাদন। (৩০৮-৩১২)

মেক্সিকোতে ট্রেড্ ইউনিয়ন সঙ্ঘ। নিউজিল্যাণ্ডে বাড়ীভাড়া নিয়ন্ত্রণ। টাসমেনিয়ায় হাউসিং এ্যাক্ট। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের কনভোকেশনে শেরিফের অভিভাষণ। (৩৩৪-৩৩৬)

মোলাকাৎ

বঙ্গ সংস্কৃতির লেনদেন (১৪)। পারিবারিক জীবনে চিত্তনাট্যের বিশ্লেষণ (৮০)। কয়লার ব্যবসা (১১৪)। যুদ্ধ-সংশ্লিষ্ট কারখানায় মজুর-বণ্টন (১৪০)। নেতৃত্ব সম্বন্ধে বিচার (১৭৫)। অরবিন্দ-দর্শন (২০১)। রকমারি দার্শনিক (২৩৪)। আইন ব্যবসায়ে সত্যের স্থান (২৬৮)। "আর্থিক উন্নতি" ও বঙ্গীয় খনিবিজ্ঞান পরিষৎ (২৯০)। সতীশ মুখোপাধ্যায়ের স্বদেশনিষ্ঠা ও স্বার্থত্যাগ (৩১১)। বিবেকানন্দ দর্শনে হাতেখড়ি (৩৩৭)।

পত্রিকা জগৎ

২৩, ৪৮, ৮৩, ১১৭, ১৪৪, ১৭৮, ২০৭, ২৩৮, ২৭১, ২৯৩, ৩১৫, ৩৪০।

সমালোচনা

গ্রন্থপঞ্জী

১৪৯, ১৮৪, ২১৩, ২৪২, ২৭৪

প্রবন্ধাবলী

"আর্থিক উন্নতি"র ষোল বৎসর
শ্রীপঙ্কজকুমার মুখোপাধ্যায়, এম এ, বি এল ৫২

দারিদ্র্য-দর্শন ও মজুরি-তত্ত্ব
শ্রীবিনয়কুমার সরকার

পণ্যদ্রব্য ও পণ্যদ্রব্য-মূল্য নিয়ন্ত্রণ
শ্রীসুধাকান্ত দে, এম এ, বি এল

ডিস্‌টাবহীন নলকূপ
শ্রীবিপদবারণ সরকার, বি এ

বণ্টনের মর্ম্মকথা
শ্রীসুধাকান্ত দে, এম এ, বি এল

মজুরি ও উৎপাদন
শ্রীসুধাকান্ত দে, এম এ, বি এল

মজুরি-ব্যবস্থায় সমাজবীমা ও রাষ্ট্রত্বের প্রভাব
শ্রীবিনয়কুমার সরকার

মার্কিণ চোখে আর্থিক ভারত
শ্রীমন্মথনাথ সরকার, এম এ

রবার-শিল্পে ভারতের স্থান
শিল্পপ্রসার ও আন্তর্জাতিক ব্যবসা-বাণিজ্য
শ্রীমন্মথনাথ সরকার, এম্-এ

শ্রম ও শ্রমের দাম
শ্রীসুধাকান্ত দে, এম এ, বি এল ৫৮, ৮৮, ১২২

২৩১ অপার সার্কুলার রোড হইতে শ্রীযোগেশচন্দ্র সরখেল কর্ত্তৃক প্রকাশিত ও মুদ্রিত।

মাসিক উন্নতি

কৃষি শিল্প বাণিজ্য ও ধর্মবিজ্ঞান বিষয়ক পত্রিকা

CALCUTTA UNIVERSITY CENTRAL LIBRARY

১৮শ বর্ষ | আষাঢ়, ১৩৫০ | ৩য় সংখ্যা



বঙ্গেশ্বরী কটন মিল্‌স্ লিমিটেড
ম্যানেজিং ডিরেক্টর ডক্টর শ্রীযুক্ত নরেন্দ্রনাথ লাহা

বার্ষিক মূল্য ৩৲ টাকা (ডাক মাশুল ।৵০ আনা স্বতন্ত্র) প্রতি সংখ্যা ।০ আনা

সম্পাদক শ্রী বিনয়কুমার সরকার

ARTHIK UNNATI

(Economic Progress)

Established April 1926

A monthly journal, in **Bengali**, on economics (theoretical and applied), the applications of industrial research and scientific inventions for social welfare and material progress.

The object of the journal is to function as an organ of banking, foreign trade, money market, insurance, industrialization, agricultural enterprises, railway and shipping economics, public finance, economic legislation, national health, technical education, rural reorganization, municipal administration and other civic interests.

Edited by Prof. Dr. Benoy Kumar Sarkar, *Vidya-vaibhava*

Section 1. deals with the *wealth of Bengal*, profession by profession. The data are furnished by the reports of correspondents specially employed for the purpose. The standard of life prevailing among cultivators, artisans, fishermen, boatmen, leather-workers, weavers, shopkeepers, merchants, land-owners, exporters, importers, industrial workers, sailors, clerks, directors and founders of modern industries, banks and other business establishments—all classes of the Bengali population,—is the main theme of these statistical and objective investigations.

Section 2. deals with agricultural, manufacturing and *commercial activities of India* (excluding Bengal, but including the Indian states).

Section 3. deals with the *economic developments of the world*. It seeks to interpret the movement in foreign finance, industries and commerce to the Indian businessmen and economists. India's opportunities for co-operation with foreigners in all spheres of international trade and investment constitute likewise a special subject of study. The facts of world-economy involving, as they do, the intimate interdependence of India and the other countries in regard to economic functions and material welfare are placed before the readers in the form of a regular news-service.

Section 4. deals with the movements and pronouncements of the world's prominent bankers, captains of industry, engineers, chemists, experts in technical, commercial and agricultural education, statisticians, economists, finance-ministers and so forth. The *programmes of learned societies*, businessmen's associations, and bankers' institutes etc. fall within this section.

Section 5. is given over to *interviews* with specialists on problems of applied economics and economic thought.

In all these sections *Arthik Unnati*, although a monthly, intends to acquire the dynamic character of a weekly or even a daily newspaper.

Special Features:

1. A tabular statement of the contents (with occasional synopsis) of the economic, financial, export-import, statistical and allied journals in the Indian and foreign languages including *French*, *German*, *Italian*, and whenever possible, *Russian*, *Japanese* and *Turkish*.
2. Review of books.
3. A serial announcement of Indian and foreign books on economics, banking, commerce, technical education and all other branches of material and social welfare.

N.B. About *fifty per cent* of the monthly devotes itself to **essays and discussions of permanent value** bearing on the methods and problems of the economic sciences. **Bengali translation** or summaries of the views and theories of foreign economists of the present or preceding generations form a marked characteristic of this journal.

Annual subscription Rs. 3/- (excluding postage).

Office: 9, Panchanan Ghose Lane (off Amherst Street), Calcutta.

Director

DR. NARENDRA NATH LAW

Managing Director, Bangeswari Cotton Mills, Ltd., Calcutta.

CONTENTS OF THE JUNE-JULY NUMBER, 1943.

Section 1. Wealth of Bengal: Bikrampur Bank. Number of Thefts and Dacoities in Calcutta. Chaumuhani (Noakhali) College. Price of Rice decreasing at Bogra and Dacca. Distribution of Rice at Controlled Rate. (47-49).

Section 2. Economic India : Legislation for safe-guarding Labour Interest. Small Coins in Mysore. Production of Cloth in Mysore. Indian Wool. Export of Wool from India. (pp. 50-51).

Section 3. World Economy: Film Industry in China. Foreign Trade of China during the War. Repayment of American Loan by Wood Oil. (pp. 52-55).

Section 4. Men, Institutions and Movements: Legislation against Indians in South Africa. Shops for Selling Food Grains to Women. Need for Control of Price of Piece Goods. Cloth Problem in India. (pp. 56-57).

Section 5. Interview: Satish Mukherjee and Community. (58-60).

Section 6. World of Journals: Summarised (pp. 61-62).

Section 7. Reviews: Peace by Power. The Psychology of the Unadjusted School Child. The Dream in Primitive Culture. (pp. 63-64).

Section 8. Bibliography: 13 books announced.

Article:

(1) Industrial Development in India through British Eyes. By Manmatha Nath Sarkar, M. A. (pp. 66-70).

Works by and about BENOY SARKAR

B. K. SARKAR:

1. **Villages and Towns as Social Patterns.** Pages 704. Eight Charts. Rs. 15. (Royal).
2. **Economic Development.** Vol. I. Pages 464. Rs. 8. Vol. II. Pages 320, Nine Charts. Rs. 6. (Demy).
3. **The Political Philosophies since 1905.** Vol. I. Pages 404. Rs. 4. (Crown). Vol. II. Part I. Pages 356, Rs. 5. Part II. Pages 570. Rs. 12. Part III. Pages 368. Rs. 8. (Demy).
4. **The Sociology of Races, Cultures and Human Progress.** Pages 410. Rs. 7. (Royal).
5. **Introduction to Hindu Positivism.** Pages 770. Rs. 16. (Royal).
6. **Creative India.** Pages 725. Rs. 15. (Demy).
7. **The Politics of Boundaries.** Pages 340. Rs. 2-8-0. (Crown).
8. **Social Insurance Legislation and Statistics.** Pages 470. Nine Charts. Rs. 8. (Demy).
9. **Imperial Preference vis-a-vis World-Economy.** Pages 172. Fifteen Charts. Rs. 5. (Royal).
10. **Indian Currency and Reserve Bank Problems.** Pages 94. Fourteen Charts. Rs. 3. (Royal).

S. C. DUTT: **Conflicting Tendencies in Indian Economic Thought.** (Sarkarism in Economics). Pages 234. Rs. 5. (Royal).

N. N. CHAUDHURY: **Pragmatism and Pioneering in Benoy Sarkar's Sociology and Economics.** Pages 152. Rs. 3. (Royal).

S. K. GHOSHAL: **Sarkarism** (The Ideas and Ideals of Benoy Sarkar on Man and His Conquests). Pages 60. Re. 1. (Royal)

S. OASS (and fourteen collaborators): **The Social and Economic Ideas of Benoy Sarkar.** Pages 680. Rs. 12. (Royal)

CHUCKERVERTTY CHATTERJEE & CO., LTD. 15 College Square, Calcutta.

জীবনযাত্রার পাথেয়

জীবনযাত্রার অনিশ্চিত পথে
জীবন বীমা মানুষের
প্রধান পাথেয়।

আমাদের গৃহ-সংসার কত আশা-উৎসাহ, কত শান্তি ও সুখের স্বপ্ন নিয়ে তৈরী! বাপ মায়ের সে স্বপ্ন বুঝি আজ রূঢ় বাস্তবের আঘাতে ভেঙ্গে যায়। তাই নিজের জন্যও যেমন তাদের দুশ্চিন্তা, ছেলেমেয়ে ও আত্মীয় পরিজনের জন্যও তেমনি তাদের উদ্বেগ ও আশঙ্কা—কি উপায়ে তাদের জীবনযাত্রা নির্ব্বাহের উপযোগী সংস্থান করে রাখা যায়। বর্ত্তমান দুর্দ্দিনে ও ভবিষ্যতের আর্থিক সঙ্কটে তারা কোন্ পাথেয় নিয়ে দাঁড়াবে?—

হিন্দুস্থানের বীমাপত্র সেই মূল্যবান পাথেয়—দুর্দ্দিনের সর্ব্বোত্তম আশ্রয়। উপার্জ্জনশীল ব্যক্তিমাত্রেরই অবিলম্বে এই পাথেয় সংগ্রহ করা উচিত।

হিন্দুস্থান কো-অপারেটিভ

ইন্‌সিওরেন্স সোসাইটি, লিমিটেড্

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস্, কলিকাতা।

NEW ECONOMIC AND SOCIOLOGICAL WORKS

Labour Legislation in British India (Pankaj Mukherjee) Rs. 3/-
Conflicting Tendencies in Indian Economic Thought (Shib Dutt) Rs. 5/-
La Politica Finanziaria Britannica in India (Dr. Moni Moulik) Rs. 5/-
The Economics and Law of Central Banking (Prof. Sachin Dutt). Ans. -/8/-
The Messages of Dante (Prof. Subodh Ghoshal). Ans. -/4/-
The Social and Economic Ideas of Benoy Sarkar, Edited by Prof. Baneswar Dass with the collaboration of Fourteen Scholars and with a Foreword by Dr. Narendra Nath Law. Rs. 12/-
Economic Dialectics (Nagen Chaudhury). Rs. 2/.
Italian Economy and Culture (Dr. Moni Moulik). Rs. 3/-
Principles of Civics, Part I. (Prof. Sachin Dutt). Re. 1-4-0
Herder's Doctrine of National Soul (Ghoshal) Ans. -/4/-

CHUCKERVERTTY CHATTERJEE & Co. Ltd.
15, College Square, Calcutta.

সূচী

বাংলার সম্পদ্ ঃ—বিক্রমপুর ব্যাঙ্ক। কলিকাতায় চুরি ডাকাতির সংখ্যা। চৌমুহনী কলেজ। বগুড়ায় চাউলের মূল্যহ্রাস। ঢাকায় চাউলের মূল্যহ্রাস। নিয়ন্ত্রিত দরে চাউল বিতরণ ব্যবস্থা। (৪৭-৪৯)

আর্থিক ভারত ঃ—সিন্ধুতে শ্রমিক-রক্ষা ব্যবস্থা। মহীশূরে সুচরা পয়সা। মহীশূরে কাপড় উৎপাদন। ভারতীয় পশম। ভারত হইতে পশমের চালান। (৫০-৫১)

চনিয়ার ধনদৌলত ঃ—চীনের চলচ্চিত্র-শিল্প: প্রাচীন ছায়া অভিনয়। প্রথম আধুনিক চলচ্চিত্র। চলচ্চিত্র শিল্পের অবস্থা। চলচ্চিত্র ইউনিওনগুলির অপলাবণ। যুদ্ধের মধ্যে চলচ্চিত্র গ্রহণ। সচল চলচ্চিত্র প্রদর্শন-কারীর দল। চীনের যুদ্ধকালীন বিদেশী বাণিজ্য। আমেরিকাকে ঋণ-পরিশোধ হিসাবে উচ্চ অঙ্কের প্রত্যার্পণ। (৫২-৫৪)

ব্যক্তি ও সঙ্ঘ ঃ—দক্ষিণ আফ্রিকায় ভারতীয়ের বিরুদ্ধে আইন। মহিলাদের জন্য খাদ্যশস্যের দোকান। বস্ত্র-নিয়ন্ত্রণের আবশ্যকতা। ভারতের বস্ত্র-সমস্যা। দক্ষিণ আফ্রিকায় ভারতীয় সমস্যা। (৫৬-৫৭)

গোলাকাৎ ঃ—প্রাক্-স্বদেশীযুগের ছাত্র-সমাজ ও সতীশ মুখোপাধ্যায় [অধ্যাপক শ্রীবিনয়কুমার সরকারের সহিত শ্রীহরিদাস মুখোপাধ্যায়ের কথোপকথন]। ৫৮

পত্রিকা-জগৎ

সমালোচনা

গ্রন্থপঞ্জী

প্রবন্ধ ঃ

(২) বিলাতী চোখে ভারতের শিল্পোন্নতি
শ্রীমন্মথনাথ সরকার, এম এ

বিনয় সরকারের বৈঠকে

(বিংশ শতাব্দীর বঙ্গ-সংস্কৃতি)

শ্রীহরিদাস মুখোপাধ্যায়

রামকৃষ্ণ-সাম্রাজ্য, বঙ্গ-বিপ্লব, স্বদেশী আন্দোলন, ডন সোসাইটির সতীশ মুখোপাধ্যায়, অরবিন্দ-দর্শন, শিল্প-বাণিজ্যে বাঙালীর প্রগতি, মজুর-আন্দোলন, মেয়েদের পুরুষ-সাজা, "অবনীন্দ্র-মণ্ডল", লাঠি-সেনাপতি পুলিন দাস, ব্রাহ্ম সমাজ, নজরুল ও অন্নদাশঙ্কর, বাঙলার বৈজ্ঞানিক, ঐতিহাসিক ও দার্শনিক গবেষকগণ, রাবীন্দ্রিক ভগবান, গল্প-রচনায় বাঙালী মেয়ের, হিন্দু-মুসলমানের ধর্ম-মিলন, গুরুসদয়ের নাচানাচি, সুরেন্দ্রনাথ হ'তে শ্যামাপ্রসাদ, ১২৮০ সনের বাঙালী ইত্যাদি বিষয়ে বিংশ শতাব্দীর বঙ্গ-সংস্কৃতি সম্বন্ধে অধ্যাপক বিনয়কুমার সরকারের সঙ্গে কথোপকথন। প্রশ্নোত্তরের আকারে লিখিত। ৪১০ পৃষ্ঠা মূল্য ৩৲

বঙ্গীয় ধনবিজ্ঞান পরিষদ্ ও বঙ্গীয় সমাজ-বিজ্ঞান পরিষদের সুধীবর্গের লিখিত কয়েকখানি গ্রন্থ

১। একালের ধনদৌলত ও অর্থশাস্ত্র (বিনয় সরকার):—প্রথম ভাগ ২।০, দ্বিতীয় ভাগ ৮৲। ২। ধনদৌলতের রূপান্তর (বিনয় সরকার) ১।০। ৩। পরিবারে, গোষ্ঠী ও রাষ্ট্র (বিনয় সরকার) ২।০। ৪। স্বদেশী আন্দোলন ও সংরক্ষণনীতি (বিনয় সরকার) ২৲। ৫। নয়া বাঙলার গোড়াপত্তন (বিনয় সরকার):—প্রথম ভাগ ২।০, দ্বিতীয় ভাগ ২৲। ৬। বাড়ন্তির পথে বাঙালী (বিনয় সরকার) ৩।০। ৭। দেশ-বিদেশের ব্যাঙ্ক (ডক্টর নরেন্দ্রনাথ লাহা ও জিতেন সেনগুপ্ত) ১৸০। ৮। টাকাকড়ি (রবি ঘোষ) ১।০। ৯। টাকার কথা (নরেন রায়) ১৲। ১০। ধনবিজ্ঞানে সাহুরেতি (শিব দত্ত) ২৲। ১১। বাংলায় ধনবিজ্ঞান (বিনয় সরকার ও অন্যান্য লেখকগণ) প্রথম ভাগ ৪।০, দ্বিতীয় ভাগ ৩৲। ১২। সমাজ-বিজ্ঞান (বিনয় সরকার ও অন্যান্য লেখকগণ) ৩৲। ১৩। মার্কিণ সমাজ ও সমস্যা (নগেন চৌধুরী) ২৲। ১৪। ফরাসী মনীষীদের প্রগতি-দর্শন (প্রফুল্ল বিশ্বাস) ৪০।

চক্রবর্ত্তী চ্যাটার্জ্জি অ্যাণ্ড কোম্পানী লিমিটেড

১৫, কলেজ স্কোয়ার, কলিকাতা

আষাঢ়—১৩৫০ আর্থিক উন্নতি ১৮শ বর্ষ—৩য় সংখ্যা

অহমস্মি সহমান উত্তরো নাম ভূম্যাম্।
অভীষাড়স্মি বিশ্বাষাড়াশামাশাং বিষাসহি ॥

অথর্ববেদ ১২।১।৫৪

পরাক্রমের মূর্ত্তি আমি,—'শ্রেষ্ঠতম' নামে আমায় জানে সবে ধরাতে;
জেতা আমি বিশ্বজয়ী,—জয় আমার দিকে দিকে বিজয়-কেতন উড়াতে।



বিক্রমপুর ব্যাঙ্ক

মুন্সীগঞ্জের খ্যাতনামা উকীল শ্রীযুক্ত অম্বিকাচরণ মুখোপাধ্যায় ও শ্রীযুক্ত সতীশচন্দ্র ভট্টাচার্য্য মহাশয়দ্বয়ের উদ্যোগে ও তত্রত্য সম্ভ্রান্ত ব্যক্তিবর্গের সহানুভূতিতে তথায় ব্যবসায়ে অর্থাদিনিয়োগের সুবিধাবিধানকল্পে দুই বৎসর পূর্ব্বে বিক্রমপুর-ব্যাঙ্ক নামে যে প্রতিষ্ঠান গঠিত হইয়া এযাবৎ কাজ করিতেছে, সংপ্রতি ঢাকেশ্বরী কটন মিলের সুযোগ্য ম্যানেজিং ডিরেক্টার শ্রীযুক্ত সূর্য্যকুমার বসু মহোদয় সমবেত বিক্রমপুরবাসিগণের অনুমোদনক্রমে এ সহরের (ঢাকা) কোর্ট হাউস ষ্ট্রীটস্থ ২৫নং ভবনে সেই ব্যাঙ্কের ঢাকা-শাখার উদ্বোধন-কার্য্য সম্পাদন করিয়াছেন। সভারম্ভে ব্যাঙ্কের ম্যানেজিং ডিরেক্টররূপে অম্বিকাবাবু সভাপতি ও সম্মিলিত সভ্যগণকে সাদরসম্ভাষণ জ্ঞাপন পূর্ব্বক ব্যাঙ্ক প্রতিষ্ঠার যে সংক্ষিপ্ত বিবরণ জ্ঞাপন করিয়াছেন, তাহাতে জানা যায়, কতিপয় বৎসর পূর্ব্বে অম্বিকাবাবু ও সতীশবাবুর যত্নে মুন্সীগঞ্জে এক লোন আফিস বা মহাজনী ব্যবসায় স্থাপিত হয়। ক্রমে উহার এরূপ উন্নতি সাধিত হইয়াছিল যে, কর্ত্তৃপক্ষ শতকরা ৫০৲ টাকা পর্য্যন্ত ডিভিডেণ্ড বা লভ্যাংশ বিতরণ করিতে সমর্থ হইয়াছিলেন; কিন্তু পরে আইনের কঠোর বিধানের অনুরূপ কার্য্যপরিচালনা সুবিধাজনক না হওয়াতে, দুই বৎসরের কিছু অধিককাল যাবৎ ঐ লোন আফিস ব্যাঙ্কে পরিবর্ত্তিত ও বিক্রমপুর-ব্যাঙ্ক নামে অভিহিত হইয়াছে। এই অল্প সময়ের মধ্যেই এই ব্যাঙ্কের কার্য্যও বিস্তৃতিলাভ করাতে, গত বৎসর শতকরা ৮৲ টাকা হিসাবে ডিভিডেণ্ড প্রদান করা সম্ভব হইয়াছে। এই সংবাদ যে বিশেষ আশাপ্রদ, সে বিষয়ে সন্দেহ নাই। সভাপতি সূর্য্যবাবু এক হৃদয়গ্রাহী সংক্ষিপ্ত বক্তৃতায় এদেশে ও বিলাতে ব্যাঙ্কস্থাপনের বিবরণ আলোচনা করিয়া দেখাইয়াছেন যে, এদেশের লোকেরা

ব্যাঙ্কের কার্য্য-পরিচালনার অযোগ্য বলিয়া যে অখ্যাতি প্রচারিত হইয়া থাকে, তাহা সম্পূর্ণ ভিত্তিহীন; বরং শ্বেতাঙ্গগণেরই একার্য্যে অনেক অধিক অযোগ্যতার পরিচয় পাওয়া গিয়া থাকে। এই উক্তি সমর্থনকল্পে সূর্য্যবাবু দেখাইয়াছেন যে, অষ্টাদশ শতাব্দীর মধ্যভাগ হইতে উনবিংশ শতাব্দীর প্রথমভাগ পর্য্যন্ত বিলাতের সহস্রাধিক ব্যাঙ্কের মধ্যে একটী ব্যতীত অপর সকলগুলিই ফেল মারিয়াছে। পক্ষান্তরে ভারতের প্রায় পৌণে চারিশত ব্যাঙ্কের মধ্যে মাত্র ২৬টী অকৃতকার্য্যতার জন্য বিনষ্ট হইয়াছে। সুতরাং এদেশবাসী ব্যাঙ্কের কার্য্য পরিচালনে কখনই অযোগ্য বলিয়া বিবেচিত হইতে পারে না। বক্তৃতান্তে সূর্য্যবাবু সকলের সমক্ষে ব্যাঙ্কের দ্বারোদ্ঘাটন করেন। অবশেষে সমবেত ব্যক্তিবর্গকে জলযোগে আপ্যায়িত করা হইয়াছে। আমরা আশা করি, বিক্রমপুরের সুসন্তানগণ এই ব্যাঙ্কের কার্য্যে সমুচিত সহানুভূতি-প্রদর্শনে বিরত হইবেন না। ঢাকায় বিভিন্ন স্থানের বহু ব্যাঙ্কের শাখাই সংস্থাপিত হইয়াছে; কিন্তু এতদিন ঢাকার নিজস্ব কোন বিশিষ্ট ব্যাঙ্ক এখানে ছিল না। ঢাকাবাসী এ বিষয় স্মরণ রাখিয়া অতঃপর তাহাদের গৌরবরক্ষায় যত্নবান হইবেন, এরূপ আশা করা অসঙ্গত নহে।

(ঢাকাপ্রকাশ)

কলিকাতায় চুরি ডাকাতির সংখ্যা

কলিকাতা পুলিশ বুলেটিনে এপ্রিল মাসে কলিকাতায় অনুষ্ঠিত নিম্নোক্ত চুরি-ডাকাতির হিসাব প্রকাশিত হইয়াছে —৩১টি পকেট মারা, ১১৯টি সিঁদেল চুরি, ৪২টি সাইকেল চুরি, ৯৯টি ভৃত্যদের দ্বারা অনুষ্ঠিত চুরির খবর পাওয়া গিয়াছে। এ পর্য্যন্ত ৪২ হাজার ৫ শত ৩২ জন গুণ্ডা ও বদমায়েসকে জেলে আটক রাখা হইয়াছে।

চৌমুহনী কলেজ

কতিপয় বিদ্যোৎসাহী অর্থশালী ব্যক্তির উদ্যোগে চৌমুহনীতে (নোয়াখালী) একটি কলেজের ভিত্তি স্থাপিত হইয়াছে। বিগত ১লা জুন বিখ্যাত শিক্ষাব্রতী ডাঃ মেঘনাদ সাহা, বহু বিশিষ্ট ব্যক্তি ও বিরাট জনতার সম্মুখে কলেজের ভিত্তি-প্রস্তর স্থাপন করেন। এই কলেজটি স্থাপিত হওয়ায় এতদঞ্চলের উচ্চ শিক্ষার্থী ছাত্রদের যে যথেষ্ট সুবিধা হইল তা বলাই বাহুল্য। (নোয়াখালী হিতৈষী)

বগুড়ায় চাউলের মূল্য-হ্রাস

বগুড়া হইতে প্রাপ্ত সংবাদে প্রকাশ যে, ৭ই জুন হইতে একপক্ষ সময় ধরিয়া গভর্ণমেণ্ট বাংলার সর্ব্বত্র খাদ্যশস্য মজুদের বিরুদ্ধে যে বিরাট অভিযান পরিচালনের সিদ্ধান্ত করিয়াছেন, বগুড়ায় ইতিমধ্যেই তাহার উদ্যোগ আয়োজন আরম্ভ হইয়াছে। বগুড়ায় ইতিমধ্যেই সরকারী সিদ্ধান্ত রীতিমত প্রভাব বিস্তার করিয়াছে। কারণ মজুতকারীরা বাড়তি মজুত ধান-চাউল বাজারে বিক্রয়ের জন্য ছাড়িতে আরম্ভ করিয়াছে। ফলে ধানের দাম মণকরা (কাঁচি) ৮৷৷০ টাকায় এবং চাউলের দাম মণকরা (কাঁচি) ১৬৲ টাকায় নামিয়াছে। অভিযানের মধ্যে এবং পরে দর আরও কমিয়া যাইবে বলিয়া আশা করা যাইতেছে। বগুড়ায় শুভলক্ষণ পরিস্ফুট; আর ইহাতে অভিযান যে সাফল্যমণ্ডিত হইবে তাহারই আভাষ পাওয়া যাইতেছে। ধান-চাউলের বর্ত্তমান দর কৃত্রিম। বাংলার খাদ্যশস্যের মোট পরিমাণের সাথে ইহার কোনই সম্পর্ক নাই এবং মজুত খাদ্যশস্য বিক্রয়ের জন্য বাজারে বাহির করিতে পারিলে এই কৃত্রিম দর আপনাআপনি ভাঙ্গিয়া পড়িবে ও হ্রাস পাইবে বলিয়া বেসরকারী সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মাননীয় সচিব যে অভিমত প্রকাশ করিয়াছেন, বগুড়ার ঘটনাবলী তাহা রীতিমত প্রমাণ করিতেছে। (বাংলার কথা)

ঢাকায় চাউলের মূল্য হ্রাস

ঢাকার ৩রা জুন তারিখের একটি সংবাদে প্রকাশ, গ্রামাঞ্চলে চাউলের অবস্থার কিছু উন্নতি হইয়াছে। গভর্ণমেণ্ট শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করিতে পারেন এই ভয়ে মজুতদারেরা বাজারে চাউল আমদানি করিতেছে বলিয়াই চাউলের দাম কমিয়াছে। নরসিংদী, ঘোড়াশাল

এবং বারমীতে চাউলের মূল্য মণকরা ৩১ টাকা হইতে হ্রাস পাইয়া যথাক্রমে ২৯৲ টাকা, ২৪৲ টাকা এবং ২০৲ টাকা হইয়াছে। ঢাকা শহরে ৫০টি আটার দোকান খুলিবার ব্যবস্থা মঞ্জুর করা হইয়াছে এবং অনুমোদিত ব্যবসায়িগণের মারফত জনসাধারণের নিকট আটা বিক্রয় করা হইতেছে। গভর্ণমেণ্ট যে খাদ্যশস্য সঙ্কট বিরোধী আন্দোলন সুরু করিয়াছেন, তাহাতে সুফল ফলিতেছে।

নিয়ন্ত্রিত দরে চাউল বিতরণ ব্যবস্থা

বরিশাল শহরে যাহাদের মাসিক আয় ২৫৲ টাকার বেশী নহে, তাহাদের পরিবারবর্গকে ১৫৲ টাকা মণ দরে চাউল সরবরাহের বন্দোবস্ত করা হইয়াছে। এই ধরণের প্রায় ৩ হাজার পরিবারের হিসাব করা হইয়াছে। রেশন কার্ড দেওয়া হইয়াছে এবং প্রত্যেক পরিবারের জন্য দুই সপ্তাহ অন্তর ৮ সের করিয়া চাউলের বরাদ্দ করা হইয়াছে।

বরিশাল জেলায় যে চাউল উদ্ধার করা হইয়াছে, তাহা হইতে বরিশাল শহরকে ২১ শত মণ ও ভোলা শহরকে ৫ শত মণ চাউল দেওয়া হইয়াছে।

বাংলা সরকার নাকি শীঘ্রই ৫ হাজার মণ চাউল বরিশালে প্রেরণ করিবেন। ইহা হইতে বরিশালে ২২ শত মণ, উত্তর সদর মহকুমায় ১ হাজার মণ, ভোলা সদরে ১ হাজার মণ, দক্ষিণ সদর মহকুমায় ৮ শত মণ দেওয়া হইবে।

(নোয়াখালী হিতৈষী)

সিন্ধুতে শ্রমিক-রক্ষা ব্যবস্থা

সিন্ধু গভর্ণমেণ্ট একটী আইন প্রণয়ন করিয়াছেন যাহাকে "শপস এণ্ড এসটাবলিসমেণ্ট এ্যাক্ট" বলা হয়। ইহার দ্বারা যত শ্রমিক ব্যবসাবাণিজ্য সংক্রান্ত প্রতিষ্ঠানের সহিত সংশ্লিষ্ট তাহাদিগকে রক্ষা করা হইবে। ঐ সব প্রতিষ্ঠানের কার্য্যারম্ভের সময় এবং কার্য্য শেষের সময় উভয়ই গভর্ণমেণ্টের নিকট পূর্ব্বাহ্নে জানাইতে হইবে এবং তদ্বিষয়ে গভর্ণমেণ্টের অনুমোদন লাভ করা চাই। যদি কোথাও শ্রমিককে অধিক সময় খাটাইবার আবশ্যক হয় তাহা হইলে অন্ততঃ ২৪ ঘণ্টা পূর্ব্বে গভর্ণমেণ্টকে জানানো আবশ্যক। এই আইনের উপযুক্ত প্রয়োগ হইতেছে কিনা তাহা পরিদর্শন করিবার জন্য এবং নিয়মিতরূপে লোকজনের সম্মুখে তাহা প্রকাশের জন্য চিফ ইনস্পেক্টর তাঁহার কার্য্যের বিবরণী পেশ করিবেন। ইনস্পেক্টরগণ খাটী পরিদর্শন করিবেন, রেজিষ্টার এবং রেকর্ড রাখিতে বাধ্য হইবেন।

মহীশূরে খুচরা পয়সা

আমাদের বাঙ্গলাদেশে যেমন হঠাৎ দেখা গেল খুচরা পয়সা কোথায় উধাও হইয়া গেল, ঠিক তেমনি দৃশ্য মহীশূরেও দেখা দিয়াছিল; কিন্তু মহীশূর গভর্ণমেণ্ট সহ টাকার খুচরা পয়সা বাহির করিয়া সেই কষ্ট বিদূরিত করিয়াছেন বলিয়া অবগত হওয়া যায়। গভর্ণমেণ্ট বিবৃতি হইতে জানা যায় যে, গত যুদ্ধের চারি বৎসরের মধ্যে (১৯১৪-১৯১৮ সনের মধ্যে) ৪ ক্রোর টাকার খুচরা পয়সা (অবশ্য আঙ্গুলি বাদে, লোকের পকেটে লুকাইয়া পড়িয়াছিল অর্থাৎ ইংরাজি ভাষায় বলিলে "এব্‌সরবড্" হইয়াছিল। কিন্তু দুর্ভাগ্যের বিষয় যে এবারের যুদ্ধে গত আড়াই বৎসরের মধ্যেই আট কোটী টাকার খুচরা পয়সা গায়েব হইয়াছে। আর কেবল ছয় মাসের মধ্যে অর্থাৎ (এপ্রিল-সেপ্টেম্বর ১৯৪২) ৩½ কোটী টাকার খুচরা পয়সা উধাও হইয়াছে।

শুধু বাঙ্গলার নয় সারা ভারতেরই এখন টাকা থেকে সিকি, দুয়ানি, আনি, মায় দুই পয়সা ও প্রতি পয়সার মায়া ভয়ানক বেশী।

মহীশূর গভর্ণমেণ্ট বলেন যুদ্ধের প্রথম তিন বৎসরের মধ্যে ১,৮০০ মিলিয়ন টাকার খুচরা মিণ্টে প্রস্তুত করিয়া বাহির করিয়াছেন। কিন্তু তাহা সত্ত্বেও অভাব! এটা মনস্তত্ত্বের দিক্ থেকে ভাববার বিষয়।

মহীশূরে কাপড় উৎপাদন

গত সেপ্টেম্বর মাসে (১৯৪২ সন) যে হারে মহীশূরের মিলে কাপড় উৎপাদন করা হইত তাহা নিম্নে দেখান গেল :—

কাপড়	সেপ্টেম্বর ১৯৪২	আগষ্ট ১৯৪২	সেপ্টেম্বর ১৯৪১	তুলনামূলকভাবে শতকরা কত পরিবর্ত্তন হইয়াছে আগষ্ট ১৯৪২	সেপ্টেম্বর ১৯৪১
পাউণ্ড (হিঃ)					
(০০০)	১,৮০৭	১,৭৮৯	২,১৪০	+১	−১৬

সেপ্টেম্বর মাসে ১৯৪২ সনে মোট কাপড় বোনা হয় ১,৮০,৭০০ পাউণ্ড এবং পূর্ব্ব আগষ্ট মাসে ঐ সংখ্যা ছিল ১,৭৮৯,০০০ পাউণ্ড মাত্র।

ভারতীয় পশম

ভারতীয় পশমকে মোটমাট তিনভাগে বিভক্ত করা যায়

যথা :—১ম মেরিনো, ২য় ক্রসব্রেড এবং ৩য় কার্পেট পশম। বিকানীর পশমই ভারতবর্ষের মধ্যে সর্ব্বাপেক্ষা উত্তম। এই পশমই জামা-কাপড়ের জন্য ব্যবহার করা যায়। তুলার সহিত তুলনা করিলে ভারতে পশমের চাহিদা কম। ইহার দুইটী কারণ। প্রথমতঃ, আমাদের দেশের জলহাওয়া যেরূপ তাহাতে পশমের কাপড় বৎসরে বেশী দিন আবশ্যক হয় না এবং দ্বিতীয় কারণ হইল আমাদের দেশের ভেড়ার যে পশম হয় তাহা "শর্ট ষ্টেপ্‌ল্"। হিসাব করিয়া জানা যায় যে, পশমের বাৎসরিক উৎপাদন ৮৭ মিলিয়ন পাউণ্ড—অবশ্য হিসাব করা হইয়াছে যে, ভেড়া-পিছু ২ পাউণ্ড পশম হয়। ভারতে পশম বাণিজ্যের প্রধান স্থান হইল পাঞ্জাব, বিশেষ করিয়া হিস্সার ডিষ্ট্রিক্ট, যুক্তপ্রদেশ, বিশেষ করিয়া গারওয়াল, আলমোরা এবং নৈনীতাল, সিন্ধুপ্রদেশ, বেলুচিস্তান এবং বিকানীর ষ্টেট। সব চেয়ে বড় পশমের বাজার হইল ফাজিলকা ও বিওয়ার। দক্ষিণ ভারতে ব্লাক ডেকান ও মাদ্রাজ প্রদেশে ও সিন্ধু, গুজরাট এবং কাথিওয়ার প্রদেশে ব্যবসার উপযোগী পশম পাওয়া যায় বলিয়া জানা গিয়াছে। ভারতীয় বাজারে অনেক পরিমাণে "ডেড্ উল্" অর্থাৎ মৃত ভেড়ার পশম কাটিয়া আনা হয়। ভেড়া কাটা হইলে তাহার পশম ছাটিয়া বিক্রয় করা হয়, ইহাকে ডেড্ উল বলে।

ভারত হইতে পশমের চালান

ভারতবর্ষজাত কতটা পশম বাহিরে রপ্তানি করা হইয়াছে এবং বিদেশ হইতে আমদানি করা কতটা পশম পুনঃরপ্তানি করা হইয়াছে তাহার হিসাব নিম্নে দেওয়া গেল :—

বৎসর	রপ্তানি	পুনঃরপ্তানি	মোট ওজন	মূল্য
	ওজন পাউণ্ড	ওজন পাউণ্ড	পাউণ্ড	পাউণ্ড
১৯১৩-১৪	৪৮,৯২২,০৬১	১০,২৪৫,৫৩৮	৫৯,১৬৭,৫৯৯	২,০০০,১৪৬
১৯১৮-১৯	৪৭,৩৭৬,১৬৩	১৫,৬৬২,০৭৬	৬৩,০৩৮,২৩৯	৪,৫৯০,১২৮
১৯১৯-২০	৩৬,৩১৯,১২৬	১৫,২৮৪,৪৯০	৫২,৩০৩,৬১৬	৩,৬৯৮,৯২৬
১৯২০-২১	২৩,০৪২,৬০৩	৮,৯৩৪,০৪৯	৩১,৯৭৬,৬৫২	২,০১৬,১২৬
১৯৩১-৩২	৪১,২৬৫,১৫৭	৯,০৬৬,৫১৬	৫০,৩৩১,৬৭৩	২,৩৫৪,৮৭৮
১৯৩২-৩৩	৩২,২৪৮,৮১৯	৩,৮৬৩,০০২	৩৬,১১১,৮২১	৯২১,৭৯৯
১৯৩৩-৩৪	৫৫,৮৮৮,৫৬৭	১০,৬১৬,৫৮১	৬৬,৫০৫,১৪৮	১,৭২২,৫৫১
১৯৩৪-৩৫	৩৪,০৭৫,২০৪	৯,৩১৩,২০২	৪০,৩৮৮,৪০৬	১,০৭৪,৪৭২
১৯৩৫-৩৬	৪৯,৩৫২,২৮৫	১১,৩৪৬,২৫১	৬০,৬৯৯,২৩৬	১,৭৮২,৫১৯

ভারতীয় পশমের প্রধান খরিদ্দার ছিল যুক্তরাজ্য, অবশ্য আমেরিকাও কিছু কিছু ভারতীয় পশম কলিকাতার বাজার হইতে সংগ্রহ করিয়াছে। জার্মাণি ও ফ্রান্স কিছু কিছু ভারতীয় পশম আমদানি করিত।

চীনের চলচ্চিত্র-শিল্প

চীনের চলচ্চিত্র-শিল্প অধিকাংশ সময়েই যুদ্ধের ভিতরে কার্য্য করে। চলচ্চিত্র অতি আধুনিক শিল্প কিন্তু বোমা হইতে নিরাপদ যুদ্ধও আরও আধুনিক। চীনের বর্ত্তমান চলচ্চিত্র-শিল্পের দিকে লক্ষ্য করিবার পূর্ব্বে দুই সহস্র বৎসর পূর্ব্বেকার চীনের দিকে নজর আকর্ষণ করিতেছি।

প্রাচীন ছায়া অভিনয়

তখন বিদ্যুতের আলো ছিল না। বাজারের প্রাঙ্গণে সন্ধ্যার সময় দুইটী বংশ-দণ্ড দ্বারা একটি সাদা পর্দা টানাইয়া দেওয়া হইত এবং ইহার পশ্চাতে একটী উজ্জ্বল তৈল প্রদীপ জ্বলিত, যাহার দ্বারা পর্দ্দাটী আলোকিত হইত। এই দৃশ্য দেখিবার জন্য ক্রমে ক্রমে জনসমাগম হইত। তাহার পর আরম্ভ হইত সঙ্গীত এবং পর্দ্দার উপরে পুতুলের (পণ্ডিত, সৈন্য এবং নারীরও) ছায়া ভাসিয়া উঠিত। এইরূপে একটী অভিনয় সম্পূর্ণ হইত। পুতুল-গুলিকে অতি পারদর্শিতার সহিত হস্ত দ্বারা নিয়ন্ত্রিত করা হইত। স্বচ্ছ রঙীন পদার্থ দ্বারা তৈয়ারী হইত বলিয়া পুতুলগুলির ছায়া জীবন্ত হইয়া উঠিত। ইহাই প্রাচীন চীনের ছায়া-অভিনয়। অদ্য আমরা ইহাকে শিশুদের উপযোগী বলিতে পারি, কিন্তু তখনকার সময় হইতে শতাব্দীর পর শতাব্দী ধরিয়া বিংশ শতাব্দীর প্রথম পর্য্যন্ত এই ছায়া-অভিনয় ও রঙ্গমঞ্চের অভিনয় চীনে জনসাধারণকে আনন্দ পরিবেষণ করিয়া আসিয়াছে। চীনারা তাহাদের এই আমোদ-ব্যবস্থার সম্বন্ধে যথেষ্ট গর্ব্ব অনুভব করিত। দুই সহস্র বৎসর পরে আজিও আমরা আধুনিকেরা সেই সমস্যার সমাধান করিবার চেষ্টা করিতেছি যাহা আমাদের পূর্ব্বপুরুষেরা সমাধান করিয়া-ছিল বলিয়া মনে করিত।

প্রথম আধুনিক চলচ্চিত্র

প্রথম চলচ্চিত্র গৃহ স্থাপিত হয় ১৯০৯ সনে সাংহাই সহরে স্পেনদেশীয় একজন ব্যক্তি দ্বারা। এই নূতন ধরণের চলচ্চিত্র চীনকে অভিভূত করিয়া দিল। চীনারা ছায়া অভিনয়কে প্রদীপ ছায়া বলিত, এক্ষণে তৈলদীপের পরিবর্ত্তে বিদ্যুতালোক ব্যবহার করিয়া আধুনিক মনো-মুগ্ধকর চলচ্চিত্রের প্রবর্ত্তন করা হইল।

ইহার পর আরও অনেক চলচ্চিত্র চীনে আনা হইয়াছে এবং ইহার মধ্যে অনেক সোভিয়েট চলচ্চিত্রও ছিল। মার্কিণ ও সোভিয়েট চলচ্চিত্র সম্বন্ধে দুইটী মতের সৃষ্টি হইল। একদল বলিল গম্ভীর বিষয় লইয়া রচিত সোভিয়েট চলচ্চিত্র চলচ্চিত্র কলার শ্রেষ্ঠ নিদর্শন। অন্য দল বলিল যেহেতু চলচ্চিত্রের উদ্দেশ্যই হইতেছে চিত্ত-বিনোদন করা, তাই মার্কিণ চলচ্চিত্র হাল্‌কা হাস্যরস পরিবেশনের জন্য সকলের নিকট প্রিয়।

১৯২১ সনে জাপান মাঞ্চুরিয়া আক্রমণ করিল। এই অন্যায় আক্রমণে উত্তেজিত হইয়া চীনের জাতীয়তাবোধ ভীষণভাবে প্রজ্বলিত হইয়া উঠিল এবং চলচ্চিত্র জগতে ইহার প্রতিধ্বনি পাওয়া গেল। চীনে ঐ সময়কার প্রস্তুত চলচ্চিত্রগুলিতে এক ধারে অন্যায় আক্রমণ প্রতিরোধকল্পে

চীনাদের তেজস্বিতা ও অস্ত্র ধারে সমস্ত দেশকে নূতনভাবে গড়িয়া তুলিবার আকাঙ্ক্ষা প্রতিফলিত হয়। ঐ সময়কার দুইটী চিত্র "বীরত্বের সঙ্গীত" ও "জীবনের পথ" বিশেষভাবে উল্লেখযোগ্য। শাংহাইয়ে এই দুইটী চিত্র অবিরাম দুই মাস ধরিয়া প্রদর্শন করা হইয়াছিল।

চলচ্চিত্র শিল্পের আরম্ভ

সবাক চিত্র প্রচলিত হইবার পূর্ব্বে চীনে প্রায় কুড়িটী চলচ্চিত্র প্রস্তুত করিবার প্রতিষ্ঠান ছিল। সবাক চিত্র প্রচলিত হইবার সঙ্গে সঙ্গে প্রতিষ্ঠানগুলি একত্রে মিশিয়া গিয়া পাঁচটীতে দাঁড়াইল এবং অনেক স্বাধীন প্রযোজক ইহাদের সংস্পর্শে থাকিয়া প্রযোজনা করিতে লাগিল। ১৯৩৩ সনে চীন সরকার কতকগুলি ষ্টুডিও স্থাপন করিলেন এবং দর্শনেন্দ্রিয়ের সাহায্যে শিক্ষা বিস্তার করিবার জন্যও শিক্ষা-দপ্তর কর্ত্তৃক একটী কমিটি স্থাপিত হইল।

১৯৩৭ সনে যুদ্ধ বাধিবার পূর্ব্বে চীনে ৩৭৫টী সিনেমা গৃহ ছিল, উহাদের অধিকাংশই উপকূলস্থ সহরগুলিতে অবস্থিত ছিল। ১৯৩৬ সনে সিনেমা অভ্যন্তরেও প্রসার লাভ করিতে আরম্ভ করিল এবং সেই বছর প্রায় ১০০টী সিনেমা-গৃহ খোলা হইয়াছিল; সেই সঙ্গে শিক্ষা বিভাগও ১৬ মিলিমিটার নির্ব্বাক-চিত্রের বহুল প্রচার করিলেন। দেশের বিভিন্ন স্থানে প্রায় ২০০টী ১৬ মিলিমিটার চলচ্চিত্র যন্ত্র স্থাপিত হইল। সামরিক কার্য্যকলাপ কমিশনের রাজনৈতিক বিভাগও সৈন্যদের জন্য এবং যে যে গ্রামে ও সহরে সৈন্য সমাবেশ করা হইয়াছিল সেই সকল স্থানের অধিবাসীদের জন্য সচল চলচ্চিত্র দলের সংগঠন করিলেন।

চিত্র প্রস্তুত করিবার জন্য চলচ্চিত্র কোম্পানীগুলি প্রায়ই মার্কিণ যুক্তরাষ্ট্র হইতে বিদেশী ক্যামেরা আমদানি করিত, কিন্তু ছোটখাট প্রয়োজনীয় জিনিষগুলি ষ্টুডিওগুলির কর্ম্মশালায় প্রস্তুত করা হইত। ১৯৪১ সনে একটী রেকর্ড করিবার যন্ত্র আবিষ্কার করা হয়। ১৯৩৫ সনে সেন্ট্রাল ষ্টুডিওর অনেক ইঞ্জিনীয়ার ফিল্ম ডেভেলপ্ করিবার জন্য একটী যন্ত্রের আবিষ্কার করেন। হ্যানকাওয়ের চীনা ফিল্ম ষ্টুডিও অতি আধুনিক প্রকারের একটী সাউণ্ড ষ্টুডিও স্থাপন করেন। সংবাদ পাওয়া গিয়াছে যে জাপানীরা ঐ সাউণ্ড ষ্টুডিওগুলিকে অশ্বশালা হিসাবে ব্যবহার করিতেছে। সৌন্দর্য্য-জ্ঞানহীন বিকৃতরুচি জাপানী সামরিক কর্ত্তৃপক্ষের এইরূপ আচরণ মোটেই আশ্চর্য্যজনক নয়।

চলচ্চিত্র ষ্টুডিওগুলির অপসারণ

১৯৩৭ সনের শেষে চীনা সৈন্যেরা তিন মাস ধরিয়া আক্রমণকারী জাপানী সৈন্যদের প্রচণ্ড আঘাত সহ্য করিয়া অবশেষে শাংহাই হইতে অপসারণ করিতে আরম্ভ করিল। এই অপসারণের ফলে যে যাত্রা সুরু হইল তাহা ইতিহাসে চিরস্মরণীয় হইয়া থাকিবে। ধীর ও স্থির ভাবে মনুষ্যস্রোত পশ্চিমে প্রথমে স্যানকিঙ, তাহার পর উহু ও হ্যানকাওয়ে আসিয়া পৌঁছিল। এই আগন্তুকদের মধ্যে ছিল বহু প্রযোজক, ডিরেক্টর, লেখক, অভিনেতা, অভিনেত্রী এবং শিল্পী ও চলচ্চিত্র শিল্পের ১৫০০ জন কর্ম্মী। তাহারা সকলেই সরকারী ষ্টুডিওতে যোগদান করিল। ইহাদের মধ্যে একটী প্রতিষ্ঠান—চায়না ফিল্ম ষ্টুডিও—চার মাসে ১১টী বড় এবং ৪০টী ছোট ছোট বিষয় লইয়া ছবি প্রস্তুত করিয়াছিল।

১৯৩৮ সনে হ্যানকাও বিপদাপন্ন হইলে সর্ব্বশেষ যাত্রা সুরু হইল চুংকিঙ অভিমুখে। তিন মাস পূর্ব্ব হইতে চায়না ফিল্ম ষ্টুডিও তাহাদের দ্বাবতীয় সাজসরঞ্জাম চুংকিঙে লইয়া যাইবার জন্য প্রস্তুত হইয়াছিল এবং স্থানান্তরযোগ্য বস্তুগুলি একে একে ইয়াংট্‌সি নদী দিয়া নৌকা ও ষ্টীমার করিয়া চুংকিঙে লইয়া আসা হইল।

সুড়ঙ্গের মধ্যে চলচ্চিত্র গ্রহণ

চীনের চলচ্চিত্র-শিল্প চুংকিঙে আসিয়া সুড়ঙ্গের মধ্যে প্রবেশ করিল। প্রয়োজনের খাতিরেই ইহাকে সুড়ঙ্গে প্রবেশ করিতে হইয়াছিল, কোন চমকপ্রদ ফলাফল সৃষ্টি করিবার জন্য নয়। যদি এক ঘণ্টার মধ্যে বর্ব্বর জাপানীদের বোমার আঘাতে সমস্ত ধ্বংস হইয়া যাইত তবে

চলচ্চিত্র প্রস্তুত করিবার জন্য যে কষ্ট ও কৃচ্ছ্রতা ভোগ করিতে হইয়াছে তাহা সবই নিরর্থক হইত।

এই অদ্ভুত স্থানে প্রতিষ্ঠিত চলচ্চিত্র-শিল্পগুলির কার্য্যকলাপ লক্ষ্য করিবার মতন। অবশ্য সমস্ত কার্য্যই সুড়ঙ্গের ভিতরে করিতে হয় না। শব্দযন্ত্র ও শব্দমঞ্চগুলি সাধারণতঃ উপরেই থাকে। রাসায়নিক পরীক্ষাগার, সম্পাদনা কার্য্য ও ভাণ্ডারের জন্য সুড়ঙ্গের ভিতর প্রকোষ্ঠ নির্ম্মাণ করা হইয়াছে এবং স্থানে স্থানে এই প্রকোষ্ঠগুলি মাটীর ৩০ ফুট নীচে অবস্থিত। বিমানাক্রমণের সঙ্কেতধ্বনি বাজিয়া উঠিলেই সমস্ত জিনিষ সুড়ঙ্গের ভিতরে লইয়া যাওয়া হয়, এবং সে স্থানেও কার্য্য অব্যাহত রাখা হয়।

একটী বড় ভাবনার বিষয় হইতেছে অভিনয় মঞ্চগুলি জাপানী বিমানাঘাতে বিনষ্ট হইবার সম্ভাবনা; সর্ব্বাপেক্ষা সমস্যা হয় জল সরবরাহের নলগুলি বিনষ্ট হইলে। চুংকিং সহরের সর্ব্বোচ্চ স্থানে চায়না ফিল্ম ষ্টুডিও অবস্থিত। বিদ্যুৎ সরবরাহ বন্ধ হইয়া গেলে নিজেদের বিদ্যুৎ সরবরাহ যন্ত্র হইতে বিদ্যুৎ লওয়া হয়, কিন্তু জলের সরবরাহ বন্ধ হইয়া গেলে অসুবিধার অন্ত থাকে না।

চুংকিংএ বর্ত্তমানে তিনটী ষ্টুডিও আছে, চায়না ফিল্ম ষ্টুডিও, সেণ্ট্রাল ফিল্ম ষ্টুডিও ও শিক্ষা-বিষয়ক ফিল্ম ষ্টুডিও। প্রথমোক্ত ষ্টুডিওটীতে ৭০০ জন কর্ম্মচারী আছে এবং ইহা প্রধানতঃ সামরিক শিক্ষা-সংক্রান্ত ব্যাপার লইয়া কার্য্য করে। তিনটী ফিল্ম ষ্টুডিও একত্রে বৎসরে ২০টী বড়, ৮০টী ছোট ও শিক্ষা-সংক্রান্ত ফিল্ম প্রস্তুত করে। যান-বাহনের অসুবিধার জন্য চলচ্চিত্র উৎপাদন-কার্য্য বিশেষ ব্যাহত হইয়াছে। কারণ প্রায় সমস্ত ফিল্মই আমেরিকা হইতে আমদানি করা হয়।

সচল চলচ্চিত্র প্রদর্শনকারীর দল

এইসকল ফিল্ম লইয়া কি করা হয়? স্বাধীন চীনে ১১২টী অভিনয় গৃহ আছে। যুদ্ধের পূর্ব্বে ৩৭৫টী ছিল। বিমানাক্রমণের সময় তাহাদের প্রোজেক্টর বা প্রক্ষেপণ যন্ত্রগুলিকে নিরাপদে রাখিবার জন্য এই অভিনয় গৃহগুলির নিজেদের সুড়ঙ্গ আছে। কোন কোন অভিনয় গৃহের বিদ্যুৎ সরবরাহের জন্য নিজেদের জেনারেটরও আছে, পাছে বিমানাক্রমণের জন্য হঠাৎ সাধারণ বিদ্যুৎ সরবরাহ বন্ধ হইয়া যায় এই আশঙ্কায়। চীনে প্রস্তুত চলচ্চিত্র ছাড়া এই অভিনয় গৃহগুলিতে মার্কিণ ও রুশ ছবিও দেখান হয়।

অভিনয় গৃহগুলি ছাড়া সামরিক কার্য্যকলাপ কমিশনের রাজনৈতিক বিভাগের চলচ্চিত্র-শাখা চীনের বিভিন্ন অঞ্চলের অধিবাসীদের এবং যুদ্ধ-সীমার নিকটবর্ত্তী গ্রাম-গুলির সৈন্য ও কৃষকদের চলচ্চিত্রের সাহায্যে আমোদ ও শিক্ষা দিবার জন্য পরিভ্রমণ করিয়া বেড়ায়। প্রত্যেক শাখার সহিত একজন ক্যাপ্টেন, দুইজন প্রক্ষেপক, দুইজন বিজলী মিস্ত্রী এবং চারিজন বাহক থাকে।

একটী শাখার ভারপ্রাপ্ত ক্যাপ্টেনের বিবরণীতে প্রকাশ যে, তাহার শাখা ১৯৪০ সালের জানুয়ারী মাসে যাত্রা সুরু করিয়া ৭ মাসের মধ্যে চুংকিং হইতে ভিতর মঙ্গোলিয়া পর্য্যন্ত ৩০০ মাইল পথ অতিক্রম করে এবং ১৫ লক্ষ লোককে চলচ্চিত্র প্রদর্শন করে। তাহারা উট এবং গাড়ীতে করিয়া ভ্রমণ করে, সময়ে সময়ে তাহাদের হাঁটিতেও হয়। একবার তাহারা মরুভূমিতে পথ হারাইয়া ফেলে, কিন্তু অন্য একদল ভ্রমণকারীর পদচিহ্ন অনুসরণ করিয়া মরুভূমি হইতে বাহির হইতে সক্ষম হয়।

এই লোকগুলির কষ্ট ও পরিশ্রম যথেষ্ট পুরস্কৃতও হইয়াছে। ভিতর মঙ্গোলিয়াতে তাহারা একদল লোককে চলচ্চিত্র প্রদর্শন করে যাহারা পূর্ব্বে কখনও তাহা দেখে নাই। এই অদ্ভুত ও চিত্তাকর্ষক দৃশ্য দেখিয়া লোকগুলি এত আনন্দিত হয় যে, তাহারা চলচ্চিত্র প্রদর্শনকারীদের উদ্দেশ্যে একটী সঙ্গীত রচনা করিয়া দেয়। সঙ্গীতটীর নাম হইতেছে "ধ্বংস জাপানীদের নিপাত হউক"।

সাজসরঞ্জাম ও ফিল্মের অভাব সত্ত্বেও এই শাখাগুলি অতি আশ্চর্য্যজনক কার্য্য করিয়াছে। সপ্তম সচল শাখাটী জাপানী সীমান্তের পশ্চাতে যাইয়া গ্রামের চীনা অধি-বাসীদের বহু চলচ্চিত্র প্রদর্শন করে। জাপানীদের ধারণা ছিল যে গ্রামগুলি তাহাদের কর্ত্তৃত্বাধীনে আছে। "চায়না ফিল্ম ষ্টুডিওর" দেওয়ালে এই শ্লোগান লিখিত আছে—

"স্মরণ রাখিও এক ফুট ফিল্ম ঠিক মত ব্যবহৃত হইলে উহা শত্রুর বিরুদ্ধে প্রক্ষিপ্ত একটী বুলেটের সমান মারাত্মক হয়।"

ইহাই চীনা চলচ্চিত্র-শিল্পের সংক্ষিপ্ত কাহিনী। মার্কিণ চলচ্চিত্র শিল্পের তুলনায় ইহা অতি অকিঞ্চিৎকর। চীনা চলচ্চিত্র শিল্পকে বড় হইতে এবং শিক্ষা লাভ করিতে হইবে। শিক্ষা ও সংস্কৃতির জন্য চলচ্চিত্র একটী কার্যকরী শক্তি এবং আন্তর্জাতিক বোঝাপড়া ও শুভেচ্ছার পক্ষে ইহা একটি অপরিহার্য্য উপায়।

(চীনবার্ত্তা)

চীনের যুদ্ধকালীন বিদেশী বাণিজ্য

১৯৩৮ সনের অক্টোবর মাস হইতে ১৯৪১ সনের সেপ্টেম্বর মাস পর্য্যন্ত বিদেশ হইতে চীনে যে যে দ্রব্য ক্রীত হইয়াছে তাহা নিম্নের তালিকায় দেখান হইল :

দ্রব্যাদির তালিকা	মাপ	(চীনা ক্যাশন্যাল ডলার)
উড অয়েল	কুইনটল	১,২৯৮,৪২৯·৩২
চা	কুইনটল	৬৪৫,০৮৬·৭৯
	পিসেস	১৮৭,৬০০·
ব্রিসল্‌স্‌	কুইনটল	৩০,৭৮৭·৭৮
কাঁচা রেশম ও রেশম কোকুন	প্যাকেট	১,৪২৫
	কুইনটল	
উল এবং হেয়ার	প্যাকেট	৬২
	কুইনটল	১৮,২৭৮·৩৬
চামড়া, লোম এবং ছাল (স্কিন)	স্কোয়ার ফুট	১৩৩,৬০৬·৪৪
	পিস	৬,৪৩০,৭৭১
রেমিচ	কুইনটল	১৪,৩৫২·৩৭
		(ডলার)
উড অয়েল		১২১,৯৮১,৫৩৭·৮১
চা		১১৪,৭৪৪,৫৬৫·৫২
ব্রিসল্‌স্‌		৬৬,০০৪,৪৩৩·০৬
কাঁচা সিল্ক এবং সিল্ক কোকুন		৫৪,১০৪,৮৮১·৫০
উল এবং হেয়ার		৩২,১২৯,৬১৪·৫৮
চামড়া, লোম ও ছাল (স্কিন)		১৮,২২৫,৯৫৬·৭৩
বিভিন্ন দ্রব্যাদি		৮,৮৪২,১৬০·৩১

(ক) দ্রব্যের মূল্য যাহা দেওয়া হইল তাহা ক্রয় করার মূল্য।

আমেরিকাকে ঋণ-পরিশোধ হিসাবে উড্‌ অয়েল প্রত্যর্পণ

(১৯৩৯-১৯৪১)

বৎসর	কত পরিমাণ প্রদান করা হইয়াছে	মূল্য (আমেরিকান ডলার)
	১৪,২২৫·৯১ (শর্ট টন)	৫,৭৫৩,৪০৮·৮৪
	২৪,২০০·০০	১১,৯৫৭,৮৬০·৫৭
	১৪,৪২৮·২৪	৯,৫১৯,৪৫১·৯০
মোট	৫২,৮৫৫·১৫	২৭,২৩০,৭২১·৩১

দক্ষিণ আফ্রিকায় ভারতীয়ের বিরুদ্ধে আইন

ভারতীয়দের নেটাল ও ট্রান্সভালে জমি ক্রয় নিষেধ করিয়া দক্ষিণ আফ্রিকার পরিষদে যে বিল উত্থাপিত হইয়াছিল তাহা চূড়ান্তভাবে গৃহীত হইয়াছে।

স্বরাষ্ট্র সচিব মিঃ হরেল্ড দক্ষিণ আফ্রিকা পরিষদে ভারতীয় বিলের তৃতীয় দফা আলোচনার প্রস্তাব উত্থাপন করেন। বিরোধী দলের নেতা ডক্টর মালান বলেন যে, বিরোধী দল এ বিলে হতাশ হইয়া থাকিলেও বিলটি সমর্থন করিবেন এবং এর পক্ষে ভোট দিবেন। সামরিক আইন করিয়া এ সমস্যার কোন সমাধান হইবে না; বরঞ্চ অবস্থা আরো মন্দ হইয়া দাঁড়াইবে। একথা বলা সত্য নয় যে, শ্বেতাঙ্গরা ভারতীয়দের কাছে ভয়ের কারণ হইয়া দাঁড়াইয়াছে, ভারতীয়েরাই বরং শ্বেতাঙ্গদের নিকট ভয়ের কারণ হইয়া উঠিয়াছে। শ্বেতাঙ্গরা কচিৎ ভারতীয় পল্লীর নিকটবর্তী স্থানে জমি কিনে; আর তা করিলেও তাতে জমির মূল্যের কোন ইতর-বিশেষ হয় না। দেশীয় প্রতিনিধি মিঃ ডি, বি, মণ্টেগো বলেন যে, একমাত্র দক্ষিণ আফ্রিকাতেই বিপ্র জাতি বাস করে না, এবং সেখানেই খালি সংখ্যালঘু সম্প্রদায়ের সমস্যা বিরাজমান নয়। দুনিয়ায় এমন দেশ নাই যেখানে বিভিন্ন জাতির লোকদের সাধারণ কর্মতৎপরতা ব্যাহত করিবার উদ্দেশ্যে এমন নির্দিষ্ট স্বতন্ত্রীকরণ আইন হইয়াছে। এর জন্য দক্ষিণ আফ্রিকাকে অনুশোচনা করিতে হইবে। ঔপনিবেশিক দলের মিঃ হে, এস মারবিক বলেন যে, আগামী আগষ্টে সাধারণ নির্বাচন হইয়া গেলেই ভারতীয়দের অনধিকার প্রবেশ সম্পর্কে দৃঢ় হস্তে ব্যবস্থা অবলম্বন করিতে হইবে।

মিসেস বালিঙ্গার বিলের বিরোধিতা করিয়া বক্তৃতা করেন।

মহিলাদের জন্য খাদ্যশস্যের দোকান

অ-সাময়িক সরবরাহ বিভাগ হতে নিম্নোক্ত প্রেসনোট প্রকাশিত হয়েছে—একমাত্র মেয়েদের নিকট চাল বিক্রয়ের উদ্দেশ্যে কলিকাতায় ৫টি পরীক্ষামূলক খাদ্যশস্যের দোকান খোলা হয়েছে। আর কয়েকদিনের ভেতরই আর একটি দোকান খোলা হবে। এই দোকানগুলি বস্তী এলাকার নিকট খোলা হয়েছে। এতে প্রত্যেক ক্রেতার নিকট বাঁধা দরে দু'সের করে চাল বিক্রী হয়ে থাকে এবং মহিলা ওয়ার্ডেনরা এর তদ্বির করেন। ৭৩ হাজরা রোড, ১০৩এ, বাসবিহারী এভিনিউ, ৬, গোরাচাঁদ রোড, ১২।১এ পাটওয়ার বাগান লেন (মীরজাপুর), ২২।১ গান ফাউণ্ড্রি রোড (কাশীপুর) এই সব স্থানে উপরোক্ত দোকানগুলো খোলা হয়েছে; অপর দোকানটি ৪০।১ টালিগঞ্জ রোডে খোলা হবে।

বস্ত্রমূল্য-নিয়ন্ত্রণের আবশ্যকতা

বস্ত্রের মূল্য-নিয়ন্ত্রণের জন্য অবিলম্বে ব্যবস্থা অবলম্বন করতে গবর্ণমেণ্টকে অনুরোধ করে ভারতের কয়েকজন বিশিষ্ট ব্যক্তি একটি বিবৃতি দিয়েছেন। এই বিবৃতিতে পণ্ডিত মদনমোহন মালব্য, শ্রীযুক্ত সি, বিজয়রাঘব আচারী, এম, এস, আনে, স্যার বিশ্বেশ্বরায়ার, স্যার চিমন লাল শিতল-বাদ, মিঃ জয়াকার, এন, সি কেলকর, স্যার গোকুল চাঁদ নারাং, গোবিন্দলাল সিংলাল মতিলাল, পণ্ডিত রাধাকান্ত মালব্য এবং নারায়ণ লাল বংশীলাল স্বাক্ষর

করেছেন। বিবৃতিতে বলা হয়েছে—বর্তমান যুদ্ধের ফলে জনসাধারণকে নানাপ্রকার দুরবস্থার মধ্যে প'ড়তে হ'য়েছে। বহু সমস্যাই দেখা দিয়েছে। সাধারণ অবস্থার লোক ন্যায়সঙ্গত মূল্যে জীবন ধারণের অত্যাবশ্যক জিনিষগুলিও যথেষ্ট পরিমাণে সংগ্রহ ক'রতে পারছে না। এটিই হচ্ছে তাদের কাছে সবচাইতে কঠিন সমস্যা। খাদ্যদ্রব্যের পরেই সর্বাপেক্ষা প্রয়োজনীয় জিনিষ হচ্ছে কাপড়। বিভিন্ন বাজার থেকে প্রাপ্ত সংবাদে দেখা যায় যে, বস্ত্রের মূল্য ক্রমশই বেড়ে চ'লেছে। মধ্যবিত্ত ও দরিদ্র শ্রেণীর লোকদের সাধারণতঃ যেসমস্ত কাপড়ের প্রয়োজন হয় তার দামও বহুগুণ বৃদ্ধি পেয়েছে। নিম্নের তালিকা থেকেই মূল্যবৃদ্ধির পরিমাণ কতকটা অনুমান করা যাবে :—

	১৯৩৯	১৯৪২	১৯৪৩
লংক্লথ প্রতি পাউণ্ড	৸৬	১৵১০	২।৬
শার্টিং ,,	৸৫	১/১	২।৵৩
রঙীণ কাপড় ,,	৸২	২/০	২।/০
ধুতি	।/৬	১৵০	২৸/০
চাদর	৸৯	১৶২	২।৩
মোটা কাপড় ,,	।৶৬	১/০	২।/০

এর পরেও এই সমস্ত কাপড়ের মূল্য অন্তত প্রতি পাউণ্ডে এক টাকা বৃদ্ধি পেয়েছে। সাধারণ লোকে পূর্বে যে কাপড় ২৲ টাকায় পেত তা এখন ১১৲ টাকায় বিক্রী হ'চ্ছে। অতিলোভী ব্যবসায়ীদের হাত থেকে জনসাধারণকে রক্ষা করবার জন্য গবর্ণমেণ্টের উচিত অবিলম্বে ব্যবস্থা অবলম্বন করা। কাপড়ের মূল্য নির্দ্দিষ্ট করে দেওয়া প্রয়োজন। মাদ্রাজ সরকারের ন্যায় সুতার উৎপাদন ও বিক্রয় নিয়ন্ত্রণ করাও একান্ত দরকার। বর্তমান সময়ে অতি-লোভী ব্যবসায়ীদের প্রতি কোনপ্রকার করুণা প্রদর্শন করা যুক্তিসঙ্গত হবে না। জনসাধারণের দুর্দশা মোচনের জন্য ব্যবস্থা অবলম্বন করতে হবে। (এ পি)

ভারতের বস্ত্র-সমস্যা

সম্প্রতি শিল্প ও অসামরিক সরবরাহ বিভাগের একটি বিজ্ঞপ্তিতে ট্যাওার্ড কাপড়ের সন্তোষজনক বণ্টন ব্যবস্থা সম্পর্কে পরিকল্পনা রচিত হচ্ছে বলে জানানো হয়েছে। আরো বলা হয়েছে যে প্রাদেশিক সরকার ও দেশীয় রাজ্যগুলির সঙ্গে এই পরিকল্পনা সম্পর্কে আলোচনা করা হবে। নয়াদিল্লীতে স্যার আজিজুল হকের সভাপতিত্বে এই সম্মেলনের অধিবেশন হবে। জানা গেছে যে প্রস্তাবিত পরিকল্পনা সম্পর্কে মোটামুটিভাবে সকলেই একমত হয়েছেন। শিল্প ও অসামরিক সরবরাহ বিভাগ এখন কালক্ষেপ না করে এই পরিকল্পনাকে কার্য্যে পরিণত করতে চেষ্টা করবেন।

দক্ষিণ আফ্রিকায় ভারতীয় সমস্যা

দক্ষিণ আফ্রিকায় ভারতীয় বিরোধী বিল পাশ হবার ফলে যে পরিস্থিতির সৃষ্টি হয়েছে সে সম্পর্কে আলোচনা করবার জন্য বহির্ভারতীয় সচিব ডাঃ এন বি খারে জুলাই মাসের প্রথম দিকে বিশিষ্ট ভারতীয়দের এক সম্মেলন আহ্বান করেছেন। এঁদের মধ্যে রাইট অনারেবল শ্রীনিবাস শাস্ত্রী, ডাঃ এস আর জয়াকর, পণ্ডিত এইচ এন কুঞ্জরু, স্যার পুরুষোত্তমদাস ঠাকুরদাস, স্যার জগদীশ প্রসাদ, মিঃ জিন্না, মিঃ ভুলাভাই দেশাই, বীর সাভারকর, মাষ্টার তারাসিং প্রভৃতি আছেন।

প্রাক-স্বদেশীযুগের ছাত্র-সমাজ ও সতীশ মুখোপাধ্যায়

[অধ্যাপক শ্রীবিনয়কুমার সরকারের সহিত শ্রীহরিদাস মুখোপাধ্যায়ের কথোপকথন]

প্রঃ—কল্‌কাতার কলেজের ছাত্ররা ডন সোসাইটির সভ্য হ'তো কিসের জন্য? এতে তাদের কি লাভ হ'তো?

উঃ—বলা মুস্কিল। বোধ হয় কেউ-কেউ ভাব্‌ত যে ইংরেজি লেখার অভ্যাসটা ভাল। তাতে পরীক্ষায় পাশের সুবিধা হবে। হয়ত অনেকের চিন্তায় সতীশ বাবু ছিলেন যেন বিনা পয়সায় প্রাইভেট মাষ্টার গোছের লোক। ছেলেরা নিজেদের ভেতর এই সম্বন্ধে কি বলাবলি ক'র্‌ত আজকাল মনে পড়্‌ছে না।

:—এই স্বার্থ ছাড়া আর কোন মতলব ছেলেদের ছিল না?

উঃ—ভায়া, আর তো কিছু চোখের সাম্‌নে দেখ্‌তে পাচ্ছি না। একটা কথা মনে হচ্ছে। তখনকার দিনে কল্‌কাতায় ছেলেদের জন্য আড্ডা, মজলিশ, সভা, বৈঠক, ক্লাব ইত্যাদি প্রতিষ্ঠান ছিল না বল্‌লেই চলে। হষ্টেল আর মেসগুলাই ছিল গুলতানের একমাত্র কেন্দ্র। চায়ের দোকানও সেকালে ছিল না। কাফে, রেস্টরাঁ ইত্যাদির নমুনা দেখা দিয়েছে ১৯২০ সনের পর। স্বদেশী যুগে চা-যোগের সবে-মাত্র অ-আ-ক-খ। সেকালে হিন্দু হষ্টেলে শ'-আড়াই ছেলের ভেতর বোধহয় মাত্র পঁচিশ জনও চা-খোর ছিল কিনা সন্দেহ। ঘটনাচক্রে এই অধম তাদের অন্যতম। আমার বন্ধু অর্থশাস্ত্রী নরেশ ঘোষ এই বিষয়ে আমার গুরু। যাক্।

প্রঃ—কল্‌কাতায় ছেলেদের কোনো সাংস্কৃতিক প্রতিষ্ঠান ছিল না?

উঃ—সার্ব্বজনিক বক্তৃতা, রাষ্ট্রিক আন্দোলন, মজুর-প্রীতি, সাংস্কৃতিক বাক-বিতণ্ডা ইত্যাদি অনুষ্ঠান সেকালে বড়-একটা দেখা দেয়নি। ইউনিভার্সিটি ইনষ্টিটিউট ছিল একমাত্র প্রতিষ্ঠান। কলেজের ছেলেদের সার্ব্বজনিক জীবন এইখানে পুষ্ট হ'তো। এইটাই যাহ'ক কিছু-টিংটিং কর্‌ত। আজকাল এই আড্ডার কাজকর্ম্ম নানাদিকে বেড়ে গেছে। তখনকার কল্‌কাতার আবহাওয়ায় ডন সোসাইটিতে ছেলেরা বোধ হয় যৌবন-বিকাশের কিঞ্চিৎ-কিছু সুযোগ পেত। যৌবন-শক্তির কেন্দ্র হিসাবে হয়ত বা অজ্ঞাতসারেই ডন সোসাইটি ছেলেদেরকে খানিকটা টেনে আন্‌ত। একটা সাংস্কৃতিক অভাব পূর্ণ হয়েছিল বল্‌তে পারি।

প্রঃ—ডন সোসাইটি ছাত্রদের সার্ব্বজনিক জীবন-বিকাশের সুযোগ জোগাত কি উপায়ে?

উঃ—বছর চল্লিশ আগেকার অবস্থা আজ আমাকে বিশ্লেষণ ক'র্‌তে বল্‌ছিস। এসব আগে কখনো ভেবে দেখিনি। যারা ডন সোসাইটির সভ্য ছিল তাদের কাউকে-কাউকে জিজ্ঞেস ক'রে দেখিস্। হয়ত নতুন-নতুন বিশ্লেষণ পেতে পার্‌বি। আসল

কথা,—প্রত্যেক জিনিষের জন্যই একসঙ্গে নানা লোকের কাছে খবর নেওয়া ভাল। ভিন্ন-ভিন্ন চোখের "দেখা-শুনা" ভিন্ন-ভিন্ন রকমের হয়।

:—ডন সোসাইটির সভ্যদের ভেতর আজকাল কে কোথায় কি কর্‌ছেন বল্‌তে পারেন?

উঃ—ডন সোসাইটি চ'লেছিল ১৯০২ হইতে ১৯০৬ পর্য্যন্ত। ১৯০৪-০৬ সনে বঙ্গ-বিপ্লব সুরু হয়। সেই বঙ্গ-বিপ্লবের অন্যতম আত্মিক শক্তি ছিল ডন সোসাইটির চিন্তা ও কর্ম্মরাশি। তাকেই আমি বলি "সতীশ-মণ্ডল"। ১৯০৬ সনে জাতীয় শিক্ষা-পরিষৎ কায়েম হয়। ডন সোসাটির সতীশবাবু আর তাঁর পেটোআ বা চেলারাই এই শিক্ষা-পরিষদের প্রধানতম ধুরন্ধর বা ভারবাহী কর্ম্মকর্ত্তা ছিলেন। জাতীয় শিক্ষা-পরিষৎ প্রতিষ্ঠিত হবার সঙ্গে-সঙ্গেই ডন সোসাইটির কাজ শেষ হ'য়ে যায়। পরিষৎও প্রতিষ্ঠিত হ'ল আর ডন সোসাইটির স্বতন্ত্র অস্তিত্বও লোপ পেল। বলা যেতে পারে যে, সোসাইটি চলেছিল প্রায় সাড়ে তিন বা চার বৎসর। এই সময়ের ভেতর শ' দু'-তিনেক যুবা সতীশবাবুর তদ্‌বিরে "স্বদেশ-নিষ্ঠা" ও স্বার্থ-ত্যাগের বাণী শুনেছে।

:—এই শ' দু'-তিনেকের কয়েকজনের নাম ক'র্‌তে পারেন?

উঃ—বয়স হিসাবে সবচেয়ে বড় ছিলেন হারাণচন্দ্র চাকলা-দার। তিনি শেষ বয়সে কলিকাতা বিশ্ববিদ্যালয়ে নৃতত্ত্ববিদ্যার অধ্যাপক হন। তাঁর সঙ্গে দেখা কর্‌তে পারিস্। বয়স হিসাবে পরবর্ত্তী অগ্রণী ঐতিহাসিক অধ্যাপক রাধাকুমুদ মুখোপাধ্যায়। তারপর হচ্ছেন সাহিত্য-শাস্ত্রী রবীন্দ্রনারায়ণ ঘোষ। তিনি রিপন কলেজের প্রিন্সিপ্যাল। এঁর সঙ্গে কথা বল্‌লে অনেক-কিছু পাবি। কবিরাজ কিশোরীমোহন গুপ্ত অঙ্কে পণ্ডিত। ইনিও বেশ-কিছু গুণাকিব্‌-হাল। আনন্দবাজার পত্রিকার সম্পাদক প্রফুল্ল-কুমার সরকারের সঙ্গেও মোলাকাৎ চালানো ভালো। তিনি সতীশবাবু ও ডন সোসাইটি সম্বন্ধে খানিকটা লিখেছিলেন। তা আমি "আধিক উন্নতি"তে উদ্ধৃতও ক'রেছি। ভূতপূর্ব্ব সরকারী সচিব সন্তোষকুমার বসুও ডন সোসাইটিতে সতীশ-বাবুর চেলা ছিলেন। তাঁর অভিজ্ঞতাসমূহ কাজে লাগ্‌বে। কথা ব'লে দেখ্‌তে পারিস। বিহারের জন-নায়ক রাজেন্দ্রপ্রসাদও আমাদের "গুরু-ভাই"। বয়সে আমি এঁদের সকলেরই ছোট ছিলাম।

প্রঃ—বিহারী রাজেন্দ্রপ্রসাদ ডন সোসাইটিতে ঢুক্‌লেন কি করে?

উঃ—টডেন হিন্দু হষ্টেলে থাকৃত। প্রেসিডেন্সি কলেজে সে ছিল আমার এক বছর নিচের ক্লাসে। হিন্দু হষ্টেলের প্রায় সব বিহারী ছাত্রের সঙ্গে আমার মাখামাখি ছিল। তখনকার দিনেও আমি হিন্দিতে বক্‌তে অভ্যস্ত ছিলাম। ভাগলপুরে আমি আমার এক বিহারী বন্ধুর বাড়ীতে অতিথি-ভাবে কয়েকদিন কাটিয়েও এসেছিলাম।

রাজেন্দ্রপ্রসাদের সঙ্গেও খুব ভাব ছিল, এখনো আছে। আজও আমি তাকে "ভাইয়া রাজেন্দার" ব'লে ডাকি। সেও আমাকে "ভাইয়া বিনইয়া" বলে। রাজেন্দ্রপ্রসাদের সঙ্গে বহুসংখ্যক বাঙালী ছাত্রের অন্তরঙ্গ বন্ধুত্ব ছিল। সেই সূত্রেই সতীশবাবুর সঙ্গে তার দেখা। আর যাঁহা দেখা, তাঁহা ডন্ সোসাইটিতে ভর্ত্তি হওয়া। বোধ হয় রাধাকুমুদের নেতৃত্বেই রাজেন্দ্রপ্রসাদও আমারই মতন ডন সোসাইটিতে নাম লেখাতে যায়। যতদূর মনে পড়্‌ছে,—একদিনে বা একসঙ্গে নয়। হয়তো আমার পরে রাজেন্দ্রপ্রসাদ জুটেছিল।

এবার মার্চ্চ মাসে ক্রিপ্‌সের রাষ্ট্রিক প্রস্তাব আলোচনা কর্‌বার জন্য রাজেন্দ্রপ্রসাদ পাটনা হ'তে দিল্লী যাচ্ছিল। পথে নেমেছিল কাশীতে। আমি ভাইয়া শিবপ্রসাদ গুপ্ত'র অতিথি ছিলাম। সেও তার সাথে দেখা করতে এসেছিল। সেই

উপলক্ষে ভাইরা রাজেন্দ্রবাবুর সঙ্গে আমারও আলাদা কথাবার্ত্তা হ'য়েছিল প্রায় ঘণ্টাখানেক।

প্রঃ—বাঙলাদেশের আর কার নাম মনে পড়ছে না?

উঃ—মফঃস্বল ও কল্‌কাতার উকিল, ডাক্তার, অধ্যাপক, ইস্কুলমাষ্টার, ব্যবসাদার, কেরাণী ইত্যাদি শ্রেণীর লোকের ভেতর অনেকে ছেলে-বেলায় ডন সোসাইটিতে চু' মেরে গেছে। সতীশবাবুর ব্যায়ামে বিচিত্রি মেরে যুবক বাঙলার বহু-সংখ্যক ছোকড়া "মানুষ" হয়েছে। বাঙ্‌লাদেশের কোনো জেলায় ছেলে বাদ পড়েনি। কার নাম করবো? আগেই বলেছি, বোধ হয় শ' দু-তিনেক ছোকরা দু-চার-দশ সপ্তাহ অথবা বছর দু'-তিন-চার সতীশবাবুর সাকরেদি ক'রেছে। "সতীশ-মণ্ডলে"র দৌলতেই অনেকে স্বদেশ-সেবক হতে পেরেছে। তারা নিজ-নিজ অভিজ্ঞতা বিবৃত করলে তুই যা জান্‌তে চাচ্ছিস্ বেরিয়ে আস্‌বে। কে কোন্ মতলবে ডন সোসাইটিতে ঢুকেছিল তা আর কোনো উপায়ে আবিষ্কার করা অসম্ভব। তা ছাড়া এই ধরণের অভিজ্ঞতা বা জীবন-স্মৃতি গোটা পঞ্চাশেক বেরুলে বঙ্গ-বিপ্লবের পূর্ব্ববর্ত্তী আর সম-সাময়িক কথা পাকড়াও করতে পারবি।

প্রঃ—আপনি কি বলছেন সতীশবাবুর সাকরেদেরা অনেকে স্বদেশ-সেবার কর্ম্ম-কৌশল শিখ্‌বার উদ্দেশ্যে ডন সোসাইটিতে নাম লেখায় নি?

উঃ—কে বল্‌তে পারে? পরবর্ত্তী জীবনে কেহ-কেহ স্বদেশ-সেবক হ'য়েছে। ১৯০৫-০৬ সনের বঙ্গ-বিপ্লব ডন সোসাইটির সভ্যদের উৎসাহে ও কর্ম্ম-দক্ষতায় বেশ-কিছু পুষ্ট হ'তে পেরেছে। কল্‌কাতায় ও মফঃস্বলে স্বদেশী আন্দোলনের সফলতার জন্য কোনো-কোনো ক্ষেত্রে সতীশবাবুর চেলারাই দায়ী। আজ ১৯৪২ সনে বাঙলাদেশের জেলায়-জেলায় নানা কর্ম্মক্ষেত্রে নানা কর্ম্মবীর মোতায়েন রয়েছে। তাদের কেহ-কেহ ডন সোসাইটিতে আমাদের গুরু-ভাই ছিল। আজ-কাল এখানে-সেখানে সার্ব্বজনিক মহোচ্ছবের হিড়িকে মাঝে-মাঝে তাদের সঙ্গে দেখা-সাক্ষাৎ হয়। ঘটনা-চক্রে দু'একবার ডন সোসাইটির পুরাণা কথা বেরিয়ে পড়ে। কিন্তু তা ব'লে ১৯০২-০৬ সনের ছেলেরা ডন সোসাইটিতে স্বদেশ-নিষ্ঠা শিক্ষার মতলবে ঢুকেছিল একথা বলা সম্ভব নয়। ডন সোসাইটিতে স্বদেশ-সেবার শিক্ষা পেয়েছিল সকলেই। কিন্তু এই শিক্ষা পাবার উদ্দেশ্য নিয়ে খুব কম ছেলেই হয়ত ঢুকেছিল। প্রশ্নটা জটিল।



"দি এগ্রিকালচারাল সিচুয়েশন"

(ডিসেম্বর, ১৯৪২, ইউ. এস. এ.)

পত্রিকাখানি বিশেষ করিয়া ১৯৪৩ সনের কার্য্য প্রোগ্রাম লইয়া প্রকাশিত হইয়াছে। বিভিন্ন লেখক পৃথক পৃথক বিষয়-বস্তু লইয়া আমেরিকায় কৃষি-সংক্রান্ত যে অবস্থা চলিতেছে এবং যাহা পরে করা হইবে সেই সম্বন্ধে সবিস্তারে আলোচনা করিয়াছেন। ১৯৪৩ সনে মূল্য-নিয়ন্ত্রণ এবং রেশনিং শীর্ষক প্রবন্ধটী লিওন হেণ্ডারসন কর্ত্তৃক লিখিত হইয়াছে। লেখক প্রথমেই বলিয়াছেন যে যুদ্ধের একটা অভ্যাস আছে তাহা হইল নানারকমের অভাব ঘটানো এবং সেই অভাবকে সময়ের গতির সঙ্গে সঙ্গে তীব্র হইতে তীব্রতর করিয়া তোলা। আমেরিকা এক্ষণে ঠিক সেই অবস্থায় উপনীত হইয়াছে। যুদ্ধরত সৈনিক এবং মিত্রপক্ষের বাহিনী অধিক হইতে অধিকতর রসদ সরবরাহ চায়। বেসামরিক লোকের ক্রয়শক্তি বৃদ্ধি হইয়া চলিতেছে। দ্রব্যাদির চাহিদা এত বৃদ্ধি পাইতেছে যে সে পরিমাণে উৎপন্ন দ্রব্য বৃদ্ধি করা সম্ভব হইয়া উঠিতেছে না। কতকগুলি অত্যাবশ্যক দ্রব্য এবং দুষ্প্রাপ্য জিনিষও সাধারণের পক্ষে পাওয়া খুবই প্রয়োজন। নতুবা তাহারা না খাইয়া যুদ্ধের জন্য সর্ব্বান্তঃকরণে সাহায্য করিতে সক্ষম হইবে কি উপায়ে? এই ধরণের ভালভাবে বণ্টন কার্য্যের সহায় স্বরূপ মূল্য নিয়ন্ত্রণ ও রেশনিং এক সঙ্গেই থাকা চাই। মূল্য নিয়ন্ত্রণ দ্বারা ঠিক করিয়া দেওয়া হয় যে দরিদ্র অথবা ধনী সকলেই দ্রব্যাদি প্রাপ্ত হইবে একটা বিশেষ মূল্যে। রেশনিংএর দ্বারা স্থির হয় যে প্রথম হইতে শেষ লোকটী পর্য্যন্ত তাহার প্রাপ্য সে নিশ্চয়ই প্রাপ্ত হইবে।

আমেরিকায় বাস্তবিক পক্ষে খাদ্যাভাব এক বৎসর পূর্ব্বেও লোকে চিন্তার মধ্যে আনিতে পারে নাই। প্রত্যেকের চোখেই তখন পর্য্যন্ত অপর্য্যাপ্ত দ্রব্যই দেখা দিয়াছিল। লেখক মনে করেন যে খাদ্যদ্রব্য রেশন করার সময় আসিয়া গিয়াছে তবে কোন্ কোন্ খাদ্য-সামগ্রী রেশনিংএর মধ্যে আসিবে তাহা অবশ্য এখনও স্থির করা সম্ভবপর হইয়া উঠে নাই। প্রত্যেক খাদক যে কয়টী পয়েন্ট পাইয়াছেন তাহার মধ্যে যে কোন বিশেষ শ্রেণীর খাদ্য পছন্দ করিয়া লইতে পারিবেন। যেমন ধরুন মাংস একটা শ্রেণীর খাদ্য। সরবরাহটাকে সমান ভাগে করিয়া দেবার পক্ষে মূল্য নিয়ন্ত্রণ প্রয়োজনীয় উপাদান বলিয়া পরিগণিত হইতে পারে; কিন্তু তাহাতে মোট উৎপাদনের উপর খুবই কম প্রভাব বিস্তার করিতে পারে।

"কৃষি-বিষয়ক যুদ্ধ" শীর্ষক প্রবন্ধটীতে দেখান হইয়াছে গভর্ণমেণ্টের কৃষি-সংলগ্ন যে ডিপার্টমেণ্ট আছে তাহা কি কি ভাবে কার্য্য করিতেছে। ১৯৪৩ সনে যতই প্রয়োজন বৃদ্ধি পাইতেছে ইহার কার্য্যতৎপরতাও ততই বর্দ্ধিত হইয়া চলিতেছে।

সব চেয়ে বড় সমস্যা হইল 'কার্য্য সেবার'। তাহারা কি ভাবে আরও প্রচুর পরিমাণে কৃষকোপযোগী করিতে পারিবে, কি ভাবে কৃষিকার্য্য আরম্ভ করিবে এবং জীবজন্তু পরিপালনের কি ব্যবস্থা করা যায় এই সকল সমস্যাও উক্ত ডিপার্টমেণ্টের সম্মুখে আসিয়া উপস্থিত হইয়াছে।

নূতন লোককে কার্য্যশিক্ষা দিবার ব্যবস্থা করিতে হইতেছে। মজুরীর হার ব্যবস্থা করিতে গিয়া একটা 'এডজাষ্টমেণ্ট' ঠিক করাও অত্যাবশ্যক হইয়া উঠিয়াছে।

এক স্থান হইতে অন্য স্থানে চাষীদের লইয়া যাইতে হইতেছে।

তাহার পরের প্রশ্ন হইল 'ফার্ম প্রোডাকশন সাপ্লাইস'। যে সকল চাষী কার্য্য করিতেছে তাহাদের উৎপাদনের জন্য তৈজসপত্রাদিও সরবরাহ করিতে হইবে। যেমন ফার্ম মেশিনারি, ফার্টিলাইজার, মোড়ক করিবার ব্যবস্থা, পোকা মারিবার ঔষধপত্রাদি ধরণের যিনিষপত্রের যোগান দিতেই হইবে।

আর এক প্রশ্ন হইল জিনিষপত্র বহন করিয়া লইয়া যাইবার জন্য যানবাহন। ফার্ম হইতে বাজারে কিভাবে ঐসকল উৎপন্ন দ্রব্যাদি সরবারহ করিবার জন্য বহন করিয়া লইয়া যাওয়া হইবে? সেই জন্য একটী ফার্ম ট্রান্সপোর্টেশন কমিটি ঠিক করা আছে। ডিফেন্স ট্রান্সপোর্টেশন এই ফার্ম ট্রান্সপোর্টেশনের সঙ্গে যোগাযোগ রাখিয়া যানবাহনের সুব্যবস্থা চালাইয়া যাইতেছে।

প্রোসেসিং এবং প্রেজারভেশন অর্থাৎ কিভাবে দ্রব্যাদিকে সংরক্ষণ করা যাইতে পারে তাহার ব্যবস্থাও রাখিতে হইবে। ডিপার্টমেন্টের অন্যান্য এজেন্সিগুলি ফার্মের উৎপন্ন দ্রব্য সংরক্ষণ করিবার জন্য নিয়োজিত আছে। এক্ষণে আরও সুব্যবস্থা করিবার জন্য গভর্ণমেন্ট রেলরোড, শস্য কারখানা (গ্রেন ইনডাষ্ট্রি) এবং বাজারের মধ্যে নিকট যোগাযোগ যাহাতে হয় তাহার চেষ্টা করিতেছেন।

তৃতীয় প্রবন্ধে মিঃ টাউনশেড "কনসারভেশন এবং এড্‌জাষ্টমেন্ট" সম্বন্ধে লিখিয়াছেন। লেখকের মতে প্রত্যেক ফার্ম উৎপাদন সম্বন্ধে তাহার নির্দ্দিষ্ট রেখা অতিক্রম করিয়া গিয়াছে। ১৯৪২ সনের মোট উৎপাদন পূর্ব্ব বৎসর অপেক্ষা অন্ততপক্ষে ১২% অধিক হইয়াছে বলিয়া অবগত হওয়া যায়।

এক্ষণে আমেরিকায় ৬ মিলিয়ন লোক কৃষিকার্য্যে নিযুক্ত হইয়াছে। 'ফুড ফর ফ্রীডম' এর জন্য সারাদেশে একটা জাগরণ এসেছে। গভর্ণমেন্টের একটী প্রতিষ্ঠানই আছে তাহাকে বলা হয় এগ্রিকালচারাল কনসারভেশন এণ্ড এডজাষ্টমেন্ট এ্যাডমিনিষ্ট্রেশন ডিপার্টমেন্ট। ইহার চারটী এজেন্সি আছে—১। দি এগ্রিকালচারাল এডজাষ্টমেন্ট এজেন্সি, ২। দি সায়েল কনসারভেশন সার্ভিস, ৩। দি রুরল ইনপ্রিওরেন্স করপোরেশন। ৪। সুগার এজেন্সি।

প্রত্যেক গ্রামে ফার্মের কর্ত্তারা এবং এগ্রিকালচারাল এ্যাডজাষ্টমেন্টের এজেন্সি একত্রিত হইয়া একটা 'গোল' স্থির করিয়াছেন যে ফার্মের উৎপন্ন দ্রব্যের সহিত আর কি কি দ্রব্য বেশী করিয়া উৎপন্ন করা যাইতে পারে। যেমন ধরুন যে সব লোকে তুলা চাষ করিত তাহারা এক্ষণে 'পি-নাট্‌স্' যোগ করিয়া দিয়াছে। যে সকল মাঠে পূর্ব্বে কেবলমাত্র গম হইত এক্ষণে সেখানে সয়াবিন, ফ্লাক্স প্রভৃতিও উৎপন্ন হইতেছে। পূর্ব্বে যে সকল ভেজিটেবল তৈল বিদেশ হইতে আমদানি করা হইত তাহা স্বদেশে যাহাতে প্রস্তুত হইতে পারে তজ্জন্য উপায় অবলম্বন করিতে নির্দ্দেশ দেওয়া হইয়াছে। প্রত্যেক ফার্মারকে বলা হইয়াছে যে তাহার ব্যক্তিগত ফার্মের নির্দ্দিষ্ট 'গোল' অনুযায়ী উৎপাদন করিতে পারিলে "এ-এ-এ" দাম সে নিশ্চয় পাইবে। ইহার সহিত মনে রাখিতে হইবে যে, জমির উর্ব্বরা শক্তি অক্ষুণ্ণ রাখার ব্যবস্থা ভুলিলে চলিবে না। কারণ "ফুড ফর ফ্রীডম" সফল হইতে পারে যদি জমির উৎপাদিকা শক্তি ঠিক থাকে তবেই।

"ফার্ম ক্রেডিট" (কৃষিঋণ) শীর্ষক প্রবন্ধটীর লেখক হইলেন মিঃ এ. জি. ব্ল্যাক। মিঃ এ. জি. ব্ল্যাক হইলেন ফার্ম ক্রেডিট এডমিনিষ্ট্রেসনের গভর্ণর। যে সকল ফার্মের ভাল পয়সাকড়ি আছে তাহাদেরই টাকা ধার দেওয়া হইল ফার্ম ক্রেডিট এডমিনিষ্ট্রেসনের কাজ। শান্তির সময় অপেক্ষা যুদ্ধের সময়ে স্থল-বিশেষে এই ডিপার্টমেন্ট ঋণ দান করায় খাদ্য, খাইবার তৈল প্রভৃতি উৎপাদনের দিক্ দিয়া খুবই সাহায্য হইতেছে।

শক্তির জোরে শান্তি

অহিংসা সম্বন্ধে দুনিয়ার কোনো লোক বকাবকি করে না। প্রাচীন ভারতের রাষ্ট্রিক সেনাপতি-বাদশারাও কোনো দিন অহিংসার গর্ত্তে পড়ে নাই। বলা বাহুল্য একালেও অহিংসার স্তুতি করা কোন করিৎকর্ম্মা রাষ্ট্র-চালকের ধন্দর নয়। এস্ গেল্‌বাব "পীস বাই পাওয়ার" (শক্তির জোরে শান্তি) বইয়ে শক্তির আরাধনা করিয়াছেন। তাহাতে হিংসার জয়জয়কার দেখিতে পাই, অহিংসার নয়। লণ্ডনের অক্সফোর্ড ইউনিভার্সিটি প্রেস হইতে প্রকাশিত, ১৯৪২ সনে। লেখক সোজাসুজি বলিতেছেন যে, এই লড়াইয়ের এক বড় মতলব হইতেছে শক্তিসমূহের সমতা-সাধন। কোনো একটা শক্তিকে দুনিয়ায় অতি-বড় হইতে দেওয়া চলিতে পারে না। আর্থাৎকে জুতাইয়া দুরস্ত করিতে তো হইবেই ইহা প্রথম স্বীকার্য্য। কিন্তু তাহার পর কি করা উচিত? গেল্‌বার বলিতেছেন যে—একটা অবরদস্তগোছের বিশ্ব-রাষ্ট্র পরিষৎ কায়েম করা দরকার হইবে। এই বিশ্বরাষ্ট্র পরিষদে কর্ত্তৃত্ব থাকিবে বিলাতের আর আমেরিকার। আর্থাৎকে এই পরিষদের অধীনে বাঁধিয়া রাখিবার ব্যবস্থা করা আবশ্যক হইবে। গেল্‌বার বিশ্বব্যাপী যুক্তরাষ্ট্র কল্পনা করিতে নারাজ। দুনিয়ার সবকয়টা লোককে, একটা আর্থিক যুগান্তর উপহার দিবার বুজরুকিও গেল্‌বারকে তাতাইতে পারে না। গেল্‌বার আর্থাৎকে ঠুঁটো করিয়া রাখিতে পারিলেই সন্তুষ্ট।

"দি সাইকলজি অব দি আন-এডজাস্টেড স্কুল চাইল্ড"; জন বে, বি, ওয়াটসান কর্ত্তৃক লিখিত; দি ম্যাকমিল্যান কোম্পানী কর্ত্তৃক প্রকাশিত; নিউইয়র্ক; পৃঃ ৩৩১।

বইখানি প্রধানতঃ লেখা হইয়াছে বিদ্যালয়ের শিক্ষকদের জন্য। কারণ তাঁহারা প্রায়ই "ম্যালএাড-জাসটেড্" বালক বা বালিকাগণের সহিত সংস্পর্শে আসেন এবং তাহাদের শিক্ষার ভারও গ্রহণ করিয়া থাকেন। যাঁহারা শিক্ষকতাকেই ব্যবসা হিসাবে গ্রহণ করিয়াছেন তাঁহাদের হয়তো টেকনিক্যাল ট্রেনিং নাও থাকিতে পারে। সেই জন্য এই পুস্তকখানি তাঁহাদের পক্ষে বহু উপকারে আসিতে পারে বলিয়া মনে হয়।

বইখানি লেখা হইয়াছে খুবই সরল ভাষায়। আমাদের সাধারণ জীবনে যেগুলিকে আমরা "মরালস-ভ্যালিউ" বা নৈতিক মূল্য দিয়া থাকি লেখক সেগুলি সুন্দর ভাবে ফুটাইয়া তুলিতে চাহিয়াছেন।

লেখক সকল সময়েই বাস্তবতার ভিতর দিয়া আলোচনা চালাইতে চেষ্টা করিয়াছেন। মিস্‌টিসিজ্‌ম্ যে জিনিষটা পারতপক্ষে তিনি উপেক্ষা করিয়া গিয়াছেন। তবে তাঁহার লেখার মধ্যে একটা জিনিষ প্রকট হইয়া পড়ে, যাহাকে ইংরাজীতে বলে "আনকমন কমনসেন্স" বা অসাধারণ সাধারণ বুদ্ধিবৃত্তি। অনেক স্থলে যে সকল উপদেশ লেখক খুবই উপযোগী বলিয়া মনে করিয়াছেন তাহা হয়তো আমরা আমাদের ঠাকুরমা বা ঠাকুর দাদার কাছেই শিক্ষা লাভ করিয়া থাকি। তবে আধুনিক যুগের বাপেরা পুরাণো ঠাকুরদাদার চাবরের আওতায় যদি মানুষ না হইয়া থাকেন তাহা হইলে তাঁহাদের পক্ষে ইহা সত্যই বিশেষ উপযোগী হইবে বলিয়া ধারণা হয়।

"দি ড্রিম ইন প্রিমিটিভ কালচার্স"; জে, এস, সিন্‌ক্লেন্ কর্ত্তৃক লিখিত; উইলিয়ামস এণ্ড উইলকিনস

কর্তৃক প্রকাশিত ; বালটিমুর ; পৃঃ ৩৫৯ ; মূল্য ৪·০০ ডলার।

পুস্তকখানিকে দুইটী শ্রেণীতে প্রধানতঃ বিভক্ত করা যায়। প্রথম সেকশনে (দ্বিতীয় ভাগে) তথ্য প্রধান এবং অপরটী (তৃতীয় ভাগ) উত্তর আমেরিকার কালচার এরিয়া হইতে স্বপ্ন সংগ্রহ। দুই রকম স্বপ্নই দেওয়া হইয়াছে—"ব্যক্তিগত" (ইনডিভিডিউয়াল) এবং "রুটী কাঠামো" (কালচার প্যাটার্ণ)। লেখকের অনেকগুলি কথার মধ্যে একটী বিশেষ কথা হইল যে রুটী-কাঠামোর সহিত প্রকাশ্য স্বপ্ন-বস্তুর একটা প্রত্যক্ষ সম্পর্ক দেখা যায়।

লিনকলনের নিজের ফিলড্‌নোট্‌স্ "নাভাহোর" উপরে এবং র‍্যাডিনসের অপ্রকাশিত তথ্যগুলির স্বপ্ন-বস্তু হিসাবে বইখানিতে যে সংস্থাপিত ও সঙ্কলিত করা হইয়াছে তাহা এথ্‌নলজির দিক্ হইতে খুব উপকারী বলিয়া পরিগণিত হইবে।

দ্বিতীয় অংশে আর একটী বিষয় আলোচনা দেখা যায় যে, স্বপ্ন-বস্তু সম্বন্ধে পৃথিবীর নানাস্থানের খবর পর্য্যালোচনা করিয়া লেখক দেখাইতে চেষ্টা করিয়াছেন যে সাইকো-এ্যানালিটিক থিওরি এক্ষণে সুপ্রমাণিত।

এথ্‌নলজিষ্টদের নিকটে ইহা সম্পূর্ণ সত্য হিসাবে প্রমাণিত হইবে, অবশ্য লিনকলনের নোটস্ হইতে, যে উহাই রুটীর সৃষ্টি-নির্দ্দেশক। স্বপ্নের পিছনে আছে মনস্তত্ত্বের একটী বিশেষ ক্রিয়াশীল গতি যাহাকে "ইডিপাস কমপ্লেক্স" বলা হয় এবং ইহার অস্তিত্বের কারণ হইল বাইল্যাটারাল ফ্যামিলি। লিনকলনের আর একটী মন্তব্য হইল এই যে, মনস্তত্ত্বের গতি এবং স্বপ্নের গঠন সকল স্থানেই একপ্রকারের। একই ধরণের চিহ্ন প্রাথমিক ধারণা প্রকাশ করিয়া থাকে, অবশ্য প্রিমিটি ভ্রিমে, ঠিক আজও যেমন আমাদের সমাজে ঘটিয়া থাকে।

পুস্তকখানিতে আর একটী বিশেষত্ব লক্ষ করা যায় এই যে, লেখক সকল সময়েই যেন সাইকো-অ্যানালিসিসের তথ্যটীকে প্রমাণ করিতে চাহিয়াছেন।



১। "দি অ্যাংগ্রেরিয়ান লাইফ অব দি মিডল এজেস"; জে. এইচ. ব্ল্যাকম্যান এবং আইলিন পাওয়ার কর্তৃক সম্পাদিত; কেম্ব্রিজ ইউনিভার্সিটী কর্তৃক প্রকাশিত; দি ম্যাকমিল্যান এণ্ড কোং; কেম্ব্রিজ; ১৯৪১; পৃঃ ৬৫০; মূল্য ৭·৫০ ডলার।

২। "ইংলিশ ভিলেজার্স অব দি থার্টিন্থ সেঞ্চুরী"; জর্জ্জ ক্যাসপার হোম্যানস কর্তৃক লিখিত; হার্ভার্ড ইউনিভার্সিটি প্রেস কর্তৃক প্রকাশিত; কেম্ব্রিজ; ১৯৪১; পৃঃ ৪৭৮; মূল্য ৪·৫০ ডলার মাত্র।

৩। "দি ওয়ার্কাস অব জেরার্ড উইনষ্ট্যানলে"; জর্জ্জ, এইচ. স্যাবাইন কর্তৃক সম্পাদিত; কর্ণেল ইউনিভার্সিটি প্রেস কর্তৃক প্রকাশিত; নিউ ইয়র্ক; ১৯৪১; পৃঃ ৬৮৬; মূল্য ৫·০০ ডলার মাত্র।

৪। "ভারইউন, মার্কস, ডারুনার"; জ্যাকুস্ বার্জ্জুন কর্তৃক লিখিত; লিটল ব্রাউন এণ্ড কোং কর্তৃক প্রকাশিত; ১৯৪১; পৃঃ ৪২০।

৫। "মিলটন ইন দি পিউরিটান রেভলিউসন"; জন. এম্. উল্ফ্ কর্তৃক লিখিত; টমাস নেলসন এণ্ড সন্স কর্তৃক প্রকাশিত; ১৯৪১; পৃঃ ৪৯৬।

৬। "গ্রীক পপুলার রিলিজিয়ন"; মর্টিন পি. নেলসন কর্তৃক লিখিত; কলাম্বিয়া ইউনিভার্সিটি প্রেস কর্তৃক প্রকাশিত; পৃঃ ১৬৬; মূল্য ২·৫০ ডলার।

৭। "দি ইকনমিক্স অব এনসেন্ট গ্রীস"; এইচ. মিচেল কর্তৃক লিখিত; কলাম্বিয়া ইউনিভার্সিটি প্রেস কর্তৃক প্রকাশিত; নিউ ইয়র্ক; ১৯৪০; পৃঃ ১৬৬; মূল্য ২·৫০ ডলার।

৮। "দি এনসেন্ট গ্রীক্স"; উইলিয়ম কেলি প্রেনটিস কর্তৃক লিখিত; প্রিন্সটন ইউনিভার্সিটি প্রেস কর্তৃক প্রকাশিত; প্রিন্সটন; ১৯৪০; পৃঃ ২৪৪; মূল্য ৩·০০ ডলার মাত্র।

৯। "মেকিং অব দি মডার্ণ মাইণ্ড" (পুনর্মুদ্রণ); জন হার্ম্যান র‍্যানডাল কর্তৃক লিখিত; হাফটন মিফ্লিন কোং কর্তৃক প্রকাশিত; কেম্ব্রিজ; ১৯৪০; পৃঃ ৬৯৩; মূল্য ৩·৬ ডলার মাত্র।

১০। "দি ফিলসফি অব পিয়ারে"; (নির্ব্বাচিত অংশ); জাসটাস বুকলের কর্তৃক লিখিত; হারকুট ব্রেস এণ্ড কোং কর্তৃক প্রকাশিত; নিউইয়র্ক; ১৯৪০; পৃঃ ৩৮৬; মূল্য ৩·৫০ ডলার মাত্র।

১১। "দি লিটারেচার অব এডাল্ট এডুকেশন" র‍্যালফ. এ. বিলস্ এবং লিয়ন ব্রডি কর্তৃক লিখিত; আমেরিকান এ্যাসোসিয়েশন ফর এডাল্ট এডুকেশন কর্তৃক প্রকাশিত; নিউ ইয়র্ক; ১৯৪১; পৃঃ ৪৯৩।

১২। "বিবলিওগ্রাফি অব জুয়িস সোসিয়াল ষ্টাডিস"; সালো ডিটমেয়ার ব্যারণ কর্তৃক লিখিত; নিউ ইয়র্ক কনফারেন্স অন জুয়িস রিলেশনস কর্তৃক প্রকাশিত; নিউ ইয়র্ক; ১৯৪১; পৃঃ ২৯১; মূল্য ৩·০০ ডলার মাত্র।

১৩। "কনট্রোল্ড্ কার্টিলিটি, এন এভলিউশন অব ক্লিনিক সাভিস"; রেজিনে কে. টিক্স্ এবং ক্লারু ডাবলিউ নোটেলটিন কর্তৃক লিখিত; উইলিয়ামস এণ্ড উইলকিনস কর্তৃক প্রকাশিত; বালটিমুর; ১৯৪০; পৃঃ ২০০; মূল্য ৩·০০ ডলার মাত্র।

বিলাতী চোখে ভারতীয় শিল্পোন্নতি

শ্রীমন্মথনাথ সরকার, এম এ

(পূর্ব্বানুবৃত্তি)

বিগত মহাযুদ্ধের সময় যে অবস্থা ছিল তাহার সহিত বর্ত্তমান যুদ্ধ আরম্ভ হওয়ার সময়ের তুলনা করিলে দেখা যায় শিল্পোন্নতির দিক্ হইতে ভারতবর্ষ বহু দূর অগ্রসর হইয়াছে। ভারতের বড় বড় শিল্পের মধ্যে বস্ত্রশিল্প ও চটশিল্পের স্থান সকলের উপরে। তুলা-উৎপাদক দেশ হিসাবে ভারতবর্ষ পৃথিবীতে দ্বিতীয় স্থান অধিকার করিয়া রহিয়াছে। কাঁচা পাট-উৎপাদক দেশ হিসাবে ভারতের স্থান সকলের উপরে। ভারতের বড় বড় শিল্পসমূহের মধ্যে কার্পাস-বস্ত্র শিল্প প্রথম স্থান অধিকার করিয়াছে। বোম্বাই বস্ত্রশিল্পের কেন্দ্রস্থলে পরিণত। ১৯১৩-১৪ সনে ভারতবর্ষে কটনমিলের সংখ্যা ২৬৪টী; টাকু ও তাঁতের সংখ্যা ছিল যথাক্রমে ৫,৮৪৮,২৮৩ ও ৮৫,১৪৮টী। কটন মিলগুলায় ২৬০,২৭৭ জন মজুর কাজ করিত। ১৯৩৮-৩৯ সনে এই সমস্ত মাপ-জোক নিম্নরূপ দাঁড়াইয়াছিল—মিল ৩৮৯টী, টাকু ১০,০৫৯,৩৭০টী, তাঁত ২০২,৪৮৬ এবং মজুর ৪৪১,৯৪৯। ১৯১৩-১৪ থেকে ১৯৩৮-৩৯ সনের মধ্যে বস্ত্র উৎপাদন ২৬৮ হইতে ১,৩০৩ মিলিয়ন গজে বর্দ্ধিত হয়। নিট আমদানি হ্রাস পায় প্রায়:- ১৯১৪ যুদ্ধের পড় ১৯২ হইতে ৩৮ মিলিয়ন গজে। মিলজাত বস্ত্র উৎপাদন ১,১৬৪ হইতে ৩,৯৭৪ মিলিয়ন গজে বর্দ্ধিত হয়, আমদানি ৩,১০০ হইতে ৪৫৬ মিলিয়ন গজে হ্রাস পায়। ১৯৩৭-৩৮ সনে ১৯৩৮-৩৯ সনের চেয়েও বেশী বস্ত্র উৎপন্ন হয়; ১৯১৩-১৪ সনের তুলনায় এই সনে প্রায় চারগুণ বেশী বস্ত্র উৎপন্ন হইয়াছিল।

ভারতবর্ষের বস্ত্রশিল্পের পরেই পাট শিল্পের স্থান। ভারতবর্ষ এই শিল্প-সম্বন্ধে একচেটিয়া অধিকারই ভোগ করিতেছে। বাংলাই পাট-শিল্পের কেন্দ্রে পরিণত। বিগত মহাযুদ্ধের পূর্ব্বে ভারতে চটকলের সংখ্যা ছিল প্রায় ৬০টী; ১৯৩৮-৩৯ সনে সংখ্যা দাঁড়াইয়াছে ১০০টীরও উপরে। টাকু ও তাঁতের সংখ্যাও যথাক্রমে ৬২২,০০০ হইতে ১,২০০,০০০টীর অধিক এবং ৩৪,০০০ হইতে ৬২,০০০টীর অধিক সংখ্যায় বর্দ্ধিত হইয়াছে। ১৯২৯-৩০ সন পর্য্যন্ত পাটশিল্প বাড়তির পথে চলিতে থাকে; এই সনে পাট-জাত দ্রব্য রপ্তানির পরিমাণ দাঁড়ায় ১৫৭,১৫৪ টন। পরে মন্দার যুগে রপ্তানি সাংঘাতিকরূপে হ্রাস পায়। অতঃপর রপ্তানি আবার বর্দ্ধিত হইয়া ১৯২৯-৩০ সনের সীমা অতিক্রম করে।

ভারতবর্ষে পশমও উৎপন্ন হয় যথেষ্ট পরিমাণে। তবে পশম মোটা ধরণেরই; ভারতীয় পশম দ্বারা কার্পেট, কম্বল ইত্যাদি বস্ত্র তৈরী করা চলে। অধিকাংশে পশম হস্ত-চালিত তাঁতে বয়ন করা হয়। ১৯০৭ সনে কারখানা আইনের আমলে আসে এমন বড় বড় পশম কলের সংখ্যা ছিল ১৬টী। ১৯৩৮ সনে সকল শ্রেণীর পশমের কলের সংখ্যা দাঁড়ায় ৩৯; তন্মধ্যে পাঞ্জাবে ছিল ২২টী। এই সমস্ত কারখানায় মূলতঃ কার্পেট ও কম্বল তৈরী হইলেও আম-দানি করা পশম দিয়া কিছু হোসিয়ারী উৎপন্ন হইয়াছে।

চিনি শিল্পের যথেষ্ট উন্নতি হইয়াছে। ১৯৩২-৩৩ সনের পূর্ব্বে ভারতে মাত্র ৩১টী চিনির কারখানা ছিল। ভারতকে বিদেশ থেকে প্রায় অর্দ্ধেক চিনি আমদানি করিয়া দেশের প্রয়োজন মিটাইতে হইত। ১৯৩৬-৩৭ সনে চিনির কারখানার সংখ্যা দাঁড়ায় ১৩৭টী, উৎপাদন দাঁড়ায় এক মিলিয়ন টনেরও অধিক। চিনি সম্বন্ধে ভারত স্বাবলম্বী দেশে পরিণত হইয়াছে; বর্ত্তমানে ভারত সেরা ইক্ষু-উৎপাদক দেশরূপেও গণ্য। চীনকে বাদ দিলে, দেখা যায়,—পৃথিবীর মোট চা-সরবরাহের ৪০% ভারতবর্ষই যোগাইতেছে। ভারতবর্ষ বৎসরে প্রায়

২৩৩,০০০ টন চা উৎপাদনে সক্ষম। বর্ত্তমান যুদ্ধ আরম্ভ হওয়ার পূর্ব্বে ভারতবর্ষ পড়ে ১৪০,০০০ টন চা রপ্তানি করিয়াছে। আসাম ও বাংলা চা-উৎপাদনের সেরা কেন্দ্রে পরিণত। ১৯৩৭ সনে কারখানা আইনের আমলে আসে এরূপ চা-ব্যবসায়ের সংখ্যা ছিল ১,০৩৭টা; মোট শ্রমিকের সংখ্যা ৬৪,৪৪৩।

বার্মা আর এখন ভারত সাম্রাজ্যের অন্তর্ভুক্ত নয়; কাজেই ভারতকে এখন আর প্রচুর খনিজ সম্পদের অধিকারী দেশরূপে গণ্য করা যায় না। তবু শিল্পোন্নতি সম্বন্ধে ভারতের অনেকগুলি বিশেষ সুযোগ-সুবিধা আছে। দুনিয়ার বড় বড় কয়লা-উৎপাদক দেশগুলির মধ্যে ভারত অষ্টম স্থান দখল করিয়া রহিয়াছে। নিতান্ত সাধারণ অবস্থায়ও ভারত কয়লা সম্বন্ধে সম্পূর্ণরূপে আত্ম-নির্ভরশীল ত বটেই, এমন কি রপ্তানির যোগ্য বাড়তি কয়লারও অধিকারী। অধিকাংশ কয়লা উত্তোলিত হয় বাংলা বিহার ও উড়িষ্যার কয়লার খনিগুলি হইতে। হায়দারাবাদ, মধ্যপ্রদেশেও অনেক কয়লার খনি আছে। ১৯১৪-১৮ সনের মধ্যে কয়লা উৎপাদনের বার্ষিক হার ছিল প্রায় ১৮ মিলিয়ন টন; ১৯৩৮ সনে এই হার দাঁড়াইয়াছে ২৪ মিলিয়ন টনেরও অধিক। ভারতের মজুত কয়লা ভাণ্ডারের পরিমাণ প্রায় ৭৮ মিলিয়ন টন; কিন্তু দুঃখের বিষয় এই কয়লার সামান্য অংশ রপ্তানির উপযোগী কোক কয়লা বা উচ্চ শ্রেণীর কয়লারূপে বিবেচিত। ভারতের ভূমি-গর্ভে একেত উৎকৃষ্ট কয়লার মজুদ ভাণ্ডারের অভাব, তার উপর আবার বড় বড় শিল্পকেন্দ্রগুলা কয়লার খনি অঞ্চল হইতে বহু দূরে-অবস্থিত। এই দুই কারণ বশতঃ, হিমালয় পর্ব্বতমালায় জলশক্তির অফুরন্ত ভাণ্ডার ভারতের আর্থিক জীবনে সুদূর-প্রসারী প্রভাব বিস্তারে সক্ষম; তবে এখন পর্য্যন্ত এই শক্তি কাজে লাগানো হয় নাই।

সাধারণ সর্ব্বনিম্ন গতিবেগের ১০০% যোগ্যতার মাপেও ভারতের এই অব্যবহৃত জলশক্তির পরিমাণ ধরা হইয়াছে ৩৯,০০০,০০০ অশ্বশক্তি। এই সমস্ত শক্তি কাজে লাগানোর পক্ষে প্রধান অসুবিধা হইতেছে এই যে, সকল সময়ে সমান শক্তিধারা বলবৎ রাখার দরকার। ভারতে বৃষ্টি হয় সামান্য সময়ের জন্য। তাই বিস্তীর্ণ জলাধার-সমূহ গঠনের জন্য বড় বড় পরিকল্পনা স্থির করার দরকার। কয়েকটী বড় বড় ও শক্তিশালী হাইড্রো-ইলেক্ট্রিক (জল-শক্তি) পরিকল্পনার কাজ ইতিপূর্ব্বেই আরম্ভ হইয়াছে। এই সমস্ত পরিকল্পনার মোট ক্ষমতার পরিমাণ কম পক্ষে ৫০০,০০০ অশ্বশক্তি। এই সমস্ত পরিকল্পনার মধ্যে বোম্বাইয়ের নিকটবর্ত্তী টাটা পাওয়ার সিষ্টেম সব চেয়ে গুরুত্বপূর্ণ। ১৯১৫ সনে এই পরিকল্পনার সর্ব্বপ্রথম সামান্য পরিমাণে কাজ আরম্ভ হয়। বর্ত্তমানে ইলেক্ট্রিক সাপ্লাই কোম্পানীগুলার সহযোগে টাটা হাইড্রো-ইলেক্ট্রিক সিষ্টেম ২৪০,০০০ অশ্বশক্তির অধিকারী। এই পরিকল্পনা বোম্বাই সহরের ঘরবাড়ী আলোকিত করে এবং রেলপথ, ট্রামওয়ে, কাপড়ের কল ও অন্যান্য কল-কারখানায় বিদ্যুৎ সরবরাহ করে। প্রকাশ, পরিকল্পনাটী শিল্পোন্নতির আরও অনেক সহায়তা করিতে পারিবে। টাটা-পরিকল্পনা, পুনা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী এবং আরও অনেক সরবরাহ কোম্পানীকে বিদ্যুৎ যোগাইয়া থাকে। অন্যান্য বিদ্যুৎ সরবরাহ পরিকল্পনার মধ্যে মাইসোর হাইড্রো-ইলেক্ট্রিক ওয়ার্কস্ এবং মাদ্রাজের দুইটী পরিকল্পনা বিশেষ উল্লেখ-যোগ্য। ১৯২০ সনে মাইসোর হাইড্রো-ইলেক্ট্রিক ওয়ার্কসের কাজ এবং মাদ্রাজের পরিকল্পনা দুইটীর কাজ ১৯৩২ ও ১৯৩৫ সনে আরম্ভ হইয়াছে। বিগত কয়েক বৎসরের মধ্যে মাদ্রাজের পরিকল্পনা দুইটীর কাজ আরও বেশী বর্দ্ধিত হইয়াছে; ১৯৪১ সনে নূতন একটী পরিকল্পনার কাজও আরম্ভ হইয়াছে। যুক্তপ্রদেশ এবং কাশ্মীরে কয়েকটী বিদ্যুৎ সরবরাহ প্রতিষ্ঠান আছে। সম্প্রতি পাঞ্জাবেও একটী নূতন পরিকল্পনার কাজ আরম্ভ হইয়াছে।

অন্যান্য শক্তি-সম্পদের মধ্যে পেট্রোলিয়মের নাম উল্লেখযোগ্য; কিন্তু ভারতে এই বস্তু উৎপন্ন হয় অত্যন্ত কম। আসামের ডিগবয় এবং পাঞ্জাবের আটক মাত্র এই দুই স্থানে তেলের খনি আছে। ১৯১৪-১৮ সনের তুলনায় ১৯৩৮ সনে উৎপাদন দশ গুণ বাড়িলেও এই সনে উৎপাদনের পরিমাণ দাঁড়াইয়াছে মাত্র ৩০০,০০০ টন।

ভিগবয় ও রাওয়ালপিণ্ডিতে তৈল-সংশোধনের কারখানাও আছে; এই দুই কারখানায় কম পরিমাণে বিমান পরিচালনা ও মোটর চালনার উপযোগী স্পিরিট ও কেরোসিন উৎপন্ন হয়।

ভারতবর্ষে লৌহ-শিল্পের উপযোগী লৌহপিণ্ডের অফুরন্ত মৌজুদ ভাণ্ডার রহিয়াছে। এই সমস্ত ভাণ্ডার কয়লার খনি অঞ্চলের নিকটেই অবস্থিত। তাছাড়া ভারতের ভূগর্ভে প্রচুর পরিমাণে ম্যাঙ্গানিজ্, চুণা পাথর ইত্যাদিও আছে। ভারতের মত এমন উচ্চ শ্রেণীর অজস্র লৌহ পিণ্ডের মৌজুদ ভাণ্ডার খুব কম দেশেই আছে। শতকরা ৬০ ভাগ লৌহপিণ্ড উত্থিত হয় উড়িষ্যা প্রদেশে। লৌহ শিল্পের ক্রমোন্নতির সঙ্গে সঙ্গে লৌহপিণ্ড উৎপাদনও বর্দ্ধিত হইয়াছে। ১৯১৪-১৮ সনের ৪০০,০০০ টন থেকে ১৯৩৭-৩৮ সনে গড় উৎপাদন ২½ মিলিয়ন টনে পরিণত হইয়াছে। উৎপন্ন লৌহপিণ্ডের অধিকাংশের চালাই ভারতবর্ষেই সম্পন্ন হয়। ম্যাঙ্গানিজ্ উৎপাদক দেশ হিসাবে সোভিয়েট ইউনিয়নের পরেই ভারতবর্ষের স্থান। ভারত-জাত ম্যাঙ্গানিজ ওর বা পিণ্ড অত্যুৎকৃষ্ট ধরণের; অধিকাংশই বিদেশে প্রেরিত হয়। ফেরো-ম্যাঙ্গানিজ্ তৈরীর জন্য সামান্য কিছু অংশ দেশের মধ্যে থাকে। মধ্যপ্রদেশেই সব চেয়ে বেশী ম্যাঙ্গানিজ ওর উৎপন্ন হয়; ১৯১৫ সনে মোট উৎপাদন দাঁড়ায় ৪৫০,৪১৬ টন; ১৯৩৭ সনে ১,০০০,০০০ টনের অধিক উৎপন্ন হইয়াছে। বিশেষ ধরণের ইস্পাত তৈরীর জন্য ক্রোমাইটের প্রয়োজন। ভারতে অনেকগুলি মূল্যবান্ ক্রোমের খনি আছে। ক্রোম-উৎপাদক দেশ হিসাবে ভারতের স্থানও অনেক উপরে। ১৯৩৭ সনে মোট উৎপাদন দাঁড়ায় ৬২,৮৬২ টন; অর্থাৎ মহাযুদ্ধের বৎসরগুলির গড় উৎপাদনের তুলনায় ১৯৩৭ সনে উৎপাদনের হার দুই গুণ বর্দ্ধিত হইয়াছে।

টাটা আয়রণ অ্যাণ্ড ষ্টীল কোম্পানী প্রথমে পিগ লোহা উৎপাদন আরম্ভ করে ১৯১১ সনে। কয়েক বৎসর পর ইস্পাতও তৈরী হয়। ১৯২১-২২ সনে এই কারখানায় ২৭০,০০০ টন পিগ লোহা ও ১৮২,০০০ টন ইস্পাতের খণ্ড ও ১২৪,০০০ টন প্রথম শ্রেণীর ইস্পাত উৎপন্ন হয়। ১৯২৪ সনে ইস্পাত-শিল্প (সংরক্ষণ) আইন বিধিবদ্ধ হয়। ফলে ১৯২১-২২ সনের তুলনায় ১৯২৪-২৬ সনে দ্বিগুণ এবং ১৯৩৫-৩৬ সনে তিন গুণ ইস্পাত উৎপন্ন হইয়াছে। এই সমস্ত উৎপাদন বৃদ্ধির ফলে মহাযুদ্ধের পূর্ব্ববর্তী সময়ের তুলনায় লোহা-লক্কড় আমদানির পরিমাণ অর্দ্ধেক দাঁড়ায়। ১৯৩৬-৩৭ সনে ভারতবর্ষ রীতিমত পিণ্ড লোহা রপ্তানিকারক দেশে পরিণত হয়। জামসেদপুরের টাটার লোহা-লক্কড়ের কারখানা বৃটিশ সাম্রাজ্যের শ্রেষ্ঠ ইস্পাতের কারখানায় পরিণত। লোহা-লক্কড়ের অন্যান্য কারখানার মধ্যে মাইসোর আয়রণ অ্যাণ্ড্ ষ্টীল ওয়ার্কস, ইণ্ডিয়ান আয়রণ অ্যাণ্ড ষ্টীল কোম্পানী এবং বেঙ্গল আয়রণ অ্যাণ্ড ষ্টীল কোম্পানী সমধিক উল্লেখযোগ্য। টাটার কারখানার তুলনায় মাইসোর আয়রণ অ্যাণ্ড ষ্টীল ওয়ার্কসে অনেক কম লোহা-লক্কড় উৎপন্ন হয়। শেষোক্ত কারখানা দুইটী ১৯৩৬ সনে সমবেত হইয়া ষ্টীল কর্পোরেশন অব্ বেঙ্গল নামক প্রতিষ্ঠানের সৃষ্টি করিয়াছে। প্রতিষ্ঠানটী পুরাপুরি বৃটিশ-নিয়ন্ত্রিত। প্রতি বৎসর ২০০ হইতে ২৫০ হাজার টন উৎপাদনের মূল পরিকল্পনাসহ ১৯৩৯ সনের নবেম্বর মাস হইতে এই প্রতিষ্ঠানের কাজ আরম্ভ হইয়াছে। প্রাক্-যুদ্ধ ১৯৩৮-৩৯ সনে ১,৫৭৫,০০০ টন পিগ লোহা, ৯৭৭,৪০০ টন ইস্পাতের বার ও ৯৩৫,২০০ টন উৎকৃষ্ট ইস্পাত তৈরী হয়। টাটা কোম্পানী টিন প্লেট কোম্পানী অব ইণ্ডিয়া এবং ইণ্ডিয়ান ষ্টীল অ্যাণ্ড আয়রণ প্রোডাক্টস্ কোম্পানীকে টিনের পাত, রড, তার, পেরেক ইত্যাদি তৈরীর জন্য ইস্পাত যোগাইয়া থাকে।

ভারতবর্ষে খুব কম পরিমাণে তামার ওর উৎপন্ন হয়। ভূ বিহারের সিংভূম জেলায় ইণ্ডিয়া কপার কর্পোরেশনের চালাইয়ের কারখানা সম্প্রসারণের ফলে ১৯১৪-১৮ সনগুলির গড়ে ৮,০০০ টনের স্থানে ১৯৩৪-৩৮ সনগুলিতে গড়ে ৩৩১,০০০ টন তামা উৎপন্ন হইয়াছে। তবে চালাই তামা গড়ে ৭০০০ টনেরও কম উৎপন্ন হইয়াছে। আরও যে কয়েকটী খনিজ পদার্থের উৎপাদন বাড়িয়াছে তন্মধ্যে অভ্রের নাম সমধিক উল্লেখযোগ্য।

ভারতবর্ষ পৃথিবীর সেরা অস্ত্র-উৎপাদক দেশে পরিণত। ফার্নেসের লাইনিংয়ের উপযোগী কয়েক প্রকার ভঙ্গুর ধাতু, ম্যাগ্‌নেসাইট এবং ইল্‌মেনাইটের নামও করা যাইতে পারে। ভারতবর্ষে উন্নত শ্রেণীর ম্যাগ্‌নেসাইট-ভাণ্ডার আবিষ্কৃত হইয়াছে। ভারতবর্ষের কয়েকটী অঞ্চলে বক্সাইট ও প্রচুর পরিমাণে মিলিতে পারে; কিন্তু ইহার কাজ এখনও তেমন আরম্ভ হয় নাই।

দুই যুদ্ধের মধ্যবর্ত্তী সময়ে আরও অনেক শিল্প উন্নতি লাভ করিয়াছে। রেলওয়ে ওয়ার্কশপসহ ইঞ্জিনিয়ারিং শিল্পগুলা রীতিমত উন্নত হইয়াছে। তবু যেভাবে দেশের সাধারণ শিল্পোন্নতি ঘটিয়াছে ইঞ্জিনিয়ারিং শিল্প ঠিক সেই অনুপাতে বাড়িতে পারে নাই। বর্ত্তমান যুদ্ধ আরম্ভ হওয়ার সময়েও ভারতকে নানা প্রকার ইস্পাতের জিনিষ, প্লাণ্ট, মেশিনারী ইত্যাদি সম্বন্ধে বিদেশের মুখাপেক্ষী অবস্থায় দেখিতে পাওয়া যায়। সিমেণ্ট শিল্পে যথেষ্ট উন্নতি ঘটিয়াছে; ১৯৩৬-৩৭ সনে উৎপাদনের হার দাঁড়াইয়াছে বার্ষিক প্রায় এক মিলিয়ন টন, অর্থাৎ ১৯২৮-২৯ সনের তুলনায় ৮০% বাড়িয়াছে। আরও অনেক শিল্প আরম্ভ হইয়াছে অথবা সম্প্রসারিত হইয়াছে। তন্মধ্যে চামড়া, রবার, ল্যাম্প, ইলেকট্রিক ইন্‌সুলেটর, রং ও এনামেল, কয়েক প্রকার রাসায়নিক দ্রব্য, কাচ, সাবান, ঘইল, দেশলাই, কাগজ, সিগারেট, এবং লোকজনের ব্যবহারোপযোগী আরও নানা প্রকার দ্রব্য উল্লেখ করা যাইতে পারে। এই সমস্ত জিনিষ তৈরীর তোড়জোড় চলিতেছে অথবা তৈরী হইতেছে। একটী ভারতীয় কিল্প তৈরীর প্রতিষ্ঠানও স্থাপিত হইয়াছে।

বর্ত্তমান যুদ্ধ ভারতীয় শিল্প-প্রচেষ্টাকে বহু অকল্পনীয় সমস্যার সম্মুখীন করিয়াছে। হঠাৎ কয়েক প্রকার অতি-প্রয়োজনীয় কাঁচা মালের চাহিদা বাড়িয়া গিয়াছে। আমদানি হ্রাসের ফলে দেশীয় শিল্পদ্রব্যের চাহিদা বাড়িয়াছে। ভারত গবর্ণমেণ্ট দেশরক্ষার জন্য ভারতের চতুঃসীমার মধ্যে অস্ত্রশস্ত্র ও সমরোপকরণ উৎপাদন যথেষ্ট পরিমাণে বর্দ্ধিত করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন। ১৯৩৯ সনের ৯ই সেপ্টেম্বর তারিখ দেশরক্ষা সম্পর্কে চ্যাটফিল্ড কমিটীর সুপারিশ বাহির হইয়াছে। উহাতে সমস্ত বাহিনীর ব্যাপক যন্ত্র-সজ্জা ও অর্ডিন্যান্স ফ্যাক্টরী-গুলার সম্প্রসারণ ও পুনর্গঠনের জন্য ৪,৫০০,০০০ পাউণ্ড ব্যয়ের নানাপ্রকার মোসাবিদার কথা উল্লেখ করা হইয়াছে। ১৯৪০ সনের শরৎকালে নয়াদিল্লী সহরে ইষ্টার্ণ সাপ্লাই গ্রুপ্ কনফারেন্সের অধিবেশন হয় এবং সুয়েজখালের পূর্ব্বে সমরোপকরণ সরবরাহের সমন্বয় সাধনের জন্য ইষ্টার্ণ সাপ্লাই গ্রুপ কাউন্সিল স্থাপন করা হয়। আর ভারতবর্ষ যাহাতে গুরুত্বপূর্ণ শিল্পদ্রব্য ও সরবরাহের কেন্দ্রে পরিণত হয় তজ্জন্য ভারতে উৎপাদন-বৃদ্ধির জন্যও নানাপ্রকার মোসাবিদা স্থির করা হয়।

লোহা-ফলক শিল্পের দ্রুত বিস্তৃতি ও উন্নতি আরম্ভ হইয়াছে। পিগ লোহা উৎপাদন বাড়িয়াছে, ফলে দেশের ক্রম-বর্দ্ধমান চাহিদা পূরণের পর গ্রেট ব্রুটেনের জন্যও বাড়তি পিগ লোহার ব্যবস্থা হইয়াছে। ১৯৪২ সনের মে মাসে খবর পাওয়া যায় যে, উৎকৃষ্ট ইস্পাত উৎপাদন ইতিপূর্ব্বেই প্রাগ্-যুদ্ধ যুগের তুলনায় ৫০% বাড়িয়াছে। সম্প্রসারণের অন্যান্য ব্যবস্থা সাঙ্গ হইলে উৎপাদন দ্বিগুণ দাঁড়াইবে। যুদ্ধের পূর্ব্বে কেবলমাত্র ভারতীয় রেলপথ ও ইঞ্জিনিয়ারিং কারখানাগুলির উপযোগী ইস্পাত তৈরী হইত; এবং এই সমস্ত ইস্পাত ছিল সাদাসিধা ধরণের। বর্ত্তমানে সাধারণ ইস্পাত তৈরী ত বাড়িয়াছেই, উপরন্তু নানা প্রকার বিশেষ ধরণের ইস্পাতও তৈরী হইতেছে। এই সমস্ত ইস্পাতের মধ্যে সেলও বুলেট প্রুফ্ আর্ম্মার প্লেট, তৈরীর উপযোগী ইস্পাতের বার এবং ইস্পাতের টুপি, আর্ম্মার-ভেদকারী বুলেট, আর্ম্মার প্লেট কর্ত্তনের উপযোগী ব্লেড্ প্রভৃতির জন্য মিশ্রিত ইস্পাত ইত্যাদির উল্লেখ করা যাইতে পারে। এরোপ্লেনের জন্য বিশেষ ধরণের ক্রোম-মোলিব্‌ডেনাম মিশ্রিত ইস্পাত, মেশিনগানের জন্য ইস্পাতের স্প্রিং এবং আরও নানাপ্রকার ইস্পাত তৈরী হইতেছে। নিকেল ষ্টীল প্লেট, তীব্র বিস্ফোরক শেল ইত্যাদির জন্য হাই কার্ব্বন ইস্পাত, যন্ত্রপাতি তৈরীর জন্য হাইস্পিড্ ইস্পাত, ডাক্তারী অস্ত্র-

শস্ত্র ও যন্ত্রপাতির জন্য বাধ না পড়ে এইরূপ ইস্পাতও উৎপন্ন হইতেছে।

ইস্পাতের মিল বোল, টেলিগ্রাফের তার ও বৈদ্যুতিক তার তৈরীর উপযোগী ইস্পাতের দণ্ড এবং জাহাজ তৈরীর উপযোগী ইস্পাত তৈরী হইতেছে। কখনো কখনো গাড়ীর উপরিভাগ, অ্যাক্সেল, রেলগাড়ীর চাকা, টায়ার ইত্যাদির উপযোগী এসিড ও সেস-হার্থ ইস্পাত উৎপাদনের ব্যবস্থাও করা হইয়াছে। কাজেই দেখা যায়, উৎপাদন বৃদ্ধির সঙ্গে সঙ্গে উৎকৃষ্ট ও নানাধরণের ইস্পাত তৈরী হইতেছে। ইস্পাত উৎপাদন সম্পর্কে ভারতবর্ষ এখনও পৃথিবীর বহুদেশের পশ্চাতে রহিয়াছে। তবুও ইহা খাঁটি সত্য যে, কয়েক শ্রেণীর বিশেষ ধরণের ইস্পাত ছাড়া ভারতবর্ষ এখন তাহার প্রয়োজন মত সমস্ত ইস্পাতই তৈরী করিতেছে।

অতিরিক্ত কারিগরীগুলারও যথেষ্ট উন্নতি হইয়াছে। প্রকাশ, চ্যাটফিল্ড মিশন এইগুলার সম্প্রসারণ সম্পর্কে যে ৪,৫০০,০০০ পাউণ্ড ব্যয়ের সুপারিশ করিয়াছিল, ১৯৪১ সনের বসন্তকালেই তাহা খরচ করা হইয়াছে। খবর পাওয়া যায় যে, ১৯৪২ সনের প্রারম্ভে ২৩টা রেলওয়ে ওয়ার্কশপ সহ প্রায় ১,৫০০ ইঞ্জিনিয়ারিং কারখানায় অস্ত্র-শস্ত্র তৈরী হইতেছে। বর্ত্তমানে ছোট-খাট অস্ত্রশস্ত্র, বোমা, হাতবোমা, বিস্ফোরক দ্রব্য প্রভৃতি, উচ্চ কার্য্য-ক্ষমতাযুক্ত ছোট ছোট কামান, কামানের গাড়ী, ট্রেনযান, ও রাইফেল, মোটর গাড়ীর বর্ম্মাবৃত আচ্ছাদন সহ শত শত রকমের জিনিষপত্র প্রস্তুত হইতেছে। ইঞ্জিন তৈরী হয় না বলিয়া পুরাপুরি এরোপ্লেন এখনও তৈরী হইতেছে না। অল্প পরিমাণে এরোপ্লেনের ফ্রেম তৈরী হইতেছে এবং এরোপ্লেন ও মোটর দুই-ই জোড়া লাগাইয়া নির্ম্মাণ করা হইতেছে। হিন্দুস্থান এয়ার-ক্র্যাফট ইণ্ডাষ্ট্রির কারখানায় আমদানি করা অংশসমূহ লইয়া ১৯৪১ সনে প্রথম এরোপ্লেন তৈরী করা হয়। কল-ইঞ্জারা পরিকল্পনা অনুসারে রুশিয়াকে মোটর গাড়ী সরবরাহ করিবার জন্য মার্কিণ যুক্তরাষ্ট্র সম্প্রতি অংশসমূহ সমাবেশ করিয়া মোটর গাড়ী তৈরীর এক কারখানাও পত্তন করিয়াছে। ইঞ্জি-নিয়ারিং শিল্পের এক গুরুত্বপূর্ণ বিশেষত্ব এই যে, কয়েক শ্রেণীর মেশিনারী ও ছোট-খাট যন্ত্রপাতিও তৈরী হইতেছে। প্রাগ্-যুদ্ধ যুগের সর্ব্বাপেক্ষা মূল্যবান ইঞ্জিনিয়ারিং কারখানা, রেলওয়ে ওয়ার্কশপগুলার সমস্ত বাহিনীর উপযোগী শেল, হাত-বোমা এবং আরও নানা-প্রকার অস্ত্র-শস্ত্র তৈরী হইতেছে। যুদ্ধের পূর্ব্বেও ব্রডগেজ ইঞ্জিন, অ্যাক্সেল, চাকা এবং আরও কয়েকপ্রকার রেলওয়ের উপযোগী বস্তু ছাড়া ভারতে রেলপথের উপযোগী সমস্ত মাল-মশলা তৈরী হইয়াছে। এখন এই সমস্ত ওয়ার্কশপে ব্রডগেজ ইঞ্জিন, স্থায়ী রেলপথের মালমশলা, মালগাড়ী, সেতুর লাভ-সরঞ্জাম ইত্যাদি তৈরীর ব্যবস্থা করা হইতেছে। যুদ্ধের পূর্ব্বে ভারতে জাহাজ তৈরীর তেমন কোন ব্যবস্থা ছিল না বলিলেই চলে। বর্ত্তমানে ভিজাগাপটমের জাহাজ তৈরীর কারখানায় অনায়াসেই মাইন-সংস্থাপক জাহাজ এবং পেট্রল বোট তৈরী করা যাইতে পারে। (ক্রমশঃ)

৯নং পঞ্চানন ঘোষ লেনস্থ কলিকাতা ওরিয়েণ্টাল প্রেস লিঃ হইতে শ্রীযোগেশচন্দ্র সরখেল কর্ত্তৃক প্রকাশিত ও মুদ্রিত।

মাসিক উন্নতি

কৃষি শিল্প বাণিজ্য ও ধনবিজ্ঞান বিষয়ক পত্রিকা

১৮শ বর্ষ | শ্রাবণ, ১৩৫০ | ৪র্থ সংখ্যা

CALCUTTA UNIVERSITY CENTRAL LIBRARY

বঙ্গেশ্বরী কটন মিলস্ লিমিটেড

ম্যানেজিং ডিরেক্টর ডক্টর শ্রীযুক্ত নরেন্দ্রনাথ লাহা

বার্ষিক মূল্য ৩৲ টাকা (ডাক মাশুল ৵০ আনা স্বতন্ত্র) প্রতি সংখ্যা ।০ আনা

সম্পাদক শ্রী বিনয়কুমার সরকার

ARTHIK UNNATI

(Economic Progress)

Established April, 1926

A monthly journal, in **Bengali**, on economics (theoretical and applied), the applications of industrial research and scientific inventions for social welfare and material progress.

The object of the journal is to function as an organ of banking, foreign trade, money market, insurance, industrialization, agricultural enterprises, railway and shipping economics, public finance, economic legislation, national health, technical education, rural reorganization, municipal administration and other civic interests.

Edited by Prof. Dr. Benoy Kumar Sarkar, *Vidya-vaibhava*

Section 1. deals with the *wealth of Bengal*, profession by profession. The data are furnished by the reports of correspondents specially employed for the purpose. The standard of life prevailing among cultivators, artisans, fishermen, boatmen, leather-workers, weavers, shopkeepers, merchants, land-owners, exporters, importers, industrial workers, sailors, clerks, directors and founders of modern industries, banks and other business establishments—all classes of the Bengali population,—is the main theme of these statistical and objective investigations.

Section 2. deals with agricultural, manufacturing and *India* (excluding Bengal, but including the Indian states).

Section 3. deals with the *economic developments of the world*. It seeks to interpret the movement in foreign finance, industries and commerce to the Indian businessmen and economists. India's opportunities for co-operation with foreigners in all spheres of international trade and investment constitute likewise a special subject of study. The facts of world-economy involving, as they do, the intimate interdependence of India and the other countries in regard to economic functions and material welfare are placed before the readers in the form of a regular news-service.

Section 4. deals with the movements and pronouncements of the world's prominent bankers, captains of industry, engineers, chemists, experts in technical, commercial and agricultural education, statisticians, economists, finance-ministers and so forth. The *programmes of learned societies*, businessmen's associations, and bankers' institutes etc. fall within this section.

Section 5. is given over to *interviews* with specialists on problems of applied economics and economic thought.

In all these sections *Arthik Unnati*, although a monthly, intends to acquire the dynamic character of a weekly or even a daily newspaper.

Special Features:

1. A tabular statement of the contents (with occasional synopsis) of the economic, financial, export-import, statistical and allied journals in the Indian and foreign languages including *French*, *German*, *Italian*, and whenever possible, *Russian*, *Japanese* and *Turkish*.
2. Review of books.
3. A serial announcement of Indian and foreign books on economics, banking, commerce, technical education and all other branches of material and social welfare.

N.B. About *fifty per cent* of the monthly devotes itself to **essays and discussions of permanent value** bearing on the methods and problems of the economic sciences. **Bengali translation** or summaries of the views and theories of foreign economists of the present or preceding generations form a marked characteristic of this journal.

Annual subscription Rs. 3/- (excluding postage).

Office: 9, Panchanan Ghose Lane (off Amherst Street), Calcutta

Director

DR. NARENDRA NATH LAW

Managing Director, Bangeswari Cotton Mills, Ltd., Calcutta.

Section 1. Wealth of Bengal: A New Use of Jute. Scarcity of Opium. about the Works of District Boards and Union Boards of Bengal. (pp. 71-74).

Section 2. Economic India : Tea Plantation Labourers in India. Daily Labourers. Famine in Vijapur. Export of Tanned Hydes. Export of Untanned Hydes. Export of Cocoanut Oil from Madras. Export of Oil. (pp. 75-76).

Section 3. World Economy: Plan for Aid to the Chinese living in Foreign Lands. Relief Centres in China. Agriculture in China. Price of Commodities in America. (pp. 77-79).

Section 4. Men, Institutions and Movements: Radio Lecture from Chunking. (pp. 80-81).

Section 5. Interview: Dawn Society's Swadeshi Shop. (pp. 82-83).

Section 6. World of Journals: *Social* *Quarterly* April Summarised. (pp. 84-85).

Section 7. Reviews: The Psychology of Fear and Courage. Machine to Man Machine. The Revolution is on. (pp. 86-87).

Section 8. Bibliography: 13 books announced p. 89.

Articles:

(1) Industrial Development in India through British Eyes.
By Manmatha Nath Sarkar, M. A. (pp. 89-90).

Types of War Inflation.
By Anathbandhu Dutt, M.A., F.R.S , A.I.B. (London) (pp. 91-94).

Works by and about BENOY SARKAR

B. K. SARKAR:

1. **Villages and Towns as Social Patterns.** Pages 701. Eight Charts. Rs. 15. (Royal).
2. **Economic Development.** Vol. I Pages 461. Rs. 8. Vol. II Pages 320. Nine Charts. Rs. 6. (Demy).

The Political Philosophies since 1905. Vol. I. Pages 404. Rs. 4. (Crown). Vol. II. Pages 356. Rs. 5. Part II. Pages 570. Rs. 12. Part III. Pages 368 Rs. 8. (Demy).

4. **The Sociology of Races, Cultures and Human Progress.** Pages 410 Rs. 7. (Royal).
5. **Introduction to Hindu Positivism.** Pages 770. Rs 16. (Royal).
6. **Creative India.** Pages 725. Rs. 15. (Demy).
7. **The Politics of Boundaries.** Pages 310. Rs. 2-8-0. (Crown).
8. **Social Insurance Legislation and Statistics.** Pages 470 Nine Charts. Rs. 8. (Demy).
9. **Imperial Preference vis-a-vis World-Economy.** Pages 172. Fifteen Charts. Rs. 6. (Royal).
10. **Indian Currency and Reserve Bank Problems.** Pages 94. Fourteen Charts. Rs. 3. (Royal)

S. C. DUTT: **Conflicting Tendencies in Indian Economic Thought.** (Sarkarism in Economics). Pages 234 Rs. 5. (Royal

N. N. CHAUDHURY: **Pragmatism and Pioneering in Benoy Sarkar's Sociology and Economics.** Pages 152. Rs. 3. (Royal).

S. K. GHOSHAL: **Sarkarism** (The Ideas and Ideals of Benoy Sarkar on Man and His Conquests). Pages 60. Re. 1. (Royal)

B. DASS (and fourteen collaborators). **The Social and Economic Ideas of Benoy Sarkar.** Pages 690. Rs. 12. (Royal)

CHUCKERVERTTY CHATTERJEE & CO., LTD. 15 College Square, Calcutta.

জীবনযাত্রার পাথেয়

জীবনযাত্রার অনিশ্চিত পথে
জীবন বীমা মানুষের
প্রধান পাথেয়।

আমাদের গৃহ-সংসার কত আশা-উৎসাহ, কত শান্তি সুখের স্বপ্ন নিয়ে তৈরী। বাপ মায়ের সে স্বপ্ন বুঝি আজ রূঢ় বাস্তবের আঘাতে ভেঙ্গে যায়। তাই নিজের জন্যও যেমন তাদের দুশ্চিন্তা, ছেলেমেয়ে ও আত্মীয় পরিজনের জন্যও তেমনি তাদের উদ্বেগ ও আশঙ্কা—কি উপায়ে তাদের জীবনযাত্রা নির্ব্বাহের উপযোগী সংস্থান করে রাখা যায়। বর্ত্তমান দুর্দ্দিনে ও ভবিষ্যতের আর্থিক সঙ্কটে তারা কোন্ পাথেয় নিয়ে দাঁড়াবে?—

হিন্দুস্থানের বীমাপত্র সেই মূল্যবান পাথেয়—দুর্দ্দিনের সর্ব্বোত্তম আশ্রয়। উপার্জ্জনশীল ব্যক্তিমাত্রেরই অবিলম্বে এই পাথেয় সংগ্রহ করা উচিত।

হিন্দুস্থান কো-অপারেটিভ

ইন্‌সিওরেন্স সোসাইটি, লিমিটেড্

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস্, কলিকাতা।

NEW ECONOMIC AND SOCIOLOGICAL WORKS

Labour Legislation in British India (Pankaj Mukherjee) Rs. 3/-
Conflicting Tendencies in Indian Economic Thought (Shib Dutt) Rs. 5/-
La Politica Finanziaria Britannica in India (Dr. Moni Moulik) Rs. 5/-
The Economics and Law of Central Banking (Prof. Sachin Dutt) Ans. -/8/-
The Messages of Dante (Prof. Subodh Ghoshal). Ans. -/4/-
The Social and Economic Ideas of Benoy Sarkar, Edited by Prof. Baneswar Dass with the collaboration of Fourteen Scholars and with a Foreword by Dr. Narendra Nath Law. Rs. 12/-
Economic Dialectics (Nagen Chaudhury). Rs. 2/.
Italian Economy and Culture (Dr. Moni Moulik). Rs. 3/-
Principles of Civics, Part I. (Prof. Sachin Dutt). Re. 1-4-0
Herder's Doctrine of National Soul (Ghoshal) Ans. -/4/-

CHUCKERVERTTY CHATTERJEE & Co. Ltd.
15, College Square, Calcutta.

সূচী

বাংলার সম্পদ্ ঃ—পাটের নূতন ব্যবহার। আন্ধ্রের অভ্যাস। বাংলার বোর্ডসমূহের বিবরণী। (৭১-৭৪)

আর্থিক ভারত ঃ—ভারতে চাষের প্রসার। দৈনিকভাবে লোক নিয়োগ। বিজাপুরে দুর্ভিক্ষ। টানা-করা চামড়ার রপ্তানি। বিভিন্ন দেশে কাঁচা চামড়ার রপ্তানি। যুক্তরাষ্ট্রে নারিকেল তেল রপ্তানি। তৈল রপ্তানি। (৭৫-৭৬)

দুনিয়ার ধনদৌলত ঃ—বিদেশী চীনাদের সাহায্য পরিকল্পনা। চীনে দেশে রিলিফ দেওয়ার। চীনে কৃষি-ঋণ। মার্কিণ থেকে দ্রব্যমূল্য। দ্রব্য চাহিদা ও টাকার মাপ। (৭৭-৭৯)

ব্যক্তি ও সঙ্ঘ ঃ—মার্কিণ দৃষ্টিতে ভারত। (৮০-৮১)

গোলাকাৎ ঃ—ডন-সোসাইটির স্বদেশী দোকান [অধ্যাপক শ্রীবিনয়কুমার সরকারের সহিত শ্রীহরিদাস মুখোপাধ্যায়ের কথোপকথন]। ৮২

পত্রিকা-জগৎ

সমালোচনা

গ্রন্থপঞ্জী

প্রবন্ধ ঃ

(১) বিলাতী চোখে ভারতের শিল্পোন্নতি
শ্রীমন্মথনাথ সরকার, এম এ ৮৯-৯০

(২) যুদ্ধকালের রকমারি মুদ্রা-স্ফীতি
শ্রীঅনাথবন্ধু দত্ত এম. এ., এফ আর.এস., ই.আই.বি. (লণ্ডন) (৯১-৯৪)

বিনয় সরকারের বৈঠকে
(বিংশ শতাব্দীর বঙ্গ-সংস্কৃতি)
শ্রীহরিদাস মুখোপাধ্যায়

রামকৃষ্ণ-সাম্রাজ্য, বঙ্গ-বিপ্লব, স্বদেশী আন্দোলন, ডন সোসাইটির সতীশ মুখোপাধ্যায়, অরবিন্দ-দর্শন, শিল্প-বাণিজ্যে বাঙালীর প্রগতি, মজুর-আন্দোলন, মেয়েদের পুরুষ-সাজ, "অবনীন্দ্র-মণ্ডল", লাঠি-সেনাপতি পুলিন দাস, ব্রাহ্ম সমাজ, নবরত্ন ও অন্নদাশঙ্কর, বাংলার বৈজ্ঞানিক, ঐতিহাসিক ও প্রত্নতাত্ত্বিক গবেষণা, রাবীন্দ্রিক ভগবান, গল্প-রচনায় বাঙালী মেয়ের, হিন্দু-মুসলমানের ধর্ম-মিলন, গুরুসদয়ের নাচানাচি, সুরেন্দ্রনাথ হইতে ভাবাপ্রসাদ, ১২৮০ সনের বাঙালী ইত্যাদি বিষয়ে বিংশ শতাব্দীর বঙ্গ-সংস্কৃতি সম্বন্ধে অধ্যাপক বিনয়কুমার সরকারের সঙ্গে কথোপকথন। প্রশ্নোত্তরের আকারে লিখিত। ৩৫০ পৃষ্ঠা মূল্য ৫৲

বঙ্গীয় ধনবিজ্ঞান পরিষদ্ ও বঙ্গীয় সমাজ-বিজ্ঞান পরিষদের
সুধীবর্গের লিখিত কয়েকখানি গ্রন্থ

১। একালের ধনদৌলত ও অর্থশাস্ত্র (বিনয় সরকার) :—প্রথম ভাগ ৩৲, দ্বিতীয় ভাগ ৫৲। ২। ধনদৌলতের রূপান্তর (বিনয় সরকার) ১৷৹। ৩। পরিবার, গোষ্ঠী ও রাষ্ট্র (বিনয় সরকার) ২৷৹। ৪। স্বদেশী আন্দোলন ও সংরক্ষণনীতি (বিনয় সরকার) ২৲। ৫। নয়া বাঙলার গোড়াপত্তন (বিনয় সরকার) :—প্রথম ভাগ ২৷৹, দ্বিতীয় ভাগ ২৲। ৬। বাড়তির পথে বাঙালী (বিনয় সরকার) ৩৷৹। ৭। দেশ-বিদেশের ব্যাঙ্ক (ভক্টর নরেন্দ্রনাথ লাহা ও জিতেন সেনগুপ্ত) ১৸৹। ৮। টাকাকড়ি (রবি ঘোষ) ১৷৹। ৯। টাকার কথা (নরেন রায়) ১৲। ১০। ধনবিজ্ঞানে সাধুক্তি (শিব দত্ত) ২৲। ১১। বাংলায় ধনবিজ্ঞান (বিনয় সরকার ও অন্যান্য লেখকগণ) প্রথম ভাগ ৩৷৹, দ্বিতীয় ভাগ ৩৲। ১২। সমাজ-বিজ্ঞান (বিনয় সরকার ও অন্যান্য লেখকগণ) ৩৲। ১৩। মার্কিণ সমাজ ও সমস্যা (নগেন চৌধুরী) ২৲। ১৪। ফরাসী মনীষীদের প্রগতি-দর্শন (প্রফুল্ল বিশ্বাস) ৷৹।

চক্রবর্ত্তী চ্যাটার্জ্জি অ্যাণ্ড কোম্পানী লিমিটেড
১৫, কলেজ স্কোয়ার, কলিকাতা

আর্থিক উন্নতি

শ্রাবণ—১৩৫০ ১৮শ বর্ষ—৪র্থ সংখ্যা

ST. LOUIS UNIVERSITY

অহমস্মি সহমান উত্তরো নাম ভুবনম্।
অভীষাড়স্মি বিশ্বাষাড়াশামাশাং বিষাসহি॥

অথর্ববেদ ১২।১।৫৪

পরাক্রমের মূর্তি আমি,—'শ্রেষ্ঠতম' নামে আমার জানে সবে পরাতে;
জেতা আমি বিশ্বজয়ী,—জয় আমার দিকে দিকে বিজয়-কেতন উড়াতে।



পাটের নূতন ব্যবহার

যুদ্ধের ফলে পাটের বৈদেশিক চাহিদা কমিয়া যাওয়ায়, ইণ্ডিয়ান সেণ্ট্রাল জুট কমিটি কলিকাতায় পাট ব্যবহার সম্পর্কে যে তদন্ত করেন তাহাতে নূতন নূতন কাজে পাটকে নিয়োজিত করার জন্য তাঁহারা সুপারিশ করিয়াছেন। কমিটী তাঁহাদের রিপোর্টে গৃহসজ্জার পর্দা, চটের পাদুকা, কম্বল প্রভৃতির কথা বিশেষভাবে উল্লেখ করিয়াছেন। তাঁহারা আরও বলিয়াছেন যে, তুলা ও পশমের মিশ্রণে তৈরী কাপড় বাজারে যেভাবে চালু রহিয়াছে, তাহাতে পাট ও পশমের মিশ্রণে তৈরী কাপড়ও বিশেষ লাভজনক হইতে পারে। টুকরা চট পিটিয়া উপযুক্ত রসের সাহায্যে বাষ্প-নিরোধক ব্যবস্থা করিয়া চায়ের বাক্স তৈরী হইতে পারে। বর্তমানে কাঠের বাক্সের যেরূপ অভাব দেখা দিয়াছে, তাহাতে চটে তৈরী এইসকল বাক্স প্রচলিত হইলে একমাত্র চা ব্যবসায়েই প্রচুর চটের কাটতি হইতে পারিবে।

আফিঙের অভাব

এবার প্রচুর পরিমাণে আফিঙের উৎপাদন না হওয়ায় সম্প্রতি আবগারী কর্তৃপক্ষ দোকানসমূহে আফিঙের বরাদ্দ অনেক পরিমাণে কমাইয়া দিয়াছেন। সাধারণতঃ মাদক দ্রব্য হিসাবে আফিঙ ব্যবহৃত হয় না, বার্দ্ধক্য-পীড়িত ও নানারূপ জটিল রোগাক্রান্ত লোকেরাই আফিঙ সেবন করিয়া থাকে। আফিঙ না হইলে উহাদের আর রক্ষা থাকে না। ইতি-মধ্যেই আফিঙের অভাবে লোকের নানারূপ শোচনীয় দুর্দশার সংবাদ পাওয়া যাইতেছে। যাহা হউক মেলার সময়ে নানা শ্রেণীর ও নানা স্থানের বহু লোক বাস করিয়া থাকে, কাজেই অন্ততঃ সময়ে যাহাতে অপেক্ষাকৃত অধিক

পরিমাণে আন্দিষ্টের বরাদ্দ হয় এবং আন্দিষ্টের অভাবে যাহাতে কোনরূপ নূতন বিপত্তির সৃষ্টি না হয় আমরা তৎপ্রতি আবগারী কর্তৃপক্ষ ও জেলা কর্তৃপক্ষের বিশেষ দৃষ্টি আকর্ষণ করিতেছি। (মোয়াযালী দ্বিতৈষী)

বাংলার বোর্ডসমূহের বিবরণী

জেলা বোর্ড—পূর্ব্ব বৎসরের ন্যায় ১৯৪০-৪১ সনেও জেলা বোর্ডসমূহের সংখ্যা ছিল ২৬টী। মোট ৬৯২ জন সদস্যের মধ্যে ৪৪৮ জন জনসাধারণ কর্তৃক নির্ব্বাচিত হইয়াছেন ও অবশিষ্ট সকলকে সরকার কর্তৃক নিযুক্ত করা হইয়াছে। শেষোক্ত ব্যক্তিদের মধ্যে ৮৪ জন সরকারী কর্ম্মচারীও আছেন। আলোচ্য বর্ষে বীরভূম জেলা-বোর্ড পুনর্গঠিত হইয়াছে। পূর্ব্বের ন্যায় এ বৎসরও সরকার কর্তৃক নিযুক্ত ডেপুটী-কমিশনার মহোদয়ই দার্জ্জিলিং জেলা বোর্ডের চেয়ারম্যানের কার্য্য চালাইতেছেন। একজন বে-সরকারী ব্যক্তিকে হুগলী জেলা বোর্ডের সভাপতিত্ব করিবার জন্য নিযুক্ত করা হইয়াছে। অন্যান্য জেলা বোর্ডসমূহে তাহাদের স্ব স্ব চেয়ারম্যান নির্ব্বাচিত হইয়াছে।

এই সমস্ত বোর্ডের মোট ৩১৮টী সভার অনুষ্ঠান হয়। তন্মধ্যে সভার অধিবেশন কার্য্যের জন্য ন্যূনসংখ্যক সদস্যের উপস্থিতি না হওয়ায় দুইটী সভা অচল হয় এবং ২৩টী সভার কার্য্য স্থগিত থাকে।

সভায় সদস্যদের উপস্থিতির শতকরা হার বগুড়ায়ই সব চেয়ে বেশী (৮৫·৩) এবং জলপাইগুড়িতে সব চেয়ে কম (৬৬·১১)।

লোকাল বোর্ড—বাঁকুড়া, হাওড়া, ফরিদপুর এবং ত্রিপুরায় লোকাল বোর্ডসমূহ তুলিয়া দেওয়ায় লোকাল বোর্ডের সংখ্যা ৭০টী হইতে বর্ত্তমান বৎসরে ৫৯টীতে নামিয়া আসিয়াছে। ফলে সদস্যদের সংখ্যা ১১২২ জনের স্থলে ১,০০৬ জন হইয়াছে। তন্মধ্যে ৬৪২ জন নির্ব্বাচিত এবং অবশিষ্ট সরকার কর্তৃক মনোনীত। শেষোক্তদের মধ্যে ৪৯ জন সরকারী কর্ম্মচারীও আছেন।

ইউনিয়ন কমিটি—ইউনিয়ন কমিটির সংখ্যা মাত্র দুইটী, চাকদহ এবং আলিপুর-দুয়ার। উভয়টীই রাজশাহী বিভাগের মধ্যে অবস্থিত। আবর্জ্জনা অপসারণের ব্যাপারে শেষোক্ত ইউনিয়ন কমিটীর কার্য্য সন্তোষজনক নহে বলিয়া জানা গিয়াছে।

আয়-ব্যয়—পূর্ব্ব বৎসরের উদ্বৃত্ত অর্থ বাদ দিলে আলোচ্য বৎসরে বোর্ডসমূহের আয়ের পরিমাণ হয় ১৫২ লক্ষ ৮৮ হাজার টাকা। পূর্ব্ব বৎসরে এই আয়ের পরিমাণ ছিল ১৬৫ লক্ষ ৫৪ হাজার টাকা।

চলতি আয়ের উপর নির্ভর করিয়া মোট যে ব্যয় হইয়াছে তাহার পরিমাণ ১৪২ লক্ষ ৮৯ হাজার টাকা। পূর্ব্ব বৎসর উহার পরিমাণ ছিল ১৫৪ লক্ষ ২৯ হাজার টাকা।

শিক্ষা—এই খাতে জেলা বোর্ডসমূহের আয় ও ব্যয়ের পরিমাণ যথাক্রমে ৬ লক্ষ ৬৭ হাজার টাকা এবং ২০ লক্ষ ১৯ হাজার টাকা। পূর্ব্ব বৎসর উহাদের পরিমাণ ছিল যথাক্রমে ৮ লক্ষ ৬৬ হাজার টাকা এবং ২৩ লক্ষ ২৯ হাজার টাকা।

আলোচ্য বৎসরে জেলা বোর্ডসমূহ হইতে ৬১৮টী উচ্চ প্রাথমিক বিদ্যালয়ের ব্যয়ভার বহন করা হইয়াছে। বিদ্যালয়সমূহের ছাত্র-সংখ্যা মোট ২৯,৩৬৮ জন বালক এবং ৪,২৯৬ জন বালিকা। পূর্ব্ব বৎসরে এই বিদ্যালয়সমূহের সংখ্যা ছিল ৪৩৩টী এবং ছাত্র-সংখ্যা ছিল মোট ২১,২৭৮ জন বালক এবং ২,৫৫৯ জন বালিকা। জেলা বোর্ড-সমূহের পরিচালিত নিম্ন প্রাথমিক বিদ্যালয়গুলির সংখ্যা পূর্ব্ব বৎসর ছিল ১,০১৪টী এবং আলোচ্য বৎসরে ২২০টী। পূর্ব্ব বৎসরের ছাত্র-সংখ্যা ছিল মোট ৪৪,৭১০ জন বালক এবং ৮,৫৮২ জন বালিকা। আলোচ্য বৎসরের ছাত্র-সংখ্যা হইয়াছে ৬,৯৮৪ জন বালক এবং ১,৮০৩ জন বালিকা।

ডিষ্ট্রীক্ট বোর্ডসমূহ হইতে পূর্ব্ব বৎসরে ৩৭৬,৯৯০ জন ছাত্র এবং ৯৭,২৭১ জন ছাত্রীসমলিত ১,৫০৬টী উচ্চ প্রাথমিক বিদ্যালয়কে সাহায্য প্রদান করা হইয়াছিল। আলোচ্য বৎসরে সাহায্যপ্রাপ্ত উচ্চ প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ৬,৬১৫টীতে নামিয়া আসিয়াছে। উক্ত বিদ্যালয়সমূহে

ছাত্র-সংখ্যা মোট ২৭২,৮৭৯ জন বালক এবং ৪২,২৮৪ জন বালিকা। পূর্ব্ব বৎসরে ১১৪০টী নিম্ন প্রাথমিক বিদ্যালয়কে সাহায্য প্রদান করা হইয়াছিল। বিদ্যালয়-সমূহে ২৮৮,৮৭৮ জন ছাত্র এবং ১০৭,৭০৬ জন ছাত্রী শিক্ষালাভ করিত। আলোচ্য বৎসরে ৩২,১,৮৮১ জন ছাত্র এবং ৪২,৪৮০ জন ছাত্রীযুক্ত ৪,৮৭৭টী নিম্ন প্রাথমিক বিদ্যালয়কে সাহায্য প্রদান করা হইয়াছে। কয়েকটী জেলার প্রাথমিক শিক্ষাদানের দায়িত্ব ১৩৩০ সনের বঙ্গীয় পল্লী প্রাথমিক শিক্ষা আইন অনুযায়ী স্থাপিত জেলা স্কুল বোর্ডের হস্তে ন্যস্ত হওয়ায় জেলা বোর্ডসমূহের পরিচালিত এবং সাহায্য প্রদত্ত প্রাথমিক বিদ্যালয়সমূহের সংখ্যা হ্রাস পাইয়াছে।

আলোচ্য বর্ষে জেলা বোর্ডসমূহ কর্ত্তৃক ৪৬টী মাধ্যমিক বিদ্যালয় পরিচালিত হইয়াছে। বিদ্যালয়গুলির ছাত্রসংখ্যা মোট ৫,৪৭১। তৎপূর্ব্ব বর্ষে অনুরূপ বিদ্যালয়ের সংখ্যা ৪২টী এবং মোট ছাত্রসংখ্যা ছিল ৪,৮১০। আলোচ্য বর্ষে ১,৫২৪টী মাধ্যমিক বিদ্যালয়কে সাহায্য প্রদান করা হইয়াছে। উহাদের ছাত্র-সংখ্যা ১৫৭,৮৬৭। পূর্ব্ব বৎসরে অনুরূপ বিদ্যালয়ের সংখ্যা ছিল ১,৪৩৭টী এবং ছাত্র-সংখ্যা ছিল ১৪৪,৪৩৩। পূর্ব্বের ন্যায় আলোচ্য বর্ষেও জেলা বোর্ডসমূহ কর্ত্তৃক কোন উচ্চ ইংরাজী বিদ্যালয় পরিচালিত হয় নাই। কেবল মাত্র ২৭টী বিদ্যালয়কে সাহায্য প্রদান করা হইয়াছে। এই বিদ্যালয়সমূহের ছাত্র-সংখ্যা মোট ৫,৩৭১। পূর্ব্ব বৎসরে ২০টী বিদ্যালয়কে সাহায্য প্রদান করা হইয়াছিল। উহাদের ছাত্র-সংখ্যা ছিল ৪,২০৬।

পূর্ব্ব বৎসরের ন্যায় আলোচ্য বৎসরেও জেলা বোর্ড-সমূহ কর্ত্তৃক ৫টী শিল্প-বিদ্যালয় পরিচালিত হইয়াছে। সাহায্যপ্রাপ্ত শিল্প বিদ্যালয় এবং অন্যান্য বিদ্যালয়ের সংখ্যা আলোচ্য বর্ষে যথাক্রমে ২৬টী ও ১,৫৪২টী এবং পূর্ব্ব বর্ষে যথাক্রমে ৮৩টী এবং ১,১৩২টী ছিল।

জন-স্বাস্থ্য এবং চিকিৎসা—এই খাতের মধ্যে স্বাস্থ্যরক্ষা এবং টীকা প্রদান কার্য্যও অন্তর্ভুক্ত। এই খাতে মোট আয় ও ব্যয়ের পরিমাণ আলোচ্য বর্ষে যথাক্রমে ২৯ লক্ষ ৬৫ হাজার টাকা এবং ৪৩ লক্ষ ৩৫ হাজার টাকা। পূর্ব্ব বৎসরের আয় ও ব্যয় ছিল যথাক্রমে ১৯ লক্ষ ৬১ হাজার টাকা এবং ৪২ লক্ষ ১৬ হাজার টাকা।

জেলা বোর্ডসমূহ কর্ত্তৃক পরিচালিত চিকিৎসালয় ৭২১টী হইতে ৬৯৯টীতে নামিয়া আসিয়াছে; কিন্তু ব্যয়ের পরিমাণ ১১ লক্ষ ৫২ হাজার টাকা হইতে ১৩ লক্ষ ৫১ হাজার টাকায় বৃদ্ধি পাইয়াছে। জেলা বোর্ডসমূহের সাহায্য-প্রাপ্ত চিকিৎসালয়গুলির সংখ্যা ৬৮২টী হইতে বৃদ্ধি প্রাপ্ত হইয়া ৭৩৩টী হইয়াছে। কিন্তু সম্ভবতঃ কয়েকটী চিকিৎসালয়ের পরিচালন ভার ইউনিয়ন বোর্ডের উপর স্থাপিত হওয়ায় এবং অন্য কয়েকটী সংযুক্ত হওয়ায় জেলা বোর্ডের প্রদত্ত সাহায্যের পরিমাণ হ্রাস পাইয়া ৫ লক্ষ ৬৫ হাজার টাকা হইতে ৪ লক্ষ ৯৯ হাজার টাকায় পরিণত হইয়াছে। গভর্ণমেণ্ট প্রত্যেক থানা চিকিৎসালয়কে ৫০০৲ টাকা হারে এবং প্রত্যেক পল্লী চিকিৎসালয়কে ২৫০৲ টাকা হারে সাহায্য দেওয়ার নীতি অবলম্বন করিয়াছেন, কিন্তু পরিচালনার ভার অধিকতররূপে ইউনিয়ন বোর্ডসমূহ এবং বে-সরকারী পরিচালক সমিতির উপর ন্যস্ত হইয়াছে বলিয়া মনে হয়। যদিও জেলা বোর্ডসমূহ হইতে পূর্ব্ব বৎসর অপেক্ষা আলোচ্য বর্ষে চিকিৎসালয়সমূহের জন্য ১ লক্ষ ২৬ হাজার টাকা বেশী ব্যয় করা হইয়াছে, তথাপি চিকিৎসালয়ের সংখ্যা বাড়ে নাই। ইহা হইতে বুঝা যায় জেলা বোর্ডসমূহের দ্বারা পল্লী-অঞ্চলে চিকিৎসাদির সুবিধাদানের ব্যবস্থার বিশেষ উন্নতি হয় নাই। এই ব্যাপারে জেলা বোর্ডসমূহ যেরূপ দৃষ্টি দিয়াছেন, তদপেক্ষা অধিক দৃষ্টি দেওয়া তাহাদের উচিত।

জেলা বোর্ডসমূহের নিযুক্ত হেল্‌থ অফিসারদের জন্য ব্যয়ের অর্দ্ধেক বহন করা ছাড়াও গভর্ণমেণ্ট পল্লী-অঞ্চলে জন-স্বাস্থ্য রক্ষার প্রতিষ্ঠানসমূহের ব্যয়-নির্ব্বাহের জন্য জেলা বোর্ডসমূহকে সাড়ে এগার লক্ষ টাকা দিয়াছেন।

পশু-চিকিৎসা—এই খাতে আলোচ্য বর্ষে আয় বৃদ্ধি পাইয়া ২৩৭৲ টাকা হইতে ৩,৪৮১৲ টাকা হইয়াছে; কিন্তু ব্যয় কমিয়া ১,০৩,৮২৫ টাকা হইতে ৭৪,১৭৬৲ টাকা হইয়াছে। সহকারী পশু চিকিৎসকদের চাকুরী সরকারী

চাকুরীর পর্য্যায়ভুক্ত হওয়ায় ব্যয়ের পরিমাণ কম হইয়াছে।

রাস্তাঘাট নির্ম্মাণ—আলোচ্য বর্ষে এই খাতে আয় ও ব্যয় হইয়াছে যথাক্রমে ২৩ লক্ষ ৯৮ হাজার টাকা এবং ৬২ লক্ষ ৮০ হাজার টাকা। পূর্ব্ব বৎসর উহার পরিমাণ ছিল যথাক্রমে ২২ লক্ষ ৪২ হাজার টাকা এবং ৬৭ লক্ষ ৮ হাজার টাকা।

আলোচ্য বর্ষে পাকা রাস্তা নির্ম্মিত হইয়াছে ৩,১৪৯ মাইল। বোর্ড-পরিচালিত কাঁচা রাস্তা এবং গ্রাম্য রাস্তা যথাক্রমে ২১,৪৯২ ও ৩৪,৪১২ মাইল; পূর্ব্ব বর্ষে ইহার পরিমাণ ছিল যথাক্রমে ৩,১২৭,২০,৭২২ ও ৩৪,৮১৮ মাইল।

জল-সরবরাহ—আলোচ্য বর্ষে জল-সরবরাহের জন্য মোট ব্যয় হইয়াছে ৬ লক্ষ ২১ হাজার টাকা এবং পূর্ব্ব বৎসরে হইয়াছিল ৮ লক্ষ ৭ হাজার টাকা। মোট ব্যয়ের মধ্যে জল-কলের বাবদ ৪ লক্ষ ৭৭ হাজার এবং মেরামতীর জন্য ১ লক্ষ ৪৪ হাজার টাকা ব্যয় হইয়াছে।

এই খাতে মোট ব্যয়ের পরিমাণ ১ লক্ষ ৮৬ হাজার টাকা হ্রাস হওয়ার কারণ ময়মনসিংহ জেলা বোর্ড পূর্ব্ব বৎসর অপেক্ষা আলোচ্য বর্ষে ১ লক্ষ ৪৪ হাজার টাকা কম ব্যয় করিয়াছে। কিন্তু এই জেলা বোর্ডের ব্যয়-হ্রাস বাহ্যতঃ খুব গুরুতর বলিয়া মনে হয় বটে, কিন্তু প্রকৃতপক্ষে ইহা ব্যয়-হ্রাসের পর্য্যায়ে পড়ে না। কেন না পূর্ব্ববর্ত্তী বৎসরগুলিতে এই জেলার পল্লী-অঞ্চলে জল সরবরাহের জন্য সরকার প্রদত্ত ৪ লক্ষ টাকা ঋণের সদ্ব্যবহার করা হইয়াছিল এবং তাহাতেই আগের বৎসরগুলিতে ব্যয়ের পরিমাণ ফাঁপিয়া গিয়াছিল। জলসরবরাহ খাতে নোয়াখালী জেলা বোর্ড হইতে যে অসাধারণ কম ব্যয় করা হইয়াছে (৩৬৮৲ টাকা মাত্র) তাহাই গুরুতর সমালোচনার যোগ্য। কারণ ইহা হইতে বুঝা যায় যে, এই জেলায় জল সরবরাহের মত অত্যাবশ্যক সমস্যার প্রতি মনোযোগ দেওয়া হয় নাই।

দুর্ভিক্ষ-সাহায্য—উল্লিখিত খাতে আলোচ্য বর্ষে ব্যয় হইয়াছে ৮৪.৩১৫৲ টাকা; পূর্ব্ব বৎসর হয় ১,০৪,৩৩২৲ টাকা। কয়েকটী অঞ্চলে উত্তরোত্তর আর্থিক অবস্থার জন্য এই ব্যয়ের হ্রাস সম্ভব হইয়াছে।

ভারতে চায়ের শ্রমিক

চা-বাগানে যে পরিমাণ শ্রমিক নিয়োজিত হয় তাহার একটা বিবরণ পাওয়া গিয়াছে। তাহারই উপর নির্ভর করিয়া বলা চলে যে, মোট সংখ্যা ৯০৫,৫৫৫ তাহার মধ্যে ৮৪৭,৮৪৮ জন বরাবরের জন্যই নিয়োজিত এবং ৫৭,৬৯৭ জন সাময়িকভাবে নিয়োজিত আছে। ধরিতে গেলে প্রায় এক একরে একজন করিয়া কুলি নিয়োজিত হয়। বিভিন্ন প্রদেশে যেভাবে শ্রমিক বণ্টিত হইয়াছে তাহা নিম্নের তালিকায় দেখান গেল :—

দৈনিকভাবে লোক নিয়োগ

	বাগানের শ্রমিক (বরাবরের)	বাহিরের শ্রমিক (কখনও)	বাহিরের শ্রমিক (বরাবরের)
আসাম	৪৭৯,২১০	২৮,০২৩	৩৩,১৮০
বাঙ্গলা	১৮২,১৬৮	৫,১৮১	৬,৬০৮
বিহার ও উড়িষ্যা	১,৪০৫	৭১৪	৮০২
যুক্তপ্রদেশ	১,২১২	৬০০	১,২৩৪
পাঞ্জাব	১,১২৮	২,৮০৬	৩,৭২৪
মাদ্রাজ	৮০,৩৪০	৩,৩৮৯	৪,৯৫০
কুর্গ	৩৭০	×	×
ত্রিপুরা	৫,৩৫৩	১,১৫৬	১,৩০৮
ত্রিবাঙ্কুর	৬৬,৫৭২	১,১৪১	১,২৪৭
মহীশূর	১,৫৫০	২,৪০০	৪০০
কোচিন	১,৬৩০	×	৭৪
	৮০২,৪৩৮	৪৫,৪০০	৫৭,৬৯৭

বিজাপুরে দুর্ভিক্ষ

বিজাপুরে দুর্ভিক্ষ সাহায্যকল্পে সরকার যেসকল ব্যবস্থা অবলম্বন করিয়াছেন তাহাতে প্রায় চল্লিশ হাজার লোক প্রতিপালিত হইতে পারিতেছে। এইরূপ ব্যবস্থা যাহাতে আরও প্রসার লাভ করে তাহার চেষ্টাও চলিতেছে এবং ক্রমশঃ সাহায্য-প্রাপ্ত দুঃস্থ লোকের সংখ্যা বৃদ্ধি পাইতেছে। ১৬টি পুষ্করিণী খনন করা হইবে এবং ৩৮টী পথ নির্ম্মিত হইবে বলিয়া এইসকল লোককে নিয়োগ করা হইতেছে। পুরুষ, নারী ও শিশু মজুরেরা যথাক্রমে পাঁচ আনা, তিন আনা, দুই আনা দিন মজুরী পাইতেছে।

ট্যানকরা চামড়ার রপ্তানি

প্রাকযুদ্ধ (১৯১৩-১৪) হইতে ১৯৩১-৩২ পর্য্যন্ত যে ভাবে চামড়া রপ্তানি হইয়াছে তাহার তালিকা নিম্নে দেওয়া গেল :—

বৎসর	যে পরিমাণ মাল জাহাজে গিয়াছে (পাউণ্ড হিঃ)	মূল্য (পাউণ্ড হিঃ)
১৯১৩-১৪	৮,৭০১	১,০৫৮,৫৭৫
১৯১৪-১৫	১০,৮৫১	১,৬৩৬,৬৪৯
১৯১৫-১৬	১৩,৬০০	২,০৪১,৫৮২
১৯১৬-১৭	১৬,১৮৩	২,৯২৫,৪৬১
১৯১৭-১৮	১৮,২৫৭	৩,২৬৯,৫২৫
১৯১৮-১৯	২৫,৪৫৫	৪,৭৪৪,৯৭৯
১৯১৯-২০	২৪,০২২	৫,২৫২,৭২৮
১৯২০-২১	৪,০৭৪	৭৬৫,৫৪৯
১৯২১-২২	৬,৩১৪	৯৭২,১২৪
১৯২২-২৩	৯,৯৫২	১,৫৪৩,১৭৮
১৯৩১-৩২	১০,৩০০	১,৫৯৪,৯১৪
১৯৩২-৩৩	৯,০৩৬	১,২১৫,৮৭৯
১৯৩৩-৩৪	১০,১৫৬	১,৮০৬,০১০
১৯৩৪-৩৫	১১,৩৭০	১,৪৮২,২৫৪
১৯৩৫-৩৬	১৪,০২৯	১,৭১৭,৯৭৭

বিভিন্ন দেশে কাঁচা চামড়ার রপ্তানি

	১৯১৮-১৯		১৯৩২-৩৩		১৯৩৩-৩৪		১৯৩৪-৩৫		১৯৩৫-৩৬	
	পরিমাণ (টন হিঃ)	শতকরা	পরিমাণ (টন হিঃ)	শতকরা	পরিমাণ (টন হিঃ)	শতকরা	পরিমাণ (টন হিঃ)	শতকরা	পরিমাণ (টন হিঃ)	শতকরা
যুক্তরাজ্য	১০,৮৮৮		১,৩৬১		৩,০৫১		৩,২৩৬	১৩	৪,৭৪৩	
জার্মানি	×		৩,৬৭১		৪,৬০৬		৪,২৪৭	২৩	৬,৫৩১	
নেদারল্যাণ্ড			৭৩৯		১,১৫২		১,৭৮৩	৮	৭৪৫	
স্পেন			৮৫২		৭১৮		৫৭৯	২	৮১৭	
ইতালি			২,৮৭৬		৩,৯৩৯		৪,২৬৮	২২	২,৪৩১	
গ্রীস			১,১৬৮	৯	১,৬৪৪		১,৪১৯	৬	১,০২৬	৪·৫
যুক্তরাষ্ট্র			×	×	৩৪৯	২	৩৩৭	৬	৩২৮	১·৪
অন্যান্য দেশ	৫১৬	৩	২,৬৮১	২০	৩,৮১৬	১৮	৫,৬৬৬	২৫·৪	৬,০৪৬	২৬·১
মোট	১২,০২৭	১০০	১৩,৩৪৮	১০০	২০,২১৫	১০০	২২,৫৮৯	১০০	২২,৬৭৭	১০০

মাদ্রাজ হইতে নারিকেল তেল রপ্তানি

বিদেশে		এপার হইতে ওপারে		
পরিমাণ (হাজার গ্যালন হিঃ)	মূল্য (পাউণ্ড হিঃ)	পরিমাণ (হাজার গ্যালন হিঃ)	মূল্য (পাউণ্ড হিঃ)	মোট পরিমাণ (হাজার গ্যালন হিঃ)
১,০৬০	১৪৯,৮০০	৩,৩৮৬	৪৭৪,৯০০	৪,৪৪৬
৩,৮৮৫	৪৬৪,৬৪০	৩,০৮৫	৩৯২,৮০০	৭,৯৭০
২০	২,২১৩	১,৫১৪	১৭৬,৯৬৫	১,৫৩৪
২৩	২,২১৯	২,৪৮৭	২০৮,৮৭২	২,৬১০
২৯	১,৮৯৬	২,৭৯৩	২০৬,৬৪৪	২,৮২২
২৪	২,২৬৭	২,২৫৭	১৯৯,০১৩	২,২৮১

তৈল রপ্তানি

	১৯১৩-১৪		১৯৩৫-৩৬	
	পরিমাণ (গ্যালন)	মূল্য (পাউণ্ড)	পরিমাণ (গ্যালন)	মূল্য (পাউণ্ড)
নারিকেল তৈল	১,০৯১,৪৭৭	১৪৫,০৭৩	৩২,৭৪২	৩,২৩৪
রেড়ির তৈল	১,০০৭,০০১	৯২,৫০৪	১,৪০৮,০২৩	১৬১,০৪৪
সরিষার তৈল	৪০৭,১৭৮	৪৮,৬২৪	২৩৬,৭৯৯	২৫,৮৪০
সিসেমাস তৈল	২০৮,০৫৩	২৮,৬৯৯	১৫০,০২৫	১৮,৪২৭
তিসি তৈল	১০২,৩৮০	১৭,৪৯৩	৭৭,৮৬৬	৯,৫১৭
চিনাবাদাম তৈল	২৮৮,১৯০	৩০,০১৩	২৯০,৮০৩	২৯,৫৮৩
অন্যান্য ভেজিটেবল তৈল	১০৭,৮২৮	১৩,২৪৭	১৬১,৪৮৪	২১,০৫৯

ভারতে অহিফেন রাজস্ব আদায়

১৯১৩-১৪ হইতে ১৯৩৫-৩৬ সনে অহিফেন হইতে যে পরিমাণ রাজস্ব আদায় করা হইয়াছে তাহা নিম্নে দেওয়া গেল।

বৎসর	টাকার সংখ্যা (পাউণ্ড হিঃ)
১৯১৩-১৪	১,৬২৪,৮৭৮
১৯১৪-১৫	১,৫৭১,২১৮
১৯১৫-১৬	১,৯১৩,৫১৪
১৯১৬-১৭	৩,১৮৮,০০৫
১৯১৭-১৮	৩,০৭৮,৯০৩
১৯১৮-১৯	৩,২৮৯,১১১
১৯১৯-২০	৩,০৩৭,৪৮১
১৯২০-২১	৫,৩৪৬,০৮৫
১৯২১-২২	৫,০৪৮,৩২০
১৯২২-২৩	২,৫২৬,১৩৮
১৯২৩-২৪	২,৮৩২,১১০
১৯২৪-২৫	২,৫৩১,৭৪৫
১৯২৫-২৬	২,৭৬৬,৬৩১
১৯২৬-২৭	২,৮৮৭ ৫৮৩
১৯২৭-২৮	২,৯৫৮,৯১৯
১৯২৮-২৯	২,৪৩৯,৪৫৭
১৯২৯-৩০	২,২৮০,৭৩৪
১৯৩০-৩১	১,৯৩৭,০৬০
১৯৩১-৩২	১,৫৫৫,৬১৫
১৯৩২-৩৩	৬৭৩,৯৬১
১৯৩৩-৩৪	১,১৯২,২৫৮
১৯৩৪-৩৫	৫৩৯,৪৬৫
১৯৩৫-৩৬	৪৫৮,২১৭

অহিফেন চাষ

অহিফেন প্রধানতঃ দুই রকমের আছে। একটী বাঙ্গলা আফিং এবং অপরটি মালওয়া আফিং। যুক্ত প্রদেশ ও বিহারের অনেকগুলি স্থানই ছিল বাঙ্গলাদেশের অন্তর্গত। সেই জন্য যুক্ত প্রদেশের কয়েকটি জেলা এবং বিহার প্রদেশের কতকাংশ হইতে যে আফিং উৎপন্ন হয় তাহাকে সাধারণতঃ বাঙ্গলা আফিং বলিয়া গণ্য করার রীতি এখনও বাজারে চলতি দেখা যায়। মালওয়া আফিং অন্যান্য ভারতীয় ষ্টেটে (বিশেষতঃ মধ্যপ্রদেশে), ইন্দোর, গোয়ালিয়ার, ভূপাল, ধার, রতলাম, মেওয়ার এবং কোটায়।

মালওয়া আফিংএর জন্য কোন লাইসেন্স ইত্যাদির হাঙ্গামা নাই। মধ্য প্রদেশে চাষীরা আফিং সংগ্রহ করে এবং দালালদের হাতে বিক্রয় করিয়া দেয়। এইসকল দালালদের কাছ হইতেই বড় বড় ব্যবসাদাররা আগে ক্রয় করিত। এক্ষণে অবশ্য উহা বাঙ্গলায় চলে না। পপি-সিডের জন্য কত ভূমি চাষ হয় তাহার কোন হিসাব আজ পর্য্যন্ত রাখা হয় নাই।

মালওয়া আফিং প্রধানতঃ চীনদেশে এবং কতক জানজিবার দ্বীপেও রপ্তানি করা হইত। ব্রিটিশ ইণ্ডিয়াতে আফিং চাষের জন্য লাইসেন্স একান্ত আবশ্যক। চাষীরা গভর্ণমেণ্টের নিকট হইতে অগ্রিম দাদন পায় উৎপাদনের খরচা হিসাবে। কারণ সমস্ত উৎপন্ন দ্রব্যই গভর্ণমেণ্ট ফ্যাক্টরীতে (গাজিপুর) তাহাদের বিক্রয় করিতে হয়। এই বিক্রয়ের মূল্য গভর্ণমেণ্ট কর্ত্তৃক নির্দ্দিষ্ট আছে। ১৯৩৫-৩৬ সনে উহা ছিল সের প্রতি ৯৲। গভর্ণমেণ্ট এই ব্যবসাকে একচেটিয়া করিয়াছেন ১৭৭৩ খৃঃ অঃ হইতে। ১৮১৭ খৃঃ অঃ ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীকে ছাড়া আর কাহাকেও ইহা বিক্রয় করা নিষিদ্ধ ছিল।

বিদেশবাসী চীনাদের সাহায্য-পরিকল্পনা

'সাউথ সি'র চীনাদের উদ্ধারের জন্য সেণ্ট্রাল গভর্ণমেণ্ট ১০০০,০০০,০০০ ডলার পৃথকভাবে সরাইয়া রাখিয়াছেন। উহার মধ্যে ৩৪,৪৮৩,০০০ এক্ষণই ব্যবহৃত হইয়া গিয়াছে। স্যাসক্যাল রিলিফ কমিশন গভর্ণমেণ্টের অন্যান্য প্রতিষ্ঠানের সাহায্যে—যেমন ওভারসিস্ এ্যাফেয়ার্স কমিশন, কুমিনটাং ওভারসিস্ এ্যাফেয়ার বোর্ড এবং মিনিষ্ট্রি অব এডুকেশন কর্ত্তৃক উক্ত অর্থ ব্যয় করা হইয়াছে। নিম্নলিখিত তালিকায় দেখান হইবে যে, কোন্ কোন্ সেণ্টারের মধ্য দিয়া টাকা ব্যয় করা হইয়াছে :—

প্রদেশ	টাকার পরিমাণ (ডলার হিঃ)
কোয়ানটুং	১০,০০০,০০০
ইউনান	৯,৫০০,০০০
হুকিং	৪,১০০,০০০
কোয়াংসি	৪,০০০,০০০
কোয়েচু	৫০০,০০০
চেকিয়াং	৫০,০০০
হুনান	৫০,০০০
কিয়াংসি	৫০,০০০

চীনদেশে রিলিফ সেণ্টার

হুংকিং
চিংহোয়া

রিলিফ সেণ্টার এয়ার

কলিকাতা
ল্যাসিও
বাটাভিয়া

প্রতিষ্ঠান	
মিনিষ্ট্রি অব এডুকেশন	
সেণ্ট্রাল সেক্রেটারিয়েট	
মিনিষ্ট্রি অব ইনফরমেশন	২০০,০০০
ওয়ারটাইম পার্সোন্যাল রিএ্যাডজাষ্টমেণ্ট কমিটি	১০০,০০০
ওভারসিস্ এ্যাফেয়ারস্ কমিশন	৫০,০০০
সেণ্ট্রাল অর্গানিজেশন বোর্ড	৫০,০০০
রিকনস্ট্রাকশান এডুকেশন কো-অর্ডিনেশন কমিটি	৫০,০০০
সেণ্ট্রাল ওভারসিস্ এ্যাফেয়ার্স বোর্ড	১৩,০০০

চীনে কৃষি-ঋণ

নিম্নলিখিত দুইটি তালিকায় ১৯৪১ সনের কৃষি ঋণ কত পরিমাণ দেওয়া হইয়াছে তাহা বুঝা যাইবে :—

ব্যাঙ্ক লোন ১৯৪১ সনে

প্রতিষ্ঠানসমূহ	ঋণ দেওয়া হইয়াছে (১০০০, ডলার)	শতকরা	মোট ঋণ (১০০৬ ডলার হিঃ)	শতকরা
১। সেণ্ট্রাল ট্রাষ্ট	১৫,৮২৬	৩·২	২৬,৮৫৬	৫·৮
২। ব্যাঙ্ক অব চায়না	১৯৫,১৫০	৩৯·১	১৮১,৮৩০	৩৯·১
৩। ব্যাঙ্ক অব কমিউনিকেশন	২৮,২৫২	৫·৭	৩৬,২৪০	৭·৮
৪। ফার্ম্মার্স ব্যাঙ্ক	২৫৯,২৬০	৫২·০	২২০,৩৮০	৪৭·৩
মোট	৪৯৮,৫৬১	১০০·০	৪৬৪,৩০৬	১০০·০

সকল প্রতিষ্ঠানের মধ্যে ফার্মার্স ব্যাঙ্কই সর্বাপেক্ষা অধিক ঋণ-দানে সাহায্য করিয়াছে বলিয়া উপরিউক্ত সংখ্যা হইতে মনে হয়। কল্পিত ঐ সংখ্যা ৫২% এবং তাহার পরই ব্যাঙ্ক অব্ চাষনার-স্থান। উহার সংখ্যা হইল ৩৯·১।

মার্কিণদেশের দ্রব্য-মূল্য

আমেরিকার কৃষকদের যে মূল্যে ক্রয়-বিক্রয় করিতে হইয়াছে জাহার ইনডেক্স নাম্বার নিম্নে দেওয়া গেল :—

(১৯১০-১৪ = ১০০)

বৎসর ও মাস	মূল্য প্রাপ্তি	মূল্য দেওয়া সুদ ও ট্যাক্স সমেত	ফার্ম উৎপন্নের ক্রয়শক্তি (ক)
১৯৪১			
জানুয়ারী		১২৮	৮১
ফেব্রুয়ারী		১২৮	৮০
মার্চ্চ		১২৯	৮০
এপ্রিল		১২৯	৮৫
মে		১৩০	৮৬
জুন		১৩২	৮৯
জুলাই		১৩৩	৯৪
আগষ্ট		১৩৬	৯৬
সেপ্টেম্বর		১৩৮	
অক্টোবর		১৪১	
নবেম্বর	১৩৫	১৪৩	
ডিসেম্বর	১৪৩	১৪৩	
		১৯৪২	
জানুয়ারী		১৪৬	
ফেব্রুয়ারী		১৪৭	
মার্চ্চ		১৫০	
এপ্রিল		১৫১	
মে		১৫২	
জুন		১৫২	
জুলাই		১৫২	
আগষ্ট		১৫২	
সেপ্টেম্বর		১৪৩	
অক্টোবর		১৪৪	
নবেম্বর		১৫৫	

দ্রব্য চাহিদা ও টাকার মাপ

১৯৩৪-৩৯ সনে কারখানার উৎপন্নাদি ১৮৮% হইয়াছিল অক্টোবর মাস নাগাদ এবং জুন মাস থেকে মাত্র ১২ পরেন্ট আরও বৃদ্ধি পাইয়াছিল। গত পাঁচ মাসে মাত্র চার পরেন্ট বৃদ্ধি পাইয়াছে। মার্চ্চ মাস হইতে সেপ্টেম্বর মাস পর্য্যন্ত ২৪% পে রোল উঠিয়াছে ফ্যাক্টরীতে। যদিও ১৯৪২ সনে খাদকের খরচা ৭ বিলিয়ন ডলার এবং ৩ বিলিয়ন ডলার ট্যাক্সের খরচা হইবার কথা। কিন্তু তথাপি আয় এত অধিক হইতেছে যে, উক্ত খরচ ও ট্যাক্স সত্ত্বেও ২৪ বিলিয়ন ডলার অতিরিক্ত হইবে। ১৯৪৩ সনে পার্সোন্যাল ট্যাক্স ১০ বিলিয়ন ডলার বৃদ্ধি পাইবে।

* মূল্যপ্রাপ্তি ও মূল্য দেওয়ার সহিত সুদ ও ট্যাক্স সমেত যে হার পড়ে তাহাই দেওয়া হইয়াছে। তালিকাটি এগ্রিকালচারাল সিচুয়েশন অব আমেরিকা হইতে গৃহীত।

মার্কিণ দৃষ্টিতে ভারত

মিস ক্যাথেরিন মিচেল নাম্নী জনৈক মহিলা সংপ্রতি "ভারত: আমেরিকার অভিমত" নামক একটি গ্রন্থ রচনা করেছেন। তিনি লিখছেন,—"ভারত যে চ্যালেঞ্জ উপস্থিত করেছে তার সম্মুখীন হওয়া আমেরিকানদের প্রধান কর্ত্তব্য ও দায়িত্ব। মিস মিচেল আন্তর্জ্জাতিক সেক্রেটারিয়েট ও প্যাসিফিক রিলেশনের সদস্য। তিনি বলেছেন,—"গণতান্ত্রিক জগতে নাগরিকাধিকারের দায়িত্ব শিক্ষার উপর বিশেষ নির্ভর করছে। যুদ্ধ শেষ হওয়া পর্য্যন্ত তা মুলতুবী রাখা চলে না। ফাসিবাদকে পরাজিত করতেও এর প্রয়োজন যতখানি, শান্তি প্রতিষ্ঠাতেও ততটা। ভারতীয় জনসাধারণ সম্পর্কে এ কথা আরো বেশী প্রযোজ্য; ভারতবাসীরা যদি একত্রিত হতে বা স্বাধীনতা ও সামাজিক প্রগতি অর্জ্জন করতে না পারে, তবে সমগ্র এশিয়ার ভবিষ্যতের উপর তা গভীর প্রভাব বিস্তার করবে।" ক্রিপস্-প্রস্তাবের উল্লেখ করে মিস মিচেল বলেন, পূর্ব্ববর্ত্তী অন্যান্য প্রতিশ্রুতির তুলনায় ক্রিপ্‌স্-প্রস্তাব অধিকতর স্পষ্ট হলেও এই পরিকল্পনারও কোন কোন অংশ নৈরাশ্যকর। উক্ত প্রস্তাবে ভারতীয় ফেডারেশন থেকে প্রদেশগুলির স্বাতন্ত্র্য সম্পর্কে যে ধারা আছে সে সম্পর্কের মিস মিচেল বলেন,—বৃটিশ-প্রস্তাবের ফলে ভারতবর্ষ হিন্দু ও মুসলমান এই দুই ভাগে ভাগ হয়ে যেতো, এমন বোধ হয় না।

ভারতে বৃটিশ শাসনের উল্লেখ করে মিস মিচেল বলেন,—"বৃটেন ভারতের জন্য যে অনেক করেছে, তাতে সন্দেহ নেই। আধুনিক জগতে ভারতের ঐহিক অগ্রগতির ভিত্তি স্থাপন করবার জন্যে বৃটেন যে গঠনমূলক প্রয়াস করেছে তা অস্বীকার করা চলে না। কিন্তু এ কথাও সত্যি যে বৃটেন তার কাজ সম্পূর্ণ করে নি। তারা পুরাণো অর্থনৈতিক ব্যবস্থার বনিয়াদ ধ্বংস করেছে, কিন্তু তার স্থানে নতুন কোন অর্থনৈতিক ব্যবস্থার প্রতিষ্ঠা করে নি।

গান্ধীজী সম্পর্কে মন্তব্য প্রসঙ্গে মিস মিচেল বলেছেন,—"ভারতীয় স্বাধীনতায় মিঃ গান্ধীর দান অসীম। তিনি লক্ষ লক্ষ প্রাণে নব আত্মবিশ্বাস, নতুন আশা, চিন্তার সঞ্চার করেছেন, এবং গণ আন্দোলনের মূল্য প্রমাণ করেছেন। তথাপি ১৯১৯ সনের পর ভারতের রাজনৈতিক ইতিহাস মহাত্মা গান্ধীর ব্যর্থ নেতৃত্ব বই আর কিছু না।"

উপসংহারে মিস মিচেল বলেন,—আমেরিকার হস্তক্ষেপের জন্যে মৌলনা আজাদ যে আবেদন জানিয়েছিলেন, অধিকাংশ মার্কিণ সংবাদপত্রই তার প্রতিকূল সমালোচনা করেছেন; কিন্তু একথাও স্পষ্ট যে ভারতের সমস্যা এখন কেবল মাত্র ভারতেরই বা বৃটিশের সমস্যা নয়।"

সম্মিলিত জাতি দিবসে চুং কিঙ হইতে ভারতের বেতার বার্ত্তা

চীনা শিক্ষা ও সংস্কৃতি মিশনের সদস্য মিঃ সেন সুংলিয়েন গত ১৪ই জুন চুংকিঙ হইতে ভারতের উদ্দেশে যে বেতার বাণী পাঠাইয়াছিলেন তাহার সারাংশ নিম্নে প্রদত্ত হইল।

"চীনা শিক্ষা ও সংস্কৃতির মিশন ভারত পরিভ্রমণ করিবার সময় আপনারা আমাদের যে আতিথেয়তা দ্বারা সম্বর্দ্ধিত করিয়াছিলেন তাহার জন্য মিশন ও ইহার সভ্যদের তরফ হইতে আমি আপনাদের পুনরায় ধন্যবাদ জ্ঞাপন

করিতেছি। আমরা প্রত্যেকে এই পরিভ্রমণের সুখ-স্মৃতি সযত্নে রক্ষা করিতেছি এবং আশা করি যে, আপনারাও আমাদের দেশ পরিভ্রমণ করিয়া আমাদের সম্মানিত করিবেন, ও আমাদিগকে আপনাদের অভ্যর্থনা করিবার সুযোগ দিবেন।

"আর এক মাসের মধ্যে চীন-ভারত সংস্কৃতি সমিতির চীন কেন্দ্রের নূতন ভবন সম্পূর্ণ হইবে। একটী বিরাট সভা-কক্ষ ছাড়া ইহাতে অতিথিদের জন্য কতকগুলি কক্ষ থাকিবে। ইহার উদ্বোধনের সময় ভারত হইতে আমরা যে স্মৃতি-চিহ্নগুলি আনিয়াছি সেগুলির একটী প্রদর্শনী করা হইবে। ভারতীয় বন্ধুগণ এই নূতন আড়ম্বরহীন ভবনে আমাদের হৃদয়াবেগের প্রাচুর্য্য লক্ষ্য করিতে সক্ষম হইবেন। আপনাদের অভ্যর্থনা করিবার জন্য যুদ্ধরত চীন তাহার যথাসাধ্য করিবে।"

"ভারত গবর্ণমেণ্ট যে দশটী বৃত্তির বরাদ্দ করিয়াছেন তাহা চীন ও ভারতের সম্পর্ককে আরও ঘনিষ্ঠতর করিয়া তুলিবে। প্রতিযোগিতামূলক পরীক্ষাদ্বারা দশটী তরুণ ছাত্রকে নির্ব্বাচিত করা হইয়াছে। তাহারা চীনের বিভিন্ন অংশ হইতে আসিতেছে এবং বিখ্যাত বিশ্ব-বিদ্যালয়ের উপাধিপ্রাপ্ত ছাত্র। ইহাদের মধ্যে চারিজন ইঞ্জিনীয়ারিংয়ের ছাত্র, তিনজন আইনের ছাত্র, দুই জন দর্শনের ছাত্র এবং একজন কৃষিবিদ্যার ছাত্র। ইহারা আগামী মাসে ভারতের উদ্দেশ্যে যাত্রা করিবে। আমরা আপনাদের ছাত্রদের জন্য অপেক্ষা করিতেছি।"

"ভারত ও চীন উভয়েই বিরাট দেশ, উভয়েরই প্রচুর প্রাকৃতিক সম্পদ্ এবং বহু কৃষিজীবী লোক আছে। আমাদের শিল্প ও আর্থিক সমস্যা একই প্রকারের। আমরা আশা করিতেছি আমাদের ও আপনাদের ছাত্রেরা কঠিন পরিশ্রম ও গবেষণা করিয়া আমাদের উভয়েরই কল্যাণ সাধন করিতে সক্ষম হইবে।

আমরা আশা করি ছাত্রদের পরিদর্শনের পর আপনাদের অধ্যাপক, বৈজ্ঞানিক ও অন্যান্য লব্ধ-প্রতিষ্ঠ ব্যক্তিও আমাদের দেশ পরিদর্শন করিতে আসিবেন। যুদ্ধের সময় যাতায়াতের অসুবিধা বৃদ্ধি পাইয়াছে। একজন ভারতীয় বন্ধু আমাকে বলিয়াছিলেন, যে, এই যুদ্ধ চীন ও ভারতের বন্ধুত্বকে আবিষ্কার করিয়াছে। আমরা আশা করি যে যুদ্ধের সময় স্থাপিত আমাদের এই সম্বন্ধ ভবিষ্যতে রক্ষা করা হইবে এবং যুদ্ধের পর ইহা বহু গুণে বৃদ্ধি পাইবে। পরস্পরের পরিদর্শন ব্যতীত সত্য আন্তর্জাতিক সদ্ভাব সৃষ্টি করিবার অপর কোন ভাল উপায় নাই, কারণ ব্যক্তিগত সংযোগে পরস্পরের সদ্ভাব বৃদ্ধি পায়। আমাদের এই দুই দেশের জনসাধারণ সমগ্র পৃথিবীর জনসাধারণের অর্দ্ধেক এবং বিশ্বে স্থায়ী শান্তি প্রতিষ্ঠা করিবার জন্য আমাদের উভয়েরই দায়িত্ব আছে।

ভারতের ও চীনের জনসাধারণ আমাদের এই দুই জাতির প্রাচীন বন্ধুত্বের উপরে প্রায়ই জোর দিয়া থাকে, কিন্তু আমার মতে আমাদের উভয়ের নূতন বন্ধুত্বের উপরই বেশী জোর দেওয়া উচিত, কারণ আমাদের সাংস্কৃতিক সহযোগিতার ভিত্তি এবং বিশ্ব শান্তি রক্ষা করিবার দায়িত্ব ইহার উপর নির্ভর করিতেছে। বর্ত্তমানে আমরা যুদ্ধের সাথী এবং শান্তির সময় আমাদের সেই সাথিত্ব নিবিড়তর হইবে।

(চীনবার্ত্তা)

ডন-সোসাইটির স্বদেশী দোকান

[অধ্যাপক বিনয়কুমার সরকারের সহিত শ্রীহরিদাস মুখোপাধ্যায়ের কথোপকথন]

প্র:—বক্তৃতা, প্রবন্ধ-রচনা, পত্রিকা-সম্পাদন ইত্যাদি ছাড়া ডন সোসাইটির ব্যবস্থায় অন্য কোনো অনুষ্ঠান ছিল কি ?

উ:—সতীশবাবু একটা স্বদেশী জিনিষের দোকান কায়েম করেন। ডন-সোসাইটির অধীনে দোকানটা চল্‌ত। ১৯০৩-০৪ সনে তার প্রতিষ্ঠা।

:—সংস্কৃতি-শিক্ষালয়ের সঙ্গে দোকান! সে আবার কি? দোকান কায়েম হ'ল কেন ?

উ:—ছোঁড়াদেরকে "কেজো লোকে" পরিণত করা ছিল সতীশবাবুর মতলব। এই দোকানের মারফৎ আমরা পাইকারি হিসাবে জিনিষপত্র কিন্‌তে শিখ্‌তাম। মালগুলা কোথায় পাওয়া যায় এই খবর রাখ্‌তে হ'তো। বাজার-দরের উঠা-নামা বুঝ্‌তে হ'ত। পাইকারি আর খুচরা দরের প্রভেদ সম্বন্ধে টন-টনে জ্ঞান জন্মাত। এই গেল মাল যোগানের দিক্‌। তারপর দোকানে মাল মজুত রাখার ধান্ধা। কোন্‌ জিনিষের কত পরিমাণ দোকানে মজুত রাখা উচিত তার অভিজ্ঞতা লাভ ছিল একটা মস্ত কথা। বেচ্‌বার দাম ঠিক করাও সোজা ছিল না। বেচে টাকা-পয়সা জমা করা বেশ-কিন্তু কঠিন মালুম হ'তো। সব চেয়ে কঠিন ছিল বোধ হয় হিসাব রাখা। সতীশ বাবু এই সব কাজের ভেতর দিয়ে চেলাদেরকে ভানপিটেরূপে গ'ড়ে তুল্‌তে চেয়েছিলেন। এরি নাম "হাতে-কলমে" কাজ শেখা।

প্র:—আপনি কখনো এই দোকানে কাজ ক'রেছেন ?

উ:—অতি সামান্য। ডন-সোসাইটির সব সভ্যই সব কাজ পুরামাত্রায় করত না। দোকানদারিতে শুধু আমিই ফেল মারি নি। হারাণ চাকলাদার, রাধাকুমুদ, রবী ঘোষ, রাজেন্দ্রপ্রসাদ ইত্যাদি অনেকেই আমার মতন ম্যাড়াকান্ত প্রমাণিত হ'য়েছিল। কেহ-কেহ দোকানদারিটা বিশেষভাবে বেছে নিয়েছিল। তারা বোধ হয় এই দিকে পেকে উঠেছিলও। দোকানদারির আবহাওয়ায় আমি খানিকটা লাভবান্‌ হ'য়েছিলাম। কোন্‌ দিকে জানিস্‌ ?

প্র:—বলুন মশাই কোন্‌ দিকে? আমি আন্দাজ করতে পারছি না।

উ:—বুঝে নিলাম যে, ইচ্ছা করলেই যে-কোনো লোক দোকান চালাতে পারে না। দোকানদারির জন্যও সাধনা আবশ্যক। দোকান-যোগ অন্যান্য যোগের মতনই কঠিন যোগ। আর একটা ধারণা মগজে ঢুকেছিল দোকাদারির আবহাওয়ায়। তা এই। প্রত্যেক ছোকরার পক্ষেই কোনো-না-কোনো "হাতে-কলমে"র কাজ করা জরুরি। কাজের সঙ্গে ছোঁয়া-ছুঁয়ি না থাকলে মানুষের মুরোচা পাকে না। চরিত্র-গঠনের জন্যও চাই কাজ সুরু করা, কাজ ক'রে চলা, কাজের আবেষ্টনের ভেতর রোজ-রোজ কয়েক ঘণ্টা কাটানো। ডন-সোসাইটির এই অভিজ্ঞতায় আমার পরবর্তী জীবন যারপরনাই

প্রভাবান্বিত হ'য়েছে। "সতীশ-মণ্ডলে"র কাছে এই বিষয়ে আমি বেশ-কিছু ঋণী। ১৯০৩-০৪ সনের কথাই এখনো চল্‌ছে।

প্রঃ—দোকানদারিতে সতীশ বাবুর নিজ খেয়াল কিরূপ ছিল?

উঃ—বোধ হয় আধ কাঁচ্চাও না। টাকা-পয়সার সংস্রব হ'তে সতীশবাবু দূরে থাকতেন। যুবক বাঙলার ব্যবসাবুদ্ধি গজানো আর বাড়ানো ছিল তাঁর একমাত্র ধান্ধা। ধনবিজ্ঞানের কর্ণধারও অতি কোরা ও কড়াভাবে দেখানো ছাড়া তাঁর আর কোনো লক্ষ্য ছিল না। সঙ্গে-সঙ্গে মনে রাখ্‌তে হবে যে, দোকানটায় একমাত্র স্বদেশী জিনিষ রাখা হ'তো। এর মহত্ত্ব খুব বেশী।

:—স্বদেশী দোকানের মহত্ত্ব এত বেশী দেখ্‌ছেন কোত্থেকে?

উঃ—স্বদেশী দোকানটা ডন-সোসাইটির তদবিরে কায়েম হ'ল কবে? গৌরবময় স্বদেশী আন্দোলন সুরু হবার বৎসর দেড়েক আগে (১৯০৩-০৪) সনে। এইটাই সতীশ বাবুর বিশেষত্ব ও গৌরব। বাঙালী জাত্ বয়কট ও স্বদেশী কায়েম করে ৭ই আগষ্ট ১৯০৫। তার আগে হ'তেই "সতীশ-মণ্ডল" স্বদেশী জিনিষের আত্মিক কেন্দ্র। ১৯০৫ সনে আমাদেরকে নতুন ক'রে স্বদেশী মন্ত্রে দীক্ষিত হ'তে হয় নি। ডন-সোসাইটির শতেরো শহরে-মফঃস্বলে আপনা-আপনিই স্বদেশী-আন্দোলনের প্রচারক হ'তে পেরেছিল। এই হিসাবে সতীশ বাবু স্বদেশী আন্দোলনের অন্যতম জন্মদাতা। ডন-সোসাইটির তিন বৎসর (১৯০২-০৫) বঙ্গ-বিপ্লবের জন্ম-বৃত্তান্তে বারপরনাই মূল্যবান্।

প্রঃ—ডন-সোসাইটির স্বদেশী দোকানের খবর কল্‌কাতার বেশী লোকে জান্‌ত কি?

উঃ—ছেলেদের মেসে-হষ্টেলে খবরটা র'টেছিল। তবে দোকানটা আকারে-বহরে বড়-কিছু ছিল না। জন-সাধারণের নজর সেদিকে যাবে কি ক'রে? তবে বছরে একবার ক'রে স্বদেশী জিনিষের প্রদর্শনী খোলা হ'ত। জনসাধারণ দেখ্‌তে আস্‌ত। ডন-সোসাইটির সভ্যরাই প্রদর্শনীটা সাজাতো আর লোকজনকে দেখাত। প্রদর্শনীর জন্য মেট্রোপলিটান কলেজেরই দোতলার ঘরগুলা ব্যবহৃত হ'ত।

প্রঃ—দোকানের সঙ্গে ডন-সোসাইটির অন্যান্য কাজের যোগাযোগ কিরূপ ছিল?

উঃ—দোকানদারিটা বক্তৃতা ও প্রবন্ধ-রচনার সমান ইজ্জৎ পেত। ডন-সোসাইটির নিয়মে ছেলেরা প্রত্যেক কাজ সম্বন্ধে পরস্পরকে ভোট দিয়ে নম্বর দিত। বৎসর-শেষে পরীক্ষার ফল নির্ভর করত ছেলেদের ভোটের উপর। সতীশ বাবুর মতের দিকে তাকিয়ে কেহ ভোট দিত না। তিনি নিজে পরীক্ষক হ'তেন না, ভোটও দিতেন না। সারা বৎসর কে কিরকম কাজ করেছে সব একসঙ্গে বিচার করা হ'ত। দোকানদারি কাজটাও উপস্থিতি, প্রবন্ধ-রচনা ইত্যাদির মতন একটা স্বতন্ত্র পরীক্ষণীয় বিষয় ছিল। প্রত্যেক বিভাগের কাজ সম্বন্ধে আমরা পরস্পর পরস্পরকে নম্বর দিতাম। বিভাগগুলাকে ছোট-বড় ভাগ করা হ'ত না। সভ্যদের সকল কাজ একত্রে যোগ ক'রে উঁচু-নীচু ঠিক করা হ'ত। এমন কি, বৃত্তি দিবার ব্যবস্থাও ছিল। তাতে কোনো-কোনো ছাত্রের কলেজে যাইবে দিবার সাহায্য হ'ত।

প্রঃ—এই সব কাজের জন্য টাকা আস্‌ত কোত্থেকে?

উঃ—টাকার জন্য সতীশ বাবু দায়ী ছিলেন। মনে পড়্‌ছে,—রাজা রুষিকেশ লাহা সতীশ বাবুকে কিছু টাকা দিয়েছিলেন (১৯০৪-০৬)। কাশিমবাজারের মহারাজা মণীন্দ্রচন্দ্র নন্দীও সতীশ বাবুর গুণগ্রাহী ছিলেন।

প্রঃ—সতীশ বাবুর এই কার্য্যপ্রণালী হ'তে আপনি নিজে কিছু শিখেছেন?

উঃ—খুব বেশী। ডন-সোসাইটির আবহাওয়ায় ইহা আমার বোধ হয় সব-চেয়ে বড় শিক্ষা।

আমার মাথায় ঢুকেছিল মোটা কয়েক কথা। দেশের কাজ করার প্রথম মানে,—নিজে টাকা রোজগার না করা। দ্বিতীয় মানে,—নানা প্রকার কাজের জন্য যেখানে-সেখানে বন্ধুদের নিকট টাকা ভিক্ষা করা। তৃতীয় মানে,—সার্ব্বজনিক চাঁদার উপর নির্ভর না করা। চতুর্থ মানে বিচিত্র। যে-টাকার হিসাব দিতে হয় রাস্তার লোককে,—সেটাকা একদম স্পর্শ না করা।



সোস্যাল্ সারভিস্ কোয়ার্টারলি

বম্বে থেকে প্রকাশিত "দি সোস্যাল সারভিস্ কোয়ার্টারলি" পত্রিকার গত এপ্রিল মাসের "দি নেস্ অব মাস্ এডুকেশন ইন্ দি নিউ অর্ডার" নামক একটী দীর্ঘ লেখা বাহির হয়। লেখক ছিলেন মিঃ কে. টি. মন্সী। ঐ লেখাটীর মর্মার্থ নিম্নরূপ :

লেখক বলেন যে, বর্ত্তমান যুদ্ধ-পরিসমাপ্তির পর এক নববিধানের আবির্ভাব দেখা দেবে। সেই নববিধানকে কার্য্যকরী ও সম্পূর্ণ করতে হ'লে নির্দ্দিষ্ট সময়ের ভেতর ভারতীয় জনসাধারণের নিদারুণ অজ্ঞতা দূরীকরণের উপায় নির্দ্ধারিত হওয়া সকলের আগে প্রয়োজন।

একথা সত্য যে, বর্ত্তমান মহাযুদ্ধ পৃথিবীর দেশে দেশে এনেছে দুঃখের প্লাবন। কিন্তু এ যুদ্ধের ফলে একটা অমূল্য আশীর্ব্বাদও পৃথিবীতে দেখা দিবে। তা হচ্ছে শ্রেণীবৈষম্যের প্রাচীরগুলিতে ভাঙ্গন ধরা। যদি এ বৈষম্য অপসারিত না হয় তবে হাজার হাজার নরনারীর প্রতিদিনকার স্বার্থত্যাগ ও জীবনদান ব্যর্থ হয়ে যাবে। এর দ্বারা স্বভাবতই মনে হয় যে, মহা-আশীর্ব্বাদ লাভের পূর্ব্বে দুনিয়ার নরনারী ত্যাগের মধ্য দিয়ে তাদের যোগ্যতা দেখাবে। ভারতবর্ষে,—যেখানে অজ্ঞতা অতি-ব্যাপক ও অতি-বিস্তৃত সেখানে,—এ আশীর্ব্বাদ আসবে তখনই যখন গোটা ভারতীয় জীবনের শিক্ষাধারার উন্নতি বিধান করা হবে। ছেলেমেয়েদের জন্য শিক্ষাধারাকে এ যুগে নতুন ছাঁচে গড়ে তুলবার প্রয়োজন তো আছেই ; কিন্তু সেই সঙ্গে সঙ্গে অক্ষরজ্ঞানহীন নরনারী,—যারা সমাজ-জীবনের একটা অত্যাবশ্যক অঙ্গ,—তাদেরও এই শিক্ষা-ধারার মধ্যে ঠাঁই দিতে হবে। একথা সত্য যে যুদ্ধ-পরবর্ত্তী সমাজগড়নের জন্য আমাদের আরও রকমারি সমস্যা সমাধানের দিকে দৃষ্টি দিতে হবে। কেননা শিক্ষাব্যবস্থার সঙ্গে সঙ্গে সেগুলির সমাধানও জরুরী।

এখন দেখা যাক কিভাবে অজ্ঞতার বিরুদ্ধে আন্দোলন ও লড়াই সাফল্যের সঙ্গে চালানো যেতে পারে। সচরাচর একটা প্রশ্ন উঠে থাকে যে, ভারতীয় নরনারীর সম্পূর্ণ বা প্রায় সম্পূর্ণ অজ্ঞতা দূরীকরণের সদিচ্ছা আদৌ কার্যকর কিনা ? কারণ এদেশের আয়তন অতি-বিশাল ; দ্বিতীয়তঃ, জনসাধারণ বিশাল দেশের ভিতর (সাতে সাত লক্ষ গ্রামে) ছড়িয়ে আছে ; আর তৃতীয়তঃ, সুপ্রচুর অর্থের আবশ্যকতা। এগুলি বাধা ঠেলে ফেলে শিক্ষা-প্রচারের কাজে এগুনো কি সম্ভব ? জবাব অতি সোজা। ভারতের আজ যা অবস্থা পঁচিশ বছর আগে রাশিয়ার অবস্থাও ছিল অনেকটা তদ্রূপ।

কিন্তু নিয়মিত ও ধারাবাহিক প্রচেষ্টার ফলে বিশবছরের ভেতর রাশিয়া শিক্ষাপ্রসারের পথে হু হু ক'রে এগিয়ে গেছে। আজ রাশিয়াতে অক্ষরজ্ঞানসম্পন্ন নরনারীর সংখ্যা শতকরা ৯৮ জন। চীনের শিক্ষাবিষয়ক, রাষ্ট্রনীতিক ও সামাজিক অবস্থা ছিল ভারতের মতোই নিদারুণ শোচনীয়। কিন্তু সেও কয়েক বৎসরের ভেতর শিক্ষার পথে দ্রুত অগ্রসর হয়েছে এবং জাপানের সহিত পাঁচ বছর ধরে জীবনমৃত্যু সংগ্রামে লিপ্ত না হ'লে সে গণশিক্ষার পথে আরও বেশী এগুতে পারতো। জাপান, ফিলিপাইন

ও তুর্কির দৃষ্টান্তও আমাদের কাছে উৎসাহব্যঞ্জক। কাজেই শিক্ষাবিষয়ে ভারতকে পশ্চাৎপদ দেখিয়া আমাদের নিরাশ হওয়া উচিত নয়।

গণশিক্ষার পথে সাফল্য অর্জ্জনের জন্য প্রথমেই দরকার শাসক ও শাসিতের দৃষ্টিভঙ্গীর সম্পূর্ণ পরিবর্ত্তন। এই সমস্যাটাকে সকলেরই উচিত একটা নতুন ও জাতীয় দৃষ্টি দিয়ে পর্য্যালোচনা করা। দ্বিতীয়তঃ, একটা নিয়ন্ত্রিত কর্ম্মপন্থা আমাদের চোখের সামনে রাখ্‌তে হবে যার দ্বারা আমরা নির্দ্দিষ্ট সময়ের ভেতর আমাদের সঙ্কল্পকে কার্য্যে পরিবর্ত্তিত করতে পারি। এজন্যে পাঁচ, দশ এমন কি বিশ বছরের কার্য্যপ্রণালীও ঠিক ক'রে নেওয়া যেতে পারে। একথা সত্য যে গণশিক্ষা বিস্তারের দায়িত্ব প্রত্যেক দেশেই গবর্ণমেণ্টের। কিন্তু সঙ্গে সঙ্গে একথাও সত্য যে জনসাধারণের দায়িত্বও এবিষয়ে বড় কম নয়। শিক্ষা-প্রচারের পথে অগ্রসর হওয়ার জন্য গবর্ণমেণ্টের প্রথমেই দরকার হবে উপযুক্ত অর্থ এবং সেই অর্থভার দেশের ধনীদের ও অভিজাতদের বহন করতে হবে।

তারপর আসছে শিক্ষা ও ছাত্রদের কথা। তাদের দায়িত্বও এই গণশিক্ষার কাজে যথেষ্ট। আমার মনে হয় গবর্ণমেণ্টের উচিত যে প্রত্যেক ছাত্রকেই গণশিক্ষার কাজে কিঞ্চিৎ সাহায্যদানের জন্য বাধ্য করা। নতুবা তাদের পরীক্ষা দিতে দেওয়া হবে না। এ পন্থা অবলম্বন করায় গণশিক্ষা বিষয় অনেকটা সহজ হয়ে আসবে।

তৃতীয়তঃ, ছেলেমেয়েদের প্রাথমিক শিক্ষালাভের ব্যাপারটাকে বাধ্যতামূলক করে তোলা। এ বিষয়ে অভিভাবকদের দায়িত্বও আছে খুব বেশী। তাদের বুঝা উচিত যে ছেলেমেয়েরা লেখাপড়া শিখ্‌লে শুধু তাদের বংশের গৌরবই বাড়ে না—সঙ্গে সঙ্গে মাতৃভূমির সম্মান ও শক্তি বেড়ে যায়।

বর্ত্তমানে যুদ্ধের আগুন সারা বিশ্বে ধূ ধূ করে জ্বল্‌ছে। কিন্তু এই দুঃসময়েও শিক্ষাপ্রচারের কাজটাকে কুপ্‌লে বা ছোট করলে চল্‌বে না। যুদ্ধ-বিরতির সঙ্গে ভারতের প্রত্যেকটী প্রদেশের সর্ব্বপ্রধান কর্ত্তব্য হবে সুনির্দ্দিষ্ট পথে শিক্ষাপ্রচারের জন্য বদ্ধ হওয়া।

"দি সাইকোলজি অব ফিয়ার অ্যাণ্ড কারেজ"; এডওয়ার্ড মোডার কর্তৃক লিখিত; পেঙ্গুইন্ গ্রন্থাবলীর অন্তর্ভুক্ত; নিউইয়র্ক; ১৯৪০; পৃঃ ১২৮; মূল্য ৩৫০ ডলার।

এই গ্রন্থের ভেতর সন্নিবেশিত লেখাগুলি ১৯৪০ সনে গ্রীষ্মকালে ইংল্যাণ্ডে বেতারযোগে বক্তৃতার জন্য রচিত। বক্তৃতাগুলার মালগুলা বিশেষভাবে বৃটিশ জনসাধারণের পক্ষে প্রযোজ্য। লেখকের উদ্দেশ্য হচ্ছে অতি শিশুসুলভ ভাবপ্রবণ বৃত্তিগুলির মুখে কি ক'রে লাগাম লাগানো যায়,—তাই বিশ্লেষণ করা। কোন্ কোন্ কারণে সাধারণ মানুষের মনের শক্তি, সাহস, উদ্যম ভেঙ্গে পড়ে ও কিভাবে সে আবার নিজের হৃত-শক্তিকে ফিরে পেতে পারে,—তা বিবৃত করাই হচ্ছে গ্রন্থকারের সঙ্কল্প।

গ্রন্থকার স্বয়ং একজন সাইকোঅ্যানালিষ্ট। কাজেই তার অনেক সিদ্ধান্তই অন্যান্য মনোবিজ্ঞানবিদ্ ও সমাজ-শাস্ত্রী কর্তৃক স্বীকৃত হবে না। তথাপি সাধারণ লোককে বুঝাইবার জন্য তার যে চেষ্টা তাতে বিশেজ্ঞরাও কিঞ্চিৎ-কিছু আনন্দ পাবেন। লেখকের ভাষা সরল ও সহজ।

"ফ্রম্ বিস্ট্ মেশিন্ টু ম্যান মেশিন্। অ্যানিম্যাল্ সোল্ ইন্ ক্লেক লেটারস্ ফ্রম্ ডেকার্ট টু লা মেট্রি।" লিওনোরা কোহেন রোজেনফিল্ড কর্তৃক লিখিত; অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় প্রেস্ কর্তৃক প্রকাশিত; নিউইয়র্ক; ১৯৪১; পৃঃ ২৮+৩৫৩; মূল্য ৩৫০ ডলার।

প্রেসিডেন্ট হাট্চিন্স্ বলেন যে, বর্ত্তমান মহাযুদ্ধ আমাদের সাম্নে নানা প্রশ্ন এনে হাজির করেছে। এদের মধ্যে একটা বড় প্রশ্ন হচ্ছে নিম্নরূপ "মানুষের আর অন্যান্য জীবে পার্থক্য কিসে?"

রোজেনফিল্ডের গ্রন্থপাঠে দেখি যে, ঐ প্রশ্নের আলোচনা করতে গিয়ে সপ্তদশ ও অষ্টাদশ শতাব্দীর ফরাসী দার্শনিক, বৈজ্ঞানিক ও কবিরা নানা বিরোধী মত ও পথের প্রবর্ত্তন করেছিলেন। এখন কথা হচ্ছে, জীবজন্তুর কি আত্মা আছে? যদি থেকেই থাকে তবে সে আত্মার স্বরূপ কি? সে আত্মা কি অমর ও আধ্যাত্মিক অথবা আধ্যাত্মিক অথচ মরণধর্ম্মী। রোজেনফিল্ড অশেষ পরিশ্রম স্বীকার করে এই সমস্ত বিস্মৃত বা অজ্ঞাত চিন্তাবীরদের বাণীগুলি পুনরুদ্ধার করেছেন।

"দি রেভোলিউশান ইজ্ অন্"; এম্ ডাবলিউ ফভার; হাউটন মিফলিন কোং কর্তৃক প্রকাশিত; বস্টন্; ১৯৪০; পৃঃ ১৫+২৩৯; মূল্য ২৭৫ ডলার।

গ্রন্থকার স্বয়ং একজন প্রথম শ্রেণীর সংবাদদাতা। অভিজ্ঞতাগুলি তিনি সতেজ ও সুখপাঠ্য ভাষায় নিজের বইয়ের ভেতর বর্ণনা করেছেন। কিন্তু বইয়ের বেশীর ভাগ অংশেই আছে ব্যক্তিগত অভিজ্ঞতার তুলনায় বেশী মত-প্রকাশ। আধুনিককালের যাবতীয় বিপ্লবই তাঁর বিচারে ফরাসী বিপ্লবের সন্তান। গ্রন্থকারের লিখ্বার ভঙ্গী চমৎকার।

বইটার ভেতর অন্তর্দৃষ্টির পরিচয় এখানে-সেখানে থাক্লেও লেখকের সমাজতত্ত্ব সন্তোষজনক নহে। দ্বিতীয়তঃ বইটার ভেতর গ্রন্থকার বর্ত্তমানকাল ও ফরাসী বিপ্লবযুগের সৌসাদৃশ্য দেখাবার কাজেই একান্তভাবে নিজেকে সীমাবদ্ধ করে রেখেছেন। বর্ত্তমানকালের

কর্মধারাকে বরং ত্রিশ বর্ষব্যাপী (১৬১৮-১৬৪৮) যুদ্ধযুগের কর্মধারার সঙ্গে তুলনা করলেই বোধ হয় ঠিক হয়। কেন না ত্রিশ বর্ষব্যাপী যুদ্ধ চলেছিল প্রোটেস্ট্যাণ্ট ও ক্যাথলিক,—এই দুই বিরোধী দলের ভেতর এবং সেই যুদ্ধ পার্শ্বিব সুবিধায় প্রলুব্ধ এক তৃতীয় শক্তির দ্বারা মীমাংসিত হয়েছিল। বর্তমানে নাৎসী ও কমিউনিষ্ট এই দুই দলে লড়াই চলেছে এবং ধনতান্ত্রিক বৃটেন ও যুক্তরাষ্ট্র আদর্শের দিক্ থেকে সত্ত্ব কমিউনিষ্ট রাশিয়ার সঙ্গে সহযোগিতা স্থাপন করে ধনতান্ত্রিক নাৎসীদলের বিরুদ্ধে লড়েছে। ত্রিশ বর্ষব্যাপী যুদ্ধের সময়ও ঠিক এইভাবেই ক্যাথলিক সম্রাট্ দ্বিতীয় ফার্ডিন্যাণ্ডের বিরুদ্ধে ক্যাথলিক কার্ডিন্যাল রিশ্লিউ ও প্রোটেস্ট্যাণ্ট গস্টাভাস্ অ্যাডল-ফাসের সহযোগিতা স্থাপিত হয়েছিল। বইটা সকলেরই পড়া উচিত।



১। "দি ক্যাল্‌চারাল অ্যাপ্রোচ্‌ টু হিষ্ট্রি"; ক্যারোলিন্‌ এফ্‌. লয়েমার কর্তৃক সম্পাদিত; কলাম্বিয়া বিশ্ববিদ্যালয় প্রেস্‌ কর্তৃক প্রকাশিত; নিউইয়র্ক; ১৯৪০; পৃঃ ১+৩৫৯; মূল্য ৩·৫০ ডলার।

"ফ্রম্‌ বিষ্ট্‌-ম্যাশিন্‌ টু ম্যান-ম্যাশিন্‌; অ্যানিম্যাল সোস্‌ ইন্‌ ফ্রেনড্‌ সেটারস্‌ ফ্রম্‌ ডেকার্ট টু লা মেট্রি"; লেওনোরা কোহেন্‌ রোজেনফিল্ড কর্তৃক লিখিত; অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় প্রেস্‌ কর্তৃক প্রকাশিত; নিউইয়র্ক; ১৯৪১; পৃঃ ২৮+৩৫৩; মূল্য ৩·৫০ ডলার।

৩। "দি ক্লানডেস্টাইন্‌ অরগেনিজেশন অ্যাণ্ড ডিফিউশন অব ফ্রিসপকি, আইডিয়াজ্‌ ইন্‌ ফ্রান্স ফ্রম ১৭৭০ টু ১৭৫০"; ইরা ও ওয়াড্‌ কর্তৃক লিখিত; প্রিন্সটন্‌ বিশ্ববিদ্যালয় প্রেস কর্তৃক প্রকাশিত; ১৯৩৮; পৃঃ ১+৩২৯; মূল্য ৩·৫০ ডলার।

৪। "রিজন্‌ অ্যাণ্ড রেভোলিউশান: হেগেল অ্যাণ্ড দি রাইজ্‌ অব সোশ্যাল থিয়োরী"; হারবার্ট মারকুইস্‌ কর্তৃক লিখিত; অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় প্রেস কর্তৃক প্রকাশিত; নিউইয়র্ক; ১৯৪১; পৃঃ ১২+৪৩১; মূল্য ৩·৭৫ ডলার।

৫। "দি ওয়ার্ল্ড অব নেশানস্‌"; সলোমন এফ্‌ ব্লুম্‌ কর্তৃক লিখিত; কলাম্বিয়া বিশ্ববিদ্যালয় প্রেস কর্তৃক প্রকাশিত; নিউইয়র্ক; ১৯৪১; পৃঃ ২২৫; মূল্য ২·৫০ ডলার।

৬। "দি রেভলিউশান ইজ্‌ অন্‌"; এম্‌. ডাবলিউ ফস্টার কর্তৃক লিখিত; হাউটন মিফিন্‌ কোং কর্তৃক প্রকাশিত; বস্টন; ১৯৪০; পৃঃ ১৫+২৩৯; মূল্য ২·৭৫ ডলার।

৭। "টুবেল্‌ড্‌ হ রুল্‌ড্‌"; আর, আর, পামার কর্তৃক লিখিত; প্রিন্সটন্‌ বিশ্ববিদ্যালয় প্রেস কর্তৃক প্রকাশিত; প্রিন্সটন্‌; ১৯৪১; পৃঃ ৪১৭; মূল্য ৩·৭৫ ডলার।

৮। "দি কর্‌গটন্‌ ডিলেম্ব: লাইফ্‌ ইন্‌ এ মেক্সিকান ভিলেজ"; রবার্ট রেডফিল্ড ও হারবার্ট ক্লীন্‌ কর্তৃক লিখিত; ভাইকিং প্রেস হইতে প্রকাশিত; নিউইয়র্ক; ১৯৪১; পৃঃ ১৪৩; মূল্য ২·৫০ ডলার।

৯। "এ হাটিস্‌টিক্যাল্‌ হ্যাণ্ডি অব লিডারশিপ অ্যামঙ্গ কলেজ উইমেন"; মাদার মেরী ডোরোথিয়া ডাফারলি কর্তৃক লিখিত; আমেরিকার ক্যাথলিক বিশ্ববিদ্যালয় হইতে প্রকাশিত; ১৯৪০; পৃঃ ৬৫।

১০। "দি সাইকোলজি অব ফিয়ার অ্যাণ্ড কারেজ"; এড্‌ওয়ার্ড মোডার কর্তৃক লিখিত; পেঙ্গুইন্‌ গ্রন্থাবলীর অন্তর্ভুক্ত; নিউইয়র্ক; ১৯৪০; পৃঃ ১২৮।

১১। পেপাল এন্‌ফোর্স্‌মেণ্ট অব্‌ লাস্‌ থিজিয়েডাল্‌ লজ্‌"; চার্লস্‌ এড্‌ওয়ার্ড স্মিথ কর্তৃক লিখিত; লুসিয়ানা ষ্টেট বিশ্ববিদ্যালয় প্রেস্‌ কর্তৃক প্রকাশিত; লুসিয়ানা; ১৯৪০; পৃঃ ৭+২৩০; মূল্য ২·৫০ ডলার।

১২। "হোয়াট্‌ অব দি ব্লাইণ্ড?" দ্বিতীয় খণ্ড; হেল্‌গা লিণ্ড কর্তৃক সম্পাদিত; আমেরিকান্‌ ফাউণ্ডেশান ফর দি ব্লাইণ্ড কর্তৃক প্রকাশিত নিউইয়র্ক; ১৯৪১; পৃঃ ২০৬; মূল্য ২·০ ডলার।

১৩। "ওয়ার্কার্স্‌ রিফোর্ম অ্যাণ্ড আফটার লেনিন"; মারিয়া গর্ডন্‌ কর্তৃক লিখিত; ই. পি. ডাটন অ্যাণ্ড কোং কর্তৃক প্রকাশিত; নিউইয়র্ক; ১৯৪১; পৃঃ ৪২৪।

বিলাতী চোখে ভারতীয় শিল্পোন্নতি

শ্রীময়থনাথ সরকার, এম এ

(পূর্ব্বানুবৃত্তি)

এলুমিনিয়াম শিল্পেরও পত্তন হইয়াছে। ত্রিবাঙ্কুরে প্রতিষ্ঠিত "এলুমিনিয়াম কোম্পানী অব্ ইণ্ডিয়া"র কাজ ইতিপূর্ব্বেই আরম্ভ হইয়াছে। শেষ পর্য্যন্ত এই কারখানায় বৎসরে ৫০০০ টন এলুমিনিয়ামের বার তৈরী হইবে। ১৯৪১ সনের মাঝামাঝি হইতে কলিকাতায় এলুমিনিয়ামের পাত তৈরীর কারখানা স্থাপিত হইয়াছে। আমদানি-করা বক্সাইট থেকে এই কারখানায় এলুমিনিয়ামের পাত তৈরী হইতেছে। আশা করা গিয়াছিল যে, ১৯৪২ সন থেকে ভারতীয় বক্সাইটেরও প্রয়োগ আরম্ভ হইবে।

রাসায়নিক শিল্পগুলিও রীতিমত উন্নতি লাভ করিয়াছে। ভারিভারি রাসায়নিক শিল্পের দিক্ থেকে সালফিউরিক এসিড ও অ্যামোনিয়াম সালফেট উৎপাদন বৃদ্ধির জন্য যথেষ্ট চেষ্টা-চরিত্র চলিতেছে। ১৯৩৯-৪০ সনে এই দুই বস্তু যথাক্রমে ৩০,০০০ ও ২০,০০০ টন উৎপন্ন হইয়াছে এবং মোট ভারি রাসায়নিক দ্রব্যের পরিমাণ দাঁড়াইয়াছে ৭০,০০০ টন। পূর্ব্বে ভারতবর্ষে গন্ধক মিলিত না। পরম বিস্ময়ের বস্তু এই যে, বর্ত্তমানে বেলুচিস্তানে বিস্তর উচ্চ শ্রেণীর গন্ধকের সন্ধান পাওয়া গিয়াছে। ইস্পাত উৎপাদন বৃদ্ধির ফলে কোক ওভেন গ্যাসসমূহ এবং অ্যামোনিয়া ও সালফিউরিক এসিড নিষ্কাশনও বর্দ্ধিত হইয়াছে। অ্যালকেলি উৎপাদনও বাড়িয়াছে। ১৯৪১ সনে অ্যালকেলি অ্যাণ্ড কেমিক্যাল কর্পোরেশন অব্ ইণ্ডিয়ার কারখানা তৈরী প্রায় শেষ হইয়া আসিয়াছিল। এখন এই কোম্পানী এবং ইম্পিরিয়াল কেমিক্যালস্ অব্ ইণ্ডিয়া লিমিটেডের উৎপাদন আরম্ভ হইয়াছে। টাটা কেমিক্যালস্ লিমিটেডও মূল্যবান অ্যালকেলি পরিচালন করিতেছে। বর্ত্তমানে ভারতবর্ষে সোডা অ্যাশ, কষ্টিক সোডা, সোডিয়াম বাই কার্ব্বনেট, ব্লিচিং পাউডার, ক্লোরিন, ব্রোমিন, নানাপ্রকার ম্যাগ্নেসিয়ামজাত দ্রব্য তৈরী হইতেছে। পূর্ব্বে এই সমস্ত জিনিষ বিদেশ থেকে আমদানি করিতে হইত। বাইক্রোমেট তৈরীরও বহু কারখানা স্থাপিত হইয়াছে। এইসমস্ত কারখানায় প্রয়োজনের উপযোগী খাকী রং তৈরী হইতেছে। লেভার ব্রাদার্সের (ইণ্ডিয়া) কলিকাতা ও বোম্বাইয়ের কারখানায় সাবানের আনুষঙ্গিক পদার্থ হিসাবে গ্লিসারিন তৈরী হইতেছে। টাটা অয়েল মিলস কোম্পানীও গ্লিসারিন প্রস্তুত করিতেছে। মহীশূরে মেথিল অ্যালকোহল, অ্যাসেটেসটাস এবং ক্যালসিয়াম এ্যাসিটেট উৎপন্ন হইতেছে। ভারতের দেশীয় গাছ-গাছড়ারও বহুল প্রয়োগ আরম্ভ হইয়াছে। পূর্ব্বে যে-সমস্ত ঔষধপত্র পেটেণ্ট ঔষধ ইত্যাদি বিদেশ থেকে আমদানি করা হইত, তাহা এখন ভারতেই প্রস্তুত হইতেছে।

মোটের উপর ভারতের রীতিমত শিল্পোন্নতি ঘটিয়াছে। পুরাতন শিল্পগুলিও বাড়িয়াছে যথেষ্ট পরিমাণে। ১৯৪১ সনের শেষভাগে খবর পাওয়া গিয়াছিল ভারতের বস্ত্রশিল্প নূতন রেকর্ড স্থাপন করিতে উদ্যত হইয়াছে। বৎসরে ৫,০০০ মিলিয়ন গজ কাপড় তৈরী হইবে; দেশীয় তাঁত-গুলিরও উৎপাদন বাড়িবে। ফলে মোট বস্ত্র উৎপাদন ৭,০০০ মিলিয়ন গজ দাঁড়াইবে। ইউনিফর্ম সহ জামার কাপড়ও বহু মিলিয়ন গজ উৎপন্ন হইতেছে। ১৯৪১ সনের শেষভাগে জামার কাপড় তৈয়ারীর মাসিক হার ৫ মিলিয়ন গজ দাঁড়াইয়াছে। নানাপ্রকার নূতন নূতন বস্ত্রও তৈরী হইতেছে, যথা, সেলুনার সার্টিং, কটন ওয়েয়িং। তুলা ও পাট মিশ্রিত কটন, ডাক ক্যানভাস ইত্যাদি। শেলের কার্ত্তুজ রক্ষার জন্য পাট ও লাক্ষার সহযোগে সিলেণ্ডার তৈরী হইতেছে। কম্বল উৎপাদনও যথেষ্ট বাড়িয়াছে, ফলে ভারতবর্ষ এখন মধ্য প্রাচ্যের নানাপ্রকার চাহিদা পূরণে সক্ষম হইয়াছে। ভারতবর্ষে বর্ত্তমানে

বৎসরে ১,০০০,০০০ জোড়া আর্মী বুট তৈরী হইতেছে। সিমেণ্ট, দেশলাই, রং ইত্যাদি শিল্পেরও যথেষ্ট উন্নতি হইয়াছে। পূর্ব্বে বিদেশ থেকে সিরিঞ্জ আমদানি করা হইত। বর্ত্তমানে বোম্বাইয়ের এক আধুনিক ধরণের কারখানায় সিরিঞ্জ তৈরী হইতেছে। ভারতবর্ষ বর্ত্তমানে দেশীয় কাচে নিজের অর্দ্ধেক অভাব পূরণ করিতেছে। কাগজ ও মোড়কের উপযোগী পেষ্ট-বোর্ড উৎপাদনও বর্দ্ধিত হইয়াছে। বর্ত্তমানে বাঁশবেণেই কাগজ খুব বেশী পরিমাণে তৈরী হইতেছে। ভারতবর্ষে এক হাজারেরও অধিক সাবানের কারখানা চলিতেছে এবং বৎসরে ৭৫,০০০ টনেরও অধিক সাবান উৎপন্ন হইতেছে। সাবান শিল্পের বাড়্‌তির ফলে তৈল উৎপাদনও বাড়িয়াছে।

ভারতের দ্রুত শিল্পোন্নতির পথে নিপুণ কারিগর সংগ্রহ ও কারখানা স্থাপনের ক্ষমতা, এই দুইটা বড় রকমের সমস্যায় পরিণত হইয়াছে। যুদ্ধ আরম্ভ হওয়ার পর ভারতবর্ষে নিপুণ শ্রমিকের সংখ্যা বৃদ্ধির জন্য যথেষ্ট চেষ্টা করা হইয়াছে। ইঞ্জিনিয়ারিং ও রেলওয়ে ওয়ার্কশপসমূহ সহ প্রায় ২০০টা প্রতিষ্ঠানে ১৫,০০০ শ্রমিকের ট্রেনিংয়ের বন্দোবস্ত করা হইয়াছে। এসিষ্টাণ্ট ওয়ার্কশপ-ম্যানেজার, সুপারভাইজার, ও নিপুণ কারিগরদের ট্রেনিংয়ের জন্য বৃটিশ গবর্ণমেণ্ট ২০০,০০০ পাউণ্ড ব্যয়ের এক পরিকল্পনা স্থির করিতেছেন। দিল্লীর ট্রেনিং কেন্দ্রেও আর একটা বড় রকমের পরিকল্পনার কাজ চলিতেছে। বৃটিশ টেক্‌নিক্যাল বিদ্যালয়সমূহ ও যুদ্ধ-কারখানাগুলিতে ট্রেনিং দানের জন্য কয়েকজন ভারতীয় শ্রমিককে ইংলণ্ডে প্রেরণ করা হইয়াছে।

১৯৪২ সনের মে মাসে ঘোষণা করা হয় যে, আমেরিকান টেক্‌নিক্যাল মিশন ভাইসরয়ের নিকট এক রিপোর্টে ভারতে কলকারখানার বিস্তৃতি সাধন সম্পর্কে বহু মূল্যবান ও সুদূরপ্রসারী উপদেশ প্রদান করিয়াছে। ১৯৪০ সনের জুন মাস থেকে ১৯৪২ সনের এপ্রিল মাসের মধ্যে কামানের গোলা তৈরী প্রায় দ্বিগুণ উৎপাদনের তুলনায় ৭৬% হইতে ৬৬১%, ছোট ছোট অস্ত্রের গুলিবারুদ ১৫২% হইতে ২৯৪%, রাইফেলের কার্ত্তুজ ২০৭% হইতে ২৮৮% বাড়িয়াছে; ভারতে মিলিটারী ষ্টোরের উপকরণও অজস্র তৈরী হইতেছে। রিপোর্টে এই সমস্ত বিষয় উল্লেখ করিয়া বলা হইয়াছে যে, ভারতকে এখনও অনেক কিছু করিতে হইবে। রিপোর্টে আরও বলা হইয়াছে যে, সমর পরিষদ বা কমিটী প্রতিষ্ঠা করিয়া ভারতে সকল শ্রেণীর উৎপাদন নিয়ন্ত্রণের ব্যবস্থা করিতে হইবে। উপকরণ, ক্রমবিকাশ, এবং দর নিয়ন্ত্রণের কঠোর ব্যবস্থা সহ দফায় দফায় মাল উৎপাদনের বন্দোবস্ত করিতে হইবে; যন্ত্রপাতি, মালমসলা ও যোগ্য শ্রমিকের অভাব গ্রেট বৃটেন আমেরিকার সহায়তায় পূরণ হইতে পারে। রিপোর্টে এই ধরণের সুপারিশও করা হইয়াছে। মিশন ওয়াশিংটনে একটী প্রতিষ্ঠান কায়েম করিবে। মিশনের প্রতিনিধি অর্থনৈতিক উপদেষ্টা হিসাবে ভারতবর্ষে প্রেসিডেণ্ট রুজভেল্টের প্রতিনিধির সহিত অবস্থান করিবে।

প্রাকৃতিক সম্পদ্ ও বিরাট জনবলের (গত ২০ বৎসরে ৮০ মিলিয়ন লোক বাড়িয়াছে) তুলনায় ভারত যদিও শিল্প-প্রচেষ্টার দিক্ হইতে অনগ্রসর বিবেচিত, তবুও যথেষ্ট উন্নতি ঘটিয়াছে। যুদ্ধের সাফল্যপূর্ণ পরিসমাপ্তির ফলে ভারতের আর্থিক অবস্থাও উন্নত দেখা যাইবে; ভারতের শিল্প-প্রচেষ্টাসমূহও বিস্তৃততর ও অধিকতর শক্তিশালী ভিত্তির উপর দাঁড়াইবে আর ইহার পশ্চাতে টেকনিক্যাল নৈপুণ্যের অধিকারী শ্রমিকদের বৃহত্তর রিজার্ভ বাহিনীও মোতায়েন থাকিবে। ভারতের শিল্পোন্নতি ও তাহার বিশাল শিল্পসম্ভাব্যতা যুদ্ধোত্তর পৃথিবীর পুনর্গঠনের এক বড় খুঁটায় পরিণত হইবে।

যুদ্ধকালের রকমারি মুদ্রা-স্ফীতি*

শ্রীঅনাথবন্ধু দত্ত এম.এ., এফ আর.ই.এস্, এ.আই.বি (লণ্ডন)

(১)

বিভিন্ন সময়ে বিভিন্ন অর্থে মুদ্রা-স্ফীতি বা ইন্‌ফ্লেশন কথার ব্যবহার হইয়াছে। ইহার কোনটী ঠিক আর কোনটী ঠিক নয় তাহার আলোচনার আবশ্যক নাই। বর্ত্তমানে মুদ্রা-স্ফীতি হইয়াছে বলিলে এই বুঝিব যে লোকের 'টাকা', 'অর্থ' বা 'মুদ্রা'র আয় হারাহারিভাবে রোজগার বা আয়-সম্পর্কিত-কার্য্যতৎপরতার অনুপাতে বৃদ্ধি পাইয়াছে। ইহা দ্বারা ইহাও বুঝিব যে, রোজগার সম্পর্কিত কার্য্য-তৎপরতা না বাড়িলেও মুদ্রা বা টাকার আয় বাড়িয়াছে বা বাড়িতেছে। আবার উল্টা করিয়া ইহাও বলা চলে যে, উৎকৃষ্টতর উপায়ে উৎপাদন বাড়িলেও মুদ্রা বা টাকার আয় পূর্ব্বের মতই রহিয়াছে বা মুদ্রা-সঙ্কোচ বা ডিফ্লেশন হইয়াছে। মুদ্রার দিক্ স্থির থাকিয়া উৎপাদনের দিক্ বাড়িলে হয় সঙ্কোচ, আর উৎপাদনের দিক্ স্থির থাকিয়া মুদ্রার পরিমাণ বাড়িলে হয় মুদ্রা-স্ফীতি। যুদ্ধের গোড়ার দিকে আয়-সম্পর্কিত-কার্য্যতৎপরতা বাড়িবেই। আমার হিসাবে বা অনুমানে ১৯৩৯ সনের সেপ্টেম্বর হইতে ১৯৪০ সনের সেপ্টেম্বর পর্য্যন্ত এই বৃদ্ধির পরিমাণ শতকরা পাঁচ হইতে দশ। উহার পরে ১৯৪১ সনের আগষ্ট পর্য্যন্ত ১০।১৫ হইতে পারে। কিন্তু যুদ্ধের গতিবৃদ্ধির সঙ্গে সঙ্গে এই কার্য্যতৎপরতার ভাঁটা পড়িতে বাধ্য। কারণ সমর-প্রয়োজনে শিল্পকারখানাগুলিতে বেশী পরিমাণ শ্রম ও পুঁজি খাটিলেও অন্যান্যস্থানে ঘাটতি অপেক্ষাকৃত বেশী হইবার কথা। সুতরাং আমরা ধরিয়া লইতে পারি যে, এখন হইতে মুদ্রার সম্প্রসারণে মুদ্রা-স্ফীতিই হইবে। সাদা কথায় মুদ্রার সম্প্রসারণ ও মুদ্রা-স্ফীতি একই অর্থে প্রযোজ্য হইবে।

জাতির মুদ্রা-সম্পর্কিত আয় মাপিবার বিভিন্ন রীতি আছে। বর্ত্তমান ক্ষেত্রে আমি বলিব লোকের মুদ্রার আয়—ব্যাঙ্কের জমা, কাগজী-মুদ্রা এবং ব্যাঙ্কের বাহিরের ধাতুমুদ্রার পরিমাণের উপর নির্ভর করে, অর্থাৎ সর্ব্বসাধারণ বার্ষিক আয়ের যে অংশ নিজেদের কাছে রাখে এবং যে অংশ ব্যাঙ্কে জমায় উহার অনুপাতের উপর নির্ভর করে। মোট মুদ্রার আয় (টাকার রোজগার বা মানি ইন্‌কাম) শতকরা ১০ বাড়িবে যদি মোট মুদ্রার পরিমাণ শতকরা ১০ ভাগ বাড়ে, অথবা যদি মুদ্রার আয় মোট মুদ্রার পরিমাণ অপেক্ষা হারাহারিভাবে শতকরা ১০ বাড়ান হয়। উক্ত যে কোন পরিবর্ত্তন বা উভয় পরিবর্ত্তনের জন্য মুদ্রা-স্ফীতি হইতে পারে। রাষ্ট্রের আহ্বানে অনেকে ব্যাঙ্কের অলস গচ্ছিত জমা দ্বারা গবর্ণমেণ্ট সিকিউরিটী ক্রয় করিয়া আয় বাড়াইতে পারে অথবা কেহ কেহ পূর্ব্বের কেনা সিকিউরিটী বিক্রয় করিয়া বেশী সুদে নূতন সিকিউরিটী কিনিতে পারে। উভয় ক্ষেত্রে ব্যক্তিগতভাবে মুদ্রার আয় বাড়িলেও মোট মুদ্রার পরিমাণ স্থির রহিল। আবার কেহ কেহ যুদ্ধজনিত অনিশ্চয়তার জন্য সিকিউরিটী বেচিয়া হাতে নগদ মুদ্রার পরিমাণ বাড়াইতে পারে। ইহার ফল অবশ্য বিপরীত হইবে। পরে যাহা বলিব তাহা সত্ত্বেও বর্ত্তমানে ইহা বলিলে যথেষ্ট হইবে যে মুদ্রা-স্ফীতির কারণ মুদ্রার পরিমাণ বৃদ্ধি (সহজ কথায় ব্যাঙ্ক ব্যালেন্স) এবং সরাসরিভাবে উহার সহিত লোকের মোট মুদ্রা-সম্পর্কিত আয়ের বৃদ্ধি।

মোটামুটি এই কথার পর দুই রকমের মুদ্রা-স্ফীতি লক্ষ্য করা দরকার। এই দুই প্রকারের মুদ্রা-স্ফীতির বিভিন্ন নামকরণ প্রয়োজন। এক প্রকারকে মজুরি-প্রবর্ত্তিত ও অপরকে ঘাটতি-প্রবর্ত্তিত মুদ্রা-স্ফীতি বলিব। অবশ্য এই নামকরণ খুব ভাল হইল না; কিন্তু অন্য উপায় নাই। এই দুই প্রকারের মুদ্রা-স্ফীতি একসঙ্গে দেখা দিতে পারে। কিন্তু উভয়কে পৃথকভাবে বিচার করা দরকার।

---

* অধ্যাপক এ. সি. পিগু লিখিত ১৯৪১ সনের ডিসেম্বর মাসের ইকনমিক্ জার্নালে প্রকাশিত প্রবন্ধের অনুবাদ।

সংক্ষেপে প্রথমটীর এবং পরে দ্বিতীয়টীর বিশদ আলোচনা করিব।

(২)

মজুরি-প্রবর্ত্তিত মুদ্রা-স্ফীতি এইরূপে দেখা যায়। যখন যুদ্ধের দরুণ দ্রব্যের উৎপাদন কমে বলিয়া দাম বাড়ে তখন কর্ম্মচারীরা বাড়ন্ত সংকুলানের জন্য বেশী মাহিনা দাবী করে। যুদ্ধের দরুণ কোন কারখানা বন্ধ হইয়া যুদ্ধ-সংক্রান্ত অপর কারখানার সৃষ্টি হওয়ায় যে উৎপাদনের হ্রাস হইয়াছে এখানে সেই প্রকার কম উৎপাদন বুঝিলে চলিবে না। যতক্ষণ নূতন মুদ্রা সৃষ্টি না করা হয় ততক্ষণ বেসামরিক লোকদের ভোগ্য দ্রব্যাদির দাম বাড়িবার কথা নয়। কারণ একদিকে যেমন দ্রব্যের উৎপাদন কমিবে অন্য দিকে সেই সম্পর্কে লোকের আয়ও কমিবে এবং ফলে মূল্যের বৃদ্ধি হইবে না। যখন কোন নির্দ্দিষ্ট সম্পত্তি সমবায়ে কম পরিমাণ উৎপন্ন হয় তখনই উৎপাদনের হ্রাস হইয়াছে বুঝিতে হইবে। যুদ্ধের সময়ে নানা বাধা ও ধ্বংসের জন্য এইরূপ উৎপাদনের হ্রাস না হইয়া পারে না। বিশেষতঃ, ইংলণ্ডের মত যেসে যেখানে বিদেশ হইতে জাহাজে আমদানি করা দ্রব্যের বিনিময়ের উপর নির্ভর করিতে হয়। উৎপাদিত দ্রব্য বিদেশে চালান করিয়া আমদানি দ্রব্যের মূল্য দিতে হয়। সমুদ্রপথে আমদানির সময় দ্রব্যের শতকরা দশ অংশ নিমজ্জিত হইলে ইহার অর্থ দাঁড়ায় যে দেশের যে কর্ম্মদক্ষতার প্রয়োগে দ্রব্যাদি রপ্তানি হয় তাহারও শতকরা দশ ভাগ কমিয়া যাওয়া। এক্ষণে যুদ্ধের সময় ধরিয়া লওয়া যাইতে পারে যে, মজুরি বাড়াইয়া বেকারের সংখ্যা বৃদ্ধি করিতে দেওয়া হইবে না। উৎপন্ন দ্রব্যের পরিমাণ হ্রাস পাওয়ায় দ্রব্যের দাম বাড়ে এবং উহার সহিত তাল রাখিতে মজুরি বৃদ্ধি পায় ও নূতন মুদ্রার সৃষ্টি হয়। সুতরাং দ্রব্য-মূল্য ও শ্রম-মূল্য উভয়ই বাড়ে। জিনিষের দাম আরও বাড়িলে আবার মজুরি বাড়ে এবং এইরূপ চলিতে থাকে। এ গতির শেষ নাই—এ যেন এক ছুই গোলক ধাঁধাঁ।

এখানে মনে রাখা দরকার যখন গবর্ণমেণ্ট কর আদায় বা কর্জ্জ গ্রহণ দ্বারা তাহার সমস্ত ব্যয় নির্ব্বাহ করিতেছে তখনও উপরোক্তভাবে দ্রব্য-মূল্য ও মজুরি বাড়িয়া চলিতে পারে। সহজ কথায় বলা যাইতে পারে খাঁটি সঞ্চয় (সেভিংস) দ্বারা রাষ্ট্রের ব্যয় নির্ব্বাহ হইতেছে। এ অবস্থায় গবর্ণমেণ্ট নূতন মুদ্রা সৃষ্টিতে বাধা জন্মাইতে পারে না। যদি লোকজন বেকার না থাকে আর এইভাবে দ্রব্য-মূল্য ও শ্রম-মূল্য বাড়িয়া চলে তাহা হইলে গবর্ণমেণ্ট মুদ্রার সম্প্রসারণ না করিলে বেসরকারী প্রতিষ্ঠানগুলি (ক্রেডিট বাড়াইয়া) নূতন মুদ্রার প্রবর্ত্তন করিবে। এই প্রকারের মুদ্রা-সম্প্রসারণ রোধ করিবার উপায় মজুরির ঊর্দ্ধগতিতে বাধা দেওয়া। গবর্ণমেণ্ট এরূপ অবস্থায় কি করিবে? কেহ কেহ বলেন সমস্যার সমাধান সহজ—আইন করিয়া মজুরি বৃদ্ধি বন্ধ করিলেই হইল। অবশ্য অপর কোন কারণে নূতন মুদ্রার সৃষ্টি না হইলে এই উপায়ে উদ্দেশ্য সফল হইবে। কিন্তু মজুরি বৃদ্ধি বন্ধ করিয়াও যদি গবর্ণমেণ্টের নূতন মুদ্রার সৃষ্টি হইতে থাকে এবং ফলে মোট মুদ্রা-আয় বৃদ্ধি পায় তবে অবস্থা এই দাঁড়ায় যে, যেন গবর্ণমেণ্ট বাঁধা মাহিনা বা মজুরির লোকদের নিকট হইতে জরিমানা করিয়া অপরের লাভের উপায় করিয়া দিতেছেন। রাজনীতির দিক্ হইতে এরূপ কার্য্য করা অসম্ভব। আর যুদ্ধের দরুণ উৎপাদন হ্রাস হইলেও মজুরি কমান সম্ভব নহে। মুদ্রা-আয় কমাইতে গেলে গবর্ণমেণ্টকে অন্য উপায়ে লোকদিগকে (বিশেষতঃ গরীবদিগকে) সাহায্য করিতে হইবে। সস্তায় দ্রব্যাদি সরবরাহ করিতে হইবে বা অপ্রাপ্ত-বয়স্কদের ভরণপোষণের ব্যবস্থা করিতে হইবে। এরূপ কার্য্যে গবর্ণমেণ্টের খরচ বাড়িবে। যদি সকল খরচ খাঁটি সঞ্চয় হইতে মিটান যায় তবে মুদ্রা-স্ফীতি রোধ হইল। কিন্তু যদি নূতন মুদ্রার সৃষ্টি করিয়া এই খরচ মিটাইতে হয় তবে 'মজুরি-প্রবর্ত্তিত মুদ্রা-স্ফীতি' 'ঘাটতি-প্রবর্ত্তিত মুদ্রা-স্ফীতি'তে রূপান্তরিত হইল। ইহার দুইটী সুবিধা আছে। প্রথমতঃ, ঘাটতি-প্রবর্ত্তিত মুদ্রা-স্ফীতি গবর্ণমেণ্ট কর এবং কর্জ্জ গ্রহণ দ্বারা সঙ্কুচিত না করিলেও ইহার বৃদ্ধি মজুরি-প্রবর্ত্তিত মুদ্রা-স্ফীতির মত জরুরি ও দ্রব্য মূল্যের তালে তালে ক্রমেই বাড়িয়া চলে না। দ্বিতীয়তঃ, ঘাটতি-

প্রবর্ত্তিত মুদ্রা-স্ফীতি ঘাটতি নিবারণ করিলেই থামে কিন্তু মজুরি-প্রবর্ত্তিত মুদ্রা-স্ফীতি কোনরূপেই আটকান সম্ভব নয়।

(৩)

এইবার ভাল করিয়া ঘাটতি-প্রবর্ত্তিত মুদ্রাস্ফীতি দেখা যাউক। যুদ্ধের সময় গবর্ণমেণ্টের এরূপ না করিয়া উপায় নাই। গবর্ণমেণ্ট খরচ মিটাইবার জন্য সর্ব্বসাধারণের নিকট হইতে কর আদায় ও ঋণ গ্রহণ করিয়া থাকে। সর্ব্বসাধারণ যথেষ্ট পরিমাণে ভোগ্য কমাইতে বা অন্যান্য ভাবে ধননিয়োগ স্থগিত রাখিতে রাজী নাও হইতে পারে। এরূপ অবস্থায় গবর্ণমেণ্ট ব্যাঙ্কের সাহায্যে নূতন-মুদ্রার সৃষ্টি করিয়া আবশ্যকীয় দ্রব্যাদি অধিকারে আনিবে। ততদিন পর্য্যন্ত কর ও ঋণের আয় দ্বারা গবর্ণমেণ্টের ব্যয় সংকুলান হইবে না, ততদিন তাহাকে নূতন মুদ্রার সৃষ্টি করিয়া চালাইতে হইবে এবং মুদ্রা-আয়ও বাড়িয়াই চলিবে।

ইহারই ফলস্বরূপ নিশ্চিতভাবে মজুরি বাড়িবে। কিছুকাল এই বর্দ্ধিত মজুরিদ্বারা শ্রমিকগণের আত্মরক্ষা হইবে মাত্র, কারণ দ্রব্যমূল্যের সহিত তাল রাখিয়া মজুরি বাড়িবে। এই অবস্থায় তাহাদের সুবিধা অমজুর শ্রেণীর (নন-ওয়েজ-আর্নার্স) লোকেরা পাইবে না। এই অবস্থা নূতন মুদ্রাসৃষ্টির কারণ হইবে না এবং আবশ্যকের অতিরিক্ত মুদ্রার সৃষ্টিও হইবে না। যদি মোট আয় নূতন মুদ্রার সৃষ্টিদ্বারা শতকরা ১০ ভাগে শ্রমিকগণের মজুরিও অপর শ্রেণীর তুলনায় শতকরা ১০ বাড়িবে। ইহার কম হইবে না। এইরূপ ঘটনার গতিতে নূতন মুদ্রা-সৃষ্টি যতই আবশ্যক হইবে না এবং যতই মজুরি বা মুদ্রা-আয় বাড়িয়া চলিবে না। কার্য্য-কারণ সম্বন্ধ এবং বিশেষ প্রকৃতি হিসাবেও এই মজুরি-বৃদ্ধির ধারা মজুরি-প্রবর্ত্তিত মুদ্রাস্ফীতি হইতে পৃথক।

এখন এই প্রকারের মুদ্রাস্ফীতির ধারাকে খুব মোটা ভাবে আঁকা যাউক। ধরা গিয়াছে এ দেশের মুদ্রা বা আর্থিক আয় কিছুদিন পর্য্যন্ত মোট মুদ্রা-তহবিলের (মানি-স্টক্) দ্বিগুণ রহিয়াছে। ধরিয়া লওয়া যাউক যে, মুদ্রা-তহবিল ও মুদ্রা-আয়ের হার বাড়ান হইবে না। সুতরাং ছয় মাসের মুদ্রা-আয় ও মোট মুদ্রা-তহবিল পরিমাণে সমান। ধরা যাউক, মুদ্রা-সংখ্যা বাড়াইয়া গবর্ণমেণ্ট দেশের উৎপাদিত দ্রব্যের একভাগের উপর নিজেদের অধিকার স্থাপন ও কায়েম করিতে চায়। গবর্ণমেণ্ট ছয় মাসের জন্য যে পরিমাণ মুদ্রা-বৃদ্ধি করিবে তাহাতে ঐ ছয় মাসে মুদ্রা-আয় অর্দ্ধেক বাড়িবে এবং পরের ছয় মাসে অপেক্ষাকৃত বেশী পরিমাণ মুদ্রা-বৃদ্ধি করিতে হইবে, না করিলে অপেক্ষাকৃত কমপরিমাণ উৎপাদিত দ্রব্য গবর্ণমেণ্টের হাতে থাকিবে। মুদ্রা-আয় সম্পর্কে এই প্রকার কার্য্যের ধারা পরিষ্কার দেখা যায়। খুব জোর করিয়া ভাবা যাউক যে, মুদ্রার সংখ্যা বাড়াইয়া গবর্ণমেণ্ট দেশের অর্দ্ধেক সম্পত্তি হাতে আনিতে চায়। ইহা করিতে হইলে গবর্ণমেণ্টকে প্রথম ছয় মাসে তৎকালিক মোট-মুদ্রা-তহবিলের সমান পরিমাণ মুদ্রা সৃষ্টি করিতে হইবে। দ্বিতীয় ছয় মাস প্রথম ছয় মাসের মোট মুদ্রা পরিমাণের সম-পরিমাণ মুদ্রা সৃষ্টি করিতে হইবে। এবং এইরূপই চলিতে থাকিবে। এইরূপে মুদ্রা-আয় প্রতি ছয় মাসে দ্বিগুণ হইবে। এবং যুদ্ধের দুই বৎসর পর ষোলগুণ দাঁড়াইবে। ছোট একটী করিবার সঙ্কেত বা ফরমুলাদ্বারা ইহার ফলকে সাধারণ নিয়মে পরিবর্ত্তিত করা চলে।

১	২	৩	৪
নূতন মুদ্রা সৃষ্টিদ্বারা গবর্ণমেণ্ট আয়ের যে অংশ আদায় করিতেছে তাহার হার	পূর্ব্বোক্ত সংখ্যা গুলিকে ২দ্বারা গুণ করার ফল	মোটামুটি ভাবে যুদ্ধের দুই বৎসরে মুদ্রা-আয় যত বাড়িবে	মোটামুটিভাবে যুদ্ধের চারি বৎসরে মুদ্রা-আয় যত বাড়িবে
½	১		
¼	½		
⅛	¼		
১/১৬	⅛		
১/৩২	১/১৬		
১/৬৪	১/৩২		
১/১২৮	১/৬৪		
১/২৫৬	১/১২৮		
১/৫১২	১/২৫৬		
১/১০২৪	১/৫১২		

যদি আমরা মনে করি যে, বর্ত্তমান যুদ্ধকালে গবর্ণমেণ্ট দেশের ½ অংশ দ্রব্য ও সম্পত্তি নিজের এক্তিয়ারে রাখিতে চায় (প্রকৃত ঘটনাও প্রায় তাই) তাহা হইলে উপরিউক্ত দ্বিতীয় স্তম্ভে গবর্ণমেণ্ট ব্যয়-নির্ব্বাহের জন্য যে নূতন মুদ্রার সৃষ্টি করিবে, প্রথম স্তম্ভের (কলামের) মোট ব্যয়-হারের তুলনায় তাহার হার পাওয়া যাইবে। উপরিউক্ত তালিকা যে ভিত্তিতে প্রস্তুত হইয়াছে তাহাদ্বারা ইহাই প্রমাণিত হয় যে, গবর্ণমেণ্ট ক্রমান্বয়ে তাহার যুদ্ধজনিত আবশ্যক দ্রব্য ও সম্পদের এক-তৃতীয়াংশ নূতন সৃষ্ট মুদ্রাদ্বারা ক্রয় করিতে চাহিলে তাহাকে দুই বৎসরে মুদ্রার পরিমাণ আড়াই গুণ এবং চারি বৎসরে ছয় গুণ বাড়াইতে হইবে। যদি কেবলমাত্র এক-ষষ্ঠাংশ দ্রব্যাদিও এইভাবে সংগ্রহ করা হয় তবে মুদ্রার আয় দুই বৎসরে শতকরা ৫০ হিসাবে বৃদ্ধি পাইবে এবং চারি বৎসরে বাড়িবে শতকরা ১৩০। কিন্তু এক-অষ্টমাংশ দ্রব্য সংগ্রহ করিতে হইলে মুদ্রা-আয় বাড়িবে দুই বৎসরে শতকরা ২০ এবং চারি বৎসরে শতকরা ৪০।

যে অবস্থার বিশ্লেষণ করা গেল—তাহা যুদ্ধের সময়ের অবস্থা। এই সময়ে কিছুদিনের জন্য গবর্ণমেণ্টকে দেশের উৎপন্ন দ্রব্যের নির্দ্দিষ্ট এক অংশের উপর বাধা হইয়াই হাত রাখিতে হইবে। কিন্তু প্রকৃতই কি বাস্তবজগতে এইরূপ নিয়ন্ত্রণ সম্ভব? মনে করা যাউক (১) গবর্ণমেণ্ট নূতন মুদ্রার সৃষ্টি না করিয়া যে দ্রব্য-সম্পদ্ হাতে রাখিতে চায় তাহার অনুপাত ঠিক রহিয়াছে এবং (২) গবর্ণমেণ্টের যে পরিমাণ উৎপন্ন দ্রব্যের চাহিদা আছে তাহারও বৃদ্ধি নাই। প্রথমোক্ত অবস্থায় বাস্তব জগতে উৎপন্নের অনুপাত বাড়িয়া চলিবার কথা। কারণ মুদ্রা-আয় বাড়িলে ক্রম-বর্দ্ধমান আয়কর যাহা আয়বৃদ্ধির অনুপাতে বাড়ে তাহাও বাড়িয়া চলিবে এবং সেই অনুপাতে লোকেরা দ্রব্যাদি কিনিবার জন্য যে খরচ করিতে পারিবে (গভর্ণমেণ্টকে দেওয়া কর্জ্জ সহিত) তাহাও হ্রাস পাইবে। বাস্তবজগতে আরও অনেক (আর্থিক) শক্তিদ্বারা উক্ত গতি বাধা পাইবে: (১) যদি বেশী কর দিতে হয় তবে গবর্ণমেণ্টকে কর্জ্জ দিবে কম। (২) যদি আরও মজুরি বাড়ে স্বভাবতই সর্ব্বোচ্চ দামে জিনিষ কিনিতে পিছপা হইবে না। কিন্তু সরকারী সাহায্য দ্বারা দ্রব্যমূল্যের ঊর্দ্ধগতি রোধ করা যায়। তাহাতেও আবার নূতন মুদ্রার সৃষ্টি করিতে হয়। শেষ পর্য্যন্ত নূতন মুদ্রা-সৃষ্টির জন্য মুদ্রা-আয় বাড়িবে এবং যে অংশ কর ও কর্জ্জের জন্য গবর্ণমেণ্টকে দেওয়া হয় তাহাও বাড়িবে। উৎপন্ন দ্রব্যের যে অংশ গবর্ণমেণ্ট হাতে রাখিতে চায় তাহা অপরিবর্ত্তনীয় থাকিলে নূতন সৃষ্ট মুদ্রা দ্বারা তাহা দখলে আনিবার জন্য অপেক্ষাকৃত কম মুদ্রারই প্রয়োজন হইবে। কিন্তু অভিজ্ঞতা হইতে দেখা যায় যে, যুদ্ধ যত চলিতে থাকে ততই গবর্ণমেণ্টের অভাব বাড়ে এবং আরও বেশী পরিমাণ উৎপন্ন দ্রব্য তাহার নিজ এক্তিয়ারে আনিবার প্রয়োজন বাড়িতে থাকে। এই ভাবে গবর্ণমেণ্টের প্রয়োজন-বৃদ্ধির সঙ্গে সঙ্গে মুদ্রা-সৃষ্টির আবশ্যকতা ও অনুপাত বৃদ্ধি পায়। এইসকল পরস্পর বিভিন্ন গতি কি ফল প্রসব করিবে তাহা আমাদের পক্ষে ধরা অসম্ভব। যদি উল্লিখিত অনুপাত কমতির দিকে হয় তবে তালিকার তৃতীয় ও চতুর্থ স্তম্ভের সংখ্যাগুলি প্রাথমিক সংখ্যাগুলির পারস্পরিক অনুপাতে খুব বেশী দাঁড়াইবে, আর যদি বাড়তির দিকে হয় তবে খুব কম দাঁড়াইবে।

কিন্তু কার্য্যরীতির দিক্ হইতে গবর্ণমেণ্টের পক্ষে ঘাটতি-প্রবর্ত্তিত মুদ্রা-প্রসারণ রোধ করা খুব সহজ। সর্ব্বসাধারণের নিকট হইতে কর ও কর্জ্জ আদায় করিলেই হইল। কিন্তু এই কর ও কর্জ্জের অর্থ নূতন মুদ্রা সৃষ্টি করিয়া যোগাইলে চলিবে না। এই উদ্দেশ্যে গবর্ণমেণ্ট খাদ্য-নিয়ন্ত্রণ, সরবরাহের বিশেষ বিধান, লাইসেন্স, নূতন কোম্পানী স্থাপন এবং অন্যান্য উপায়ে যাহাতে কোন বেসরকারী ব্যবসা প্রতিষ্ঠান স্থাপিত না হয় প্রভৃতি আরও অনেক বাধা সৃষ্টি করিতে পারে। কর্জ্জগ্রহণের নানারকম ব্যবস্থা করিয়া গবর্ণমেণ্ট সাধারণের নিকট হইতে নানা উপায়ে ঋণগ্রহণের সুবিধা করিতে পারে। অতিরিক্ত সুদের লোভ দেখাইয়া কর্জ্জগ্রহণ নিষ্পাই হইলেও গবর্ণমেণ্টের পক্ষে করণীয় হইতে পারে। লোকের রাজভক্তি ও দেশ-ভক্তির দোহাই দিতে হইতে পারে। অবশ্য কর্জ্জ আদায়ের বা সংগ্রহের বহু উপায় আছে এবং এই সম্পর্কে মতদ্বৈধেরও অভাব নাই। সবলেরই উদ্দেশ্য এক অর্থ-সংগ্রহ। মোটামুটি কর্ম্মপদ্ধতি একইরূপ হইয়া থাকে।

(ক্রমশঃ)

৯নং পঞ্চানন ঘোষ লেনস্থ কলিকাতা ওরিয়েণ্টাল প্রেস লিঃ হইতে শ্রীযোগেন্দ্রচন্দ্র সরখেল কর্ত্তৃক প্রকাশিত ও মুদ্রিত।

মাসিক উন্নতি

কৃষি শিল্প বাণিজ্য ও ধর্মবিজ্ঞান বিষয়ক পত্রিকা

CALCUTTA CENTRAL LIBRARY UNIVERSITY

১৮শ বর্ষ | ভাদ্র, ১৩৫০ | ৫ম সংখ্যা

বঙ্গেশ্বরী কটন মিল্‌স্ লিমিটেড
ম্যানেজিং ডিরেক্টর ডক্টর শ্রীযুক্ত নরেন্দ্রনাথ লাহা

বার্ষিক মূল্য ৩৲ টাকা (ডাক মাশুল ।৵০ আনা স্বতন্ত্র) প্রতি সংখ্যা ।০ আনা

সম্পাদক শ্রী বিনয়কুমার সরকার

ARTHIK UNNATI

(Economic Progress)

Established April 1926

A monthly journal, in **Bengali**, on economics (theoretical and applied), the applications of industrial research and scientific inventions for social welfare and material progress.

The object of the journal is to function as an organ of banking, foreign trade, money market, insurance, industrialization, agricultural enterprises, railway and shipping economics, public finance, economic legislation, national health, technical education, rural reorganization, municipal administration and other civic interests.

Edited by Prof. Dr. Benoy Kumar Sarkar, *Vidya-vaibhava*

Section 1. deals with the *wealth of Bengal*, profession by profession. The data are furnished by the reports of correspondents specially employed for the purpose. The standard of life prevailing among cultivators, artisans, fishermen, boatmen, leather-workers, weavers, shopkeepers, merchants, land-owners, exporters, importers, industrial workers, sailors, clerks, directors and founders of modern industries, banks and other business establishments—all classes of the Bengali population,—is the main theme of these statistical and objective investigations.

Section 2. deals with agricultural, manufacturing and *commercial India* (excluding Bengal, but including the Indian states).

Section 3. deals with the *economic developments of the world*. It seeks to interpret the movement in foreign finance, industries and commerce to the Indian businessmen and economists. India's opportunities for co-operation with foreigners in all spheres of international trade and investment constitute likewise a special subject of study. The facts of world-economy involving, as they do, the intimate interdependence of India and the other countries in regard to economic functions and material welfare are placed before the readers in the form of a regular news-service.

Section 4. deals with the movements and pronouncements of the world's prominent bankers, captains of industry, engineers, chemists, experts in technical, commercial and agricultural education, statisticians, economists, finance-ministers and so forth. The *programmes of learned societies*, businessmen's associations, and bankers' institutes etc. fall within this section.

Section 5. is given over to *interviews* with specialists on problems of applied economics and economic thought.

In all these sections *Arthik Unnati*, although a monthly, intends to acquire the dynamic character of a weekly or even a daily newspaper.

Special Features:

1. A tabular statement of the contents (with occasional synopsis) of the economic, financial, export-import, statistical and allied journals in the Indian and foreign languages including *French*, *German*, *Italian*, and whenever possible, *Russian*, *Japanese* and *Turkish*.
2. Review of books.
3. A serial announcement of Indian and foreign books on economics, banking, commerce, technical education and all other branches of material and social welfare.

N.B. About *fifty per cent* of the monthly devotes itself to **essays and discussions of permanent value** bearing on the methods and problems of the economic sciences. **Bengali translation** or summaries of the views and theories of foreign economists of the present or preceding generations form a marked characteristic of this journal.

Annual subscription Rs. 3/- (excluding postage).

Office: 9, Panchanan Ghose Lane (off Amherst Street), Calcutta

Director

DR. NARENDRA NATH LAW

Managing Director, Dangeswari Cotton Mills, Ltd., Calcutta

Section 1 Wealth of Bengal: Distress in Noakhali. Opportunity of the Cultivators. Cheap method of washing clothes. (pp. 95-97).

Section 2. Economic India : Population of India. Rate of increase in 50 years. Indian and World Rates Compared. Number of Towns. Number of Literate Persons. Birth and Death Rates. Control of Price of Cloth. (pp. 98-100).

Section 3. World Economy: International Death-rate. Infant Mortality. The Aunt's Home of the Indians. (pp. 100-102).

Section 4. Men, Institutions and Movements: Everyone takes Bribe. Dr. Shyama Prasad's Lecture at the Food Conference. Einstein, the Great Scientist. Madam Chiang-Ki-Shek. Effort at Solving the Cloth Problem. (pp. 103-105).

Section 5. Interview: Brahmabandhab and the Dawn Society. (pp. 106-108)..

Section 6. World of Journals: *Wheat Studies.* An Article (Nov. Issue, 1941). Summarised. (pp. 109-110).

Section 7. Reviews: National Nutrition. Full Employment. (pp. 111-112).

Section 8. Bibliography: 14 books announced. p. 113.

Articles:

(1) Types of War Inflation.
By Anathbandhu Dutt, M.A., F.R.S., A.I.B. (London) (p. 114-115).

Economic Development in Modern Europe.
By Shib Chandra Dutt, M.A., B.L. (pp. 116-118).

Works by and about BENOY SARKAR

B. K. SARKAR:

1. **Villages and Towns as Social Patterns.** Pages 704. Eight Charts. Rs. 15. (Royal).
2. **Economic Development.** Vol. I. Pages 464. Rs. 8. Vol. II. Pages 320, Nine Charts. Rs. 6. (Demy).
3. **The Political Philosophies since 1905.** Vol. I. Pages 404. Rs. 4. (Crown). Vol. II. Part 1. Pages 356, Rs. 5. Part II. Pages 570. Rs. 12. Part III. Pages 368. Rs. 8. (Demy).
4. **The Sociology of Races, Cultures and Human Progress.** Pages 410. Rs. 7. (Royal).
5. **Introduction to Hindu Positivism.** Pages 770. Rs. 16. (Royal).
6. **Creative India.** Pages 725. Rs. 15. (Demy).
7. **The Politics of Boundaries.** Pages 340. Rs. 2-8-0. (Crown).
8. **Social Insurance Legislation and Statistics.** Pages 470. Nine Charts. Rs. 6. (Demy).
9. **Imperial Preference vis-a-vis World-Economy.** Pages 172. Fifteen Charts. Rs. 5. (Royal).
10. **Indian Currency and Reserve Bank Problems.** Pages 94. Fourteen Charts. Rs. 3. (Royal).

S. C. DUTT: Conflicting Tendencies in Indian Economic Thought. (Sarkarism in Economics). Pages 234. Rs. 5. (Royal).

N. N. CHAUDHURY: Pragmatism and Pioneering in Benoy Sarkar's Sociology and Economics. Pages 152. Rs. 3. (Royal).

S. K. GHOSHAL: Sarkarism (The Ideas and Ideals of Benoy Sarkar on Man and His Conquests). Pages 60. Re. 1. (Royal)

B. DAS (and fourteen collaborators). **The Social and Economic Ideas of Benoy Sarkar.** Pages 690. Rs. 12. (Royal)

CHUCKERVERTTY CHATTERJEE & CO., LTD. 15 College Square, Calcutta.

জীবনযাত্রার পাথেয়

জীবনযাত্রার অনিশ্চিত পথে
জীবন বীমা মানুষের
প্রধান পাথেয়।

আমাদের গৃহ-সংসার কত আশা-উৎসাহ, কত শান্তি ও সুখের স্বপ্ন নিয়ে তৈরী! বাপ মায়ের সে স্বপ্ন বুঝি আজ রূঢ় বাস্তবের আঘাতে ভেঙ্গে যায়। তাই নিজের জন্যও যেমন তাদের দুশ্চিন্তা, ছেলেমেয়ে ও আত্মীয় পরিজনের জন্যও তেমনি তাদের উদ্বেগ ও আশঙ্কা—কি উপায়ে তাদের জীবনযাত্রা নির্ব্বাহের উপযোগী সংস্থান করে রাখা যায়। বর্ত্তমান দুর্দ্দিনে ও ভবিষ্যতের আর্থিক সঙ্কটে তারা কোন্ পাথেয় নিয়ে দাঁড়াবে?—হিন্দুস্থানের বীমাপত্র সেই মূল্যবান পাথেয়—দুর্দ্দিনের সর্ব্বোত্তম আশ্রয়। উপার্জ্জনশীল ব্যক্তিমাত্রেরই অবিলম্বে এই পাথেয় সংগ্রহ করা উচিত।

হিন্দুস্থান কো-অপারেটিভ

ইন্‌সিওরেন্স সোসাইটি, লিমিটেড

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস্, কলিকাতা।

NEW ECONOMIC AND SOCIOLOGICAL WORKS

1. Labour Legislation in British India (Pankaj Mukherjee) Rs. 3/-
2. Conflicting Tendencies in Indian Economic Thought (Shib Dutt) Rs. 5/-
3. La Politica Finanziaria Britannica in India (Dr. Moni Moulik) Rs. 5/-
4. The Economics and Law of Central Banking (Prof. Sachin Dutt). Ans. -/8/-
5. The Messages of Dante (Prof. Subodh Ghoshal). Ans. -/4/-
6. The Social and Economic Ideas of Benoy Sarkar, Edited by Prof. Bineswar Dass with the collaboration of Fourteen Scholars and with a Foreword by Dr. Narendra Nath Law. Rs. 12/-

Economic Dialectics (Nagen Chaudhury). Rs. 2/.
Italian Economy and Culture (Dr. Moni Moulik). Rs. 3/-
Principles of Civics, Part I. (Prof. Sachin Dutt). Re. 1-4-0
Herder's Doctrine of National Soul (Ghoshal) Ans. -/4/-

CHUCKERVERTTY CHATTERJEE & Co. Ltd.
15, College Square, Calcutta.

সূচী

বাংলার সম্পদ্ ঃ—নোয়াখালির শোচনীয় অবস্থা। চাষীর দুর্যোগ। কাপড় কাচিবার সহজ উপায়। (১১-১৭)

আর্থিক ভারত ঃ—ভারতের লোক-সংখ্যা। পঞ্চাশ বৎসরে বাড়তির পরিমাণ। বাড়তির হারে ভারত ও দুনিয়া। শহরের সংখ্যা। শিক্ষিতের সংখ্যা। জন্ম-মৃত্যুর হার। বস্তুমূল্য-নিয়ন্ত্রণ। (১৮-১০০)

দুনিয়ার ধনদৌলত ঃ—আন্তর্জাতিক মৃত্যু-হার। আন্তর্জাতিক শিশু-মৃত্যুহার। আন্তর্জাতিক জন্ম-হার। ভারতবাসীর মাসীবাড়ী। (১০০-১০২)

ব্যক্তি- ও সঙ্ঘ ঃ—সকলেই ঘুষ লয়। খাদ্য সম্মেলনে বক্তৃতা। বৈজ্ঞানিক আইনষ্টাইন। মাদাম চিয়াং কাইশেক। বস্ত্র-সমস্যার সমাধান-প্রচেষ্টা। (১০৩-১০৫)

মোলাকাৎ ঃ—ব্রহ্মবান্ধব ও ডন-সোসাইটি [অধ্যাপক শ্রীবিনয়কুমার সরকারের সহিত শ্রীহরিদাস মুখোপাধ্যায়ের কথোপকথন]। ১০৬

পত্রিকা-জগৎ

সমালোচনা

গ্রন্থপঞ্জী

প্রবন্ধ ঃ

(১) যুদ্ধকালের রকমারি মুদ্রা-স্ফীতি
শ্রীজনাথবন্ধু দত্ত, এম এ, এফ আর এস,
এ আই বি (লণ্ডন)

আধুনিক ইয়োরোপের আর্থিক উন্নতি
শ্রীশিবচন্দ্র দত্ত, এম এ, বি এল ১১৯

বিনয় সরকারের বৈঠকে

(বিংশ শতাব্দীর বঙ্গ-সংস্কৃতি)

শ্রীহরিদাস মুখোপাধ্যায়

রামকৃষ্ণ-সাম্রাজ্য, বঙ্গ-বিপ্লব, স্বদেশী আন্দোলন, ডন সোসাইটির সতীশ মুখোপাধ্যায়, অরবিন্দ-দর্শন, শিল্প-বাণিজ্যে বাঙালীর প্রগতি, মজুর-আন্দোলন, মেয়েদের পুরুষ-সাম্য, "অবনীন্দ্র-মণ্ডল", লাঠি-সেনাপতি পুলিন দাস, ব্রাহ্ম সমাজ, নজরুল ও অন্নদাশঙ্কর, বাংলার বৈজ্ঞানিক, ঐতিহাসিক ও দার্শনিক গবেষকগণ, রাবীন্দ্রিক ভগবান, গল্প-রচনায় বাঙালী মেয়েরা, হিন্দু-মুসলমানের ধর্ম-মিলন, গুরুসদয়ের নাচানাচি, সুরেন্দ্রনাথ হ'তে শ্যামাপ্রসাদে, ১২৮০ সনের বাঙালী ইত্যাদি বিষয়ে বিংশ শতাব্দীর বঙ্গ-সংস্কৃতি সম্বন্ধে অধ্যাপক বিনয়কুমার সরকারের সঙ্গে কথোপকথন। প্রশ্নোত্তরের আকারে লিখিত। ৪১০ পৃষ্ঠা মূল্য ৩৲

বঙ্গীয় ধনবিজ্ঞান পরিষদ্ ও বঙ্গীয় সমাজ-বিজ্ঞান পরিষদের সুধীবর্গের লিখিত কয়েকখানি গ্রন্থ

১। একালের ধনদৌলত ও অর্থশাস্ত্র (বিনয় সরকার) :—প্রথম ভাগ ২।০, দ্বিতীয় ভাগ ৪৲। ২। ধনদৌলতের রূপান্তর (বিনয় সরকার) ১।০। ৩। পরিবার, গোষ্ঠী ও রাষ্ট্র (বিনয় সরকার) ২।০। ৪। স্বদেশী আন্দোলন ও সংরক্ষণনীতি (বিনয় সরকার) ২৲। ৫। নয়া বাঙলার গোড়াপত্তন (বিনয় সরকার) :—প্রথম ভাগ ২।০, দ্বিতীয় ভাগ ২৲। ৬। বাড়্তির পথে বাঙালী (বিনয় সরকার) ৩।০। ৭। দেশ-বিদেশের ব্যাঙ্ক (ডক্টর নরেন্দ্রনাথ লাহা ও জিতেন সেনগুপ্ত) ১৸০। ৮। টাকাকড়ি (রবি ঘোষ) ১।০। ৯। টাকার কথা (নরেন রায়) ১৲। ১০। ধনবিজ্ঞানে সাকুল্যেডি (শিব দত্ত) ২৲। ১১। বাংলার ধনবিজ্ঞান (বিনয় সরকার ও অন্যান্য লেখকগণ) প্রথম ভাগ ৪।০, দ্বিতীয় ভাগ ৩৲। ১২। সমাজ-বিজ্ঞান (বিনয় সরকার ও অন্যান্য লেখকগণ) ৩৲। ১৩। মার্কিণ সমাজ ও সমস্যা (নগেন চৌধুরী) ২৲। ১৪। ফরাসী মনীষীদের প্রগতি-দর্শন (প্রফুল্ল বিশ্বাস) ৪০।

চক্রবর্ত্তী চ্যাটার্জ্জি অ্যাণ্ড কোম্পানী লিমিটেড

১৫, কলেজ স্কোয়ার, কলিকাতা

ভাদ্র—১৩৫০

আর্থিক উন্নতি

১৮শ বর্ষ—৫ম সংখ্যা

অহমস্মি সহমান উত্তরো নাম ভূম্যাম্।
অভীষাড়স্মি বিশ্বাষাড়াশামাশাং বিষাসহি॥

অথর্ববেদ ১২।১।৪৪

পরাক্রমের মূর্ত্তি আমি,—'শ্রেষ্ঠতম' নামে আমায় জানে সবে ধরাতে;
জেতা আমি বিশ্বজয়ী,—জয় আমার দিকে দিকে বিজয়-কেতন উড়াতে।



নোয়াখালীর শোচনীয় অবস্থা

এই ভাগ্যবিড়ম্বিত নোয়াখালী জেলাবাসীদের শোচনীয় অবস্থা দিনদিনই শোচনীয়তর হইয়া পড়িতেছে। বর্ত্তমানে অবস্থা চরমে উঠিয়াছে। নিদারুণ খাদ্যাভাব, ব্যাপক কলেরা, বসন্ত, গোমড়ক, শস্যহানি প্রভৃতি সব-কিছুই যেন এ জেলাবাসীদিগকে এক-যোগে গ্রাস করিতে উদ্যত হইয়াছে। কলেরা, বসন্ত, গোমড়ক যেরূপ ব্যাপক আকার ধারণ করিতেছে তাহা বস্তুতই আশঙ্কাজনক। প্রতিদিন এইসকল রোগে বহু লোকের মৃত্যু-সংবাদ পাওয়া যাইতেছে। নানারূপ অখাদ্য কুখাদ্য খাওয়ার ফলেই যে এরূপ হইতেছে তাহা আর না বলিলেও চলে। খাদ্যাভাবে এ জেলাবাসীদের যেরূপ শোচনীয় দুর্দ্দশা হইতেছে তাহা দেখিলে পাষাণও বিগলিত হইয়া যায়। রাস্তায় ও হাটে মাঠে বহু লোককে অনাহারে মৃতপ্রায় পড়িয়া থাকিতে দেখা যাইতেছে। পর্দ্দানসীন মুসলমান মেয়েরা যখন সদর রাস্তা দিয়া তাহাদের কঙ্কালসার শিশু সন্তানগুলিকে লইয়া দা' হাতে করিয়া টৌ রিলিফের কাজ করিতে যায় সে দৃশ্য বস্তুতই হৃদয়-বিদারক। ৩।৪ দিনেও অনেকের এক বেলা আহার্য্য জুটিতেছে না। কাজেই খাদ্যাভাবে অবস্থা কিরূপ হইতেছে তাহা সহজেই অনুমেয়।

এদিকে আষাঢ় মাসে নূতন খন্দের সময় উপস্থিত হইয়াছে। এ সময়ে ব্যাপক গোমড়ক চাষীদের পক্ষে বজ্রাঘাত তুল্য হইতেছে। হালের জন্য নূতন গরু ও বীজ ধান্যাদি ক্রয় করিয়া চাষের কার্য্য নির্ব্বাহ করা কৃষকদের পক্ষে এখন সম্পূর্ণ অসম্ভব হইয়া পড়িয়াছে। গভর্ণমেণ্ট কৃষি বিভাগ কৃষকগণের মধ্যে এযাবৎ যে বীজ ধান্য বিতরণ করিয়াছেন এজেলার প্রয়োজনের তুলনায় তাহা সমুদ্রে জলবিন্দুবৎ। সকলেই জানেন যে, গত কয়েক বৎসর ধরিয়া

উপর্য্যোপরি ভীষণ ঝঞ্ঝাবাত্যা, বন্যা, প্লাবন ও শস্যহানির ফলে এজেলার কৃষকগণ অমনিই গৃহসম্বল হারা হইয়া পড়িয়াছে। বর্ত্তমান সঙ্কটে ইহাদের কীণ অস্তিত্বটুকুও বুঝি আর বাকী থাকে না। কাজেই অবিলম্বে ইহাদের জন্য আরও প্রচুর পরিমাণে ও ব্যাপকভাবে বীজ ধান্য ও খোরাকীর ধান্য বিতরণ ও জরুরী অর্থ সাহায্য বা কৃষি-ঋণের ব্যবস্থা না হইলে ইহাদের আর রক্ষা নাই। জেলা ম্যাজিষ্ট্রেট ও সদর এস-ডি-ও প্রমুখ জেলা কর্ত্তৃপক্ষগণ এই বিপন্ন জেলাবাসীদের সাহায্যার্থ নানারূপ চেষ্টা করিতেছেন বটে, কিন্তু জেলার এই চরম বিপদের সময় আরও জরুরী ও ব্যাপক সাহায্য আবশ্যক।

সম্প্রতি দৈনিক আজাদ পত্রিকায় প্রকাশ, ফেণী এম এল সি মৌঃ হামিদুল হক চৌধুরী ও সন্দ্বীপের এম এল এ মৌঃ সৈয়দ আবদুল মজিদ বি এল প্রমুখ মহোদয়-গণের সমবায়ে গঠিত এক ডেপুটেশান মাননীয় মিঃ এইচ এস ছোহরাবর্দ্দী, মাননীয় মিঃ তারকনাথ মুখার্জ্জি ও মাননীয় খান-বাহাদুর সৈয়দ মোয়াজ্জেমদ্দিন হোসেন প্রমুখ মন্ত্রি-বর্গের সহিত সাক্ষাৎ করিয়া বর্ত্তমান অবস্থায় নোয়াখালীর বিভিন্ন অঞ্চলের বিশেষ করিয়া ফেণী ও সন্দ্বীপের দুরবস্থার কথা ব্যক্ত করেন এবং এই সমস্ত অঞ্চলের জন্য খয়রাতী দান টেষ্ট রিলিফ, কৃষি ঋণ ও বীজের মূল্য স্বরূপ আরও অর্থ মঞ্জুরের জন্য প্রার্থনা করেন এবং মাননীয় মন্ত্রিবর্গও যথাসম্ভব শীঘ্র তাহাদিগকে প্রয়োজনীয় অর্থ মঞ্জুর করিবার আশ্বাস প্রদান করেন। এই নদীভাঙ্গা—ঝটিকা-বিধ্বস্ত নোয়াখালী মিউনিসিপ্যাল এলেকার ও সদরবাসীদের এই শোচনীয় দুর্দ্দশার কথা তাহারা মাননীয় মন্ত্রিবর্গকে কতদূর জানাইয়াছেন তাহা জানা যায় নাই। যাহা হউক বঙ্গীয় গভর্ণমেণ্টের বর্ত্তমান মাননীয় মন্ত্রিমণ্ডলী বর্ত্তমান সঙ্কট সময়ে বিপন্ন দেশবাসীদের দুর্দ্দশা মোচনের জন্য আপ্রাণ চেষ্টা করিতেছেন সন্দেহ নাই। তাঁহাদের নানারূপ কর্ম্ম-প্রচেষ্টার ফলে কলিকাতা প্রভৃতি কোনও কোনও স্থানে অবস্থার যথেষ্ট উন্নতি হইয়াছে। কাজেই আমরা আশা করি এই চরম বিপদের সময়ে দক্ষিণ-পূর্ব্ব বাংলার এই নদী-ভাঙ্গা ভাগ্যহত জেলাটি তাহাদের অনুকম্পা হইতে বঞ্চিত হইবে না। বর্ত্তমানে বাংলার অন্যান্য জেলার তুলনায় এ জেলার অবস্থাই যে সর্ব্বাপেক্ষা অধিক শোচনীয় এ কথা বিশেষ জোরের সহিতই বলা যায়। কাজেই আমরা এতদ্‌প্রতি সদাশয় বঙ্গীয় গভর্ণমেণ্ট তথা মাননীয় মন্ত্রিবর্গের আশু দৃষ্টি আকর্ষণ করিতেছি।

(নোয়াখালী হিতৈষী)

চাষীর সুযোগ

যুদ্ধের বাজারে সকল জিনিষপত্রের মূল্যই চড়া। আজ যদি সকল জিনিষপত্রই কিনিয়া খাইতে হয়, তবে দুনিয়ার সকলের পূর্ব্বে আমাদের চাষীদেরই মৃত্যু নিশ্চিত। এই অনাগত দুর্গতির প্রথম সূচনার মুহূর্ত্তে যদি বাংলার চাষী সমাজ সাহসে বুক বাঁধিয়া ক্ষেতের কাজে নামিতে পারে, তবে এইবার শুধুই বাঁচিয়া থাকিতে নয়, দুনিয়ার মানুষ হিসাবে বাঁচিয়া থাকিতে পারিবে। এই সময়টা চাষী জীবনের পক্ষে একদিকে যেমন একটা কঠোর পরীক্ষা, অন্য দিকে তেমনই উন্নতিরও মহাসুযোগ।

আজকালকার যুদ্ধের বাজারে সকল জিনিষের দামই আশাতীতরূপ চড়া। এইবার যদি বাংলার চাষী নিজেদের ক্ষেতে খাটিয়া পেটের ভাত জোগাইতে পারে, দেশবাসী পরমুখাপেক্ষী ব্যক্তিবর্গের মুখে মুষ্টি অন্ন তুলিয়া দিতে পারে, তবে রাতারাতি অবস্থার পরিবর্ত্তন হইতে পারে। চাষীদের ঘরে যে জিনিষ উৎপন্ন হয় তাহার মূল্য এতদিন প্রায় কিছুই ছিল না। কিন্তু এইবার তাহার মূল্য আশাতীতরূপে বৃদ্ধি পাইয়াছে।

যেমন ধরা যাউক, চাউলের মূল্য মণপ্রতি ২০৲—৩৫৲ টাকা। একটা ছাগ-খাসীর মূল্য ৪৲—১০৲ টাকার স্থলে ২০৲—৩০৲ টাকা, গোল আলুর মূল্য মণকরা ২৲—৩৲ টাকার স্থলে ১৫৲ টাকা, একটী কচি ষাঁড়ের মূল্য ১৫৲ টাকার স্থলে ২৫৲—৪৫৲ টাকা, দুইটী হাঁসের ডিম এক পয়সার স্থলে একটী ডিমের মূল্য দুই হইতে চারি পয়সা, ইত্যাদি কত লিখিব? প্রায় সকল জিনিষেরই এইবার পূর্ব্ব হইতে দুই তিন গুণ হিসাবে বেশী মূল্য। যতদিন যুদ্ধ থাকিবে ততদিন এই লাভের পথ রুদ্ধ হইবে না। আমরা

ক্ষেতের কাজে খাটিলে বর্ত্তমান ধ্বংসকর যুদ্ধ প্রকারান্তরে বিধাতার শুভাশীর্ব্বাদরূপেই কার্য্যকরী হইবে সন্দেহ নাই। মানব-মনের ঘুমন্ত উত্তম যুদ্ধের প্রতিঘাতেই জাগিয়া উঠে। এইবার সেইদিন আসিয়াছে।

একমাত্র লবণ ব্যতীত আর যাহা কিছু দরকারী, চাষীরা তাহা সমস্তই উৎপন্ন করিয়া লইতে পারে। আজ কেবলমাত্র সর্ব্বতোভাবে চেষ্টার প্রয়োজন। চাষী প্রকৃত চাষী হইলে সে কাহারও মুখাপেক্ষী নয়, বরং সমগ্র দুনিয়া তাহার মুখাপেক্ষী।

যে লাঙ্গল চাষী সমাজের একমাত্র সহায় ও সম্বল তাহাকে এইবার খুব শক্ত করিয়া ধরিতে হইবে, নইলে মঙ্গল নাই। সমগ্র বৃটিশ সাম্রাজ্যের সুখ-সমৃদ্ধি ও যুদ্ধজয়ের আশা নির্ভর করে অনেকাংশে এই লাঙ্গলের উপর।

কাপড় কাচিবার সহজ উপায়

যুদ্ধের বাজারে সাবান ও সোডা দুর্ম্মূল্য হইয়াছে। কিন্তু সাবান ও সোডার অভাবে প্রায় বিনা খরচেই কাপড় কাচা যাইতে পারে।

উপায়টী এই—কাঠ, খড়, পাতা বা কোন উদ্ভিজ্জের সাদা ছাই উপযুক্ত পরিমাণে জলে গুলিয়া কিছুক্ষণ রাখিয়া দিতে হইবে। জলের উপর যে কালো ছাই বা কয়লা জমিবে সেগুলি ছাঁকিয়া বাদ দিয়া পরিষ্কার জলটুকু লইতে হইবে। এই জলে সিদ্ধ করিয়া কাপড় কাচিলে তাহা সোডার জলে কাচা কাপড়ের মতই সাফ হইবে। ছাই এবং জলের পরিমাণ এমন হওয়া উচিত যেন ছাইয়ের ক্ষারাংশ জলে দ্রবীভূত হইয়া উহাকে বেশ পিচ্ছিল করিয়া ফেলে। কালো ছাই এবং নীচের অ-দ্রবীভূত সাদা ছাই সযত্নে বাদ দিয়া পরিষ্কার জলই লইতে হইবে। এই প্রণালী সুপরীক্ষিত। কলা-পাতার ছাই, তেঁতুল কাঠ বা অন্যান্য কয়েকপ্রকার কাঠের ছাইয়ে অধিক ক্ষারাংশ থাকায় কাপড় বেশী সাফ হয়। সমস্ত গাছের ছাইতেই সাধারণভাবে সাফ হইয়া থাকে। গরীব দেশে অধিকাংশ লোক পয়সার অভাবে কাপড় সাফ করিতে পারে না। এই উপায় অবলম্বন করিলে সকলেরই কাপড় সাফ করা সহজসাধ্য হইবে।

(কাশীপুর নিবাসী)

ভারতের লোক-সংখ্যা

১৯৪১ সনের আদমসুমারির বৃত্তান্ত কিছু-কিছু বাহির হইতেছে। সম্প্রতি ভারত-খণ্ডের প্রথম অংশ হাতে পড়িয়াছে। দেখা যাইতেছে যে, লোক-সংখ্যা ছিল ৩৮ কোটি ৯০ লাখ। ১৯৩১ সনে ছিল ৩৩ কোটি ৮০ লাখ। অতএব লোক-সংখ্যা বাড়িয়াছে ৪ কোটি ১০ লাখ।

পাঁচ কোটি দশ লাখ লোক ইয়োরোপের খুব কম দেশেই আছে। ফ্রান্সের লোক-সংখ্যা ৪ কোটি ২০ লাখ। ইতালির ৪ কোটি ৩০ লাখ। আর বিলাতের ৪ কোটি ৭০ লাখ। বস্তুতঃ, জার্মাণি আর রুশিয়া ছাড়া ইয়োরোপের কোনো দেশেই পাঁচ কোটির বেশী বা কাছাকাছি লোক-সংখ্যা দেখা যায় না। জার্মাণির লোক-সংখ্যা ৬ কোটি ৮০ লাখ। আর রুশিয়ার ১৭ কোটি।

পঞ্চাশ বৎসরে বাড়তির পরিমাণ

দশ বছরে (১৯৩১-৪১) ভারতীয় লোক-সংখ্যার বাড়তি বিপুল সন্দেহ নাই। কিন্তু পঞ্চাশ বৎসরের মেয়াদ ধরিলে বাড়তিটা অত-বেশী মনে হইবে না। কেননা ১৮৯১ সনে লোক-সংখ্যা ছিল ২৭ কোটি ৯০ লাখ। কাজেই ১৯৪১ পর্য্যন্ত পঞ্চাশ বৎসরে বাড়তির পরিমাণ দাঁড়ায় ১১ কোটি মাত্র। বুঝিতে হইবে যে পঞ্চাশ বৎসরের ভিতর কি বৎসর উঁচু হারে লোক-সংখ্যা বাড়ে নাই। অধিকন্তু এই বাড়তির হারে উনিশ-বিশ ছিল। কোনো বার বাড়তির হার ছিল বেশী, কোনো বার ছিল কম।

প্রতি হাজার নরনারীর হিসাবে কি বৎসর বাড়তির হার কিরূপ ছিল নিম্নে দেখানো যাইতেছে :—

দশক	বাড়তির হার	দশক	বাড়তির হার
১৮৯১-১৯০১	১·৪	১৯২১-১৯৩১	১০·৬
১৯০১-১৯১১	৬·৪	১৯৩১-১৯৪১	১৫·০
১৯১১-১৮২১	১·২		

বাড়তির হারে ভারত ও দুনিয়া

দেখা যাইতেছে যে, পঞ্চাশ বৎসরে বাড়তির হার শতকরা ৪০ মাত্র। অর্থাৎ ১৮৯১ সনে লোক-সংখ্যা ১০০ হইলে ১৯৪১ সনে লোকসংখ্যা ছিল মাত্র ১৪০। দুনিয়ার অনেক দেশেরই বাড়তির হার এই সময়ের ভিতর শতকরা ৪০ এর বেশী।

লড়াইয়ের দরুণ পৃথিবীর অনেক দেশেই ১৯৪০ সনের আদমসুমারি বাহির হয় নাই। ১৯৩০ সনের পূর্ব্ববর্ত্তী পঞ্চাশ বৎসরের হিসাব পাওয়া যায়। ১৮৮০ সনে লোক-সংখ্যা ১০০ হইলে নিম্নলিখিত দেশসমূহে ১৯৩০ সনে লোক-সংখ্যা কিরূপ ছিল দেখাইতেছি :—

মার্কিণ যুক্তরাষ্ট্র	২৮৬
জাপান	১৭৪
বিলাত	১৪৪
ইতালি	১৪৭
সুইট্‌সার্লাণ্ড	১৪৪
জার্মাণি	১৪২
ভারত	১৩৯
স্পেইন	১৩৭
ফ্রান্স	১১১

বুঝিতেছি যে, খানিকটা লম্বা মেয়াদের হিসিবি লইলে ভারতীয় লোক-বৃদ্ধি জার্মাণি, সুইট্‌সার্লাণ্ড, ইতালি, বিলাত, জাপান ও মার্কিণ মুলুকের বৃদ্ধির হারের চেয়ে আস্তে-আস্তে ও দুর্ব্বলভাবে চলে।

আর একটা দৃষ্টান্ত দিতেছি। রাণী এলিজাবেথের সময় বিলাতের লোক-সংখ্যা যত ছিল বর্তমানে লোক সংখ্যা তাহার ৮ গুণেরও বেশী। এলিজাবেথের সমসাময়িক ভারতীয় বাদশা আকবর। সেই বাদশার আমলে ভারতের লোক-সংখ্যা যত ছিল বর্তমানে লোক-সংখ্যা তাহার ৪ গুণ মাত্র।

সকল দিক্ হইতেই মালুম হইতেছে যে, ভারতের লোক-সংখ্যা অতি-দ্রুতরূপে বাড়িয়া চলে নাই। গতি খুবই ধীর ও মন্থর।

শহরের সংখ্যা

ভারতীয় সেন্সাস অফিসের বিচারে ৫০০০ লোক যে জনপদে বাস করে তাহার নাম শহর। পাঁচ হাজারের কম যেখানে বাস করে তাহার নাম পল্লী। কিন্তু দুনিয়ার অন্যান্য দেশের সরকারী দপ্তরের বিচার আলাদা। ২০০০ নরনারীর জনপদকে শহর সম্বিধা রাখা তাহাদের দস্তুর।

এই আন্তর্জাতিক শহর-বিজ্ঞানের মাপকাঠিতে ১৯৩১ সনে ভারতে ছিল ২৬,৩৭৪ শহর। এই সকল শহরের লোক-সংখ্যা ১১ কোটি ৫৭ লাখ।

পল্লীসংখ্যা ছিল ৬৩২,২২১। পল্লীবাসীর সংখ্যা ২৬ কোটি ৫ লাখ। অর্থাৎ ভারতীয় নরনারীর শতকরা ৩০ জন মাত্র শহরে লোক, অবশিষ্ট ৭০ জন পাড়াগেঁয়ে। এই শতকরা সংখ্যা ১৯২১ ও ১৯৩১ সনে কিরূপ ছিল দেখাইতেছি।

জনপদ	১৯২১	১৯৩১	১৯৪১
শহর	২৬	২৮	৩০
পল্লী	৭৪	৭২	৭০
	১০০	১০০	১০০

পল্লীবাসীর অনুপাত নেহাৎ অল্পে অল্পে কমিতেছে। শহরেদের অনুপাত শতকরা ২৬ হইতে ৩০ পর্য্যন্ত উঠিয়াছে বিশ বৎসরে।

শিক্ষিতের সংখ্যা

আদমসুমারির গ্রন্থাবলীর মাত্র দু'এক খণ্ড বাহির হইয়াছে। তাহাতে শিক্ষিত নরনারীর সংখ্যাগুলা পাওয়া যায় না। পরবর্তী কোনো খণ্ডে পাওয়া যাইবে। তবে ইতিমধ্যে সেন্সাস-কমিশনারের মন্তব্য পাওয়া যায়। বুঝিতেছি যে, ১৯৪১ সনে গোটা লোকসংখ্যার তুলনায় লিখিয়ে-পড়িয়ে নরনারীর অনুপাত যুক্তপ্রদেশে ছিল শতকরা ৮ মাত্র। পাঞ্জাবে সেই অনুপাত ছিল শতকরা ১৩ আর বাংলাদেশে শতকরা ১৮। বুঝিতে হইবে অবস্থা বেশ-কিছু শোচনীয়।

জন্মমৃত্যুর হার

প্রত্যেক হাজার নরনারীর তুলনায় ১৯৪০ সনে ভারতে জন্ম গ্রহণ করিয়াছে ৩৩ জন। পূর্ব্ববর্তী বিশ বৎসরের প্রায় কি বৎসরই জন্মহার এইরূপ ছিল।

একালের দুনিয়ার জন্মহারের হ্রাস সামাজিক ও আর্থিক উন্নতির অন্যতম লক্ষণ। ১৯০-১০ সনে জন্মহার ছিল ৩৮। বুঝিতে হইবে যে, হারটা নামিয়া আসিয়াছে। বহু ভারতীয় ও বিদেশী লোকশাস্ত্রীরা বিবেচনা করেন যে, ভারতের জন্মহার কমে নাই। এই ধারণায় গলদ আছে।

প্রত্যেক হাজার নরনারীর তুলনায় ১৯৪০ সনে মারা পড়িয়াছিল ২২ জন। এই মৃত্যুহার ১৯২০ সনে ছিল ৩১। মৃত্যুহার নামিয়াছে। এই খবরটা আশাপ্রদ। বলা বাহুল্য মৃত্যুহারের হ্রাস সামাজিক ও আর্থিক উন্নতির লক্ষণ।

শিশু-মৃত্যুর হারও কমিয়াছে। কি বৎসর যত শিশু জন্মায় প্রত্যেক দেশে তাহার অনেকেই বার মাসের ভিতর মারা পড়ে। এক হাজার নবজাত শিশুর প্রথম বর্ষেই যে মৃত্যু ঘটে তাহাকে শিশু-মৃত্যুহার বলে। ১৯৪০ সনে এই হার ছিল ১৬০। ১৯২০ সনে ছিল ১৯৫। শিশু মৃত্যু-হারের ঘাটতি উল্লেখযোগ্য। বিশ বৎসরের সামাজিক ও আর্থিক উন্নতির পরিচয় পাওয়া যাইতেছে।

বস্ত্রমূল্য নিয়ন্ত্রণ

কার্পাসের বস্ত্র ও সূতার মূল্য, উৎপাদন ও বিক্রয় নিয়ন্ত্রিত করিবার এবং উৎপাদনকারীদিগের ও ব্যবহার-

কারীদিগের তাহা সফল করার বাধা দিবার জন্য ভারত সরকার এক আদেশ জারি করিয়াছেন। জুন মাসের প্রথম দিকে বোম্বাইএ ভারত সরকার ও কাপড়ের কলের মালিকদিগের মধ্যে যে চুক্তি হয়, এই আদেশে তাহা কার্য্যে পরিণত করা হইল।

এই আদেশ জারি করিয়া একটি বস্ত্র-নিয়ন্ত্রণ বোর্ড গঠন করা হইল। বোর্ডে ২৫ জন সদস্য ও একজন সরকারী চেয়ারম্যান থাকিবেন। মিলগুলি কোন্ কোন্ শ্রেণীর কাপড় ও সূতা উৎপাদন করিবে, বস্ত্র ও সূতার পাইকারী ও খুচরা সর্ব্বোচ্চ মূল্য কিরূপ হইবে ও সেই সকল কাপড়ের উপর কিরূপ মার্কা থাকিবে, বোর্ড বস্ত্রশিল্প সংক্রান্ত কমিশনারদিগের মারফতে সে বিষয়ে কেন্দ্রী সরকারকে পরামর্শ দিবেন।

কলওয়ালা ও ব্যবসায়ীদিগের নিকট ৩১শে জুলাই কি পরিমাণ মাল মজুদ ছিল, ১৫ই আগষ্টের মধ্যে তাহা তাঁহাদিগকে জানাইতে হইবে। ঐ সকল মজুদ মাল তাঁহাদিগকে ৩১শে অক্টোবরের মধ্যে বিক্রয় করিয়া ফেলিতে হইবে।

৩১শে জুলাইএর পর যে সকল বস্ত্র প্রস্তুত হইবে ও যাহাতে বিশেষ মার্কা থাকিবে, তাহা মিলে প্যাক করার সময় হইতে ৩ মাসের মধ্যে খুচরা বিক্রয় করিতে হইবে।

কলে ৩ মাসে যে পরিমাণ বস্ত্র ও ২ মাসে যে পরিমাণ সূতা প্রস্তুত হয়, কোন কলওয়ালা তাহার অধিক পরিমাণ বস্ত্র ও সূতা মজুদ রাখিতে পারিবেন না। ব্যবসায়ী ও কলওয়ালা ব্যতীত অন্য লোকে তাহার স্বাভাবিক প্রয়োজনের অধিক বস্ত্র ও সূতা নিজদিগের নিকট রাখিতে পারিবে না। কিন্তু প্রাদেশিক সরকার মঞ্জুরী না দিলে সে জন্য কোন মামলা আনা যাইবে না।

বস্ত্র-সংক্রান্ত কমিশনাররা খাতাপত্র পরীক্ষা করিবার, কোন বাড়ীতে প্রবেশ করিয়া সেখানে তল্লাস করিবার ও আবশ্যক সংবাদ প্রদানের আদেশ দিতে পারিবেন। আদালতগুলি দণ্ডাদেশ ব্যতীত মজুদ মাল বাজেয়াপ্তের আদেশও দিতে পারিবেন। ভারতীয় সামন্তরাজ্যগুলিকে এইরূপ আদেশ দিবার জন্য অনুরোধ করা হইতেছে।

(বসুমতী)

আন্তর্জ্জাতিক মৃত্যুহার

এইবার আন্তর্জ্জাতিক মৃত্যুহারের ফিরিস্তি দিতেছি। প্রত্যেক হাজার নরনারীর তুলনায় কি বৎসর কত লোক মরে? এই হাজারকরা সংখ্যাকে মৃত্যুহার বলে। ১৯৪০ সনে ভারতের মৃত্যুহার ছিল ২২। ১৯৩১-৩২ সনের গড় বিভিন্ন দেশ সম্বন্ধে নিম্নরূপ :—

দেশ	মৃত্যুহার
(ক) অষ্ট্রেলিয়া	৯·০
মার্কিণ	১০·৯
জার্ম্মাণি	১১·২
সুইডেন	১১·৬
আর্জ্জেন্টিনা	১২·১
বিলাত	১২·২
ইতালি	১৪·১
পোল্যাণ্ড	১৪·৬
বুলগেরিয়া	১৫·৫
ফ্রান্স	১৫·৭
স্পেন	১৬·২
গ্রীস	১৬·৫
পর্ত্তুগাল	১৭·০
(খ) জাপান	১৭·৯
জুগোস্লাভিয়া	১৭·৯
ভেনেজুয়েলা	১৮·০
রুশিয়া	১৮·০ (১৯২৮)
ফিলিপাইন	১৮·৫
রুমানিয়া	২০·৬
কর্ণেলিয়া	
পালেষ্টাইন	
ভারত	
গুয়াতেমালা	
সাল্‌ভাডর	
মেক্সিকো	
লঙ্কা	
চিলি	
মিশর	২৭·৬

মৃত্যুহারের কোষ্ঠিতেও ভারতবর্ষকে সাধারণভাবে বল্কান-চক্র ও ল্যাটিন আমেরিকার সমগোত্রের দেখিতে পাইতেছি। জাপান আর রুশিয়াও এই দলেরই অন্তর্গত। বিগত কয়েক বৎসরের ভিতর রুশিয়ার মৃত্যুহার আরও বেশ-কিছু নামিয়াছে। ১৯১৩ সনে বাদশাহী আমলে এই হার ছিল ৩০·২।

আন্তর্জ্জাতিক শিশু-মৃত্যুহার

নবজাত হাজার শিশুর প্রথমবর্ষে মৃত্যু ঘটে কত জনের? এই বিষয়ে দুনিয়ার ফিরিস্তি নিম্নরূপ (১৯৩১-৩২ সনের গড়) :—

দেশ	মৃত্যুহার
(ক) অষ্ট্রেলিয়া	৪১
সুইডেন	৬০
মার্কিণ	৫৯
বিলাত	৬৫
ফ্রান্স	৭৩

দেশ	মৃত্যুহার
জার্মাণি	৭৪
আর্জেন্টিনা	৯৪
(খ) ইতালি	১০৫
স্পেন	১১৩
জাপান	১২০
গ্রীস	১২২
পোল্যাণ্ড	১৩৬
সাল্‌ভাডর	১৪৬
পর্ত্তুগাল	১৪৬
বুল্‌গেরিয়া	১৪৭
ভেনেজুয়েলা	১৫০
(গ) প্যালেষ্টাইন	১৫১
ফিলিপাইন	১৫১
জুগোস্লাভিয়া	১৫৩
ভারত	১৬০ (১৯৪০)
মিশর	১৬৫
লঙ্কা	১৮২
রুমানিয়া	১৮২
চিলি	২৪৮

দেশ	মৃত্যুহার
স্পেইন	২৬·৯
পোল্যাণ্ড	২৭·৩
ভেনেজুয়েলা	২৮·৫
পর্ত্তুগাল	২৯·১
বুল্‌গেরিয়া	২৯·৩
গ্রীস	২৯·৫
(খ) জাপান	৩১·৬
জুগোস্লাভিয়া	৩১·৮
রুমানিয়া	৩২·৯
ভারত	৩৩·০ (১৯৪০)
চিলি	৩৪·০
ফিলিপাইন	৩৫·৪
লঙ্কা	৩৬·৯
সাল্‌ভাডর	৪১·০
মেক্‌সিকো	৪১·৯
গুয়াতেমালা	৪২·১
সোভিয়েট রুশিয়া	৪২·৭ (১৯৩০)
মিশর	৪৩·২
পালেষ্টাইন	৪৪·১
ফন্সেসা	৪৫·১

শিশু-মৃত্যুহার সম্বন্ধেও বল্কান জনপদ আর ল্যাটিন আমেরিকা ভারতবাসীর মাসীবাড়ীই বটে। এই হিসাবে ল্যাটিন আমেরিকার চিলি দেশ সকল দেশের নীচে।

আন্তর্জ্জাতিক জন্মহার

প্রত্যেক হাজার নরনারীর তুলনায় দুনিয়ার নানাদেশে কত শিশু জন্ম গ্রহণ করে? ভারতবর্ষে জন্মিয়াছিল ১৯৪০ সনে ৩৩ জন। ১৯৩১-১৯৩৫ সনে কি বৎসর নানা দেশের জন্মহার নিম্নরূপ—

দেশ	জন্মহার
(ক) সুইডেন	১৪·১
বিলাত	১৫·৫
ফ্রান্স	১৬·৪
জার্মাণি	১৬·৬
যাকিণ	১৬·৯
অষ্ট্রেলিয়া	১৬·৯
ইতালি	২৩·৮
আর্জেন্টিনা	২৬·৫

ভারতবাসীর মাসীবাড়ী

ভারতবর্ষের চেয়ে বেশী জন্মহার দেখা যাইতেছে অনেক দেশে। এই সমুদয়ের ভিতর রুশিয়ার ঠাঁই আছে। ১৯৩০ সনে রুশিয়ার হার ছিল হাজার করা ৪২·৭। মোটের উপর ভারতবর্ষকে জন্মহার হিসাবে দুই ভূখণ্ডের অন্তর্ভুক্তির বিবেচনা করা চলে। প্রথমতই পোল্যাণ্ড, বুল্‌গেরিয়া, গ্রীস্, জুগোস্লাভিয়া, রুমানিয়া ইত্যাদি দেশ। এই সব ইয়োরোপের পূর্ব্বাঞ্চল বা বল্কান-চক্রের অন্তর্গত। অপর দিকে ভেনেজুয়েলা, চিলি, সালভাডর, মেক্‌সিকো, গুয়াতেমালা ইত্যাদি দেশ পাইতেছি। এইসব ল্যাটিন ভাষাভাষী মধ্য ও দক্ষিণ আমেরিকার অন্তর্গত। অতএব জন্মহারের কোষ্ঠিতে ভারতবর্ষ ল্যাটিন আমেরিকা ও বল্কান-চক্রের সমজাতীয় জনপদ। এই জন্য বল্কান-চক্র ও ল্যাটিন-আমেরিকাকে ভারতবাসীর মাসীবাড়ী বলা চলে। সঙ্গে সঙ্গে জাপান আর রুশিয়াও ভারতীয় নরনারীর মাসীবাড়ী সন্দেহ নাই।

সকলেই ঘুষ লয়

গত ১৫ই জুন 'অধিক খাদ্যশস্য উৎপাদন দিবসে' মৌলবীবাজারে এক জনসভায় আসামের অসামরিক জনরক্ষা বিভাগের মন্ত্রী খান সাহেব বদরুদ্দিন হোসেন চৌধুরী বক্তৃতা প্রসঙ্গে বলেন—"যাহাতে নৌকায় চাউল রপ্তানি না হয় সেজন্য স্থানে স্থানে পুলিশ মোতায়েন করা হইল, ফলে দেখা গেল পুলিশ ঘুষ লইয়া ধান্য বোঝাই নৌকা ছাড়িয়া দিতেছে। পুলিশের বড়কর্তা হইতে আরম্ভ করিয়া গ্রামের চৌকিদার পর্যন্ত ঘুষ লওয়ার দাগ মারিতেছে। পুলিশের বিরুদ্ধে অভিযোগ আসিল। ভলান্টিয়ার নিযুক্ত করা হইল। পুলিশ যেখানে ৫৲ হইতে ১০৲ ঘুষ লইত ভলান্টিয়াররা সেখানে ২৲ টাকা লইয়া নৌকা ছাড়িয়া দেয়! অবশেষে অফিসের কেরাণীসহ সাব-ডেপুটি নিয়োগ করা হইল। কেরাণীকুলও লোভ সামলাইতে পারিলেন না। আর একা সাব-ডেপুটি কি করিবেন? ঘুষ এমন জিনিষ যে পুলিশ, কেরাণী, চৌকিদার সকলেই লয়। এর লোভ সামলান শক্ত। এমন কি ৫০০৲ টাকার লোভ আমিও হয়ত সামলাইতে না পারি।"

(ঢাকা প্রকাশ)

খাদ্য সম্মেলনে বক্তৃতা

বঙ্গীয় খাদ্য-সম্মেলনের দ্বিতীয় দিনের অধিবেশনে ডাঃ শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় বক্তৃতা করিয়া বলেন, আজ বাঙ্গলায় কেন এমন খাদ্যসঙ্কট হইল তার দীর্ঘ আলোচনা আমি করিতে চাই না; কিন্তু একথা ঠিক যে যদি প্রথম হইতে খাদ্যের সুব্যবস্থা করা হইত তাহা হইলে এরূপ সঙ্কট আসিত না। বাঙ্গলাদেশের এমন দুর্ভাগ্য যে, দেশের প্রয়োজনের দিকে চাহিয়া খাদ্যের সুব্যবস্থা করার সাহস বা শক্তি গভর্ণমেণ্টের নাই। দেশের খাদ্য-তালিকা যে সংগ্রহ করা উচিত এ বিষয়ে দ্বিমত নাই। কিন্তু গভর্ণমেণ্ট বলিলেন যে, দেশে প্রচুর খাদ্যদ্রব্য মজুত আছে এবং কয়েক শ্রেণীর লোক তাহা লুকাইয়া রাখিয়াছে। গভর্ণমেণ্ট এ বিষয়ে কোনই দায়িত্ব লইলেন না। আজ গভর্ণমেণ্ট বলিতেছেন, সত্যই খাদ্যদ্রব্যের অভাব। আমার কাছে প্রমাণ আছে যে গভর্ণমেণ্ট একদিকে যেমন বলিলেন—খোঁজ করো আর অন্যদিকে এমন কয়েকজনকে ছাড়িয়া দিলেন যাহারা এই সমস্ত আটক চাউল যে-কোন দামে কিনিতে লাগিল।

আজ দুইটি জিনিষের দরকার। প্রথম বাবী বাঙ্গলায় খাদ্য বরাদ্দ ঠিক করিয়া দেওয়া। গভর্ণমেণ্ট যদি সেই ব্যবস্থা করেন তবে প্রত্যেকেই কিছু কিছু খাইতে পারিবে। গভর্ণমেণ্টকে সরবরাহ ব্যাপারের দায়িত্ব লইতে হইবে।

বাঙ্গলা দেশকে দুর্ভিক্ষগ্রস্ত অঞ্চল বলিয়া ঘোষণা করা সম্পর্কে তিনি বলেন যে, ইংরেজের আইন অনুসারে খাদ্যদ্রব্যের মূল্য শতকরা ৪০ ভাগ বৃদ্ধি পাইলেই দুর্ভিক্ষগ্রস্ত অঞ্চল বলিয়া ঘোষণা করা চলে। তার জায়গায় বাঙ্গলা দেশে খাদ্যদ্রব্যের মূল্য শতকরা তিনশতগুণ বাড়িয়াছে।

আমরা চাই গভর্ণমেণ্ট সমস্ত ক্ষমতা নিজের হাতে লউক এবং দেশবাসীকে খাইতে দিবার ব্যবস্থা করুক। কিন্তু এই রকম ব্যাপক পরিকল্পনা কোন দলমত গভর্ণমেণ্টের দ্বারা হইতে পারে না।

বৈজ্ঞানিক আইনস্টাইন

যুক্তরাষ্ট্রের নৌবিভাগীয় "ষ্টার শেল" নামক পত্রিকায়

বলা হইয়াছে, "গত সপ্তাহে বর্ত্তমান জগতের একজন শ্রেষ্ঠ মনীষী যুক্তরাষ্ট্রীয় নৌবহরে যোগদান করিয়াছেন। এই মনীষী হইতেছেন "পারস্পরিক সম্বন্ধবাদে"র বিখ্যাত আবিষ্কর্ত্তা প্রফেসার আলবার্ট আইনষ্টাইন। তিনি নৌ-বিভাগীয় অভিন্যান্স বিউরোর একজন অতিরিক্ত ষ্টাফ অফিসার হইলেন এবং তিনি বিস্ফোরক-নিয়ন্ত্রণের ব্যাপার সম্বন্ধে গবেষণা করিবেন।

"নোবেল প্রাইজ" প্রাপ্ত প্রফেসার আইনষ্টাইন ১৯০৩ সনে স্বেচ্ছাপূর্ব্বক জার্ম্মাণি পরিত্যাগ করিয়া আমেরিকায় প্রবাস-জীবন যাপন করিতেছেন। ১৯৩০ সনে তিনি যুক্তরাষ্ট্রের নাগরিক অধিকার অর্জ্জন করেন। তিনি নিউয়ারসীর প্রিন্সটনে উচ্চ-শিক্ষার ক্ষেত্রে নৌবিভাগের জন্য আংশিকভাবে কার্য্য করিবেন।

মাদাম চিয়াং কাইশেক

আমেরিকার জর্জ্জিয়া প্রদেশের অন্তর্গত মাকিণের ওয়েস্‌লিয়ান কলেজ মেয়েদের সর্ব্বাপেক্ষা পুরাতন কলেজ। ৩৪ বৎসর আগে মাদাম চিয়াং কাইশেক এই কলেজে অধ্যয়ন করিয়াছিলেন। গত ২৮শে জুন তারিখে মাদাম চিয়াং কাইশেক এই কলেজটি পরিদর্শন করিতে গিয়াছিলেন। সে সময় কলেজের পক্ষ হইতে সম্মানস্বরূপ তাঁহাকে ডক্টর-অব-ল উপাধি দেওয়া হয়। তাঁহার দুই ভগ্নী মাদাম কুং এবং মাদাম সান ইয়ৎ সেনকেও ঐ উপাধি দেওয়া হয়। মাদাম চিয়াং নিজের তথা ভগ্নীদ্বয়ের পক্ষ হইতে এই উপাধি গ্রহণ করেন। গত ৭৫ বৎসরের মধ্যে এই বিদ্যালয় হইতে অপর কাহাকেও এইরূপ উপাধি দেওয়া হয় নাই। মাদাম চিয়াং ছাত্রী এবং অধ্যাপকদিগের নিকট এক বক্তৃতায় জাপানীরা চীনের রেশম উৎপাদনের স্থানগুলি দখল করিয়া লওয়ার পরও চীনের মেয়েরা সেচোয়ান প্রদেশে কি করিয়া আবার রেশম শিল্প গড়িয়া তুলিয়াছে, তাহা বর্ণনা করেন। তিনি একদিনে তিন ভগ্নীর এই উপাধি প্রাপ্তিতে আনন্দ প্রকাশ করিয়া বলেন যে, তাঁহার অপর ভগ্নীদ্বয় যদি এই অনুষ্ঠানে সশরীরে উপস্থিত থাকিয়া এই উপাধি গ্রহণ করিতে পারিতেন, তবে আরও আনন্দ হইত। এই অনুষ্ঠানের স্মৃত্যর্থে কলেজ কর্ত্তৃপক্ষ একটি চৈনিক ছাত্রীকে বৃত্তি দিবার ব্যবস্থা করিয়াছেন।

চুংকিংএর ৩১শে জুলাইর সংবাদে প্রকাশ, মাদাম চিয়াং কাইশেক বিমানযোগে সেদিন চুংকিংএ ফিরিয়াছেন।

বস্ত্র-সমস্যার সমাধান-প্রচেষ্টা

বস্ত্র-নিয়ন্ত্রণ বোর্ডের চেয়ারম্যান মিঃ রুকরাজ এক-ডি খ্যাকারসে এক বিবৃতিতে বলিয়াছেন যে, দেশের সর্ব্বত্র শতকরা প্রায় ৫০ ভাগ তাঁতে সকল শ্রেণীর উপযোগী বহু ও বিভিন্ন প্রকারের ষ্ট্যাণ্ডার্ড কাপড় প্রস্তুত হইতেছে অথবা শীঘ্রই প্রস্তুত হইবে। তাঁহার মতে কাপড়ের পাইকারী মূল্য তাহাদের সর্ব্বোচ্চ মূল্য হইতে শতকরা ২৫৲ হইতে ৩০৲ টাকা পর্য্যন্ত কমিয়া গিয়াছে। মিঃ খ্যাকারসে আরও বলেন, খুচরা দর ঐ অনুপাতে এখনও পর্য্যন্ত কমিয়াছে বলিয়া জানা যায় নাই। খুচরা দর পড়িতে কিছু দিন বিলম্ব হওয়া অস্বাভাবিক নহে। তবে নূতন পাইকারী দরের অনুপাতে খুচরা দরও শীঘ্রই কমিতে বাধ্য হইবে।

মিঃ খ্যাকারসের বিবৃতির মর্ম্ম এই যে, ন্যায্য মূল্যে জনসাধারণকে কাপড় সরবরাহ সংক্রান্ত গুরুত্বপূর্ণ সমস্যার মীমাংসা করিতে বস্ত্র-নিয়ন্ত্রণ বোর্ড উদ্যোগী হইয়াছেন; ইহা বড়ই আনন্দের বিষয়। পরলোই এখন জানিতে পারিয়াছেন যে, কাপড়ের পাইকারী দর শতকরা ২৫৲ হইতে ৩০৲ টাকা পর্য্যন্ত কম হইয়াছে। এই মূল্য যাহাতে আর বৃদ্ধি না হয়, তৎসম্বন্ধে ব্যবস্থা অবলম্বন করাই বোর্ডের অভিপ্রায়।

উৎপাদন কেন্দ্র হইতে বস্ত্র ও সূতা যাহাতে অতি সত্বর বিক্রয়কেন্দ্রে প্রেরিত হইতে পারে, তাহার ব্যবস্থা করা হইয়াছে। বর্ত্তমানে দেশে কত মাল মজুত আছে, তাহা নির্দ্ধারণ করিবার উদ্দেশ্যে বোম্বাই, কলিকাতা, আহমদাবাদ, দিল্লী, অমৃতসহর প্রভৃতি বিক্রয়কেন্দ্রের পাইকারী বিক্রেতাদিগকে আগষ্ট মাসের ২।৩ তারিখের মধ্যে মজুত মালের হিসাব দাখিল করার নির্দ্দেশ দেওয়া হইয়াছে। বস্ত্র-বণ্টন কমিটি এই সুপারিশ করিয়াছেন

যে, ১লা আগষ্টের পর যে ষ্ট্যাণ্ডার্ড কাপড় প্রস্তুত হইবে, কোন্ মাসে উহা প্রস্তুত হইল, তাহা বুঝাইবার জন্য কাপড়ের দুইধারে কণ্ট্রোল বোর্ডের ষ্ট্যাম্প দেওয়া হইবে।

কণ্ট্রোল বোর্ডের রপ্তানি কমিটি গভর্ণমেণ্টের নিকট এই সুপারিশ করিয়াছেন যে, রপ্তানির হার যথাসম্ভব হ্রাস করিতে হইবে। দক্ষিণ আফ্রিকা, অষ্ট্রেলিয়া এবং মিসরে বর্ণবৈষম্য এবং ভারতীয় বিদ্বেষ বর্ত্তমান। সুতরাং ঐ বর্ণ-বৈষম্য দূর না হওয়া পর্য্যন্ত ঐ সকল দেশে কাপড় ও সুতা রপ্তানি না করিতে কমিটি সুপারিশ করিয়াছেন। কমিটির আরও সুপারিশ এই যে, ভারতীয়দিগের স্বার্থে বস্ত্রমূল্য যথাসম্ভব হ্রাস করিবার জন্য যুদ্ধের স্থিতিকাল পর্য্যন্ত উচ্চ হারের রপ্তানি শুল্ক ধার্য্য করা গভর্ণমেণ্টের আশু কর্ত্তব্য।

কাপড়ের মূল্যের বিষয় উল্লেখ করিয়া মিঃ থ্যাকারসে বলেন—রঙিন কাপড়ের সর্ব্বোচ্চ পাইকারী দর প্রতি পাউণ্ড ৩৫৲ ছিল; এক্ষণে উহা ২৮৶৹ আনার বেশী হইবে না। সম্ভবতঃ উহার দর ২।৹ কি ২৮৶৹ পর্য্যন্ত ধার্য্য হইবে। ৪৩ ইঞ্চি বহরের মলমলের প্রতি থানের সর্ব্বোচ্চ মূল্য ছিল ২০৲ টাকা; এখন হইতে উহা ১৫৲ টাকার অধিক মূল্যে বিক্রীত হইতে পারিবে না। সম্ভবতঃ উহার দর ১২৲ হইতে ১৫৲ টাকা পর্য্যন্ত নির্দ্দিষ্ট হইবে। কোড়া লংক্লথের প্রতি থানের পাইকারী মূল্য ছিল ৩৮৲ টাকা; উহার মূল্য ২৫৲ টাকার বেশী হইবে না। সম্ভবতঃ প্রতি থানের মূল্য ২৩৲ টাকা হইতে ২৫৲ টাকা পর্য্যন্ত নির্দ্দিষ্ট হইবে।

ব্রহ্মবান্ধব ও ডন-সোসাইটি

[অধ্যাপক বিনয়কুমার সরকারের সহিত শ্রীহরিদাস মুখোপাধ্যায়ের কথোপকথন]

প্রঃ—সতীশ মুখোপাধ্যায়ের বন্ধুদের ভেতর ডন-সোসাইটিতে কেহ আস্‌তেন কি? তাঁদের দু'এক জনের নাম কর্‌বেন? যাঁদেরকে আপনি স্বদেশী আন্দোলনের পূর্ব্বে ডন-সোসাইটিতে দেখেছেন সেই রকম লোকের নাম জান্‌তে চাচ্ছি।

উঃ—ব্রহ্ম-বান্ধব উপাধ্যায়ের নাম কর্‌তে পারি। এঁকে আমি ডন-সোসাইটিতে দেখি ১৯০৪ সনে। সতীশ বাবু একদিন ব্রহ্মবান্ধবকে বক্তাভাবে নিয়ে এসেছিলেন। "জেনারেল ট্রেনিং" বা সাধারণ সংস্কৃতি বিভাগে বক্তৃতা হ'ল।

প্রঃ—বক্তৃতার বিষয় কি ছিল?

উঃ—ব্রহ্মবান্ধব অক্‌সফোর্ড ও কেম্ব্রিজ বিশ্ববিদ্যালয়ে হিন্দু সংস্কৃতি সম্বন্ধে বক্তৃতা দিয়েছিলেন (১৯০২)। তার ফলে বিলাতে এই বিষয়ে পঠন-পাঠনের ব্যবস্থা করা হচ্ছিল। ব্রহ্মবান্ধবের কাছে এই খবরটা পাওয়া গেল। তা ছাড়া তিনি বিলাতী বক্তৃতার বিষিৎ চুম্বকও দিলেন।

প্রঃ—বিলাতী বক্তৃতাসমূহের সারমর্ম্মটার কিছু মনে আছে?

উঃ—ব্রহ্মবান্ধব হেগেলের তর্কপ্রণালীর সাহায্যে প্রাচ্য ও পাশ্চাত্য সংস্কৃতির তুলনা সাধন ক'রেছিলেন। একালে আমি যাকে "দ্বন্দ্ব-মূলক বিশ্লেষণ" বলি ব্রহ্ম-বান্ধব তাকে "অপবাদ-ন্যায়" ব'লেছিলেন। বক্তৃতার বৃত্তান্ত বোধহয় ডন-ম্যাগাজিনে বেরিয়েছিল।

প্রঃ—ব্রহ্মবান্ধব সম্বন্ধে আপনার কি ধারণা হ'য়েছিল?

উঃ—ঐ প্রথম দেখ্‌লাম। গেরুয়াপরা লোক। পায়ে ছিল না জুতা। কাছাখোলা সাধুর চেহারা। গায়ে জামা নাই,—গেরুয়া চাদর। এই মূর্ত্তিতে আমি একটা নয়া দুনিয়ার খবর পেলাম। তখনও আমি বিবেকানন্দী দলের কোনো স্বামীজিকে দেখিনি। সতীশ বাবু ফকীর বটে,—কিন্তু তাঁর কাপড়-চোপড়ে সাধুয়ানি ছিল না। ব্রহ্মবান্ধবই আমার অভিজ্ঞতায় সর্ব্বপ্রথম আধুনিক বাঙালী সন্ন্যাসী। কাজেই আমি তাঁর হাব-ভাবে বিশেষ প্রভাবান্বিত হ'য়েছিলাম। মনে হ'য়েছিল,— ব্রহ্ম-বান্ধব সতীশ বাবুর পরবর্ত্তী ধাপ। অনুকরণযোগ্যও বটে। তাঁর চোখের আর হাঁটার ভঙ্গী দেখে মনে হ'য়েছিল যে, লোকটা চব্বিশ-ঘণ্টা দুনিয়াকে কলা দেখাচ্ছে। মানুষের মতন মানুষ। এইরকম লোকই চাই!

প্রঃ—ব্রহ্মবান্ধবের বাণীটা কিরূপ মনে হ'য়েছিল?

উঃ—শুন্‌লাম,—পশ্চিমারা কদর করে একমাত্র ভোগ। ত্যাগের ধার তারা ধারে না। হিন্দু-সংস্কৃতি একমাত্র ভোগপন্থীও নয় আবার একমাত্র ত্যাগপন্থীও নয়। ত্যাগ ও ভোগের সমন্বয় হচ্ছে ভারতীয় সনাতন আদর্শ। এইখানেই হেগেল-প্রচারিত "সিন্‌থেসিস" (সমন্বয়)।

প্রঃ—ব্রহ্মবান্ধবের এই ব্যাখ্যা আপনার কেমন লেগেছিল ?

উঃ—লেগেছিল চমৎকার ! মাত্ হয়ে গিয়েছিলাম। তখন বয়স সতর মাত্র (১৯০৪)। চতুর্থ বার্ষিকের ছাত্র। এই ধরণের কথা ডন-সোসাইটির আব-হাওয়ার নতুন নয়, কিন্তু বল্‌বার ঢঙ্‌টা নতুন। কাজেই মনে হ'য়েছিল যেন একটা দার্শনিক তাজমহলের মালিক হ'য়ে গেলাম। এই সময়েই রবীন্দ্রনাথের "স্বদেশী সমাজ" প্রবন্ধ অনেকের মতন আমাকেও একদম ক্ষেপিয়ে তুলেছিল। রোমান্টিক ভাবুকতায় হাবু-ডুবু খাচ্ছিলাম।

:—এই বাণীর ভেতর কি এখনো আপনার নিজস্ব পেতে পারি ?

উঃ—একদম নয়। পুরাপুরি উল্টা। প্রাচ্যে-পাশ্চাত্যে প্রভেদ আমি স্বীকার করি না। কিন্তু ব্রহ্মবান্ধবের ব্যাখ্যাটা আমার চিন্তায় কয়েক বৎসর বেশ কাজ ক'রেছিল। তার সঙ্গে রবীন্দ্রনাথের ভাবুকতা আর আদর্শনিষ্ঠাও জুটে প'ড়েছিল। ১৯০৭ সনে মালদহে জাতীয় শিক্ষাসমিতি প্রতিষ্ঠার সময় আমি "বঙ্গে নবযুগের নূতন শিক্ষা" প্রবন্ধ পাঠ করি। তাতে "সতীশ-মণ্ডল", ব্রহ্মবান্ধব, রবীন্দ্র-সাহিত্য ইত্যাদি সব-কিছু একসঙ্গে সজোরে আত্মপ্রকাশ ক'রেছিল। কিন্তু তার ভেতরেই যৎ-কিঞ্চিৎ নিজস্ব ঢুকিয়ে দিয়েছিলাম। তবে ব্রহ্মবান্ধব ইত্যাদির প্রভাবই জুটেছিল খুব-বেশী। ১৯১১ সনে শুক্রনীতি তর্জ্জমা করার সঙ্গে-সঙ্গে সেই প্রভাব প্রায় লুপ্ত হ'য়ে যায়। তবে ১৯১৪ সনে বিলাতে গিয়ে "ইংরেজের জন্মভূমি" লিখ্‌বার সময়ও সেই প্রাচ্য-পাশ্চাত্য প্রভেদমূলক ভারতীয় বাণী কিছু-কিছু বজায় ছিল। তারপর হ'তে এই অধম আর সে-পথে বিচরণ করে নি। কাজেই ব্রহ্মবান্ধবের এক বক্তৃতার জের চ'লেছিল বছর দশেক বলা যেতে পারে।

প্রঃ—ব্রহ্মবান্ধবের বক্তৃতায় আপনার আর কোনো উল্লেখযোগ্য কথা মনে হ'য়েছিল ?

উঃ—ভাব্‌ছিলাম,—একটা দিগ্‌বিজয়ী বাঙালীর বাচ্চাকে স্বচক্ষে দেখা গেল। বিবেকানন্দও দিগ্‌বিজয়ী বটে। কিন্তু তাঁকে চোখে দেখি নি। ব্রহ্মবান্ধব বিলাতে গিয়ে কেম্‌ব্রিজ ও অক্‌স্‌ফোর্ডে বক্তৃতা দিয়েছেন। সেই বক্তৃতার ফলে বিলাতী সমাজে একটা আন্দোলনও কিছু হয়েছে। সতর বৎসরের এক ছোকরা আমি। এর চেয়ে বড় ঘটনা বাঙালীর জীবনের পক্ষে ভাব্‌তে পারি নি। বাপ্‌কা বেটা ব্রহ্মবান্ধব সন্দেহ নেই।

:—আপনার সঙ্গে ব্রহ্মবান্ধবের কোনো যোগাযোগ পরবর্ত্তী কালে ঘ'টেছিল ?

উঃ—১৯০৫ সনের জুন মাসে রাধাকুমুদ আর রবী ঘোষের সঙ্গে আমিও ইডেন হিন্দু হষ্টেল ছেড়ে দিই। সতীশ বাবুর তদ্‌বিরে আমরা তাঁর তিন পেটোআ নতুন এক মেসের ব্যবস্থা করি। সেই মেসের কর্ম্মকর্ত্তা হন ব্রহ্মবান্ধব। তখন ব্রহ্মবান্ধব "সারস্বত আয়তন নামে একটা 'ইস্কুইলা' ছেলেদের পাঠশালা চালাতেন। তাঁর সঙ্গে এলেন পণ্ডিত যোক্ষদাচরণ সামাধ্যায়ী। এঁরা দুজনেই সতীশ-মণ্ডলের অন্তর্গত হ'য়ে গেলেন। পরবর্ত্তী কালে সামাধ্যায়ী ১৯০৬ সনে জাতীয় শিক্ষা-পরিষদের অধ্যাপক বাহাল হ'ন। মনে রাখ্‌তে হবে যে, বিলাতী-বয়কট আর বঙ্গ-বিপ্লব খোলাখুলি সুরু হয় ৭ই আগষ্ট (১৯০৫)।

প্রঃ—ব্রহ্মবান্ধবের এই মেস কোথায় ছিল ?

উঃ—কর্ণওয়ালিস্ ষ্ট্রীটে ছিল ঠিকানা। একটা বড় বাড়ী। নাম ছিল তার রাজবাড়ী। ঢুক্‌তে হ'ত শিব-নারায়ণ দাসের গলি দিয়ে। কর্ণওয়ালিস্ ষ্ট্রীটের উপর পূব্‌দিকে ছিল মাঠ,—বাড়ীটার সামনে বা পেছনে। তাকে লোকেরা বল্‌তো "পাস্তির মাঠ"। মাঠের দক্ষিণেই মেট্রোপলিটান কলেজের পেছনটা। আমরা থাকতাম দোতলায়। ঘর থেকে পশ্চিমে দেখ্‌তাম মাঠ আর কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, আর দক্ষিণেও মাঠ এবং মেট্রোপলিটান কলেজ।

প্রঃ—এই মেসে বস-বাসের কোনো কথা মনে আছে ?

উঃ—ঘামুলি কথা নয়। সে সব কথা যুগান্তরের কথা। নয়া বাঙলার আসল গোড়াপত্তনের কথা। বঙ্গ-বিপ্লবের অনেক-কিছু ঘ'টত এই বাড়ীর সামনের মাঠে। সবই আমরা ঘরে ব'সে দেখ্‌তাম। সভায় হাজির থাকার দরকার হ'তো না। তবে সভায় যা-কিছু ঘটত তার বেশ-কিছু আমাদের বাড়ীরই ঘর-তলায় আর এক-তলায় আগে থেকে তৈরি হ'য়ে থাকত। কেননা সতীশ বাবু আর ব্রহ্মবান্ধব এই দুজনের সলা স্বদেশী আন্দোলনের অনুষ্ঠান-প্রতিষ্ঠানে হামেশা জরুরি হ'তো। প্রকারান্তরে বলা চলে যে, বঙ্গ-বিপ্লবের "গ্রীণ রুমে" বা সাজ-ঘরেই রাধাকুমুদ, রবী আর সামাধ্যায়ীর সঙ্গে আমি ১৯০৫-এর গৌরবময় দিন, সপ্তাহ বা মাসগুলা কাটিয়েছি। তখন আমাদের আত্মিক অভিভাবক সতীশ বাবু আর ব্রহ্মবান্ধব। ১৯০৬ সনের জুন পর্য্যন্ত এইভাবে কাটে। তখন সতীশ বাবুর সঙ্গে আমরা ৩৮।২নং শিবনারায়ণ দাসের গলির বাড়ীতে উঠে যাই। সেখানে আর ব্রহ্মবান্ধবের সঙ্গে মেসের সংস্রব ছিল না।

প্রঃ—ব্রহ্মবান্ধবের সঙ্গে যোগাযোগ সম্পর্কে আর-কিছু বলবেন ?

উঃ—ব্রহ্মবান্ধব একজন অবরদস্ত স্বার্থত্যাগী ও নির্ভীক কর্ম্মবীর। লোকটা ডানপিটে, তাঁরও আর ভবঘুরে। যতগুলা গুণ আমার বিবেচনায় যুগ-প্রবর্ত্তকের লক্ষণ সবগুলাই তাঁর ছিল। তাঁর সংস্পর্শে এসে যুবক বাঙলার অনেকে স্বদেশ-সেবার নানা কাজে মোতায়েন হ'তে পেরেছে। দেশের লোক তাঁকে "সন্ধ্যা" (১৯০৭) দৈনিকের সম্পাদক ব'লে জানে। বস্তুতঃ, ব্রহ্মবান্ধবের চিন্তাসম্পদে বাঙালী জাত্ ঐশ্বর্য্যশালী হ'য়েছে। তাঁর জীবন-কথা স্বতন্ত্রভাবে বড় আকারে আলোচিত হওয়া উচিত। তোরা বোধ হয় তাঁর কোনো খবরই রাখিস্ না। ১৯০৫-এর পরবর্ত্তী বঙ্গ-সমাজের বিভিন্ন আন্দোলনে ব্রহ্মবান্ধবের বিরাট ব্যক্তির জল্-জল্ করছে।

ব্রহ্মবান্ধবের কাছে আমার আর-একটা ঋণ স্বীকার ক'রে খতম করছি। ডন্-সোসাইটির এক সভায়,—বোধ হয় ১৯০৫ সনে,—তাঁর সারস্বত আয়তনের কয়েকটা ছোকরা রবিবাবুর একটা গান গেয়েছিল। সেটা আজও আমি একা-একা আপন মনে গেয়ে থাকি। শোন্,—

"প্রতিদিন আমি হে জীবন-স্বামি
দাঁড়াব তোমার সম্মুখে।"

সাঁইত্রিশ বছর ধ'রে এই সুরটা আমার গলায় বেরুচ্ছে। অবশ্য কেউ শুনতে পায় না। বুক্‌তেই পারছিস তো কার গলা!



হুইট ষ্টাডীজ

(গোধূম-গবেষণা)

মার্কিণ যুক্তরাষ্ট্রের স্ট্যানফোর্ড বিশ্ববিদ্যালয় (ক্যালিফর্ণিয়া) হইতে "হুইট ষ্টাডীজ্" (গোধূম-গবেষণা, নামক মাসিক পত্রিকা বাহির হয়। ১৯৪১ সনের নবেম্বর সংখ্যায় এ, ই, টেলার "এন্‌রিচ্‌মেণ্ট অব্ ব্রাওয়ার" সম্বন্ধে সুবিস্তৃত আলোচনা প্রকাশ করিয়াছেন। ময়দা আটার "এন্‌রিচ্‌মেণ্ট",—সে আবার কি? এই এক নয়া পারিভাষিক মার্কিণ অর্থশাস্ত্রী মহলে চলিতেছে। শব্দটার সোজা বাংলা "ঐশ্বর্য্যবৃদ্ধি"। ইংরেজিতে কথাটা হইতে ইংরেজেরা যতটুকু বুঝিবে বাংলায় "গমের ঐশ্বর্য্যবৃদ্ধি" বলিলেও বাঙালীরা ঠিক ততটুকু বুঝিবে। যাহা হউক, হাতীঘোড়া কিছু নয়। বুঝিতে হইবে যে, গমের "গুণ" বাড়াইবার, খাদ্যশক্তি বাড়াইবার মামলা। গম কাটার সময় আর ময়দা বা আটা পিষিবার সময় শস্যের খাদ্যশক্তির যেসব-কিছু বরবাত হয়। দুনিয়ার যে-কোনো চাষী ও জাঁতাওয়ালা লোক সেকথা জানে। নেহাৎ আনাড়ি গৃহস্থ ছাড়া বোধহয় কাহারও এই সম্বন্ধে অজানা নেই। তা ছাড়া রুটি তৈয়ারি করিবার সময়ও ময়দা ও আটার খাদ্যশক্তি বা খাদ্যগুণ খানিক নষ্ট হইয়া যায়। বাঙালী আমরা বিদেশী পাওরুটির খবর তত বেশী রাখি না। কিন্তু চাউল সিদ্ধ করিয়া ফেন ফেলিয়া দিতে আমরা ওস্তাদ। শক্তিহীন, নির্গুণ ঐশ্বর্য্যহীন ভাত আমাদের উদরস্থ হয়। কাজেই রান্না-বাড়ির প্রভাবে চাউলের ঐশ্বর্য্য বাড়ানো কমানো সহজেই মালুম হইবে। টেলার মার্কিণ সমাজের জন্য গম সম্বন্ধে এইসকল কথাই পাড়িয়াছেন। তাঁহার মোটা কথা এই যে, চাষের মাঠ হইতে টেবিলে খাইবার সময় পর্য্যন্ত প্রত্যেক অবস্থায়ই সকল শস্যের ভিটামিন বহুল পরিমাণে বরবাত হয়।

শস্যের ভিতর ধাতুর গুণও থাকে। সেই সবও কিছু কিছু নষ্ট হইয়া যায়। মার্কিণ গবর্ণমেণ্ট এই বরবাত নিবারণের জন্য উঠিয়া পড়িয়া লাগিয়াছে। আসল কথা,—খানিকটা বরবাত নিবারণ করা অসম্ভব। তবে যে-যে বরাবত অবশ্যম্ভাবী সেই সব বরাবতের ক্ষতিপূরণ স্বরূপ নয়া নয়া ধাতু মিশাইয়া খাদ্যশস্যকে চাঙ্গা করিয়া তোলা সম্ভব। গম, চাউল ইত্যাদি সকল শস্য সম্বন্ধেই এইরূপ মাল-মশলার সাহায্যে ঐশ্বর্য্যবৃদ্ধি কাজের করা যাইতে পারে। থিয়ামিন, নিকোটিনিক অ্যাসিড, রিবো-ফ্লাভিন ও লোহা এই সকল "ওষুধের জোরে খাদ্যশস্যকে জোরাল ও ঐশ্বর্য্যশালী করিয়া তোলা হইতেছে। ভারতীয় নরনারী দূর হইতে "প্রাণেন অন্নভোজনং" করুক। তাই বা মন্দ কি?

১৯৪১ সনের ডিসেম্বর সংখ্যায় শ্রীমতী হেলেন ফার্ণস্‌ওয়ার্থ দুনিয়ার গম ফসলের অবস্থা বিশ্লেষণ করিয়াছেন। লড়াইয়ের দরুণ ইয়োরোপের নানা দেশে গম-চাষে ঘাটতি দেখা দেয়। অপর দিকে প্রত্যেক দেশেই গম রপ্তানির উপর শাসন বসে। গমের জোগান, চালান, দাম ইত্যাদি সকল বিষয়েই সরকারী নিয়ন্ত্রণ কায়েম হয়। ইয়োরোপের যে সকল দেশ লড়াইতে মাতে নাই তাহারাও বিদেশী গম অল্পবাল্প পাইয়াছে।

একে জাহাজে জায়গার অভাব। অপর দিকে বিলাতী "ব্লকেডের" প্রভাব। "ব্লকেড" জারি করিয়া বিলাতী সরকার জার্মাণির পম-আমদানি রুখিতে চায়। কিন্তু লড়াইয়ের বহির্ভূত দেশগুলা বিদেশ হইতে পম আনদানি করিয়া সেই সব আবার জার্মাণিতে রপ্তানি করিতে পারে। এই ভয় আছে। কাজেই বিলাতী সরকারের ব্লকেড-নীতির চাপে উদাসীন বা নিরপেক্ষ দেশগুলাও পম আমদানি করিতে পারিতেছে না। ফলতঃ, কোনো-কোনো দেশে পমের অনটন ও দুর্ভিক্ষ দেখা দিয়াছে।

১৯৪২ সনে জানুয়ারী মাসে একমাত্র সুইট্‌জার্ল্যাণ্ড ও পর্তুগাল দেশে রুটির বাজার স্বাধীন ছিল। ইয়োরোপের অন্যান্য সকল দেশেই রুটির জন্য টিকেট দরকার হইত। প্রায় সকল দেশেই সরকারী তাঁবে নিয়ন্ত্রিত হইতেছে।

জাতীয় পুষ্টি-সমস্যা

খাদ্য-দ্রব্যের জোগান বলিলে সাধারণতঃ লোকে চাউল, আটা, ডাইল, তরকারী পাওয়া যায় কিনা সেই সমস্যা বুঝে। কিন্তু জিনিষগুলার পরিমাণ আর সরবরাহই একমাত্র প্রশ্ন নয়। একটা বড় কথা পুষ্টি। খাদ্য দ্রব্যগুলা পুষ্টিকর কিনা,—রান্নাবাড়ির দরুণ খাদ্য-দ্রব্যের সারাংশ নষ্ট হয় কিনা এই সব কথাও বিশেষ জরুরি। আজকাল-কার অর্থশাস্ত্রীদের ভিতর একদল খাদ্যশাস্ত্রীতে পরিণত হইয়াছে। খাদ্যশাস্ত্রীদের ভিতর আবার এক সংখ্যা একমাত্র পুষ্টি-সমস্যা লইয়াই মাথা ঘামাইয়া থাকে। মার্কিণ পণ্ডিত মরিস ফিশ্‌বাইন "ন্যাশন্যাল নিউট্রিশন" (জাতীয় পুষ্টি) লিখিয়াছেন। নিউ ইয়র্কের হবস্ মেরিল কোম্পানী প্রকাশক (১৯৪২, ১৯২ পৃষ্ঠা)। স্বাস্থ্যরক্ষার জন্য পরিষ্কার-পরিচ্ছন্নতা যেমন জরুরি খাদ্য-তত্ত্বও তেমনি জরুরি। এই হইল ফিশবাইনের মন্তর। লেখক বলিতেছেন, মার্কিণ নরনারী খাওয়া-দাওয়ায় সুখে আছে সন্দেহ নাই। বস্তুত, এমন সুখ-স্বাচ্ছন্দ্যে দুনিয়ার অন্য কোনো দেশের লোক নাই। কিন্তু পুষ্টিকর খাদ্য জুটে না বহুসংখ্যক মার্কিণ লোকের। তাহার ব্যবস্থা করার দিকে লেখক জনসাধারণের নজর টানিতেছেন। লড়াইয়ের সময়ে পুষ্টিকর খাদ্যের জোগান আরও বেশী আবশ্যক বলা বাহুল্য।

এইসকল কথা ভারতেও কিঞ্চিৎ-কিছু আলোচিত হইতেছে। তফাৎ এই যে, আমেরিকায় এইসকল কথা লাখ-লাখ লোকে বলে আর কোটি-কোটি লোকে শুনে। তাহা ছাড়া পাতি-মাফিক কাজ চালাইবার ব্যবস্থাও আছে গণ্ডা-গণ্ডা। আর আমাদের ভারতে বলে হয়ত দু-একজন। শুনেনা একজনও; আর কাজে চালানো ত পাগলামি ছাড়া আর কিছু নয়। বাঙালীর বাচ্চা যদি প্রতিদিন একটা করিয়া আটার রুটি খায় তাহা হইলে বৎসর তিনেকে তাহার চেহারায় নয়া তেজ দেখা দিতে পারে। এই কথা কত জায়গায় বাৎলানো যাইতেছে। কিন্তু শুনে কে? ভাতের মাড় ফেলিয়া দেওয়া উচিত নয়। এই কথাটা মাত্র রবীন্দ্রনাথকে দিয়াও বাজারে পাঁড় করাইয়া লোকজনের সামনে বলানো হইল। তাই বা শুনে কে? এমন কি যে সকল কর্মকর্তারা ধরিয়া-বাঁধিয়া রবীন্দ্রনাথের বাণীর ভিতর "ভাতের মাড় ফেলা নিষিদ্ধ" পাঁতি ঢুকাইয়া দিলেন তাঁহাদের গিন্নীরাও আগে মাড় ফেলিতে ওস্তাদ।

ষোল আনা নিয়োগ

সোভিয়েট রুশিয়ায় সরকারী তাঁবে কৃষি-শিল্প-বাণিজ্য চলিতেছে। কাজেই লোকজনের চাকুরি, বেতন, কর্ম-ক্ষেত্র ইত্যাদি সব-কিছুই গবর্মেণ্টের নিয়ন্ত্রণে চলে। ধনোৎপাদন, ধন-বিতরণ, বাজার-দর এইসবের কোনোটাই সেখানে স্বাধীন নয়। ইহারই নাম "প্লানড ইকনমি" অর্থাৎ নিয়ন্ত্রিত বা নিয়ন্ত্রণের অধীন আর্থিক ব্যবস্থা। মার্কিণ পণ্ডিত জন বিয়ার্ডস্‌লি "ফুল এম্প্লয়মেণ্ট" (পূর্ণ নিয়োগ) বইয়ে এই ব্যবস্থার সঙ্গে স্বাধীন আর্থিক ব্যবস্থার তুলনা করিয়াছেন। বইয়ের প্রকাশক নিউ হেভেনের ইয়েল ইউনিভার্সিটি প্রেস (১৯৪১, ২৯৭ পৃষ্ঠা)। নিয়ন্ত্রিত ব্যবস্থায় খরচপত্র আর আয়ের হিসাব করা হয় গবর্মেণ্টের মেজাজ-মাফিক। উৎপাদনের পরিমাণ নির্ভর করে সরকারী লাভ-লোকসানের বিচারের

উপর। গবর্মেণ্ট হয়ত সজ্ঞানে লোকসান দিয়াও কোনো বিশিষ্ট কারবার পুষ্ট করিবার মেজাজ দেখাইতে পারে। সোভিয়েট ব্যবস্থায় এইরূপই ঘটিতেছে। ইহার উল্টা অবস্থা দেখিতে পাই স্বাধীন আর্থিক ব্যবস্থায়। এই ব্যবস্থায় "বাজারের" জন্য উৎপাদন হইল আসল কথা। বাজারের ক্রেতা-বিক্রেতারা স্বাধীন। তাহারা প্রত্যেকে নিজ-নিজ চাহিদা ও জোগানের উপর নির্ভর করিয়া দরদস্তুর করে। খরচ বেশী, আয় কম,—এইরূপ অবস্থা বাজার-ব্যবস্থায় ঘটা অসম্ভব। কোনো মাল তৈয়ারি করিলে যদি আয়ের চেয়ে খরচ বেশী পড়ে সেই মাল বাজার-ব্যবস্থায় তৈয়ারি হইতে পারে না।

নিয়ন্ত্রিত ব্যবস্থায় দেশের লোককে ষোল আনা কাজে মোতায়েন রাখা সম্ভব। সকল প্রকার কুদরতি মাল, সুযোগ-সুবিধা ইত্যাদিও নানা কারবারে খাটানো সম্ভব। অধিকন্তু কারকর্ম যথাসম্ভব গণতান্ত্রিকভাবে পরিচালনা করা সম্ভব। এইসকল দিক্ হইতে নিয়ন্ত্রিত আর্থিক ব্যবস্থার স্বপক্ষে পিগার্সন রায় দিয়াছেন। এই ব্যবস্থায় মাত্র একটা দোষ আছে। সে হইতেছে কারবারের কর্মকর্তাদের ব্যক্তিগত দায়িত্ব-মালিক কায় চালাইবার সুযোগাভাব।

বাজার-ব্যবস্থারও ষোল-আনা নিয়োগ সম্ভব। কিন্তু পিগার্সন বলিতেছেন:—"কথায় কথায় সরকারী পুঁজি ঢালিয়া সরকারী কারবার কায়েম করা ঠিক হইবে না। তাহা হইলে স্বাধীন আর্থিক ব্যবস্থা পঙ্গু পাইবে। তাহার ঠাঁইয়ে দেখা দিবে নিয়ন্ত্রিত ব্যবস্থা। তখন বাজারে আর নিয়ন্ত্রণে টক্কর চলিতে থাকিবে।" তবে মাল তৈয়ারি হইবামাত্র তাহার খরিদ্দার জুটানো গবর্মেণ্টের কাজ হওয়া উচিত। দরকার হইলে গবর্মেণ্ট নিজেই মালপত্র কিনিয়া রাখিতে পারে। বস্তুতঃ, জন-সাধারণের ক্রয়-শক্তি বাড়াইয়া দেওয়া গবর্মেণ্টের হাতে। মজুরদের আয় বাড়িলে বাজারে ক্রেতার অভাব হয় না।

১। "ম্যানেজারিয়্যাল রেভোলিউশন" (কর্মকর্তৃত্বের বিপ্লব)—জেম্‌স্‌ বার্ণহাম ; নিউইয়র্ক ; জন ডে কোং ; ১৯৪১ ; ২৮৫ পৃষ্ঠা।

২। "ফ্রিয়েশন অব পার্চেজিং পাওয়ার" (ক্রয়শক্তি সৃষ্টির উপায়),—ডি, এম, রাইট্‌ ; কেম্ব্রিজ ; হার্ভার্ড বিশ্ববিদ্যালয় প্রেস ; ১৯৪২ ; ২৬৫ পৃষ্ঠা ; ৩ ডলার।

৩। "ডী গেঞ্জেল শাফ্‌টসক্রিসিয়া ডাব্‌ গেগেল ডার্ট্‌" (বর্ত্তমানের সমাজ-সঙ্কট) ;—ভাব্লিউ, রোপ্‌কে ; জুরিখ ; অয়গেন রেন্টশ কোং ; ১৯৪২ ; ৪১০ পৃষ্ঠা।

৪। "রাইস-ইকনমি অব মনসুন এশিয়া" (মনসুন বায়ুর অধীন এশিয়ার ধান্য-ব্যবস্থা)—ডি, ডি ভিকিজার এবং এম, কে, বেনেট ; স্ট্যানফোর্ড, (ক্যালিফর্ণিয়া), খাদ্য গবেষণা সমিতি ; ১৯৪১ ; ৩৭০ পৃষ্ঠা, ৩'৫০ ডলার।

৫। "আমেরিকান ট্যাক্‌সেশন" (মার্কিণ কর-প্রথা) —এস, র‍্যাট্‌নার ; নিউইয়র্ক ; ১৯৪২ ; ৫৬১ পৃষ্ঠা ৪'৫০ ডলার।

৬। "থিয়োরি অব কনজিউমার্স ডিমাণ্ড" (খাদকের চাহিদা-বিষয়ক তত্ত্ববিশ্লেষণ),—নিউহেভেন, ইয়েল বিশ্ব-বিদ্যালয় প্রেস ; ১৯৪২ ; ২২০ পৃষ্ঠা।

৭। "সুইডিশ কলেক্‌টিভ বার্গেইনিং সিস্টেম" (সুই-ডেনের সঙ্ঘবদ্ধ মজুরে মালিকে দর-কষাকষি),—পি, এইচ, নগ্রেন ; কেম্ব্রিজ, হার্ভার্ড বিশ্ববিদ্যালয় প্রেস ; ৩৪৪ পৃষ্ঠা।

৮। "ডেমক্রেসি, এফিশিয়েন্সি, ষ্টেবিলিটি" (গণ-তন্ত্র, কর্মদক্ষতা, স্থিতিপ্রতিষ্ঠা) ;—এ, সি, মিল্‌স্‌ পাউণ্ড ; ওয়াশিংটন, ব্রুকিংস ইন্‌ষ্টিটিউশন ; ১৯৪২ ; ৪৩২ পৃষ্ঠা ; ৪ ডলার।

৯। "থ্রি আস্পেক্‌টস অব লেবার ডাইনামিক্‌স" (মজুর-গতির তিন দিক্‌) ভাব্লিউ ওইটিন্‌স্‌কি ; ওয়াশিংটন, সোস্যাল সায়েন্স রীসার্চ কাউনসিল ; ১৯৪২ ; ২৬৩ পৃষ্ঠা ; ২'৫০ ডলার।

১০। "নেশান অ্যাণ্ড ফ্যামিলি" (জাতি ও পরিবার), এ মির্ডাল ; নিউইয়র্ক ; হার্পার ব্রাদার্স ১৯৪১ ; ৪৫২ পৃষ্ঠা ; ৪ ডলার।

"সোস্যাল সায়েন্স প্রিন্‌সিপল্‌স্‌ ইন দি লাইট অব সায়েন্টিফিক মেথড" (বৈজ্ঞানিক আলোচনা প্রণালীর প্রভাবে সামাজিক বিজ্ঞানের পুনর্গঠন), কে, মায়ার,—ডারহাম (নর্থ কারোলাইনা) ; ডিউক ইউনিভার্সিটি প্রেস ; ১৯৪১ ; ৫৮৬ পৃষ্ঠা ; ৪ ডলার।

১২। "ন্যাশন্যাল ইনকাম অ্যাণ্ড ইট্‌স কম্পোজিশন ১৯১৯-১৯৩৮" (জাতীয় আয় ও তাহার গড়ন ১৯১৯-৩৮), —এস, কুজ্‌নেট্‌স্‌ ; নিউইয়র্ক ; ন্যাশন্যাল বিউরো অব ইকনমিক রীসার্চ ; ১৯৪১ ; দুই খণ্ড ; ৯৪৯ পৃষ্ঠা ; ৫ ডলার।

১৩। "দি ফিলিপিন্‌স্‌" (ফিলিপিন দ্বীপপুঞ্জ);—জে, আর, হেড্‌ন ; নিউইয়র্ক ; ম্যাকমিলান কোং ; ১৯৪২ ; ১০১০ পৃষ্ঠা ; ৩১ শিলিঙ ৬ পেন্স।

১৪। "কনজিউমারস্‌ ইন্‌স্টলমেণ্ট ক্রেডিট অ্যাণ্ড ইক-নমিক ষ্ট্রাক্‌চুয়েশন্‌স্‌" (খাদকের কিস্তিবন্দী ও অর্থনৈতিক গঠা-নামা),—ডি, হাবার্থার ; নিউইয়র্ক ; ন্যাশন্যাল বিউরো অব ইকনমিক রীসার্চ ; ১৯৪২ ; ২৪৯ পৃষ্ঠা ; ২'৫০ ডলার।

যুদ্ধকালের রকমারি মুদ্রা-স্ফীতি

শ্রীঅনাথবন্ধু দত্ত, এম এ, এফ আর ই এস্, এ আই বি (লণ্ডন)

(পূর্ব্বানুবৃত্তি)

(৪)

আমরা এপর্য্যন্ত আমাদের যুক্তিতে ধরিয়া লইয়াছি যে ছয় মাসের মুদ্রা-আয় মুদ্রা-তহবিলের (বাষিক) সমান। কিন্তু মুদ্রা-আয় যদি কোন নির্দ্দিষ্ট গতির বাহিরে চলে, আর দ্রব্য-মূল্যও সেইরূপ চলিতে থাকে, তবে আমাদের স্বীকৃতি অনুযায়ী সিদ্ধান্ত হইবে না। মানুষ মুদ্রার বিশ্বাস হারাইবে এবং মুদ্রার বিনিময়ে দ্রব্যাদি কিনিবার দিকে ঝুঁকিবে। ইহারই অর্থ এই যে, মুদ্রা তহবিল যে হারে বাড়িবে মুদ্রা-আয় বাড়িবে তদপেক্ষা বেশী হারে। এক প্রকার অন্ন আছে যাহা ক্রমে বাড়িয়াই চলে। দাম বাড়িবে ও তৎসঙ্গে মুদ্রা-আয় বাড়িবে। সঙ্গে সঙ্গে আসিবে আরও অবিশ্বাস (মুদ্রার প্রতি), মুদ্রা হইতে 'ক্রয়-শক্তির' পলায়ন, আরও আয়-বৃদ্ধি, দ্রব্য মূল্যের আরও বৃদ্ধি। এই যে ক্রমবর্দ্ধমান মুদ্রা-গতি বা সম্প্রসারণ ইহাই 'মুদ্রাস্ফীতি'। এই স্ফীতি বা অতি-সম্প্রসারণের একটা নূতন নামকরণ দরকার। কেহ কেহ ইহাকে মুদ্রার গ্যালপিং বা চরম স্ফীতি বলিয়া থাকে। প্রথমে কতটা স্ফীতির পর—মজুরি-প্রবর্ত্তিত কিম্বা ঘাটতি-প্রবর্ত্তিত যে কোন প্রকারের স্ফীতিই হউক—তাহা চরম স্ফীতিতে পরিণত হইতে পারে উহা জাতির মেজাজ ও অতীত অভিজ্ঞতার উপর নির্ভর করে। জার্ম্মাণির মত দেশে গত দ্বিতীয় দশকে অল্পতেই চরম মুদ্রা-স্ফীতি দেখা দিয়াছে। ইংলণ্ডের মত দেশে যেখানে যুদ্ধ ও শান্তি সকল সময়েই মুদ্রা অনাহত অবস্থার ভিতর দিয়া আসিয়াছে সেখানে গ্যালপিং মুদ্রা স্ফীতির অবস্থা খুব বিলম্বে আসিবার কথা। কিন্তু এখানেও প্রারম্ভিক মুদ্রা-স্ফীতি (হউক তাহা দেশের কর্ম্ম-তৎপরতা ও উৎপাদনের সঙ্গে সঙ্গে) যদি দুই বৎসরে মুদ্রা-আয় দ্বিগুণিত ও চারি বৎসরে চতুর্গুণ করে তাহাও বিপজ্জনক। কিন্তু দুই বৎসরে শতকরা ৫০৲ চারি বৎসরে শতকরা ১০০৲ মুদ্রা আয় বৃদ্ধিতে চরম বা গ্যালপিং স্ফীতির বিপদ নাই। যদি গবর্ণমেণ্ট তাহার দরকারী ব্যয় নির্ব্বাহের জন্য নূতন মুদ্রা সৃষ্টি শতকরা ১০ ভাগের বেশী না করে, তবে আমাদের সিদ্ধান্ত মতে ঘাটতি-প্রবর্ত্তিত মুদ্রা-স্ফীতি বেশী বিপদের কারণ নাও হইতে পারে। কাহারও কাহারও মতে যুদ্ধ আরম্ভ হইতে আজ পর্য্যন্ত কোনরূপ মুদ্রা-স্ফীতি বা ইন্‌ফ্লেশন হয় নাই। মুদ্রার সম্প্রসারণ নিশ্চয়ই হইয়াছে—অর্থাৎ আয় সম্পর্কিত কার্য্যতৎপরতা যতটা বৃদ্ধি পাইয়াছে তাহার তুলনায় মুদ্রা-আয় বাড়িয়াছে। অবশ্য এই বৃদ্ধির অধিক হিসাব করা চলে না। এই প্রসঙ্গে কতগুলি স্বীকৃত বিষয় পাওয়া যায়। গবর্ণমেণ্ট হোয়াইট পেপারে (সি-এম-ডি ৬২৬১) খুব সাবধানে হিসাব করিয়া যে অনুমান প্রকাশিত হইয়াছে তাহাতে বলা হইয়াছে যে, ১৯৪০ সনের জাতীয় আয় (ন্যাশনাল ইন্‌কাম) ১৯৩৮ সনের ১·২৬ গুণ। আবার ১৯৪০ সনের শেষ অর্দ্ধবর্ষে প্রথম ছয় মাসের ১·০৮ গুণ। ইহা ছাড়া এই সংখ্যাগুলির সহিত নয়টা ক্লীয়ারিং ব্যাঙ্কের সংখ্যার খুব সামঞ্জস্য দেখা যায়। ইহাদের ১৯৪০ সনের মাসিক গড় ১৯৩৮ সনের ১·২৪ গুণ। আবার ১৯৪০ সনের দ্বিতীয়ার্দ্ধের গড় প্রথমার্দ্ধের ১·০৯ গুণ। এই উভয়বিধ সংখ্যার সমান্তরাল গতি হইতে ধারণা করা চলে যে, আয়ের ঊর্দ্ধগতির সহিত ব্যাঙ্ক-জমার এক সামঞ্জস্য ছাড়া ইহা আর কিছু নয়। ১৯৩৯ সনের ব্যাঙ্ক-জমার তুলনায় ১৯৪১ সনের প্রথম ছয় মাসের জমা ১·৩০ গুণ। সুতরাং এইরূপ সিদ্ধান্ত করা অযৌক্তিক নহে যে, যুদ্ধের দরুণ শতকরা ৩০ হারে মুদ্রার স্ফীতি হইয়াছে। বর্ত্তমান প্রবন্ধের প্রথম দিকে আমি অনুমান করিয়াছিলাম যে, আজ পর্য্যন্ত যুদ্ধের দরুণ আয় সম্পর্কিত কার্য্যতৎপরতা শতকরা ১০ হইতে ১৫

বাড়িয়াছে। এই হিসাব ঠিক হইলে যুদ্ধ কালীন মুদ্রা-স্ফীতি (যাহার সংখ্যা দিয়াছি) শতকরা ২০তে পৌঁছিয়াছে (আগষ্ট ১৯৪১)। মিষ্টার বেভিনের স্বীকৃতি অনুযায়ী মুদ্রা আয়, সেপ্টেম্বর ১৯৩৯ হইতে জুলাই ১৯৪১ মধ্যে, মোটামুটি শতকরা ২১ বাড়িয়াছে। মোদ্দা কথা এই, যে কোনরূপ মুদ্রা-স্ফীতিই আপত্তিজনক, কারণ ইহা দ্বারা সকলের আয়ের উপরই সমানভাবে করভার চাপিয়া যায়; যদিও কর তত্ত্বের বড় কথা হইতেছে এই যে, বড় লোকেরা অপেক্ষাকৃত বেশী টেক্স দিবে এবং গরীবেরা করভার কম বহন করিবে এবং করের গতি হইবে ক্রম-নিম্নগ। মুদ্রা-স্ফীতি দ্বারা আরও ক্ষতি এই হয় যে, যাহাদের আয় ক্রমবর্দ্ধমান আয়ের তালে তালে বাড়ে না তাহাদিগকে ইহা নির্ম্মম ভাবে আঘাত করে। যাহারা বাঁধা সুদের ডিবেঞ্চারের মালিক, সাধারণ সেয়ারের অধিকারী নহে অথবা যাহারা যাঁরা মাহিনার কর্ম্মচারী যথা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক প্রভৃতি তাহারা এই দলে পড়েন। কিন্তু মুদ্রা-স্ফীতি খুব অল্প হইলে বিশেষ-কিছু আসে যায় না। প্রকৃত কথা এই যে, মুদ্রার সম্প্রসারণ বা স্ফীতির আর্থিক ব্যবস্থা যে সকল সময়ই ক্ষতির কারণ হয় তাহা বলা চলে না। যদি যুদ্ধের শেষে সকলেরই আয় বাড়িয়া যায় তবে রাষ্ট্রীয় আয়-ব্যয় সমস্যা তেমন জটিল হয় না। গত যুদ্ধের পর অর্থ সচিবকে বিসদৃশ অবস্থায় পড়িতে হইত যদি জাতীয় আয় ৩৫০ কোটী পাউণ্ড না হইয়া যুদ্ধ পূর্ব্ব ২০০ কোটীই থাকিত। কিন্তু যে মুদ্রা-স্ফীতি গ্যালপিং বা চরম অবস্থায় পৌঁছিয়াছে তাহার স্বপক্ষে কিছু বলিবার নাই। ১৯২০ সনের জার্ম্মাণি ও অন্যান্য দেশের ব্যাপারে দেখা গিয়াছে যে, এই চরম মুদ্রা-স্ফীতিই হইয়াছিল পূর্ণ বিশৃঙ্খলা বা বিপ্লবের অগ্রদূত। যদি যুদ্ধের সময়ে এইরূপ মুদ্রা-স্ফীতি দেখা দেয় তবে উহার ফলে যুদ্ধ জয় অসম্ভবও হইতে পারে। কিন্তু যুদ্ধারম্ভের দুই বৎসর পরেও শতকরা ২০ হিসাবে মুদ্রা-স্ফীতি কিছু ভয়াবহ নহে। আর এরূপ মুদ্রা-স্ফীতি মারাত্মকও নহে। যে ভাবে অর্থ সচিব এতদিন চালাইয়াছেন সেই ভাবে চালাইতে থাকিবেন। তাঁহার সহকর্ম্মী সচিবগণের কোন অসন্তোষের কারণ থাকিবে না।

আধুনিক ইয়োরোপের আর্থিক উন্নতি

শ্রীশিবচন্দ্র দত্ত, এম এ, বি এল

জমি ও লোকবল

গত বিশ্বযুদ্ধের ঝড় ইয়োরোপের উপর দিয়া বহিবার আগে ইয়োরোপ কিরূপ ছিল, কয়েক বৎসর মাত্র আগে ইয়োরোপ যাহা ছিল তাহা কি প্রণালীতে গড়িয়া উঠিয়াছিল, এই সব কথা বুঝিতে হইলে, আরও আগের যুগে, এমন কি সুদূর অতীতে ইয়োরোপ কেমন ছিল তাহা পরিষ্কাররূপে জানা যে একান্ত দরকার, তাহা সহজেই বোঝা যায়। আধুনিক যুগের গোড়ার দিক্ হইতে আজ পর্য্যন্ত ইয়োরোপের উন্নতির কয়েকটি সামাজিক ও আর্থিক দিকের বিবরণ দেওয়াই আমাদের উদ্দেশ্য। তিন চার শতাব্দী লইয়াই আমরা আলোচনা করিব। কিন্তু ৩।৪ শত বছরের মধ্যে প্রধানতঃ আমরা দেড়শ' বছরের দিকেই বিশেষ মনোযোগ দিব। ইয়োরোপের ইতিহাসে অন্যান্য যুগে—যেমন শেষ রোমক সাম্রাজ্যের যুগে, জার্ম্মাণআক্রমণের যুগে, সামন্ত (ফিউডাল) প্রতিষ্ঠানগুলার আবির্ভাব ও বিস্তারের যুগে এবং ঊনবিংশ শতাব্দীর কারখানা শিল্পের আবির্ভাবের যুগে—আর্থিক ও সামাজিক পরিবর্ত্তনগুলা যেমন সুদূরপ্রসারী ও গভীর ছিল, পঞ্চদশ শতাব্দী হইতে অষ্টাদশ শতাব্দী পর্য্যন্ত আর্থিক ও সামাজিক পরিবর্ত্তনগুলা তত গভীর ও ব্যাপক ছিল না। মোটামুটি এই কথা বলা যায় যে, আর্থিক গড়নের দিক্ হইতে এবং

সামাজিক রীতিনীতির দিক্' হইতে ইয়োরোপের মধ্য যুগের জীবন শেষ হইয়াছে ১৭৪০ সনে, এমন কি প্রধানতঃ ১৮০০ সনে। মধ্যযুগ হইতে আধুনিক যুগে এই যে পরিবর্ত্তন, উহার দিকেই আমাদের প্রথমে মন দিতে হইবে। যে জমি ও লোকবল আধুনিক ইয়োরোপের উন্নতির ভিত্তি তাহার বিশেষত্বগুলা তাড়াতাড়ি আলোচনা করিতে হইবে। মধ্যযুগের শেষের দিক্ হইতে ফরাসী বিপ্লবের যুগ ও নেপোলিয়ানের যুগ পর্য্যন্ত আর্থিক ও সামাজিক ইতিহাসের মূল কথাগুলা কয়েকটি অধ্যায়ে আলোচনা করিব। তাহার পর, পরের যুগের পরিবর্ত্তন ও কার্য্যকলাপগুলার বিস্তারিত আলোচনা সুরু করিব।

প্রথমতঃ, দুইটা কথার দিকে আমাদের মন দিতে হইবে—ইয়োরোপীয় মহাদেশের গড়ন এবং তাহা উন্নতিশীল সমাজের প্রয়োজন মিটাইবার পক্ষে কিরূপ উপযোগী এবং অষ্টাদশ শতাব্দী শেষ হইবার আগে ইয়োরোপীয় লোকবলের কিরূপ বৃদ্ধি ঘটিয়াছিল এবং তাহা কোথায় কিভাবে পরিবিষ্ট ছিল।

পরিধি ও গড়ন

পৃথিবীতে গোটাছয়েক বড় বড় ভূখণ্ড আছে। এগুলাকে মহাদেশ বলে। উহাদের মধ্যে সবচেয়ে ছোট অষ্ট্রেলিয়া। ঠিক তাহার উপরেই ইয়োরোপের স্থান। ভৌগোলিক হিসাবে উহা বিরাট এশিয়া মহাদেশের একটি 'লেজুড়' ছাড়া কিছু নয়। কিন্তু ইতিহাসের চোখে ইয়োরোপ এশিয়া হইতে খানিকটা বাহিরের দেশ। যদিও ইয়োরোপের অধিবাসীদের পূর্ব্বপুরুষদের জন্ম এশিয়াতেই হইয়াছিল এবং যদিও তাহাদের সভ্যতার মূল খুঁজিতে গেলে এশিয়ারই নানা অনুষ্ঠান-প্রতিষ্ঠান এবং এশিয়ারই চিন্তা ও জীবন-ধারার মধ্যে প্রবেশ করিতে হইবে, তবুও ইয়োরোপের অধিবাসীরা সুন্দর পাশ্চাত্য সভ্যতা গড়িয়া তুলিয়াছে। এই পশ্চিমা মহাদেশের মোট পরিধি একেবারে ঠিক বলা সম্ভব নয়। আজ ইয়োরোপের এমন কোন অংশ নাই, যেখানে মানুষ যাইতে পারে নাই, বা যাহার মাপজোক্ হয় নাই। ইয়োরোপের সমুদ্রতীরের নানা স্থানের সমুদ্রের দিকে অগ্রগতি এবং সমুদ্র হইতে পশ্চাদপসরনের ফলে ইয়োরোপের পরিধির যে পরিবর্ত্তন হইতেছে তাহা বাদ দিলেও, কোন্ কোন্ জমি ইয়োরোপের অন্তর্গত ধরিতে হইবে, এবং কোন্ কোন্ জমি ইয়োরোপের বাহির বলিয়া গণ্য হইবে, সে সম্বন্ধে ভৌগোলিকরা একমত নন্। আটলান্টিক মহাসমুদ্রের এবং ভূমধ্য-সাগরের অনেকগুলা দ্বীপ সম্বন্ধেই এইরূপ মতভেদ আছে। পূর্ব্ব ও দক্ষিণ-পূর্ব্বদিকে রাশিয়া ককেশাস্ ও উরাল পর্ব্বতের 'পৃষ্ঠদেশ'কে তাহার ইয়োরোপীয় অংশের সীমানা বলিয়া সরকারীভাবে স্বীকার করে। কিন্তু বিশেষ করিয়া উরাল পর্ব্বতের কোন অবিচ্ছিন্ন 'পৃষ্ঠদেশ' নির্দ্দেশ করা যায় না এবং সেইজন্য উহার উপর কোন নির্দ্দিষ্ট সীমা-রেখাও টানা যায় না। সেইজন্য ইয়োরোপের পরিধি ৩৪ লক্ষ ৭০ হাজার বর্গ মাইল হইতে ৪০ লক্ষ ৯০ হাজার বর্গ মাইল বলা চলে। কয়েকটি স্থান ইয়োরোপের অন্তর্গত বলিয়া ধরা বা না ধরার দরুণ ইয়োরোপের পরিধি উহার চেয়েও বড় বা ছোট হইতে পারে। সব চেয়ে কম পরিধি যাহা বলা হইল, তাহা লইয়া আলোচনা করিলে, ইয়োরোপ উত্তর আমেরিকার অর্দ্ধেকের চেয়ে অনেক ছোট, আফ্রিকার এক-তৃতীয়াংশের চেয়ে ছোট, এবং এশিয়ার এক-পঞ্চমাংশের চেয়ে বেশী-কিছু বড় নয়। ইয়োরোপের পরিধি অষ্ট্রেলিয়ার চেয়ে মাত্র ৬ লক্ষ ২৩ হাজার বর্গ মাইল বেশী।

উচ্চ-নীচ ভূমি দেখানো আছে এইরূপ একটি ম্যাপ দেখিলেই বোঝা যাইবে যে, ইয়োরোপের পূর্ব্ব অর্দ্ধেকে একটি বিরাট সমতলভূমি এবং পশ্চিম অর্দ্ধেকে সমতলভূমির পর পার্ব্বত্য ভূমি এবং পার্ব্বত্য ভূমির পর সমতল ভূমি এইরূপ সমান জমি ও পার্ব্বত্য জমির সমাবেশ। যে স্থানগুলা উচ্চ সেগুলা প্রধানতঃ দুই ভাগে ভাগ করা যাইতে পারে—(১) সংযুক্ত স্থানগুলা; এইগুলা আইবিরীয় দ্বীপ হইতে আরম্ভ করিয়া কৃষ্ণসাগর পর্য্যন্ত বিস্তৃত; ইহার মধ্যে বিরাট আইবিরীয় সমমালভূমি (টেবললাণ্ড), ক্যাণ্টাব্রিয়ান ও পীরেনিস্ পর্ব্বত এবং সেভেন্স্ ও কার্পেথিয়ান পর্ব্বতসমূহ ইহার অন্তর্গত; (২) বিচ্ছিন্ন স্থানসমূহ; এইগুলা

মহাদেশটির প্রায় অর্দ্ধেকটা ব্যাপিয়া ; আইস্‌ল্যাণ্ড, ব্রিটিশ দ্বীপপুঞ্জের পর্ব্বতসমূহ, স্ক্যাণ্ডিনেভিয়ান পর্ব্বতসমূহ ; উরাল পর্ব্বতসমূহ, ক্রীমিয়ার ইয়ায়িলা পর্ব্বতমালা এবং ভূমধ্য সাগরের দ্বীপগুলা এই দ্বিতীয় ভাগের অন্তর্গত। পর্ব্বত-গুলার অবস্থান এইরূপ যে পশ্চিমের গরম হাওয়া পূর্ব্বদিকে অনেক দূর অবধি প্রবাহিত হইতে পারে। আবহাওয়ার দিক্ হইতে এই কথাটি খুবই দরকারী। পর্ব্বতমালাগুলা অনেকটা পরস্পর হইতে বিচ্ছিন্ন হইলেও, উহাদের মধ্যে অনেকগুলা গিরিপথ ও উপত্যকা থাকায় উচ্চ পর্ব্বতগুলার ভিতর দিয়াও অপেক্ষাকৃত অল্প আয়াসে যাতায়াত করা সম্ভব। পর্ব্বতগুলার এইরূপ গড়নের একটা বিশেষ ঐতিহাসিক মূল্য আছে। খুব ব্যাপকভাবে ধরিলে পূর্বের বিরাট সমতলভূমি এবং উত্তরের বিরাট্ সমতলভূমির বিস্তার ২৬ লাখ ৬৬ হাজার বর্গ মাইল ব্যাপিয়া। ছোটোখাটো সমতলভূমিগুলার বিস্তার ৬৮০০০ বর্গ মাইল। ইতালির সমতলভূমিগুলা ২১,০০০ বর্গ মাইল স্থান জুড়িয়া আছে। সমতলভূমিগুলার মোট বিস্তার ২৭ লাখ ১৯ হাজার বর্গ মাইল, অর্থাৎ সমগ্র মহাদেশের প্রায় তিন-চতুর্থাংশ।

উন্নতিশীল সভ্যতার পক্ষে মহাদেশের উপযোগিতা

ইয়োরোপে কেবল যে সমতলভূমির প্রাধান্য আছে তাহা নয়। উন্নতিশীল সভ্যতার কেন্দ্র হিসাবে ইয়োরোপের প্রধানতঃ তিনটি সুবিধা আছে ; (১) নাতি শীতোষ্ণ জলবায়ু, (২) ভাঙ্গা-চুরা সমুদ্রতীর ও বহু নদ-নদী ও (৩) জমির উর্ব্বরতা, যার ফলে বিভিন্ন প্রকারের শস্য প্রচুর পরিমাণে উৎপন্ন হয়। ইয়োরোপের জলবায়ুর দিক্ হইতে সবচেয়ে বড় কথা এই যে যদিও মহাদেশটির উত্তরদেশ সুমেরু বৃত্তকেও ছাড়াইয়া উত্তর দিকে গিয়াছে, উহার মূল ভূখণ্ডের সবচেয়ে দক্ষিণাংশ কর্কট ক্রান্তি (ট্রপিক্ অব্ ক্যান-সার) হইতে ১৩½ ডিগ্রি উত্তরে। সুতরাং যেসব অক্ষাংশ (ল্যাটিটিউড্) ইতিহাস হইতে জানা যায় যে মানুষের শক্তি-উদ্ভাবন ক্ষমতা এবং রুচি বিকাশের পক্ষে সবচেয়ে সুবিধা-জনক, ইয়োরোপের অধিকাংশই ঠিক সেই সব অক্ষাংশে (ল্যাটিটিউডে) অবস্থিত। মহাদেশটির পশ্চিম দিকটা খোলা ; আতলান্তিক হইতে বড় বড় ভূমধ্যস্থ সমুদ্র ইয়ো-রোপের প্রধান ভূখণ্ডের ভিতরে ভিতরে প্রবিষ্ট হইয়াছে ; ইয়োরোপের পর্ব্বতমালাগুলা প্রধানতঃ পূব-পশ্চিমে লম্বা, সুতরাং উপসাগর স্রোতে (গাল্‌ফ্‌স্ট্রীম) যে জল গরম হয় এবং তাহা হইতে যে সুগন্ধি বায়ু প্রবাহিত হয়, তাহা মহাদেশের অনেকখানি অংশকে শীতের প্রাধান্য হইতে রক্ষা করে। এই সব কারণেও মহাদেশটির সুবিধা আরও বাড়িয়াছে। ইয়োরোপে প্রধানতঃ দক্ষিণ-পশ্চিম বায়ু প্রবাহিত হয়। তাহার ফলে উত্তর ফ্রান্স, জার্ম্মাণি, বেল-জিয়ম, হল্যাণ্ড এবং দক্ষিণ স্ক্যাণ্ডিনেভিয়া প্রচুর বারিপাত লাভ করে, তাহা ছাড়া ঐ সব অংশে অনেক দূর ভিতর পর্য্যন্ত শীতকালে শৈত্য এতটা কম থাকে যাহা দুনিয়ার ঠিক ঐরূপ অক্ষাংশে (ল্যাটিটিউড) আর কোথাও দেখা যায় না।

ইয়োরোপের দ্বিতীয় সাধারণ সুবিধা এই যে, মহাদেশ-টির সমুদ্রতীর খুবই ভাঙ্গা-চোরা এবং মহাদেশের ভিতরের জল-পথও প্রচুর। ইয়োরোপের সমুদ্রতীরের দৈর্ঘ্য বার-বার মাপজোক্ করিয়া যে ফল পাওয়া গিয়াছে, তাহাতে দেখা গিয়াছে যে, একবারের মাপের সহিত অন্যবারের মাপের মিল নাই। কিন্তু এটা ঠিক যে মহাদেশের ভিতরে যতখানি জমি সন্নিবিষ্ট তাহার সহিত সমুদ্রতীরের দৈর্ঘ্যের অনুপাত দেখিলে, পৃথিবীর অন্য যে কোন মহা-দেশের চেয়ে ইয়োরোপের সমুদ্রতীরের দৈর্ঘ্য ঢের বেশী। হিসাব করিয়া দেখা গিয়াছে যে, মহাদেশের ভিতরের প্রত্যেক স্থান হইতে সমুদ্র পর্য্যন্ত যে দূরত্ব তাহার গড় দূরত্ব (মিন ডিস্‌ট্যান্স) ২০৯ মাইল। রিগা, ড্যানজিগ্, লিবেক, কীল্, হ্যামবার্গ্, বুলন, শারবুর্গ, সাদামপটন্, লিভারপুল, লিসবন, জিব্রালটার, মার্সেলে, জেনোয়া, নেপ্‌লস্, ভেনিস্, ট্রিষ্ট্, কনস্তান্তিনোপ্‌ল্ এবং আরও অনেক সহর চমৎকার বন্দরের উপর অবস্থিত। ইহা হইতেই বোঝা যায় যে, ইয়োরোপে জাহাজ চলাচলের ও সামুদ্রিক বাণিজ্যের কতখানি সুবিধা। অনেকগুলা ভাল বন্দরই বড় বড় নদীর মোহানায় অবস্থিত। ইহার ফলে বন্দরগুলার কার্য্যকারিতা যেমন বাড়িয়াছে, নদীগুলার দামও তেমন বাড়িয়াছে। মহাদেশটির অতি অল্প অংশেই বারিপাত

অপ্রচুর। কিন্তু নদীগুলা যেমন সংখ্যায় বেশী, তেমন বড়। সবচেয়ে উল্লেখযোগ্য নদীগুলা এই—(১) রাশিয়ার যে সব নদী কৃষ্ণসাগর ও কাস্পিয়ান সমুদ্রে পড়িয়াছে, যথা—ভল্গা, নীপার ও ডন্; (২) ভিস্চুলা, এলব্, ওদ্রার এবং রাইন (যদিও ইহা পুরাপুরি আর্য্যাণ নদী নয়)—এই সব আর্য্যাণ নদী যাহারা বল্টিক সমুদ্রে পড়িয়াছে; (৩) যে সব ফরাসী নদী পশ্চিমদিকে ও দক্ষিণদিকে প্রবাহিত হইয়াছে যথা, সীন্, লোয়ার্, গারোন্ ও রোন্; ডুয়ারো, টেগাস্, গুয়াডিয়ানা, গুয়াডাল কুইভার নামীয় আইবিরীয়ার নদী যাহারা পশ্চিমদিকে প্রবাহিত, (৪) উত্তর ইতালির পো নদী এবং সংশ্লিষ্ট নদীগুলা এবং (৬) মধ্য ও দক্ষিণপূর্ব্ব ইয়োরোপের দানিয়ুব নদী এবং তৎসংশ্লিষ্ট নদীসমূহ।

এককথা মোটামুটি বলা যায় যে, ইয়োরোপে এমন কোন স্থান নাই যেখানে কোন বিশেষ প্রকারের প্রাকৃতিক সম্পদ্ প্রচুর পরিমাণে পাওয়া যায়। কোন কোন মার্কিণ-রাষ্ট্রে ও চীনদেশে যত বড় বড় কয়লার স্তর পাওয়া যায়, বিলাত বা আর্য্যাণির কয়লার স্তর তত বিস্তৃত নয়। দক্ষিণ-রাশিয়ায় বিশাল বিশাল ক্ষেত্রে গম উৎপন্ন হয় সত্য। কিন্তু উত্তর-পশ্চিম আমেরিকায় ও আর্জ্জেন্টিনাতে উহার চেয়ে বড় বড় ক্ষেত্রে গম উৎপন্ন হয়। কিন্তু অপর দিকে এটিও লক্ষ্য করা দরকার যে, ইয়োরোপের সাধারণ উৎপাদিকা শক্তি বেশ উঁচু দরের। সুমেরু বৃত্তের ভিতর বা কাছাকাছি যেসব স্থান সেইগুলা বাদ দিলে এবং যেসব আয়গা অত্যন্ত পর্ব্বতাকীর্ণ বলিয়া চাষবাস, গোচারণ ও বৃক্ষ-রোপণের পক্ষে অনুপযুক্ত, সেইসব স্থানও বাদ দিলে, ইয়োরোপে খুব অল্প আয়গাই আছে যেখানে মানুষের প্রয়োজনীয় কোন না কোন জিনিষ উৎপন্ন না করা যায়। মহাদেশটির মধ্যে মরুভূমি অতি সামান্য অথবা একেবারে নাই বলিলেও চলে। গম আর রাই এই দুটিই ইয়োরোপের প্রধান খাদ্যশস্য। ভূমধ্য সাগরের উত্তর কূল হইতে উত্তরদিকে অক্ষাংশ (ল্যাটিচিউড্) ৬৫° ডিগ্রী পর্য্যন্ত, ফিন্‌লাণ্ড ও নরওয়ে দুই দেশেই, গম উৎপাদন করা যায়। রাই, বার্লি ও ছোলা ইয়োরোপের আরও উত্তর ভাগে লাভ রাখিয়া উৎপাদন করা যায়। আলু, স্পেল্ট, হপস্, শণ, ফ্লাক্স, হেম্প এবং তুলা বিস্তীর্ণ ভূখণ্ডে জন্মানো যায়। যে ভূভাগের ভিতর দিয়া রাইন্ নদীর উত্তরাংশ প্রবাহিত, সেইখান হইতে দক্ষিণ দিকে অনেক বিস্তীর্ণ আয়গায় তামাক, আঙ্গুর, জলপাই, কমলালেবু, লেবু এবং ডুমুর প্রধান উৎপন্ন দ্রব্য। স্ক্যাণ্ডিনেভিয়ান্ দেশগুলা, আর্য্যাণি এবং ফ্রান্স, হাঙ্গেরী ও রাশিয়ার অংশবিশেষ প্রচুর বন-সম্পদে পূর্ণ। বিলাত, আর্য্যাণি, বেলজিয়াম ও ফ্রান্সে কয়লা প্রচুর। আর্য্যাণি, বিলাত, সুইডেন, ফ্রান্স, স্পেন, রাশিয়া এই কয়টি দেশে লোহা প্রচুর। আর্য্যাণি নরওয়ে ও সুইডেনে নিকেলের প্রাচুর্য্য। তামার প্রাচুর্য্য স্পেন, পর্ত্তুগাল, ইতালি ও আর্য্যাণিতে। সীসার প্রাচুর্য্য আর্য্যাণি, স্পেন ও ইতালিতে। আর্য্যাণিতে পটাশ সল্ট খুব বেশী। গন্ধকের আধিক্য ইতালিতে। এইসব খনিজ সম্পদের কম-বেশী আধিক্যের ফলে, ইয়োরোপীয় ভূভাগে সোণা রূপার আপেক্ষিক অভাবে কিছুই আসে যায় নাই।

৯নং পঞ্চানন ঘোষ লেনস্থ কলিকাতা ওরিয়েণ্টাল প্রেস লিঃ হইতে ঐযোগেশচন্দ্র সরখেল কর্ত্তৃক প্রকাশিত ও মুদ্রিত।

আর্থিক উন্নতি

কৃষি শিল্প বাণিজ্য ও ধর্মবিজ্ঞান বিষয়ক পত্রিকা

১৮শ বর্ষ | আশ্বিন, ১৩৫০ | ৬ষ্ঠ সংখ্যা

বঙ্গেশ্বরী কটন মিল্‌স লিমিটেড
ম্যানেজিং ডিরেক্টর ডক্টর শ্রীযুক্ত নরেন্দ্রনাথ লাহা

বার্ষিক মূল্য ৩৲ টাকা (ডাক মাশুল ।৵০ আনা স্বতন্ত্র) প্রতি সংখ্যা ।০ আনা

সম্পাদক শ্রী বিনয়কুমার সরকার

ARTHIK UNNATI

(Economic Progress)

Established April, 1926

A monthly journal, in **Bengali**, on economics (theoretical and applied), the applications of industrial research and scientific inventions for social welfare and material progress.

The object of the journal is to function as an organ of banking, foreign trade, money market, insurance, industrialization, agricultural enterprises, railway and shipping economics, public finance, economic legislation, national health, technical education, rural reorganization, municipal administration and other civic interests.

Edited by Prof. Dr. Benoy Kumar Sarkar, *Vidya-vaibhava*

Section 1. deals with the *wealth of Bengal*, profession by profession. The data are furnished by the reports of correspondents specially employed for the purpose. The standard of life prevailing among cultivators, artisans, fishermen, boatmen, leather-workers, weavers, shopkeepers, merchants, land-owners, exporters, importers, industrial workers, sailors, clerks, directors and founders of modern industries, banks and other business establishments—all classes of the Bengali population.—is the main theme of these statistical and objective investigations.

Section 2. deals with agricultural, manufacturing and *commercial activities of India* (excluding Bengal, but including the Indian states).

Section 3. deals with the *economic developments of the world*. It seeks to interpret the movement in foreign finance, industries and commerce to the Indian businessmen and economists. India's opportunities for co-operation with foreigners in all spheres of international trade and investment constitute likewise a special subject of study. The facts of world-economy involving, as they do, the intimate interdependence of India and the other countries in regard to economic functions and material welfare are placed before the readers in the form of a regular news-service.

Section 4. deals with the movements and pronouncements of the world's prominent bankers, captains of industry, engineers, chemists, experts in technical, commercial and agricultural education, statisticians, economists, finance-ministers and so forth. The *programmes of learned societies*, businessmen's associations, and bankers' institutes etc. fall within this section.

Section 5. is given over to *interviews* with specialists on problems of applied economics and economic thought.

In all these sections *Arthik Unnati*, although a monthly, intends to acquire the dynamic character of a weekly or even a daily newspaper.

Special Features:

1. A tabular statement of the contents (with occasional synopsis) of the economic, financial, export-import, statistical and allied journals in the Indian and foreign languages including *French*, *German*, *Italian*, and whenever possible, *Russian*, *Japanese* and *Turkish*.
2. Review of books.
3. A serial announcement of Indian and foreign books on economics, banking, commerce, technical education and all other branches of material and social welfare.

N.B. About *fifty per cent* of the monthly devotes itself to **essays and discussions of permanent value** bearing on the methods and problems of the economic sciences. **Bengali translation** or summaries of the views and theories of foreign economists of the present or preceding generations form a marked characteristic of this journal.

Annual subscription Rs. 3/- (excluding postage).

Office: 9, Panchanan Ghose Lane (off Amherst Street), Calcutta

Director

DR. NARENDRA NATH LAW

Managing Director, Bangeswari Cotton Mills, Ltd., Calcutta.

Section 1. Wealth of Bengal: Innumerable Famished and deseased People lying on the Streets of Calcutta as a result of Scarcity of Rice in Bengal. The beggar Problem in Calcutta. Effort at growing Soyabean. Damodar Flood. (pp. 119-121).

Section 2. Economic India : Trade and Commerce in Mysore. Mysore State Railway. Insurance Business in India. Fire, Marine and other Insurance Business. (pp. 122-123).

Section 3. World Economy: Foreign Workshops in Post-war China. British Casualities in Air Fight. Street Accident in England. Cultivation of Soyabean in America. (pp. 124-125).

Section 4. Men, Institutions and Movements: Late Sir Nilratan Sarkar, a Pioneer of Indian Trade and Industry. Women Workers in Germany. Books and Journals in Free China. Chinese Students and the Applied Sciences. Foreign Policy of Post-war China. (pp. 126-128).

Section 5. Interview: What is Bengal Revolution? (pp. 129-130).

Section 6. World of Journals: *The Agricultural Situation*, April 1942 Issue Summarized. (pp. 132-134).

Section 7. Reviews: Conditions of Peace.
Work. (pp. 135-136).

Section 8. Bibliography:

Articles:

Invention of Clay Pipe Tubewells.
By Bipad Baran Sarkar, B. A. (pp. 138-139).

Cowrie as Coin.
By Satis Chandra Guha Thakur. (pp. 139-140).

Works by and about BENOY SARKAR

B. K. SARKAR:

1. **Villages and Towns as Social Patterns.** Pages 704. Eight Charts. Rs. 15. (Royal).
2. **Economic Development.** Vol. I. Pages 464. Rs. 8. Vol. II. Pages 320, Nine Charts. Rs. 6. (Demy).
3. **The Political Philosophies since 1905.** Vol. I. Pages 404. Rs. 4. (Crown). Vol. II. Part I. Pages 366, Rs. 5. Part II. Pages 570. Rs. 12. Part III. Pages 368. Rs. 8. (Demy).
4. **The Sociology of Races, Cultures and Human Progress.** Pages 410. Rs. 7. (Royal).
5. **Introduction to Hindu Positivism.** Pages 770. Rs. 16. (Royal).
6. **Creative India.** Pages 725. Rs. 15. (Demy).
7. **The Politics of Boundaries.** Pages 340. Rs. 2-8-0. (Crown).
8. **Social Insurance Legislation and Statistics.** Pages 470. Nine Charts. Rs. 8. (Demy).
9. **Imperial Preference vis-a-vis World-Economy.** Pages 172. Fifteen Charts. Rs. 5. (Royal).
10. **Indian Currency and Reserve Bank Problems.** Pages 94. Fourteen Charts. Rs. 3. (Royal).

S. C. DUTT: **Conflicting Tendencies in Indian Economic Thought.** (Sarkarism in Economics). Pages 234. Rs. 5. (Royal).

N. N. CHAUDHURY: **Pragmatism and Pioneering in Benoy Sarkar's Sociology and Economics.** Pages 152. Rs. 3. (Royal).

S. K. GHOSHAL: **Sarkarism** (The Ideas and Ideals of Benoy Sarkar on Man and His Conquests). Pages 60. Re. 1. (Royal)

S. DASS (and fourteen collaborators). **The Social and Economic Ideas of Benoy Sarkar.** Pages 690. Rs. 12. (Royal)

CHUCKERVERTTY CHATTERJEE & CO., LTD. 15 College Square, Calcutta.

জীবনযাত্রার পাথেয়

জীবনযাত্রার অনিশ্চিত পথে
জীবন বীমা মানুষের
প্রধান পাথেয়।

আমাদের গৃহ-সংসার কত আশা-উৎসাহ, কত শান্তি ও সুখের স্বপ্ন দিয়ে তৈরী! বাপ মায়ের সে স্বপ্ন বুঝি আজ রূঢ় বাস্তবের আঘাতে ভেঙ্গে যায়। তাই নিজের জন্যও যেমন তাদের দুশ্চিন্তা, ছেলেমেয়ে ও আত্মীয় পরিজনের জন্যও তেমনি তাদের উদ্বেগ ও আশঙ্কা—কি উপায়ে তাদের জীবনযাত্রা নির্ব্বাহের উপযোগী সংস্থান করে রাখা যায়। বর্ত্তমান দুর্দ্দিনে ও ভবিষ্যতের আর্থিক সঙ্কটে তারা কোন্ পাথেয় নিয়ে দাঁড়াবে?—হিন্দুস্থানের বীমাপত্র সেই মূল্যবান পাথেয়—দুর্দ্দিনের সর্ব্বোত্তম আশ্রয়। উপার্জ্জনশীল ব্যক্তিমাত্রেরই অবিলম্বে এই পাথেয় সংগ্রহ করা উচিত।

হিন্দুস্থান কো-অপারেটিভ

ইন্‌সিওরেন্স সোসাইটি, লিমিটেড্

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস্, কলিকাতা।

NEW ECONOMIC AND SOCIOLOGICAL WORKS

Labour Legislation in British India (Pankaj Mukherjee) Rs. 3/-
Conflicting Tendencies in Indian Economic Thought (Shib Dutt) Rs. 5/-
La Politica Finanziaria Britannica in India (Dr. Moni Moulik) Rs. 5/-
The Economics and Law of Central Banking (Prof. Sachin Dutt). Ans. -/8/-
The Messages of Dante (Prof. Subodh Ghoshal). Ans. -/4/-
The Social and Economic Ideas of Benoy Sarkar, Edited by Prof. Daneswar Dass with the collaboration of Fourteen Scholars and with a Foreword by Dr. Narendra Nath Law. Rs. 12/-
7. Economic Dialectics (Nagen Chaudhury). Rs. 2/.
8. Italian Economy and Culture (Dr. Moni Moulik). Rs. 3/-
9. Principles of Civics, Part I. (Prof. Sachin Dutt). Re. 1-4-0
10. Herder's Doctrine of National Soul (Ghoshal) Ans. -/4/-

CHUCKERVERTTY CHATTERJEE & Co. Ltd.
15, College Square, Calcutta.

সূচী

বাংলার সম্পদ :—কলিকাতার রাজপথে নিরন্ন ও রুগ্ন। কলিকাতায় ভিক্ষুক-সমস্যা। সোয়াবিন চাষের চেষ্টা। দামোদরের বন্যা। (১১৯-১২১)

আর্থিক ভারত :—ভারতীয় বিমানবহর। মহীশূরের ব্যবসাবাণিজ্য। মহীশূর ষ্টেটে রেলওয়ে। ভারতে বীমা ব্যবসা। অগ্নি, জাহাজী প্রভৃতি নানা জাতীয় বীমা-ব্যবসায়। (১২২-১২৩)

দুনিয়ার ধনদৌলত :—যুদ্ধোত্তর চীনে বিদেশী কারখানা। আকাশ লড়াইয়ে ইংরেজের হতাহত: বিলাতী সড়কে দুর্ঘটনা। আমেরিকার সোয়াবিনের চাষ। (১২৪-১২৫)

ব্যক্তি ও সঙ্ঘ :—স্বদেশী শিল্প বাণিজ্যের ধুরন্ধর নীলরতন সরকার। জার্মাণির মেয়ে মজুর। সমান কাজের সমান মজুরী। স্বাধীন চীনের পুস্তক ও সাময়িক পত্রিকা। ফলিত বিজ্ঞান ও চীনা ছাত্র। যুদ্ধোত্তর চীনের পররাষ্ট্র নীতি। (১২৬-১২৮)

মোলাকাৎ :—বঙ্গবিপ্লব কি? (১২৯-১৩১)

পত্রিকা-জগৎ ১৩২

সমালোচনা

গ্রন্থপঞ্জী

প্রবন্ধাবলী :

(১) মাটির নলকূপ আবিষ্কার
শ্রীবিপদ্ভঞ্জন সরকার ১৩৮

(২) কড়ি-মুদ্রা
শ্রীসতীশচন্দ্র গুহ ঠাকুর ১৩৯

বিনয় সরকারের বৈঠকে

(বিংশ শতাব্দীর বঙ্গ-সংস্কৃতি)

শ্রীহরিদাস মুখোপাধ্যায়

রামকৃষ্ণ-সাম্রাজ্য, বঙ্গ-বিপ্লব, স্বদেশী আন্দোলন, ডন সোসাইটির সতীশ মুখোপাধ্যায়, অরবিন্দ-দর্শন, শিল্প-বাণিজ্যে বাঙালীর প্রগতি, মজুর-আন্দোলন, মেয়েদের পুরুষ-সাম্য, "অবনীন্দ্র-মণ্ডল", লাঠি-সেনাপতি পুলিন দাস, ব্রাহ্ম সমাজ, নজরুল ও অন্নদাশঙ্কর, বাংলার বৈজ্ঞানিক, ঐতিহাসিক ও দার্শনিক গবেষকগণ, রাবীন্দ্রিক ভগবান, গল্প-রচনায় বাঙালী মেজাজ, হিন্দু-মুসলমানের ধর্ম-মিলন, গুরুসদয়ের নাচানাচি, সুরেন্দ্রনাথ হ'তে শ্যামাপ্রসাদ, ১৯৮০ সনের বাঙালী ইত্যাদি বিষয়ে বিংশ শতাব্দীর বঙ্গ-সংস্কৃতি সম্বন্ধে অধ্যাপক বিনয়কুমার সরকারের সঙ্গে কথোপকথন। প্রশ্নোত্তরের আকারে লিখিত। ৪৯০ পৃষ্ঠা মূল্য ৫৲

বঙ্গীয় ধনবিজ্ঞান পরিষদ্ ও বঙ্গীয় সমাজ-বিজ্ঞান পরিষদের সুধীবর্গের লিখিত কয়েকখানি গ্রন্থ

১। একালের ধনদৌলত ও অর্থশাস্ত্র (বিনয় সরকার) :—প্রথম ভাগ ২।০, দ্বিতীয় ভাগ ৭৲। ২। ধনদৌলতের রূপান্তর (বিনয় সরকার) ১।০। ৩। পরিবার, গোষ্ঠী ও রাষ্ট্র (বিনয় সরকার) ২।০। ৪। স্বদেশী আন্দোলন ও সংরক্ষণনীতি (বিনয় সরকার) ২৲। ৫। নয়া বাঙলার গোড়াপত্তন (বিনয় সরকার) :—প্রথম ভাগ ২।০, দ্বিতীয় ভাগ ২৲। ৬। বাড়্তির পথে বাঙালী (বিনয় সরকার) ৩।০। ৭। দেশ-বিদেশের ব্যাঙ্ক (ডক্টর নরেন্দ্রনাথ লাহা ও জিতেন সেনগুপ্ত) ১৸০। ৮। টাকাকড়ি (রবি ঘোষ) ১।০। ৯। টাকার কথা (নরেন রায়) ১৲। ১০। ধনবিজ্ঞানে সাকুরেতি (শিব দত্ত) ২৲। ১১। বাংলায় ধনবিজ্ঞান (বিনয় সরকার ও অন্যান্য লেখকগণ) প্রথম ভাগ ৪।০, দ্বিতীয় ভাগ ৩৲। ১২। সমাজ-বিজ্ঞান (বিনয় সরকার ও অন্যান্য লেখকগণ) ৩৲। ১৩। মার্কিণ সমাজ ও সমস্যা (নগেন চৌধুরী) ২৲। ১৪। ফরাসী মনীষীদের প্রগতি-দর্শন (প্রফুল্ল বিশ্বাস) ।০।

চক্রবর্ত্তী চ্যাটার্জ্জি অ্যাণ্ড কোম্পানী লিমিটেড

১৫, কলেজ স্কোয়ার, কলিকাতা

আশ্বিন—১৩৫০

আর্থিক উন্নতি

১৮শ বর্ষ—৬ষ্ঠ সংখ্যা

অহমস্মি সহমান উত্তরো নাম ভুম্যাম্।
অভীষাড়স্মি বিশ্বাষাড়াশামাশাং বিষাসহি ॥

অথর্ববেদ ১২।১।৫৪

পরাক্রমের মূর্ত্তি আমি,—'শ্রেষ্ঠতম' নামে আমায় জানে সবে ধরাতে ;
জেতা আমি বিশ্বজয়ী,—তব আমার দিকে দিকে বিজয়-কেতন উড়াতে।



কলিকাতার রাজপথে নিরন্ন ও রুগ্ন

কলিকাতা কর্পোরেশনের পাবলিক হেলথ কমিটির নিকট ভিক্ষুক-সমস্যা সম্বন্ধে কর্পোরেশনের হেলথ অফিসার এক রিপোর্ট পেশ করিয়াছেন। উহাতে তিনি প্রস্তাব করিয়াছেন যে, বিভিন্ন হাসপাতালে বিমান আক্রমণে আহত রোগীদিগের জন্য যেসমস্ত বেড সংরক্ষিত হইয়াছে তাহার মধ্য হইতে বর্ত্তমানে ১০০ বেড্ রাস্তায় প্রাপ্ত রোগীদিগের জন্য ছাড়িয়া দিবার নিমিত্ত কর্পোরেশনের পক্ষ হইতে গবর্ণমেণ্টের নিকট অনুরোধ জ্ঞাপন করা কর্ত্তব্য।

উক্ত রিপোর্টে তিনি আরও বলিয়াছেন যে, বাহির হইতে যে সমস্ত ভবঘুরে আসিয়া সহরে ভীড় জমাইতেছে তাহাদিগকে দেখার দায়িত্ব গবর্ণমেণ্টের উপর নির্ভর করে। হাসপাতালে উপযুক্ত ব্যবস্থা না থাকায় তাঁহারা চেষ্টা করিয়াও এই সকল মৃতপ্রায় ভিক্ষুককে হাসপাতালে ভর্ত্তি করিতে পারেন নাই। ইহাদের মধ্যে অনেকে বসন্তে ভোগে এবং সেজন্য তাহাদিগকে কোন হাসপাতালে ভর্ত্তি করা যায় না। সুতরাং অন্ততঃ ১০০ বেডের ব্যবস্থা করার নিমিত্ত যাদবপুর ও পাতিপুকুর হাসপাতাল কর্ত্তৃপক্ষের সহিত গবর্ণমেণ্টের একটা বন্দোবস্ত করা কর্ত্তব্য। এজন্য যদি সময়ের প্রয়োজন হয়, তাহা হইলে ক্যাম্পবেল হাসপাতালে বসন্ত চিকিৎসার জন্য যেসকল শেড্ আছে তাহার একটি উপরোক্ত রোগীদের চিকিৎসার জন্য সাময়িকভাবে ব্যবহার করা যাইতে পারে। অতঃপর অন্যান্য হাসপাতালে উক্ত উদ্দেশ্যে অবিলম্বে বাড়তি বেডের ব্যবস্থা করা যাইতে পারে অবশ্য বেশী অর্থসাহায্য পাওয়া গেলেই ইহা করা সম্ভব। এইরূপ ২০০ বেডের ব্যবস্থা করিতে মাসিক ১০,০০০৲ হইতে ১৫,০০০৲ ব্যয় হইবে।

রাস্তা হইতে মৃতদেহগুলি অপসারণের জন্য পুলিশের

অনুমতি যদি শীঘ্র শীঘ্র দেওয়া না হয়, তাহা হইলে বিলম্ব হওয়া অবশ্যম্ভাবী। রাস্তায় প্রাপ্ত মৃতদেহের সংখ্যা ইদানীং বাড়িয়াছে এবং বর্ত্তমান বৎসরের ৭ মাসে যতগুলি মৃতদেহ স্থানান্তরিত হইয়াছে, উহাদের সংখ্যা গত ও তৎপূর্ব্ব বৎসরের মোট বাৎসরিক সংখ্যাকে ইতিমধ্যেই ছাড়াইয়া গিয়াছে।

কলিকাতার ভিক্ষুক-সমস্যা

কলিকাতার ভিক্ষুক-নিয়ন্ত্রণ পরিকল্পনাটি অবশেষে বাস্তবে পরিণত হইতে চলিল এবং কয়েকদিনের মধ্যেই আনুষ্ঠানিকভাবে প্রবর্ত্তিত হইবে। পরিকল্পনাটি অনুমোদনের জন্য গভর্ণর বাহাদুর একটি অর্ডিন্যান্স জারি করিয়া প্রয়োজনীয় মঞ্জুরী প্রদান করিয়াছেন এবং মন্ত্রিমণ্ডলীও আইন-সভার আগামী অধিবেশনে এই সম্পর্কে একটি বিল আনয়নের ইচ্ছা প্রকাশ করিয়াছেন। এই অর্ডিন্যান্সে যাহাকে ভিক্ষুক বলিয়া মনে হইবে তাহাকে ধরিয়া বিশেষ ক্ষমতাপ্রাপ্ত ম্যাজিষ্ট্রেটের সম্মুখে হাজির করিবার ক্ষমতা পুলিশকে দেওয়া হইয়াছে। ম্যাজিষ্ট্রেট ঘটনাস্থলেই সরাসরি তদন্ত করিয়া যদি কোন ব্যক্তিকে ভিক্ষুক বলিয়া বুঝিতে পারেন, তাহা হইলে তিনি সেইরূপ অভিমত লিপিবদ্ধ করিয়া তাহাকে পরীক্ষা-কেন্দ্রে পাঠাইবার আদেশ দিবেন। সেখানে তাহার স্বাস্থ্য পরীক্ষা করিয়া যথোপযুক্ত ভিক্ষুক-আশ্রমে পাঠান হইবে। আইনানুসারে ভিক্ষুকদিগকে (১) কুষ্ঠরোগী, (২) সংক্রামক ব্যাধিগ্রস্ত ও (৩) উন্মাদ—এই কয়টী শ্রেণীতে ভাগ করিবার ব্যবস্থা হইয়াছে। ইহাদিগকে অপরাপর ভিক্ষুক হইতে পৃথক রাখা হইবে। ভিক্ষুক কথাটীর অর্থ এই যে, যে ব্যক্তি প্রকাশ্যে ভিক্ষা করে বা ভিক্ষা করিয়া জীবনযাত্রা নির্ব্বাহ করে; কিন্তু যাহারা সুপরিচিত দাতব্য প্রতিষ্ঠানের চাঁদা আদায়ের জন্য যথাবিহিতভাবে ক্ষমতাপ্রাপ্ত হইয়াছে অথবা যাহারা খাদ্যদ্রব্যের মূল্য বৃদ্ধি হেতু সম্প্রতি ভিক্ষাবৃত্তি অবলম্বন করিতে বাধ্য হইয়াছে, তাহাদের প্রতি এই অর্ডিন্যান্স প্রযুক্ত হইবে না। শেষোক্ত ব্যক্তিদের দুঃখ নিবারণের জন্য অন্য ব্যবস্থা করা হইয়াছে।

মহালন্দির ভিক্ষুক আশ্রমের নির্ম্মাণকার্য্য শেষ হইতে এখনও কয়েক মাস কাটিয়া যাইবে বলিয়া গভর্ণমেণ্ট কলিকাতা শহরের পূর্ব্বপ্রান্তে একটী বিরাট বাড়ী লইয়া অস্থায়িভাবে ভিক্ষুক আশ্রম খুলিয়াছেন। জনস্বাস্থ্য ও স্বায়ত্তশাসন বিভাগের মাননীয় মন্ত্রী ১৫ দিন পূর্ব্বে বাড়ীটী ও তৎসংলগ্ন ব্যবস্থাদি পরিদর্শন করিয়া আসিয়াছেন। এই বাড়ীতে ২৭,০০০ বর্গ ফুট পরিমিত দুইটী বিরাট কক্ষ ও ২,০০০ বর্গ ফুট পরিমিত আর কতকগুলি অতিরিক্ত কামরা রহিয়াছে এবং এগুলি হাসপাতাল হিসাবে ব্যবহার করা হইবে। নারী ও পুরুষদিগকে পৃথকভাবে রাখিবার জন্য সুবিধামত গৃহগুলিকে ভাগ করা যাইতে পারে। ছোট ছোট ছেলেমেয়েরা তাহাদের মাতার সঙ্গে থাকিতে পারিবে। এক্ষণে এক হাজার ভিক্ষুককে এই বাড়ীতে স্থান দেওয়ার মতলব করা হইয়াছে এবং যাহারা খুব বেশী ব্যাধিগ্রস্ত ও বিকলাঙ্গ তাহাদিগকেই সর্ব্বাগ্রে গ্রহণ করা হইবে। সংক্রামক ব্যাধি নিবারণের জন্য যথাযথ স্বাস্থ্য বিষয়ক বন্দোবস্ত করা হইয়াছে ও সাধারণ পরিচ্ছন্ন রণের বন্দোবস্ত ছাড়া একটা নলকূপও বসান হইয়াছে। আশ্রম গৃহ ও উহার বাসিন্দাদের পরিচ্ছন্নতার জন্য সকল প্রকার ব্যবস্থা করা হইয়াছে। আশ্রমের কর্ম্মকর্ত্তা, তথেই-সংখ্যক ওয়ার্ডার এবং নারী ও পুরুষ চাকরবাকরদের বাসস্থানের বন্দোবস্তও করা হইয়াছে।

সস্তায় চাষের চেষ্টা

কলিকাতা অঞ্চলে সস্তায় চাষে উৎসাহ দিবার জন্য এবং খাদ্য হিসাবে সস্তায় চাষের উপযোগিতা প্রচারের উদ্দেশ্যে, অসাময়িক সরবরাহ দপ্তর হইতে সস্তায় চাষের বীজ বিতরণের ব্যবস্থা হইয়াছে। গৃহসংলগ্ন সস্তায় চাষের উপযোগী জমিতে চাষের জন্য গৃহস্থগণ সস্তায় চাষের বীজ পাইতে পারিবেন। আট তোলা ওজনের এক একটি প্যাকেটের নামমাত্র মূল্য এক আনা। সহরের এ আর পি ওয়ার্ডেনদের গোষ্ঠে পাওয়া যাইবে। সস্তায় চাষের পদ্ধতি, উহার খাদ্যমূল্য এবং উহা হইতে খাদ্য প্রস্তুত করিবার প্রণালী সম্বলিত প্রয়োজনীয় তথ্যাদিপূর্ণ প্রচারপত্র

প্রত্যেক ক্রেতাকে বিনামূল্যে দেওয়া হইবে। ১৯৫ চার্চ লেনে অসামরিক সরবরাহ দপ্তরের প্রচার বিভাগে দরখাস্ত করিলে বিনামূল্যে ঐ প্রচারপত্র পাওয়া যাইবে।

দামোদরের বন্যা

গত ১৬ই জুলাই তারিখে অকস্মাৎ দামোদরের বন্যা দেখা দেয় এবং বর্দ্ধমান শহর হইতে কয়েক মাইল দূরে বাঁধ ভাঙ্গিয়া উচ্ছ্বসিত জলধারা নিকটবর্ত্তী অঞ্চলকে প্লাবিত করিয়া দেয়। এই সংবাদ কলিকাতায় পৌঁছামাত্রই সেচ ও পূর্ত্ত বিভাগের মাননীয় মন্ত্রী এবং রাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রী অবিলম্বে ঘটনাস্থলে গমন করতঃ প্লাবন-বিধ্বস্ত অঞ্চল পরিদর্শন করেন। তাঁহাদের প্রদত্ত বিবরণী হইতে জানা গিয়াছে যে, প্রায় ২০,০০০ লোক-অধ্যুষিত সাতটি ইউনিয়নের অধীন এলাকা এই আকস্মিক বন্যার ফলে বিপন্ন হইয়াছে। সৌভাগ্যবশতঃ কোন মানুষের প্রাণ-হানি হয় নাই; কিন্তু জমির ফসল ও ঘরবাড়ীর ক্ষতি হইয়াছে বিস্তর। মাননীয় মন্ত্রীদের উদ্যোগে মোসলেম-লীগ, হিন্দু মহাসভা, কংগ্রেস ও অন্যান্য প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধিদের সমবায়ে একটি রিলিফ্ কমিটী অবিলম্বে গঠন করা হইয়াছে। বর্দ্ধমানের মহারাজাধিরাজ বাহাদুর এই কমিটীর সভাপতি নির্ব্বাচিত হইয়াছেন। উল্লিখিত দুইজন মাননীয় মন্ত্রী দুর্ঘটনার সঙ্গে সঙ্গেই অতি দ্রুত সর্ব্বদলের সমন্বয়ে এই রিলিফ কমিটী গঠন করিয়া বিশেষ তৎপরতার পরিচয় দিয়াছেন। কমিটী অবিলম্বেই সাহায্য প্রদানের ব্যবস্থাও করে। পরিস্থিতির আর একটী উল্লেখযোগ্য বিষয় ইহাই যে, অনেক বেসরকারী সাহায্য প্রতিষ্ঠানও বিপন্নদের সাহায্যের জন্য অবিলম্বে অগ্রসর হইয়াছে।

প্রায় ৩০ বৎসর পূর্ব্বে দামোদরের বন্যায় বর্দ্ধমান জেলায় আর একবার শোচনীয় অবস্থার সৃষ্টি হইয়াছিল। তখন বর্ত্তমান মহারাজাধিরাজ বাহাদুরের পিতা সহস্র সহস্র বিপন্ন মানুষের সাহায্যের জন্য অগ্রণী হইয়াছিলেন। বর্ত্তমান মহারাজাধিরাজ বাহাদুরও যে আজিকার দুর্দ্দিনে বিপন্নের সাহায্যার্থ অগ্রসর হইয়াছেন, ইহা সম্পূর্ণ সময়োচিতই হইয়াছে। বন্যা-সাহায্য সমিতিতে সাহায্য প্রার্থনা করিয়া তিনি যে আবেদন প্রচার করিয়াছেন, তাহা অতি সরল ও হৃদয়গ্রাহী ভাষায় রচিত হইয়াছে। বন্যার ফলে যে দুঃখ-দুর্দ্দশার উৎপত্তি হইয়াছে, এই আবেদনে অতি সংক্ষিপ্ত ভাষায় তাহা বর্ণিত হইলেও ইহার মধ্য দিয়াই দুর্দ্দশার প্রকৃত ছবি ফুটিয়া উঠিয়াছে। বর্দ্ধমান জেলার কালনা ও কাটোয়া মহকুমাতেও যে অনুরূপ দুর্দ্দশা দেখা দিয়াছে, মহারাজাধিরাজ বাহাদুর তাঁহার আবেদনে তাহাও উল্লেখ করিয়াছেন এবং বিপন্ন মানবতার সাহায্যের জন্য সকলকে অগ্রসর হইতে আহ্বান জানাইয়াছেন। জানা গিয়াছে যে, মহারাজাধিরাজ বাহাদুরের এই আবেদনে যাঁহারা সর্ব্বপ্রথমেই সাড়া দিয়াছেন, তন্মধ্যে মহামান্য গভর্ণর বাহাদুর একজন এবং তিনি তাঁহার ইচ্ছামত বাবের তহবিল হইতে ৫,০০০৲ টাকা ইতিমধ্যেই রিলিফ কমিটীতে প্রদান করিয়াছেন। (বাঙলার কথা)

ভারতীয় বিমানবহর

সরকারীভাবে ঘোষণা করা হয়েছে যে, ভারতীয় বিমান বহরে সৈন্যসংখ্যা দ্রুত বৃদ্ধি পাইতেছে। সারা ১৯৪২ সনে মাসিক গড়ে যত বৈমানিক যোগ দিয়াছিল ১৯৪৩ সনের মার্চ্চ মাসে তার চেয়ে অন্ততঃ ছ'গুণ বেশী লোক যোগ দেয়। গত তিন মাসের হিসাবে দেখা যাবে যে, পূর্ব্বাঞ্চলে অধিকতর সংখ্যায় লোকে সৈন্যদলে যোগ দিতেছে। বাংলা ও যুক্তপ্রদেশ থেকে বহু লোক যোগ দিয়াছে, এবং বিহার হইতে এতদিন যত লোক যোগ দিয়াছিল, তার চেয়ে অন্ততঃ ছ'গুণ লোক বেশী যোগ দিয়াছে। পশ্চিমাঞ্চলেও বৈমানিক-সংখ্যার বৃদ্ধির হার বিস্ময়কর। মার্চ্চ মাসে ফেব্রুয়ারী মাসের শতকরা ১১২ জন যোগ দেয়, এবং গত বছরের তুলনায় প্রায় দশ গুণ লোক যোগ দেয়। গত বছর সমগ্র ভারতে মাসিক যত লোক গড়ে যোগ দিয়াছে, মার্চ্চ মাসে একমাত্র বোম্বে হইতেই তার চেয়ে বেশী লোক যোগ দেয়। মাদ্রাজ প্রদেশ হইতেও বহু লোক বিমান-বাহিনীতে যোগ দিতেছে। বৃটিশ বাহিনীর যাঁরা শিক্ষা-দাতা, তাঁরা বলেন কেবল সংখ্যায় নয় গুণের দিক্ হইতেও ভারতীয় বিমানবহর উৎকর্ষ লাভ করিয়াছে।

মহীশূরের ব্যবসা-বাণিজ্য

পূর্ব্বাপেক্ষা ব্যবসায় ক্ষেত্রে এখানে কিছু ঢিলা দেখা দিয়াছে। কাঁচামাল ও তৈয়ারী মালের দামও বাড়িতেছে। তুলার পিস্-গুড্স্ তৈয়ারী অনেক পরিমাণে হ্রাস পাইয়াছে। ১৯৪২ সনের সাধারণ ইনডেক্স নাম্বার ছিল ১৮৬, কিন্তু ১৯৪১ সনের আগষ্ট মাসে উহা ছিল ১৩৭।

নিম্নলিখিত তালিকা হইতে বিভিন্ন দ্রব্যের ইনডেক্স নাম্বার বুঝা যাইবে :—

শস্যাদি	
তৈল ও তৈলবীজ	
অন্যান্য খাদ্যদ্রব্য	১৭৯
কাপড়-জামা	১৬৯
অন্যান্য	২১১
সাধারণ ইনডেক্স নাম্বার	১৮৬

মহীশূরে ষ্টেট রেলওয়ে

আলোচ্য মাসে (ডিসেম্বর ১৯৪২) ষ্টেট রেলওয়ের আয় হইয়াছিল ৭,৭৪,৩১২ টাকা। এবং তাহার পূর্ব্ব মাসের সংখ্যা ছিল ১১,৩৪,৪৭৫। ১৯৪২ সনের ১লা জুলাই হইতে ১লা আগষ্ট পর্য্যন্ত মোট আয় ছিল ১৯,০৮,৮৮৭ টাকা এবং পূর্ব্ব বৎসরে উক্ত সময়ে আয়ের পরিমাণ ছিল ১৪,৭৭,১৫৯ টাকা।

১৯৪২ সনের আগষ্ট মাসে মোট বাণিজ্যদ্রব্য এবং ধাতুদ্রব্য বহন করার পরিমাণ জানা গিয়াছে ২,১৭৩,২৪২ মণ (রেলওয়ের) কিন্তু জুলাই মাসে ছিল ২,৪৪৮,৪০৫। ১লা জুলাই হইতে আগষ্ট মাস পর্য্যন্ত মোট ছিল ৪,৭৩১,৬৫৭ এবং পূর্ব্ব বৎসরের উক্ত সময়ে ছিল ৪,৭৬২,৪৭০।

ভারতে বীমা-ব্যবসা

ভারতবর্ষে ১৯৪২ সনের ১৫ই জুন পর্য্যন্ত মোট বীমা কোম্পানীর সংখ্যা ২৯৪টী। তন্মধ্যে ভারতীয় কোম্পানীর

সংখ্যা ১২৮টী এবং বিদেশী কোম্পানী ২৪টী। ২টী কোম্পানী লোসাইটী অব্ লয়েড্‌সের সহিত স্থায়ী চুক্তিতে আবদ্ধ।

১২৮টী ভারতীয় কোম্পানীর মধ্যে ৭২টীর প্রধান কার্য্যালয় বোম্বাই প্রদেশে, ৪৮টীর বাংলায়, ৩২টীর মাদ্রাজ প্রদেশে, ১৭টীর পাঞ্জাবে, ১২টীর দিল্লীতে, ৭টীর যুক্ত-প্রদেশে, ৩টীর মধ্যপ্রদেশে, ৩টীর সিন্ধুপ্রদেশে এবং ২টীর বিহারে অবস্থিত। আসাম ও আজমীঢ়-মারোয়াড়া মাত্র একটী হিসাবে বীমা কোম্পানীর গর্ব্ব করিতে পারে।

অ-ভারতীয় বীমা-কোম্পানীগুলির মধ্যে ৬৩টী যুক্ত-রাজ্যে, ২১টী বৃটিশ ডোমিনিয়ন ও উপনিবেশসমূহে, ৩টী ইউরোপ মহাদেশে, ৬টী মার্কিণ যুক্তরাষ্ট্রে এবং ১টী জাভা দ্বীপে সঙ্ঘবদ্ধ।

অধিকাংশ ভারতীয় কোম্পানী কেবলমাত্র জীবন বীমার কারবার চালায়। এই জাতীয় বীমা কোম্পানীর সংখ্যা ১৬১। বাকী ৩৭টী ভারতীয় কোম্পানীর মধ্যে ১৮টী জীবন বীমার সাথে সাথে অন্যান্য বীমার কাজও চালায় এবং ১৯টী জীবনবীমা বাদে অন্যান্য বীমা ব্যবসায়েই নিযুক্ত।

অ-ভারতীয় বীমা-কোম্পানীগুলির মধ্যে অধিকাংশই জীবনবীমা ছাড়া অন্যান্য বীমা-ব্যবসায় ব্যাপৃত। মোট ২৪টী অ-ভারতীয় কোম্পানীর মধ্যে ৭৮টী মোটেই জীবন-বীমার কারখানা চালায় না; ৬টি কেবলমাত্র জীবন-বীমার ব্যবসায় পরিচালনা করে এবং বাকী দশটী জীবন-বীমার সাথে সাথে অন্যান্য ধরণের বীমার কাজও চালাইয়া থাকে।

অগ্নি, জাহাজী প্রভৃতি নানা জাতীয় বীমা-ব্যবসায়

১৯৪০ সনে ভারতবর্ষে জীবন-বীমা ছাড়া অন্যান্য নানা জাতীয় বীমা ব্যবসায়ে মোট ৩,৬১ লক্ষ টাকা প্রিমিয়াম আয় হইয়াছে। তন্মধ্যে ভারতীয় কোম্পানী-গুলির হিস্যা ১,১৮ লক্ষ টাকা এবং অ-ভারতীয় কোম্পানী-গুলির ২,৪৩ লক্ষ টাকা। মোট প্রিমিয়াম আয়ের নিম্নরূপ শ্রেণী-বিভাগ করা যাইতে পারে :—

অগ্নি বীমা খাতে—১,৪৫ লক্ষ টাকা,
জাহাজী বীমা খাতে—১,৩১ লক্ষ টাকা, এবং
অন্যান্য বীমা খাতে—৮৫ লক্ষ টাকা।

ভারতীয় বীমা-কোম্পানীগুলার হিস্যা—
অগ্নি বীমা খাতে—৫৪ লক্ষ টাকা,
জাহাজী বীমা খাতে—২৯ লক্ষ টাকা, এবং
অন্যান্য বীমায়—১৫ লক্ষ টাকা।

অ-ভারতীয় কোম্পানীগুলার হিস্যা—
অগ্নি বীমা খাতে—৯২ লক্ষ টাকা,
জাহাজী বীমা খাতে—১,০১ লক্ষ টাকা, এবং
অন্যান্য বীমা খাতে—৫০ লক্ষ টাকা।

এই প্রিমিয়াম আয়ের হিস্যা বিভিন্ন দেশের মধ্যে কিরূপ দাঁড়াইয়াছিল, তাহা নিম্নের তালিকায় বেশ বুঝা যাইবে :—

বিভিন্ন দেশ	অগ্নি	জাহাজী	বিবিধ	মোট
	(লক্ষ টাকায় হিসাব)			
যুক্তরাজ্য	৬৪·৮	৪০·৫	৪২·৬	১,৪৭·৯
ডোমিনিয়ন ও উপনিবেশসমূহ				
মার্কিণ যুক্তরাষ্ট্র				
ইউরোপ মহাদেশ				
জাভা				
মোট	৯১·৭	১,০১·৬	৪৯·৮	২,৪৩·১

উপরের এই মাপজোক হইতে ভারতে কি পরিমাণ কারবার হইয়াছে তাহা নির্দ্দিষ্টরূপে জ্ঞাত হওয়ার উপায় নাই। কারণ ভারতীয় ও অ-ভারতীয় সমস্ত কোম্পানীকেই আবার ভারতের বাহিরে পুনরায় বীমা করাইয়া লইতে হয়।

ভারতীয় কোম্পানীগুলি ভারতের বাহিরেও অগ্নি এবং জাহাজী বীমা সম্পর্কে মোটা কারবার চালায়। ১৯৪০ সনে ভারতীয় কোম্পানীগুলির ভারতের বাহিরে ৯৩ লক্ষ টাকা প্রিমিয়াম আয় হইয়াছে।

যুদ্ধোত্তর চীনে বিদেশী কারখানা

চুংকিঙ হইতে প্রকাশিত পাক্ষিক পত্রিকা "নিউ ইকনমিস্ট" এর কাই-লিউ একটী বিশেষ প্রবন্ধে লিখিয়াছেন, চীনের যুদ্ধোত্তর শিল্প পুনর্গঠনের জন্য বিদেশী মূলধন আমন্ত্রণ করিবার সর্ব্বানুমোদিত নীতি অনুসারে, যুদ্ধের পরে চীনে বিদেশীদেরকে শিল্প কারখানা প্রতিষ্ঠা করিতে উৎসাহিত করা উচিত।

যুদ্ধোত্তর চীনে শিল্পোন্নতির জন্য বিদেশী কারখানা-গুলিকে সাহায্য করিতে হইবে। যেসকল বিদেশীরা চীনে কারখানা প্রতিষ্ঠা করিতে ইচ্ছুক তাহাদের কতক-গুলি রাজনৈতিক সর্ত্ত পূরণ করা ছাড়া, কতকগুলি অর্থনৈতিক বিষয় বিবেচনা করিতে হইবে। লেখক দুইটী প্রস্তাব করিয়াছেন, প্রথম, বিদেশী কারখানাগুলিতে চীনা শ্রমিক ও শিক্ষানবীশদের নিযুক্ত করিতে হইবে এবং তাহাদের শিল্প শিক্ষা দিতে হইবে। দ্বিতীয় তাহাদের শ্রম সম্বন্ধীয় চীনা আইনগুলি মানিয়া চলিতে হইবে।

জাতীয় রক্ষা-শিল্পগুলির জন্য চীনে যন্ত্রশিল্পী নাই। অল্প সময়ের মধ্যে চীনে ভারি শিল্পের ভিত্তি স্থাপন করিবার জরুরী প্রয়োজন আছে বলিয়া চীনকে তাহার শিল্প-প্রধান মিত্রশক্তিগুলির অভিজ্ঞতা ও তাহাদের কর্ম্মচারিবর্গের পরিপূর্ণ সহায়তা গ্রহণ করিতে হইবে। বিদেশীদের সেই জন্য চীনে জাতীয় রক্ষা শিল্পের জন্য কারখানা স্থাপন করিতে দিতে হইবে। বিদেশীদের সহিত যে চুক্তি করা হইবে তাহাতে চীনা কর্ম্মীদের শিল্প-শিক্ষা দিবার ব্যবস্থা থাকিবে।

ইহা ছাড়া ভারি শিল্প কারখানাগুলিতে চীনাদের তুলনায় বিদেশী কর্ম্মচারী ও কারিগরের একটী নির্দ্দিষ্ট অনুপাত থাকে সেজন্য চীনা সরকারকে ব্যবস্থা গ্রহণ করিতে হইবে। যদি চুক্তিতে থাকে যে প্রত্যেক বিদেশী পারদর্শী কর্ম্মচারী নির্দ্দিষ্ট সময়ের মধ্যে ১০ জন চীনা শিক্ষানবীশকে শিক্ষিত করিবে, তাহা হইলে অনুপাত হইবে ১০ : ১, ভিন্ন অবস্থায় ইহার পরিবর্ত্তন হইতে পারে, কয়েক বৎসরের মধ্যেই যন্ত্রশিল্পীদের সম্বন্ধে চীন যেন স্বয়ম্ভর হইতে পারে, ইহাই লক্ষ্য হওয়া উচিত। গুণ ও সংখ্যা উভয়েরই উপর জোর দিতে হইবে এবং বিদেশী কারিগরগণ যাহাতে চীনে আসিতে সম্মত হয় তাহার জন্য তাহাদের সর্ব্বপ্রকারের সুবিধা অর্পণ করিতে হইবে।

এই ব্যবস্থানুসারে লেখকের মতে চীন ৬।৭ বৎসরের মধ্যেই কারিগর সম্বন্ধে স্বয়ম্ভর হইতে পারিবে এবং ঐ সময়ের মধ্যে চীন সরকার বিদেশী প্রতিষ্ঠানগুলিকে ক্রয় করিয়া লইতে সক্ষম হইবে।

যুদ্ধের পর বৃটেন ও আমেরিকার যুদ্ধ শিল্পে নিযুক্ত সহস্র সহস্র কারিগর বেকার হইয়া পড়িবে। সুতরাং ঐ কারিগরেরা যদি চীনে আসে তাহা হইলে চীন ও বিদেশী শক্তিদের উভয়েরই উপকার হইবে। তাহারা তাহাদের প্রথম মনিবদের অধীনেই কার্য্য করিতে সক্ষম হইবে, যদি ঐ মনিবেরা চীনে তাহাদের কারখানা স্থানান্তরিত করিতে চায়।

কারখানায় নিযুক্ত শ্রমিকদের প্রতি ব্যবহারের উন্নতি বিধান করাই চীনের শ্রমিক আইনের মুখ্য উদ্দেশ্য,

কারণ শ্রমিকদের প্রতি ভাল ব্যবহার এবং কারখানার ভাল বন্দোবস্ত দ্বারাই উৎপাদন-বৃদ্ধি করা সম্ভব।

(চীন-বার্ত্তা)

আকাশ-লড়াইয়ে ইংরেজের হতাহত

১৯৪১-৪৩ সনে বিলাতে আকাশ-লড়াইয়ের ফলে যত লোক মারা পড়িয়াছে ও আহত হইয়াছে নিম্নে তাহার সংখ্যা দেওয়া যাইতেছে—

সন্	জানুয়ারি		ফেব্রুয়ারী	
	হত	আহত	হত	আহত
১৯৪১	৩২৮	৫০৭	২৪২	৩৪৭
১৯৪২	১১৪	৪৯	২৪	২০
১৯৪৩	১৬৬	১৯৬২	৮০৫	১০৩৮
মোট	২,০৫৩	২,৫২৮	১,০৮১	১,৪০৫

বিলাতী সড়কে দুর্ঘটনা

রাস্তায় গাড়ী-চাপা পড়া একালের অন্যতম মৃত্যুর কারণ। বিলাতে এই দৈব বেশ-বড় আকারে দেখা যায়। লড়াইয়ের আমলে নিষ্প্রদীপ ব্যবস্থা সর্ব্বত্রই গুলজার। তাহাতে গাড়ী চাপা পড়া বাড়িয়াছে ছাড়া কমে নাই। বিলাতের কয়েকটা সংখ্যা প্রকাশ করিতেছি, যথা,—

সন	হত	আহত
১৯৪১ (ডিসেম্বর)	১,০২৪	১৮,৩০০
১৯৪২ ( )	৭৮০	১২,৮৪২
মোট	১,৮০৪	৩১,১৪২

এই শেষ একমাত্র ডিসেম্বর মাসের হিসাব। সারা ১৯৪১ সনে গাড়ীচাপা পড়িয়া বিলাতে ২,১৬৯ জন মারা যায়। ১৯৪২ সনের এই সংখ্যা ৮,২২৬। তাহাতে এখনও বিলাতের অবস্থা আগে নাই। বরাত ভাল!

আমেরিকায় সোয়াবীনের তেল

১৯২৪ সনে মার্কিণ মুল্লুকের ১,৭৮২,০০০ একর জমিতে সোয়াবীনের চাষ হইয়াছিল। অধিকাংশ জমি ছিল দক্ষিণ অঞ্চলে। ফসল হয় ৫,০০০,০০০ বুশেল। ৬০ পাউণ্ড বা ৩০ সেরে এক বুশেল। পরবর্ত্তী চাষের জন্য বীজ রাখিয়া দেওয়া হয়। তাহা ছাড়া খাওয়ার জন্য খরচ হয়। অবশিষ্ট সোয়াবীন হইতে তেল পেষা হইয়াছিল। তেলের পরিমাণ ২,৬৮৬,০০০ পাউণ্ড।

সোয়া তেলের উৎপাদন লড়াইয়ের আমলে খুব বাড়িয়া গিয়াছে। ১৯৪১-৪২ সনে ৪,৮৫৫,০০০ একর জমিতে সোয়াবীন বোনা হইয়াছিল। ফসল উঠে ১০৬,৭১২,০০০ বুশেল। শতকরা ৭৭ অংশ হইতে তেল পেষা হয়। মোটের উপর ১৩৬,০০০,০০০ পাউণ্ড তেল উৎপন্ন হইবার কথা। ১৯৪২-৪৩ সনে ২,০০০,০০০ একর জমিতে চাষ অনুষ্ঠিত হইতেছে। ১,১২৪,০০০,০০০ পাউণ্ড তেল উঠিবে। পশু-খাদ্য আর মানুষের খোরাকও জুটিবে বিস্তর।

স্বদেশী শিল্প-বাণিজ্যের ধুরন্ধর নীলরতন সরকার

ডাক্তার নীলরতন সরকারকে বাঙালীরা সাধারণতঃ নামজাদা চিকিৎসক বলিয়া জানে। কিন্তু বঙ্গীয় আর্থিক উন্নতির ক্ষেত্রেও তিনি স্বদেশী আন্দোলনের যুগে (১৯০৪-১০) বাংলার নয়া-নয়া শিল্প-বাণিজ্যের সঙ্গে বেশ-কিছু বিশেষভাবে সংশ্লিষ্ট ছিলেন। তাঁহাকে একাধিক কারবারে টাকা ঢালিতে হইয়াছিল। শিল্প-বাণিজ্যের ধুরন্ধর হিসাবে তাঁহাকে স্বার্থ-ত্যাগ করিতে হইয়াছে। সাবান তৈয়ারির কাজে তাঁহার চরম উৎসাহ ছিল। চামড়া পাইট করিবার কারখানাও তিনি কায়েম করেন। একালেও নানা ব্যবসা-বাণিজ্যের সঙ্গে তাঁহার যোগাযোগ ছিল। স্বদেশী যুগের প্রায়-সব কারবারই বাঙালী জাতের পক্ষে শিক্ষানবীশির ক্ষেত্রমাত্র ছিল। অর্থাৎ অনেককিছুই পয়সা-রোজগারের উপায়স্বরূপ হইতে পারে নাই। ডাক্তার নীলরতনের উদ্যোগগুলাও এই জন্য মাথা খাড়া করিয়া দাঁড়াইয়া নাই। কিন্তু গৌরবময় বঙ্গ-বিপ্লবের অন্যতম কর্মিকর্ণধার ও উজ্জ্বল মূর্তি নীলরতন সরকার। স্বদেশসেবক হিসাবে তাঁহার ইজ্জৎ খুব বেশী।

জার্মাণির মেয়ে-মজুর

১৯৪১ সনের সেপ্টেম্বর মাসে জার্মাণিতে ২ কোটি ৪০ লাখ মজুর ও কেরাণী কাজ করিত। তাহার ভিতর মেয়েদের সংখ্যা ৯৪ লাখ। ১০ লাখ শিশু পালনের জন্য ২২,০০০ হাজার শিশু-কেন্দ্র কায়েম হইয়াছে। আরও ২৫০,০০০ শিক্ষা-কেন্দ্র কায়েম হইতেছে। এই জন্য ৫,০০০ নতুন বাড়ী তৈয়ারি করা হইয়াছে। যান-বাহনের কাজে, রেলে-ট্রামে-বাসে ২,১৪,০০০ মেয়ে নকরী করিতেছে। এই সংখ্যার শতকরা ৬০ বিবাহিতা। এক রেলের কাজেই মোতায়েন আছে ১,২২,০০০ মেয়ে। ইহার ভিতর মজুরের কাজ করে ১,৪৭,০০০ মেয়ে, আর কেরাণীর কাজ করে ৪৫,০০০ মেয়ে। চাষের কাজে লাগিয়াছে ১৪০,০০০ মেয়ে। সরকারী খাদ্যবিভাগের তাঁবে আর সহরের নানা কেন্দ্রে ২৬,০০০ শিক্ষা-ব্যবস্থা করা হইয়াছিল। তাহাতে ৮০০,০০০ মেয়ে যোগদান করে। লড়াইয়ের উপযোগী চাষ-আবাদ, ঘর-করা, রান্নাবান্না, সেবা-শুশ্রূষা শিখানো এই সবের উদ্দেশ্য ছিল। যোষীখানা কায়েম হইয়াছিল ১২৩০। এই সমুদয় কারখানায় মেয়েরা কাপড়-চোপড় যোগাইবার কাজ করিয়াছে।

সমান কাজের জন্য সমান মজুরি

১৯৪২ সনের সেপ্টেম্বর মাসে মার্কিণ মুলুকের "জাতীয় যুদ্ধ শ্রম সংসার বোর্ড" (লড়াইয়ের সরকারী মজুর-দপ্তর) মেয়েদের মজুরি সম্বন্ধে মন্তব্য প্রকাশ করিয়াছে। পুরুষদের সমান হারে মেয়েদেরকে মজুরি দিতে হইবে এইরূপ সাব্যস্ত হইয়াছে। যেখানে পুরুষদের সঙ্গে কাজের পরিমাণ সমান সেখানে মেয়েদেরকে কম হারে মজুরি দেওয়া চলিবে না। কম দিলে অবিচার করা হইবে। আসল কথা,—সর্বত্রই "সমান কাজের জন্য সমান মজুরি-নীতি চালু করা হইল।

স্বাধীন চীনের পুস্তক ও সাময়িক পত্রিকা

স্বাধীন চীনে গত বৎসরে প্রত্যহ গড়ে প্রায় ২০খানা নূতন পুস্তক অথবা সাময়িক পত্রিকা ভিন্ন ভিন্ন পুস্তকালয়-গুলিতে স্থান পাইয়াছে। ১৯৪২ সনে বিভিন্ন প্রকারের

সর্ব্বসমেত ৩,৮৭৯ পুস্তক এবং ৪,১৫৩ সাময়িক পত্রিকা প্রকাশিত হইয়াছে।

যুদ্ধের এবং অন্যান্য নানা প্রকারের অসুবিধা, ছাপিবার কাগজের উচ্চ মূল্য ও স্বল্পতা, এবং শত্রু কর্তৃক পুনঃ পুনঃ সংস্কৃতি প্রতিষ্ঠানগুলিকে ধ্বংস করা সত্ত্বেও, গত বৎসরে যত নূতন পুস্তক প্রকাশিত হইয়াছে তাহা যুদ্ধের পূর্ব্বেকার সংখ্যার সহিত তুলনায় অতি সন্তোষজনক। নানা প্রকারের সুবিধা থাকা সত্ত্বেও ১৯৩০ সনে সর্ব্বসমেত ৪০০০ পুস্তক প্রকাশিত হইয়াছিল।

চুংকিঙ চীনের কেবল রাজনৈতিক ও সামরিক কার্য্য-কলাপেরই কেন্দ্র নয়, সংস্কৃতিরও কেন্দ্র। ১৯৪২ সনে প্রকাশিত ৩৮৭৯ খানা পুস্তকের মধ্যে শতকরা ৩৩·৩ ভাগ (অথবা ১২৯২ খানা) যুদ্ধকালীন রাজধানী হইতেই প্রকাশিত হয়। সাময়িক পত্রিকাগুলির প্রায় এক-চতুর্থাংশই (শতকরা ২৮·৩ ভাগ অথবা ২২০ খানা) চুংকিঙে প্রকাশিত হয়।

ফলিত বিজ্ঞান ও চীনা ছাত্র

জাতীয় কেন্দ্রীয় এবং চুংকিঙ বিশ্ববিদ্যালয়ের প্রবেশিকা পরীক্ষায় যে ৭৫০০ ছাত্র উপস্থিত হইয়াছিল তাহারা কি কি বিষয় অধ্যয়ন করিতে ইচ্ছুক তাহার বিশ্লেষণ করিলে দেখা যায়, অধিকাংশ ছাত্রই ফলিত বিজ্ঞান অনুশীলন করিবার জন্য আগ্রহান্বিত।

জাতীয় কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের প্রবেশিকা পরীক্ষায় যে ৫৯৪৭ জন ছাত্র উপস্থিত হয় তাহাদের মধ্যে ১,৮৬৪ জন ইঞ্জিনীয়ারিং কলেজে প্রবেশ করিতে চায়, প্রায় ১৫০০ জন সাধারণ সমস্যা-সাপেক্ষ বিষয় অধ্যয়ন করিতে ইচ্ছুক। কৃষি ও বনবিদ্যালয়গুলির প্রত্যেকটীতে প্রায় ৭০০ ছাত্র ভর্ত্তি হইয়াছে।

অধিকাংশ ছাত্রই কেবল মাত্র অধ্যয়নের তুলনায় ফলিত বিজ্ঞানের অনুশীলন করাই বেশী পছন্দ করে। তাহারা বিশুদ্ধ বিজ্ঞানের চর্চ্চার জন্যও বেশী অনুরাগী নয়। এক অধ্যাপকের মতে ইহার তিনটী কারণ আছে: প্রথম, ফলিত বিজ্ঞানের ছাত্রদের উপাধি পাইবার পর ভাল চাকুরী পাইবার সম্ভাবনা আছে; দ্বিতীয়, অভিপ্রায় সম্বন্ধে জ্ঞানের অভাব; তৃতীয়, ফলিত বিজ্ঞানের ছাত্রদেরকেই সরকার হইতে সর্ব্বপ্রথমে বিদেশে প্রেরণ করা হয় উচ্চতর গবেষণার জন্য।

যুদ্ধোত্তর চীনের পররাষ্ট্র-নীতি

লণ্ডন হইতে প্রাপ্ত 'সেণ্ট্রাল নিউজের' এক সংবাদে প্রকাশ লণ্ডনের চীনা দূত-নিবাসে ডক্টর টি ভি সুঙ এক সাংবাদিক সম্মেলন আহ্বান করেন, এই সময় ইংরাজ, মার্কিণ, মিত্রপক্ষীয় ও নিরপেক্ষ দেশের সাংবাদিকেরা তাঁহাকে পূর্ণ এক ঘণ্টাকাল নানারূপ প্রশ্ন করেন। ডাঃ সুঙ প্রত্যেকটি প্রশ্নের সন্তোষজনক উত্তর দান করেন। এই সম্মেলনে ডক্টর ওয়েলিংটন কু সভাপতিত্ব করেন।

সম্মেলনে নিম্নলিখিত বিষয়গুলি সম্বন্ধে প্রশ্ন করা হয়: (১) চীনে যুদ্ধের অবস্থা ও যুদ্ধোপকরণ সরবরাহ, (২) অন্যান্য জাতির সহিত চীনের যুদ্ধোত্তর সম্বন্ধ, (৩) চীনের বর্ত্তমান আভ্যন্তরিক অবস্থা, (৪) চীনের যুদ্ধ ও যুদ্ধোত্তর পুনর্গঠন।

ডাঃ সুঙ বলেন তিনি ব্রিটিশ গভর্ণমেণ্টের আমন্ত্রণে যুদ্ধ ও যুদ্ধোত্তরকালে চীন ও বৃটেনের সম্পর্ক সম্বন্ধে মত বিনিময় করিবার উদ্দেশ্যে বৃটেনে আসিয়াছেন। চীনে সরবরাহ প্রেরণ সম্বন্ধে তিনি বলেন চীনে উত্তর ভারত হইতে বিমানযোগে যে সরবরাহ প্রেরণ করা হইতেছে তাহার শতকরা ৯৭ ভাগের উপর হইতেছে যুদ্ধোপকরণ এবং ইহার পরিমাণ বিমানযোগে বহন করিবার ক্ষমতার উপর নির্ভর করে। মার্কিণ যুক্তরাষ্ট্র প্রশান্ত মহাসাগর এলাকায় সরবরাহ প্রেরণ সম্বন্ধে দায়িত্ব গ্রহণ করিয়াছেন এবং তথায় বিমানপোতের সংখ্যা-বৃদ্ধি করিবার জন্য যথাসাধ্য চেষ্টা করিতেছেন। বার্ম্মার পথ উন্মুক্ত হইলে চলাচল ব্যবস্থার উন্নতি সাধন করিয়া ঐ পথ দ্বারা পূর্ব্ব হইতে পাঁচ সাত গুণ বেশী মাল প্রেরণ করা সম্ভব হইবে; পূর্ব্বে প্রতি মাসে প্রায় ২৩০০০ হইতে ২৫০০০ টন মাল প্রেরণ করা হইত। হিটলারের রুশিয়া আক্রমণের পূর্ব্ব পর্য্যন্ত রুশিয়া হইতে বহু সরবরাহ চীনে আসিয়া পৌঁছিতে-

ছিল। রুশ-জার্মাণ যুদ্ধ আরম্ভ হইবার পর রুশিয়া অকপটভাবে বলে তাহার পক্ষে চীনে আর মাল প্রেরণ করা সম্ভব হইবে না।

ডাঃ সুঙ বলেন জাপানীরা চীনে যেসকল শিল্প প্রতিষ্ঠান ও সম্পত্তি অধিকার করিয়াছিল তাহা এক্ষণে ফিরাইয়া দিয়া আত্মোৎ-রক্ষা করিবার চেষ্টা করিতেছে। তাঁহার মতে এই আত্মোৎরক্ষার প্রচেষ্টা সম্পূর্ণভাবে ব্যর্থ হইবে, কারণ গত ছয় বৎসরের অত্যাচার ও নিষ্ঠুরতা বিস্মৃত হওয়া সম্ভব নয় এবং তাহাদের এই প্রস্তাব ছয় বৎসর কাল বিলম্বিত হইয়া গিয়াছে। দাইরেরিয়ার সমুদ্রোপকূল ভাগ ব্যবহার না করা হইলে চীনই একমাত্র ঘাঁটি যে স্থান হইতে জাপানের রাজধানীকে বোমা দ্বারা বিধ্বস্ত করা সম্ভব। মাঞ্চুরিয়ার জাপানী সৈন্য ও তাঁবেদার সৈন্য বাদ দিলে, চীনে জাপানীদের প্রায় ৩০ ডিভিসন অথবা ৭৫০০০০ সৈন্য আছে।

চীনের সহিত অন্যান্য জাতির সম্পর্ক সম্বন্ধে ডাঃ সুঙ বলেন, চীন অপহৃত দেশগুলি ফিরিয়া পাওয়া ছাড়া অন্য-দেশ অধিকার করিবার আশা পোষণ করে না। ইন্দো-চীন ও দক্ষিণ-পূর্ব্ব এশিয়ার জাতিগুলির সম্বন্ধে চীনের স্বার্থে ও সম্মিলিত জাতিবৃন্দের স্বার্থে কোন পার্থক্য নাই। ডাঃ সুঙ বলেন "আমরা কোন বিশেষ অধিকার পাইবার আশা করি না, কেবল অন্যান্য দেশের সহিত প্রীতির সম্বন্ধ আশা করি।

ডাঃ সুঙ আশা প্রকাশ করেন যে, কোরিয়া স্বাধীন হইবে এবং জাপানে গণতান্ত্রিক শাসন ব্যবস্থা প্রচলিত হইবে। অন্য কোন নীতির দ্বারা শাসিত হইলে জাপান পুনরায় চীন ও পৃথিবীর বিভীষিকা হইয়া উঠিবে। ভারতের সহিত চীনের অর্থনৈতিক সম্পর্ক প্রতিষ্ঠা করিতে হইবে। বৃটেন ও চীনের মধ্যে সহযোগিতা বৃদ্ধি করিবার অবকাশ আছে।

ডাঃ সুঙ আরও বলেন চীন ও সম্মিলিত জাতিবৃন্দের মধ্যেও যুদ্ধোত্তরকালে সহযোগিতা বৃদ্ধি করিবার অবকাশ আছে। যুদ্ধের পর পুনর্গঠন কার্য্যের জন্যই চীনের জনসাধারণ ও সরকারের সকল কার্য্যশক্তি নিয়োজিত করা হইবে। রাস্তা ও ভারি উচ্চ প্রকারের শিল্প পুনর্গঠনের জন্য চীনা সরকারের বহু উচ্চ পরিকল্পনা আছে। এই জন্য বিদেশী অর্থ ও কৌশলের প্রয়োজন হইবে। ডাঃ সুঙ বলেন "বিদেশী সাহায্য পাই বা না পাই আমরা আমাদের দেশে শিল্প পুনর্গঠনের জন্য দৃঢ়প্রতিজ্ঞ"।

(চীনবার্ত্তা)

বঙ্গ-বিপ্লব কি ?

[অধ্যাপক বিনয়কুমার সরকারের সহিত শ্রীহরিদাস মুখোপাধ্যায়ের কথোপকথন]

প্রঃ—বঙ্গ-বিপ্লবের সঙ্গে ডন সোসাইটির যোগাযোগ কিরূপ ?

উঃ—ডন-সোসাইটি কায়েম হ'ল ১৯০২ সনে আর বয়কট জারি হ'ল ১৯০৬ সনের মাঝামাঝি। এই কয় বছরের সতীশ বাবুর সংশ্লিষ্ট সব-কিছুই বঙ্গ-বিপ্লবের সঙ্গে সুজড়িত। বয়কট জারি হ'ল ১৯০৫-এর আগষ্ট মাসে আর জাতীয় শিক্ষাপরিষৎ কায়েম হ'ল মার্চ্চ মাসে। জাতীয় শিক্ষাপরিষৎকে দাঁড় করিয়ে দেওয়াই ডন-সোসাইটির শেষ কাজ।

প্রঃ—আপনার চিন্তায় বঙ্গ-বিপ্লব তাহ'লে কি ?

উঃ—বিলাতী মালের বয়কট ঘোষণায় (৭ই আগষ্ট ১৯০৫) বঙ্গ-বিপ্লবের সূত্রপাত। কিন্তু ১৯১১-এর শেষ পর্য্যন্ত বাংলার নরনারী যা-কিছু ক'রেছে সবই বঙ্গ-বিপ্লবের অন্তর্গত।

প্রঃ—১৯১১ সনের শেষ দিকটায় দাঁড়ি টান্‌ছেন কেন

উঃ—সেই সময় বৃটিশ-রাজ বঙ্গ-ভঙ্গ রদ করতে বাধ্য হয়। ছ'টুক্‌রো-করা বাংলার আবার জোড়া লাগে। বঙ্গ-ভঙ্গের বিরুদ্ধেই বাংলার নরনারী বিলাতী বয়কট জারি ক'রেছিল। সুতরাং বঙ্গ-ভঙ্গের রদ হওয়াটা বঙ্গ-বিপ্লবের অন্যতম মস্ত সার্থকতা। এই ঘটনাকে বঙ্গ-বিপ্লবের বড় ঘুঁটা বিবেচনা করা উচিত।

প্রঃ—১৯০৫ হ'তে ১৯১১ পর্য্যন্ত পাঁচ-ছয় বছর কি এক-টানা ভাবে আন্দোলন চ'লেছিল ? এতদিন ধ'রে এই বিপ্লবের মেয়াদ টান্‌ছেন কেন ?

উঃ—বিপ্লবের মেয়াদ বাস্তবিক পক্ষে আজ ১৯৪২ পর্য্যন্ত টানা চল্‌তে পারে। সফলতা-লাভের "ডোজ" বা মাত্রা আছে। ছোট হিসাবে ১৯১১ সনে মাত্র এক "ডোজ" সফলতা প্রেয়ছি। বিভিন্ন কথক্ষেত্রে বঙ্গ-বিপ্লবের "আসল" সফলতা যা-কিছু তা ১৯২০-৪২ সনের মাল। কিন্তু আরও বড় হিসাবে ১৯৪২ সনেও সফলতার মাত্রা বেশী নয়। কাজেই মেয়াদের বহর বা পরিমাণ নানারূপে কল্পনা করা সম্ভব। ১৯৪২ সনের পরেও বঙ্গ-বিপ্লবের মেয়াদ বাড়িয়ে দেওয়ার দরকার হ'তে পারে। অন্যান্য জিনিষের মতন বিপ্লব, যুগান্তর ইত্যাদি তত্ত্বও আপেক্ষিক।

:—সঙ্কীর্ণতর হিসাবে বঙ্গ-বিপ্লবের দিতে পারেন ?

উঃ—৭ই আগষ্ট (১৯০৫) এর বয়কট অথবা ছোট-মেয়াদের বঙ্গ-বিপ্লব বল্‌লে বুঝি মাত্র ১৯০৫-০৬ সনের চিন্তা ও কর্ম্মরাশি। সেই ঘটনাবলীর প্রথম পারিভাষিক বয়কট, দ্বিতীয় স্বদেশী, তৃতীয় স্বরাজ, আর চতুর্থ জাতীয় শিক্ষা। এই চার শব্দের অন্তর্গত বস্তুগুলা নানা উপায়ে পাকড়াও করবার চেষ্টা হয়েছিল ১৯০৫-এর আগষ্ট হ'তে ১৯০৬-এর ডিসেম্বর পর্য্যন্ত সময়ের ভিতর। সফলতা লাভ হ'য়েছিল অতি-সামান্য। ১৯০৫-এর কংগ্রেস বসে কাশীতে আর ১৯০৬-এর বসে কল্‌কাতায়। কল্‌কাতার কংগ্রেস পর্য্যন্ত দেড় বৎসরের সময়টা

সঙ্কীর্ণ অর্থে বঙ্গ-বিপ্লবের সময়। এই মাস আঠার'র ভেতর বাঙালী জাত্ ঐ চারটা পারিভাষিক শব্দ সৃষ্টি ক'রেছিল। গোটা ভারতে আর খানিকটা দুনিয়ার ভেতরেও এই শব্দ ক'টা ছড়িয়ে প'ড়েছিল বাঙালীর অথবা ভারতবাসীর নয়া-সৃষ্টি হিসাবে। সমস্ত পৃথিবীর সংস্কৃতি এই নয়া-নয়া শব্দের সম্পদে নবীনীকৃত হচ্ছিল।

:—১৯০৫-০৬ এর বাংলার ঘটনাবলীকে বিপ্লব বল্‌ছেন কেন? বিপ্লব কি?

উ:—১৯৪২-এর আগষ্ট-সেপ্টেম্বর মাসের ভারতীয় ঘটনাবলীকে বিলাতের চার্চ্চিল-এমেরি হ'তে ভারত-গবর্ণমেণ্টের বড়-কর্ত্তারা পর্য্যন্ত সকলেই বিদ্রোহ, বিপ্লব ইত্যাদি ধরণের অবস্থা রূপে বিবৃত ক'রেছে কেন? দুই ক্ষেত্রেই কারণ একরূপ। নয়া অবস্থার সৃষ্টি অথবা অবস্থা পরিবর্ত্তন হচ্ছে বিপ্লবের প্রাণ। বিপ্লবের কয়েকটা প্রধান লক্ষণ দেখাচ্ছি। প্রথমতঃ, পরিবর্ত্তনগুলা একদম নতুন ঢঙের হওয়া চাই। পূর্ব্ববর্ত্তী অবস্থা হ'তে নতুন অবস্থাটার ফারাক্ বেশ-মালুম হওয়া আবশ্যক। দ্বিতীয়তঃ, পরিবর্ত্তনগুলা আকারে, বহরে, পরিমাণে যথেষ্ট ভারি বা পুরু হওয়া চাই। এই হ'ল বিপ্লবের আসল লক্ষণ। তৃতীয়তঃ, পরিবর্ত্তনগুলা বহুসংখ্যক ব্যক্তির বা প্রতিষ্ঠানের কাজের ফলে সাধিত হওয়া চাই। আর চতুর্থতঃ, পরিবর্ত্তনগুলা সোজা দৃষ্টিতে যেন খানিকটা আকস্মিকভাবে বা হঠাৎ সাধিত হ'লো এরূপ ধারণা হওয়া চাই।

প্র:—এই সব লক্ষণ বঙ্গ-বিপ্লবের ছিল?

উ:—নিশ্চয়। প্রথমতঃ, বয়কট, স্বদেশী, স্বরাজ আর জাতীয় শিক্ষা এই চার বস্তু ১৮৫৭ সনের পরবর্ত্তী বাঙালী জাত্ কল্পনা কর্‌তেও পার্‌ত না। এই বস্তু-বাচক শব্দগুলাও বাঙালীর অভিধানে পাওয়া যেত না। কাজেই ১৯০৫ সনের ৭ই আগষ্ট বিলকুল নয়া অবস্থার উৎপত্তি হ'ল। আর ঘটনাগুলা যেন একদম হঠাৎ এসে হাজির হ'য়েছিল। এরই নাম বঙ্গ-বিপ্লব। এই নয়া ঢঙের বা নয়া রঙের বঙ্গ-জীবন বিদেশীদেরও মগজে নয়া খেয়াল পয়দা ক'রেছিল। এ-সব দস্তুর-মাফিক "যুগান্তর" ছাড়া আর কিছু নয়।

দ্বিতীয়তঃ, বয়কট-স্বদেশী-স্বরাজ-জাতীয় শিক্ষা নামক কর্ম্ম-চতুষ্টয় বা চিন্তা-চতুষ্টয় কোনো নামজাদা বাঙালী ব্যক্তি, প্রতিষ্ঠান, পল্লী বা শহরের কল্পনা বা কার্য্য মাত্র ছিল না। এই কর্ম্ম ও চিন্তারাশির প্লাবনে তামাম বাঙলার নরনারী ভেসে গিয়েছিল। কাজেই রবি কণ্ঠে বেরিয়েছিল,—"মরা গাঙে বান এসেছে, জয় মা ব'লে ভাসা তরী"। শব্দই হ'ক আর বস্তুই হ'ক,—দুইয়েই ছিল লাখ-লাখ মানুষের স্বার্থ, আকাঙ্ক্ষা, স্বপ্ন ও ভাবুকতা আর কৃতিত্ব, কর্ম্মদক্ষতা, চরিত্রবত্তা ও স্বার্থত্যাগ মাখানো। এরই নাম আন্দোলন। বহরটা রীতিমত পুরু। অসংখ্য বাঙালীর সুরৎ বদ্‌লে গেল। মেজাজ বদ্‌লে গেল। তা না হ'লে বঙ্গ-বিপ্লব বা বাংলার যুগান্তর এই পারিভাষিকটা চালানো যেত না।

:—সেই যুগে আপনি সমসাময়িক ঘটনাগুলাকে "যুগান্তর" বা "বিপ্লব" মনে কর্‌তে পেরেছিলেন? আপনার কোনো রচনায় তার চিহ্ন আছে?

উ:—১৯০৭ সনের জুন মাসে মালদহে জাতীয় শিক্ষা-সমিতি প্রতিষ্ঠার উপলক্ষ্যে "বঙ্গে নব-যুগের নূতন শিক্ষা" প্রবন্ধ পাঠ করি। তার দু-এক লাইন মনে আছে। এই শোন্:—"আমাদের এত আশার কারণ কি? হ'তে পারে,—আমাদের দেশের বিপ্লবের সময়েই জ'ন্মেছি ব'লে বোধ হয় আমরা ভবিষ্যতের অন্ধকার দেখি না। সবই যেন সুস্পষ্ট, দু-দণ্ডে চারের মতো,—জলবৎ তরল,—যা ভাবি তাই কর্‌তে পারি। হ'তে পারে জাতীয় জীবনের কোনো বিষয়ে নিষ্ফলতা দেখিনি ব'লে হতাশ বা ভগ্নোদ্যম হওয়া তো দূরের কথা এসব কাকে বলে তাও জানি না। কিছু দিন আগে জন্ম গ্রহণ ক'র্‌লে

হয়ত আপনাছা ভাব্‌তে শিখ্‌তাম, দেশের লোককে গাল দিতাম, আর দেশের ও ধর্ম্মের উন্নতিকে "মেলাঙ্কলি ড্রীম" (বিষাদপূর্ণ স্বপ্ন) বিবেচনা কর্‌তাম। • • • কিন্তু যখনই চক্ষু উন্মীলন করিলাম তখনই দেখিলাম আমাদের জাতীয় জীবনের নূতন প্রভাতের অরুণিমা চারিধারে হাসিতেছে। সেই তরুণ রবির অরুণ কিরণচ্ছটায় সকলের মন প্রফুল্ল। কবিদের এখন গাইবার সখ হ'য়েছে। দাতাদের দানের ইচ্ছা হ'য়েছে। ব্রাহ্মণ-পণ্ডিতেরা আবার যজ্ঞ আরম্ভ ক'রেছেন। আমরাও তাই প্রকৃতির সঙ্গে এক হ'য়ে মিল্‌বার জন্য মন খুলে' বেড়াতে শিখেছি। আমরা এই নূতন হাওয়া, নূতন আলোর সঙ্গে সম্বন্ধ পাতাতে চাই।

"দি এগ্রিকালচারাল সিচুয়েশন" (এপ্রিল, ১৯৪২) ; মার্কিণ যুক্তরাষ্ট্রের কৃষি-বিভাগের "বুরো অব্ এগ্রিকালচারাল ইকনমিকস্" কর্তৃক প্রকাশিত মাসিক পত্রিকা।

"যুদ্ধকালীন উৎপাদন ও সংরক্ষণ" শীর্ষক প্রবন্ধে মার্কিণ যুক্তরাষ্ট্রের সরকারী কৃষি-নীতি সম্বন্ধে আলোচনা করা হইয়াছে। প্রবন্ধ-লেখক ডিলন এস মায়ার মার্কিণ কৃষি নিয়ন্ত্রণ বিভাগের অস্থায়ী এডমিনিষ্ট্রেটর। লেখকের মতে মার্কিণের কৃষি-প্রচেষ্টা কৃষি-জগতের সব চেয়ে বড় ও জটিলতম সমস্যার সম্মুখীন হইয়াছে। বর্তমান বৎসর (১৯৪২), আগামী বৎসর এবং প্রয়োজন মত পরবর্তী আরও কয়েক বৎসর ধরিয়া মার্কিণ চাষী ও মার্কিণ ক্ষেত-খামার-গুলিকে আরও বেশী আহার্য দ্রব্য, তৈল চর্বি এবং আরও বেশী তন্তু উৎপাদন করিতে হইবে। উৎপাদনের বহর এত বেশী হইবে যাহা কেহ কল্পনা করিতেও পারে না। হিটলার, জাপানের সমর-নায়কবর্গ আর ইতালির ফাসিস্তদের পরাভূত করিতে হইলে ইহা ছাড়া আর উপায়ান্তর নাই।

স্বাধীনতার জন্য মার্কিণ চাষীকে ও ক্ষেত-খামারগুলিকে অজস্র পরিমাণে খাদ্যদ্রব্য উৎপাদন করিতে হইবে। মার্কিণ জাতির ইহাই হইতেছে আহার্য দ্রব্য উৎপাদনের চরম উদ্দেশ্য। কারণ, লেখকের মতে, খাদ্যদ্রব্য ছাড়া যুদ্ধ-জয় অসম্ভব। মার্কিণ যুক্তরাষ্ট্রকে কেবলমাত্র নিজের সৈন্য, নাবিক, নৌ-সৈন্য আর বৈমানিকদের গ্রাসাচ্ছাদনের ব্যবস্থা করিলে চলিবে না। তাহাকে আপন কল-কারখানার মজুর বাদ-বাকী মার্কিণ জনসাধারণ এবং মিত্র পক্ষের অন্তর্ভুক্ত অন্যান্য দেশেরও অনেক সৈন্য-সিপাহী ও বেসামরিক অধিবাসীদের খাওয়াইতে পরাইতে হইবে। যুদ্ধের পর পুনর্গঠনের জন্যও বিরাট খাদ্যভাণ্ডার গঠন করিতে হইবে।

এই মহৎ উদ্দেশ্য সাধনের জন্য যুক্তরাষ্ট্রকে সর্বোচ্চ কার্য-ক্ষমতার ও পরিকল্পনা অনুসারে কার্য-পরিচালনা-ক্ষমতারও পরিচয় প্রদান করিতে হইবে। বোমারু তৈরীর কারখানাগুলির মত, কৃষিক্ষেতগুলিতেও বেপরোয়া হইয়া কাজ চালাইতে হইবে। ইহার অর্থ হইতেছে এই যে, ১৯৪২ সনের মত ১৯৪৩ ও ১৯৪৪ সনেও সংরক্ষণ নীতি অনুসারে ফসল উৎপাদন করিতে হইবে।

এখন সংরক্ষণ নীতিটা কিরূপ চিজ তা সমঝাইয়া দেখার দরকার। অনেকে মনে করেন, কতকগুলা নিষ্ক্রিয় ও রক্ষণমূলক কাজ চালাইয়া প্রচলিত অবস্থা বজায় রাখাই সংরক্ষণ নীতির গোড়ার কথা। কিন্তু সংরক্ষণ নীতি এই ধরণের নয়। গতিবর্ধই ইহার সবচেয়ে বড় বিশেষত্ব। গত দশ বৎসর আমেরিকায় এইভাবেই কৃষিকাজ চলিতেছে। যুদ্ধের দাবির পূরণ করিতে হইলে, আমেরিকাকে এই নীতি অনুসারেই অগ্রসর হইতে হইবে।

বিশেষ যোগ্যতার সাথে কার্য পরিচালনই সংরক্ষণ নীতির গোড়ার কথা। লেখকের মতে, এই জন্য আমেরিকাকে একর প্রতি ও জানোয়ার প্রতি সর্বোচ্চ উৎপাদনের ব্যবস্থা করিতে হইবে। ইহাতে আমেরিকার ১৯৪৩ সন ও পরের বছর অধিকতর পরিমাণে শস্য উৎপন্ন হইবে।

সংরক্ষণ নীতিটা বুঝিতে হইলে গত যুদ্ধের অবস্থাটার প্রতি দৃষ্টিপাত করার দরকার। গতবারে আমেরিকাকে

অপেক্ষাকৃত অল্প সময়ের জন্য (মাত্র ১২ মাস) যুদ্ধ চালাইতে হয়। সেই সময় কোনরূপ পরিকল্পনার ব্যবস্থা না করিয়া যেখানে সেখানে পতিত জমি চাষ করিয়া ফসল উৎপাদন বাড়াইয়া যুদ্ধজয়ের ব্যবস্থা করা হয়। যুদ্ধ বেশী দিন চলিলে এই ধরণের বে-পরোয়া ফসল উৎপাদন নীতির বলে যুদ্ধ জয় করা মোটেই সম্ভব হইত না। এবার কিন্তু বে-পরোয়া নীতিতে কাজ চলিবে না মোটেই।

সংরক্ষণ নীতির দ্বারা যে কিভাবে উৎপাদন বাড়িতে পারে সে সম্বন্ধে কয়েকটী উদাহরণ দেওয়া যাইতেছে। টমাটো লইয়া আলোচনা করা যাক। টমাটো যুদ্ধের জন্য প্রয়োজনীয় শস্য-সমূহের অন্যতম। খড় দ্বারা টমাটো গাছের গোড়া ঢাকিয়া দিলে টমাটোর উৎপাদন দ্বিগুণ বর্দ্ধিত হইতে পারে। ইহাতে টমাটোর আকার বড় হয় গুণও বাড়িয়া যায়। মিনেসোটার অনেক কৃষক নানাপ্রকার ঘাস উৎপাদন করিয়া আর গরুকে খাওয়াইয়া দুধ ও পিছু মাখন উৎপাদন ১৪% বর্দ্ধিত করিয়াছে। উইসকন্সিনের একজন মেষপালক নির্দ্দিষ্টসময়ে ভেড়াগুলিকে জল আর ঘাস খাওয়াইয়া পশম উৎপাদন বর্দ্ধিত করিয়াছে আর ভেড়াগুলার ওজনও গড়ে আট পাউণ্ড বাড়াইয়াছে। যুদ্ধের জন্য সময়ের অভাবপূরণ সম্পর্কে আমেরিকাকে এই ধরণের নতুন নতুন কার্য্য-কৌশল প্রয়োগ করিতে হইবে।

মার্কিণ গবর্ণমেণ্ট গত দশ বৎসর যাবৎ এইভাবেই কৃষিকার্য্য নিয়ন্ত্রণ করিয়া আসিতেছে। এই কার্য্য-কৌশল অনুসারেই আমেরিকাকে যুদ্ধজয়ের জন্য অগ্রসর হইতে হইবে।

দ্বিতীয় প্রবন্ধে লেখা হইয়াছে নানাপ্রকার পণ্য দ্রব্য উৎপাদন সম্বন্ধে। জাতির জরুরী প্রয়োজনের জন্য কৃষকগণ এখন সবচেয়ে বেশী একর জমিতে শস্য ফলাবার পরিকল্পনা গ্রহণ করিয়াছে। চীনাবাদাম, সোয়াবিন, ও মসিনা, এই তিন শ্রেণীর তৈলবীজের আবাদেই সবচেয়ে বেশী হইবে। খাদ্য-শস্যগুলিরও চাষ যথেষ্ট পরিমাণে বর্দ্ধিত করা হইতেছে। ১৯৪২ সনে ১৯৪১ সনের গতকরা ৩ হইতে ৪ ভাগ বেশী জমিতে চাষ-আবাদ হইয়াছে। প্রবন্ধে দেখা যায়, দুধ, ডিম, গরু, ভেড়া, পশম, সোয়াবিন, ইত্যাদির পরিমাণ যথেষ্ট বাড়িয়া গিয়াছে।

তৃতীয় প্রবন্ধে কৃষিক্ষেত্রে শ্রম নিয়োগ সম্বন্ধে আলোচনা হইয়াছে। প্রবন্ধের গোড়ায় পত্রিকা-সম্পাদক মার্কিণ সরকারের যুদ্ধকালীন কৃষিপ্রচেষ্টার মোটামুটি আভাষ প্রদান করিয়াছেন। এতদিন মার্কিণ চাষীরা সকাল ৯টা থেকে অপরাহ্ণ ৪টা পর্য্যন্ত ক্ষেতখামারে কাজ করিতে অভ্যস্ত ছিল। ১৯৪২ সন থেকে তারা ভোর চারটা হইতে রাত্রি ৯টা পর্য্যন্ত অর্থাৎ ১৭ ঘণ্টা ক্ষেত খামারে কাজ করিবার জন্য দৃঢ়প্রতিজ্ঞা গ্রহণ করিয়াছিল। এই দীর্ঘ সময়ের মধ্যে খাওয়া-দাওয়ায় অতি অল্পসময়ই অতিবাহিত হইবে। জাতির যুদ্ধকালীন চাহিদা মিটাইবার জন্য মার্কিণ কৃষক সম্প্রদায় এইরূপ দেশ-হিত-ব্রত-গ্রহণ করিয়াছে।

সরকারী কৃষিক্ষেত্রসমূহের বিশেষজ্ঞগণ বলেন, কৃষিক্ষেত্রে এত বেশী যন্ত্রপাতি নিয়োগ মার্কিণ ইতিহাসে আর কোন সময়েই দেখা যায় নাই। প্রথম মহাযুদ্ধের আমলের তুলনায় বর্ত্তমানে মার্কিণ কৃষি-মজুরদের যোগ্যতা ও কাজের ক্ষমতাও যথেষ্ট পরিমাণে বর্দ্ধিত হইয়াছে। কৃষি মজুরগণ কঠোর পরিশ্রম করিয়া দেশের প্রয়োজন মিটাইবার জন্য দৃঢ়প্রতিজ্ঞ হইয়াছে। এজন্য ট্রাক্টরগুলা অনেক রাত্রি পর্য্যন্ত চালাবার ব্যবস্থা করা হইয়াছে। মানুষ ও ভারবাহী পশু সমস্তই অত্যধিক সংখ্যায় নিয়োগ করিয়া উৎপাদনের পরিমাণ সর্ব্বোচ্চ সীমায় উপনীত করার ব্যবস্থা করা হইয়াছে।

আমেরিকার দুইজন খ্যাতনামা কৃষি-বিশেষজ্ঞ কর্ত্তৃক প্রবন্ধটী লিখিত হইয়াছে। নিম্নে প্রবন্ধটির কিছু আভাষ দেওয়া গেল—

কৃষিক্ষেত্রে শ্রমিক ও যন্ত্রপাতি নিয়োগ চিরদিনই জটিল সমস্যারূপে গণ্য। বর্ত্তমানে শ্রমিকেরও ঘাটতি, আবার নূতন নূতন যন্ত্রপাতিও খুব বেশী পরিমাণ সংগ্রহ করা সম্ভব নয়। কাজেই এখন খুব হুঁসিয়ার হইয়া কৃষিক্ষেত্রে মানুষ ও যন্ত্রপাতি প্রয়োগ করা দরকার।

গতবার যুদ্ধের সময় চাষীরা অনেক নূতন জমিতে

আবাদ চালাইয়াছিল। এবার আর নূতন জমিতে চাষের দরকার নাই। নূতন জমির পরিমাণও যথেষ্ট হ্রাস পাইয়াছে। চাষীদিগকে প্রত্যেক দিন অনেকক্ষণ ধরিয়া ট্রাক্টর ইত্যাদি যন্ত্রপাতি চালাইতে হইবে। পশু-শক্তিও এবারকার যুদ্ধ-প্রচেষ্টায় মোটা অংশ গ্রহণ করিবে। সমবায় প্রথায় হাল-হাতিয়ারগুলার সংগ্রহ দরকার হইবে বহুল পরিমাণে।

একটী প্রবন্ধে টম্যাটো সম্বন্ধে আলোচনা করা হইয়াছে। এইরূপ একটি অকিঞ্চিৎকর দ্রব্য যে কোনদিন কাজে লাগিতে পারে তাহা বিশ্বাস করাই যায় না। কিন্তু মার্কিণের যুদ্ধ-প্রচেষ্টায় টম্যাটো গুরুত্বপূর্ণ স্থান দখল করিয়াছে। মার্কিণ গবর্ণমেণ্ট সৈন্যবাহিনীর জন্য ১৯৪১ সনে ৩১ মিলিয়ন কৌটা এবং ১৯৪২ সনে ৪০ মিলিয়ন কৌটা টম্যাটো ক্রয় করিয়াছে। টম্যাটোর রস, মণ্ড ইত্যাদিও বাজারে বিক্রয় হয়। মার্কিণ সরকার কেবল-মাত্র নিজের সৈন্য-সিপাহীদের জন্য টিন-ভরা টম্যাটো সংগ্রহ করে নাই। ঋণ ও ইজারা নীতি অনুসারে মিত্রপক্ষের সৈন্যদের জন্যও বিস্তর টম্যাটোর কৌটা বিদেশে প্রেরণ করিয়াছে।

অপর একটী প্রবন্ধে সোয়াবিনের চাষ আবাদের পরিচয় দেওয়া হইয়াছে। ১৯৪১ সনে মার্কিণ যুক্তরাষ্ট্রে সবচেয়ে বেশী সোয়াবিন উৎপন্ন হইবে বলিয়া আশা করা গিয়াছিল। সোয়াবিন থেকে তেল নিষ্কাশনের জন্য মার্কিণ যুক্তরাষ্ট্রে অনেক কল-কারখানাও স্থাপিত হইয়াছে।

গোপালন সম্বন্ধেও আলোচ্য পত্রিকায় একটী ছোট প্রবন্ধ স্থান পাইয়াছে। ১৯৪২ ও ১৯৪৩ সনে মার্কিণ যুক্তরাষ্ট্রে গরুর সংখ্যা অনেক বাড়িয়া যাইবে বলিয়া সরকারী ডেয়ারী বিশেষজ্ঞগণ অভিমত প্রকাশ করেন। গোমড়কের জন্য ১৯৩৪ হইতে ১৯৩৭ সন পর্য্যন্ত মার্কিণ মুল্লুকে গরুর সংখ্যা অনেক কমিয়া যায়। তারপর পাঁচ বৎসর ধরিয়া গরুর, বিশেষতঃ গাভীর সংখ্যা অনবরত বাড়িয়া চলিয়াছে। ১৯৪১ সনের তুলনায় ১৯৪২ সনে দুধের পরিমাণ ৩% বাড়িবে বলিয়া প্রবন্ধ-লেখক অভিমত প্রকাশ করিয়াছেন।

১৯৩০ সনের পর কৃষিজাত দ্রব্যের তুলনায় দুগ্ধবতী গাভীর মূল্য অনেক বেশী বাড়িয়াছে। দুগ্ধজাত দ্রব্যাদির মূল্য-বৃদ্ধিই ইহার একমাত্র কারণ। আগামী কয়েক বৎসর লোক-সংখ্যা বৃদ্ধির তুলনায় গরুর সংখ্যা বৃদ্ধির হার বেশী দাঁড়াইবে। ১৯৪১ সনে দুগ্ধবতী গাভীর মূল্য গড়ে ৭১·৬৭ ডলার ছিল। ১৯৪০ সনে এক একটী গাইয়ের গড় দাম ছিল ৬১·০৩ ডলার। ১১ বৎসরের মধ্যে ১৯৪১ সনের মূল্যই সব চেয়ে বেশী দাঁড়াইয়াছিল।

"কনিলক্স অব্ পিস্"—এডোয়ার্ড হ্যালেটকার প্রণীত নিউইয়র্ক; ম্যাক্‌মিলান কোম্পানী কর্তৃক প্রকাশিত; ১৯৪২; ২৮২ পৃঃ; মূল্য ২·৫০ ডলার।

মাত্র বিশ বছরের মধ্যেই পৃথিবীব্যাপী দ্বিতীয় মহাযুদ্ধের কেন সূচনা হইল, অধ্যাপক কার এই গ্রন্থে তাহার বিস্তর তথ্য সঙ্কলন করিয়া মনোজ্ঞভাষায় বর্ণনা করিয়াছেন। এক্সিস শক্তিদের পরাজয়ের পর ইয়োরোপে কি ভাবে স্থায়ী শান্তি স্থাপিত হইতে পারে, অর্থাৎ রাজনীতি ও অর্থনীতির দিক্ হইতে কোন কোন নীতির অনুসরণ করিয়া কোন পথে অগ্রসর হওয়া দরকার গ্রন্থকার তাহারও হদিস বাৎলাইয়াছেন। অধ্যাপক কারের বিশ্লেষণ-শক্তি ও যুক্তি-প্রয়োগ নীতিও প্রশংসনীয়।

১৯১৯-১৯২০ সনের সন্ধি-কর্তারা প্রথম মহাযুদ্ধের বিপ্লবী রূপটা ধরিতে পারেন নাই। বিপ্লবের ধারা কিন্তু অব্যাহত থাকে। গণতন্ত্রে মানুষের আস্থা ক্রমেই লোপ পাইতে থাকে। গণতন্ত্র মানুষের নিত্য-নৈমিত্তিক অভাব পূরণে অক্ষম হয়। আত্ম-নিয়ন্ত্রণের অধিকার বলে অনেকগুলি স্বাধীন রাষ্ট্রের সৃষ্টি করা হইলেও এইগুলি স্বাধীনতা রক্ষায় অসমর্থ হয়। অর্থনৈতিক ব্যবস্থাই এইগুলির কালস্বরূপ বিবেচিত হয়। কারণ ঘরের কল্যাণে উৎপাদন ও ধন-দৌলত অসম্ভবরূপে বর্দ্ধিত হইলেও অত্যধিক লাভের মোহ সমস্ত বানচাল করিয়া দেয়। সামাজিক জীবনের নৈতিক উদ্দেশ্যকে মানুষ আমল দিতে নারাজ হয়। শান্তির সর্ত নির্দ্ধারণের সময় এই মৌলিক কারণগুলি সম্পর্কে বিশেষভাবে অবহিত হওয়া দরকার। অধ্যাপক কার প্রত্যেকটী কারণ বিশ্লেষণ করিয়া কতকগুলি নির্দ্দিষ্ট সিদ্ধান্তে উপনীত হইয়াছেন। নিম্নে তন্মধ্যে কয়েকটীর পরিচয় দেওয়া গেল। নয়া গণতন্ত্র সাম্য ও স্বাধীনতার গণতান্ত্রিক আদর্শের সাথে অর্থনৈতিক গণতন্ত্রও জুড়িয়া দিবে। রাজনৈতিক অধিকার অর্থনীতিক ক্ষেত্রেও প্রভাব বিস্তার করিবে। ফলে জনসাধারণের মনে গণতন্ত্রের জন্য সত্যিকার আস্থা ও প্রীতি জন্মলাভ করিবে। কেবল মাত্র কৃষ্টি ও ভাষাগত ঐক্যের জোরে কতকগুলা স্বাধীন রাষ্ট্র গড়নের বিশেষ কোন প্রয়োজন নাই। ১৯১৯ সনে এই নীতির বশবর্ত্তী হইয়া ইয়োরোপের মানচিত্র স্থির করা হইয়াছিল। পরিকল্পনা অনুসারে উৎপাদনের সঙ্গে সঙ্গে পরিকল্পনা অনুযায়ী খাদনেরও ব্যবস্থা করা দরকার। উৎপাদকের স্বার্থের দিকে নজর না রাখিয়া খাদকদের স্বার্থরক্ষাই বিশেষ কর্ত্তব্যে পরিণত হওয়া বাঞ্ছনীয়। লাভের অঙ্কের পরিবর্ত্তে মানব সেবা ও মানুষের উপকারই হইবে মুখ্য উদ্দেশ্য। যুদ্ধের ফলে বৃটেন এই নীতি ও আদর্শের দিকে অনেকখানি অগ্রসর হইয়াছে। যুদ্ধের কবল হইতে পরিত্রাণ লাভ করিতে হইলে নূতন নৈতিক তাৎপর্য্যের অন্বেষণ করিতে হইবে এই পথেই পৃথিবীর সুন্দর ও মঙ্গলপূর্ণ ভবিষ্যৎ গড়িয়া উঠিবে।

আলোচ্য গ্রন্থের দ্বিতীয়ভাগে গ্রন্থকার গ্রেট বৃটেনের নিজস্ব ও আন্তর্জাতিক নীতি, বিশেষতঃ ইয়োরোপ ও সাম্রাজ্যসম্পর্কিত নীতি কিরূপ হইবে, তাহার আভাষ প্রদান করিয়াছেন। লেখক একটি নিখিল ইয়োরোপ পুনর্গঠন কর্পোরেশন গঠনের জন্য সুপারিশ করিয়াছেন। বিভিন্ন দেশের বেপরোয়া স্বাধীন সত্তা আর নির্দ্দিষ্ট সীমান্ত রেখার ব্যবস্থা না করিয়া এইরূপ একটি প্রতিষ্ঠানের হাতে ইয়োরোপের পুনর্গঠনের ভার অর্পণ করিলে ইয়োরোপে সত্যিকার শান্তি প্রতিষ্ঠিত হইয়া ইউরোপ দ্রুত প্রগতির

পথে ধাবিত হইবে। গ্রন্থকার এইরূপ আশাবাদ প্রকাশ করিয়াছেন।

"দি পিপল্‌স্ বিজনেস্ : দি প্রোগ্রেস্ অব্ কনজিউমার্স কো-অপারেটিভস্ ইন্ আমেরিকা"; জোশুয়া কে, বোলেস প্রণীত; হার্পার অ্যাণ্ড্ ব্রাদার্স; নিউ ইয়র্ক ও লণ্ডন; ১৯৪২; ১৭০ পৃঃ; মূল্য ২ ডলার।

মার্কিণ যুক্তরাষ্ট্রে খাদক সমবায় আন্দোলন কিরূপ প্রসার লাভ করিয়াছে এই ছোট বইয়ে তাহার সম্যক পরিচয় পাওয়া যায়। সমবায় আন্দোলন লইয়া যাহাদের কারবার, ইহা তাহাদের অভাব পূরণ করিয়াছে। মূলুকের বিভিন্ন সমবায় প্রতিষ্ঠানগুলি পরিদর্শনের পর গ্রন্থকার এই প্রয়োজনীয় গ্রন্থখানা প্রণয়ন করিয়াছেন। আমেরিকার সহর অঞ্চলে খাদক সমবায় সমিতি কৃষকদের ক্রয় সমবায় সমিতি, সমবায় ঋণদান সমিতি ইত্যাদি সমবায় আন্দোলনের বিভিন্ন বিভাগ যে কিরূপ উন্নতি লাভ করিয়াছে, গ্রন্থখানায় তাহার প্রত্যক্ষ পরিচয় পাওয়া যাইবে।

"রেফিউজিজ্ অ্যাট্ ওয়ার্ক"; ইলিয়নর রুজভেল্টের ভূমিকা সম্বলিত; সোফিয়া এম্ রবিনসন সম্পাদিত; নিউ ইয়র্ক, কিংস ক্রাউন প্রেস; ১৯৪২; ৮১ পৃঃ মূল্য ১'৫০ ডলার।

আশ্রয়-প্রার্থী সমস্যা বর্তমান জগতে একটা মস্ত বড় সমস্যায় পরিণত। এ সম্বন্ধে মানুষের মনে কু-সংস্কারেরও অন্ত নাই। এই সমস্ত ভ্রান্ত ধারণা দূর করা এবং মার্কিণ যুক্তরাষ্ট্রের জাতীয় জীবনে বিদেশী আশ্রয়-প্রার্থীরা কিরূপ প্রভাব বিস্তার করিয়াছে তাহা নির্ণয়ের জন্য মিসেস ইলিয়নর রুজভেল্ট একটা কমিটী গঠন করেন। কমিটীর তদন্ত-গবেষণার ফল এই ক্ষুদ্র পুস্তিকায় সন্নিবেশিত হইয়াছে।

গত দশ বৎসরের মধ্যে আমেরিকায় কতজন আশ্রয়-প্রার্থী প্রবেশ করিয়াছে আর তারা কিভাবে জীবনযাপন করিতেছে সে সম্বন্ধে অনুসন্ধান করা হইয়াছে। আলোচ্য গ্রন্থে দেখা যায়, ইহাদের সংখ্যা যুক্তরাষ্ট্রের মোট জনসংখ্যার তুলনায় নগণ্য মাত্র। কাজেই এরা ভয়ের কারণ নয় মোটেই। এদের অভিজ্ঞতা, কার্যপ্রণালী আমেরিকার নিকট যেমন বিশেষ অবদানে পরিণত, তেমনি ইহারাও আমেরিকার সুখে-শান্তিতে জীবনযাপনের সুযোগ লাভ করিয়াছে।



১। "দি ইউনাইটেড্ নেশান্স অন দি ওয়ে" ; হেনরী বর্নে সম্পাদিত ; শিকাগো ; ওয়ার্ল্ড সিটিজেন্স আসোসিয়েশন্ ; ১৯৪২ ; পৃঃ ১৭০ ; মূল্য ৫০ সেন্ট।

২। "পোষ্ট-ওয়ার এমপ্লয়মেণ্ট ফর অল" ; সিমলে এস ব্রেশ' প্রণীত ; লণ্ডন ; জর্জ অ্যালেন অ্যাণ্ড আনউইন্ লিমিটেড ; ১৯৪২ ; ৪৪ পৃঃ ; মূল্য আড়াই শিলিং।

৩। "হাউ টু উইন দি পিস" ; সি, কে, হ্যামব্রো প্রণীত ; ফিলাডেলফিয়া ; জে, বি, লিপিন্কট ; ১৯৪২ ; পৃঃ ৩৮৪ ; মূল্য ৩ ডলার।

৪। "ইষ্টার্ণ ইয়োরোপ অ্যাণ্ড দি ইউনাইটেড্ ষ্টেটস্ ; জোসেফ হ্যাজ প্রণীত ; বোষ্টন ; ওয়ার্ল্ড পিস ফাউণ্ডেশন ; ১৯৪২ ; পৃঃ ৯৫ ; মূল্য ৫০ সেণ্ট।

৫। "দি ট্যাক্সেশন অব্ ওয়ার ওয়েল্থ" ; জে, আর, হিক্স ; ইউ, কে, হিক্স ও এল রোষ্টাস সম্পাদিত ; অক্সফোর্ড ক্লারেণ্ডন প্রেস ; পৃঃ ৩০৪।

৬। "প্ল্যানস ফর এ পোষ্ট-ওয়ার ওয়ার্ল্ড" ; জুলিয়া ই, জনসন সম্পাদিত ; নিউইয়র্ক ; দি এইচ, ডাব্লিউ, উইলসন কোম্পানী ; ১৯৪২ ; পৃঃ ২৩৮ ; মূল্য ১·২৫ ডলার।

৭। "রেলওয়েজ্ অ্যাণ্ড অর্গানাইজ্ড লেবার" ; পি, হাণ্ডে মিডলটন্ প্রণীত ; শিকাগো রেলওয়ে বিজনেস্ এসোসিয়েশন ; ১৯৪১ ; পৃঃ ১৩৬।

৮। "দি বৃটিশ কলোনিয়াল এম্পায়ার" ; ডাব্লিউ, ই, সিম্নেট্ প্রণীত ; লণ্ডন, জর্জ অ্যালেন্ অ্যাণ্ড আনউইন্ লিমিটেড্ ; ১৯৪২ ; পৃঃ ২৪৪ ; মূল্য ৮ শিলিং ৬ পেন্স।

৯। "আমেরিকা ইন্ দি নিউ প্যাসিফিক" ; জর্জ ই, টেনব প্রণীত ; নিউইয়র্ক ; দি ম্যাক্মিলান কোম্পানী ; ১৯৪২ পৃঃ ১৬০ ; মূল্য ২ ডলার।

"এ সোস্যাল ফিলজফী অব্ কো-অপারেশন" জে, কে, ওর্লে প্রণীত, ম্যাকেষ্টার ; কো-অপারেটিভ্ ইউনিয়ন লিমিটেড্ ; ১৯৪২ ; পৃঃ ৮১

১১। "মানি অ্যাণ্ড্ দি প্রাইস সিষ্টেম" ডি, ডাব্লিউ, ব্র্যাডেন প্রণীত ; টোরোণ্টো ; দি ইউনিভার্সিটি অব্ টোরোণ্টো প্রেস ; ১৯৪২ ; পৃঃ ২৫।

১২। "পিস এমব্ অ্যাণ্ড্ পোষ্ট-ওয়ার প্ল্যানিং" ফন, এম, ব্রোভি প্রণীত ; বোষ্টন ; ওয়ার্ল্ড পীস্ ফাউণ্ডেশন ; ১৯৪২ ৫৩ পৃঃ ; মূ্য ২৫ সেণ্ট।

১৩। "গোল্স ফর আমেরিকা : এ বাজেট ফর আওয়ার নীডস অ্যাণ্ড্ রিসোর্সেস" ; ষ্টুয়ার্ট চেজ্ প্রণীত ; নিউইয়র্ক ; দি টোয়েন্টিয়েথ্ সেঞ্চুরী ফাণ্ড ; ১৯৪২ ; পৃঃ ১৩৪ ; মূল্য ১ ডলার।

১৪। "ক্যানাডা অ্যাণ্ড্ দি প্যারিস পিস কনফারেন্স" ডি, পি, ঘ' টি, স্কেজব্রুক্ প্রণীত ; লণ্ডন ; টোরেণ্টো ; নিউইয়র্ক ; অক্সফোর্ড ইউনিভার্সিটি প্রেস ; ১৯৪২ ; পৃঃ ১৪৬ ; মূল্য ২ ডলার।

মাটির নলকূপ আবিষ্কার *

শ্রীবিপদ্বারণ সরকার, বি এ (বাঙ্গের নলকূপ আবিষ্কারক)

প্রায় দশ বৎসর অতীত হইল মেদিনীপুর জেলার অন্তর্গত নবীন মাদুরা গ্রাম নিবাসী ৺কীর্ত্তিবাস ভৌমিক মহাশয়ের বাড়ীতে আমি সর্ব্বপ্রথম একটী ৪" ইঞ্চি ফিলটারহীন মাটির নলকূপ নির্ম্মাণ করিতে ব্রতী হই। সেই চেষ্টা ব্যর্থ হয়। ফলে ভৌমিক মহাশয়েরও কিছু আর্থিক ক্ষতি ঘটে। তবে এই ব্যর্থতার সার্থকতা এই যে, ইহা আমাকে ভ্রম সংশোধনে সহায়তা করে।

তৎপরে প্রায় এক বৎসর গত হইল হুগলী মিউনিসিপালিটীর কর্তৃপক্ষ চুঁচুড়ায় একটী ৪ ইঞ্চি মাটির নলকূপ নির্ম্মাণ করিবার ভার আমার উপর অর্পণ করেন। চুঁচুড়ার নলকূপ ৮৫ ফুটে শেষ হয়। ইহাতে ফিলটার নাই এবং বার্ণ কোম্পানীর ৪ ইঞ্চি মাটির পাইপ দ্বারা নির্ম্মিত হইয়াছে।

চুঁচুড়ায় পরীক্ষা সফল হওয়ার পর শ্রীযুত রামচন্দ্র সুর মহাশয়ের উদ্যোগে তাঁহাদের ২ নম্বর ক্যানাল ষ্ট্রীটস্থ এনামেল কারখানায় ২০০ শত ফুট গভীর একটী ৩ ইঞ্চি মাটির নলকূপ প্রস্তুত করিয়াছি। ইহা হইতে মোটর পাম্পের সাহায্যে ঘণ্টায় অন্ততঃ ১২০০ শত গ্যালন জল তোলা হইত। এই জন্য ফিলটার নল ব্যবহার করা হইয়াছে।

ইঞ্জ-চালিত পাম্পের উপযুক্ত যোগান দিতে অন্যূন ৪ ইঞ্চি নলের আবশ্যক। ৬ ইঞ্চি নল হইলে আরও ভাল হয়। ব্যাসের হিসাবে ১।০ ইঞ্চি নল অত্যন্ত সরু, এই জন্য ফিলটার পাইপের আবশ্যক হয়। অথচ ফিলটারের চলন উঠাইয়া না দিলে, নলকূপকে দীর্ঘস্থায়ী করা যাইতেছে না। ব্যাসের হিসাবে একটী ২ ফুট পাতকুয়া ২৪২টী ১।০ ইঞ্চি নলকূপের সমান। সাধারণ নলকূপ ক্ষুদ্র জিনিষ। এই ত্রুটী সংশোধন করার জন্য ইহাকে ৪ ইঞ্চি ব্যাসে পরিণত করিতে হইবে।

যুদ্ধের পূর্ব্বেও ৪ ইঞ্চি লোহার নলের দর ফুট প্রতি ১৷০ টাকা ছিল। এখন ইহার দর ৩০৲।৩৫৲ টাকা। আর বার্ণ কোম্পানীর মাটির নলের দর যুদ্ধের পূর্ব্বে ফুট প্রতি সাত আনা ছিল এবং বর্ত্তমান দর নয় আনা মাত্র।

স্থায়িত্ব হিসাবে বার্ণ কোম্পানীর ড্রেন পাইপ সর্ব্বশ্রেষ্ঠ বলিয়া পরিগণিত হইয়া থাকে। মাটির মধ্যে মাটির নল সুদীর্ঘস্থায়ী, এমন কি চিরস্থায়ী বলিলেও অত্যুক্তি হয় না।

নলকূপ জিনিষটীকে সর্ব্বাঙ্গসুন্দর করিতে হইলে ইহার ফিলটার বাদ দেওয়া আবশ্যক। নলও মাটির দ্বারা প্রস্তুত হওয়া বাঞ্ছনীয়। বিলাতী বা ঢালাই লোহার নল মাটির নল হইতে বেশী দামী। অধিকন্তু জলের আধার হিসাবে মাটির জিনিষ হইতে উৎকৃষ্টতর আর কোনও জিনিষ হইতেই পারে না। কূপ, টঙ্কারা হইতে দীর্ঘস্থায়ী কোন নলকূপ কেহ দেখে নাই। কাজেই মাটির ফিলটারহীন নলকূপের উপযোগিতা স্বীকার করিতে হইবে।

মাটির নল দ্বারা নলকূপ নির্ম্মাণ করিতে গর্ত্ত খননের খরচ কিছু বেশী। একটী ৪ ইঞ্চি নলকূপ নির্ম্মাণ করিতে ৮ ইঞ্চি এবং ৩ ইঞ্চি কূপ নির্ম্মাণ করিতে ৬ ইঞ্চি গর্ত্ত খোলার আবশ্যক হয়। সাধারণ খনন প্রণালীর গর্ত্ত সংরক্ষণ-নীতি সম্পূর্ণ অনুসরণ করিতে হয়। কেন না, মাটির নল গর্ত্তের মধ্যে অতি আস্তে ছাড়িয়া দেওয়া ছাড়া আর কোন প্রকার খনন কাজের সহায়তা ইহা দ্বারা হইবে না। সুতরাং খননকার্য্য লোহার নল দ্বারা সুসম্পন্ন করিতে হয়।

* এই আবিষ্কার সম্বন্ধে কাহারও কোনরূপ কৌতূহল থাকিলে তিনি দয়া করিয়া ২এ রামমোহন রায় রোডে লেখকের সঙ্গে দেখা করিতে পারেন।

এই মাটির নল যে কেবল যুদ্ধের বাজারে উপযোগী হইবে তাহা নহে। দেশের স্বাভাবিক অবস্থা ফিরিয়া আসিলেও ফিলটার-হীন নলকূপ সর্ব্বশ্রেষ্ঠ বলিয়া আদৃত হইবে। ডিনিষটী আগাগোড়াই স্বদেশী।

পরিশেষে কৃতজ্ঞতার সহিত স্বীকার করিতেছি যে, স্যর এনামেল কোম্পানীর ম্যানেজিং ডিরেক্টর শ্রীযুত রামচন্দ্র সুর মহাশয় এই পরীক্ষা-কার্য্যে অকাতরে অর্থব্যয় করিয়া আমাকে উৎসাহিত করেন। তাহার পর আরও কয়েকজন সহৃদয় ব্যক্তি এই কার্য্যে অর্থব্যয় করিয়া ইহা সুসম্পন্ন করিতে সহায়তা করেন। ৺কীর্ত্তিবাস ভৌমিক মহাশয়কেই আমার এই কাজের প্রথম এবং প্রধান সহায়ক বলিয়া মনে করি। শ্রীযুত রামচন্দ্র সুর ৮০০৲, শ্রীযুক্ত পূর্ণচন্দ্র মোহন সুর ২০০৲, শ্রীযুত অক্ষয়কুমার সুর ১৫০৲, কলিকাতা কর্পোরেশনের জল সরবরাহ বিভাগের ইঞ্জিনিয়ার শ্রীযুত পি, সি, গুপ্ত ২০০৲ টাকা এই কার্য্যের সহায়তা-কল্পে দান করিয়াছেন।

কড়ি-মুদ্রা*

শ্রীসতীশচন্দ্র গুহঠাকুর

সম্পাদক, "উত্তিষ্ঠানা", কাশী

'টাকা-পয়সা' এবং 'টাকা-কড়ি' কথা দুইটি সম-সংজ্ঞক; উভয়ে সমান অর্থ জ্ঞাপন করে। টাকার সঙ্গে কড়ির উল্লেখ কেন হয়, শিশুকাল হইতে এই কথা ভাবিয়া আসিতেছি। মুদ্রারূপে ব্যবহার হইত তাম্রনির্ম্মিত পয়সা, অর্ধ-পয়সা, কিছু কিছু 'ডবল'-পয়সা এবং পাই; রৌপ্য নির্ম্মিত টাকা, আধুলি, সিকি ও দু-আনি; স্বর্ণ নির্ম্মিত মোহরের কথা নামেই শুনিতাম, কদাচিৎ বিলাতী সভ্‌রেন (২০ শিলিং) দেখা যাইত, যাহাকে চলিত কথায় গিনি বলা হইত। ডবল-পয়সা উঠিয়া যায়, পরে নিকেলের এক আনি, দু-আনি, চার-আনি বা সিকি, আট-আনি বা আধুলি এবং আরো পরে আধ-আনি বাহির হয় এবং ক্রমশঃ ছোট-ছোট রৌপ্যমুদ্রা, বিশেষতঃ দু-আনি একেবারে অদৃশ্য হইয়া যায়। সম্প্রতি কিছুকাল হইতে ধাতুমুদ্রা মাত্রই অদৃশ্য হইতে চলিতেছে।

টাকা-পয়সা, টাকাটা-সিকিটা প্রভৃতি কথা থাকিলেও 'টাকা-কড়ি' কথাটির ব্যবহার বেশী হইত এবং এখনো হয়। অনুসন্ধানে জানিয়াছিলাম, পূর্ব্বে সামান্য-সামান্য কেনা-বেচার কৌড়ি বা কড়িই বিনিময়ের মধ্যস্থতা করিত। পঞ্চাশ বৎসর পূর্ব্বেও এইভাবে কড়ির প্রচলন, কেবল পল্লীগ্রামে নয়, টাকার মতন বৃহৎ শহরেও বেশ ছিল। দু' পাঁচ কড়ায় নুন, তেল, তরি-তরকারি, পান, সুপারি প্রভৃতি নিত্য প্রয়োজনীয় দ্রব্য কিনিতে পারা যাইত। শুনিয়াছি আমাদের প্রপিতামহের আমলে দুই একটি টাকা ভাঙ্গাইয়া কড়ি লইলে একটি ভারবাহীর প্রয়োজন হইত। এহেন কড়ির প্রচলন আমাদের এ-যুগে নাই।

'চারি কড়ায় এক গণ্ডা' হইতে আরম্ভ করিয়া পণ, চৌক, কাহন ইত্যাদি কত-কিছু কড়ির গণতি হিসাব ধারাপাতে শিখিলাম; কিন্তু বাস্তব জীবনে এর ব্যবহার কোথায়, ভাবিয়া পাইতাম না। দেখিতাম সকল বাড়ীতেই কিছু-না-কিছু কড়ি থাকিত। টাকা-কড়ির বাক্স বা থলেটি শূন্য হইয়া গেলে, অন্ততঃ তাহাতে একটি কড়ি ফেলিয়া রাখা হইত। ছেলে-মেয়েরা আজিও কড়ি দিয়া নানারূপ বুদ্ধির খেলা খেলে। গোরুবাছুরের

* "উত্তরা" (কাশী) হইতে উদ্ধৃত।

গলায় কড়ির মালা, এমন কি, শিশুর গলায় বা কোমরে হয়তো-বা একটি মন্ত্রঃপূত কড়ি ঝুলিয়া থাকে। দুই-তিনটি ইঁকার ভিতর একটিকে বিশিষ্টতা দিবার জন্য কড়ি বাঁধিয়া দেওয়া হয়। গৃহদ্বারে, দেয়ালে, গোবরের উপর একটি কড়ি দিয়া মঙ্গল-চিহ্ন রাখা হয়। কখনো-বা অনেকগুলি কড়ি দেয়ালে গাঁথিয়া উহা সুদৃশ্য করা হয়। কাশীর শ্রীশ্রীরামকৃষ্ণ সেবাশ্রমের নাম এতদ্দেশীয় লোকের মুখে 'কৌড়িয়া অস্পাতাল' কেন হইল, আদি 'অন্নেত' তোরণদ্বারের মুক্তি ও কড়ির কারুকাজ দেখিলে তাহা বুঝিতে পারা যায়। সকল শুভকর্মে,—বিবাহে, অন্ন-প্রাশনে, উপনয়নে, পূজায়—কত রকমে যে কড়ির ব্যবহার আমাদের দেশে হইয়া আসিতেছে তাহার ইয়ত্তা নাই। মানুষের নাম এক-কড়ি, দু-কড়ি, তিন-কড়ি, পাঁচ-কড়ি, সাত-কড়ি, ন-কড়ি অবধি অদ্যাপি দেখিতেছি। শ্রাদ্ধাদি কার্য্যেও কড়ির ব্যবহার হয়। এহেন কড়ির চলন-মুদ্রা হিসাবে উঠিয়া গেলেও 'টাকা-কড়ি' কথাটি ভাষায় থাকিয়া গেল।

ব্রিটিশ সরকার টাকার বদলে কাগজের নোট চালাইয়া আপাতদৃষ্টিতে ব্যবসায় এবং দৈনন্দিন কেনা-বেচার সুবিধা করিয়া দিলেও, বাস্তব জীবনে আজ নানা বিপত্তি আসিতেছে। দশ, বিশ, পঞ্চাশ, একশত বা হাজার টাকার নোটকে হুণ্ডির মতন করিয়া লইলে চলিতে পারে বটে, কিন্তু এতদ্দেশীয় মুদ্রার ইউনিট বা মাপকাঠি 'টাকা'টি পর্যন্ত নোট হওয়ায় বিপত্তি বাড়িয়াছে। কয়েক বৎসর হইতে ধাতু নির্ম্মিত টাকা ক্রমশঃ বিলুপ্ত হইতে-ছিল; কিছুকাল যাবৎ তো টাকার মুখ দেখা কদাচিৎ ঘটিত। বর্ত্তমানে টাকার প্রতিনিধি এক টাকার নোট ব্যতীত আসল টাকা বাজারে নাই বলিলেই চলে। সম্প্রতি কিছুদিন হইতে খুচরা মুদ্রাও দেখা যাইতেছে না। টাকা ভাঙাইয়া কেনা-বেচা করা এখন দুঃসাধ্য হইয়াছে। জনসাধারণের এই অসুবিধা দূর করিবার জন্য সরকার কিছু করিতেছে না।

য়ুরোপীয় বর্ত্তমান দ্বিতীয় বিশ্বযুদ্ধের আরম্ভ হইতে (আমাদের দেশে যুদ্ধ আসিবার পূর্ব্বে) দ্রব্যমূল্য এত অসম্ভবরূপে বাড়িয়া যাইতেছে যে, জনসাধারণের ক্লেশের সীমা নাই। অন্ন ও বস্ত্র কেবল মহার্ঘই নয়, দুষ্প্রাপ্য হইয়াছে। তদুপরি খুচরা পয়সার অভাব আমাদের দুর্গতিকে চরম সীমায় পৌঁছাইয়া দিতেছে।

খুচরা পয়সা সম্বন্ধে সরকার যখন কিছু সুবিধা করিয়া দিতেছে না বা দিতে পারিতেছে না, তখন এই সমস্যাটি মিটাইবার জন্য আমরা দেশবাসীরা কি করিতে পারি, একবার ভাবিয়া দেখা যাউক। পূর্ব্বে তো কড়িই পয়সার কাজ চালাইত। উহার পুনঃপ্রবর্ত্তন করিলে কেমন হয়? কোন প্রাদেশিক গভর্ণমেণ্টের মন্ত্রীমণ্ডল এই পরীক্ষা করিতে পারে না? প্রাদেশিক গভর্ণমেণ্ট একযোগে এই বিধি চালাইলে তো কথাই নাই।

যদি প্রাদেশিক গভর্ণমেণ্ট বা মন্ত্রিমণ্ডল এই দায়িত্ব ঘাড়ে লইতে না চায়, তবে কোন সমাজহিতৈষী প্রতিষ্ঠান এই গুরুভার লইতে পারে কি? আজকাল কম্যুনিষ্ট দল কি করিতেছে? তাহারা তো এখনো কারাগারের বাহিরে আছে, এবং থাকিবেও কিছুকাল। দেশের এই দুর্দ্দিনে তাহারা এবিষয়ে কিছু করিতে পারে কিনা ভাবিয়া দেখিলে হয় না? সাম্প্রদায়িক মুস্লিম লীগ তো কয়েক প্রদেশে মন্ত্রিমণ্ডল গঠন করিয়াছে বলিয়া গৌরব করে। তাহারা এক যোগে একাধিক প্রদেশে খুচরামুদ্রা সমস্যা পূরণের চেষ্টা করিবে কি? রাজনৈতিক কংগ্রেস তো কারাগারে; অন্য কোন রাজনৈতিক দল এবিষয়ে অগ্রণী হইবে না কি? হিন্দু মহাসভা, কৃষকপ্রজা প্রভৃতি দলও এবিষয়ে ভাবিতে পারে। অন্ততঃ পক্ষে একটি জেলাবোর্ড বা মুনিসিপালিটি ইহা পরীক্ষা করিতে পারে।

খুচরা-সমস্যা কড়ি দিয়া পূরণ হইবার সম্ভাবনা হইলে, পরে চাই এক টাকার এক ধাতুমুদ্রা—রূপিয়া, রৌপ্য নির্ম্মিত টাকা। যুদ্ধের দরুণ গভর্ণমেণ্টের ব্যাপকরূপে অভাব বাড়িয়াছে; ধাতুর মধ্যে সোনা, রূপা, লোহা ও তামার তো কথাই নাই। সুতরাং গভর্ণমেণ্ট আর রূপিয়া দিতে পারে না। সম্প্রতি দেখিতেছি পার্চমেণ্ট কাগজের অভাবে নাসিক সহরের নোট-নির্ম্মাণ ছাপাখানা পর্য্যন্ত অচল হইতে বসিয়াছে। কাগজ থাকিলে, না হয় বলিতাম এক-

টাকার নোটের একটি দোসর 'অর্দ্ধচন্দ্র' বা আধুলির নোটও বাহির করিয়া দেশবাসীকে দিতে থাকুক ; পরে অর্দ্ধ নোটও হউক। কিন্তু গভর্ণমেণ্ট এই সময় অপারগ। সুতরাং দেশবাসী দশে মিলিয়া এই কাজ করিলে সরকারের পক্ষ হইতে আপত্তি হওয়া উচিত নয়। রুপিয়া বা রুপার টাকার পুনঃপ্রবর্ত্তন হইলে ক্রমশঃ মহার্ঘতা কমিয়া যাইবে বলিয়া আশা করা যায়।

পূর্ব্বে নবাবী আমলে যে টাকশাল (মিণ্ট) ছিল সেখান হইতে যে-কেহ সোনা অথবা রুপা দিয়া যতগুলী মোহর বা টাকা প্রস্তুত করাইয়া লইতে পারিত। কেবল তৈয়ারীর জন্য নির্দ্দিষ্ট হারে কিছু মজুরী দিলেই হইত। ইংরাজের আমলের প্রথমভাগে উহা কিছুদিন চলিয়াছিল, পরে তাহা তুলিয়া দেওয়া হয়। তাহাতে এই গোলটি দাঁড়াইল যে, টাকা তৈয়ার করা গভর্ণমেণ্টের একচেটিয়া লাভের ব্যবসায়ে পরিণত হইয়া গেল। তদুপরি নোট ছাপাইয়া অতিলাভ করা আরম্ভ হইল। এখন সবদিক্ বজায় রাখা শক্ত হইয়া দাঁড়াইতেছে। এই নষ্টোদ্ধার করিবার জন্য অর্থনৈতিক ধুরন্ধরেরা কি গবেষণা চালাইতেছেন? বড় বড় বিশ্ববিদ্যালয়ে এবং দেশের গবেষণামন্দিরগুলিতে যে গুজন গুজন অধ্যাপক প্রতিপালিত হইতেছেন, তাঁহাদের কিছু দায়িত্ব আছে কি? অতি দুঃখের সহিত রোখা-রোখা সোজা কথায় অর্থশাস্ত্রীদিগের নিকট প্রশ্ন করা হইল।

মুদ্রা-সমস্যা সমাধানের জন্য অবিলম্বে দেশে এই গ্রীষ্মকালেই বিশেষজ্ঞ কমিটী বসাইয়া, বর্ষাকালের মধ্যেই পন্থা নির্দ্দেশ করা হউক। এবং অব্যবহিত পরেই পন্থানুসারে পরীক্ষা চলিতে থাকুক। আমি নিজে বিশেষজ্ঞ না হইলেও, বিষয়টির গুরুত্ব উপলব্ধি করিয়া সাধারণ বুদ্ধিতে এই প্রস্তাব করিলাম। আমি ইহা হয়তো অরণ্যে রোদন ; তথাপি কর্ত্তব্যবোধে নিজমত প্রকাশ করিতেছি।

মুদ্রা বিষয়ে বহু পুস্তক আছে। সাধ্যমত কিছু কিছু দেখিবার সুযোগ হইলেও ঐ বিষয়ে বিশেষ জ্ঞান লাভ করি নাই। ভারতবর্ষীয় মুদ্রা সম্বন্ধেও কিছু কিছু বই বাহির হইয়াছে। মাদ্রাজের স. ক. শর্ম্মার 'ইণ্ডিয়ান মনিটরী প্রব্‌লেম্' তন্মধ্যে একখানি। ৺রমেশ দত্ত, ডিগবী, নাওরোজী প্রভৃতি বহু মনীষী এবিষয়ে আলোচনা করিয়াছেন। সম্প্রতি অর্থশাস্ত্রী শ্রীযুক্ত ভকীল এ সম্বন্ধে পুস্তিকা লিখিয়াছেন। বাংলায় কিছুদিন হইল শ্রীরবীন্দ্রনাথ ঘোষ, শ্রীঅনাথগোপাল সেন প্রভৃতি 'টাকা-কড়ি' সম্বন্ধে পুস্তক লিখিয়াছেন। তাহা দেখিবার সৌভাগ্য হয় নাই। প্রধানতঃ মাঘ ১৩৩৪ বঙ্গাব্দের 'প্রবাসী' মাসিকে প্রকাশিত (পৃ: ৫১১-৬) 'টাকা-কড়ি' শীর্ষক মন্ত্রিখিত নিবন্ধ হইতে কিছু কিছু জ্ঞাতব্য বিষয় সঙ্কলন করিয়া দিলাম, যাহাতে সাধারণের পক্ষে বিষয়টি বুঝিবার সুবিধা হইতে পারে, সেই উদ্দেশ্যে।

টাকার ওজন এক তোলা বা ১৮০ গ্রেণ। পূর্ব্বে একটু কম বেশি ছিল। খৃষ্টীয় ত্রয়োদশ শতকে ভারতে মুসলমান রাজগণ যে টাকা চালাইতেন তাহার ওজন ছিল ১৭৫ গ্রেণের সমান। শের শাহ ১৫৪২ খৃষ্টাব্দে যে টাকা নিজনামে অঙ্কিত করেন তাহার ওজন ছিল ১৭৯ গ্রেণ। ইংরাজেরা প্রথমাবস্থায় বিভিন্ন ওজনের এবং বিভিন্ন অনুপাতের খাদ মিলাইয়া টাকা চালাইতেছিল। পরে ১৮৩৫ খৃষ্টাব্দ হইতে দেশের সর্ব্বত্র ১৮০ গ্রেণের টাকা চলিতেছে। পূর্ব্ব নির্দ্দেশ মত উহাতে ১৬৫ গ্রেণ রুপা এবং ১৫ গ্রেণ খাদ থাকার কথা। কিন্তু ক্রমশঃ খাদের পরিমাণ বৃদ্ধি পাইয়া এমন অবস্থায় দাঁড়াইয়াছে যে, বর্ত্তমান টাকা বাজাইয়া লওয়া চলে না।

ব্রহ্মদেশে ও সিংহলেও অনুরূপ টাকা ; কিন্তু সিংহলের পুচরা মুদ্রা সেণ্ট বা শতাংশ। ভারতের এবং ব্রহ্মদেশের সিকি আধুলি সিংহলের ২৫ সেণ্ট ও ৫০ সেণ্টের অনুরূপ। ভারতের দেশীয় রাজ্যগুলির কোন-কোনটিতে টাকার অংশ-মুদ্রাগুলি অনুরূপ ছিল। যেমন বড়োদার এককালে ৮০ পয়সার-টাকা হইত। সেই সকল পয়সা রাজ্যের নিজস্ব মিণ্টে (বা মুদ্রা-নির্ম্মাণ যন্ত্রে) প্রস্তুত হইত। কোন-কোন রাজ্যে আবার ব্রিটিশ টাকার এক পিঠে সেই-সেই রাজ্যের নাম এবং চিহ্ন অঙ্কিত থাকিত, অপর পিঠে ব্রিটিশ সম্রাটের ছবি—যেমন বিকানির রাজ্যে

কিছুকাল পূর্ব্বেও ছিল। কিন্তু টাকা সেই একই; তাহার পরিমাণও সমান। আজকাল দেশীয় রাজ্যেও মুদ্রা নির্ম্মাণ হইতেছে না। দেশীয় রাজ্যগুলি যদি পূর্ব্ববৎ নিজ নিজ মিন্ট বসাইয়া অন্ততঃ ঘুচরা মুদ্রা তাম্রখণ্ড বা 'ঢেউয়া' চালাইতে আরম্ভ করে তাহা হইলে সেই সব রাজ্যে ঘুচরা-সমস্যা মিটিয়া যাইতে পারে। কিন্তু তামার অভাবে বর্ত্তমান সময় ঐ ব্যবস্থায় কোনো রাজ্যই হাত দিতে পারিবে না বলিয়া মনে হয়। তাহারাও কড়ির প্রচলন করিয়া দেখিতে পারে, 'পণের বদলে পণ্য' নীতি অবলম্বন করিলে টাকার কৌলিন্য কমিয়া যাইবে বলিয়া মনে করি।

কড়ি ব্যতীত ধান যব প্রভৃতি শস্য দিয়াও পূর্ব্বে সাধারণ জিনিষপত্র ক্রয়বিক্রয়াদি করা যাইত। আজ পঞ্চাশ এই কাশীতেই এক আধ মুষ্টি চাউল দিয়া শাক-পাতা, ফুল-দূর্ব্বা-বেলপাতা অনেক বৃদ্ধারা কিনিয়া থাকেন। গঙ্গার ঘাটে স্নান সারিয়া খাটিয়ালকে একমুষ্টি চাউল দিয়া আসা অন্যাবধি চলিতেছে। অবশ্য সম্প্রতি চাউল মহার্ঘ এবং দুষ্প্রাপ্য হওয়ায় প্রথাটি উঠিয়া যাইতেছে। পঞ্চাশ ষাট বৎসর পূর্ব্বে গ্রামে টাকা পয়সার ব্যবহার কমই হইত। চাষী ধান দিয়া, বা সরিষা প্রভৃতি শস্য দিয়া কলুর বাড়ী হইতে তেল আনিত, ধান, চাউল, নারিকেল দিয়া দোকানীর নিকট হইতে নুন, ঘি ও অন্যান্য দ্রব্য কিনিতে পারা যাইত; শিক্ষাগুরুর সিধা বা ভেট দেওয়া চলিত।

ক্রমশঃ

৯নং পঞ্চানন ঘোষ লেনস্থ কলিকাতা ওরিয়েন্টাল প্রেস লিঃ হইতে শ্রীযোগেশচন্দ্র সরখেল কর্ত্তৃক প্রকাশিত ও মুদ্রিত।

মাসিক উন্নতি

কৃষি শিল্প বাণিজ্য ও ধনবিজ্ঞান বিষয়ক পত্রিকা

১৮শ বর্ষ | কার্ত্তিক, ১৩৫০ | ৭ম সংখ্যা



বঙ্গেশ্বরী কটন মিল্‌স্ লিমিটেড
ম্যানেজিং ডিরেক্টর ডক্টর শ্রীযুক্ত নরেন্দ্রনাথ লাহা

বার্ষিক মূল্য ৩৲ টাকা (ডাক মাশুল ।৵০ আনা স্বতন্ত্র) প্রতি সংখ্যা ।০ আনা

সম্পাদক শ্রী বিনয়কুমার সরকার

ARTHIK UNNATI

(Economic Progress)

Established April, 1926

A monthly journal, in **Bengali**, on economics (theoretical and applied), the applications of industrial research and scientific inventions for social welfare and material progress.

The object of the journal is to function as an organ of banking, foreign trade, money market, insurance, industrialization, agricultural enterprises, railway and shipping economics, public finance, economic legislation, national health, technical education, rural reorganization, municipal administration and other civic interests.

Edited by Prof. Dr. Benoy Kumar Sarkar, *Vidya-vaibhava*

Section 1. deals with the *wealth of Bengal*, profession by profession. The data are furnished by the reports of correspondents specially employed for the purpose. The standard of life prevailing among cultivators, artisans, fishermen, boatmen, leather-workers, weavers, shopkeepers, merchants, land-owners, exporters, importers, industrial workers, sailors, clerks, directors and founders of modern industries, banks and other business establishments—all classes of the Bengali population.—is the main theme of these statistical and objective investigations.

Section 2. deals with agricultural, manufacturing and *commercial activities of India* (excluding Bengal, but including the Indian states).

Section 3. deals with the *economic developments of the world*. It seeks to interpret the movement in foreign finance, industries and commerce to the Indian businessmen and economists. India's opportunities for co-operation with foreigners in all spheres of international trade and investment constitute likewise a special subject of study. The facts of world-economy involving, as they do, the intimate interdependence of India and the other countries in regard to economic functions and material welfare are placed before the readers in the form of a regular news-service.

Section 4. deals with the movements and pronouncements of the world's prominent bankers, captains of industry, engineers, chemists, experts in technical, commercial and agricultural education, statisticians, economists, finance-ministers and so forth. The *programmes of learned societies*, businessmen's associations, and bankers' institutes etc. fall within this section.

Section 5. is given over to *interviews* with specialists on problems of applied economics and economic thought.

In all these sections *Arthik Unnati*, although a monthly, intends to acquire the dynamic character of a weekly or even a daily newspaper.

Special Features:

1. A tabular statement of the contents (with occasional synopsis) of the economic, financial, export-import, statistical and allied journals in the Indian and foreign languages including *French*, *German*, *Italian*, and whenever possible, *Russian*, *Japanese* and *Turkish*.
2. Review of books.
3. A serial announcement of Indian and foreign books on economics, banking, commerce, technical education and all other branches of material and social welfare.

N.B. About *fifty per cent* of the monthly devotes itself to **essays and discussions of permanent value** bearing on the methods and problems of the economic sciences. **Bengali translation** or summaries of the views and theories of foreign economists of the present or preceding generations form a marked characteristic of this journal.

Annual subscription Rs. 3/- (excluding postage).

Office: 9, Panchanan Ghose Lane (off Amherst Street), Calcutta.

Director

DR. NARENDRA NATH LAW

Managing Director, Dangeswari Cotton Mills, Ltd., Calcutta.

Section 1 Wealth of Bengal:
Companies in Bengal. (pp. 143-146).

Section 2. Economic India : Raising of Gold in Mysore State. Chemical Industries in Mysore. Income of Government Railways in Mysore. Agriculture in Hyderabad State. Economic Condition of Hyderabad State. Sugar Industry in India. Number of Sugar Factories Province by Province. (pp. 147-149).

Section 3. World Economy: Increase in value of Chinese Bonds in London. War-time Cultivation in U. S. A. Wheat Harvest in Europe. Cotton produced in U. S. A. (pp. 150-151).

Section 4. Men, Institutions and Movements: War-time Educational Arrangement in U. S. S. R. Royal Economic Society, London. Plan for Social Insurance in India. Government Agricultural Policy in U. S. A. Child Welfare in Chili. (pp. 152-153).

Section 5. Interview: Bengal National Council of Education. (Conversation between Prof. Benoy K. Sarkar and Sj. Haridas Mukherjee). (pp. 154-155).

Section 6. World of Journals: *International Labour Review.* (December, 1942 Issue Summarised). (pp. 156-158).

Section 7. Reviews: Economic Development in Europe. Government and Nationalism in South East Asia. The Economic Defence of the Western Hemisphere. (pp. 159-160).

Section 8. Bibliography: 14 books announced. p. 161.

Articles:

(1) Cowrie as Coin.
By Satis Chandra Guha Thakur.

(2) Constitution of Modern China.
By Manmatha Nath Sarkar, M.A., Research Scholar, Bengali Institute of Economics. (pp. 163-166).

Works by and about BENOY SARKAR

B. K. SARKAR:

1. **Villages and Towns as Social Patterns.** Pages 704. Eight Charts. Rs. 15. (Royal).
2. **Economic Development.** Vol. I. Pages 464. Rs. 8. Vol. II. Pages 320, Nine Charts. Rs. 8. (Demy).
3. **The Political Philosophies since 1905.** Vol. I. Pages 404. Re. 4. (Crown). Vol. II. Part I. Pages 356. Rs. 5. Part II. Pages 570. Rs. 12. Part III. Pages 368. Rs. 8. (Demy).
4. **The Sociology of Races, Cultures and Human Progress.** Pages 410. Rs. 7. (Royal).
5. **Introduction to Hindu Positivism.** Pages 770. Rs. 16. (Royal).
6. **Creative India.** Pages 725. Rs. 15. (Demy).
7. **The Politics of Boundaries.** Pages 340. Rs. 2-8-0. (Crown).
8. **Social Insurance Legislation and Statistics.** Pages 470. Nine Charts. Re. 6. (Demy).
9. **Imperial Preference vis-a-vis World-Economy.** Pages 172. Fifteen Charts. Re. 5. (Royal).
10. **Indian Currency and Reserve Bank Problems.** Pages 94. Fourteen Charts. Re. 3. (Royal).

S. C. DUTT: **Conflicting Tendencies in Indian Economic Thought.** (Sarkarism in Economics). Pages 234. Re. 5. (Royal).

N. N. CHAUDHURY: **Pragmatism and Pioneering in Benoy Sarkar's Sociology and Economics.** Pages 152. Rs. 3. (Royal).

S. K. GHOSHAL: **Sarkarism** (The Ideas and Ideals of Benoy Sarkar on Man and His Conquests). Pages 60. Re. 1. (Royal)

S. DASS (and fourteen collaborators). **The Social and Economic Ideas of Benoy Sarkar.** Pages 690. Rs. 12. (Royal)

CHUCKERVERTTY CHATTERJEE & CO., LTD. 15 College Square, Calcutta.

জীবনযাত্রার পাথেয়

জীবনযাত্রার অনিশ্চিত পথে
জীবন বীমা মানুষের
প্রধান পাথেয়।

আমাদের সেবার কত আশা-উৎসাহ, কত শান্তি ও সুখের স্বপ্ন নিয়ে তৈরী! বাপ মায়ের সে স্বপ্ন বুঝি আজ রূঢ় বাস্তবের আঘাতে ভেঙ্গে যায়। তাই নিজের জন্যও যেমন তাদের দুশ্চিন্তা, ছেলেমেয়ে ও আত্মীয় পরিজনের জন্যও তেমনি তাদের উদ্বেগ ও আশঙ্কা—কি উপায়ে তাদের জীবনযাত্রা নির্ব্বাহের উপযোগী সংস্থান করে রাখা যায়। বর্ত্তমান দুর্দ্দিনে ও ভবিষ্যতের আর্থিক সঙ্কটে তারা কোন্ পাথেয় নিয়ে দাঁড়াবে?—হিন্দুস্থানের বীমাপত্র সেই মূল্যবান পাথেয়—দুর্দ্দিনের সর্ব্বোত্তম আশ্রয়। উপার্জ্জনশীল ব্যক্তিমাত্রেরই অবিলম্বে এই পাথেয় সংগ্রহ করা উচিত।

হিন্দুস্থান কো-অপারেটিভ

ইনসিওরেন্স সোসাইটি, লিমিটেড্

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস্, কলিকাতা।

NEW ECONOMIC AND SOCIOLOGICAL WORKS

1. Labour Legislation in British India (Pankaj Mukherjee) Rs. 3
2. Conflicting Tendencies in Indian Economic Thought (Shib Dutt) Rs. 5/.
3. La Politica Finanziaria Britannica in India (Dr. Moni Moulik) Rs. 5/-
4. The Economics and Law of Central Banking (Prof. Sachin Dutt). Ans. -/8/-
5. The Messages of Dante (Prof. Subodh Ghoshal). Ans. -/4/-
6. The Social and Economic Ideas of Benoy Sarkar, Edited by Prof. Dineswar Dass with the collaboration of Fourteen Scholars and with a Foreword by Dr. Narendra Nath Law. Rs. 12/-
7. Economic Dialectics (Nagen Chaudhury). Rs. 2/.
8. Italian Economy and Culture (Dr. Moni Moulik). Rs. 3/-
9. Principles of Civics, Part I. (Prof. Sachin Dutt). Re. 1-4-0
10. Herder's Doctrine of National Soul (Ghoshal) Ans. -/4/-

CHUCKERVERTTY CHATTERJEE & Co. Ltd.
15, College Square, Calcutta.

সূচী

বাংলার সম্পদ্ :—প্ল্যাস্টিকের ব্যবসা : প্ল্যাস্টিক কি জিনিস ? বাসায়নিক ভট্টর গোস্বামী, নূনতম পেয়ার বিক্রয়ের পরিমাণ, কমিশন ও দালালী, প্রাথমিক খরচাদি। বাংলায় নূতন ছোট কোম্পানীর সংখ্যা। (১৪৩-১৪৬)

আর্থিক ভারত :—মহীশূর রাজ্যে স্বর্ণ-উৎপাদন। কেমিক্যাল শিল্পের হালচাল। মহীশূরে সরকারী রেল-পথের আয়। হায়দারাবাদ রাজ্যে চাষ-আবাদ। হায়দারাবাদ রাজ্যের আর্থিক অবস্থা। ভারতবর্ষে চিনি উৎপাদন। চিনির কারখানার সংখ্যা। (১৪৭-১৪৯)

দুনিয়ার ধনদৌলত :—লণ্ডনে চীনা বস্তুর মূল্য-বৃদ্ধি। লড়াইয়ের জন্য মার্কিণ আবাদ। ইয়োরোপের গম-ফসল। মার্কিণ মুলুকে তুলা উৎপাদন। (১৫০-১৫১)

ব্যক্তি ও সঙ্ঘ :—রুশিয়ার লড়াইয়ের সময়কার শিক্ষা-ব্যবস্থা। বিলাতী ধনবিজ্ঞান পরিষৎ। ভারতে সমাজ-বীমার মোসাবিদা। মার্কিণ সরকারের কৃষিনীতি। চিলিরাজ্যে শিশু-মঙ্গল। (১৫২-১৫৩)

মোলাকাৎ :—জাতীয় শিক্ষাপরিষৎ বনাম সরকারী বিশ্ববিদ্যালয়। [অধ্যাপক বিনয়কুমার সরকারের সহিত শ্রীহরিদাস মুখোপাধ্যায়ের কথোপকথন]। ১৫৪

পত্রিকা-জগৎ ১৫৬

সমালোচনা ১৫৯

গ্রন্থপঞ্জী

প্রবন্ধাবলী :

কড়ি-মুদ্রা

শ্রীসতীশচন্দ্র গুহ ঠাকুর

নব্য চীনের রাষ্ট্র-কাঠামো

শ্রীমন্মথনাথ সরকার, এম এ ১৬৩

বিনয় সরকারের বৈঠকে

(বিংশ শতাব্দীর বঙ্গ-সংস্কৃতি)

শ্রীহরিদাস মুখোপাধ্যায়

রামকৃষ্ণ-সাহিত্য, বঙ্গ-বিপ্লব, স্বদেশী আন্দোলন, ডন সোসাইটির সতীশ মুখোপাধ্যায়, অরবিন্দ-দর্শন, শিল্প-বাণিজ্যে বাঙালীর প্রগতি, মজুর-আন্দোলন, মেয়েদের পুরুষ-সাম্য, "অবনীন্দ্র-মণ্ডল", লাঠি-সেনাপতি পুলিন দাশ, ব্রাহ্ম সমাজ, নবজন্ম ও অন্নদাশঙ্কর, বাংলার বৈজ্ঞানিক, ঐতিহাসিক ও দার্শনিক গবেষকগণ, রাবীন্দ্রিক ভগবান, গল্প-রচনায় বাঙালী মেজাজ, হিন্দু-মুসলমানের ধর্ম-মিলন, গুরুসদয়ের নাচানাচি, সুরেন্দ্রনাথ হ'তে শ্যামাপ্রসাদ, ১৯৮০ সনের বাঙালী ইত্যাদি বিষয়ে বিংশ শতাব্দীর বঙ্গ-সংস্কৃতি সম্বন্ধে অধ্যাপক বিনয়কুমার সরকারের সঙ্গে কথোপকথন। প্রশ্নোত্তরের আকারে লিখিত। ৪৯০ পৃষ্ঠা মূল্য ৩৲

বঙ্গীয় ধনবিজ্ঞান পরিষদ্ ও বঙ্গীয় সমাজ-বিজ্ঞান পরিষদের সুধীবর্গের লিখিত কয়েকখানি গ্রন্থ

১। একালের ধনদৌলত ও অর্থশাস্ত্র (বিনয় সরকার) :—প্রথম ভাগ ২।০, দ্বিতীয় ভাগ ৭৲। ২। ধনদৌলতের রূপান্তর (বিনয় সরকার) ১৷০। ৩। পরিবার, গোষ্ঠী ও রাষ্ট্র (বিনয় সরকার) ২।০। ৪। স্বদেশী আন্দোলন ও সংরক্ষণনীতি (বিনয় সরকার) ২৲। ৫। নয়া-বাঙলার গোড়াপত্তন (বিনয় সরকার) :—প্রথম ভাগ ২।০, দ্বিতীয় ভাগ ২৲। ৬। বাড়্‌তির পথে বাঙালী (বিনয় সরকার) ৩৷০। ৭। দেশ-বিদেশের ব্যাঙ্ক (ডক্টর নরেন্দ্রনাথ লাহা ও জিতেন সেনগুপ্ত) ১৷০। ৮। টাকাকড়ি (রবি ঘোষ) ১৷০। ৯। টাকার কথা (নরেন রায়) ১৲। ১০। ধনবিজ্ঞানে সাকুরেতি (শিব দত্ত) ২৲। ১১। বাংলায় ধনবিজ্ঞান (বিনয় সরকার ও অন্যান্য লেখকগণ) প্রথম ভাগ ৪৷০, দ্বিতীয় ভাগ ৩৲।৹ ১২। সমাজ-বিজ্ঞান (বিনয় সরকার ও অন্যান্য লেখকগণ) ৩৲। ১৩। মার্কিণ সমাজ ও সমস্যা (নগেন চৌধুরী) ২৲। ১৪। ফরাসী মনীষীদের প্রগতি-দর্শন (প্রফুল্ল বিশ্বাস) ৷৷০।

চক্রবর্ত্তী চ্যাটার্জ্জি অ্যাণ্ড কোম্পানী লিমিটেড

১৫, কলেজ স্কোয়ার, কলিকাতা

কার্ত্তিক—১৩৫০ আর্থিক উন্নতি ১৮শ বর্ষ—৭ম সংখ্যা

অহমস্মি সহমান উত্তরো নাম ভূম্যাম্।
অভীষাড়স্মি বিশ্বাষাড়াশামাশাং বিষাসহি।

অথর্ব্ববেদ ১২।১।৫৪

পরাক্রমের মূর্ত্তি আমি,—'শ্রেষ্ঠতম' নামে আমার জানে সবে ধরাতে;
জেতা আমি বিশ্বজয়ী,—জয় আমার দিকে দিকে বিজয়-কেতন উড়াতে।



প্ল্যাস্‌টিকের ব্যবসা

"প্ল্যাস্‌টিক" তৈয়ারির জন্য কলিকাতায় কারখানা খাড়া হইতেছে। "আনন্দ বাজার পত্রিকা"য় তাহার নিম্নলিখিত বিজ্ঞাপন বাহির হইয়াছে :—

উদ্দেশ্য

প্ল্যাস্‌টিকের সর্ব্বরকম দ্রব্যাদি প্রস্তুত ও বিক্রয় করার কারবার করার উদ্দেশ্যে এবং মেমোরেণ্ডাম অব্ এসোসিয়েশনে (যাহা এই প্রস্পেক্টাসেরই অংশ) আরও বিস্তৃতরূপে বর্ণিত উদ্দেশ্যে এই কোম্পানী সংগঠিত হইয়াছে।

(১) কোম্পানী অবিলম্বে (ক) মোমের সামগ্রী, (খ) রজন দ্বারা তৈরী সামগ্রী, (গ) মোল্ডিং পাউডার, (ঘ) বোতাম, (ঙ) বিভিন্ন রকমের ইলেক্‌ট্রিক ইন্‌স্যুলেটর (চ) কাপ, সসার, ডিস্, ট্রাশ্-ট্রে ইত্যাদি গৃহস্থালীর প্রয়োজনীয় দ্রব্যাদি এবং (ছ) রেডিও পার্টস, টেলিফোন ও টেলিগ্রাফের পার্টস্ এবং বুট পলিশ্ ইত্যাদি প্রস্তুত করার কাজ গ্রহণ করার প্রস্তাব করিয়াছেন।

যুদ্ধের পূর্ব্বের দর ধরিয়া নিম্নে আনুমানিক লাভের হিসাব দেওয়া হইল :—

তৈরী মালের উৎপাদন খরচ ।৵০ আনা প্রতি পাউণ্ড
উহার বিক্রয় মূল্য ১৵০ আনা প্রতি পাউণ্ড

কারখানাতে প্রত্যহ এক টনের মত মাল প্রস্তুত করা যাইবে। কাজেই বৎসরে ৩০০ দিন কারখানার কাজ হইবে ধরিয়া, ১৫,০০,০০০৲ টাকা আদায়ী মূলধনের উপর বার্ষিক ৪,০৪,০০০৲ টাকা লাভ হইবে আশা করা যায়। উহা হইতে দেখা যায় শতকরা ৩০৲ টাকার মত লাভ হইবে।

প্ল্যাস্‌টিক কি চিজ?

ভারতবর্ষে এই জাতীয় কোম্পানী ইহাই সর্ব্বপ্রথম

বলা যায় এবং প্লাষ্টিক-নির্ম্মিত দ্রব্যাদির চাহিদা বর্ত্তমানে যেরূপ বৃদ্ধি পাইতেছে, তাহাতে এই কোম্পানী প্রতিষ্ঠিত হওয়ায় ভারতবর্ষের লোকেরা এই সমৃদ্ধিশালী শিল্প-ব্যবসায়ে অর্থ-বিনিয়োগ করার সুযোগ পাইবেন। বিশেষতঃ যুদ্ধ আরম্ভ হওয়ার পর হইতে প্লাষ্টিক-শিল্প দিন-দিনই বিরাট প্রসার লাভ করিতেছে; এবং প্লাষ্টিক দ্বারা অসংখ্য রকমারী দ্রব্যাদি প্রস্তুত করা যায় বলিয়া উহা সকলেরই এরূপ মনোরঞ্জন করিতে সমর্থ হইয়াছে এবং উহার গবেষণা-কার্য্য এরূপ জোর চলিয়াছে যে, এই যুগকে প্লাষ্টিকের যুগ বলিলেও অত্যুক্তি হয় না। যদিও নূতন, তাহা হইলেও প্লাষ্টিক-শিল্প আজ সমগ্র জগৎ জুড়িয়াই রহিয়াছে; কাজেই আজ এই কোম্পানী প্রতিষ্ঠিত হওয়ায় পৃথিবীর মাপে, এই শিল্পে ভারতবর্ষেরও স্থান হইল।

বহু ধাতুদ্রব্যাদির পরিবর্ত্তে আজ প্লাষ্টিকের দ্রব্যাদি ব্যবহৃত হইতেছে। উহার কারণ কতকগুলি উপাদানের সংমিশ্রণে রং-বেরঙে রঞ্জিত করিয়া উহার দ্বারা বহু রকমারি দ্রব্য প্রস্তুত করা যায় এবং তদুপরি উহা বিদ্যুৎ ও তাপ নিরোধক ও খুব হাল্কা। স্বভাবজাত রঞ্জক দ্রব্যাদির স্থান কৃত্রিম রঞ্জক দ্রব্যাদি যেভাবে অধিকার করিয়াছে, প্লাষ্টিকও বহু রকমের ধাতুর স্থান সেইভাবে অধিকার করিতে পারিবে। প্রকৃতিজাত কতকগুলি কাঁচামালের রাসায়নিক সংমিশ্রণে মানুষ এই প্লাষ্টিক প্রস্তুত করিয়াছে। সাধারণ তাপে উহা কঠিনই থাকে, কিন্তু অত্যধিক তাপ প্রয়োগে উহা নরম ও নমনীয় হয়। তারপর ছাঁচে দিয়া চাপ দিলে ইচ্ছামত যে-কোন আকার দেওয়া চলে এবং ঐ আকার অক্ষুণ্ণ থাকে।

বাজারে অন্যান্য বহু রকমের প্লাষ্টিক উপাদানাদি পাওয়া সত্ত্বেও ডাঃ গোস্বামীর পেটেণ্ট করা প্লাষ্টিকের সুবিধা এই যে, উহার জন্য প্রয়োজনীয় সমস্ত কাঁচামালই এদেশে প্রচুর পরিমাণে পাওয়া যায়। দ্বিতীয়তঃ, পরীক্ষা করিয়া দেখা গিয়াছে যে, এই প্লাষ্টিক অন্যান্য প্লাষ্টিকের চেয়ে অনেক কম ভঙ্গুর এবং অধিক তাপনিরোধক এবং বিদ্যুতের সম্পূর্ণ নিরোধক।

ভারতবর্ষে বর্ত্তমানে যে প্লাষ্টিক শিল্প চলিতেছে, তাহাকে সম্পূর্ণ অন্তর্দেশনিরপেক্ষ শিল্প বলা চলে না। কারণ উহার মোল্ডিং পাউডার বিদেশ হইতে আমদানি করিতে হয় এবং ইহাই একমাত্র পাউডার, যাহা দ্বারা পরিকল্পনানুযায়ী আকৃতি করা সম্ভবপর হয়। এজন্য যুদ্ধ আরম্ভ হওয়ার পর হইতে এদেশে প্লাষ্টিক দ্বারা ছাঁচে জিনিষপত্রাদি তৈয়ার করার শিল্প সম্পূর্ণরূপে বন্ধ হইয়া গিয়াছে বলা যায়। কেবলমাত্র যে সমস্ত দ্রব্য যুদ্ধের জন্য প্রয়োজন, সেই সমস্ত দ্রব্য তৈয়ার করার জন্য গভর্ণমেণ্ট মোল্ডিং পাউডার আমদানি করার সুযোগ-সুবিধা করিয়া দিতেছেন। বর্ত্তমানের পরিকল্পনানুযায়ী যদি মোল্ডিং পাউডার এদেশে প্রস্তুত করা যায়, তাহা হইলে একটি বিষম অভাবের পূরণ হইবে। নিম্নে প্রদত্ত হিসাবদৃষ্টেই বুঝা যাইবে প্লাষ্টিকের ব্যবহার দিন দিন কিরূপ বৃদ্ধি পাইতেছে। উহাতে ১৯২১ সন হইতে ১৯৩৫ সন পর্য্যন্ত সময়ে সমগ্র পৃথিবীতে যে পরিমাণ প্লাষ্টিক উৎপন্ন হইয়াছে, তাহার হিসাব দেওয়া হইল। ইহা অবশ্য না বলিলেও চলে যে, ১৯৩৫ সনের পর হইতেই প্লাষ্টিকের ব্যবহার অত্যধিক বৃদ্ধি পাইয়াছে—

সন	উৎপন্ন দ্রব্যের পরিমাণ (হন্দর)
১৯২১	৬০,০০০
১৯২৫	১,২০,০০০
১৯২৮	২,০০,০০০
১৯৩১	৩,৪০,০০০
১৯৩৩	৪,৪০,০০০
১৯৩৫	১২,০০,০০০

উপরিউক্ত উৎপন্ন দ্রব্যের মধ্যে ১৯৩৫ সনে ভারতবর্ষে যে পরিমাণ আমদানি হইয়াছিল, তাহার হিসাব নিম্নে দেওয়া হইল :—

প্রকার	মূল্য (টাকা)
সেলুলয়েড	৪০,০০,০০০
ইনস্যুলেটর	৪৪,০০,০০০
সংমিশ্রিত রঞ্জন ও মোমের দ্রব্যাদি…	৫০,০০,০০০

রাসায়নিক ডক্টর গোস্বামী

ডাঃ এম এন গোস্বামীর পেটেণ্ট, যাহার মালিক যুক্তভাবে কলিকাতা বিশ্ববিদ্যালয় ও ডাঃ এম এন গোস্বামী, তাহার ক্রয়কার্য্যের সমস্ত ব্যবস্থা উক্ত জয়েণ্ট পেটেণ্টী ও কলিকাতার ১৫নং ক্লাইভ ষ্ট্রীটস্থ মেসার্স এইচ দত্ত এণ্ড সন্স লিঃএর মধ্যে সম্পন্ন হইয়া গিয়াছে; উক্ত জয়েণ্ট পেটেণ্টীগণ কোনরূপ লাভ বা দালালী না লইয়া ২৭০০০৲ টাকা মূল্যে এতৎসম্পর্কে তাহাদের অধিকার ও সুযোগ-সুবিধা কোম্পানীর নিকট হস্তান্তর করার জন্য চুক্তিবদ্ধ হইয়াছেন এবং এই টাকাও জয়েণ্ট পেটেণ্টীদিগকে কিস্তি-বন্দীক্রমে আদায় দিতে হইবে। জয়েণ্ট পেটেণ্টীগণ ১৬ বৎসরের জন্য পেটেণ্ট করিয়াছেন এবং ইচ্ছা করিলে পরে আবার উহা নূতন করিয়া পেটেণ্ট করিতে পারিবেন। সৌভাগ্যের বিষয় যে, কোম্পানী বলিতে গেলে নামমাত্র মূল্যে এইরূপ একটি মূল্যবান পেটেণ্ট লাভ করিতে সমর্থ হইয়াছে। যথাসম্ভব দ্রুত দ্রব্যাদি প্রস্তুতের ব্যবস্থা করা হইতেছে।

এই প্লাষ্টিক প্রস্তুতের প্রণালী ডাঃ এম এন গোস্বামী এম এ, ডক্টর-ইন্ কেমিষ্ট্রি (প্যারি) বহু বৎসরের গবেষণায় আবিষ্কার করিয়াছেন ও উহার উন্নতিসাধন করিয়াছেন এবং এক্ষণে তিনি উহা নিখুঁতভাবে উৎপন্ন করিতে সক্ষম হইয়াছেন। ইহা উল্লেখ করা অপ্রাসঙ্গিক হইবে না যে, তৈল ইত্যাদিকে ভিত্তি করিয়া শিল্পবাণিজ্যের প্রয়োজন অনুযায়ী বিপুল পরিমাণে প্লাষ্টিক্স উৎপাদন করা সম্ভবপর হইবে বলিয়া যখন ডাঃ গোস্বামী উপলব্ধি করিলেন, তখন কলিকাতা বিশ্ববিদ্যালয় তাঁহার উদ্ভাবিত এই প্রণালী সম্পর্কে বিশেষ আগ্রহান্বিত হইলেন এবং ঐ সম্বন্ধে পরে সমস্ত গবেষণাদিই তিনি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের আওতায় করিয়াছেন। প্রস্তুতপ্রণালী এক্ষণে সম্পূর্ণ নিখুঁত হইয়াছে এবং উহার জন্য আন্তর্জ্জাতিক পেটেণ্ট গ্রহণ করা হইয়াছে এবং বৃটিশ ভারত ও দেশীয় রাজ্যসমূহের সহিত মিত্রভাবাপন্ন সমস্ত দেশই উহার আওতায় পড়িবে। কাজেই সমস্ত দেশেই এই পেটেণ্ট দ্বারা প্রস্তুত দ্রব্যাদির ব্যবসাবাণিজ্য করার সমস্ত সুযোগ-সুবিধা যে পাওয়া যাইবে তাহা সুনিশ্চিত।

ন্যূনতম শেয়ার বিক্রয়ের পরিমাণ

ন্যূনতম যে পরিমাণ টাকার শেয়ার বিক্রয় করিলে ডিরেক্টরগণ শেয়ার বিলি করিতে পারিবেন এবং যাহা ডিরেক্টরগণের মতে এই টাকার বিক্রয়লব্ধ অর্থ দ্বারা কার্য্যকরী মূলধন সহ) ইতিমধ্যে কোম্পানীর প্রসপেক্টের বিধানানুযায়ী অবশ্যই তুলিতে হইবে, তাহা হইতেছে ৫,০০,০০০৲ টাকা (অভিনারী এবং বা প্রেফারেন্স লিমিটেড মূল্যের শেয়ার।

কমিশন ও দালালী

আর্টিকলস্ অব্ এসোসিয়েশনে শেয়ারের লিখিত মূল্যের শতকরা অনধিক ২৲ টাকা কমিশন হিসাবে দেওয়ার বিধান রহিয়াছে। তা' ছাড়া কোম্পানী অনুমোদিত দালালদিগকে যথানির্দ্দিষ্ট দালালী দিতে পারিবেন।

বিক্রেয় সমস্ত প্রেফারেন্স শেয়ারের ব্যবস্থা করার ভারই ক্যালকাটা কমার্শিয়াল ব্যাঙ্ক লিঃ গ্রহণ করিয়াছেন এবং এই ভার গ্রহণের জন্য ৫,০০,০০০৲ টাকা প্রেফারেন্স মূলধনের উপর শতকরা ২৲ টাকা হারে তাঁহারা কমিশন পাইবেন। আণ্ডার-রাইটারগণ তাঁহাদের উপর ন্যস্ত কাজ যে সুসম্পন্ন করিতে পারিবেন, তৎসম্বন্ধে ডিরেক্টরগণের দৃঢ় বিশ্বাস আছে।

অনুমোদিত ব্যাঙ্কারস্ বা দালালদের স্ব স্ব ষ্ট্যাম্পযুক্ত দরখাস্তের দরুণ যে পরিমাণ শেয়ার বিলি করা হইবে, তাহার উপর প্রতি অভিনারী শেয়ার বাবদ চারি আনা করিয়া দালালী তাঁহাদিগকে দেওয়ার জন্য ডিরেক্টরগণ মনস্থ করিয়াছেন।

প্রাথমিক খরচাদি

এরূপ বরাদ্দ করা হইয়াছে যে, প্রাথমিক খরচ মোট-মাট ২৫,০০০৲ টাকার বেশী হইবে না।

প্রমোশন

কোম্পানী কর্ত্তৃক প্রমোশন বাবি হিসাবে কোন টাকা দেওয়া হয় নাই।

বাংলায় নূতন যৌথ কোম্পানীর সংখ্যা

১৯৪৩ সনের এপ্রিল মাসে বাংলায় অংশবিভক্ত এবং মোট ২,১২,৮৯,২০০ টাকা মূলধন সহ ৬৭টী নূতন যৌথ কোম্পানী ভারতীয় কোম্পানী আইন অনুসারে রেজেষ্টারী হইয়াছে। নিম্নে সেইগুলির বিষয় বিবরণী দেওয়া হইল :—

১ ব্যাঙ্কিং	
৩ পুঁজিবাদন ও ট্রাষ্ট	
১ মোটর ট্র্যাক্টর ব্যবসায়	
২ ছাপাখানা, পুস্তক প্রকাশ	
৭ কেমিক্যাল	
৪ লোহা-লক্কড় ও জাহাজ তৈরী	
৪ ইঞ্জিনিয়ারিং	
১ টানারী ও চামড়ার ব্যবসায়	২,০০,০০০
১ গৃহ নির্ম্মাণের উপকরণ	৩০,০০০
১ কাঠের বাক্স ও কাঠের আসবাবপত্র	
১ সাবান, মোমবাতি ইত্যাদি	
৭ এজেন্সী	
১ তামাক (চুরুট ইত্যাদি)	
২২ ব্যবসায়, শিল্প ইত্যাদি	
১ তুলার বীজ ছড়ান, গাঁটবাঁধা ইত্যাদি	
২ পাটের গাঁট করা ইত্যাদি	
১ তেল কল	
১ চা-বাগান ইত্যাদি	
২ কয়লার খনি	
৩ অন্যান্য খনি	
	২,১২,৮৯,২০০

মহীশূর রাজ্যে স্বর্ণ-উৎপাদন

১৯৪২ সনের নবেম্বর মাসে মহীশূর রাজ্যে ১৭,৩৯২ ফাইন আউন্স সোনা উৎপন্ন হইয়াছে। ১৯৪২ সনের অক্টোবর মাসে ১২,০০০ ফাইন আউন্স এবং ১৯৪১ সনের নবেম্বর মাসে ২৪,১৬৫ ফাইন আউন্স সোনা উৎপন্ন হইয়াছিল। সুতরাং দেখা যাইতেছে যে, আলোচ্য সনে ১৯৪২ সনের অক্টোবর মাসের ৪৪% বেশী এবং ১৯৪১ সনের নবেম্বর মাসের ২৮% কম সোনা উৎপন্ন হইয়াছে। আলোচ্য সনে মোট উৎপন্ন সোনার মূল্য ২৯,৯১,৪২৪ টাকা; ১৯৪২ সনের অক্টোবর মাসে উৎপন্ন সোনার দাম ২১,০৪,২৫০ টাকা এবং ১৯৪১ সনের নবেম্বর মাসে উৎপন্ন সোনার দাম ৩১,১৭,২৮৫ টাকা।

কেমিক্যাল শিল্পের হালচাল

নিম্নের তালিকায় মহীশূর রাজ্যে বিবিধ কেমিক্যাল দ্রব্য উৎপাদন সম্পর্কে ১৯৪২ সনের নবেম্বর ও অক্টোবর মাসের তুলনামূলক পরিচয় দেওয়া গেল :—

	নবেম্বর ১৯৪২	অক্টোবর ১৯৪২
	টন	টন
সালফিউরিক এসিড	৪৪৩	৩৪২·৮
অ্যামোনিয়াম সালফেট	১৬৬	২১৩
হাইড্রোক্লোরিক এসিড	টি ৩-১৭-০-০	টি ১-৮-৩-০
নাইট্রিক এসিড	টি ৭-১২-৩-০	টি ২-১-০-০

নিম্নে ১৯৪২ সনের নবেম্বর ও অক্টোবর মাসে কাচ ও এনামেলের বাসন তৈরীর হিসাব দেওয়া হইল :—

	নবেম্বর ১৯৪২	অক্টোবর ১৯৪২
	২৭,১০০	২৪,০০০
	৯,৪০০	১২,০০০
মোট	৩৬,৫০০	৩৬,০০০

অ্যাল্ডোহল বা সুরাসার উৎপাদন দাঁড়াইয়াছে নিম্নরূপ :—

নবেম্বর ১৯৪২	১৬,০০২
অক্টোবর ১৯৪২	৩,৬৪০

মহীশূরে সরকারী রেলপথের আয়

মহীশূর রাজ্যে ১৯৪২ সনের নবেম্বর মাসে সরকারী রেলপথসমূহে ২,৮১,৬৪৫ টাকা আয় হইয়াছে। পূর্ব্ববর্তী মাস এবং ১৯৪১ সনের নবেম্বর মাসে আয় দাঁড়াইয়াছিল যথাক্রমে ১১,২৪,৫২৩ ও ৮,৭১,২৫৪ টাকা। ১৯৪২ সনের ১লা জুলাই থেকে নবেম্বর মাসের শেষ পর্য্যন্ত মহীশূরের রেলপথগুলির আয় দাঁড়াইয়াছে ৪৭,২১,৩৮২ টাকা; পূর্ব্ববর্তী সনের এই ছয়মাসে আয় দাঁড়াইয়াছিল ৪১,৭৯,৭১৮ টাকা।

আলোচ্য মাসে মহীশূর রাজ্যের সরকারী রেলপথগুলিতে ২,৬৪৩,৫০১ রেলওয়ে মণ মাল চলাচল হইয়াছে। ১৯৪২ সনের অক্টোবর মাসে এবং ১৯৪১ সনের নবেম্বর মাসে মাল চলাচলের পরিমাণ যথাক্রমে ২,৭০৪,৭৬৫ ও ২,৬৭৯,৪৪৫ রেলওয়ে মণ। ১৯৪২ সনের ১লা জুলাই থেকে ১৯৪২ সনের নবেম্বর মাসের শেষপর্য্যন্ত মহীশূর রাজ্যে রেলপথে মাল চালান দেওয়ার পরিমাণ দাঁড়ায় ১২,৩৫৬,৮৩৪ রেলওয়ে মণ; পূর্ব্ববর্তী সনে ছয়মাসে চালান দেওয়ার পরিমাণ ১২,৪৪৩,৩৮০ রেলওয়ে মণ।

হায়দারাবাদ রাজ্যে চাষ আবাদ

হায়দারাবাদ রাজ্যে ১৯৪২ সনের ৪,০৪,০০০ একরের স্থলে ১৯৪৩ সনে ৪,৭১,০০০ একর জমিতে তিলের আবাদ হইবে। উৎপাদনের পরিমাণ গত সনের ৩৩,০০০ টনের স্থলে ৪১,০০০ টন দাঁড়াইবে। অর্থাৎ আলোচ্য সনে আবাদের দিক্ হইতে ১৬·৬% এবং উৎপাদনের দিক্ হইতে ২১·২% বাড়তির আশা করা যায়

গমের আবাদ দাঁড়াইয়াছে গত সনের ৮,২৭,০০০ একরের স্থলে আলোচ্য সনে ৯,০৪,০০০ একর। অর্থাৎ ৭৭,০০০ একর বেশী জমিতে গমের আবাদ হইয়াছে।

আলোচ্য সনে ২৯,৭৩,১৬৭ একর জমিতে তুলার আবাদ হইয়াছে। এই সমস্ত জমিতে ৪,৮৮,০৮৮ বেল তুলা উৎপন্ন হইবে। গত সনের তুলনায় আলোচ্য সনে আবাদ ও উৎপাদন যথাক্রমে ৯·৪% ও ৯·৭% বাড়িবে বলিয়া আশা করা যাইতেছে।

হায়দারাবাদ রাজ্যের আর্থিক অবস্থা

নিজাম রাজ্যে মোট ২১,৮০০,০০০ একর জমিতে চাষ-আবাদ হয়। চাষীর সংখ্যা ১,৪১৮,০০০। ৪১৭,০০০ একর উন্নত ধরণের শস্যের আবাদ হইতেছে। এই রাজ্যে সমবায় সমিতির সংখ্যা ৪,৫০০টী; সদস্য-সংখ্যা ১৭৫,০০০।

রাজ্যে কারখানার সংখ্যা ৬৫০টী; প্রত্যেক বৎসর ২৪,৫০০,০০০ ইউনিট বিদ্যুৎ উৎপন্ন হয়। ৬টী বয়নের কারখানায় প্রত্যেক বৎসরে আড়াই কোটী পাউণ্ড সূতা ও ৭ কোটী গজ কাপড় তৈরী হয়।

সাহাবাদ সিমেণ্ট কোম্পানী প্রত্যেক বৎসর দেড়লক্ষ টন সিমেণ্ট তৈরী করে। এই রাজ্যে প্রত্যেক বৎসর ১৩ লক্ষ টন কয়লা উৎপন্ন হয়।

পি·ডাব্লিউ·ডির অধীনে ৫,২২৫ মাইল সড়ক আছে। ১,৪০০ মাইল দীর্ঘ রেলপথ সরকারের অধীনে পরিচালিত হইতেছে। রাজ্যে ডাক ঘরের সংখ্যা ১,২০০টী; টেলি-ফোন যোগাযোগের সংখ্যা ১,৫০০।

ভারতবর্ষে চিনি উৎপাদন

ভারতবর্ষে ইক্ষু থেকে সরাসরি সাদা চিনি উৎপাদন ১৯৪১-৪২ সনের ৭·৮ লক্ষ টনের স্থলে ১৯৪২-৪৩ সনে ১০·৮ লক্ষ টন দাঁড়াইবে বলিয়া ধরা হইয়াছে। যুক্ত-প্রদেশ ও বিহারে উৎপাদন-বৃদ্ধিই আলোচ্য সনে অধিকতর পরিমাণে চিনি উৎপন্ন হওয়ার মুখ্য কারণ। ইক্ষু চাষের অবস্থা বিশেষ ভাল ছিল না। গুড়ের মূল্য বৃদ্ধি ও অত্যধিক চাহিদাবৃদ্ধির জন্য কাঁচা মালের অভাব বশতঃ চিনি শিল্প যথেষ্ট পরিমাণে বাধা প্রাপ্ত হইয়াছে। তাহা সত্ত্বেও যুক্ত প্রদেশ ও বিহার আলোচ্য সনে ৮·৪ লক্ষ টন চিনি উৎপাদনে সক্ষম হইয়াছে। ভারতের অন্যান্য প্রদেশ এবং দেশীয় রাজ্যগুলিতেও ইক্ষুর ঘাটতি ঘটিয়াছে।

চিনির কারখানার সংখ্যা

১৯৪২-৪৩ সনে ভারতবর্ষে মোট ১৪০টি কারখানায় চিনি উৎপন্ন হইয়াছে। ১৯৪১-৪২ সনেও ঠিক অতগুলি কারখানায় চিনি তৈরী হইয়াছে।

নিম্নের তালিকায় বিভিন্ন প্রদেশের চিনির কারখানার সংখ্যা প্রকাশ করা হইল :—

প্রদেশ	
যুক্তপ্রদেশ	
বিহার	
পাঞ্জাব, সিন্ধু ও সীমান্ত	
মাদ্রাজ	
বোম্বাই	৯
বাংলা	৮
উড়িষ্যা	২
দেশীয় রাজ্যসমূহ	১৫

নিম্নের তালিকায় ১৯৪২-৪৩ সনে বিভিন্ন প্রদেশে ইক্ষু পেষাই এবং চিনি ও চিটা গুড় তৈরীর হিসাব দেওয়া গেল :—

প্রদেশ	ইক্ষু পেষাই	চিনি	চোলা গুড়
	টন	টন	টন
যুক্তপ্রদেশ	৩,০১৫,৭০০	৬০৯,৬০০	২১৩,৪০০
বিহার	২,১৮০,০০০	২৩৫,৯০০	৭৪,৯০০
পাঞ্জাব, সিন্ধু সীমান্ত	১২৫,৮০০	১১,৪০০	৪,০০০
মাদ্রাজ	৩২৬,৯০০	৩০,৭০০	১৩,০০০
বোম্বাই	৭৫৩,৮০০	৮০,০০০	২৯,৫০০
বাংলা	১৮৮,৭০০	১৬,১০০	৮,৯০০
উড়িষ্যা	২১,৩০০	২,১০০	৯০০
দেশীয় রাজ্যসমূহ	৯৮৬,০০০	৯৬,৬০০	৩৩,৮০০
মোট	১০,৫৯৮,২০০	১,০৮২,৪০০	৩৭৮,৭০০

নিম্নে ১৯৪১-৪২ সনের অনুরূপ হিসাব প্রদত্ত হইল :—

প্রদেশ	ইক্ষু পেষাই	চিনি	
	টন	টন	
যুক্তপ্রদেশ	৩,৮৭৭,০০০	৩৮২,৯০০	
বিহার	১,১৩৩,৬০০	১১৭,৩০০	
পাঞ্জাব, সিন্ধু সীমান্ত	২১৫,৭০০	১৯,২০০	
মাদ্রাজ	৩৫২,৩০০	৩০,৮০০	
বোম্বাই	৮৬১,১০০	৮৫,০০০	৩৮,৬০০
বাংলা	৩১৩,৬০০	২৩,৭০০	১২,৭০০
উড়িষ্যা	৩১,৮০০	৩,০০০	১,৪০০
দেশীয় রাজ্যসমূহ	১,২৪১,২০০	১১৬,২০০	৪৮,০০০
মোট	৮,০২৬,৩০০	৭৪৮,১০০	২৯২,১০০

লণ্ডনে চীনা বণ্ডের মূল্য-বৃদ্ধি

লণ্ডন হইতে প্রাপ্ত সেন্ট্রাল নিউজের এক সংবাদে প্রকাশ, চীনের বৈদেশিক সচিব ডক্টর টি, ভি, সুঙের উদ্দীপনাময় বেতার বক্তৃতার ফলে, লণ্ডনে বিদেশী বণ্ডের বাজারে চীনা বণ্ডের মূল্য বৃদ্ধি পাইয়াছে। লণ্ডন ইক এক্সচেঞ্জে এইরূপ অনুকূল প্রতিক্রিয়ার সারাংশ নিম্নে প্রদত্ত হইল।

প্রথম চীনের বর্তমান অবস্থা সম্বন্ধে আস্থা এবং ভবিষ্যৎ সম্বন্ধে আশা ক্রমেই বৃদ্ধি পাইতেছে।

দ্বিতীয় অধমর্ণ হিসাবে চীনের সুনাম বৃদ্ধি পাইয়াছে, কারণ শত্রুর আক্রমণ এবং চীনের গুরুত্বপূর্ণ স্থানগুলি অধিকার সত্ত্বেও, চীন এযাবৎ তাহার ঋণ পরিশোধে কুণ্ঠিত হয় নাই।

তৃতীয় যাহারা চীনা বণ্ড ক্রয় করিয়াছে তাহারা আশা করে না যে, চীন গবর্ণমেণ্ট যুদ্ধ জয়ের অনতিকাল পরেই এই বণ্ডের অর্থ পরিশোধ করিতে সক্ষম হইবে। তাহারা জানে যুদ্ধজয়ের পর চীন তাহার পুনর্গঠন পরিকল্পনা কার্যকরী করিবার পর এই বণ্ডের অর্থ ভালভাবেই পরিশোধ করিবে।

লড়াইয়ের জন্য মার্কিণ আবাদ

মার্কিণ মুল্লুকের ৭৭,০০০ চাষী নিজ নিজ আবাদী জমির কিরিস্তি প্রকাশ করিয়াছে। দেখা যাইতেছে যে, সকল দিকেই লড়াইয়ের চাহিদা মোগাইবার জন্য আবাদের বাড়তি ঘটিতেছে। ১৯৪২ সনে ১৯৪১ সনের তুলনায় বাড়তি লক্ষ্য করা যায়। ১৯৪৩ সনে বাড়তির ধারা বজায় আছে। কয়েকটা শস্যের হিসাব দিতেছি (হাজার একর) :—

শস্য	১৯৪২
তুলা	২১,৩৪৮
ওট্‌স	৪০,৩৭৭
যব	১৮,২০৮
ধান	১,৪৫৩
সোয়া-সীম	১৪,০৮৫
মটর বাদাম	৪,১৫০
বীট চিনি	৯,২৮৩

ইয়োরোপের গম-ফসল

আমাদের অনেকের ধারণা যে, ভারতবর্ষ কৃষি-সম্পদে দুনিয়ার সকল দেশের সেরা। এই ধারণা আগা-গোড়া মিথ্যা। গমের কথা ধরা যাউক। ১৯৩৭-৩৮ সনে ভারতে ১০০ মিলিয়ন কুইণ্টাল (১ কুইণ্টাল = ১০০ সের = ২৮০ মণ) অর্থাৎ ২৫ কোটি মণ গম উৎপন্ন হইয়াছিল। সেই বৎসর রুশিয়া-বিহীন ইয়োরোপে উঠিয়াছিল ৪৫৩ মিলিয়ন কুইণ্টাল (১১৪ কোটি মণ)। ইয়োরোপীয় গম ফসলের পরিমাণ ভারতীয় পরিমাণের সাড়ে চার গুণেরও বেশী। রুশিয়ায় উৎপন্ন হইয়াছে ৩০৮ মিলিয়ন। আমেরিকার মার্কিণ যুক্তরাষ্ট্রের পরিমাণ ছিল ২৩৮ মিলিয়ন। গোটা দুনিয়ায় উঠে ১,০৪৫ মিলিয়ন। রুশিয়া সমেত ইয়োরোপের ফসল ৭৬৩ মিলিয়ন। অর্থাৎ সারা জগতের প্রায় আধাআধি এক ইয়োরোপেরই দান। ইয়োরোপ ভারতীয় ফসলের সাড়ে সাত গুণের চেয়েও বেশী পয়দা করে।

১৯৩৯ সনে বিশ্ব শতাব্দীর দ্বিতীয় কুরুক্ষেত্র সুরু হইয়াছে। ১৯৪০ সনে ইয়োরোপের প্রায় সব গমই

আর্ম্মাণির তাঁবে রহিয়াছে। বাদ যাইবে বিলাতী ১৫ মিলিয়ন, তুর্ক ৩৮ মি., গ্রীস ২ মি., পর্ত্তুগীজ ৪ মি., সুইডিশ ৭ মি., আইরিশ ২ মি., স্পেনিশ ৩৩ মি., আর রুশিয়ার এক-তৃতীয়াংশ অর্থাৎ প্রায় ১০০ মি.। রুশিয়ার গম-জমির দুই-তৃতীয়াংশ আর্ম্মাণির কব্জায় আছে। অর্থাৎ ২০১ মিলিয়ন কুইন্টাল বাদে আর সবই আর্ম্মাণির দখলে রহিয়াছে। অতএব আর্ম্মাণ দখলী ফসলের পরিমাণ ৪৬২ মি. কুইন্টাল। কটির টানে এই লড়াইয়ে আর্ম্মাণিকে কাবু হইতে হইবে না মনে হইতেছে। কাজেই ইংরেজ ও মার্কিণ জাতিকে আর্ম্মাণিকে ঘায়েল করিবার জন্য আদা-চুন খাইয়া লাগিতে হইবে। তাহার জন্য তোড়-জোড় শুরু হইয়া গিয়াছে।

মার্কিণ মুল্লুকে তুলা উৎপাদন

মার্কিণ যুক্তরাষ্ট্রের কৃষিবিভাগের শস্য-বিষয়ক বোর্ড তুলা উৎপাদনের পূর্ব্বাভাষ তৈরী করিয়াছে। এই পূর্ব্বাভাষ পাঠে জানা যায় যে, মার্কিণ মুল্লুকে ৪০০ পাউণ্ড ওজনের ১২,৯৮২,০০০ গাঁট (বেল) তুলা উৎপন্ন হইবে অর্থাৎ গত নবেম্বর মাসে যে পূর্ব্বাভাষ তৈরী করা হইয়াছিল, তাহার তুলনায় উৎপাদন ২·৬% হ্রাস পাইবে। ১৯৪১ সনে বীজ ছাড়ানো তুলা উৎপন্ন হইয়াছিল ১০,৭৪৪,০০০ বেল, ১৯৪০ সনে ১২,৫৬৯,০০০ বেল এবং ১৯৩১-৪০ দশ বৎসরের গড় উৎপাদন ১৩,১০৯,০০০ বেল। ১৯৪১ সনে একর-প্রতি উৎপাদনের হার ২৩১·৯ পাউণ্ড, ১৯৪০ সনে ২৪২·৪ পাউণ্ড এবং পূর্ব্বোক্ত দশ বৎসরের গড় উৎপাদন ২১৫·০ পাউণ্ডের স্থানে আলোচ্য সনে একর প্রতি উৎপাদন ২৭৪·১ পাউণ্ড দাঁড়াইবে বলিয়া আশা করা যাইতেছে।

মার্কিণ যুক্তরাষ্ট্রে ২৩,৩১০,০০০ একর জমিতে তুলার আবাদ হইয়াছে (১৯৪২ সনের ১লা জুলাই)। আবাদের পরিমাণ ১৯৪১ সনের তুলনায় ০·৮% বেশী; কিন্তু দশ বৎসরের (১৯৩১-৪০) গড় উৎপাদনের চেয়ে ২৪·% কম। ১৯৪২ সনের জুলাই মাসে বোর্ড আবাদের যে পূর্ব্বাভাষ তৈরী করিয়াছিল, তাহার তুলনায় আবাদ ২·৯% কম হইয়াছে।

আলোচ্য সনে কিন্তু ২২,৬৬০,০০০ একর জমির অর্থাৎ ১৯৪১ সনের তুলনায় ১·৯% বেশী জমির তুলা কাটা হইয়াছে। এই সনে (১৯৪২) উৎপাদনের হার একর প্রতি ২৭৪·১ পাউণ্ড। মার্কিণ যুক্তরাষ্ট্রে উৎপাদনের হার এত বেশী আর কোন সময়েই দেখা যায় নাই।

তুলা বীজ হইতে উত্তম ভেজিটেব্‌ল তৈল তৈরী হয়। যুদ্ধ-প্রচেষ্টায় এই তেলের চাহিদা অত্যন্ত বাড়িয়া গিয়াছে। তুলাবীজ থেকে পুষ্টিপালিত জীব-জানোয়ারের উত্তম খাদ্যও তৈরী হইতেছে। ১৯৪২ সনে ৫,৭২০,০০০ টন তুলাবীজ উৎপন্ন হইবে বলিয়া আশা করা যাইতেছে। ১৯৪১ সনে ৪,৭৮৮,০০০ টন তুলাবীজ উৎপন্ন হইয়াছিল।

যুক্তরাষ্ট্রে আজকাল মিসরীয় তুলাও উৎপন্ন হইতেছে। উৎপাদন প্রধানতঃ আরিজোনা, নিউমেক্সিকো ও টেক্‌সাস প্রদেশে সীমাবদ্ধ। ১৯৪১ সনের ১৩৬,১০০ একরের স্থলে ১৯৪২ সনে ১৯৪,৯০০ একর জমিতে তুলার আবাদ এবং ১৯৪১ সনের ৫৯,৮০০ বেলের স্থলে ১৯৪২ সনে ৮৮,১০০ বেল মিসরীয় তুলা উৎপন্ন হইবে বলিয়া আশা করা যাইতেছে।

মার্কিণ যুক্তরাষ্ট্রে মোট ৩৭,৪৮২,০০০ একর জমিতে শীতকালীন গোধূমের আবাদ হইয়াছে। এই সমস্ত গোধূমের কাটাই-মাড়াই হইবে ১৯৪৩ সনে। ১৯৪১ সনের তুলনায় আবাদ-হ্রাসের পরিমাণ ২% কম। গড় আবাদের তুলনায় হ্রাস পাইয়াছে ১০,৫০০,০০০ একর অর্থাৎ ২২%।

প্রত্যেক বৎসর শীতকালীন মোট গোধূম আবাদের এক-চতুর্থাংশেরও অধিক আবাদ হয় কানসাস ষ্টেটে। ১৯৪১ সনের তুলনায় এই ষ্টেটে এবং পূর্ব্ব-উত্তর কেন্দ্রীয় ষ্টেটগুলিতে এবং প্রশান্ত মহাসাগরের উপকূলবর্ত্তী ষ্টেট-সমূহে কম জমের আবাদ হইয়াছে। নেব্রাস্কা ও টেক্‌সাসে আবাদের পরিমাণ সামান্য কিছু বাড়িয়াছে। মিসৌরীতে আবাদ-বৃদ্ধির পরিমাণ ৩৮০,০০০ একর অর্থাৎ ৪৫%। কানসাসে ৬% কম জমিতে আবাদ হইয়াছে।

১৮৭৩ সনে মোট ৬২৪,৫০৪,০০০ বুশেল গম উৎপন্ন হইবে বলিয়া আশা করা যাইতেছে। ১৯৪২ সনে গম উৎপাদনের হার সবচেয়ে বেশী দাঁড়াইয়াছিল। এই সনের তুলনায় আলোচ্য সনে প্রায় ১১% কম উৎপন্ন হইলেও গড় উৎপাদনের তুলনায় ১১%বেশী উৎপন্ন হইবে। আলোচ্য সনে একর প্রতি উৎপাদনের হার দাঁড়াইবে ১৮·৭ বুশেল। ১৯৪২ সনে উৎপাদনের হার ছিল ১৮·৩ বুশেল এবং গড় উৎপাদনের হার ১১·৮ বুশেল।

রুশিয়ায় লড়াইয়ের সময়কার শিক্ষা-ব্যবস্থা

চিকিৎসা, এঞ্জিনিয়ারিং, শিক্ষাবিজ্ঞান, যান-বাহন, কৃষি, শিল্প, বাণিজ্য ইত্যাদি বিষয় শিখাইবার জন্য সোভিয়েট রুশিয়ার ৮০০ প্রতিষ্ঠান ছিল। এই সমুদয়ে ১৯৪০ সনে ৭০০,০০০ ছাত্র-ছাত্রী লেখাপড়া শিখিত। সাধারণতঃ ৮০,০০০ ছাত্র-ছাত্রী কি বৎসর এইসকল কার্যকরী বিদ্যার মালিক হইয়া বাহির হইত।

১৯৪১ সনের জুন মাসে জার্মানি রুশিয়া আক্রমণ করে। তখনই রুশিয়ার পাঠশালায়-পাঠশালায় পুনর্গঠন সুরু হয়। সপ্তাহের ইস্কুলের ঘণ্টাগুলা বাড়াইয়া দেওয়া হয়। বার্ষিক ছুটির পরিমাণ কমাইয়া দেওয়া হয়। কাজেই অল্প সময়ে বেশী শিখাইবার সুযোগ সৃষ্টি হইয়াছে। ১৯৪১-৪২ সনে ১৭০,০০০ ছাত্র-ছাত্রী এঞ্জিনিয়ারিং, চিকিৎসা, কৃষিশিল্প-বাণিজ্য ইত্যাদি বিষয়ে ডিগ্রী লইয়া বাহির হইতে পারিয়াছে। লড়াইয়ের পূর্বে এই সংখ্যার আধাআধি মাত্র বাহির হইত।

অডেসা ও খারখড় বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ও ছাত্রেরা নতুন জায়গায় গিয়া বিশ্ববিদ্যালয়ের কাজ সুরু করিয়া দিয়াছে। কিয়েভ শিল্প-বিশ্ববিদ্যালয়ও স্থানান্তরিত হইয়াছে। নয়া জায়গায় এই বিশ্ববিদ্যালয় হইতে গত বৎসর ২০০ এঞ্জিনিয়ার ডিগ্রী পাইয়াছে।

যে-যে কারখানায় লড়াইয়ের যন্ত্রপাতি মালমসলা ও সাজ-সরঞ্জাম তৈয়ারী হয় সেইসকল কারখানায় ছাত্র-ছাত্রীরা ল্যাবরেটারির কাজ শিখিতেছে। মজুরেরা কারখানা হইতে লড়াইয়ের মাঠে যাইবামাত্র ছাত্র-ছাত্রীরা কারখানায় তাহাদের ঠাঁইতে খাড়া হয়। গ্রীষ্মকালে বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা শস্য কাটার কাজ করিয়াছে।

বিলাতী ধনবিজ্ঞান পরিষৎ

বিলাতী ধনবিজ্ঞান পরিষৎ প্রতিষ্ঠিত হয় ১৯৪০ সনে। এই পরিষৎ হইতে যে পত্রিকা বাহির হয় তাহার নাম "ইকনমিক জার্ণাল"। "আর্থিক উন্নতি"র মারফৎ এই পত্রিকার মাল নানা আকারে পরিবেষণ করা হইয়া থাকে। বৎসর তিনেক ধরিয়া পত্রিকার সম্পাদক রহিয়াছেন জন কেইন্‌স্। সম্প্রতি কেইন্‌সকে বিলাতী গবর্মেণ্ট লর্ড উপাধি দিয়াছে। পরিষদের বর্তমান সভাপতি উইলিয়াম বেভরিজ। সমাজবীমার আকার-প্রকার বাড়াইয়া জন-সাধারণের দুর্গতি নিবারণের ভার বেভরিজ এক মোলাবিদা জারি করিয়াছেন। মোদ্দাবিদাটা "আর্থিক উন্নতি"তে আলোচিত হইয়াছে।

পরিষদের সভ্য-সংখ্যা ৪২৪০। সংখ্যার বাড়তি দেখাইবার জন্য ১৯১৪ সন হইতে হিসাব দিতেছি, যথা :—

সন	সভ্য	সন	সভ্য
১৯১৪	৬২৪		
১৯২৬	২,৫৬১	১৯৩৬	
১৯২৮	৩,১৮৩	১৯৩৮	
১৯৩০	৪,০০৭	১৯৩৯	
১৯৩২	৪,৩৭৪	১৯৪০	
১৯৩৪	৪,৪৩৩	১৯৪১	

বিলাতী ধনবিজ্ঞান পরিষদের আজীবন সভ্য ১,২৬২ জন। "আর্থিক উন্নতি"র সম্পাদক অন্যতম।

পরিষদের সভ্যেরা বার্ষিক এক গিনি চাঁদা দিয়া থাকে। খরচপত্র বাদে পরিষদের ধনভাণ্ডারে মজুদ আছে ১,০৪১ পাউণ্ড (১৯৪১)।

ভারতে সমাজ-বীমার মোসাবিদা

সমাজবীমা কায়েম করিবার জন্য ভারত-গবর্মেণ্টের তরফ হইতে আলোচনা সুরু হইয়াছে। এলাহাবাদ বিশ্ববিদ্যালয়ের ধনবিজ্ঞানাধ্যাপক আদারকার সরকারী কমিটির সভাপতিরূপে কাজ করিতেছেন। মোসাবিদার খসড়াও জারি হইয়াছে। প্রস্তাব অনুসারে মজুরেরা এক দিনের মজুরি সমাজবীমার ভাণ্ডারে প্রিমিয়াম বা চাঁদা দিতে বাধ্য থাকিবে। কাপড়, পাট, এঞ্জিনিয়ারিং ও ধাতু সংক্রান্ত কারখানার মজুরদের জন্য প্রথম-প্রথম আইন জারি হইবে। কম্-সে-কম ছয় মাস ধরিয়া যেসকল মজুর কাজ করিয়াছে একমাত্র তাহারাই সমাজবীমার সামিল হইতে পারিবে। ধনভাণ্ডার ও অন্যান্য সব-কিছু ভারত-গবর্মেণ্টের অধীনে পরিচালিত হইবে। প্রাদেশিক দপ্তরও থাকিবে বলা বাহুল্য।

মার্কিণ সরকারের কৃষিনীতি

মার্কিণ যুক্তরাষ্ট্রের চাষীরা গণতান্ত্রিক প্রথায় সকলে মিলিয়া ভোট দ্বারা খাদ্যশস্য উৎপাদনের কোটা অর্থাৎ ইচ্ছা স্থির করিয়া লয়। গবর্মেণ্ট এ সম্বন্ধে রীতিমত ভাবে হস্তক্ষেপ করে। যুদ্ধের সময় এই নিয়ন্ত্রণ নীতি বিশেষ ফল-প্রসূ হইয়াছে। এ সম্বন্ধে মার্কিণ যুক্ত রাষ্ট্রের কৃষি-সচিব ফ্রড্ আর উইকার্ড সম্প্রতি যে বিবৃতি প্রদান করিয়াছেন, তাহা বিশেষভাবে প্রণিধানের যোগ্য। তিনি বলিয়াছেন :

মার্কিণ যুক্তরাষ্ট্র কৃষি সম্পর্কে নয়া পরিকল্পনা কাজে পরিণত করিতে উদ্যত হইয়াছে। পৃথিবীতে আহার্য্য উৎপাদনের এমন বিশাল ও ব্যাপক পরিকল্পনা আর কখনও দেখা যায় নাই। পরিকল্পনা অনুসারে আহার্য্য দ্রব্য উৎপাদনের জন্য আমাদের সমগ্র কৃষি-প্রচেষ্টা এমনভাবে পরিচালিত করিতে হইবে, যাহার ফলে ইতিপূর্ব্বেই যথেষ্ট পরিমাণ মজুদ আছে, এমন সব কৃষিজাত দ্রব্য উৎপন্ন করিয়া মানুষের শ্রমশক্তি, যন্ত্রপাতি ও পণ্য-দ্রব্যের বৃথা অপচয় ঘটিবে না। আমেরিকার গম-চাষীদের শস্য-ভাণ্ডারে প্রচুর পরিমাণ গম মজুদ রহিয়াছে। এই বৎসর এক বুশেল গম উৎপন্ন না করিয়া আমেরিকা ১৯৪৩ সনে তার ঘরে-বাইরের সমস্ত চাহিদা অনায়াসেই মিটাইতে পারিবে।

অতিরিক্ত মাত্রায় গম উৎপাদন করিলে কৃষকদের উৎপাদন-শক্তির বৃথা অপচয় ঘটিবে। গম চালান দেওয়ারও অসুবিধা উপস্থিত হইবে। মালগুদামগুলি গমে কাণায় কাণায় পরিপূর্ণ। কাজেই বাড়তি গম রাখারও অসুবিধা কম ঘটিবে না। মজুদ গম নিয়ম ও শৃঙ্খলার সাথে বিক্রয়ের ব্যবস্থা করিতে হইবে। সমস্ত মার্কিণ কৃষক যাহাতে গণতন্ত্রসম্মত উপায়ে কাজের অংশ ও দায়িত্ব গ্রহণ করিতে পারে তাহারও সুব্যবস্থা করিতে হইবে।

চিলিরাজ্যে শিশু-মঙ্গল

১৯৪২ সনের ৭ই অক্টোবর তারিখের এক ঘোষণা বাণী দ্বারা চিলি রাজ্যের অধিকাংশ সরকারী শিশু-মঙ্গল সমিতিগুলি একটী কেন্দ্রীয় প্রতিষ্ঠানে পরিণত হইয়াছে। এই ঘোষণা বাণী অনুসারে সরকারী, বেসরকারী সমস্ত শিশু মঙ্গল বিষয়ক সমিতি ও প্রতিষ্ঠান স্বাস্থ্য মন্ত্রীর অধীনে একটী নূতন বিভাগে পরিণত হইয়াছে। মাতৃ-মঙ্গল, শিশু ও তরুণ বয়স্কদের সমস্যা এবং এমন কি নাবালকদের তদারকের ভারও এই নয়া বিভাগের হাতে ন্যস্ত থাকিবে।

নূতন সরকারী বিভাগ আধা-সরকারী, মিউনিসিপ্যাল অথবা বেসরকারী সকল প্রকার মাতৃ-মঙ্গল ও শিশু-মঙ্গল সংক্রান্ত প্রতিষ্ঠানগুলার জন্য কার্য্যক্রম স্থির করিবে এবং এইগুলা নিয়ন্ত্রণ করিতেও থাকিবে।

শিক্ষা, দেশরক্ষা, শ্রম, স্বরাষ্ট্র-বিভাগ ইত্যাদি বিভিন্ন দপ্তরের সহিত এই নূতন বিভাগের রীতিমত যোগাযোগ থাকিবে। ইহা সমাজ-বীমা তহবিলের সুযোগ-সুবিধা গ্রহণ করিতে পারিবে। এজন্য সমস্ত দপ্তরের প্রতি-নিধিদের লইয়া একটী বোর্ড সৃষ্টি করা হইয়াছে। নয়া সরকারী বিভাগের নিয়ন্ত্রণ ও পরিচালন ভার কার্য্যতঃ এই বোর্ডের হাতেই ন্যস্ত থাকিবে।

জাতীয় শিক্ষাপরিষৎ বনাম সরকারী বিশ্ববিদ্যালয়

[অধ্যাপক বিনয়কুমার সরকারের সহিত শ্রীহরিদাস মুখোপাধ্যায়ের কথোপকথন]

প্রঃ—আজ স্বদেশীযুগের জাতীয় শিক্ষাপরিষৎ সম্বন্ধে আপনার কাছে কিছু শুন্‌ব। জাতীয় শিক্ষা-পরিষদের বিশেষত্ব কি ছিল? সরকারী বিশ্ব-বিদ্যালয়ের সাথে এর প্রভেদ ছিল কোন্-কোন্ বিষয়ে?

উঃ—প্রথম প্রভেদ রাষ্ট্রনৈতিক। জাতীয় শিক্ষাপরিষৎ ষোল-আনা বে-সরকারী বিশ্ববিদ্যালয়। ইহার সঙ্গে গবর্ণমেণ্টের কোনো বিভাগের কোনো সম্পর্ক ছিল না। দাঁড়িয়ে গেল একটা খাঁটি স্বরাজের কর্ম্মকেন্দ্র। ইহার দ্বারা ভারতবর্ষের পক্ষে শিক্ষা-বিপ্লব অনুষ্ঠিত হ'ল। এইটেই চরম যুগান্তর।

প্রঃ—শিক্ষাবিষয়ক কোনো প্রভেদ ছিল কি?

উঃ—শিক্ষাবিষয়ক প্রভেদ ছিল বিস্তর। টেক্‌নিক্যাল শিক্ষার বন্দোবস্ত করা হ'ল সার্ব্বজনিক ও বাধ্যতা-মূলক। পাঠশালায় ভর্ত্তি হওয়ামাত্রই প্রত্যেক শিশুকে হাতের কাজ শিখ্‌তে হ'ত। ম্যাট্রিকের সমান ক্লাসেও টেক্‌নিক্যাল শিক্ষা বাধ্যতামূলক ও সার্ব্বজনিক করা হ'য়েছিল। শিক্ষাক্ষেত্রে এ ছিল এক অদ্ভুত যুগান্তর বা বিপ্লব। তা ছাড়া কলেজ বিভাগেও টেক্‌নিক্যাল শিক্ষার উপর জোর ছিল দস্তরমতন। যান্ত্রিক এঞ্জিনি-য়ারিং হ'লো একটা নতুন পারিভাষিক।

প্রঃ—শিক্ষা সম্বন্ধে জাতীয় শিক্ষাপরিষৎ আর কোনো নূতনত্ব এনেছিল কি?

উঃ—কয়েকটা বিশেষত্ব খুবই মূল্যবান। ইস্কুল-বিভাগে ভাষা, সাহিত্য, অঙ্ক, ইতিহাস, ভূগোল ইত্যাদির সঙ্গে-সঙ্গে পদার্থবিজ্ঞান, রসায়ন, উদ্ভিদ-বিজ্ঞান, প্রাণ-বিজ্ঞান, স্বাস্থ্যতত্ত্ব ইত্যাদি বিদ্যাগুলা সার্ব্ব-জনীন ও বাধ্যতামূলক করা হ'য়েছিল। ইহাও শিক্ষাক্ষেত্রের বড়-বিপ্লব। ইস্কুল-বিভাগের সর্ব্ব-নিম্ন শ্রেণী হ'তে কলেজ বিভাগের সর্ব্বোচ্চ শ্রেণী পর্য্যন্ত সব-কিছু শিখাবার জন্য বাংলা ভাষাকেই বাধ্যতামূলক ও সার্ব্বজনিক বাহন করা হ'য়েছিল। ইস্কুল-বিভাগ আর কলেজ-বিভাগ দুই বিভাগ সম্বন্ধেই এরূপ বিপ্লব ভারতীয় শিক্ষাক্ষেত্রে কখনো কল্পনা করা সম্ভব হয় নি। জাতীয় শিক্ষাপরিষদের ব্যবস্থায় বিপ্লবটা বাংলাদেশের জেলায়-জেলায় মূর্ত্তি গ্রহণ করল। এত বড় যুগান্তর ভারতীয় নরনারীর পক্ষে স্বপ্নেরও বাইরে ছিল বলা চল্‌তে পারে।

প্রঃ—কলেজ-বিভাগের শিক্ষাপ্রণালী সম্বন্ধে কোনো বিশেষত্ব ছিল কি?

উঃ—তিনটা বিশেষত্ব উল্লেখযোগ্য:—(১) প্রাচীন ভারতীয় ইতিহাস, দর্শন, সুকুমার-শিল্প, সাহিত্য ইত্যাদি বিষয়ে পঠন-পাঠন ও গবেষণার উপর জোর দেওয়া হ'ল। (২) পালি, হিন্দি ও মারাঠি ভাষা শেখাবার বন্দোবস্ত করা হ'য়েছিল। এই তিন ভাষার সাহায্যে প্রাচীন ও বর্ত্তমান ভারতের সঙ্গে ছাত্রদের আত্মিক যোগাযোগ সুদৃঢ় করবার দিকে

লক্ষ্য ছিল। (৩) ফরাসী এবং জার্ম্মাণ ভাষা শেখাবার ব্যবস্থাও ছিল। আধুনিক ইয়োরামেরিকার জ্ঞান-বিজ্ঞানের সঙ্গে ছাত্রদের সাক্ষাৎ সম্বন্ধ কায়েম করানো পরিষৎ নিজ কার্য্য-তালিকার অন্তর্গত ক'রে নিয়েছিল।

:—এত-বড় কল্পনা কাজে পরিণত করবার ক্ষমতা জাতীয় শিক্ষাপরিষদের ছিল কি?

:—এই কল্পনা, আকাঙ্ক্ষা বা স্বপ্নই তো শিক্ষাক্ষেত্রের বস্তুবিপ্লব, বস্তুতঃ এত-বড় মোসাবিদা নিয়ে কাজ করবার পক্ষপাতী কোনো-কোনো জননায়ক ছিলেন না। ঝগড়া হ'য়েছিল প্রথমেই। এমন কি, বেঙ্গল ন্যাশনাল অ্যাসোসিয়েশনের সভায়ই (সেপ্টেম্বর, ১৯০৫) তারক পালিত, নীলরতন সরকার, প্রাণকৃষ্ণ আচার্য্য ইত্যাদি নেতারা স্বতন্ত্র ব্যবস্থার আন্দোলন শুরু করেন।

প্রঃ—কিরূপ স্বতন্ত্র ব্যবস্থা?

উঃ—তাঁদের মোসাবিদায় টেক্‌নিক্যাল শিক্ষা ছাড়া অন্যকিছুর ব্যবস্থা ছিল না। ভাষা, সাহিত্য, ইতিহাস, দর্শন, বিজ্ঞান ইত্যাদি বিষয় সরকারী-বিশ্ববিদ্যালয়ে যেমন চল্‌ছে চল্‌তে থাকুক। স্বদেশী-বিদ্যালয় কায়েম হোক্ একমাত্র টেক্‌নিক্যাল শিক্ষাদানের জন্য। এই ছিল তাঁদের প্রস্তাব। সরকারী বিশ্ববিদ্যালয়ের প্রতিদ্বন্দ্বী বে-সরকারী বিশ্ববিদ্যালয় কায়েম করার কথা তাঁদের প্রস্তাবে ছিল না। তাঁরা বেঙ্গল টেক্‌নিক্যাল ইন্‌স্টিটিউট নামে কলেজ স্থাপন করলেন (১৯০৬)

প্রঃ—জাতীয় শিক্ষাপরিষদের প্রস্তাবে সায় দিলেন কারা?

উঃ—"সতীশ-মণ্ডলে"র প্রায় সবাই। রাসবিহারী ঘোষ, গুরুদাস বন্দ্যোপাধ্যায়, আবদুল রসুল, হীরেন দত্ত, যতি ঘোষ, বিপিন পাল, আশুতোষ চৌধুরী, রামেন্দ্রসুন্দর ত্রিবেদী ইত্যাদি অধিকাংশ জন-নায়কই ষোল-কলার পূর্ণ নতুন ঢঙের বে-সরকারী বিশ্ববিদ্যালয়ের আদর্শ নিয়ে জাতীয় শিক্ষাপরিষৎ কায়েম করলেন (১৯০৬)। তাঁদের প্রতিষ্ঠানের নাম হ'ল বেঙ্গল ন্যাশন্যাল কলেজ অ্যাণ্ড স্কুল। মফঃস্বলে তাঁদের অধীন ১৯০৬-০৮ সনে বোধ হয় ন'-দশেক ইস্কুল ও পাঠশালা ছিল। সারা বাংলায় প্রায় হাজার-পাঁচেক ছাত্র হ'য়েছিল প্রথম বছর-দুয়েক।

:—বেঙ্গল টেক্‌নিক্যাল ইন্‌স্টিটিউট আর বেঙ্গল ন্যাশন্যাল কলেজ এই স্বদেশী প্রতিষ্ঠান দু'টার পরবর্ত্তী অবস্থা কিরূপ? আজ তাদের কোনো চিহ্ন আছে কি?

উঃ—মজার প্রশ্ন। জবাবও মজার। এই দুই স্বদেশী প্রতিষ্ঠান কয়েক বৎসর স্বতন্ত্র ভাবে চল্‌তে লাগ্‌ল। কিন্তু ১৯১০ সনে দুটা মিলে' গেল। নাম হ'ল বেঙ্গল ন্যাশন্যাল কলেজ অ্যাণ্ড টেক্‌নিক্যাল ইন্‌স্টিটিউট। দু'টাকে একত্রে চালাবার জন্য কর্ত্তা হ'ল জাতীয় শিক্ষাপরিষৎ। বর্ত্তমানে যাদবপুরে র'য়েছে কলেজ অব এঞ্জিনিয়ারিং অ্যাণ্ড টেক্‌নলজি। লেখাপড়া হয় একমাত্র টেক্‌নিক্যাল। পরিচালন কর্ত্তার নাম আজও জাতীয় শিক্ষাপরিষৎ। কিন্তু সরকারী বিশ্ববিদ্যালয়ের সঙ্গে টক্কর দিবার জন্য না আছে পরিষদের অধীনে ভাষা, সাহিত্য, ইতিহাস, দর্শন ইত্যাদি বিদ্যা শেখাবার ব্যবস্থা, আর না আছে প্রাচীন ভারতীয় প্রত্নতত্ত্ব, ইতিহাস, সংস্কৃতি, সুকুমার শিল্প ইত্যাদি বিষয়ক গবেষণার আয়োজন। অর্থাৎ শেষ পর্য্যন্ত তারক পালিতের আদর্শ ও লক্ষ্যই জয়ী হ'য়েছে। আর ডন সোসাইটির ষোল-আনা বে-সরকারী বিশ্ববিদ্যালয়ের কল্পনা অলীক স্বপ্নে পরিণত হ'য়েছে। দুনিয়ার গতিভঙ্গী বিচিত্র!

"ইণ্টার-ন্যাশন্যাল লেবার রিভিউ"

(ক্যানাডা—ডিসেম্বর ১৯৪২)

মন্ট্রিয়াল, আন্তর্জ্জাতিক শ্রমিক দফ্‌তর হইতে প্রকাশিত মাসিক পত্রিকা। আলোচ্য সংখ্যায় 'সামাজিক ও অর্থনৈতিক নীতি"—শীর্ষক অধ্যায়ে ক্যানাডা, দক্ষিণ আফ্রিকা ও মার্কিণ যুক্তরাষ্ট্রের যুদ্ধোত্তর পুনর্গঠনের আভাষ প্রদত্ত হইয়াছে।

ক্যানাডা, দক্ষিণ আফ্রিকা ও মার্কিণ যুক্তরাষ্ট্রের যুদ্ধোত্তর পুনর্গঠন নীতি

ক্যানাডার প্রধান মন্ত্রী মিঃ মেকেঞ্জী কিং ১৯৪২ সনের ৯ই অক্টোবর তারিখে টোরোণ্টো সহরে আমেরিকান শ্রমিকসঙ্ঘের বার্ষিক অধিবেশনে যুদ্ধোত্তর যুগে নূতন গণতান্ত্রিক সমাজ-ব্যবস্থার সামাজিক ও আর্থিক নীতির আভাষ প্রদান করিয়াছেন।

বর্ত্তমান যুদ্ধে শ্রমিকদের এবং যুদ্ধে তাহারা যে অংশ গ্রহণ করিয়াছেন তাহার গুরুত্ব সম্পর্কে বক্তৃতা-প্রসঙ্গে মিঃ মেকেঞ্জী কিংও নব-বিধানের কথা উল্লেখ করেন। সাম্যবাদ অর্থাৎ সকল মানুষের সম-অধিকারই এই নব-বিধানের ভিত্তিরূপে গণ্য হইবে। অন্যথায় নববিধান অর্থহীন বাকোই পর্য্যবসিত হইবে। আমরা সকলেই স্বাধীনতার জন্য লড়াই করিতেছি নিশ্চয়; কিন্তু এই স্বাধীনতার অর্থটা সকলে পরিষ্কাররূপে উপলব্ধি করিয়াছে কিনা তাহা সন্দেহের বিষয়। মিঃ কিং ভয়ের কবল থেকে অব্যাহতিই স্বাধীনতার সংজ্ঞারূপে বর্ণনা করিয়াছেন। তাঁহার মতে, ভয় দূর হইলেই স্বাধীনতার উন্মেষ হইবে।

ভয়ের স্বরূপটা বিশ্লেষণ করিতে গিয়া মিঃ মেকেঞ্জী কিং বলেন যে, বর্ত্তমান যুগে যুদ্ধ-বিভীষিকার পরেই সব চেয়ে বড় ভয় হইতেছে বেকার-বিভীষিকা। অনিশ্চয়তা-বোধ থেকেই যত ভয়ের উৎপত্তি। বেকার-ভীতির নিদানও এই অনিশ্চয়তা-বোধের মধ্যেই চুঁড়িয়া বাহির করিতে হইবে। অল্প পারিশ্রমিক, রোগ, দুর্ঘটনা ইত্যাদি নানা কারণে মানুষের মনে অস্বস্তির ভাব জাগ্রত হইয়া থাকে। মানুষের এইসমস্ত ভয় দূরীভূত না হইলে, স্বাধীনতার অজুহাতে যুদ্ধে জয়লাভ নিরর্থকই হইবে।

মানব জাতির ন্যায়-সঙ্গত ভয়গুলি যখন দূরীভূত হইবে একমাত্র তখনই পৃথিবীতে নব-বিধান কায়েম হইতে পারে। পুরাতন সমাজ-ব্যবস্থা ভয়ের উপর দণ্ডায়মান। ফলে শিল্পক্ষেত্রে ও আন্তর্জ্জাতিক লেন-দেনের ক্ষেত্রে সঙ্ঘাতের সৃষ্টি হইয়াছে। নব-বিধান বিশ্বাসের ভিত্তিতে গড়িয়া উঠিবে। ফলে শিল্পক্ষেত্রে মালিক ও মজুর এবং আন্তর্জ্জাতিক রাজনীতি-ক্ষেত্রে বিভিন্ন জাতির মধ্যে সহযোগিতা স্থাপিত হইবে। নববিধান সম্পত্তির অধিকার, বিশেষ অধিকার, সামাজিক মর্য্যাদা ইত্যাদির উপর প্রতিষ্ঠিত না হইয়া মানবীয় অধিকারসমূহের ভিত্তিতেই গড়িয়া উঠিবে। নববিধানের পরিধি হইবে বিশ্ব-জোড়া। সার্ব্বজনীন আইনের রাজ দ্বারা ইহা শাসিত হইবে। নব-বিধান স্থাপনের জন্য মানব-জীবনের আধিভৌতিক ব্যাখ্যার পরিবর্ত্তে আধ্যাত্মিক ব্যাখ্যার প্রয়োজন। মানুষের কিঞ্চিৎ যাচাই করিবার জন্য নববিধান মানুষের

শক্তি, সামাজিক মর্য্যাদা বা তাহার সম্পত্তির দৌড়ের দিকে দৃষ্টি নিক্ষেপ না করিয়া, তাহার চরিত্র ও ব্যক্তিত্বের উপরেই একমাত্র গুরুত্ব আরোপ করিবে। দেহের তুলনায় মানুষের আত্মাই তখন অধিকতর মূল্যবান বিবেচিত হইবে।

স্বাধীনতার যুগে সামাজিক নিরাপত্তা ও মানুষের মঙ্গলই দুনিয়ার সমস্ত নরনারী ও সমস্ত জাতির প্রধান খাদ্যায় পরিণত হইবে। কিন্তু সামাজিক নিরাপত্তা ও মানুষের মঙ্গল বলিতে যে কি বুঝায় তাহা সুস্পষ্ট অক্ষরে নিরূপণের প্রয়োজন। নববিধানের চিরন্তন রূপটী যে কি হইবে, সে-সম্বন্ধে চরম দলিল-দস্তাবেজ জাহির করা আমার (মেকেঞ্জী কিং) উদ্দেশ্য নয়। আমি মাত্র এর জাতীয় সর্ব্বনিম্ন বরাদ্দটার আভাষ দিতে পারি। কাজ করিতে ইচ্ছুক সকলের জন্য চাকুরীর সংস্থান, সমগ্র জাতি সু-স্বাস্থ্যের অধিকারী হইতে পারে এমন পুষ্টিকর আহার্য্য দ্রব্য ও বাসগৃহ, বেকার অবস্থা, দুর্ঘটনা, রোজগারী লোকের মৃত্যু, স্বাস্থ্যহানি ও বার্দ্ধক্যের জন্য অভাবের তাড়না থেকে মুক্তির জন্য সামাজিক বীমা—এই-গুলি হইবে জাতীয় সর্ব্বনিম্ন বরাদ্দ।

ব্যক্তি বা বিভিন্ন দলের স্বার্থের উপরে দেশের স্বার্থকে স্থান প্রদান করিলে এবং সামাজিক নিয়ন্ত্রণ ব্যবস্থা কায়েম করিতে পারিলে মানব সমাজের প্রকৃত মঙ্গল সাধন সম্ভব হইবে। এই সামাজিক নিয়ন্ত্রণে গবর্ণমেণ্ট, শ্রমিক ও পরিচালক সকলেই ন্যায্য অংশ গ্রহণ করিবে।

জেনারেল স্মাটসের অভিমত

দক্ষিণ আফ্রিকার প্রধান মন্ত্রী জেনারেল স্মাটস্‌ও যুদ্ধোত্তর জগতের আভাষ প্রদান করিয়াছেন। বর্ত্তমান যুদ্ধকে তিনি নয়া জেহাদ বা ধর্ম্মযুদ্ধ বলিয়া উল্লেখ করিয়াছেন। তিনি বলেন যে, যুদ্ধের পর পৃথিবীর অবস্থা কিরূপ দাঁড়াইবে, সামাজিক অবস্থা ও আন্তর্জ্জাতিক পরিস্থিতিই বা কিরূপ আকার ধারণ করিবে এই সমস্ত প্রশ্ন স্বতই মনে উদিত হয়। ২২ বৎসর পূর্ব্বে এ সম্বন্ধে আমাদের ধ্যান-ধারণা ছিল অস্পষ্ট। তখন ভাববিলাসেরই অধিকতর প্রশ্রয় দেওয়া হইয়াছিল। কাজেই বাস্তবতার কঠোর আঘাতে এই সমস্ত ধ্যান-ধারণা নিতান্ত খেলো ও কাজের অনুপযোগী হইয়াছিল। কিন্তু এবার অবস্থাটা অন্যরূপ হইবে বলিয়া আশা করা যাইতেছে।

যুদ্ধোত্তর পৃথিবী সম্বন্ধে চিন্তা করিতে গেলে, প্রথমেই "ইউনাইটেড নেশন্স" বা সম্মিলিত জাতি-নিচয় সর্ব্বটা চোখে পড়ে। জাতিসঙ্ঘের তুলনায় সর্ব্বটা অধিকতর কৃতিত্বের দাবী করিতে পারে। জাতিসঙ্ঘের তুলনায় এই বিশ্ব-প্রতিষ্ঠান অধিকতর সঙ্ঘশক্তির পরিচয় প্রদানে সমর্থ হইবে।

আটলান্টিক সনদও রীতিমত লক্ষ্য করার যোগ্য। সামাজিক ও অর্থনৈতিক ক্ষেত্রে এই সনদ উদারনীতি-সম্মত বড় বড় আদর্শই গ্রহণ করিয়াছে। এই সনদটীর প্রয়োজনীয় রদ-বদলের ব্যবস্থা করিলে ইহা সত্যসত্যই পৃথিবীর সমস্ত জাতির ম্যাগ্না কার্টাতে পরিণত হইবে।

প্রত্যেক দেশের সকল শ্রেণীর নাগরিকদের সামাজিক নিরাপত্তার উপযোগী ব্যাপকতর আদর্শসমূহ গ্রহণ সম্পর্কেও সম্মিলিত জাতিনিচয় একমত হইয়াছে। এই সামাজিক নিরাপত্তার অভাবের জন্যই অতীতে যত-কিছু সামাজিক অশান্তি ও দুর্গতির সৃষ্টি হইয়াছে। মানবজাতির ইতিহাসের সবচেয়ে ধ্বংসাত্মক এই সর্ব্বনাশকর যুদ্ধের অবসানে একই দিনে নতুন আকাশের তলে নতুন জগৎ প্রতিষ্ঠা নিশ্চয়ই সম্ভব হইবে না। কিন্তু কতকগুলা সাংঘাতিক রকমের সামাজিক ও অর্থনৈতিক দুর্গতি নিরসন সম্পর্কে আন্তর্জ্জাতিকভাবে কার্য্যকরী কার্য্যক্রম অবলম্বন এখনই সম্ভবপর।

পারস্পরিক সাহায্য চুক্তি দ্বারা সম্মিলিত জাতি নিচয়ের আন্তর্জ্জাতিক সাহায্য-নীতি স্বীকার করিয়া লওয়াও রীতিমত প্রণিধানের যোগ্য। আন্তর্জ্জাতিক ক্ষেত্রেও সাহায্যের লেনদেন চলিতে পারে তাহা এখন বাস্তব রাজ-নীতিতে পরিণত। সকল দিক্ হইতেই মনে হয়, পৃথিবী বৃহত্তর মঙ্গলের দিকেই অগ্রসর হইয়াছে। যুদ্ধোত্তর পৃথিবীতে সোস্যালিজম্, কম্যুনিজম্, কি অপর কোন্ "ইজম্" প্রতিষ্ঠিত হইবে তাহা বর্ত্তমানে বাস্তব রাজনীতির আসল

কথা নয়। তবে পৃথিবীতে যে সার্বজনীন ন্যায়বিচারের অর্থাৎ সকলের জন্য সমান সুযোগ ও সমান সুবিধারের সৃষ্টি হইবে, সে সম্বন্ধে সন্দেহের অবকাশ নাই বোটেই।

মার্কিণের যুদ্ধ ও শান্তি উদ্দেশ্য

মার্কিণ ষ্টেট সেক্রেটারী মিঃ কর্ডেল হাল ১৯৪২ সনের ২৩শে জুলাই তারিখে জাতির নিকট প্রদত্ত এক বেতার-বক্তৃতায় মার্কিণ গবর্ণমেণ্টের যুদ্ধ ও শান্তি উদ্দেশ্য বিস্তারিত বর্ণনা করিয়াছেন।

যুদ্ধের পর যুদ্ধ-শিল্পে ও বিভিন্ন সামাজিক দায়িত্ব পালনে যে সমস্ত লোক নিযুক্ত হইয়া দু-পয়সার মুখ দেখিতেছে, যুদ্ধের অবসানে তাহাদের সকলেই বেকার হইয়া পড়িবে বলিয়া যাহারা অভিমত প্রকাশ করিতেছেন, মিঃ কর্ডেল হালের এই বিবৃতির প্রতি অবহিত হইলে তাহাদের সেই মিথ্যা আশঙ্কা সহজেই দূরীভূত হইবে।

মিঃ হাল বিবৃতি-প্রসঙ্গে বলেন, যুদ্ধের দরুণ মানুষের এত বেশী দুর্গতি হইয়াছে যে, এত বেশী দুঃখকষ্ট ভোগ মানুষের সহনক্ষমতার অতীত বলিয়াই মনে হয়। যুদ্ধ জয়ের পরেই বহুদেশ সম্পূর্ণরূপে বিধ্বস্ত অবস্থায় দেখা যাইবে। এই জন্য জয়লাভের সঙ্গে সঙ্গেই মানুষের দুঃখ কষ্ট দূর করার জন্য দ্রুত গতিতে কাজ আরম্ভ করিতে হইবে;

যুদ্ধ জয়ের পরেই যুদ্ধ থেকে শান্তিতে প্রত্যাবর্তনের বিরাট সমস্যা দেখা দিবে। যুদ্ধকালীন সমর-উৎপাদনকে মানবজাতির শান্তি-কালীন অভাবসমূহ দূর করার উপযোগী উৎপাদনে রূপান্তরিত করিতে হইবে। যুদ্ধ বিধ্বস্ত দেশগুলির পুনর্গঠনের দরকার হইবে। আর প্রত্যেক দেশেই যুদ্ধ-প্রত্যাবৃত্ত সৈনিকদের কাজের সংস্থান করিতে হইবে। সমস্ত দেশেই নানাপ্রকার প্রয়োজনীয় জিনিষপত্রের দরুণ অভাব দেখা দিবে। কাজেই প্রয়োজনীয় কাজকর্মে নিয়োগের বিশাল সুযোগ সুবিধা উপস্থিত হইবে। যুদ্ধের দরুণ কার্যাক্ষম ও উৎসাহী বিরাট যুব-শক্তি, আনিত বিশেষজ্ঞ এবং বাড়তি যন্ত্রপাতি মিলিবে অজস্র পরিমাণে। এই সমস্ত কাজে লাগাইয়া শান্তির সময়ে রীতিমত প্রাচুর্য্যের সৃষ্টি করা সম্ভব। কিন্তু বিভিন্ন ব্যক্তি ও দল তথা বিভিন্ন জাতির সমবেত চেষ্টাচরিত্র দ্বারাই তাহা সম্ভব হইতে পারে।

আটলান্টিক সনদ স্বাধীনতার উপরেই রাজনৈতিক ও সামাজিক স্থিতিশীলতা নির্ভর করে। এইরূপ অভিমত প্রকাশ করিয়া মিঃ হাল বলেন যে, প্রকৃত স্বাধীনতার মধ্যে অর্থনৈতিক স্বাধীনতা এবং অর্থনৈতিক নিরাপত্তাও অন্তর্ভুক্ত থাকিবে। এই স্বাধীনতা সকলকে স্বাধীনভাবে স্বাধীন লোকজনের সঙ্গে কাজ করার অধিকার প্রদান করিবে এবং কাজ করিয়া সকলেই পার্থিব তথা আধ্যাত্মিক সুখ সম্পদের অধিকারী হইবে।

সামরিক ব্যবস্থার যে সামাজিক প্রগতির পথে কিরূপ দুর্লঙ্ঘ্য বাধার সৃষ্টি করিয়াছে তাহা উল্লেখ করিয়া এবং শান্তিপূর্ণ উপায়ে বিরোধ নিষ্পত্তির উপর বিশেষ জোর দিয়া বলেন যে, আন্তর্জাতিক পণ্য ও সার্ভিস বিনিময়ের অপ্রমেয় সুযোগ-সুবিধা ছাড়া কোনজাতিই সন্তোষজনক সুবিধা লাভ করিতে পারে না। আপন আপন আর্থিক উন্নতি ও সমৃদ্ধির জন্য সমস্ত জাতিই সম-অধিকারের ভিত্তিতে ব্যবসা-বাণিজ্য পরিচালন এবং পৃথিবীজাত কাঁচা মাল ব্যবহার করিতে পারিবে—আটলান্টিক সনদ সমস্ত জাতির এই অধিকার ঘোষণা করিয়াছে। বেকার সমস্যা সমাধানের সর্ব্বাপেক্ষা কার্য্যকরী উপায় হিসাবে এইরূপ ব্যবস্থার গুরুতর প্রয়োজন উপস্থিত হইয়াছে। মোটের উপর, যুদ্ধোত্তর যুগে সর্ব্ব সাধারণের সর্ব্বাঙ্গীন মঙ্গল সাধনের প্রতি লক্ষ্য রাখিয়া সমস্ত জাতির আর্থিক কার্য্য কলাপ নিয়ন্ত্রিত হইবে।

"ইকনমিক ডেভালপমেণ্ট ইন্ ইয়োরোপ"—ক্লাইভ্ ডে প্রণীত ; নিউইয়র্ক ; দি ম্যাক্‌মিলান কোম্পানী, ১৯৪২ ; ৭৪৬ পৃঃ।

আলোচ্য গ্রন্থে মধ্যযুগ থেকে দ্বিতীয় মহাযুদ্ধ পর্য্যন্ত, গ্রেটবৃটেন, ফ্রান্স, জার্ম্মাণি, ইতালি, রুশিয়া, স্পেন ও আয়র্ল্যাণ্ড—ইয়োরোপের এই সাতটী দেশের আর্থিক উন্নতির ধারা সংক্ষেপে বিশ্লেষণ করা হয়েছে। অতীত যুগের অর্থনীতি ও রাজনীতির পারস্পরিক সম্পর্ক নির্ণয়ই গ্রন্থকারের উদ্দেশ্য। গ্রন্থকারের দৃঢ় বিশ্বাস, ধন-সম্পদ্ উৎপাদনের প্রগতি সামাজিক ও রাজনৈতিক বিধি-ব্যবস্থার উপর নির্ভরশীল। ধনতান্ত্রিক সমাজ-ব্যবস্থাতেই উৎপাদন বৃদ্ধি সম্ভব ; তবে এজন্য রাষ্ট্রকে রীতিমতভাবে আইন-কানুন জারি করে ধনিকদের পক্ষে শ্রমিকদের শোষণ বন্ধ করতে হবে এবং গবর্ণমেণ্ট ও কারখানা-মালিকদের মধ্যে নিবিড় যোগাযোগ তথা কারখানা মালিকদের মধ্যেও ক্ষমতৌত্তা স্থাপন করে কল-কারখানার যুক্তিযোগের ব্যবস্থা করতে হবে—অধ্যাপক ডে'র মতে ধনতান্ত্রিক ব্যবস্থার বিরুদ্ধে বিষ উদ্গীরণ না করে, যেসব গবর্ণমেণ্ট পুঁজিবাদকে ঠিক পথে চালাতে অক্ষম হয়েছে, সেই সমস্ত গবর্ণমেণ্টেরই তীব্র সমালোচনা করার দরকার। পুঁজিবাদের একমাত্র দোষ এই যে, আমাদের রাষ্ট্র পরিচালনের যোগ্যতা এর সাথে তাল রাখতে পারে নি। দেশ-শাসনের অযোগ্যতা যে কিভাবে দেশের আর্থিক অবনতি ঘটাতে পারে, গ্রন্থকার তার উদাহরণ-স্বরূপ স্পেন ও আয়র্ল্যাণ্ডের দৃষ্টান্তের অবতারণা করেছেন। পরিকল্পনা অনুসারে আর্থিক প্রচেষ্টা পরিচালন যাহাদের ধান্ধা, তাঁহারা এই গ্রন্থে অনেক মূল্যবান হদিসের সন্ধান পাবেন। তবে গ্রন্থকারের মতবাদ নির্ভুলভাবে মেনে নওয়া যায় না। কারণ অতীতে যে অর্থনৈতিক বিধি-ব্যবস্থা কার্য্যকরী হয়েছে, ভবিষ্যতেও তা সুফল প্রসব করবে কিনা তাতে যথেষ্ট সন্দেহের অবকাশ আছে। কারণ, অদূর ভবিষ্যতে, সমাজ ও রাষ্ট্র-ব্যবস্থার আমূল পরিবর্ত্তন আগত-প্রায় বলে মনে হয়।

"গভর্ণমেণ্ট আণ্ড্ ন্যাশনালিজম্ ইন্ সাউথ-ইষ্ট এশিয়া" ; এমার্সন, রুপার্ট, মিল্‌স্, এ লেনো ও ভাজ্জিনিয়া টমাস প্রণীত ; নিউইয়র্ক ; ইন্‌স্টিটিউট অব্ প্যাসিফিক্ রিলেসন্স ; ১৯৪২ ; ২৪২ পৃঃ ; মূল্য ২ ডলার মাত্র।

'ইনস্টিটিউট অব্ প্যাসিফিক রিলেসন্স' প্রশান্ত মহাসাগর অঞ্চল সম্পর্কে রীতিমতভাবে তদন্ত পরিচালন করিয়াছে। তদন্তের ফলাফল আলোচ্য গ্রন্থে স্থানলাভ করিয়াছে। তিন খণ্ডে বিভক্ত এই নাতিদীর্ঘ গ্রন্থের প্রথম খণ্ডে দক্ষিণ-পূর্ব্ব এশিয়ার মোটামুটি বিবরণী বিবৃত হইয়াছে। দ্বিতীয় ও তৃতীয় খণ্ডে যুদ্ধ আরম্ভ হওয়ার পূর্ব্ব মুহূর্ত্ত পর্য্যন্ত এই বিরাট অঞ্চলের অন্তর্ভুক্ত প্রত্যেকটী দেশের শাসন-প্রণালী, জাতীয়তাবাদী ভাবধারার উন্মেষ ইত্যাদি বিবিধ বিষয়ে আলোচনা করা হইয়াছে। দক্ষিণ-পূর্ব্ব এশিয়ার ইতিহাস যেমনি দীর্ঘ তেমনি বর্ণ বহুল। কোন অঞ্চলেই এক জাতীয় লোকের বাসস্থান দেখিতে পাওয়া যায় না—ইহাই হইল এই অঞ্চলের প্রধান বিশেষত্ব। গ্রন্থের মুখবন্ধ বা অবতারণায় এর মোটামুটি আভাষ দেওয়া হইয়াছে। নিম্নে এর কিছু পরিচয় দেওয়া গেল—

সীমান্ত-এলাকাগুলা বিশেষ গোলমেলে ধরণের। এগুলাকে যে প্রকৃতপক্ষে কোন্ দেশ বা প্রদেশের অন্তর্ভুক্ত করা যাবে, বা এইগুলা কোন্ অঞ্চলের অন্তর্ভুক্ত থাকিতে

চায় তাহা নির্দ্ধারণ করা মুস্কিল ব্যাপার। কিন্তু এর চেয়েও বড় সমস্যা দাঁড়াইবে অধিবাসীদের লইয়া। কারণ এত বেশী বিভিন্ন জাতি ও কৃষ্টির সমাহার পৃথিবীর অন্য কোথাও দেখিতে পাওয়া যায় না। দীর্ঘকাল ধরিয়া বসবাস সত্ত্বেও বহুজাতি স্থানীয় জাতীয়তাবাদী আন্দোলনের সাথে মিলিতে পারে নাই।

দক্ষিণ-পূর্ব্ব এসিয়ার যুগ যুগ ধরিয়া পৃথিবীর অন্যান্য অঞ্চল থেকে লোকজন আসিয়া বসবাস করিয়াছে; ফলে জাতি, ভাষা ও ধর্ম-সংক্রান্ত এমন সব সংখ্যালঘুদলের সৃষ্টি হইয়াছে যাদের মধ্যে কোন রকমের যোগাযোগ ও সামঞ্জস্য বিধান সুকঠিন ব্যাপারেই পরিণত হইয়াছে। ইয়োরোপীয় শাসন জাতীয়তাবাদের উন্মেষ সাধনে কিছু সাহায্য করিলেও সস্তায় শ্রমিক সরবরাহের উদ্দেশ্যে নানা দেশ থেকে শ্রমিক আমদানি আর তাহাদের বসতি স্থাপনের ব্যবস্থা করিয়া ব্যাপারটা আরও ঘোরাল করিয়া তুলিয়াছে। এই অঞ্চল থেকে সাম্রাজ্যবাদ দূর হইবে কিনা তাহা সন্দেহের বিষয়। যদিও সাম্রাজ্যবাদ অপসৃত হয়, তাহা হইলে, দেশীয় শাসকবর্গ এমন সংখ্যালঘু সমস্যার সম্মুখীন হইবে, যাহার সমাধানে পৃথিবীর শ্রেষ্ঠ রাজনীতিকদেরও রীতিমত বেগ পাইতে হইবে।

"দি ইকনমিক ডিফেন্স অব্ দি ওয়েষ্টার্ণ হেমিস্ফিয়ার: এ ষ্টাডী ইন্ কন্ফ্লিক্ট্স্", এ সিম্পোসিয়াম; ল্যাটিন আমেরিকান্ ইকনমিক ইন্‌ষ্টিটিউট কর্ত্তৃক সম্পাদিত; ওয়াশিংটন, ডি সি; আমেরিকান কাউন্সিল অন্ পাবলিক অ্যাফেয়ার্স; ১৯৪১; ১৭০ পৃঃ।

বিশেষজ্ঞগণ কর্ত্তৃক লিখিত প্রবন্ধ-সমষ্টি। আমেরিকা মহাদেশের অর্থনৈতিক আত্মরক্ষার বিভিন্ন দিক্ লইয়া লিখিত। লেখকগণ কর্ম্মকৌশল ও মতবাদের দিক্ দিয়া নানাপ্রকার মতামত প্রকাশ করিলেও, একটা বিষয়ে সকলেই একমত। ইহারা সকলেই পরিকল্পনা অনুসারে বন-সম্পদ-সংগ্রহ ও শিল্প-ব্যবসায় পরিচালনের সমর্থন করিয়াছেন।

ডাঃ হোরিস বি, ডেভিস "দ্বিতীয় মহাযুদ্ধের প্রভাব" শীর্ষক প্রবন্ধটী রচনা করিয়াছেন। "আমেরিকার ক্যানাডা-সমস্যা" শীর্ষক প্রবন্ধটী ন্যাশন্যাল প্ল্যানিং এসোসিয়েশন কর্ত্তৃক সম্পাদিত। ডাঃ ইয়েন বি, ডায়েট্রিশ "আমেরিকার বিভিন্ন রাষ্ট্রের পারস্পরিক সম্পর্ক" সম্বন্ধে লেখনী সঞ্চালন করিয়াছেন। মিঃ ফ্রেড্ ডেভিস কর্ত্তৃক লিখিত প্রবন্ধটীর নাম "ব্যবসাদারের কর্ম্মকৌশল"। গ্রন্থে বৃটেনের প্রতিযোগিতা', "ব্রাজিলের জাতীয় অর্থনীতি" এবং "সর্ব্বগ্রাসী আক্রমণকারী ধন"—এই তিনটী প্রবন্ধও স্থানলাভ করিয়াছে। ল্যাটিন আমেরিকান ইকনমিক ইন্‌ষ্টিটিউটের গবেষণাধ্যক্ষ ডাঃ ওন এফ, নর্থানো কলম চালাইয়াছেন "কয়েকটী গোড়ার কথা" শীর্ষক উপসংহারের প্রবন্ধে। গোড়ার প্রবন্ধগুলার তুলনামূলক বিচার করিয়া আর এইগুলি থেকে তথ্য সংগ্রহ করিয়া তিনি শেষ মন্তব্য প্রকাশ করিয়াছেন।

১। "প্ল্যান্ অর পার্থানাণ্ট পিস্" ; হে ম্যান্ (এইচ) প্রণীত ; লণ্ডন ; ওয়ালেস্ অ্যাণ্ড আন্উইন ; ১৯৪২ ; ৩২১ পৃষ্ঠা ; ১৬ শিলিং।

২। "দি সোস্যাল্ ফ্রেমওয়ার্ক" ; জে, আর, হিকস ; অক্সফোর্ড ক্ল্যারেণ্ডন্ প্রেস ; ১৯৪২ ; পৃঃ ২১২ ; ৭ শিলিং ৬ পেঃ।

৩। "ডাজ্ মানি ম্যাটার ?" ও হবসন ; লণ্ডন ; কিং অ্যাণ্ড ষ্টেপল্স ; ১৯৪২ ; পৃঃ ১১৮ ; আডাই শিলিং।

৪। "পেরেণ্টস রিডোণ্ট" ; আর, টিট্মাস ও ক্যাথ্লিন্ ; লণ্ডন ; সেকের অ্যাণ্ড ওয়ারবুর্গ ; ১৯৪২ ; পৃঃ ১২৮ ; সাড়ে তিন শিলিং।

৫। "দি ফাণ্ডামেণ্টাল প্রিন্সিপল্স্ অব্ ম্যাথেমেটিক্যাল ষ্ট্যাটিষ্টিক্স" ; এইচ, এইচ, ওল্ফেন্ডিন্ ; টোরোণ্টো ; ম্যাকমিলান ; ১৯৪২ ; পৃঃ ৩৭৯ ; ৫ ডলার।

৬। "পাবলিক কণ্ট্রোল অব্ লেবার রিলেসন্স" ; ডি, ও, বোম্যান ; নিউইয়র্ক ; ম্যাকমিলান ; ১৯৪২ ; পৃঃ ৫০৪ ; ৪ ডলার।

৭। "ফিস্ক্যাল প্ল্যানিং ফর টোটাল ওয়ার" ; ডাব্লিউ, এল, ক্রুম্ এবং আরও অনেকে ; নিউইয়র্ক ; ন্যাশনাল বিউরো অব্ ইকনমিক রিসার্চ ; ১৯৪২ ; পৃঃ ৩৫৮ ; ৩ ডলার।

৮। "প্রেক প্রাইস্ কণ্ট্রোল" ; এল, ব্ল্যাক ; ওয়াশিংটন ; ডি, সি ; ব্রুকিংস ইন্ষ্টিটিউসন্ ; ১৯৪২ ; পৃঃ ৫৭ ; ৫০ সেণ্ট।

৯। "সি পাওয়ার অ্যাণ্ড বৃটিশ নর্থ-আমেরিকা ১৭৮৩—১৮২০" ; জি, এস, গ্রেহাম্। কেম্ব্রিজ ; হার্ভার্ড ইউনিভার্সিটি প্রেস (অক্সফোর্ড ইউনিভার্সিটি প্রেস) ; ১৯৪১ ; পৃঃ ৩০২ ; ২০ শিঃ।

১০। "ওয়ার অ্যাণ্ড ন্যাশনাল পলিসি" ; জি, কার্ক ও আর, সি, ষ্টেবিন্স (সম্পাদিত) ; নিউইয়র্ক ; ফারার অ্যাণ্ড রাইনহার্ট ; ১৯৪২ ; পৃঃ ১৬০ ; ১ ডলার।

১১। "থিওরী অব্ প্রাইসেস্" দ্বিতীয় খণ্ড ; এ ডাব্লিউ, মার্গেট ; নিউইয়র্ক ; প্রেন্টিস্ হল ; ১৯৪২ ; পৃঃ ৮০২ ; ৬ ডলার।

১২। "দি ইকনমিক রিকন্ষ্ট্রাক্সন অব সিথুয়ানিয়া আফটার ১৯১৮" এ, সিমুটিস ; নিউইয়র্ক ; কলাম্বিয়া ইউনিভার্সিটী প্রেস (অক্সফোর্ড ইউনিভার্সিটী প্রেস) ; ১৯৪২ ; ১৪৮ পৃঃ ; ১০ শিলিং।

১৩। "মানিটারী থিয়োরী" ; জি, এন, হাল্ম ; ফিলাডেল্ফিয়া ব্লাকিষ্টন কোম্পানী ; ১৯৪২ ; ৩৪৭ পৃঃ ; সাড়ে তিন ডলার।

১৪। "এ হিষ্টরী অব ইকনমিক থট্" ; ই, রোল ; নিউ ইয়র্ক ; প্রেন্টিস হল ; ১৯৪২ ; ৫৮৪ পৃঃ ; ৪ ডলার।

কড়ি-মুদ্রা

শ্রীসতীশচন্দ্র গুহঠাকুর সম্পাদক, "ইণ্ডিয়ানা",

(পূর্ব্বানুবৃত্তি)

গত মহাযুদ্ধের সময় হইতেই মুদ্রা-বিষয়ে জগতের প্রায় সর্ব্বত্র ওলট-পালট হইতেছে। য়ুরোপের কোনো দেশই বাদ যায় নাই; ইংলণ্ড, ফ্রান্স, জার্ম্মাণি, রাশিয়া, ইটালী কেহই বড় একটা রেহাই পায় নাই। এই তো সেদিন ইংলণ্ডকে পর্য্যন্ত স্বর্ণমান ত্যাগ করিয়া আভিজাত্য হারাইতে হইয়াছে। গত যুদ্ধের পর যে মুদ্রাসঙ্কট উপস্থিত হয় তাহা হইতে জার্ম্মাণি ও রাশিয়া পরিত্রাণের উপায় বাহির করিয়াছে, সেই পুরাতন যুগের প্রাক্‌মুদ্রা-কালীন অবস্থা অনেকাংশে গ্রহণ করিয়া। তাহারা 'বার্টার' অর্থাৎ মুদ্রা ব্যতিরেকে দ্রব্য-বিনিময়ের প্রথা অবলম্বন করিয়া, বৎসরের পর বৎসর আত্মনির্ভরশীল কাজ-কারবার চালাইয়া যাইতেছে। আমরাও কি 'পণ্যের বদলে পণ্য' নীতি গ্রহণ করিয়া অস্বাভাবিক রকমে বৃদ্ধিপ্রাপ্ত নোটের মর্য্যাদার মোহ ত্যাগ করিতে পারি না?

কড়ি দিয়া খুচরার সমস্যা মিটাইয়া, 'বার্টার' প্রথা দ্বারা অধিকাংশ কাজ চালাইতে পারিলে আমাদের অবস্থার পরিবর্ত্তন হইতে পারে। 'জিনিষের মূল্য বাড়িয়াছে' কথাটির অর্থ কি? আসলে তো টাকার দর কমিয়াছে। আমরা দেখিতেছি, আজ টাকায় ২ সের চাউল বা ৪ সের দুধ হইয়া গিয়াছে। টাকার হিসাবে মূল্য না দিয়া যদি আমরা ⁄১ সের চাউল দিই, তাহা হইলে তো ⁄২ দুধ আজিও পাইতে পারি, যেমন পূর্ব্বে পাইতাম; অর্থাৎ টাকায় ⁄৪ সের যখন চাউল তখনো তো প্রায় ৮ সের দুধই এক টাকায় পাইতাম। চাউল উৎপাদনকারী কৃষকের পক্ষে দুধের প্রয়োজন হইলে, যেমন পূর্ব্বে ⁄১ চাউল দিয়া ⁄২ সের দুধ পাইত, এখনও সে প্রায় সেইরূপই পাইতে পারে! এমন অবস্থায় টাকার কৌলিন্যটা কিছু কমিয়া যায়। তাহার অভাবেও কার্য্য চলিতে পারে। কিন্তু ঐভাবে কাজ চালাইতে হইলে এক-একটি গ্রাম বা চাকলার যাবতীয় আবশ্যক বিষয়ে আত্মনির্ভরশীল হওয়া দরকার, ঐ দিকে জোর দিয়াই কোনকালে কংগ্রেস কর্ত্তৃপক্ষ গ্রামের পুনঃ প্রতিষ্ঠার রব তুলিয়াছিলেন—অন্ন, বস্ত্র, বাসস্থান এবং জীবন-ধারণের অপর অত্যাবশ্যক দ্রব্যাদির আহরণ যদি এক-ই গ্রামে বা চাকলায় বসিয়া হইয়া যায়, তাহা হইলে এই দুর্দ্দিনেও এতটা বিপত্তি হইতে পারিত না—বিনিময়ের মুদ্রার অভাবে জীবনযাত্রা নির্ব্বাহের এতটা ব্যাঘাত হইত না।

প্রথমে ঘর সামলাইয়া লইতে পারিলে বিভিন্ন দেশের সহিত কাজ-কারবারের কথা পরে আসিবে। সরকারের মুদ্রানীতির ফলে দেশের যে জটিল অবস্থা দাঁড়াইয়াছে তাহা হইতে উদ্ধারের উপায় খুঁজিতে হইবে।

বহির্ব্বাণিজ্যে বিনিময়ের হার নিয়ন্ত্রিত না থাকায় সর্ব্বদাই হট্টকাব্যক্তির মত হার-জিত চলিতে থাকে। আমরা ব্রিটিশ সাম্রাজ্যে রহিয়াছি, কিন্তু অনেক বিষয়ে আমরা ভারতবাসী এই সাম্রাজ্যের চিত্তর নানাস্থানে অপাঙ্‌ক্তেয় হইয়া আছি। মুদ্রা বিষয়েও সেই দুর্গতি কম নয়।

ইংলণ্ড হইতে যদি আমাকে দুইখানি বই অথবা একটি তরলা কলম (ফাউণ্টেন) আনাইতে হয়, তবে বিনিময়ের হার অনুসারে প্রতি টাকায় আমাকে কখনো কিছু বেশি, কখনো বা কিছু কম দিতে হয়। ইংলণ্ডের বাস্তব মুদ্রা সোনার সভরেন (আমরা যাহাকে বলি গিনি)—তার সঙ্গে আমাদের রূপার টাকার যখন যে প্রভেদ বাজারে স্বীকৃত হয়, তদনুযায়ী আমাকে টাকা খরচ করিতে হয়। ইংলণ্ডেও কতকগুলি রৌপ্য মুদ্রা রহিয়াছে:—যথা, শিলিং, ছয় পেন্স ইত্যাদি। একটি শিলিং আকারে ও ওজনে প্রায় আমাদের রূপার আধুলির মতন। খাদও সম্ভবতঃ অনুরূপ। কিন্তু যদিও শিশুকালে

পাটীগণিতে দেখিয়াছি, এক শিলিং আট আনার সমান, এবং বড় হইয়া শিলিং ও আধুলি হাতে লইয়া পরীক্ষা করিয়া দেখিলাম, তারতম্য বিশেষ কিছু পাওয়া যায় না—তথাপি কলিকাতা-বোম্বাই সহরে এক শিলিংয়ের বই কখনো বা ৸৹, ৷৵৹ হইতে ৸৵৹, ১৲ এমন কি ১৵৹ দিয়াও কিনিতে হইতেছে।

বিষয়টি একটু জটিল। একই সাম্রাজ্যের এক অংশে নির্দ্দিষ্ট পরিমাণ রূপার যে দাম, অপরাংশে সেই পরিমাণ রূপা তার চেয়ে অনেক কম-বেশি দরে সরকারের হাতেই চলিয়া থাকে। তাদের একটা অজুহাৎ এই যে, বিলাতের শিলিং তো বাস্তব মুদ্রা নয় অর্থাৎ অতটুকু রূপা মাত্র নয়? উহা যে বাস্তব মুদ্রা সভ্‌রেনের বিংশতি অংশ, আর তোমার টাকা যে, দেশের বাস্তব মুদ্রা! আমরা বলিব; আচ্ছা, সাম্রাজ্যের সর্ব্বত্র একই রকমের বাস্তব মুদ্রা করিতে বাধা কি? অর্থাৎ ইংলণ্ডীয় সভ্‌রেনকেই ভারতবর্ষেও বাস্তব মুদ্রা করা যায় না কি? ক্যানাডায়, দক্ষিণ আফ্রিকায়, অষ্ট্রেলিয়ায়, নিউজীল্যাণ্ডে সেই একই সভ্‌রেন বিনিময়ের মাপকাঠি হইতে পারিলে, সাম্রাজ্যের একটি বৃহৎ অংশ ভারতবর্ষকে অপাংক্তেয় করার মানে আছে কি?

এই প্রসঙ্গে আমাদের চাকরীর কথাটি বিবেচনা করা অযৌক্তিক হইবে না। যে বাঁধে আমাকে একখানা পত্র বহির্ভারতে, ব্রিটিশ সাম্রাজ্যের যে কোনো স্থানে পাঠাইতে হয়, তদপেক্ষা কম ব্যয়ে অষ্ট্রেলিয়াও বা ইংলণ্ড হইতে এদেশে পত্র আসে কি করিয়া? আবার মজা এই, যে খরচে একটি বুকপোষ্ট অন্তর্ভারতে বোম্বাই হইতে পুনা যায়, ঠিক সেই খরচেই উহা লণ্ডনেও যাইতে পারে।

কূটিল জটিলতার জালে মুদ্রাসমস্যাটিকে দুর্ব্বোধ্য করিয়া সাম্রাজ্যবাদী অর্থধুরন্ধরগণ ঘাড় নাড়িয়া এই দেশের বিশেষ অবস্থার প্রতি দৃষ্টি দিতে বলিবেন!

অন্যান্য বিষয়ের মত মুদ্রাসমস্যাতেও আমাদের নিজেদেরকেই মিটাইতে হইবে। প্রথমতঃ পরদার কাজ কড়ি দিয়া, এবং সাধারণ 'বার্টার' প্রথা অবলম্বন করিয়া পরীক্ষা করা ছাড়া গত্যন্তর দেখা যায় না।

(উত্তরা)

নব্য চীনের রাষ্ট্র-কাঠামো

শ্রীমন্মথনাথ সরকার এম, এ গবেষক, বঙ্গীয় ধনবিজ্ঞান পরিষৎ

চীনের বর্ত্তমান শাসন ব্যবস্থা ডাঃ সুন ইয়াৎসেনের নীতি-ত্রয়ের উপর দণ্ডায়মান। ডাঃ সুন সার্ব্বভৌম ক্ষমতাকে দু'ভাগে ভাগ করেছেন। প্রত্যক্ষ গণতন্ত্রে তাঁর গভীর আস্থা ছিল। রাষ্ট্রীয় ক্ষমতা জনসাধারণের দ্বারা পরিচালিত হোক এই ছিল তাঁর আন্তরিক অভিপ্রায়। সেই জন্য জনসাধারণের কেবল মাত্র ভোট দানের ক্ষমতাই তিনি স্বীকার করেন নি, প্রয়োজন হ'লে জনসাধারণ তাদের নির্ব্বাচিত অফিসারদের তলপ করে তাদের দ্বারা নতুন আইন প্রবর্ত্তন আর পুরাতন আইন প্রত্যাহার করারও ব্যবস্থা করতে পারবে।

চীনের রাষ্ট্র-কাঠামো বুঝতে হলে কুও মিন তাং অর্থাৎ চীনের জাতীয়তাবাদী দলটিরও স্বরূপ সমঝিবার দরকার। কুও মিন তাংকে আমাদের দেশের কংগ্রেসেরই জুড়িদার রাজনৈতিক দলরূপে গণ্য করা যেতে পারে। বর্ত্তমানে শাসন-ক্ষমতাটা এই দলের হাতেই ন্যস্ত আছে।

চীনের কুও মিন তাং শাসনের সাথে অন্যান্য দেশের একদলীয় শাসনের তুলনা করা চলে না। অন্যান্য দেশে অন্য সমস্ত পার্টির অস্তিত্ব লোপ করে একটী মাত্র দল সর্ব্বময় প্রভুত্ব লাভ করে। চীনে অন্যান্য রাজনৈতিক দলগুলির কণ্ঠরোধ করা হয় নি মোটেই। অন্যান্য পার্টির মতামত আর তাদের সহযোগিতা কুও মিন তাং সাদরেই

গ্রহণ করেছে ? রাষ্ট্রীয় পরিষদে অন্যান্য দলের সদস্যদেরও ঠাঁই আছে।

ঐতিহাসিক পটভূমি

চীনের নিয়মাফুগ অর্থাৎ নির্দিষ্ট রাষ্ট্র-কাঠামো অনুযায়ী শাসন-ব্যবস্থার ইতিহাস পর্য্যালোচনা করতে হলে, খুব বেশী দূরে দৃষ্টি-নিক্ষেপের প্রয়োজন নেই। ১৮৯৪ সনের চীন-জাপান যুদ্ধ অথবা বড় জোর ১৮৪১ সনের অহিফেন সংগ্রামের আমল পর্য্যন্ত দৃষ্টিপাত করলেই যথেষ্ট। ১৮২৪ সন থেকেই চীনে শাসন সংস্কারের আন্দোলন আরম্ভ হয়েছে। "স্বর্গীয়" সাম্রাজ্য এতদিন আপন মহিমাতেই মশগুল ছিল। কিন্তু সহসা তার চমক ভেঙে গেল। ধাক্কা খেয়ে সে অনুভব করলো যে, পাশ্চাত্য সভ্যতার কাছে তার অনেক-কিছুই শিখবার রয়েছে। এই শিখবার মত বিষয়গুলির মধ্যে নিয়মাফুগ গবর্ণমেণ্ট প্রতিষ্ঠাও অন্যতম।

১৮২৪ সন থেকে চীনে শাসন সংস্কারের আন্দোলন অবিশ্রান্ত ভাবেই চলে এসেছে। মাঝে মাঝে শাসন তন্ত্রের খসড়া নিয়ম-কানুনও বিধিবদ্ধ হয়েছে অনেকগুলি। এই সমস্ত আইনের তালিকার ভেতর ১৯৩১ সনের অস্থায়ী শাসনতন্ত্রটী সর্ব্বাধিক উল্লেখযোগ্য। মোটের উপর গত দশ বছরের শাসন-সংস্কার প্রচেষ্টার উপরেই নজর রাখা দরকার। জাতীয় গবর্ণমেণ্ট এবং কুও মিন তাং একযোগে লেজিস্লেটিভ য়ুয়ানের উপর শাসনতান্ত্রিক অনুশাসন রচনার ভার অর্পণ করে। খসড়া অনুশাসন ১৯৩৬ সনের ৫ই মে তারিখে প্রকাশ করাও হয়। প্রথম জাতীয় কংগ্রেসে ইহা গৃহীত হওয়ার জন্য অপেক্ষাও করছিল। এমন সময় চীন-জাপান যুদ্ধের দামামা বেজে উঠে।

রাষ্ট্র-কাঠামোর চরম দলিল

"ছান মিন চু আই" কুও মিন তাংয়ের বাইবেলে পরিণত। চীন গণতন্ত্রের প্রাণ-প্রতিষ্ঠাতা ডাঃ সুন ইয়াৎ সেনের রাষ্ট্র ও সমাজ দর্শনের এই তত্ত্ববাণী চীন গণতন্ত্রের রাষ্ট্র-কাঠামোর চরম খসড়া দলিলে ওতপ্রোতভাবে বিজড়িত রয়েছে। খসড়া দলিলের প্রত্যেকটী অধ্যায়ে এই আদর্শ সুস্পষ্টরূপেই পরিস্ফুট।

এই দলিলের মুখবন্ধ নিয়ে আলোচনা করা যাক। ইহা নিম্নলিখিতরূপ ভাষায় লিপিবদ্ধ হয়েছে :—

"সমগ্র নাগরিকমণ্ডলী কর্ত্তৃক প্রদত্ত শাসন ক্ষমতার বলে ও গণতন্ত্রের প্রাণ-প্রতিষ্ঠাতা ডাঃ সুন ইয়াৎসেনের আদর্শ ও উপদেশাবলী অনুসারে চীন গণতন্ত্রের জাতীয় কংগ্রেস এতদ্দ্বারা রাষ্ট্র-কাঠামোর এই দলিল জারি করছে। চীন দেশের সর্ব্বত্র ইহা বলবৎ হল। চীন-বাসী প্রত্যেককেই এই দলিল চিরদিনের জন্য বিশ্বস্তভাবে মেনে চলতে হবে।"

নিম্নে খসড়া দলিলের প্রথম ধারাটী উল্লেখ করা গেল।

"চীনের গণতন্ত্র ছান মিন চু আই গণতন্ত্র।" এখন "ছান মিন চু আই" বল্‌লে কি বুঝায় তা খতিয়ে দেখার দরকার। ইহা তিনটী প্রধান অংশে বিভক্ত ; যথা :— 'মিন জু চু আই', মিন চুয়ান্ চু আই, ও 'মিন্ সোং চু আই'। মিন জু চু আই এর উদ্দেশ্য হচ্ছে চীনে সম্পূর্ণরূপে স্বাধীন রাষ্ট্রপ্রতিষ্ঠা ; মিন চুয়ান চু আইএর অর্থ দেশ-বাসীর মুঠার মধ্যে সার্ব্বভৌম ক্ষমতা ন্যস্ত করে সত্যিকার গণতান্ত্রিক রাষ্ট্র প্রতিষ্ঠা। আর মিন সোং চু আইএর অর্থ সমাজ ও অর্থনৈতিক ব্যবস্থা করে প্রত্যেকের জন্য মানুষের মত বেঁচে থাকার পথ পরিষ্কার করা। অর্থাৎ চীনের গণতন্ত্র কেবল রাজনৈতিক অধিকার মাত্র নয়, অর্থনৈতিক গণতন্ত্র স্থাপনও এর অন্যতম প্রধান উদ্দেশ্য।

ক্ষমতার পৃথকীকরণ চীন গণতন্ত্রের রাষ্ট্রকাঠামোর দলিলের আর একটী বিশেষত্ব। পাশ্চাত্য রাষ্ট্রধর্মনবিদ্‌গণ ক্ষমতার পৃথকীকরণ বল্‌তে বুঝবেন গবর্ণমেণ্টের দেশ শাসন বিভাগ, আইন বিভাগ ও বিচার বিভাগের নানা উপায়ে স্বকীয়তাসাধন। চীনের খসড়া রাষ্ট্র-কাঠামোতে আরও অতিরিক্ত কিছু আছে। ডাঃ সুন ইয়াৎসেন স্বয়ং ত্রিশ বছর ধরে গবেষণা চালিয়ে এ সম্বন্ধে নূতন আলোক-পাত করেছেন। বিখ্যাত পাঁচ-ক্ষমতার রাষ্ট্রতন্ত্রের মধ্যে এই নয়া ব্যবস্থার সন্ধান পাওয়া যাবে।

ডাঃ সুন ইয়াৎসেনের রাষ্ট্রকাঠামো নিম্নলিখিত ভাবে সংক্ষেপে বর্ণনা করা যেতে পারে। গবর্ণমেণ্টকে যোগ্য গবর্ণমেণ্ট হতে হলে প্রচুর ক্ষমতার অধিকারী হতে হবে। কিন্তু খুব বেশী ক্ষমতাশালী গবর্ণমেণ্ট ভীষণ বিপজ্জনকও হতে পারে। এই ধরণের গবর্ণমেণ্ট নিয়ন্ত্রণের অতীত হয়ে অশেষ দুঃখকষ্টের প্রজননযন্ত্রে পরিণত হ'তে পারে। এই আইনের প্রতিষেধক হিসাবে জনসাধারণের হাতে বিরাট ক্ষমতা আর সেই ক্ষমতা প্রয়োগেরও যথাযথ ব্যবস্থা থাকা চাই। সেইজন্য চীনগণতন্ত্রে দুই রকমের ক্ষমতার ব্যবস্থা করা হয়েছে, যথা—গবর্ণমেণ্টের ক্ষমতা ও জনগণের ক্ষমতা। ডাঃ সুন ইয়াৎসেন প্রথমটীর নাম দিয়েছেন শাসন-ক্ষমতা আর দ্বিতীয়টীর নাম দিয়েছেন রাজনৈতিক ক্ষমতা। এই দুই শ্রেণীর ক্ষমতার মধ্যে একটী অপরটীর পরিপূরক এবং নিয়ন্ত্রকও বটে। এই দুই রকমের ক্ষমতা ব্যবহার ফলে কোন রাষ্ট্রের শাসন-ব্যবস্থা যেমন হবে উৎকৃষ্ট ধরণের তেমনি পূর্ণ গণতন্ত্রেরও সহায়ক হবে।

রাজনৈতিক ক্ষমতা সম্বন্ধে ডাঃ সুন ইয়াৎ সেন বলেন, জনসাধারণের কেবলমাত্র ভোটদানের ক্ষমতা থাকলেই যথেষ্ট হ'ল না। জনসাধারণের নূতন নূতন আইন প্রবর্ত্তন, পুরাতন আইন সংস্কার এবং সরকারী অফিসারদের কৈফিয়ৎ তলপেরও অধিকার থাকা চাই। রাষ্ট্র-কাঠামোর খসড়া দলিলে এই সমস্ত ক্ষমতা এবং ঐগুলি যথাযথভাবে প্রয়োগের নানাপ্রকার ব্যবস্থার উল্লেখ আছে।

শাসন-ক্ষমতা সম্পর্কে ডাঃ সুন ইয়াৎ সেন রাষ্ট্রকে কেবলমাত্র ব্যবস্থাপক বিভাগ, বিচার বিভাগ ও শাসন-বিভাগে বিভক্ত করেই সন্তুষ্ট থাকেন নি। সেসর আর পরীক্ষার ক্ষমতা—এই দুই ক্ষমতা মিলিয়ে তিনি বিশ্বের দরবারে সুবিখ্যাত পাঁচ-ক্ষমতার রাষ্ট্র-কাঠামো নিয়ে হাজির হয়েছেন। চীনের রাজনৈতিক ঐতিহ্য ও রীতি-নীতির সাথে এই মতবাদের বেশ সামঞ্জস্য আছে, আর নানকিনে কেন্দ্রীয় গবর্ণমেণ্ট সংস্থাপনের পর ইহা রীতিমত সুফলও প্রসব করেছে। ডাঃ সুনের রাজনৈতিক মতবাদের সঙ্গে সর্ব্বতোভাবে সামঞ্জস্য রেখেই চীনের রাষ্ট্র-কাঠামোর এই চরম খসড়া দলিল প্রস্তুত করা হয়েছে।*

ছান মিন্ চু আই' ও ক্ষমতার পৃথকীকরণ ছাড়া এই খসড়া দলিলের আরও একটি বিশেষত্ব আছে। এই দলিল চরম ব্যক্তিস্বাধীনতা ও চরম সমাজতন্ত্রের মধ্যপন্থা-রূপেই পরিকল্পিত। পরলোকগত দেশনেতা ছান মিন্ চু আই সম্বন্ধে বহুবার বক্তৃতা প্রসঙ্গে অষ্টাদশ শতাব্দীর প্রাকৃতিক নিয়ম কানুন সমর্থক দল কর্ত্তৃক প্রচারিত ব্যক্তিস্বাধীনতাবাদের বিরুদ্ধে যেমন জেহাদ ঘোষণা করেছেন, তেমনি মতবাদ ও বাস্তব কার্য্যক্রমের দিক্ থেকে মার্ক-পন্থী কমিনিজমকেও আমল দিতে চাননি। তিনি দুটোর মধ্য পন্থা অবলম্বনই শ্রেয়ঃ বিবেচনা করেছেন। তাঁর নিজস্ব ছান মিন্ চু আই থিয়োরী, বিশেষ ভাবে উহার 'মিন্ সোং চু আই' অর্থাৎ জনসাধারণের জীবনযাত্রা-সম্পর্কিত অংশে তিনি এই মধ্য পন্থার স্বরূপ ব্যক্ত করেছেন।

ডাঃ সুন ইয়াৎ সেনের "মিন্ সোং চু আই"য়ে জাতির আর্থিক জীবনের দুটো প্রধান খুঁটো—পুঁজিতন্ত্র ও ভূমির মালিকানা সম্বন্ধে আলোচনা করা হয়েছে। পুঁজিতন্ত্রকে একদম সাবাড় না করে ডাঃ সুন ইয়াৎসেন উহার সংশোধন ও নিয়ন্ত্রণ সমর্থন করেছেন। রাষ্ট্র ভারি ভারি শিল্প মূল আর জনহিতকর সার্ভিসগুলা নিয়ন্ত্রণ আর মালিকানা গ্রহণ করুক এই ছিল তাঁর অন্তরের কথা। তিনি বড় বড় জমিদারীর আয়ে ঠ্যাংয়ের উপর ঠ্যাং তুলে নিশ্চিন্তে টাকা গুনবে—জমিজমা সম্পর্কীয় এই ব্যবস্থারও তীব্র প্রতিবাদ করেছেন। যারা জমি চষবে তারাই হবে জমির মালিক—তিনি এই নীতি সমর্থন করেছেন। রাষ্ট্র-কাঠামোর খসড়া দলিলে এইসমস্ত নীতি এবং মতবাদ গৃহীত হয়েছে।

* জাপানের অন্যায় আক্রমণের বিরুদ্ধে সংগ্রাম পরিচালনের ফলে রাষ্ট্র-কাঠামোর দলিল অনুসারে কার্য্যক্রম গ্রহণ স্থগিত আছে। যুদ্ধশেষে রাষ্ট্র-কাঠামো যে কি আকার ধারণ করবে তা একমাত্র ভবিতব্যতাই বলতে পারে।

বর্ত্তমান রাষ্ট্র-কাঠামো

বর্ত্তমানে চীনে যে অস্থায়ী রাষ্ট্র-কাঠামো অনুসারে শাসন চলছে তা ডাঃ সুন ইয়াৎ সেনের রাষ্ট্র দর্শন অনুসারেই গড়ে উঠেছে।

বর্ত্তমানে চীনে যে রাষ্ট্র-কাঠামো চলছে নিম্নে তার পরিচয় দেওয়া গেল :—

১ম ধারা। জাতীয় গবর্ণমেণ্ট রাজনৈতিক নাবালকত্ব যুগের যুগে তার (অস্থায়ী শাসনতন্ত্র) ৭১ ধারা অনুসারে চীনা গণতন্ত্রের জাতীয় গবর্ণমেণ্টের জন্য নিম্নলিখিত গঠন তান্ত্রিক নিয়মকানুন বিধিবদ্ধ করছে।

২য় ধারা। জাতীয় গবর্ণমেণ্ট চীনা গণতন্ত্রের শাসন-ক্ষমতা পরিচালন করবে।

৩য় ধারা। স্থলবাহিনী, নৌবহর ও বিমান-বাহিনী পরিচালনের সর্ব্বোচ্চ ক্ষমতা জাতীয় গবর্ণমেণ্টের হাতেই ন্যস্ত থাকবে।

৪র্থ ধারা। যুদ্ধ-ঘোষণা, শান্তি স্থাপনের আলোচনা আর সন্ধি স্থাপনের অধিকারও জাতীয় গবর্ণমেণ্টের হাতে থাকবে।

৫ম ধারা। জাতীয় গবর্ণমেণ্ট আইন প্রণয়ন ও সরকারী নির্দ্দেশসমূহ জারি করবে।

৬ষ্ঠ ধারা। দণ্ডাদেশ হইতে অব্যাহতি দেওয়া, প্রায়শ্চিত্ত মকুবকরা, নাগরিকের পুনরাধিকার দেওয়া, জরিমানা হতে অব্যাহতি দেওয়া ইত্যাদি ক্ষমতাও জাতীয় গবর্ণমেণ্ট পরিচালনা করবে।

৭ম ধারা। জাতীয় গবর্ণমেণ্ট খেলাত, সম্মানসূচক মেডেল ইত্যাদি বিতরণ করবে।

৮ম ধারা। জাতীয় গবর্ণমেণ্ট পাঁচটী যুয়ানের হাতে পাঁচদফা রাষ্ট্রীয় ক্ষমতার ভার অর্পণ করবে। যুয়ানগুলি আপন আপন আদেশ জারি করতে পারবে।

৯ম ধারা। জাতীয় গবর্ণমেণ্ট প্রয়োজন মাফিক কতক-গুলা উপবিভাগেরও সৃষ্টি করতে পারবে। এইগুলি সরকারী জাতীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক পরিচালিত হবে।

১০ম ধারা। জাতীয় গবর্ণমেণ্টের একজন প্রেসিডেণ্ট আর ২৪ হইতে ৩৬ জন কাউন্সিলার, আর প্রত্যেক যুয়ানের একজন প্রেসিডেণ্ট আর ভাইস্ প্রেসিডেণ্ট থাকবে। এঁরা সকলেই যুও মিন তাংয়ের কেন্দ্রীয় কার্য্য-নির্ব্বাহক কমিটী কর্ত্তৃক নির্ব্বাচিত হবেন।

১১শ ধারা। জাতীয় গবর্ণমেণ্টের প্রেসিডেণ্ট চীনা গণতন্ত্রের সর্ব্বাধ্যক্ষ পদে সমাসীন থাকবেন; ইনি হবেন জাতীয় গবর্ণমেণ্টের আভ্যন্তরীণ সর্ব্বময় প্রভুত্ব ও সার্ব্ব-ভৌম ক্ষমতার প্রতীক। তবে প্রকৃতপক্ষে রাজনৈতিক দায়িত্বের বালাই বলতে এঁর কিছুই থাকবে না।

১২শ ধারা। ইনি কোন সরকারী পদেও সমাসীন থাকবেন না।

১৩শ ধারা। প্রেসিডেণ্ট দু'বছরের জন্য পদে বাহাল থাকতে পারবেন। তিনি আরও দু'বছরের জন্য পুন নির্ব্বাচিত হতে পারবেন; তবে এই সময়ের মধ্যে স্থায়ী শাসনতন্ত্র (সিয়েন ফা) অনুসারে যদি নতুন নির্ব্বাচন আরম্ভ হয় তা হলে সবই বদলে যাবে।

১৪শ ধারা। জাতীয় গবর্ণমেণ্টের সমস্ত অনুজ্ঞাপত্র ও সৈন্যসমাবেশ সংক্রান্ত হুকুমনামা জাতীয় গবর্ণমেণ্টের প্রেসিডেণ্টের দস্তখতসহ জারি করা হবে; তবে সংশ্লিষ্ট যুয়ান ও মন্ত্রিমণ্ডলীর দস্তখত না জুড়ে দিলে তা কার্য্যকরী হতে পারবেনা।

(ক্রমশঃ)

২, পঞ্চানন ঘোষ লেনস্থ কলিকাতা ওরিয়েণ্টাল প্রেস হইতে শ্রীযোগেশচন্দ্র সরখেল কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

আর্থিক উন্নতি

কৃষি শিল্প বাণিজ্য ও ধনবিজ্ঞান বিষয়ক পত্রিকা

CALCUTTA CENTRAL UNIVERSITY

১৮শ বর্ষ অগ্রহায়ণ, ১৩৫০ ৮ম সংখ্যা



বঙ্গেশ্বরী কটন মিল্‌স্ লিমিটেড
ম্যানেজিং ডিরেক্টর ডক্টর শ্রীযুক্ত নরেন্দ্রনাথ লাহা

বার্ষিক মূল্য ৩৲ টাকা (ডাক মাশুল ।৵০ আনা স্বতন্ত্র) প্রতি সংখ্যা ।০ আনা

সম্পাদক শ্রী বিনয়কুমার সরকার

ARTHIK UNNATI

(Economic Progress)

Established April, 1926

A monthly journal, in **Bengali**, on economics (theoretical and applied), the applications of industrial research and scientific inventions for social welfare and material progress.

The object of the journal is to function as an organ of banking, foreign trade, money market, insurance, industrialization, agricultural enterprises, railway and shipping economics, public finance, economic legislation, national health, technical education, rural reorganization, municipal administration and other civic interests.

Edited by Prof. Dr. Benoy Kumar Sarkar, *Vidya-vaibhava*

Section 1. deals with the *wealth of Bengal*, profession by profession. The data are furnished by the reports of correspondents specially employed for the purpose. The standard of life prevailing among cultivators, artisans, fishermen, boatmen, leather-workers, weavers, shopkeepers, merchants, land-owners, exporters, importers, industrial workers, sailors, clerks, directors and founders of modern industries, banks and other business establishments—all classes of the Bengali population,—is the main theme of these statistical and objective investigations.

Section 2. deals with agricultural, manufacturing and *commercial activities of India* (excluding Bengal, but including the Indian states).

Section 3. deals with the *economic developments of the world*. It seeks to interpret the movement in foreign finance, industries and commerce to the Indian businessmen and economists. India's opportunities for co-operation with foreigners in all spheres of international trade and investment constitute likewise a special subject of study. The facts of world-economy involving, as they do, the intimate interdependence of India and the other countries in regard to economic functions and material welfare are placed before the readers in the form of a regular news-service.

Section 4. deals with the movements and pronouncements of the world's prominent bankers, captains of industry, engineers, chemists, experts in technical, commercial and agricultural education, statisticians, economists, finance-ministers and so forth. The *programmes of learned societies*, businessmen's associations, and bankers' institutes etc. fall within this section.

Section 5. is given over to *interviews* with specialists on problems of applied economics and economic thought.

In all these sections *Arthik Unnati*, although a monthly, intends to acquire the dynamic character of a weekly or even a daily newspaper

Special Features:

1. A tabular statement of the contents (with occasional synopsis) of the economic, financial, export-import, statistical and allied journals in the Indian and foreign languages including *French*, *German*, *Italian*, and whenever possible, *Russian*, *Japanese* and *Turkish*.
2. Review of books.
3. A serial announcement of Indian and foreign books on economics, banking, commerce, technical education and all other branches of material and social welfare.

N.B. About *fifty per cent* of the monthly devotes itself to essays and discussions of permanent value bearing on the methods and problems of the economic sciences. Bengali translation or summaries of the views and theories of foreign economists of the present or preceding generations form a marked characteristic of this journal.

Annual subscription Rs. 3/- (excluding postage).

Office: 9, Panchanan Ghose Lane (off Amherst Street), Calcutta.

Director:

Dr. NARENDRA NATH LAW

Managing Director, Dangeswari Cotton Mills, Ltd., Calcutta.

CONTENTS OF THE NOVEMBER-DECEMBER NUMBER, 1943.

Section 1. Wealth of Bengal: Supply of Quinine and Cholera Injection. Arrangement for Selling Standard Cloth. Import of Food Grains in Bengal. Bengal Central Relief Fund. Government Camps and Hospitals for the Destitute. Number of Free Canteens opened throughout Bengal. (pp. 167-169).

Section 2. Economic India : Gold raised in Mysore State. Income of Mysore State Railway. Production of Yarn and Cloth in Mysore. Income and Expenditure of the Central Government. Grow More Food Grains Movement in Hyderabad State. Forecast of Sugar-cane Cultivation in Behar. Increased Cultivation of Paddy in Sindh. (pp. 170-171).

Section 3. World Economy: Cottage Industries in Hunan. Growing of American Tobacco in Yunan. Insurance Business in U. S. A. Loss due to Fire. Compulsory Commodity Insurance in Jamaica. Motor Industry in America. Food Crops in Argentine. (pp. 172-174).

Section 4. Men, Institutions and Movements: Bengal Industrial Enquiry Committee. Indian Central Cotton Committee. Control of House Rent in Calcutta. Labour Legislation in Brazil. Chinese Engineering Students start for England. A Scheme for Help in Post-war China. (pp. 175-179).

Section 5. Interview: Aurobinda and Bepin Pal. (pp. 180 182).

Section 6. World of Journals: *International Labour Review*—April (1943) Number Summarized. (pp. 183-184).

Section 7. Reviews: England's Service. The Coming Show-down. Review of Co-operative Movement in India. The Road We are Travelling. (pp. 185-186).

Section 8. Bibliography: 11 books announced. p. 187.

Articles:

Constitution of Modern China.

By Manmatha Nath Sarkar, M.A., Research Scholar, Bengali Institute of Economics. (pp. 188-190).

Works by and about BENOY SARKAR

B. K. SARKAR:

1. **Villages and Towns as Social Patterns.** Pages 704. Eight Charts. Rs. 15. (Royal).
2. **Economic Development.** Vol. I. Pages 464. Rs. 8. Vol. II. Pages 320. Nine Charts. Rs 6. (Demy).
3. **The Political Philosophies since 1905.** Vol. I. Pages 404. Rs. 4. (Crown). Vol. II. Part I. Pages 356. Rs. 5. Part II. Pages 570. Rs. 12. Part III. Pages 368. Rs. 8. (Demy).
   The Sociology of Races, Cultures and Human Progress. Pages 410. Rs. 7. (Royal).
5. **Introduction to Hindu Positivism.** Pages 770. Rs. 16. (Royal).
6. **Creative India.** Pages 725. Rs. 15. (Demy).
7. **The Politics of Boundaries.** Pages 340. Rs. 2-8-0. (Crown).
8. **Social Insurance Legislation and Statistics.** Pages 470. Nine Charts. Rs. 8. (Demy).
9. **Imperial Preference vis-a-vis World-Economy.** Pages 172. Fifteen Charts. Rs. 5. (Royal).
10. **Indian Currency and Reserve Bank Problems.** Pages 94. Fourteen Charts. Rs. 3. (Royal).

S. C. DUTT: **Conflicting Tendencies in Indian Economic Thought.** (Sarkarism in Economics). Pages 234 Rs. 5. (Royal).

N. N. CHAUDHURY: **Pragmatism and Pioneering in Benoy Sarkar's Sociology and Economics.** Pages 152. Rs. 3. (Royal).

S. K. GHOSHAL: **Sarkarism** (The Ideas and Ideals of Benoy Sarkar on Man and His Conquests). Pages 60. Re. 1. (Royal)

B. DAS (and fourteen collaborators). **The Social and Economic Ideas of Benoy Sarkar.** Pages 690. Rs. 12. (Royal)

CHUCKERVERTTY CHATTERJEE & CO., LTD. 15 College Square, Calcutta.

জীবনযাত্রার পাথেয়

জীবনযাত্রার অনিশ্চিত পথে
জীবন বীমা মানুষের
প্রধান পাথেয়।

আমাদের গৃহ-সংসার কত আশা-উৎসাহ, কত শান্তি ও সুখের স্বপ্ন দিয়ে তৈরী! বাপ মায়ের সে স্বপ্ন বুঝি আজ রূঢ় বাস্তবের আঘাতে ভেসে যায়। তাই নিজের জন্যও যেমন তাদের দুশ্চিন্তা, ছেলেমেয়ে ও আত্মীয় পরিজনের জন্যও তেমনি তাদের উদ্বেগ ও আশঙ্কা—কি উপায়ে তাদের জীবনযাত্রা নির্ব্বাহের উপযোগী সংস্থান করে রাখা যায়। বর্ত্তমান দুর্দ্দিনে ও ভবিষ্যতের আর্থিক সঙ্কটে তারা কোন্ পাথেয় নিয়ে দাঁড়াবে?—হিন্দুস্থানের বীমাপত্র সেই মূল্যবান পাথেয়—দুর্দ্দিনের সর্ব্বোত্তম আশ্রয়। উপার্জ্জনশীল ব্যক্তিমাত্রেরই অবিলম্বে এই পাথেয় সংগ্রহ করা উচিত।

হিন্দুস্থান কো-অপারেটিভ

ইনসিওরেন্স সোসাইটি, লিমিটেড্

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস, কলিকাতা।

NEW ECONOMIC AND SOCIOLOGICAL WORKS

Labour Legislation in British India (Pankaj Mukherjee) Rs. 3/-
Conflicting Tendencies in Indian Economic Thought (Shib Dutt) Rs. 5/-
La Politica Finanziaria Britannica in India (Dr. Moni Moulik) Rs. 5/-
The Economics and Law of Central Banking (Prof. Sachin Dutt). Ans. -/8/-
The Messages of Dante (Prof. Subodh Ghoshal). Ans. -/4/-
The Social and Economic Ideas of Benoy Sarkar, Edited by Prof. Baneswar Dass with the collaboration of Fourteen Scholars and with a Foreword by Dr. Narendra Nath Law. Rs. 12/-
Economic Dialectics (Nagen Chaudhury). Rs. 2/.
Italian Economy and Culture (Dr. Moni Moulik). Rs. 3/-
Principles of Civics, Part I. (Prof. Sachin Dutt). Re. 1-4-0
Herder's Doctrine of National Soul (Ghoshal) Ans. -/4/-

CHUCKERVERTTY CHATTERJEE & Co. Ltd.
15, College Square, Calcutta.

সূচী

বাংলার সম্পদ্ ঃ—কুইনাইন ও কলেরার টীকা। ষ্টাণ্ডার্ড কাপড় বিক্রয়ের ব্যবস্থা। বাংলায় খাদ্য-শস্যের আমদানি। বেঙ্গল সেণ্টাল রিসার্চ ফাণ্ড। সরকার কর্তৃক ব্যাঙ্ক ও হাসপাতাল প্রতিষ্ঠা। খয়রাতী দাতব্যখানা। (১৬৭-১৬৯)।

আর্থিক ভারত ঃ—মহীশূর রাজ্যে স্বর্ণ-উৎপাদন। মহীশূর ষ্টেট্ রেলওয়ের আয়। মহীশূর রাজ্যে সুতা ও বস্ত্র উৎপাদন। কেন্দ্রীয় সরকারের আয়ব্যয়ের হিসাব। হায়দারাবাদ রাজ্যে খাদ্যশস্য ফলাও আন্দোলন। বিহারে ইক্ষুচাষের পূর্ব্বাভাষ। সিন্ধুতে ধানের চাষ বৃদ্ধি। (১৭০-১৭১)।

দুনিয়ার ধনদৌলত ঃ—খনিজের হস্তান্তর। ইউনান প্রদেশে রাসায়ণ তামাক উৎপাদন। মার্কিণ মুলুকে বীমা ব্যবসায়। অগ্নি-ভস্মিত কৃষি। জার্মেনী বীমে ব্যাঙ্কাতামূলক পণ্য বীমা। আমেরিকার মোটর শিল্প। আর্জেন্টিনার শস্যসম্পদ। মসিনা উৎপাদন। (১৭২-১৭৪)

ব্যক্তি ও সঙ্ঘ ঃ বঙ্গীয় শিল্প তদন্ত কমিটী। ইণ্ডিয়ান সেণ্টাল কটন কমিটী। কলিকাতায় বাড়ীভাড়া নিয়ন্ত্রণ। ব্রাজিল রাজ্যে শ্রমিক-আইন আন্দোলন। চীনা ইঞ্জিনিয়ার ছাত্রের ইংলণ্ড-যাত্রা। যুদ্ধোত্তর চীনে সাহায্য-পরিকল্পনা। (১৭৪-১৭৯)

মোলাকাৎ ঃ—অরবিন্দ ও বিপিন পাল।

[অধ্যাপক বিনয়কুমার সরকারের সহিত শ্রীহরিদাস মুখোপাধ্যায়ের কথোপকথন]। ১৮০

পত্রিকা-জগৎ ১৮৩

সমালোচনা

গ্রন্থপঞ্জী

প্রবন্ধাবলী ঃ

নবা চীনের রাষ্ট্র-কাঠামো

শ্রীমঙ্গলনাথ সরকার, এম্ এ ১৮৮

বিনয় সরকারের বৈঠকে

(বিংশ শতাব্দীর বঙ্গ-সংস্কৃতি)

শ্রীহরিদাস মুখোপাধ্যায়

রামকৃষ্ণ-সাম্রাজ্য, বঙ্গ-বিপ্লব, স্বদেশী আন্দোলন, ডন সোসাইটির সতীশ মুখোপাধ্যায়, অরবিন্দ-দর্শন, শিল্প-বাণিজ্যে বাঙালীর প্রগতি, মজুর-আন্দোলন, মেয়েদের পুরুষ-সাম্য, "অবনীন্দ্র-মণ্ডল", লাঠি-সেনাপতি পুলিন দাস, ব্রাহ্ম সমাজ, নজরুল ও অন্নদাশঙ্কর, বাংলার বৈজ্ঞানিক, ঐতিহাসিক ও দার্শনিক গবেষকগণ, রাষ্ট্রীয় ভগবান, গঙ্গা-বঙ্গনাথ বাঙালী মেজাজ, হিন্দু-মুসলমানের ধর্ম্ম-মিলন, গুরুসদয়ের নাচানাচি, সুরেন্দ্রনাথ হ'তে শ্যামাপ্রসাদ, ১৯৮০ সনের বাঙালী ইত্যাদি বিষয়ে বিংশ শতাব্দীর বঙ্গ-সংস্কৃতি সম্বন্ধে অধ্যাপক বিনয়কুমার সরকারের সঙ্গে কথোপকথন। প্রশ্নোত্তরের আকারে লিখিত। ৪৯০ পৃষ্ঠা মূল্য ঃ৲

বঙ্গীয় ধনবিজ্ঞান পরিষদ্ ও বঙ্গীয় সমাজ-বিজ্ঞান পরিষদের সুধীবর্গের লিখিত কয়েকখানি গ্রন্থ

১। এজালের ধনদৌলত ও অর্থশাস্ত্র (বিনয় সরকার) ঃ—প্রথম ভাগ ২।০, দ্বিতীয় ভাগ ৸৲। ২। ধনদৌলতের রূপান্তর (বিনয় সরকার) ১৷০। ৩। পরিবার, গোষ্ঠী ও রাষ্ট্র (বিনয় সরকার) ২।০। ৪। স্বদেশী আন্দোলন ও সংরক্ষণনীতি (বিনয় সরকার) ২৲। ৫। নয়া বাঙলার গোড়াপত্তন (বিনয় সরকার) ঃ—প্রথম ভাগ ২৷০, দ্বিতীয় ভাগ ২৲। ৬। বাড়তির পথে বাঙালী (বিনয় সরকার) ৩৷০। ৭। দেশ-বিদেশের ব্যাঙ্ক (ডক্টর নরেন্দ্রনাথ লাহা ও জিতেন্দ্র সেনগুপ্ত) ১৷০। ৮। টাকাকড়ি (রবি ঘোষ) ১৷০। ৯। টাকার কথা (নরেন রায়) ১৲। ১০। ধনবিজ্ঞানে লাভ্‌লেতি (শিব দত্ত) ২৲। ১১। বাংলার ধনবিজ্ঞান (বিনয় সরকার ও অন্যান্য লেখকগণ) প্রথম ভাগ ৩৷০, দ্বিতীয় ভাগ ৫৲। ১২। সমাজ-বিজ্ঞান (বিনয় সরকার ও অন্যান্য লেখকগণ) ৩৲। ১৩। মার্কিণ সমাজ ও সমস্যা (নগেন চৌধুরী) ২৲। ১৪। ফরাসী মনীষীদের প্রগতি-দর্শন (প্রফুল্ল বিশ্বাস) ৷৷০।

চক্রবর্ত্তী চ্যাটার্জ্জি অ্যাণ্ড কোম্পানী লিমিটেড

১৫, কলেজ স্কোয়ার, কলিকাতা

আর্থিক উন্নতি

অগ্রহায়ণ—১৩৫০ ১৮শ বর্ষ—৮ম সংখ্যা

অহমস্মি সহমান উত্তরো নাম ভূম্যাম্।
অভীষাডস্মি বিশ্বাষাডাশামাশাং বিষাসহি॥

অথর্ববেদ ১২।১।৫৪

পরাক্রমের মূর্তি আমি,—'শ্রেষ্ঠতম' নামে আমায় জানে সবে ধরাতে;
জেতা আমি বিশ্বজয়ী,—অস্ত্র আমার দিকে দিকে বিজয়-কেতন উড়াতে।



কুইনাইন ও কলেরার টীকা

কুইনাইন ও কলেরা-প্রতিষেধক টীকার অভাবের ফলে জনসাধারণের মধ্যে কিছু উদ্বেগের সঞ্চার হইয়াছে। কুইনাইন ও টীকার প্রকৃত পরিস্থিতি নিম্নে প্রদত্ত হইল—

হিসাব করিয়া দেখা হইয়াছে যে, বাংলাদেশে বৎসরে ৯০,০০০ পাউণ্ড কুইনাইনের প্রয়োজন হয়; তন্মধ্যে বাংলা দেশকে ৬২,০০০ পাউণ্ড কুইনাইন দেওয়া হইয়াছে। প্রয়োজন অপেক্ষা কম পরিমাণ কুইনাইন পাওয়া যাইতেছে বলিয়া কুইনাইন রেশনিং পরিকল্পনা প্রবর্তন করিবার প্রয়োজন হইয়াছে। সম্প্রতি একটী প্রেসনোটে এই পরিকল্পনা সম্বন্ধে বিস্তারিত বিবরণ জানান হইয়াছে। কোন অঞ্চলে কুইনাইনের ঘাটতি দেখা দিলে ঐ অঞ্চলের কুইনাইন রেশনিং কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে হইবে। কলিকাতার জন্য জনস্বাস্থ্য বিভাগের ডিরেক্টরের নিকট এবং মফঃস্বলের জন্য জেলা ম্যাজিষ্ট্রেট বা ডেপুটি কমিশনারদের নিকট আবেদন করিতে হইবে। গভর্ণমেণ্ট কর্তৃক ম্যালেরিয়ার প্রকোপের প্রাবল্য অনুপাতে প্রত্যেক জেলার জন্য কুইনাইনের পরিমাণ নির্দ্দিষ্ট করিয়া দেওয়া হইয়াছে।

গভর্ণমেণ্ট জেলাসমূহ হইতে কলেরা-প্রতিষেধক টীকার বর্দ্ধিত চাহিদা মিটাইবার জন্যও যথোপযুক্ত ব্যবস্থা করিতেছেন। বেঙ্গল ভেকসিন ল্যাবরেটরীতে পূর্ব্বে প্রতি মাসে ১৬৬,০০০ ঘন সেন্টিমিটার কলেরার টীকা-বীজ প্রস্তুত করা হইত, কিন্তু বর্ত্তমানে সেখানে প্রতি মাসে গড়ে ৩৭,০০০ ঘন সেন্টিমিটার টীকা-বীজ প্রস্তুত করা হইতেছে। এরূপভাবে টীকা-বীজের পরিমাণ শতকরা ১২০ ভাগ বর্দ্ধিত হওয়ায় গভর্ণমেণ্ট টীকা-বীজের ঘাটতির আশঙ্কা করার কোনই হেতু দেখেন না। জেলাসমূহের স্থানীয় কর্তৃপক্ষদের নিকট হইতে চাহিদা আসিলে

সেগুলিকে যত্নের সহিত পরীক্ষা করিয়া সত্বরই প্রকৃত প্রয়োজন অনুপাতে টীকা-বীজ পাঠান হয়। কোন স্থানে কলেরার প্রকোপ বৃদ্ধি পাইলে তথায় স্থানীয় কর্তৃপক্ষের আবেদনের জন্য অপেক্ষা না করিয়া প্রায়ই চাহিদার অতিরিক্ত টীকা-বীজ পাঠান হয়। উদাহরণস্বরূপ বলা যায়, গত আগষ্ট মাসে নোয়াখালীতে ৪২,৫০০ ঘন সেন্টিমিটার টীকা-বীজ পাঠান হইয়াছিল; কিন্তু তথা হইতে রিকুইজিশন পাওয়া গিয়াছিল মাত্র ২৫,৫০০ ঘন সেন্টিমিটারের জন্য। আগষ্ট মাসে যে টীকা-বীজ প্রস্তুত করা হইয়াছিল, তাহার পরিমাণ ৫৪১,০৭৫ ঘন সেন্টিমিটার; কিন্তু ঐ মাসে যে টীকা-বীজ প্রেরণ করা হইয়াছে তাহার পরিমাণ ৫৪৯,৩৭০ ঘন সেন্টিমিটার। ১লা সেপ্টেম্বর হইতে ২৭শে সেপ্টেম্বর পর্য্যন্ত বাংলা দেশের বিভিন্ন স্থানে মোট ৫৩১,৫২০ ঘন সেন্টিমিটার টীকা-বীজ প্রেরণ করা হইয়াছে। কলেরার টীকা-বীজের প্রকৃত চাহিদা মিটাইতে গভর্ণমেণ্ট এখন সমর্থ হইয়াছেন।

ষ্ট্যাণ্ডার্ড কাপড় বিক্রয়ের ব্যবস্থা

বেসামরিক সরবরাহ বিভাগ জানাইতেছেন যে, কলিকাতার ৩৬টী দোকানে এখন হইতে বিপুল পরিমাণে ষ্ট্যাণ্ডার্ড ক্লথ পাওয়া যাইবে। ১৬ই সেপ্টেম্বর বুধবার হইতে বিক্রয়কর সমেত ছেলেমেয়েদের জন্য ৬ হাত × ২৮ ইঞ্চি ও ৮ হাত × ৩৫ ইঞ্চি কাপড় যথাক্রমে ১৲৪ ও ১৷৵১০ আনায় পাওয়া যাইবে। যাহাদের এ আর পি এক্সমারেশন স্লিপ আছে তাহারা ঐ তারিখ হইতে তিনখানা কাপড় কিনিতে পারিবেন (ইতিপূর্ব্বে যাহা কেনা হইয়াছে তাহা সমেত)। তিনখানার অন্ততঃ একখানা ছেলেমেয়েদের কাপড় হওয়া চাই।

২০শে সেপ্টেম্বর হইতে প্রত্যেক দোকান পালাক্রমে সপ্তাহে দুইবার খুলিবে। যেগুলি এখন বুধবার খোলা থাকে সেগুলি সোমবার সকালেও খুলিবে। এখন যেগুলি শনিবার খোলে সেগুলি মঙ্গলবার সকালেও খুলিবে। এখন যেগুলি রবিবার খোলা থাকে, সেগুলি শুক্রবার অপরাহ্ণেও খুলিবে।

সোম, মঙ্গল ও শুক্রবার কেবলমাত্র স্ত্রীলোকদের কাছে বিক্রয় করা হইবে।

বাংলায় খাদ্য-শস্যের আমদানি

গত ১লা অক্টোবর হইতে ২৫শে অক্টোবর পর্য্যন্ত ৪৭,৪১৮ মণ চাউল, ৮৬৭ মণ ধান, ১২,০৫৩ মণ ছোলা, ৭৩,৮২৯ মণ ডাইল, ৩৮৪,৮৪৯ মণ গম, ২৩,৪৫৪ মণ গমজাত দ্রব্যাদি, ১০২,২৩৬ মণ বজরা, ৩১,৪৬৫ মণ জোয়ার এবং ৮,৫৩০ মণ ভুট্টা ইষ্টার্ণ ষ্টেট্‌স ও ভারতের অন্যান্য প্রদেশ হইতে বাংলাদেশে আসিয়াছে। ইষ্টার্ণ আর্মি হইতেও ১৭,৭৮৭ মণ চাউল আসিয়া পৌঁছিয়াছে।

পাঞ্জাবে অবস্থিত বাংলাদেশের এজেণ্ট উক্ত সময়ের মধ্যে ব্রিটিস রেলযোগে যে খাদ্য-শস্য প্রেরণ করিয়াছেন, তাহা নিম্নে প্রদত্ত হইল—

কলিকাতায় ৫০০ মণ গম, ৭১,৫০০ মণ গমজাত দ্রব্যাদি, ৫০০ মণ বাজরা এবং ২৯,০০০ মণ চাউল প্রেরণ করা হইয়াছে এবং ২৪ পরগণায় ১,৫০০ মণ, নদীয়ায় ৫০০ মণ, খুলনায় ১,০০০ মণ, বর্দ্ধমানে ৪৮,০০০ মণ, বীরভূমে ৩,৫০০ মণ, বাঁকুড়ায় ২৪,০০০ মণ, মেদিনীপুরে ৩০,০০০ মণ, হুগলীতে ২১,৫০০ মণ, হাওড়ায় ৯৭,০০০ মণ, রাজশাহীতে ৫০০ মণ, দিনাজপুরে ২,০০০ মণ, জলপাইগুড়িতে ৮,০০০ মণ, দার্জিলিংএ ২৩,০০০ মণ, রংপুরে ৩২,৫০০ মণ, পাবনায় ২,০০০ মণ, মালদহে ৫০০ মণ, ঢাকায় ২৪,০০০ মণ, ময়মনসিংহে ১,০০০ মণ, ফরিদপুরে ৫,৫০০ মণ, বাখরগঞ্জে ৫০০ মণ, চট্টগ্রামে ৪,৫০০ মণ, ত্রিপুরায় ২,৫০০ মণ এবং নোয়াখালীতে ৯,০০০ মণ গমজাত দ্রব্যাদি প্রেরণ করা হইয়াছে।

বেঙ্গল সেণ্ট্রাল রিলিফ ফাণ্ড

আজ পর্য্যন্ত বেঙ্গল সেণ্ট্রাল রিলিফ ফাণ্ডের জন্য মোট ১১,০৫,৯০৫৲ টাকা চাঁদা পাওয়া গিয়াছে। যে সমস্ত বৃহৎ দান পাওয়া গিয়াছে, তন্মধ্যে ইষ্টার্ণ আর্মি ও অন্যান্য সামরিক দলের নিকট হইতে প্রাপ্ত ১৩,০০০৲ টাকা, কোটার মহারাজা বাহাদুরের নিকট হইতে প্রাপ্ত ১,০০০৲

টাকা, মহীশূর গভর্ণমেণ্টের নিকট হইতে প্রাপ্ত ১০,০০০৲ টাকা, করাচী রাইস ক্লাবের নিকট হইতে প্রাপ্ত ১৩,১৯৮৲ টাকা, ত্রিচিনাপল্লী লেডীস ক্লাবের নিকট হইতে প্রাপ্ত ১,৭৪০৲ টাকা এবং প্রিন্সনার-অব-ওয়ার ক্যাম্পস্‌এর ওয়েলফেয়ার অফিসারের নিকট হইতে প্রাপ্ত ৩,৩০০৲ টাকা উল্লেখযোগ্য। কলিকাতার বিদায়ী পুলিস কমিশনার উক্ত ফণ্ডে ২,৫৩৭৲ টাকা প্রদান করিয়াছেন। তাঁহার অবসর গ্রহণ উপলক্ষে কলিকাতার পুলিসবাহিনী কোন দাতব্য প্রতিষ্ঠানে প্রদান করার জন্য উক্ত অর্থ তাঁহাকে উপহার প্রদান করেন।

সরকার কর্ত্তৃক ক্যাম্প ও হাঁসপাতাল প্রতিষ্ঠা

সরকার ২২৯নং বিবেকানন্দ রোডে যে চতুর্থ অনাথাশ্রম খুলিয়াছেন, তাহা রামকৃষ্ণ মিশনের তত্ত্বাবধানে কাজ আরম্ভ করিয়া দিয়াছে। ইতিমধ্যেই বহু সংখ্যক অনাথকে ইহাতে ভর্ত্তি করা হইয়াছে। এখানে আরও ২০০ অনাথের স্থান আছে।

অদ্যাবধি কলিকাতার বিভিন্ন অঞ্চলে রোগাক্রান্ত দুর্গতদের জন্য প্রায় ১২টি হাঁসপাতাল খোলা হইয়াছে।

কলিকাতায় রোগাক্রান্ত দুর্গতদের জন্য দশটি কেন্দ্র খোলা হইয়াছে। তন্মধ্যে ৪টি সম্পূর্ণ সরকারী অর্থে ও তত্ত্বাবধানে পরিচালিত এবং বাকী ছয়টি সরকারের সাহায্য-প্রাপ্ত কতিপয় স্বাতন্ত্র্যমূলক বে-সরকারী প্রতিষ্ঠান দ্বারা পরিচালিত। এই কেন্দ্রগুলিতে প্রায় ৮,০০০ হাজার দুর্গতলোকের স্থান আছে। কলিকাতা হইতে ৩০ মাইলের ভিতর সরকার ৮টি রিলিফ ক্যাম্প খুলিয়াছেন। ঐগুলিতে ৪০,০০০এর অধিক দুর্গত লোকের স্থান আছে।

২৪ পরগণার অন্তর্গত মধুরাপুর রিলিফ ক্যাম্পের ভার সরকার কলিকাতা রিলিফ কমিটির হাতে ন্যস্ত করিয়াছেন।

খয়রাতী লঙ্গরখানা

বর্ত্তমানে বাংলাদেশে মোট ৫,৪৪২টী খয়রাতী লঙ্গরখানা চলিতেছে। তন্মধ্যে ৩,৬২১টী গভর্ণমেণ্ট কর্ত্তৃক পরিচালিত হইতেছে, ১,২৪৭টীতে সরকারী সাহায্য দেওয়া হইতেছে এবং ৫৭৪টী বে-সরকারী প্রচেষ্টায় চলিতেছে। এইসকল লঙ্গরখানা হইতে রোজ ২,০৭৮,৮৮৬ জন লোককে খাওয়ান হইতেছে।

এই সকল লঙ্গরখানার মধ্যে ১,২৬৮টী মেদিনীপুর জেলায়, ৫৯১টী চট্টগ্রাম জেলায়, ৬০৫টী নোয়াখালী জেলায়, ৬৭৭টী ত্রিপুরা জেলায়, ২৩৩টী ঢাকা জেলায়, ২৮৯টী বাখরগঞ্জ জেলায়, ২০১টী বর্দ্ধমান জেলায়, ২২২টী বাঁকুড়া জেলায়, ২২১টী হুগলী জেলায়, ২৩৪টী ২৪ পরগণা জেলায়, ১৬২টী ফরিদপুর জেলায় এবং অবশিষ্টগুলি অন্যান্য জেলায় খোলা হইয়াছে।

মহীশূর রাজ্যে স্বর্ণ উৎপাদন

মহীশূর রাজ্যে ১৯৪৩ সনের মার্চ্চ মাসে ২২,৫১০ আউন্স স্বর্ণ উৎপন্ন হইয়াছে। ১৯৪২ সনের ফেব্রুয়ারী মাসে উৎপন্ন হইয়াছিল ১৯,৯৬৭ আউন্স; ১৯৪৩ সনের মার্চ্চ মাসে ২৪,৪৪০ আউন্স। কাজেই দেখা যাইতেছে যে, মার্চ্চ মাসে ফেব্রুয়ারী মাসের তুলনায় উৎপাদন ১৩% বর্দ্ধিত হইলেও, ১৯৪২ সনের মার্চ্চ মাসের তুলনায় ১২% কম উৎপন্ন হইয়াছে। আলোচ্য মাসে মোট উৎপন্ন স্বর্ণের মূল্য ৪৪,১১,৯৬০৲ টাকা; ফেব্রুয়ারী মাসে ৩৬,৭৩,৯২৮৲ টাকা এবং ১৯৪২ সনের মার্চ্চ মাসে ৩৩,৩২,৬৪০৲ টাকা।

মহীশূর ষ্টেট্ রেলওয়ের আয়

১৯৪৩ সনের মার্চ্চ মাসে মহীশূর ষ্টেট রেলওয়ের ১০,৯৫,০০০৲ টাকা আয় হইয়াছে। ফেব্রুয়ারী মাসে আয় দাঁড়াইয়াছে ৯,৩০,৭০০৲ টাকা. পূর্ব্ব সনের মার্চ্চ মাসে ৮,১০,১৩২৲ টাকা। ১৯৪২ সনের ১লা জুলাই হইতে ১৯৪৩ সনের মার্চ্চ মাসের শেষ পর্য্যন্ত ষ্টেট রেলপথের মোট আয় ৯০,৪৪,০০০৲ টাকা; পূর্ব্ববর্ত্তী একই সময়ের আয় ৭৭,৩২,২৪২৲ টাকা।

আলোচ্য মাসে মহীশূর ষ্টেট্ রেলওয়েতে মোট ২,১৩৪,০৩৭ রেলওয়ে মণ মাল চলাচল হইয়াছে। ফেব্রুয়ারী মাসে মাল চলাচলের পরিমাণ দাঁড়াইয়াছিল ১,৯৭১,০১৫ রেলওয়ে মণ; ১৯৪২ সনের মার্চ্চ মাসে ২,৪৪২,৯২৯ রেলওয়ে মণ। ১৯৪২ সনের ১লা জুলাই হইতে ১৯৪৩ সনের মার্চ্চ মাসের শেষ পর্য্যন্ত মোট মাল চলাচলের পরিমাণ ২১,৬৪২,৪৯৬ রেলওয়ে মণ, পূর্ব্ববর্ত্তী সনে একই সময়ের মধ্যে মাল চলাচলের পরিমাণ ২৪,৫২৩,২০০ রেলওয়ে মণ।

মহীশূর রাজ্যের সূতা ও বস্ত্র উৎপাদন

১৯৪৩ সনের মার্চ্চ মাসে মহীশূর রাজ্যের কটন মিলগুলিতে ৪,২৯৪,৮৫৭ গজ কাপড় তৈরী হইয়াছে। পূর্ব্ব মাসে তৈরী হইয়াছিল ৪,০১৩,১২৯ গজ, পূর্ব্ব সনের মার্চ্চ মাসে ৩,৯৯২,০০০ গজ। আলোচ্য সনের ফেব্রুয়ারীর তুলনায় ৭% এবং ১৯৪২ সনের মার্চ্চ মাসের তুলনায় ৮% বেশী উৎপন্ন হইয়াছে।

মহীশূরের মিলগুলিতে ১৯৪৩ সনের মার্চ্চ মাসে ২,৬১৪,৩১৯ পাউণ্ড সূতা তৈরী হইয়াছে। ফেব্রুয়ারী মাসের উৎপাদনের পরিমাণ দাঁড়াইয়াছিল ২,৪৫১,৬০৮ পাউণ্ড, ১৯৪২ সনের মার্চ্চ মাসে ২,২৪৩,০০০ পাউণ্ড। মার্চ্চ মাসে ফেব্রুয়ারী মাসের তুলনায় ৭% এবং ১৯৪২ সনের মার্চ্চ মাসের তুলনায় ১৭% বেশী সূতা তৈরী হইয়াছে।

কেন্দ্রীয় সরকারের আয়ব্যয়ের হিসাব

কেন্দ্রীয় সরকারের সেপ্টেম্বর মাসের হিসাব (রেলওয়ে, পোষ্টাল এবং টেলিগ্রাম বিভাগের লেনদেন বাদে) হইতে দেখা যায় যে, ১৯৪৩-৪৪ সনের প্রথম ছয় মাসে মোট আয় হইতে মোট খরচ ৫৮ কোটী টাকা বেশী হইয়াছে। গত বৎসরের এই সময়ে আয় হইতে মোট ৬৪ কোটী টাকা বেশী খরচ হইয়াছিল।

দেশরক্ষা বিভাগে ১৯৪ কোটী টাকা বেশী খরচ হইয়া মোট ১৯৪ কোটী টাকা দাঁড়াইয়াছে। বেসামরিক বিভাগেও ২৪ কোটী টাকা বেশী খরচ হইয়াছে। রেল

বিভাগে নীট ১ কোটী টাকা এবং পোষ্ট ও টেলিগ্রাফ বিভাগে নীট ২ কোটী টাকা বেশী আয় হইয়াছে।

স্থায়ী ঋণের খাতে ১০৫½ কোটী টাকা বৃদ্ধি পাইয়াছে।

হায়দারাবাদ রাজ্যে খাদ্যশস্য ফলাও আন্দোলন

"অধিক খাদ্য ফলাও" আন্দোলন সম্পর্কে নিজাম সরকার, কৃষকদের মধ্যে উন্নত ধরণের বীজ বিতরণের জন্য ১৩৫২ ফসলী সনের (ইংরাজী ১৯৪২-৪৩) জন্য ৩০ লক্ষ টাকা তাকাবী মঞ্জুর করিয়াছেন।

৩২,০০০ একর জমির জন্য ১৯,২০,০০০ পাউণ্ড ধান্য, ৪৬,০০০ একর জমির জন্য ১৮,৭৪,০০০ পাউণ্ড গম, এবং ১,৭০,০০০ একর জমির জন্য ১০,২৮,০০০ পাউণ্ড জোয়ারের বীজ বিতরিত হইয়াছে।

বিহারে ইক্ষুচাষের পূর্ব্বাভাষ

বিহারে ইক্ষুচাষের ১৯৪১-৪২ সনের দ্বিতীয় সরকারী পূর্ব্বাভাষ বাহির হইয়াছে। উক্ত পূর্ব্বাভাষে জানা যায় যে, ১৯৪২ সন পর্য্যন্ত পাঁচ বৎসরের গড় হিসাব অনুসারে আলোচ্য সনে ইক্ষুচাষ সম্পর্কে বিহারের হিস্যা ভারতের মোট আবাদের শতকরা ১০৬ ভাগ। গত দশ বৎসরের গড় হিসাবের তুলনায় আলোচ্য সনে উক্ত ফসল শতকরা ৯৫ ভাগ দাঁড়াইবে। সরকারী হিসাব পত্রে এইরূপ জানা গিয়াছে যে, বিহারে এবার ইক্ষুচাষের অবস্থা ভালই আছে।

সিন্ধুতে ধানের চাষ বৃদ্ধি

"অধিক খাদ্য ফলাও" আন্দোলনের ফলে সিন্ধুপ্রদেশে বর্ত্তমান বৎসরে ২,৩৫,০০০ একর বেশী জমিতে ধান বোনা হইয়াছে। এই সংখ্যা লইয়া সিন্ধুপ্রদেশে মোট ১৩,৭৪,০০০ একর জমি ধান চাষের অধীনে আসিবে। এরূপও জানা গিয়াছে যে, সিন্ধুপ্রদেশের সর্ব্বত্র এবার খুব ভাল ধান হইয়াছে।

হুনানের হস্তশিল্প

চাউল ও খনিজ পদার্থ উৎপাদনের সমৃদ্ধিশালী কেন্দ্র হওয়া সত্ত্বেও হুনান চীনের হস্তশিল্পের আবাসভূমি বলিয়া পরিচিত। হুনানের হস্তশিল্প জনসাধারণের বহু দৈনন্দিন প্রয়োজনীয় দ্রব্যের চাহিদা পূরণ করে। বর্তমানে যখন অবাধ পণ্য চলাচলের জন্য জাতির যথেষ্ট যানবাহনের বন্দোবস্ত নাই এবং ইহার শিল্প উৎপাদন অতি সামান্য তখন হস্তশিল্প যে কিরূপ প্রয়োজনীয় তাহা সহজেই অনুমান করা যায়।

যুদ্ধ বাধিবার পূর্ব্বেও হুনানে হস্তশিল্পে বেশ প্রসার ছিল, কারণ এই প্রদেশে বহু কাঁচা মাল পাওয়া যায় এবং ইহার অধিবাসীরা অতি নিষ্ঠাবান ও পরিশ্রমী। হস্তশিল্পে বেশী পুঁজির প্রয়োজন নাই বলিয়া এবং ইহা সহজেই স্থানান্তরিত করা যায় বলিয়া বর্ত্তমান যুদ্ধ হস্তশিল্পের প্রসারকে উৎসাহিত করিয়াছে। দৃষ্টান্তস্বরূপ চাংসার কথাই ধরা যাক। যুদ্ধ সীমান্তের অতি নিকটে অবস্থিত হওয়া সত্ত্বেও চাংসাতে ৪০ প্রকারের হস্তশিল্প আছে এবং ইহাদের প্রত্যেকটীই ভাল ভাবে চলিতেছে। রঞ্জনশিল্প, সিগারেট শিল্প, রেশমী বস্ত্রশিল্প এবং বুননশিল্প, যুদ্ধের জন্য বিশেষভাবে সমৃদ্ধি লাভ করিয়াছে। সূচীশিল্প, উপানৎশিল্প, মোমবাতি, সাবান, চামড়া ও ছাতা প্রস্তুত করিবার শিল্প, যুদ্ধের পূর্ব্বেই সমৃদ্ধিশালী ছিল।

হস্তশিল্পের জন্য প্রয়োজনীয় সকল প্রকারের কাঁচা মালই এইস্থানে পাওয়া যায়। শিল্পজাত দ্রব্যগুলির উৎকর্ষের মাত্রা বৃদ্ধি করা হইয়াছে। বিভিন্ন প্রকারের প্রসাধন সামগ্রী সমস্তই দেশে প্রস্তুত করা হয়। হুনান ছাতা প্রস্তুতের জন্য বিখ্যাত। প্রকাশ হুনানের লোকেরা কেবল এই শিল্প হইতেই বৎসরে ১০ লক্ষ ডলার উপার্জ্জন করে। পাখার পালক ও ওটীর নিকৃষ্ট রেশম দ্বারা এই স্থানে যে বস্ত্র তৈয়ারী করা হয় তাহা সত্যই অপূর্ব্ব। পালক দ্বারা কলম ও দন্তশলাকাও প্রস্তুত করা হয়।

হুনানের লোকেরা এক্ষণে অনেক উৎকৃষ্ট রেশম ও তুলার বস্ত্র প্রস্তুত করিতেছে। চীনের তৈরী উৎকৃষ্ট রেশমের মোজার মূল্য আমদানি করা মোজার মূল্যের ১০ ভাগের ১ ভাগ।

বয়ন ও রঞ্জন শিল্পই হুনানের হস্তশিল্পগুলির মধ্যে সর্ব্বাপেক্ষা বৃহৎ। এক বিবরণী অনুসারে জানা গিয়াছে এই স্থানের প্রায় ১৬৭টী বয়ন ও রঞ্জন শিল্পের প্রতিষ্ঠান আছে। ইহাদের মোট মূলধনের পরিমাণ প্রায় ২০ কোটী ডলার। বয়ন ও রঞ্জন শিল্পের যন্ত্রপাতিগুলি দেশেই তৈয়ারী করা হয়, এবং প্রায় প্রতি গৃহেই এই যন্ত্রপাতি আছে। ইহাদের প্রস্তুত সামগ্রীগুলির মধ্যে পশমের কার্পেট, তোয়ালে, বিছানার চাদর ও আবরণী উল্লেখযোগ্য—কিন্তু উৎপাদিত সামগ্রীগুলির মধ্যে বিভিন্ন প্রকারের বস্ত্রই সর্ব্বপ্রধান স্থান অধিকার করে। পূর্ব্বে চাংসাতে প্রায় ৪০০০ তাঁত ছিল, যাহাদের প্রাত্যহিক উৎপাদনের পরিমাণ ছিল ৪০ সহস্র ফুট বস্ত্র। টুকটিং হ্রদ অঞ্চলে যুদ্ধ আরম্ভ হওয়ায় কাঁচা মাল পাইতে অসুবিধা হইতে পারে।

কেবল চাংসাতেই সহস্র সহস্র শ্রমিক ইহার ৩০টী সিগারেট কারখানায় কাজ করে। ইহা ছাড়া আরও

১৬টী সিগারেট কারখানা প্রতিষ্ঠা করা হইবে। এই কারখানাগুলির মধ্যে কেবল একটীতে যন্ত্রপাতি ব্যবহার করা হয় এবং অন্যগুলিতে হস্তের সাহায্যে সিগারেট প্রস্তুত করা হয়। এই কারখানাগুলির অধিকাংশ শ্রমিকই পূর্ব্বে হানকাওয়ে বিদেশী পরিচালিত সিগারেট কারখানায় নিযুক্ত ছিল। প্রতি মাসে গবর্ণমেণ্ট এই সহর হইতে ১ কোটী ৩০ লক্ষ ডলার তামাক কর সংগ্রহ করে—ইহা হইতে এই সহরের সিগারেট উৎপাদনের পরিমাণ সম্বন্ধে ধারণা করা যায়। (চীনবার্ত্তা)

ইউনান প্রদেশে মার্কিণ তামাক উৎপাদন

বহু বৎসর ধরিয়া পরীক্ষা ও গবেষণার পর ইউনান প্রদেশে মার্কিণ তামাক উৎপাদনের চেষ্টা সফল হইয়াছে। গত কয়েক বৎসর যাবৎ কুনমিং, চিনিং ও আরও বারটী সহরে মার্কিণ তামাকের চাষ আরম্ভ হইয়াছে। বর্ত্তমান বর্ষে ১৭,০০০ মাও জমিতে এই জাতীয় তামাক লাগানো হইয়াছে এবং এজন্য কৃষকদিগকে ২০,০০০,০০০ ডলার ধার দেওয়া হইয়াছে। ইউনান প্রদেশের জমি ও আবহাওয়ার অবস্থা মার্কিণ তামাক চাষের অত্যন্ত উপযোগী। ইউনান-জাত মার্কিণ তামাকের পাতা খোদ মার্কিণ তামাক-পাতার সমকক্ষ হইয়াছে।

মার্কিণ মুল্লুকে বীমা ব্যবসায়

১৯৪২ সনের শেষভাগে মার্কিণ যুক্তরাষ্ট্রে আইন-সঙ্গত রিজার্ভ বা মৌজুদ-তহবিলযুক্ত কোম্পানীগুলির মোট বীমা ব্যবসায়ের পরিমাণ দাঁড়ায় ১৩০,০০০ মিলিয়ন পাউণ্ড এবং পলিসি-হোল্ডার বা বীমাকারীর সংখ্যা দাঁড়ায় ৬৭,০০০,০০০—অর্থাৎ মার্কিণ যুক্তরাষ্ট্রের মোট লোক-সংখ্যার অর্দ্ধেক। ১৯১৭ সনের শেষভাগে এই দুই সংখ্যা দাঁড়াইয়াছিল যথাক্রমে ২৭,০০০ মিলিয়ন ও ২৫,০০০,০০০ জন। কাজেই দেখা যাইতেছে যে, গত ৫ বৎসরের মধ্যে পলিসি-হোল্ডারের সংখ্যা বাড়িয়াছে দ্বিগুণেরও বেশী; আর পলিসি-পিছু বীমার পরিমাণও ১,০৮০ ডলার থেকে ১,৯৪০ ডলারে বর্দ্ধিত হইয়াছে।

অগ্নি-জনিত ক্ষতি

১৯৪১ সনে মার্কিণ যুক্তরাষ্ট্রে আগুনের জন্য ক্ষতির পরিমাণ ৩২২,৩৪৭,০০০ ডলারের স্থলে ১৯৪২ সনের অগ্নিজনিত ক্ষতির পরিমাণ দাঁড়াইয়াছে ৩১৪,৮৪৯,০০০ ডলার। ১৯৪৩ সনের জানুয়ারী মাসে আগুনের জন্য ক্ষতি হইয়াছে ২৭,৭৩৩,০০০ ডলার অর্থাৎ ১৯৪২ সনের জানুয়ারী মাসের এই খাতের ক্ষতির তুলনায় ক্ষতি ২৪% কম হইয়াছে।

জামেকা দ্বীপে বাধ্যতামূলক পণ্য-বীমা

সম্প্রতি এক সরকারী আদেশ জারি করিয়া জামেকা দ্বীপে ১,০০০ পাউণ্ড বা তদতিরিক্ত মৌজুদ পণ্যদ্রব্যের বেলায় শত্রু আক্রমণের ফলে ক্ষতি সম্পর্কে বাধ্যতামূলক বীমার ব্যবস্থা করা হইয়াছে। এই জন্য প্রিমিয়ামের হার বাঁধিয়া দেওয়া হইয়াছে শতকরা সাড়ে সাত শিলিং।

আমেরিকার মোটর শিল্প

আমেরিকার ব্যবসা-বাণিজ্যে মোটর শিল্প বড় রকমের স্থান অধিকার করিয়া রহিয়াছে। মার্কিণ যুক্তরাষ্ট্রে ৩০ মিলিয়ন মোটর গাড়ী ব্যবহৃত হয়। প্রত্যেক বৎসর পাঁচ মিলিয়ন মোটর গাড়ী, লরী ইত্যাদি নানা ধরণের মোটর-যান তৈরী হয়। কিন্তু মাত্র তিনটী কোম্পানীর কারখানায় ৯০% মোটর যান নির্ম্মিত হয়। এই তিনটী বাঘা কোম্পানীর নাম জেনারেল মোটর্স, ফোর্ড ও ক্রিসলার্স। তিনটা কোম্পানীই মোটর তৈরীর সমস্ত সাজ-সরঞ্জাম, ইস্পাত এমন কি কাচের উপকরণগুলাও তৈরী করিয়া লয়।

মার্কিণ মুল্লুকের অধিবাসীরা ৩৫ বৎসরের বেশী কোন গাড়ী ব্যবহার করে না। ৩৫ বৎসরের বেশী পুরাতন গাড়ী ব্যবহার করিলে পাড়া-পড়শীদের নাক-সিটকানির চোটে অস্থির হইতে হয়। এখন প্রশ্ন উঠিতে পারে, আমেরিকায় যে হারে মোটর উৎপন্ন হয়, তাতে দেশ মোটর গাড়ীতে ভরিয়া যায় না কেন? ইহার

একমাত্র উত্তর এই যে, প্রত্যেক বৎসর তিন মিলিয়ন গাড়ী ভাঙ্গিয়া ফেলা হয়, মোটর গাড়ী বিক্রয় করা হয় নগদে, অথবা এক-তৃতীয়াংশ নগদ আর বাকী অংশ কিস্তিবন্দী হিসাবে। উভয় প্রকার বিক্রয়-প্রথাই সন্তোষজনক। কিস্তিবন্দী হিসাবে বিক্রীত গাড়ীগুলির মধ্যে মাত্র শতকরা এক ভাগ ফেরৎ নিতে হইয়াছে। মোটের উপর আমেরিকার মোটরশিল্প দেশবাসীর সন্তোষবিধানেই সমর্থ হইয়াছে। বৎসরে দুইবার গাড়ীগুলা পরিদর্শন করা হয়। এই বিরাট দেশের এক উপকূল হইতে অপর উপকূল পর্য্যন্ত প্রথম শ্রেণীর সড়কসমূহ প্রসারিত। কাজেই ভারতের সড়কে মোটরগুলি যেভাবে ক্ষয়িয়া যায়, আমেরিকায় তেমন হওয়ার উপায় নাই। মোটর যান-গুলিতে লোক ও মাল চলাচল প্রত্যেক বৎসরই বাড়িয়া চলিয়াছে; ফলে এইগুলি রেলপথের বিপজ্জনক প্রতিদ্বন্দ্বীতে পরিণত হইয়াছে।

আর্জ্জেন্টিনার শস্য-সম্পদ্

শস্য উৎপাদনের হিসাব

(১৯৪২ নবেম্বর)

	১৯৪১-৪২ টন	১৯৪০-৪১ টন
তৃতীয় সরকারী হিসাব	৬,১০০,০০০	৭,৩৮০,২০০
গত বৎসরের উদ্বৃত্ত	৩,২৫৯,৫১৬	৭৪,২৭৯
মোট সরবরাহ	৯,৩৫৯,৫১৬	১,৪৫৪,৪৭৯
বীজ ও দেশের চাহিদা	২,৭৫০,০০০	২,৭৫০,০০০
রপ্তানির উপযোগী উদ্বৃত্ত	৬,৬০৯,৫১৬	৪,৭০৪,৪৭৯
নবেম্বরের শেষ পর্য্যন্ত রপ্তানি	২,০৪৫,৪৩৬	২,২১২,৫৪১
রপ্তানি হইতে এখনও বাকী	৪,৫৬৪,০৮০	২,৪৯১,৯৩৮

মসিনা উৎপাদন

পূর্ব্ববর্ত্তী মাসের ৬,৪২১ টনের স্থলে নবেম্বর মাসে ১৭,২৫৫ টন মসিনা বিদেশে রপ্তানি হইয়াছে। নিম্নে মসিনা-পরিস্থিতির পূর্ণ পরিচয় দেওয়া হইল :—

	১৯৪১-৪২ টন	
উৎপাদন সম্পর্কে তৃতীয় সরকারী হিসাব	১,৬০০,০০০	১,৪৫৯,৬০০
পূর্ব্ব সনের উদ্বৃত্ত	৬৫৩,২৬৭	৫৭,২৫৯
মোট সরবরাহ	২,২৫৩,২৬৭	১,৫১৭,৫৫৯
বীজ ও দেশের চাহিদা	৩৬৫,০০০	২০০,০০০
রপ্তানির যোগ্য উদ্বৃত্ত	১,৮৮৮,২৬৭	১,৩১৭,৫৫৯
নবেম্বরের শেষ পর্য্যন্ত রপ্তানি	৩১৭,০১৩	৬৩৪,৯০৭
এখনও রপ্তানি হইতে বাকী	১,৫৭১,২৫৪	৬৮২,৬৫২

বঙ্গীয় শিল্প তদন্ত কমিটী

বাংলা সরকার বঙ্গীয় শিল্প তদন্ত কমিটী পুনর্গঠিত করিয়াছেন। ১৯৩৮ সনের ১৯শে নবেম্বর তারিখে বঙ্গীয় শিল্প তদন্ত কমিটী সর্ব্বপ্রথম গঠিত হয়। পরে ১৯৪২ সনের ১০ই জুন তারিখে ইহা পুনর্গঠিত হয় ও তাহার পর হইতে কয়েকজন অতিরিক্ত সদস্য ইহাতে গৃহীত হয়।

বর্ত্তমানে এই কমিটী যেরূপ অধিকসংখ্যক সদস্যের সমবায়ে গঠিত, তাহাতে ইহার কার্য্য বেশী দূর অগ্রসর হইতে পারে নাই। ইহার কার্য্য সম্পূর্ণরূপে শিল্প-বিজ্ঞান-সংক্রান্ত। বাংলা প্রদেশের শিল্পোন্নতির উপর এই কমিটীর তদন্তের ফলাফল সুদূরপ্রসারী প্রভাব বিস্তার করিবে। এজন্য গবর্ণমেণ্ট মনে করেন যে, অল্পসংখ্যক বিশেষজ্ঞ ব্যক্তি লইয়া ইহা গঠিত হওয়া উচিত এবং যাঁহারা এই প্রদেশের শিল্প ও অর্থ-নৈতিক সমস্যা সম্পর্কে ওয়াকেফহাল, প্রধানতঃ তাঁহাদিগকেই ইহার সমস্ত নিয়োগ করা দরকার।

১৯৩৮ সনের ১৯শে নবেম্বর তারিখে ও পরে ১৯৪২ সনের ১০ই জুন তারিখে এই কমিটীকে যেসকল বিষয়ে তদন্ত করিতে বলা হইয়াছিল এবারেও ঐসকল বিষয়েই তদন্ত করিতে বলা হইয়াছে।

বর্ত্তমান আর্থিক বৎসরের মধ্যেই তদন্ত শেষ করিয়া তাহার পর যথাসম্ভব শীঘ্র রিপোর্ট দাখিল করিতে কমিটীকে অনুরোধ করা হইয়াছে।

ইণ্ডিয়ান সেণ্ট্রাল কটন কমিটি

ভারতবর্ষের ব্যবসা-বাণিজ্যের উপযোগী ফসলগুলির মধ্যে তুলার স্থান সকলের উপরে। রপ্তানির যোগ্য ফসলগুলির মধ্যে তুলা প্রথম স্থান ত অধিকার করিয়াছেই, তা ছাড়া ভারতীয় কল-কারখানায় ব্যবহৃত কাঁচা মাল হিসাবেও তুলা সর্ব্বোচ্চ স্থান অধিকার করিয়াছে।

তুলা-উৎপাদনকারী দেশগুলির মধ্যে বিশেষতঃ আমেরিকায় তুলা উৎপাদন সম্পর্কে শক্তিশালী প্রতিষ্ঠান-সমূহ কায়েম করা হইয়াছে। তুলা উৎপাদনের বিভিন্ন দিক্—ক্রয়-বিক্রয়, কারখানায় নিয়োগ ইত্যাদি সমস্তই রীতিমত নিয়ন্ত্রিত। ইংলাণ্ডেও এম্পায়ার কটন গ্রোয়িং কর্পোরেশন নামক প্রতিষ্ঠান কায়েম করা হইয়াছে। সাম্রাজ্যের ভিতরে তুলার-চাষ, তুলা-শিল্প ইত্যাদির প্রসার ঘটানো ইহার প্রধান কাজ। ১৯২১ সনে ভারত গবর্ণমেণ্ট ভারতবর্ষেও অনুরূপ উদ্দেশ্য সাধনের জন্য ইণ্ডিয়ান সেণ্ট্রাল কটন কমিটী নামক একটী কেন্দ্রীয় প্রতিষ্ঠান স্থাপন করিয়াছেন। এইরূপ একটী কেন্দ্রীয় প্রতিষ্ঠানের প্রয়োজন যে কত বেশী তাহা সহজেই অনুমেয়। ভারতের তুলা শিল্প কেবলমাত্র প্রাদেশিক ব্যাপার নয়; নিখিল ভারতের প্রতি দৃষ্টি রাখিয়া এই শিল্পের উন্নতির জন্য চেষ্টা করার দরকার। একটীমাত্র প্রদেশে তুলা উৎপাদনের কোনরূপ ব্যতিক্রম ঘটিলে ভারতের সর্ব্বত্রই বয়ন শিল্পের উপর তাহা রীতিমত প্রভাব বিস্তার করে।

এই কেন্দ্রীয় প্রতিষ্ঠানটী প্রথমতঃ ছিল পরামর্শ-দাতা কমিটী। কিন্তু ১৯২৩ সনে ভারতীয় তুলা সেস্ আইন বিধিবদ্ধ হওয়ার পর এই কমিটী রীতিমত শাসক-প্রতিষ্ঠানে পরিণত হইয়াছে। বর্ত্তমানে এই প্রতিষ্ঠানের তহবিলে অর্থ রহিয়াছে প্রচুর পরিমাণে। ভারত হইতে বিদেশে প্রেরিত এবং বৃটিশ ভারতের কল-কারখানাগুলিতে ব্যবহৃত তুলার উপর গাঁট প্রতি দুই আনা হিসাবে কর

আদায় করিয়া এই তহবিলের ব্যবস্থা করা হইয়াছে। ১৯৪২ সনের ৩১শে মার্চ পর্য্যন্ত কমিটীর তহবিলে মোট ১,১০,৭৫,৩১৬৲ টাকা জমিয়াছে। তন্মধ্যে তুলা সেস হইতে সংগৃহীত অর্থের পরিমাণ ১,৪৫,১৮,৬৪০৲ টাকা।

তুলা সংক্রান্ত নানা প্রকার সমস্যা সম্পর্কে গবেষণা পরিচালনই কমিটীর প্রধান কাজ। ১৯৩৭ সন পর্য্যন্ত তুলা বিষয়ক পরিকল্পনাগুলি সম্পর্কে একমাত্র কমিটীই সমস্ত খরচভার বহন করিত। কিন্তু বর্ত্তমানে বিভিন্ন প্রাদেশিক গবর্ণমেণ্ট এবং দেশীয় রাজ্যগুলিকেও আংশিক ব্যয়ভার বহনে বাধ্য করা হইয়াছে।

তুলা উৎপাদক, কৃষি-বিভাগীয় অফিসার, ব্যবসায়ী, কারখানা মালিক ইত্যাদির প্রতিনিধিদিগকে লইয়া এই কমিটী সংগঠিত। তুলা উৎপাদন ও তুলা-ব্যবসায়ের সকল প্রকার সমস্যা লইয়াই আলোচনা চলে। তাহা হইলেও তুলা-উৎপাদকদের স্বার্থরক্ষাই কমিটীর মুখ্য উদ্দেশ্যে পরিণত হইয়াছে।

কলিকাতায় বাড়ীভাড়া-নিয়ন্ত্রণ

১৯৪৩ সনের কলিকাতার বাড়ীভাড়া-নিয়ন্ত্রণ আইন গত ২৬শে জুন তারিখের কলিকাতা গেজেটে প্রকাশিত হইবার দিন হইতেই কার্য্যকরী হইয়াছে। যুদ্ধের ফলে বর্ত্তমানে যে গুরুতর পরিস্থিতির উদ্ভব হইয়াছে, তাহার সুযোগ লইয়া গৃহস্বামিগণ যাহাতে অতিরিক্ত বাড়ীভাড়া লইয়া অত্যধিক লাভবান না হইতে পারে, তজ্জন্যই এই আইন প্রণয়ন করা হইয়াছে। ১৯২৩ সনের কলিকাতা মিউনিসিপ্যাল এ্যাক্টের ৩ ধারার ২ উপধারা অনুযায়ী এই আইন কলিকাতার সমস্ত অংশেই প্রযোজ্য হইবে। এই আইনের প্রধান বিধানগুলি নিম্নে প্রদত্ত হইল :—

(১) কোন ভূস্বামী ১৯৪১ সনের ১লা ডিসেম্বর তারিখে যে বাড়ীভাড়া পাইত বা ঐ সময়ে বাড়ী ভাড়া দিলে যে ভাড়া পাইতে পারিত, তাহার শতকরা ১০ ভাগের বেশী বর্দ্ধিত ভাড়া দাবী করিতে পারিবে না। যদি কোন ভাড়াটিয়া দেখে যে ১৯৪১ সনের ১লা ডিসেম্বর তারিখে যে ভাড়া দেওয়া হইত, তাহাকে তাহার শতকরা ১০ ভাগের বেশী বর্দ্ধিত ভাড়া দিতে হইতেছে, তাহা হইলে অতিরিক্ত ভাড়া কমাইয়া দিবার জন্য কণ্ট্রোলারের নিকট আবেদন করিতে হয়।

(২) কোন ভূস্বামীই উক্ত আইন কার্য্যকরী হইবার দিন অর্থাৎ ১৯৪৩ সনের ২৬শে জুন তারিখের পর বাড়ী-ভাড়া বৃদ্ধি করিতে পারিবে না। কেবল নিম্নলিখিত ক্ষেত্রে এই বিধান প্রযোজ্য হইবে না :—

(ক) নির্দ্ধারিত তারিখের পর ভূস্বামীর খরচে প্রয়োজনীয় মেরামত কার্য্যের অন্তর্ভুক্ত নয় গৃহের এরূপ কোন পরিবর্ত্তন, পরিবর্দ্ধন বা উন্নতিসাধনের কাজ হইয়া থাকিলে ;

(খ) নির্দ্ধারিত তারিখের পরে কোন গৃহে ব্যবহারের জন্য আসবাবপত্র দেওয়া হইয়া থাকিলে, অথবা নির্দ্ধারিত তারিখে বা তাহার পরে আসবাবপত্রবিহীন অবস্থায় যে বাড়ীভাড়া দেওয়া হইয়াছিল, এরূপ কোন বাড়ী পরে আসবাবপত্রে সজ্জিত করিয়া ভাড়া দেওয়া হইয়া থাকিলে ;

(গ) শত্রুর আক্রমণের ভয়ে কলিকাতা হইতে লোকজন চলিয়া যাওয়ার জন্য কোন গৃহের ভাড়া কমান হইয়া থাকিলে তাহার যদি কোন চুক্তি না থাকে, তাহা হইলে ১৯৪১ সনের ১লা ডিসেম্বর তারিখে ঐ বাড়ীর যে ভাড়া দেওয়া হইত বা পাওয়া সম্ভব হইত, সেই পরিমাণ পর্য্যন্ত বৃদ্ধি করা যাইতে পারে ;

(ঘ) কোন বাড়ীর ভাড়া বৃদ্ধি করার জন্য ১৯৪১ সনের ১লা ডিসেম্বরের পূর্ব্বে চুক্তি হইয়া থাকিলেও উল্লিখিত বিধানটী প্রযোজ্য হইবে না।

(৩) কোন ভূস্বামী বাড়ীভাড়া দেওয়ার জন্য বা কোন বাড়ীর নূতন করিয়া ইজারা দেওয়ার জন্য সেলামী বা প্রিমিয়াম লইতে পারিবে না।

(৪) এই আইন আরম্ভ হওয়ার পূর্ব্বে এই আইনের বিধানানুযায়ী প্রাপ্য অর্থের অধিক দেওয়া হইয়া থাকিলে ফেরৎ পাওয়া যাইবে না।

(৫) বাড়ীভাড়া স্থির করিবার জন্য বা উল্লিখিত (১) ও (২) বিধানানুযায়ী বাড়ীভাড়া বৃদ্ধির পরিমাণ স্থির করার জন্য কণ্ট্রোলারকে ক্ষমতা দেওয়া হইয়াছে এবং

যাহারা সরাসরি ভূস্বামীদের নিকট আবেদন করিয়া কোন ফললাভ করে নাই, তাহারা কণ্ট্রোলারের নিকট আবেদন করিতে পারে।

(৬) যতদিন পর্যন্ত কোন ভাড়াটিয়া এই আইন অনুযায়ী পূর্ণ ভাড়া শোধ করিবে এবং বাড়ীভাড়ার অন্যান্য সর্তগুলি প্রতিপালন করিবে, ততদিন তাহাকে বাড়ী হইতে উঠাইয়া দেওয়া চলিবে না। কিন্তু ভূস্বামী যদি গৃহ মেরামত বা পুনর্নির্মাণের জন্য, নিজের বা ঐ বাড়ীতে যাহার স্বার্থ রহিয়াছে এরূপ কোন লোকের ব্যবহারের জন্য, গৃহটী লইতে চায়, অথবা যদি ভূস্বামী এরূপ কোন কারণ দেখাইতে পারে, তাহা দেওয়ানী আদালত সন্তোষজনক বলিয়া বিবেচনা করেন, তাহা হইলে অবশ্য স্বতন্ত্র কথা।

(৭) যদি কোন বাড়ী গৃহস্বামীর নিজের ব্যবহারের জন্য বা মেরামতের জন্য দখল করা হইয়া থাকে এবং ভাড়াটীয়া উক্ত বাড়ী ছাড়িয়া দিবার ১৫ দিনের মধ্যে ঐরূপ কোন কাজের ব্যবস্থা না হইয়া থাকে, অথবা যদি প্রথম ভাড়াটিয়া ঘর খালি করিয়া দিবার ৬ মাসের মধ্যে অপর কোন ভাড়াটীয়াকে ঘর ভাড়া দেওয়া হইয়া থাকে, তাহা হইলে প্রথম ভাড়াটীয়া ঘর খালি করিয়া দেওয়ার ৭ মাসের মধ্যে কণ্ট্রোলারের নিকট দরখাস্ত করিলে কণ্ট্রোলার ঘরটী পুনরায় প্রথম ভাড়াটীয়াকে ভাড়া দেওয়ার জন্য এবং ক্ষতিপূরণ করিবার জন্য গৃহের মালিককে নির্দ্দেশ দিতে পারেন।

(৮) ১৯৪১ সনের ১লা ডিসেম্বরের পূর্ব্বে কোর্ট হইতে কোন ডিক্রী বা আদেশ দেওয়া হইয়া থাকিলে এবং এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে উক্ত ডিক্রী বা আদেশ কার্য্যে পরিণত না হইয়া থাকিলে এই আইনের বিধানগুলি কার্য্যকরী করার জন্য কোর্ট হইতে উল্লিখিত ডিক্রী বা আদেশ পরিবর্ত্তিত বা সংশোধিত হইতে পারে।

(৯) ভারতরক্ষাবিধি অনুযায়ী যেসমস্ত বাড়ী গভর্ণমেণ্ট কর্ত্তৃক গৃহীত হইয়াছে, তাহা হইতে যে সমস্ত ভাড়াটীয়াকে চলিয়া যাইতে হইয়াছে, তাহারা অন্য কোন বাড়ীতে তাহাদের স্থান দিবার জন্য কণ্ট্রোলারের নিকট আবেদন করিতে পারে। অবশ্য কণ্ট্রোলার ঐ বাড়ীর যে ভাড়া নির্দ্ধারণ করিয়া দিবেন, তাহা দিতে হইবে। দরখাস্ত করিবার সময় যে বাড়ীতে স্থান প্রার্থনা করা হইতেছে, তাহার সমস্ত প্রয়োজনীয় বিস্তৃত বিবরণ দাখিল করিতে হইবে।

(১০) কণ্ট্রোলারের আদেশের বিরুদ্ধে আপীল করিতে হইলে কলিকাতায় গৃহাদি সম্বন্ধে কলিকাতার ছোট আদালতের প্রধান বিচারকের নিকট এবং অন্যত্র অবস্থিত কোন গৃহের জন্য ২৪-পরগণার জেলা জজের নিকট দরখাস্ত করিতে হইবে।

এই আইনের ব্যবস্থাসমূহ কার্য্যকরী করার পদ্ধতি সম্বন্ধে নিম্নলিখিত আদেশগুলি প্রদত্ত হইয়াছে :—

(ক) কণ্ট্রোলারের নিকট কোন দরখাস্ত করিবার জন্য কোন কোর্ট ফি দেওয়ার প্রয়োজন হইবে না। এই আইনের ব্যবস্থা অনুযায়ী যখন প্রতিবাদীর নিকট নোটীশ জারী করার প্রয়োজন হইবে, তখন উহার ফি স্বরূপ দরখাস্তের সঙ্গে আট আনার কোর্ট ফি ষ্ট্যাম্প দিতে হইবে।

(খ) কণ্ট্রোলারের আদেশের বিরুদ্ধে আপীল করিতে হইলে এক টাকার কোর্ট ফি দিয়া দরখাস্ত করিতে হইবে।

(গ) দরখাস্তকারী স্বয়ং বা তাহার কোন আমমোক্তারের মারফৎ দরখাস্ত কণ্ট্রোলারের নিকট পেশ করিতে পারে। কোন পক্ষের তরফ হইতে কোর্টে হাজির হইবার জন্য আমমোক্তার নিযুক্ত করিতে হইলে আমমোক্তারনামার জন্য যে পরিমাণ কোর্ট ফি লাগে, তাহা দিতে হইবে।

(ঘ) কণ্ট্রোলার কোন দরখাস্ত পাইবার তিন সপ্তাহের মধ্যে একটী দিন ধার্য্য করিয়া দিবেন এবং দরখাস্তকারীকে এবং প্রতিপক্ষকে সমস্ত প্রয়োজনীয় সাক্ষী ও দলিলপত্রসহ স্বয়ং বা আইনতঃ নিযুক্ত কোন আমমোক্তারের মারফৎ হাজির হইবার জন্য জানাইবেন। কণ্ট্রোলার নির্দ্ধারিত তারিখে সরাসরি উক্ত দরখাস্তের মীমাংসা করিয়া দিবেন এবং প্রকাশ্য আদালতে উভয় পক্ষকে তাহার বিচারাদেশ শুনাইয়া দিবেন। যদি কোন কারণে নির্দ্ধারিত তারিখে মামলার শুনানী হইয়া যাওয়ার পর বিচারের রায় দেওয়া

সম্ভব না হয়, তাহা হইলে কন্ট্রোলার শুনানীর এক সপ্তাহের মধ্যে অপর একটী তারিখ নির্দ্ধারণ করিয়া দিবেন এবং দ্বিতীয় তারিখে প্রকাশ্য আদালতে উভয় পক্ষকে বিচারের ফলাফল শুনাইয়া দিবেন। একান্ত প্রবল ও ন্যায়সঙ্গত কারণ না থাকিলে কোন পক্ষের প্রার্থনানুযায়ী কোন মামলা মুলতুবী রাখা যাইবে না। যথাবিধি নোটীশ দিবার পরেও যদি কোন পক্ষ স্বয়ং বা অন্য কোন লোকের মারফত কোর্টে হাজির না হয়, তাহা হইলে যে পক্ষের লোক উপস্থিত আছে, তাহাদের দলিলপত্র ও সাক্ষীর উপর নির্ভর করিয়া এবং অনুসন্ধানের দ্বারা কন্ট্রোলার যে সমস্ত বিষয় জানিতে পারিয়াছেন, তাহা বিবেচনা করিয়াই মোকদ্দমার মীমাংসা করিবেন।

১৯৪৩ সনের কলিকাতার বাড়ীভাড়া নিয়ন্ত্রণ আইন কার্য্যকরী হওয়ার সঙ্গে সঙ্গে ১৯৪২ সনের বঙ্গীয় হোটেল ও মেস-নিয়ন্ত্রণ আইনও কলিকাতার প্রযোজ্য হইবে। এই আইন অনুযায়ী কন্ট্রোলারকে কোন হোটেল বা মেসে আহার ও বাসের জন্য ন্যায়সঙ্গত মূল্য স্থির করিবার ক্ষমতা দেওয়া হইয়াছে।

ব্রাজিল রাজ্যে শ্রমিক-আইন আন্দোলন

১৯৪২ সনের ২৩শে জুলাই তারিখের ডিক্রি বলে ব্রাজিলে কারখানা শ্রমিক পেন্সন প্রতিষ্ঠানকে কল-কারখানাগুলাকে কর্জ্জ দাদনের অধিকার দেওয়া হইয়াছে। শ্রমিকদের জন্য উত্তম ও স্বাস্থ্য-সঙ্গত বাসগৃহও তৈরী করিতে হইবে।

এই সমস্ত বসতবাটী কারখানার এক কিলোমিটারের মধ্যে তৈরী করার দরকার। কর্জ্জ দেওয়া হয় বার্ষিক ৭% সুদে ১৫ বৎসরের লম্বা মেয়াদে। বসতবাটীগুলি কেবলমাত্র কারখানা শ্রমিকদের কাছেই ভাড়া দিতে হইবে। ভাড়া শোধ করিতে হইবে মাসে মাসে। ভাড়ার পরিমাণ মোট কর্জ্জের ১%এর বেশী হইতে পারিবে না।

এই পেন্সন প্রতিষ্ঠানটি স্বয়ং বসতবাড়ী তৈরী করিয়া কেবলমাত্র যারা এই প্রতিষ্ঠানের নিকট বীমা করিয়াছে তাহাদের নিকট ভাড়া দিতে পারে। ১৯৪২ সনে প্রতিষ্ঠান একটী স্থানে ৪,৬০০ খানা বাড়ী শ্রমিকদের কাছে ভাড়া দেওয়ার জন্য ঘোষণা করে। প্রত্যেক বাড়ীতে ৩।৪ খানা ঘর, রান্না ঘর, বাথরুম ইত্যাদি আছে। ভাড়া মাসিক ১১৫ থেকে ১৪৫ ক্রুজেইরোর মধ্যে। এই শ্রমিক মহল্লার নিজস্ব ডিস্পেন্সারী, নার্সারী স্কুল, খেলার ময়দান, স্নানের পুষ্করিণী, সিনেমা, থিয়েটার, ইত্যাদি সমস্তই আছে। মহল্লাটী এখনও তৈরী করা শেষ হয় নাই। শেষ হইলে মোট ২,০০০ খানা বাড়ী এই শ্রমিক-নিবাসের শোভা বর্দ্ধন করিবে।

আলোচ্য প্রতিষ্ঠানটি ১৯৪২ সনের প্রথম ছয়মাসে ২৪,০০০,০০০ ক্রুজেইরো মূল্যের ২১০,১১৮ খানা বেনি-ফিটের দাবী শোধ করিয়াছে। তন্মধ্যে অস্ত্যেষ্টিক্রিয়া বাবদ বেনিফিটের দাবী ৪৩৮,০০ এবং মৃত ব্যক্তির উত্তরাধিকারীদের পেন্সন বাবদ দেয় অর্থের পরিমাণ ৩,৪০০,০০০, কন্যের পেন্সন ১২,৭৬৩,০০০ এবং রোগের জন্য নগদ বেনিফিটের পরিমাণ ৭,২৭২,০০০। ১৯৩৮ সনে প্রতিষ্ঠানটির কাজ আরম্ভ হওয়ার পর ১৯৪২ সনের জুলাই মাস পর্য্যন্ত বেনিফিট পরিশোধ দাঁড়াইয়াছে ১৬,৮২৩,২৭৬ ক্রুজেইরো।

৩১ জন চীনা ইঞ্জিনিয়ার ছাত্রের ইংলণ্ড-যাত্রা

শিক্ষা-সচিব চীনের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজের ৩১ জন ইঞ্জিনিয়ারিং ছাত্রকে হাতে-কলমে শিক্ষালাভের জন্য শীঘ্রই ইংলণ্ডে প্রেরণ করিবেন। রীতিমত প্রতি-যোগিতামূলক পরীক্ষার পর এইসমস্ত তরুণ ছাত্রকে বাছাই করা হইয়াছে। পরীক্ষার্থীর মোটসংখ্যা ছিল ১০৭ জন।

যুদ্ধোত্তর চীনে সাহায্য পরিকল্পনা

সম্মিলিত জাতিপুঞ্জের 'সাহায্য দান ও পুনর্গঠন সম্মেলনে' চীনের প্রতিনিধি ডক্টর টি, এফ, সিয়াঙ এক সাক্ষাৎকারে সাংবাদিকদের বলেন জাপানের পরাজয়ের পর চীনে ৮,৪০,০০০০ লোকের জন্য সাহায্যের প্রয়োজন হইবে।

তিনি বলেন যে, স্বাধীন চীনের লোক-সংখ্যা হইতেছে ২২,০০০০০০ এবং অধিকৃত অঞ্চলের চীনাদের সংখ্যা হইতেছে ২০,০০০০০০০। ইহার উপর ৪ কোটী আশ্রয়প্রার্থী আছে! জাপান-অধিকৃত এলাকার শতকরা ৩০ ভাগ চীনা এবং ৯০ ভাগ আশ্রয়প্রার্থীর জন্য সাহায্যের প্রয়োজন হইবে। জাহাজ, মোটর-ট্রাক, ইঞ্জিন ও মোটর গাড়ী প্রভৃতি যানবাহনই আবশ্যক দ্রব্যের তালিকায় সর্ব্বপ্রথম স্থান পাইবে। ইহার পর চিকিৎসার জিনিষপত্রের স্থান। খাদ্য সরবরাহ তালিকায় তৃতীয় স্থান অধিকার করিবে—সাহায্যপ্রার্থী ব্যক্তিদের ছয় মাস খাওয়াইবার জন্য ৮৭,০০০০০ টন খাদ্য প্রয়োজন হইবে। এই আবশ্যক খাদ্য দ্রব্যের মধ্যে চীন সরকার চীনের ভিতর হইতে অথবা নিকটবর্ত্তী দেশসমূহ হইতে ৫৫০০০০০ টন খাদ্যদ্রব্য সংগ্রহ করিবার চেষ্টা করিবে এবং সম্মিলিত জাতিপুঞ্জের সাহায্যদান ও পুনর্গঠন সমিতিকে বাদ্‌বাকী খাদ্য, বিশেষ করিয়া গম, ময়দা, দুগ্ধের গুঁড়া সরবরাহ করিবার জন্য অনুরোধ করা হইবে।

কৃষি-সংক্রান্ত উন্নয়নের জন্য প্রয়োজনীয় জিনিষপত্র, আবশ্যক দ্রব্যের তালিকায় চতুর্থ স্থান অধিকার করিবে। জমির উর্ব্বরা শক্তি বৃদ্ধি করিবার জন্য সার অথবা সার প্রস্তুত করিবার যন্ত্র, বীজ এবং গবাদি পশু প্রভৃতি চীনের প্রয়োজন হইবে। চীনের প্রধান সহরগুলিতে শক্তি উৎপাদন করিবার যন্ত্র এবং জল সরবরাহ করিবার ব্যবস্থা আবশ্যক দ্রব্যের তালিকায় পঞ্চম স্থান অধিকার করিবে।

ষষ্ঠ হইবে অস্থায়ী আশ্রয় ব্যবস্থা, ইহার জন্য কেবল পেরেক, কব্জা ও কাঠশিল্প সংক্রান্ত যন্ত্রপাতি ছাড়া অধিকাংশ মালপত্র চীনেই সংগ্রহ করা হইবে। বিভিন্ন কর্ম্মক্ষেত্রে কার্য্য করিবার জন্য চীনে কয়েকজন বিশেষজ্ঞের প্রয়োজন হইবে এবং সাহায্য দান ও পুনর্গঠন সমিতিকে তাহাদের প্রেরণ করিবার জন্য অনুরোধ করা হইবে।

চীনের সাহায্য ও পুনর্গঠনের জন্য যে যে সামগ্রীর প্রয়োজন হইবে তাহার মোট ওজন ৪ কোটী টনের কাছাকাছি হইবে বলিয়া অনুমান করা যায়, ইহার মধ্যে প্রায় ১ কোটী ২০ লক্ষ টন বিদেশ হইতে আমদানি করা হইবে এবং ইহার মোট মূল্য ৪০ কোটী হইতে ৫০ কোটী ডলারের মধ্যে হইবে।

সাংবাদিকদের কয়েকটী প্রশ্নের উত্তরে ডক্টর সিয়াঙ বলেন, চীনের জন্য সাহায্য-ব্যবস্থা তিন ধরণে সম্পূর্ণ করা হইবে। প্রথম ধরণে বিমানযোগে মালপত্র সরবরাহ করা হইবে। এই সময়ে চিকিৎসার জিনিষপত্র, চিকিৎসক এবং অন্যান্য বিশেষজ্ঞদের বিমানযোগে প্রেরণ করা হইবে।

দ্বিতীয় ধরণে বর্ত্মাপথ দ্বারা অধিকতর মাল প্রেরণ করিবার বন্দোবস্ত করা হইবে। এই সময়ে যানবাহন সম্পর্কিত জিনিষ প্রেরণ করা যাইতে পারে। তৃতীয় ধরণে বন্দর হইতে বন্দরে পূর্ণমাত্রায় মাল প্রেরণ করা সম্ভব হইবে। এই সময়ে খাদ্য দ্রব্যের সরবরাহ করা হইবে।

রুশিয়ার ভিতর দিয়া চীনে মাল প্রেরণ করা সম্ভব কি না প্রশ্ন করা হইলে তিনি বলেন, কিছু কিছু মাল প্রেরণ করা সম্ভব কিন্তু ইহার শতকরা ৯৫ ভাগই হইবে যুদ্ধোপকরণ। তিনি বলেন "যুদ্ধের প্রয়োজন সর্ব্বাগ্রে"।

অরবিন্দ ও বিপিন পাল

[অধ্যাপক বিনয়কুমার সরকারের সহিত শ্রীহরিদাস মুখোপাধ্যায়ের কথোপকথন]

প্রঃ—ন্যাশন্যাল কলেজের আবহাওয়ায় অরবিন্দকে কেমন মনে হয়েছিল? অরবিন্দ'র নাম-ডাক তখন কিরূপ ছিল?

উঃ—১৯০৬ সনে ন্যাশন্যাল কলেজের আবহাওয়ায় আসল পারিভাষিক ছিল মাত্র এক। সে হচ্ছে স্বার্থত্যাগ আর স্বদেশ-সেবা। এই পারিভাষিকে অরবিন্দ পয়লা নম্বরের, বলাই বাহুল্য। কাজেই নাম-ডাক ছিল ভয়ঙ্কর। অরবিন্দ যে-কোনো বিষয়েই ওস্তাদ, সব-কিছুই করতে পারে। সে স্বার্থত্যাগী ব'লে এইরূপ ছিল দেশের লোকের ধারণা। "বন্দেমাতরম্" দৈনিক বেরুল ১৯০৭ সনে। তার সঙ্গে সম্পাদক হিসাবে অরবিন্দ'র নাম জড়ানো ছিল। লোকেরা ভাবত যে, "বন্দেমাতরম্" কাগজের সব-কয়টা সম্পাদকীয় রচনা,—কম-সে-কম সবগুলি কাঁজাল রচনাগুলা অরবিন্দ'র লেখা। মোটের উপর, সার্বজনিক মতে অরবিন্দ দাঁড়িয়ে গিয়েছিল ১৯০৭-০৮ সনের বঙ্গ-বিপ্লবের নেতা। নেতা শুধু নয়, একদম প্রতিমূর্তি। একেই বলে ভাবানুভূতা।

প্রঃ—আপনি কি ভাবতেন?

উঃ—স্বার্থত্যাগ সম্বন্ধে নতুন-কিছু বলবার ছিল না। বিপ্লব-রাজনিক হিসাবেও অরবিন্দ'র ইজ্জৎ কমাবার কোনো কারণ হয়নি। এই দুই বিষয়ে সে একদম পাকা সোনা। কিন্তু তা ব'লে অরবিন্দকে বঙ্গ-বিপ্লবের নেতা বা ওনক বলা সঙ্গতবপর ছিল না। তাঁকে অন্ততম নেতা বলতে অ-রাজি হ'তাম না। "বঙ্গ-বিপ্লবের" জন্মদাতা তো তিনি ননই। কেন না ১৯০৫-০৭ সনে জাতীয় শিক্ষা পরিষদের প্রতিষ্ঠা পর্যন্ত বাংলার সার্বজনিক জীবনে তাঁর উদয় হয় নি। কম-সে-কম কোনো বাঙালী খোলা চোখে অরবিন্দকে বঙ্গীয় সার্বজনিক সংস্কৃতির সঙ্গে ওতপ্রোতভাবে দেখেছিল কি না সন্দেহ।

১৯০৬-০৮ সনে অরবিন্দকে বঙ্গ-বিপ্লবের নেতা বলতে আপনার আপত্তি কি ছিল?

উঃ—অরবিন্দ ব'কতে পারতেন না। বকাবকি করার ক্ষমতা নেতৃত্বের প্রধান ভিত্তি। বহুসংখ্যক নানা মেজাজের লোককে ক্যাপাতে হ'লে চাই গলার জোর। একমাত্র বিদ্যা, একমাত্র বিচারশক্তি, একমাত্র স্বার্থত্যাগ, একমাত্র চরিত্রবল,—এইসব সদ্‌গুণের জোরে লাখ-লাখ লোকের হৃদয় দখল করা যায় না। তার জন্য চাই বাগ্মিতা। অরবিন্দ'র বাগ্মিতা ছিল না,—না ইংরেজিতে, না বাংলায়। বস্তুতঃ তখন তাঁর পক্ষে বাংলায় কথা বলাও বোধ হয় সহজ ছিল না। অরবিন্দ'র প্রভাব ছড়াতো ছোট-ছোট আসরে। এমন কি মাত্র দু-চার জন লোকের আবেষ্টন ছাড়া তাঁর পক্ষে কথা কওয়া শোভাতো না। সত্যি কথা,—লোকটা যেন বিলকুল বাক্যহীন। এমন নীরব লোক সংসারে থাকতে পারে বিশ্বাস করা কঠিন।

দেখেছি,—সার্ব্বজনিক সভায় ব'লেও অরবিন্দ বুধ কোটাতেন না। এই দুর্ব্বলতা যার, তার পক্ষে দেশের নেতৃত্ব করা সম্ভবপর নয়।

প্রঃ—সে-যুগের আসল নেতা আপনি কাকে বলেন ?

উঃ—আমার বিচারে সে-যুগের আসল নেতা বিপিন পাল। ১৯০৪ সনের আগষ্ট হ'তে ১৯০৮ সন পর্য্যন্ত বাঙালী জাতকে তাতিয়ে তোল্‌বার ভার ছিল বিপিন পালের হাতে। বিপিন পালের গলার আওয়াজ না শুন্‌লে যুবক বাংলার ঘুম ভাঙ্‌ত না। বিদ্যায়, ধার্ম্মনিকতায়, রাষ্ট্রনৈতিক জ্ঞানে, বিপ্লব-যোগে, কর্ত্তব্যনিষ্ঠায় বিপিন পালের ঠাঁই উঁচু ছিল। তার সঙ্গে গলার জোড় ছিল ব'লে বিপিন পালের কীর্ত্তি। একমাত্র গলাবাজি ক'রেও কেহ দেশ মাতাতে পারে না।

প্রঃ—আপনি সুরেন ব্যানার্জ্জিকে বিপিন পালের চেয়ে ছোট বিবেচনা করেন ?

উঃ—ঘটনা-চক্রে তাই কর্‌তে হচ্ছে। সুরেন বাবুর বাগ্মিতাও ছিল, স্বদেশনিষ্ঠাও ছিল। বঙ্গ-ভঙ্গের বিরুদ্ধে ও বিলাতী-বয়কটের স্বপক্ষে তাঁর প্রচারিত উদ্দীপনার কিম্বৎ ছিল ঢের। কিন্তু ১৯০৫-০৮ সনের যুগে তাঁকে বিপ্লব-পন্থী বলা সম্ভবপর ছিল না। ষোল আনা রাষ্ট্রিক স্বরাজ, ষোল আনা সাংস্কৃতিক স্বরাজ, ষোল আনা শিক্ষা-স্বরাজ ইত্যাদি চরম স্বাধীনতার বাণী সুরেন বাবু প্রচার কর্‌তে পারেন নি। কাজেই তাঁকে নরম বা মডারেট দলের নেতা বলা হ'তে লাগ্‌ল। পসার জম্‌লো বিপিন পালের। এই জন্য আমি বিপিন পালকে বঙ্গ-বিপ্লবের জন্মদাতা ও নেতা ব'লে সম্বর্দ্ধনা করে থাকি। অরবিন্দকে এই আসনে বসানো চল্‌বে না। তবে নানা কারণে অরবিন্দর নাম-ডাক ছিল। এই জন্য কোনো-কোনো সময়ে বঙ্গ-বিপ্লবকে (১৯০৫-০৮) বিপিন-অরবিন্দ'র যৌথ সৃষ্টি ব'লতেও অ-রাজি হই না।

প্রঃ—তখনকার দিনে চিত্তরঞ্জন দাসকে আপনি কিরূপ ভাব্‌তেন ?

উঃ—১৯০৮ সনে অরবিন্দ'র বোমার মামলায় চিত্তরঞ্জন তাঁর ব্যারিষ্টার। এই ভঙ্গ তাঁর নাম-ডাক সুরু। আমরা তাঁকে বিপিন পালের বন্ধু ব'লেও জান্‌তাম। রাষ্ট্রিক "বাজারে" তাঁর সঙ্গে দেখাশুনা হ'তো কম। দেশ-বিদেশের সঙ্গে ভারতের যোগাযোগ কায়েম করা সম্বন্ধে একবার তাঁর সঙ্গে কথা হ'য়েছিল ১৯১২)। দেখ্‌লাম তিনি লণ্ডনের আইরিশ দলের সঙ্গে ভারতীয় কংগ্রেসের বন্ধুত্ব পছন্দ করেন। এটুকুও সেকালের ভারতীয় রাষ্ট্রিকেরা সাধারণতঃ বুঝ্‌তো না।

প্রঃ—অরবিন্দে'র পাণ্ডিত্য সম্বন্ধে আপনার ধারণা ছিল ?

উঃ—ফরাসী ও গ্রীক সাহিত্যে পণ্ডিত ব'লে মনে হয়েছিল। সংস্কৃতেও পাণ্ডিত্য দেখ্‌তাম। ইংরেজি রচনায় জোর দেখা যেত। তাঁর "প্যাসিয়াস দি ডেলিভারার" (মুক্তিদাতা প্যাসিয়াস) নামক ইংরেজি কাব্য আমার খুব পছন্দ-সই ছিল। গ্রীক গল্প তার কথা-বস্তু। তাঁর "বিক্রমোর্ব্বশীর" ইংরেজি অনুবাদ অতি-চোস্ত ও মধুর। এই ভর্জ্জমা ব্যবহার ক'রেছি "লাভ ইন হিন্দু লিটরেচার" বইয়ে (ভোকিও ১৯১৬)।

প্রঃ—অরবিন্দকে লোকেরা বঙ্গ-বিপ্লবের জনক বা নেতা বল্‌তো কেন ?

উঃ—অরবিন্দ'র স্বার্থত্যাগের কথা আগেই ব'লেছি। এটা বুঝা কঠিন ছিল না। তাঁর পাণ্ডিত্যের কথা জনসাধারণ জান্‌তো না। আন্দাজে মনে কর্‌ত অরবিন্দ যাহ'ক-কিছু, কেষ্ট-বিষ্টু একটা-কিছু হবেই-হবে। "বন্দেমাতরম্‌" দৈনিকে অরবিন্দ'র নিজের লেখা ক'টা বেরিয়েছে কেই বা জানে ? কিন্তু লোকেরা মনে কর্‌ত,—সবই বুঝি অরবিন্দ'র রচনা। তবু অরবিন্দ'র আসল নাম-ডাকের কারণ এসব নয়।

প্রঃ—অরবিন্দ'র আসল নাম-ডাকের কারণ তা হ'লে কি ?

উঃ—১৯০৮ সনে বোমার মামলায় অরবিন্দ পুলিশের হাতে ধরা পড়লেন। সঙ্গে-সঙ্গে অরবিন্দ দিগ্-বিজয়ী হ'লেন। তৎক্ষণাৎ লোকেরা ১৯০৪ সনের আগষ্ট হ'তে সব-কিছুই অরবিন্দ'র সঙ্গে জড়িয়ে ফেল্‌ল। এমন কি বিপিন পালও তলিয়ে গেল। অরবিন্দ-দিগ্‌বিজয়ের আসল কারণ বোমা। বোমা-হীন অরবিন্দ স্বার্থত্যাগী ও স্বদেশ-সেবক পণ্ডিত মাত্র হ'য়ে যেতেন,—জগৎ-প্রসিদ্ধ দিগ্-বিজয়ী ভারত-বীরক্রপে পূজা পেতেন না। আর তা' হলে একালের অরবিন্দ-দর্শনকেও কোনো লোকে পুছত কিনা সন্দেহ।

প্রঃ—সে যুগের অরবিন্দ সম্বন্ধে আপনি কখনো কিছু লিখেছেন ?

উঃ—অরবিন্দ ধরা পড়েন ১৯০৮ সনে। তখন ইউনেন হিন্দু হষ্টেলের বিভিন্ন ওয়ার্ডে কয়েকবার গলাবাজি করি। সেই গলাবাজিতে প্রবন্ধ পয়দা হয়। দেবীপ্রসন্ন রায়চৌধুরী-সম্পাদিত "নব্য ভারত" মাসিকে প্রবন্ধটা বাহির হ'য়েছিল। নাম "বীর-পূজা"। বহরে বেশ বড় ছিল—পৃষ্ঠা পঞ্চাশেক। স্বতন্ত্র পুস্তিকাও হ'য়েছিল।

অরবিন্দ'র যেন উপলক্ষেই রবীন্দ্র সাহিত্য পাই :—"অরবিন্দ, রবীন্দ্রের লহ নমস্কার।"

প্রঃ—মামলার সময়কার অরবিন্দ সম্বন্ধে কিছু মনে আছে ?

উঃ—আলিপুর জেলের থেকে তাঁকে বিদায় দেওয়া হ'লো। মোকদ্দমা সামাধ্যায়ী বেদ গেয়ে তাঁর মঙ্গল কামনা ক'রলেন। ছেলেরা কান্নাকাটি করলো। অরবিন্দ'র বাণী হ'লো :—"ওয়ার্ক হার্ড বাট্ সী দে প্রস্পার, সাফার হার্ড বাট্ সী দে রিজয়েস্" (কাজ ক'রে চল, যাতে মা'র সম্পদ বাড়তে পারে। দুঃখ স'য়ে চল যাতে মা'র আনন্দ বাড়তে পারে)।" এই বাণীই অরবিন্দ'র আসল বাণী।

"ইণ্টারন্যাশনাল লেবার রিভিউ"

(এপ্রিল, ১৯৪৩, ইণ্টারন্যাশনাল লেবার অফিস, মণ্ট্রিয়াল, ক্যানাডা)

আলোচ্য সংখ্যায় "সমবায় আন্দোলন ও যুদ্ধোত্তর পুনর্গঠন" শীর্ষক একটী শিক্ষা-প্রদ প্রবন্ধ বাহির হইয়াছে। লেখক জেমস্ ম্যাকফ্যাডেন ইংলণ্ডের একজন খ্যাতনামা সমবায়-বিশেষজ্ঞ। যুদ্ধ-পরিসমাপ্তির সঙ্গে সঙ্গে নানা-প্রকারের সেবা-কার্য্যের প্রয়োজন হইবে। যুদ্ধ-বিধ্বস্ত অঞ্চলগুলিতে দীর্ঘসময়ের জন্য পুনর্গঠনেরও আবশ্যক দেখা দিবে। সমবায় সমিতিগুলি এই বিবিধ দায়িত্বপালনে কতদূর কার্য্যকারী হইবে, লেখক তাহা বিশেষ কৃতিত্বের সাথেই প্রদর্শন করিয়াছেন।

যুদ্ধের পর ইয়োরোপ এবার এমন সাংঘাতিক সামাজিক ও আর্থিক পুনর্গঠন সমস্যার সম্মুখীন হইবে যাহা ১৯১৯ সনে কল্পনা করাও যায় নাই। কার্য্যাণ সমর-যন্ত্রের পতনের পর ইয়োরোপে ঘোরতর বিশৃঙ্খলা দেখা দিবে। বিজয়পক্ষের সম্মুখে বহু সমস্যা উপস্থিত হইবে। এইসব সমস্যার মধ্যে আহার্য্য-সমস্যাই সবচেয়ে সঙ্গীন আকার ধারণ করিবে। যুদ্ধোত্তর যুগে ব্যক্তিগত ব্যবসা-বাণিজ্য প্রচেষ্টার অনেকখানি লাঘব না ঘটিয়াই পারে না। আবার জনসাধারণ সর্ব্বগ্রাসী অর্থনৈতিক ব্যবস্থাকেও আমল দিতে চাহিবেনা। ইয়োরোপের মানুষ গণতান্ত্রিক অথচ নিয়ন্ত্রিত ও পরিকল্পনাযুক্ত আর্থিক নীতিরই পক্ষপাতী হইবে। সমবায় আন্দোলনই যে একমাত্র এই ধরণের অর্থনৈতিক ব্যবস্থা তাহা সহজেই অনুমেয়। লেখক তাঁহার লেখার ভিতরে এই কথাটাই প্রচার করিয়াছেন।

যুদ্ধোত্তর যুগে আশু সেবাকার্য্য পরিচালনের পক্ষে স্থানীয় সমবায়সমিতি সবচেয়ে বেশী কার্য্যকর হইবে। বাস্তবিক পক্ষে সমবায় প্রথায় আহার্য্য-বণ্টন ছাড়া অন্য কোন উপায়ই দেখা যায় না। কৃষি ও শিল্প ক্ষেত্রেও সমবায় যুগান্তর আনয়ন করিবে। রুশিয়ায় ও চীনদেশে শিল্প-সমবায় বিশেষ ফলপ্রদ হইয়াছে। অন্ততঃ পক্ষে পূর্ব্ব-ইয়োরোপের সংগঠনেও শিল্পসমবায়ের প্রয়োজন হইবে লেখক তাহা বিশেষ জোরের সাথেই বলিয়াছেন।

লেখক বলেন, যুদ্ধোত্তর পৃথিবীর পুনর্গঠনে সমবায় প্রথার আশ্রয় গ্রহণ করিতে হইবে। আন্তর্জাতিক সহযোগিতার ভিত্তিতেই তাহা পরিচালনের প্রয়োজন। আন্তর্জাতিক শ্রমিক দফ্তর এবং তাহার সহিত সংশ্লিষ্ট সমবায় প্রতিষ্ঠানগুলি এদিক্ দিয়া বিশেষ সাহায্য করিতে পারে। তা ছাড়া বিভিন্ন গণতান্ত্রিকদের সমবায়-বিশেষজ্ঞদেরও শরণাপন্ন হইতে হইবে।

"সোভিয়েট রুশিয়ায় বৃত্তি-বিষয়ক শিক্ষা ও শ্রমিক রিজার্ভ" শীর্ষক ব্যবস্থাটীও বিশেষভাবে প্রণিধানের যোগ্য। নিম্নে সংক্ষেপে ইহার পরিচয় দেওয়া যাইতেছে।

১৯৪০ সনের অক্টোবর মাসে সোভিয়েট ইউনিয়নের সুপ্রীম কাউন্সিলের প্রেসিডেন্ট শ্রমিক-রিজার্ভ সম্পর্কে ডিক্রি জারি করেন। সমাজতান্ত্রিক অর্থনৈতিক সংগঠনের জন্য ট্রেনিং-প্রাপ্ত শ্রমিকের বিরাট রিজার্ভ-বাহিনী গড়িয়া তোলাই ইহার মুখ্য উদ্দেশ্য। ডিক্রি জারির দুই বৎসরের মধ্যে লক্ষ লক্ষ শ্রমিককে বৃত্তি-শিক্ষা দেওয়া হইয়াছে। ১৯৪০ সনের ডিসেম্বর মাসে ১,৬০০টী ট্রেনিং স্কুলে ৬০০,০০০ শ্রমিক নানা বিষয়ে ট্রেনিং গ্রহণ করিতে

থাকে। ১৯৪২ সনে নতুন নতুন শ্রমিকদলকে ট্রেনিং দেওয়ার ব্যবস্থা হয়। মাত্র জুন থেকে আগষ্ট মাসের মধ্যে দুই লক্ষ নতুন লোক ট্রেনিং স্কুলগুলিতে ভর্ত্তি হইয়াছে। যুদ্ধের বছর এই রিজার্ভ-বাহিনী থেকে কম-সে-কম ৯ লক্ষ শ্রমিককে যুদ্ধের উপযোগী নানা প্রকার শিল্প-প্রচেষ্টায় নিয়োগ করা হয়।

শিক্ষানবিশগণ ট্রেনিং গ্রহণের সময়েও নানা প্রকার কাজ করে। ইহারা ১,৩০০ মিলিয়ন রুবল মূল্যের জিনিষ-পত্র তৈরী করিয়াছে। তন্মধ্যে যুদ্ধ আরম্ভ হইয়াছে পর ১,০০০ রুবল মূল্যের জিনিষপত্র উৎপন্ন হইয়াছে। ১৯৪০ সনের অক্টোবর থেকে ১৯৪২ সনের অক্টোবর পর্য্যন্ত শিক্ষানবিশরা ৩,০০০,০০০ টন কয়লা, ৫০০,০০০ টন নানা প্রকার ধাতু এবং ১৫০,০০০ টন তৈল উত্তোলন করিয়াছে। এরা রেলপথ সংস্কার, ২০ হাজারেরও অধিক রেলগাড়ী এবং ৩০০টী ইঞ্জিন তৈরী করিয়াছে। ২০০ খানারও অধিক ছোট-বড় জাহাজ এদের দ্বারা নির্ম্মিত হইয়াছে। সেই সময় সস্তার তৈরীর কলকারখানাগুলায় প্রায় ৪ লক্ষ তরুণ ট্রেনিং গ্রহণ করিয়াছে।

সহর অঞ্চলের যেসমস্ত নরনারী (বিশেষতঃ নারী) কোন কলকারখানায় নিযুক্ত হয় নাই, যাদের লেখা-পড়া শেষ হইয়াছে বা সাময়িকভাবে বন্ধ আছে, তাহাদিগকে এবং আর্শাণ অধিকৃত অঞ্চলের কল-কারখানার লোকজন লইয়া সোভিয়েটের বিরাট মজুর রিজার্ভ গড়িয়া উঠিয়াছে। ১৬।১৭ এমন কি ১৪।১৫ বছরের ছেলেমেয়েরা সাময়িকভাবে পড়াশুনা বন্ধ করিয়া অথবা লেখাপড়ার সাথেসাথেই শ্রমিক-বাজারে প্রবিষ্ট হইয়াছে।

সুপ্রীম কাউন্সিলের প্রেসিডেন্ট ১৯৪১ সনের ১৩ই ফেব্রুয়ারী তারিখে এই মর্ম্মে এক ডিক্রিজারী করে যে, সহরের যে সমস্ত সমর্থ নরনারীকে যুদ্ধের সময় গঠনমূলক কাজে নিয়োগ করা সম্ভব তাহাদিগকে রীতিমতভাবে যুদ্ধ-প্রচেষ্টায় নিয়োগ করা হইয়াছে। ১৬ হইতে ৫৫ বৎসর বয়সের পুরুষ আর ১৬ থেকে ৪৫ বৎসর বয়সের নারীদের উপর এই বিধি প্রযুক্ত হইয়াছে। ফলে লক্ষ লক্ষ তরুণী ও গৃহিণীদিগকে কলকারখানায় প্রবেশ করিতে হইয়াছে।

কাজের সময় বাড়াইয়া আর সরকারী কাজে যুক্তি-যোগ অর্থাৎ কাজের জটিলতা অনেকাংশে হ্রাস করিয়া অনেক সরকারী কর্ম্মচারীকেও কলকারখানায় নিয়োগ করা হইয়াছে।

"হুইট্ ষ্টাডিজ্" ; ষ্টান্‌ফোর্ড, কালিফোর্ণিয়া ; ১৯৪২ সনের যে সংখ্যায় ডে, এস ডেভিস বিশ্বব্যাপী গোধূম পরিস্থিতি সম্পর্কে আলোচনা করিয়াছেন। প্রবন্ধ-লেখক পৃথিবীর সেরা গোধূম-রপ্তানিকারক দেশ চতুষ্টয়ের অপর্য্যাপ্ত বাড়তি গোধূম আর ইয়োরোপের বিভিন্ন দেশে গোধূমের ঘাটতি, আন্তর্জ্জাতিক গোধূম পরিস্থিতির স্বরূপরূপে বর্ণনা করিয়াছেন। আমেরিকায় গমের দাম এত বেশী বর্দ্ধিত করা হইয়াছে যে, ঐ দেশে যেন গমের ঘাটতি পড়িয়াছে এইরূপই মনে হইবে। বাড়তি গমের অসুবিধা দূর করার জন্যই রাজনৈতিক আন্দোলনকারীরা এইরূপ ব্যবস্থা করিয়াছে। কমোডিটি ক্রেডিট কর্পোরেশন বাড়তি ১১০ হইতে ৩৫০ মিলিয়ন বুশেলের ৬০% নিয়ন্ত্রণ করিবে, গত ৪৫ বৎসরের মধ্যে এইবার গম ও গমের ময়দার আন্তর্জ্জাতিক ব্যবসা বাণিজ্যের পরিমাণ সবচেয়ে কম দাঁড়াইয়াছে। ক্যানাডার রপ্তানি সম্ভবতঃ অন্যান্য রপ্তানিকারক দেশগুলির মিলিত রপ্তানির চেয়ে বেশী দাঁড়াইবে। ক্যানাডার অধিকাংশ গম রপ্তানি হয় গ্রেট্‌বৃটেনে। এসিয়ার বাড়তি চাউল অঞ্চলগুলি এখন জাপানের ভাঁবে। ইয়োরোপের এক্সিস অধিকৃত অঞ্চল এবং নিরপেক্ষ দেশগুলি কিন্তু খাদ্যশস্য-সরবরাহ সম্পর্কে অত্যন্ত দুর্ব্বল। পক্ষান্তরে সম্মিলিত জাতিসমূহ খাদ্যশস্যের দিক্ হইতে অত্যন্ত শক্তিশালী।

"ইংল্যাণ্ডস্ লাষ্টিন"; মার্পডন, লণ্ডন, ম্যাক্‌মিলান, ১৯৪২; ১৭৭ পৃঃ; মূল্য ৬ শিলিং মাত্র।

গ্রন্থকারের মতে ১৯১৪ সনে অবাধ স্বর্ণমানে প্রতিষ্ঠিত প্রাচীন উদারনীতি-সঙ্গত অর্থনৈতিক ব্যবস্থার গঙ্গা-যাত্রা হইয়াছে। এই সময় রাষ্ট্রব্যবস্থায় অনেক-কিছু পার্থক্য ঘটিয়াছে। তাছাড়া রাষ্ট্রসম্পর্কে সাধারণের দৃষ্টি-ভঙ্গীও পরিবর্ত্তিত হইয়াছে। নূতন প্রথা অংশতঃ রাষ্ট্র ব্যবস্থার এই সমস্ত পরিবর্ত্তন এবং অংশতঃ পরিবর্ত্তিত দৃষ্টিভঙ্গীর ফলে ঘটিয়াছে।

রাষ্ট্র পূর্ব্বে ব্যক্তির দৈনন্দিন জীবনযাত্রার বাহিরে অবস্থিত প্রতিষ্ঠানরূপে গণ্য হইত। বর্ত্তমানে লোকে রাষ্ট্রকে বাদা ধরণের ট্রেড্-ইউনিয়ন ও শ্রম-বিনিময় প্রতিষ্ঠান রূপে বিবেচনা করে। তরুণদিগকে শিক্ষা দান, তাহাদিগকে যথাযোগ্যভাবে কলকারখানায় নিয়োগ, আর বার্দ্ধক্য পেন্সনের যোগ্য বিবেচিত না হওয়া পর্য্যন্ত তাহাদের কাজের সংস্থান,—রাষ্ট্রের শ্রেষ্ঠ দাবী বলিয়াই সকলের ধারণা জন্মিয়াছে। আন্তর্জ্জাতিক ব্যবসা-বাণিজ্য দ্বারা ইংলণ্ডের ধনদৌলৎ গড়িয়া উঠিয়াছে। দিকে দিকে আজ স্বাধীন ভাবে ব্যবসা-বাণিজ্য ও কল-কারখানা স্থাপনের যে অদম্য স্পৃহা জাগ্রত হইয়া উঠিয়াছে, তাহার সহিত ধন-সম্পদের পূর্ব্ব ভিত্তির কিভাবে খাপ খাওয়ান চলে —বর্ত্তমানে ইহা সমস্যার আকারে দেখা দিয়াছে। আন্তর্জ্জাতিক শিল্পনৈপুণ্য ও ব্যবসায়-সমবেতার কর্ম্মকৌশল ও অভিজ্ঞতাকে ভিত্তি করিয়া এবং রাষ্ট্রের স্বার্থরক্ষার প্রতি অধিকতর লক্ষ্য রাখিয়া আন্তর্জ্জাতিক বাণিজ্য-চুক্তিসমূহ নিষ্পন্ন করিতে হইবে। গ্রন্থকার তাঁহার ক্ষুদ্র গ্রন্থে এইরূপ অভিমত প্রকাশ করিয়াছেন।

"দি কামিং লো-ডাউন", কার্লড্রেহের ; বোষ্টন ; লিটল, ব্রাউন অ্যাণ্ড কোম্পানী ; ১৯৪২ ; ৪১৯ পৃঃ ; মূল্য ৩ ডলার।

গ্রন্থকারের মতে পুঁজিবাদ দুইটী মহাযুদ্ধের হিড়িকে কোনরূপে টিকিয়া আছে। ১৯২০ সন হইতে ১৯৩০ সন পর্য্যন্ত দুনিয়ার বিভিন্ন রাষ্ট্র মার্কিণ যুক্তরাষ্ট্রের কাছে দেদার ধার লইয়া পুঁজিবাদকে টিকাইয়া রাখে। তারপর বর্ত্তমান যুদ্ধের জন্য পৃথিবীর বিভিন্ন রাষ্ট্রকে তৈরী হইতে হয়। ১৯৩০ সন হইতে ১৯৪০ সন পর্য্যন্ত প্রত্যেক রাষ্ট্রের সরকারী বাজেটে অনবরত ঘাটতি পড়িতে দেখা যায়। এই ঘাটতি পূরণের অছিলায় পুঁজিবাদ আরও দশ বৎসর কোনরূপে মাথা গুজিবার স্থান করিয়া লইয়াছে।

পুঁজিবাদে পতন ধরিয়াছে। তাহার অনেকগুলি বড় বড় লক্ষণ দেখা যাইতেছে। প্রথমতঃ যান্ত্রিক উন্নতি বা বাজারের চাহিদা দ্বারা উৎপাদন নিয়ন্ত্রিত হয় না। লাভের তৃষ্ণা ষোল আনা বজায় রাখার চেষ্টাই উৎপাদন নিয়ন্ত্রণ করে। ফলে দর ঠিক রাখিবার জন্য প্রায়ই উৎপাদন হ্রাস করা হয়; কাজেই লোকের পক্ষে প্রয়োজন মত জিনিষ পাওয়া ঘটিয়া উঠে না। আর কতকগুলি লোক পুরাপুরি বেকার হইয়া পড়ে। গ্রন্থকারের মতে, ব্যবসায়-বুদ্ধি (মুনাফার লোভ) শান্তির সময়ে মানব-সমাজের মঙ্গল-সাধনে অপারগ ত' হইয়াছেই, উপরন্তু ইহা যুদ্ধ প্রচেষ্টাকেও ব্যাহত করিয়াছে। পক্ষান্তরে নাৎসী প্রথা লাভের তৃষ্ণা সংযত ও নিয়ন্ত্রিত করিয়া যান্ত্রিক উন্নতির পূর্ণ সুযোগ গ্রহণ করিয়াছে। পরিকল্পনা অনুসারে আর্থিক জীবন পরিচালনের ফলে নাৎসীবাদ যুদ্ধ উদ্দেশ্য সাধন সম্পর্কে প্রতিদ্বন্দ্বীদের চেয়ে অধিকতর সুযোগ-সুবিধারও অধিকারী

হইয়াছে। তবে রুশিয়া এই দিক্ দিয়া নাৎসীদের চেয়েও অধিকতর কৃতিত্বের দাবী করিতে পারে।

গ্রন্থকার জার্মাণি ও রাশিয়ার পরিকল্পনা অনুসারে আর্থিক জীবন নিয়ন্ত্রণের নীতি একমাত্র গ্রহণযোগ্য বা অনুসরণের যোগ্য বলিয়া অভিমত প্রকাশ করিয়া তাঁহার পুস্তকে "গণতান্ত্রিক সমষ্টিবাদ" নামে এক নূতন বিরোধী গাঁড় করাইতে চেষ্টা করিয়াছেন। প্রত্যেক মানুষকে সকল সময়ে কাজে নিযুক্ত রাখিয়া সমাজের মঙ্গল সাধন করিতে হইবে—ইহাই এই নূতন বিরোধীর তত্ত্ব-কথা। গ্রন্থকারের মতে বড় বড় শিল্প-প্রচেষ্টা ও মুদ্রা-ঘটিত প্রতিষ্ঠানগুলিকে যৌথ সম্পত্তিতে পরিণত করিয়া, ছোট ছোট ব্যবসায় প্রতিষ্ঠান ও কৃষি-ক্ষেত্রগুলিকে ব্যক্তিগত সম্পত্তিতে পরিণত করা উচিত। এই সমস্ত ব্যক্তিগত সম্পত্তির উপর রাষ্ট্রের তরফ হইতে কঠোর চাপ প্রযুক্ত না হওয়াই বাঞ্ছনীয়। এইরূপ ব্যবস্থা যুদ্ধের সময় ফল-প্রসূ হইবেই, এমনকি শান্তির সময়েও ইহা অশেষ কল্যাণকর বিবেচিত হইবে। ইহাতে শান্তির সময়ে মানুষের জীবনযাত্রা প্রণালী উন্নত হইবার অবসর পাইবে। কলকারখানার উৎপাদন, মূল্য ও সুদের হার নির্ণয় ইত্যাদি রাষ্ট্র-কর্তৃক নিয়ন্ত্রিত হইলেও মানুষ অনেকখানি অর্থনৈতিক স্বাধীনতা উপভোগ করিবে। শ্রমিকরা ধর্ম-ঘট দ্বারা জাতীয় আয়ের অধিকতর হিস্যা লওয়ারও ব্যবস্থা করিতে পারিবে। জটিলতম বর্তমান জগতে মানুষ এইভাবে অনেকখানি গণতান্ত্রিক স্বাধীনতা উপভোগে অধিকারী হইবে।

"রিভিউ অব্ কো-অপারেটিভ্ মুভমেণ্ট ইন্ ইণ্ডিয়া"; বোম্বাই; রিজার্ভব্যাঙ্ক অব্ ইণ্ডিয়া; ১৯৪১; ৯২ পৃঃ।

রিজার্ভ ব্যাঙ্ক অব্ ইণ্ডিয়ার কৃষি-ঋণ-বিভাগ কর্তৃক প্রকাশিত এই মূল্যবান পুস্তিকায় কৃষি ঋণ সমিতিগুলির অতীত ইতিহাস ও বর্তমান অবস্থার পূর্ণ বিবরণ স্থান লাভ করিয়াছে। দীর্ঘ মেয়াদী ঋণদাদন ও জমি বন্ধকী ব্যাঙ্ক, কৃষি সমবায়, সমবায় সংক্রান্ত ট্রেনিং, তদারক, অডিট, এবং সমবায়-ঘটিত সকল প্রকার আইন-কানুন সম্পর্কেও রীতিমত আলোচনা করা হইয়াছে। ইক্ষুবিক্রয়, বিবিধ উদ্দেশ্য সাধনের সমিতি সম্বন্ধে বহু মূল্যবান ও প্রয়োজনীয় তথ্য সন্নিবেশিত হইয়াছে।

"দি রোড্ উই আর ট্রাভেলিং (১৯১৪—১৯৪১)"; এস চেজ, নিউইয়র্ক: টোয়েন্টিয়েথ সেঞ্চুরী ফাণ্ড; ১৯৪২; ১০৬ পৃঃ, মূল্য ১ ডলার মাত্র।

"হোয়েন দি ওয়ার এণ্ডস্"—সিরিজের মোট ছয় খানা পুস্তকের প্রথম পুস্তক। ছয়খানা পুস্তকই মিঃ চেজ প্রণয়ন করিবেন। যুদ্ধ শেষ হওয়ার পর যেসমস্ত সমস্যা উপস্থিত হইবে, সেইগুলির পরিচয় প্রদানের জন্য টোয়েন্টিয়েথ সেঞ্চুরী ফাণ্ড মিঃ চেজের উপর এইসমস্ত গ্রন্থ প্রণয়নের ভার অর্পণ করিয়াছে।

গত মহাযুদ্ধের পর আমেরিকায় আর্থিক জীবন কিরূপ আকার ধারণ করিয়াছে এবং বর্তমান যুদ্ধের পর ভোক্তা ও বিনিময় উভয়কেই কোন্ কোন্ সমস্যার সম্মুখীন হইতে হইবে, গ্রন্থকার তাঁহার এই প্রথম পুস্তকে তাহার পরিচয় প্রদান করিয়াছেন। পরবর্তী গ্রন্থগুলিতে এই সমস্ত বিষয় সবিস্তারে বর্ণিত হইবে। গ্রন্থখানা এমন প্রাঞ্জল ও সাধারণ ভাষায় লিখিত হইয়াছে যে, পারিভাষিক জ্ঞান-বঞ্চিত সাধারণ শিক্ষিত মানুষও সহজেই বইখানা হজম করিতে পারিবে।



১। "পার্মানেন্ট ওয়ার্ল্ড পিস"—জেরেমিয়া, এস, আল্‌গুই প্রণীত; নিউইয়র্ক; ষ্ট্যাণ্ডার্ড পাবলিশিং কোং; ১৯৪৩; পৃঃ ৩০৪।

২। "রি-কনষ্ট্রাক্‌শন ইন্ ক্যানাডা"; জি, এ, অ্যাক্‌লি (সম্পাদক) প্রণীত; টোরোণ্টো; দি ইউনিভার্সিটী অব্ টোরোণ্টো প্রেস; ১৯৪৩; পৃঃ ১৪৮।

৩। "সোশ্যাল সিকিউরিটী অ্যাণ্ড্ রি-কনষ্ট্রাক্‌শন ইন্ ক্যানাডা"; হ্যারি এম, ক্যাসিডী প্রণীত; টোরোণ্টো; রাইয়ার্সন প্রেস; ১৯৪৩; পৃঃ ১৯৭; মূল্য কাগজে বাঁধাই ২ ডলার; কাপড়ে বাঁধাই আড়াই ডলার মাত্র।

৪। "বৃটিশ এণ্টারপ্রাইজ্ ইন্ নাইজিরিয়া"; আর্থার নর্টন হুক্ প্রণীত; ফিলাডেল্‌ফিয়া; ইউনিভার্সিটী অব্ পেন্‌সিল্‌ভেনিয়া প্রেস; লণ্ডন; হাম্‌ফ্রে মিলফোর্ড; অক্সফোর্ড ইউনিভার্সিটী প্রেস; ১৯৪৩; পৃঃ ৩৩০; মূল্য সাড়ে তিন ডলার মাত্র।

৫। "দি লেবার রিলেসন্স অ্যাক্ট ইন্ দি কোর্টস; হার্ব্বার্ট ও এবী প্রণীত; নিউইয়র্ক ও লণ্ডন; হার্পার অ্যাণ্ড ব্রাদার্স; ১৯৪৪; পৃঃ ২৫০; মূল্য সাড়ে তিন ডলার মাত্র।

৬। "দি ইকনমিকস্ অব্ আমেরিকা অ্যাট্ ওয়ার"; সেমুর ই হ্যারিস্ প্রণীত; নিউইয়র্ক; ডাব্লিউ ডাব্লিউ নর্টন অ্যাণ্ড কোম্পানী; ১৯৪৩; পৃঃ ৪৪৮; মূল্য ৩½ ডলার মাত্র।

৭। "প্ল্যান্ ফর রি-কনষ্ট্রাক্‌শন। এ প্রজেক্ট ফর হিষ্টরী ইন ওয়ার অ্যাণ্ড পিস"; ডাব্লিউ এইচ হার্ট প্রণীত; লণ্ডন; কেগ্যান্‌পল, ট্রেঞ্চ, ট্রাব্‌নার অ্যাণ্ড কোং লিমিটেড; ১৯৪৩; পৃঃ ৩২৮; মূল্য ১৮ শিঃ মাত্র।

৮। "দি বৃটিশ ওয়ার ইকনমি ১৯৩৯-১৯৪৩"; হেরী ই মাফী প্রণীত; নিউইয়র্ক; প্রফেসনাল অ্যাণ্ড টেক্‌নিক্যাল প্রেস; ১৯৪৩; পৃঃ ৭০৩; মূল্য ২'৫০ ডলার মাত্র।

৯। "৩০০ মিলিয়ন নেভস্ অ্যাণ্ড্ সার্ভস। লেবার আণ্ডার দি ফ্যাসিষ্ট নিউ ইকনমিক অর্ডার"; জুর্গেন কুজীন্‌স্কী প্রণীত; নিউইয়র্ক; ইষ্টার ন্যাশনাল পাবলিশার্স; ১৯৪৩; পৃঃ ৪৮; মূল্য ১০ সেণ্ট মাত্র।

১০। "দি ষ্ট্যাণ্ডার্ড অব্ লিভিং ইন্ ১৮৬০, আমেরিকান কনফ্লাক্‌শন লেভেল্‌স্ অব্ দি ইভ্ অব্ দি সিভিল ওয়ার"; এড্‌গার ডাব্লিউ, মার্টিন প্রণীত; শিকাগো; দি ইউনিভার্সিটি অব্ শিকাগো প্রেস্; ১৯৪৩; পৃঃ ৪৪১; মূল্য ৩'৫০ ডলার মাত্র।

১১। "লেবার পলিসি অ্যাণ্ড্ দি বিওনেস সাইক্‌ল"; সিড্‌নী সি, সুক্লিন প্রণীত; ওয়াশিংটন ডি সি; আমেরিকান্ কাউন্সিল অন্ পাবলিক্ অ্যাফেয়ার্স; ১৯৪৩; পৃঃ ৪২।

নব্য চীনের রাষ্ট্র-কাঠামো

শ্রীমন্মথনাথ সরকার এম এ, গবেষক, বঙ্গীয় ধনবিজ্ঞান পরিষৎ

(পূর্ব্বানুবৃত্তি)

১৫। স্থায়ী শাসন যন্ত্র (সিয়েন ফা) প্রণীত না হওয়া পর্য্যন্ত একজিকিউটিভ ঘুয়ান, লেজিসলেটিভ্ ঘুয়ান, জুডিসিয়াল ঘুয়ান, এক্জামিনেশান ঘুয়ান ও কণ্ট্রোল ঘুয়ানকে চীনের কুও মিন তাং দলের কেন্দ্রীয় কার্য্য-নির্ব্বাহক কমিটির কাছেই দায়ী থাকতে হবে।

১৬। জাতীয় গভর্ণমেণ্টের প্রেসিডেণ্ট আর ষ্টেট কাউন্সিলারদের নিয়ে ষ্টেট কাউন্সিল অর্থাৎ রাষ্ট্র পরিষদ্ গঠিত হবে।

১৭। দুই বা ততোধিক ঘুয়ানের মধ্যে যেসব ব্যাপারের নিষ্পত্তি নিয়ে গোল বাধবে, রাষ্ট্র পরিষদই সেই সব ব্যাপারের নিষ্পত্তি করবে।

১৮। রাষ্ট্র পরিষদের অধিবেশন আহ্বান ইত্যাদি সম্পর্কে আলাদা আইন-কানুন বলবৎ করতে হবে।

একজিকিউটিভ্ ঘুয়ান

১৯। একজিকিউটিভ্ ঘুয়ান জাতীয় গবর্ণমেণ্টের সর্ব্বোচ্চ কার্য্য-নির্ব্বাহক প্রতিষ্ঠানরূপে গণ্য হবে।*

২০। একজিকিউটিভ্ ঘুয়ান বিভিন্ন মন্ত্রিপদের সৃষ্টি ক'রে এই সব মন্ত্রীদের হাতে বিভিন্ন বিভাগের ভার অর্পণ করবে।

নির্দ্দিষ্ট শাসনতান্ত্রিক ব্যাপারাদি সম্পর্কে এই ঘুয়ান কমিশন নিয়োগ করতেও পারবে।

২১। একজিকিউটিভ্ ঘুয়ানের প্রত্যেকটী বিভাগে একজন মন্ত্রী, একজন রাজনৈতিক সহকারী মন্ত্রী ও একজন শাসন তান্ত্রিক সহকারী মন্ত্রী থাকবে। আর বিভিন্ন কমিশনের প্রত্যেকটীতে একজন চেয়ারম্যান্, একজন ভাইস চেয়ারম্যান আর কয়েকজন সদস্য থাকবে।

বিভিন্ন সরকারী বিভাগের মন্ত্রিগণ এবং কমিশনসমূহের চেয়ারম্যানগণ একজিকিউটিভ্ ঘুয়ানের প্রেসিডেণ্টের অনুরোধ অনুসারে ও বিধিসঙ্গতভাবে জাতীয় গবর্ণমেণ্টের প্রেসিডেণ্ট কর্ত্তৃক নিযুক্ত ও বরখাস্ত হবে।

২২। কোন কারণবশতঃ একজিকিউটিভ ঘুয়ানের প্রেসিডেণ্ট স্বীয় কর্ত্তব্য কার্য্য সম্পাদনে অসমর্থ হ'লে উক্ত ঘুয়ানের ভাইস প্রেসিডেণ্ট তাঁর হয়ে কাজ চালাতে পারবেন।

২৩। একজিকিউটিভ্ ঘুয়ানের সভায় এই ঘুয়ানের প্রেসিডেণ্ট ও ভাইস্ প্রেসিডেণ্ট, বিভাগীয় সচিবগণ আর কমিশনসমূহের চেয়ারম্যানগণ যোগদান করবেন। ঘুয়ানের প্রেসিডেণ্ট সভাপতির আসন গ্রহণ করবেন।

২৪। একজিকিউটিভ্ ঘুয়ানের সভায় নিম্নলিখিত বিষয়-গুলি সম্পর্কে সিদ্ধান্ত গৃহীত হবে :—

লেজিসলেটিভ্ ঘুয়ানে উপস্থাপিত বিল সমূহ। (২) লেজিসলেটিভ্ ঘুয়ানে উপস্থাপিত বাজেট

---

* একজিকিউটিভ্ ঘুয়ান ঠিক দায়িত্ব-সম্পন্ন মন্ত্রিসভা নয়। এর দায়িত্ব পার্টির কাছে; প্রতিনিধি-পরিষদের নিকট ইহা আদৌ দায়ী নয়। কোন শাসনতান্ত্রিক পরিকল্পনা সম্পর্কেও এই ঘুয়ান স্বাধীনভাবে সিদ্ধান্ত গ্রহণ করতে পারে না। পোলিটিক্যাল কমিটির (বর্ত্তমানে দেশরক্ষা পরিষদ) সমর্থন ব্যতিরেকে এর পক্ষে সিদ্ধান্ত গ্রহণ করা অসম্ভব।

সমূহ।* (৩) লেজিসলেটিভ্ য়ুয়ানে উপস্থাপিতব্য দণ্ডাদেশ মকুব বা শাস্তি হইতে অব্যাহতি প্রদান সংক্রান্ত বিষয়সমূহ। (৪) লেজিসলেটিভ্ য়ুয়ানে উপস্থাপিতব্য যুদ্ধ-ঘোষণা ও সন্ধি আলোচনা। (৫) চিয়েন-তেন (তৃতীয় শ্রেণী) ও উহার উর্দ্ধতন শাসনতান্ত্রিক ও বিচার বিভাগীয় অফিসারদের নিয়োগ ও বরখাস্তকরণ। (৬) একজিকিউটিভ্ য়ুয়ানের অন্তর্ভুক্ত বিভাগ ও কমিশনগুলির মধ্যে যে সমস্ত ব্যাপারের নিষ্পত্তি না হয়, সেইগুলির নিষ্পত্তি। (৭) আইন অনুসারে অথবা একজিকিউটিভ্ য়ুয়ানের প্রেসিডেন্টের মতে, এই য়ুয়ান কর্তৃক নিষ্পত্তির যোগ্য বিষয়সমূহ।

২৫। একজিকিউটিভ্ য়ুয়ানের সমস্ত আদেশ ও সিদ্ধান্ত কার্য্যকরী করার জন্য সাধারণ শাসনতান্ত্রিক ব্যাপারে সমস্ত মন্ত্রীদের স্বাক্ষর, আর একটীমাত্র বিভাগ সংক্রান্ত ব্যাপারে শুধু সেই বিভাগের মন্ত্রীর স্বাক্ষরের প্রয়োজন হবে।

২৬। আইন অনুসারে একজিকিউটিভ্ য়ুয়ানের গঠন সাব্যস্ত হবে।

লেজিসলেটিভ্ য়ুয়ান

২৭। লেজিসলেটিভ্ য়ুয়ান জাতীয় গবর্ণমেণ্টের সর্ব্বোচ্চ আইন-প্রণয়নের প্রতিষ্ঠানে পরিণত হবে।

২৮। এর উপর নিম্নলিখিত কাজগুলি সম্পন্ন করবার ভার থাকবে: আইন প্রণয়ন, বাজেটপেশ, দণ্ডমকুব, যুদ্ধ ঘোষণা, সন্ধি সম্পর্কে আলোচনা এবং অন্যান্য জরুরী আন্তর্জাতিক বিষয়াবলী।

২৯। বিভিন্ন য়ুয়ানের প্রেসিডেন্ট ও বিভাগের মন্ত্রিগণ কৈফিয়ৎ দানের জন্য লেজিসলেটিভ্ য়ুয়ানের অধিবেশনে উপস্থিত হতে পারবেন।

৩০। লেজিসলেটিভ্ য়ুয়ান ৪৯জন হতে ৯৯জন সদস্য নিয়ে গঠিত হবে। লেজিসলেটিভ্ য়ুয়ানের প্রেসিডেন্টের অনুরোধক্রমে জাতীয় গবর্ণমেণ্টের প্রেসিডেন্ট আইন অনুসারে এঁদের বহাল করবেন ও বরখাস্ত দেবেন।

৩১। লেজিসলেটিভ্ য়ুয়ানের সদস্যগণ দু'বছরের জন্য নির্ব্বাচিত হবেন। এঁদের পুনর্নির্ব্বাচিত হওয়ারও অধিকার থাকবে।

৩২। লেজিসলেটিভ্ য়ুয়ানের সদস্যগণ সদস্যগিরির সময় কোন সরকারী চাকুরীতে নিযুক্ত থাকতে পারবেন না।

৩৩। লেজিসলেটিভ্ য়ুয়ানের প্রেসিডেন্ট য়ুয়ানের প্রত্যেকটী সভায় সভাপতিত্ব করবেন।

৩৪। আইন অনুসারে লেজিসলেটিভ্ প্রেসিডেন্ট নিযুক্ত হবেন।

জুডিসিয়াল য়ুয়ান

৩৫। জুডিসিয়াল য়ুয়ান জাতীয় গবর্ণমেণ্টের সর্ব্বোচ্চ বিচার সংক্রান্ত প্রতিষ্ঠানে পরিণত হবে। প্রাণভিক্ষা, দণ্ডহ্রাস, পুনরায় নাগরিকাধিকার প্রদান ইত্যাদির সনদপত্রে জাতীয় গবর্ণমেণ্টের প্রেসিডেন্ট জুডিসিয়াল প্রেসিডেন্টের অনুরোধ অনুসারে স্বাক্ষর করবেন।

৩৬। জুডিসিয়াল য়ুয়ান একটী সুপ্রীমকোর্ট, একটী শাসন-তান্ত্রিক আদালত ও সরকারী কর্ম্মচারীদের শাস্তিদানের একটী কমিশন গঠন করবেন।

৩৭। জুডিসিয়াল য়ুয়ানের প্রেসিডেন্ট সুপ্রীমকোর্টের প্রেসিডেন্টরূপেও কাজ করবেন আর জুডিসিয়াল য়ুয়ানের ভাইস্ প্রেসিডেন্ট এবং সরকারী অফিসারদের শাস্তিদানের জন্য গঠিত কমিশনের চেয়ারম্যানরূপেও কাজ করবেন।

৩৮। জুডিসিয়াল য়ুয়ানের প্রেসিডেন্ট প্রয়োজন হ'লে, শাসনতান্ত্রিক আদালত আর সরকারী চাকুরেদের শাস্তি

* লেজিসলেটিভ য়ুয়ানকে পার্লামেণ্টারী ব্যবস্থা পরিষদ্ বলা চলে না মোটেই। লেজিসলেটিভ্ য়ুয়ানের প্রেসিডেন্টের সুপারিশ অনুসারে জাতীয় গবর্ণমেণ্টই এর সদস্যদিগকে নিযুক্ত এবং বরখাস্ত করে থাকে। এর ক্ষমতা এবং অধিকারও অত্যন্ত সঙ্কীর্ণ ও সীমাবদ্ধ।

দেওয়ার জন্য গড়া কমিশনের এজলাসে নিজেই মামলার নিষ্পত্তি করতে পারবেন।

৩৯। জুডিসিয়াল য়ুয়ানের প্রেসিডেন্ট কোন কারণ বশতঃ এইসমস্ত দায়িত্বপালনে অপারগ হ'লে উক্ত য়ুয়ানের ভাইস-প্রেসিডেন্ট এই সব কাজ সম্পন্ন করবেন।

৪০। জুডিসিয়াল য়ুয়ান আপন বিভাগের বিলগুলি লেজিসলেটিভ্ য়ুয়ানে উত্থাপন করতে পারবে।

৪১। আইন অনুসারে জুডিসিয়াল য়ুয়ানের গঠন-কাঠামো নির্ধারিত হবে।

এক্‌জামিনেশান য়ুয়ান

৪২। একজামিনেশন য়ুয়ান জাতীয় গভর্ণমেণ্টের সর্বোচ্চ পরীক্ষকমণ্ডলীরূপে আইন অনুসারে পাবলিক সার্ভিসের যোগ্যতা নির্দ্ধারণ আর এর জন্য পরীক্ষাদির ব্যবস্থা করবে।

৪৩। কোন কারণ বশতঃ একজামিনেশন য়ুয়ানের প্রেসিডেন্ট আপন কর্ত্তব্যকার্য্য পালনে অক্ষম হলে, উক্ত য়ুয়ানের ভাইস-প্রেসিডেন্ট তাঁর হ'য়ে সব কাজ নির্ব্বাহ করবেন।

৪৪। একজামিনেশন য়ুয়ান আপন বিভাগীয় বিলগুলি লেজিসলেটিভ্ য়ুয়ানে উত্থাপন করবে।

৪৫। আইন অনুসারে একজামিনেশন য়ুয়ানের গঠন-প্রণালী নির্দ্ধারিত হ'বে।

কণ্ট্রোল য়ুয়ান

কণ্ট্রোল য়ুয়ান জাতীয় গভর্ণমেণ্টের সর্বোচ্চ তত্ত্বাবধায়ক প্রতিষ্ঠানরূপে, আইন অনুসারে, নিম্নলিখিত ক্ষমতাগুলি পরিচালন করবে :—

(১) সরকারী কর্ম্মচারীদের বিচার।

(২) অডিট।

৪৭। কোনকারণ বশতঃ কণ্ট্রোল য়ুয়ানের প্রেসিডেন্ট আপন কর্ত্তব্যপালনে অসমর্থ হলে, উক্ত য়ুয়ানের ভাইস-প্রেসিডেন্ট তাঁর পরিবর্ত্তে কাজ চালাবেন।

৪৮। কণ্ট্রোল য়ুয়ান ১৯ থেকে ৪৯ জন তত্ত্বাবধায়ক সদস্য নিয়ে গঠিত হবে; জাতীয় গভর্ণমেণ্টের প্রেসিডেন্ট আইনঅনুসারে কণ্ট্রোল য়ুয়ানের প্রেসিডেন্টের অনুরোধ-ক্রমে এঁদের বহাল ও বরখাস্ত করবেন।

৪৯। কণ্ট্রোল য়ুয়ানের তত্ত্বাবধায়ক সদস্যদের কার্য্যকাল ও তাঁদের স্থিতিসাধন আইন দ্বারা নির্দ্ধারিত হবে।

৫০। কণ্ট্রোল য়ুয়ানের সমস্ত সভায় উহার প্রেসিডেন্ট সভাপতিত্ব করবেন, আর সমস্ত তত্ত্বাবধায়ক সদস্য অধিবেশনে যোগ দিবে।

৫১। কণ্ট্রোল য়ুয়ানের তত্ত্বাবধায়ক সদস্যগণ একই সময়ে অপর কোন সরকারী পদে বহাল থাকতে পারবেন না।

৫২। কণ্ট্রোল য়ুয়ান লেজিসলেটিভ্ য়ুয়ানে আপন বিলগুলি উত্থাপন করতে পারবে।

৫৩। কণ্ট্রোল য়ুয়ানের গঠন-প্রণালী আইন দ্বারা নিরূপিত হবে।

৫৪। বর্ত্তমান আইন বিধিবদ্ধ হবার তারিখ থেকেই বলবৎ হবে।

৯, পঞ্চানন ঘোষ লেনস্থ কলিকাতা ওরিয়েণ্টাল প্রেস হইতে শ্রীযোগেশচন্দ্র সরখেল কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

আর্থিক উন্নতি

কৃষি শিল্প বাণিজ্য ও ধনবিজ্ঞান বিষয়ক পত্রিকা

CALCUTTA UNIVERSITY LIBRARY

১৮শ বর্ষ | পৌষ, ১৩৫০ | ৯ম সংখ্যা

বঙ্গেশ্বরী কটন মিল্‌স্ লিমিটেড
ম্যানেজিং ডিরেক্টর ডক্টর শ্রীযুক্ত নরেন্দ্রনাথ লাহা

বার্ষিক মূল্য ৩৲ টাকা (ডাক মাশুল ।৵০ আনা স্বতন্ত্র) প্রতি সংখ্যা ।০ আনা

সম্পাদক শ্রী বিনয়কুমার সরকার

ARTHIK UNNATI

(Economic Progress)

Established April, 1926

A monthly journal, in **Bengali**, on economics (theoretical and applied), the applications of industrial research and scientific inventions for social welfare and material progress.

The object of the journal is to function as an organ of banking, foreign trade, money market, insurance, industrialization, agricultural enterprises, railway and shipping economics, public finance, economic legislation, national health, technical education, rural reorganization, municipal administration and other civic interests.

Edited by Prof. Dr. Benoy Kumar Sarkar, *Vidya-vaibhava*

Section 1. deals with the *wealth of Bengal*, profession by profession. The data are furnished by the reports of correspondents specially employed for the purpose. The standard of life prevailing among cultivators, artisans, fishermen, boatmen, leather-workers, weavers, shopkeepers, merchants, land-owners, exporters, importers, industrial workers, sailors, clerks, directors and founders of modern industries, banks and other business establishments—all classes of the Bengali population,—is the main theme of these statistical and objective investigations.

Section 2. deals with agricultural, manufacturing and *commercial activities of India* (excluding Bengal, but including the Indian states).

Section 3. deals with the *economic developments of the world*. It seeks to interpret the movement in foreign finance, industries and commerce to the Indian businessmen and economists. India's opportunities for co-operation with foreigners in all spheres of international trade and investment constitute likewise a special subject of study. The facts of world-economy involving, as they do, the intimate interdependence of India and the other countries in regard to economic functions and material welfare are placed before the readers in the form of a regular news-service.

Section 4. deals with the movements and pronouncements of the world's prominent bankers, captains of industry, engineers, chemists, experts in technical, commercial and agricultural education, statisticians, economists, finance-ministers and so forth. The *programmes of learned societies*, businessmen's associations, and bankers' institutes etc. fall within this section.

Section 5. is given over to *interviews* with specialists on problems of applied economics and economic thought.

In all these sections *Arthik Unnati*, although a monthly, intends to acquire the dynamic character of a weekly or even a daily newspaper.

Special Features:

1. A tabular statement of the contents (with occasional synopsis) of the economic, financial, export-import, statistical and allied journals in the Indian and foreign languages including *French*, *German*, *Italian*, and whenever possible, *Russian*, *Japanese* and *Turkish*.
2. Review of books.
3. A serial announcement of Indian and foreign books on economics, banking, commerce, technical education and all other branches of material and social welfare.

N.B. About *fifty per cent* of the monthly devotes itself to **essays and discussions of permanent value** bearing on the methods and problems of the economic sciences. **Bengali translation** or summaries of the views and theories of foreign economists of the present or preceding generations form a marked characteristic of this journal.

Annual subscription Rs. 3/- (excluding postage).

Office: 9, Panchanan Ghose Lane (off Amherst Street), Calcutta

Director

DR. NARENDRA NATH LAW

Managing Director, Dangeswari Cotton Mills, Ltd., Calcutta.

CONTENTS OF THE DECEMBER (1943)-JANUARY (1944) NUMBER.

Section 1. Wealth of Bengal: Public Health at Krishnagar. Effort to make Bengal self-contained in the matter of food. (pp. 191-193).

Section 2. Economic India: Upliftment of the Harijans. Advanced Mysore. Tea Industry in India. Export of Food Grains from India. (pp. 194-195).

Section 3. World Economy: Co-operative Movement in Argentine. Insurance Business in Great Britain. Co-operative Federation in Quebec. Oil-wealth of Uzbekistan. Increased Production of Food Grains and Cotton in China. (pp. 196-198).

Section 4. Men, Institutions and Movements: Indian Central Cotton Committee. Controlled Price of Rice and Paddy. (pp. 199-200).

Section 5. Interview: The Merchant, the Workingman, the Politician and the Scholar. (Conversation between Prof. Benoy Kumar Sarkar and Sj. Haridas Mukherjee). (pp. 201-202).

Section 6. World of Journals: *The Agricultural Situation*—May (1943) Issue summarised. (pp. 203-204).

Section 7. Reviews: *Benoy Sarkarer Baithake.* Labour in Australia. The Story of a Successful Labour Movement. Social Security and Re-construction in Canada. Democracy against Unemployment. An Analysis of the Major Problem of Post-war Planning. (pp. 205-207).

Section 8. Bibliography: 13 books announced. p. 208.

Articles:

(1) The Fundamentals of Population Science.
By Shib Chandra Dutt, M.A., B.L. (pp. 209-210).

War-time Economy in China.
By Manmatha Nath Sarkar, M.A. (pp. 210-214).

Works by and about BENOY SARKAR

B. K. SARKAR:

1. **Villages and Towns as Social Patterns.** Pages 704. Eight Charts. Rs. 15. (Royal).
2. **Economic Development.** Vol. I. Pages 464. Rs. 8. Vol. II. Pages 320, Nine Charts. Rs. 6. (Demy).
3. **The Political Philosophies since 1906.** Vol. I. Pages 404. Rs. 4. (Crown). Vol. II. Part I. Pages 356. Rs. 5. Part II. Pages 570. Rs. 12. Part III. Pages 368. Rs. 8. (Demy).
4. **The Sociology of Races, Cultures and Human Progress.** Pages 410 Rs. 7. (Royal).
5. **Introduction to Hindu Positivism** Pages 770. Rs. 16. (Royal).
6. **Creative India** Pages 725. Rs. 15. (Demy).
7. **The Politics of Boundaries.** Pages 340. Rs. 2-8-0. (Crown).
8. **Social Insurance Legislation and Statistics.** Pages 470. Nine Charts. Rs. 8. (Demy).
9. **Imperial Preference vis-a-vis World-Economy.** Pages 172. Fifteen Charts. Rs. 5. (Royal).
10. **Indian Currency and Reserve Bank Problems.** Pages 94. Fourteen Charts. Rs. 3. (Royal).

S. C. DUTT: **Conflicting Tendencies in Indian Economic Thought.** (Sarkarism in Economics). Pages 234 Rs. 5. (Royal

N. N. CHAUDHURY: **Pragmatism and Pioneering in Benoy Sarkar's Sociology and Economics.** Pages 152. Rs. 3. (Royal).

S. K. GHOSHAL: **Sarkarism** (The Ideas and Ideals of Benoy Sarkar on Man and His Conquests). Pages 60. Re. 1. (Royal)

S. DAS (and fourteen collaborators). **The Social and Economic Ideas of Benoy Sarkar.** Pages 690. Rs. 12. (Royal)

CHUCKERVERTTY CHATTERJEE & CO., LTD. 15 College Square, Calcutta.

জীবনযাত্রার পাথেয়

জীবনযাত্রার অনিশ্চিত পথে
জীবন বীমা মানুষের
প্রধান পাথেয়।

আমাদের গৃহ-সংসার কত আশা উৎসাহে, কত শান্তি ও সুখের স্বপ্ন দিয়ে তৈরী! বাপ মায়ের সে স্বপ্ন বুঝি আজ রূঢ় বাস্তবের আঘাতে ভেঙে যায়। তাই নিজের জন্যও যেমন তাদের দুশ্চিন্তা, ছেলেমেয়ে ও আত্মীয় পরিজনের জন্যও তেমনি তাদের উদ্বেগ ও আশঙ্কা—কি উপায়ে তাদের জীবনযাত্রা নির্ব্বাহের উপযোগী সংস্থান করে রাখা যায়। বর্ত্তমান দুর্দ্দিনে ও ভবিষ্যতের আর্থিক সঙ্কটে তারা কোন্ পাথেয় নিয়ে দাঁড়াবে?—হিন্দুস্থানের বীমাপত্র সেই মূল্যবান পাথেয়—দুর্দ্দিনের সর্ব্বোত্তম আশ্রয়। উপার্জ্জনশীল ব্যক্তিমাত্রেরই অবিলম্বে এই পাথেয় সংগ্রহ করা উচিত।

হিন্দুস্থান কো-অপারেটিভ

ইনসিওরেন্স সোসাইটি, লিমিটেড্

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস্, কলিকাতা।

NEW ECONOMIC AND SOCIOLOGICAL WORKS

Labour Legislation in British India (Pankaj Mukherjee) Rs. 3/-
Conflicting Tendencies in Indian Economic Thought (Shib Dutt) Rs. 5/-
La Politica Finanziaria Britannica in India (Dr. Moni Moulik) Rs. 5/-
The Economics and Law of Central Banking (Prof. Suchin Dutt). Ans. -/8/-
The Messages of Dante (Prof. Subodh Ghoshal). Ans. -/4/-
The Social and Economic Ideas of Benoy Sarkar, Edited by Prof. Baneswar Dass with the collaboration of Fourteen Scholars and with a Foreword by Dr. Narendra Nath Law. Rs. 12/-
Economic Dialectics (Nagen Chaudhury). Rs. 2/.
Italian Economy and Culture (Dr. Moni Moulik). Rs. 3/-
Principles of Civics, Part I. (Prof. Suchin Dutt). Re. 1-4-0
Herder's Doctrine of National Soul (Ghoshal) Ans. -/4/-

CHUCKERVERTTY CHATTERJEE & Co. Ltd.
15, College Square, Calcutta.

সূচী

বাংলার সম্পদ্ ঃ—সহরের সাম্য। পাটের ব্যাপারে বাংলাকে স্বাবলম্বী করার চেষ্টা। সমুদ্রোপকূলবর্ত্তী বিস্তৃত অঞ্চলের দুরবস্থা। (১৯১-১৯৩)

আর্থিক ভারত ঃ—হরিজন উন্নয়ন। অগ্রগামী মহীশূর। ভারতের চা-শিল্প। ভারতবর্ষ হইতে খাদ্য-শস্য রপ্তানি। (১৯৪-৯৫)।

দুনিয়ার ধনদৌলত ঃ—আর্জ্জেন্টিনার সমবায়-আন্দোলন। গ্রেটবৃটেনের বীমা-ব্যবসায়। কুইবেক প্রদেশে কৃষি-সমবায়। উজবেকিস্তানের তৈল-সম্পদ। চীনে খাদ্য ও তুলার উৎপাদন-বৃদ্ধি। (১৯৬-১৯৮)

ব্যক্তি ও সঙ্ঘ ঃ—ভারতীয় কেন্দ্রীয় তুলা কমিটী। ধান ও চাউলের মূল্য। (১৯৯-২০০)

গোলাকাৎ ঃ—বণিক মজুর, রাষ্ট্রিক, পত্রিত। [অধ্যাপক বিনয়কুমার সরকারের সহিত শ্রীহরিদাস মুখোপাধ্যায়ের কথোপকথন]। ২০১

পত্রিকা-জগৎ

সমালোচনা

গ্রন্থপঞ্জী

প্রবন্ধাবলী

(১) লোকবিজ্ঞানের গোড়ার কথা
শ্রীশিবচন্দ্র দত্ত, এম এ, বি এল

(২) চীনের বুদ্ধকালীন অর্থনীতি
শ্রীযদুনাথ সরকার, এম্ এ

বিনয় সরকারের বৈঠকে

(বিংশ শতাব্দীর বঙ্গ-সংস্কৃতি)

শ্রীহরিদাস মুখোপাধ্যায়

রামকৃষ্ণ-সাম্রাজ্য, বঙ্গ-বিপ্লব, স্বদেশী আন্দোলন, ডন সোসাইটির সতীশ মুখোপাধ্যায়, অরবিন্দ-দর্শন, শিল্প-বাণিজ্যে বাঙালীর প্রগতি, মজুর-আন্দোলন, মেয়েদের পুরুষ-সাম্য, "অবনীন্দ্র-মণ্ডল", লাঠি-সেনাপতি পুলিন দাস, ব্রাহ্ম সমাজ, নজরুল ও অন্নদাশঙ্কর, বাংলার বৈজ্ঞানিক, ঐতিহাসিক ও দার্শনিক গবেষকগণ, বাঙীন্দ্রিক ভগবান, গল্প-রচনায় বাঙালী মেজাজ, হিন্দু-মুসলমানের ধর্ম্ম-মিলন, গুরুসদয়ের নাচানাচি, সুরেন্দ্রনাথ হ'তে শ্যামাপ্রসাদ, ১২৮০ সনের বাঙালী ইত্যাদি বিষয়ে বিংশ শতাব্দীর বঙ্গ-সংস্কৃতি সম্বন্ধে অধ্যাপক বিনয়কুমার সরকারের সঙ্গে কথোপকথন। প্রশ্নোত্তরের আকারে লিখিত। ৪৯০ পৃষ্ঠা মূল্য ৩৲

বঙ্গীয় ধনবিজ্ঞান পরিষদ্ ও বঙ্গীয় সমাজ-বিজ্ঞান পরিষদের সুধীবর্গের লিখিত কয়েকখানি গ্রন্থ

১। এশিয়ার ধনদৌলত ও অর্থশাস্ত্র (বিনয় সরকার) :—প্রথম ভাগ ২।০, দ্বিতীয় ভাগ ৩৲। ২। ধনদৌলতের রূপান্তর (বিনয় সরকার) ১।০। ৩। পরিবার, গোষ্ঠী ও রাষ্ট্র (বিনয় সরকার) ২।০। ৪। স্বদেশী আন্দোলন ও সংরক্ষণনীতি (বিনয় সরকার) ২৲। ৫। নয়া বাঙলার গোড়াপত্তন (বিনয় সরকার) :—প্রথম ভাগ ২।০, দ্বিতীয় ভাগ ২৲। ৬। বাড়্তির পথে বাঙালী (বিনয় সরকার) ৩।০। ৭। দেশ-বিদেশের ব্যাঙ্ক (ডক্টর নরেন্দ্রনাথ লাহা ও জিতেন সেনগুপ্ত) ১৷০। ৮। টাকাকড়ি (রবি ঘোষ) ১।০। ৯। টাকার কথা (নরেন রায়) ১৲। ১০। ধনবিজ্ঞানে সাকুল্যেতি (শিব দত্ত) ২৲। ১১। বাংলায় ধনবিজ্ঞান (বিনয় সরকার ও অন্যান্য লেখকগণ) প্রথম ভাগ ৪।০, দ্বিতীয় ভাগ ৩৲। ১২। সমাজ-বিজ্ঞান (বিনয় সরকার ও অন্যান্য লেখকগণ) ৩৲। ১৩। মার্কিণ সমাজ ও সমস্যা (নগেন চৌধুরী) ২৲। ১৪। ফরাসী মনীষীদের প্রগতি-দর্শন (প্রফুল্ল বিশ্বাস) ৪০।

চক্রবর্ত্তী চ্যাটার্জ্জি অ্যাণ্ড কোম্পানী লিমিটেড

১৫, কলেজ স্কোয়ার, কলিকাতা

আর্থিক উন্নতি

পৌষ—১৩৫০ ১৮শ বর্ষ—৯ম সংখ্যা

অহমস্মি সহমান উত্তরো নাম ভূম্যাম্।
অভীষাডস্মি বিশ্বাষাডাশামাশাং বিষাসহি।

অথর্ববেদ ১২।১।৫৪

পরাক্রমের মূর্ত্তি আমি,—'শ্রেষ্ঠতম' নামে আমায় জানে সবে ধরাতে;
জেতা আমি বিশ্বজয়ী,—জয় আমার দিকে দিকে বিজয়-কেতন উড়াতে।



সহরের স্বাস্থ্য

"বসুমতী" লিখিতেছে—কৃষ্ণনগরের বর্ত্তমান স্বাস্থ্য সম্বন্ধে বলিতে হইলে বলিতে পারা যায় যে, সারা সহরটীতে ম্যালেরিয়া, আমাশয় টাইফয়েড রোগ চারিদিকে বিস্তৃতি লাভ করিয়াছে। ইহাত আছেই, অধিকন্তু আজ কয়েক সপ্তাহ হইতে সহরের মধ্যে কলেরাও বেশ দেখা দিয়াছে; কতকগুলি কলেরা রোগী শেষ পর্য্যন্ত বাঁচাইতে পারা যায় নাই। সম্প্রতি কৃষ্ণনগর মিউনিসিপ্যালিটীর জলের কলের সুপারিণ্টেণ্ডেণ্টের পুত্রের কলেরা হয় এবং কয়েক ঘণ্টার মধ্যেই তাঁহার প্রাণান্ত হইয়াছে। বাজারে এবং গৃহস্থের বাটীতে গোয়ালারা যে দুধ বিক্রয় করিতেছে বা যোগান দিতেছে তাহা নিতান্ত ভেজালে পরিপূর্ণ এবং নিত্য প্রয়োজনীয় খাদ্য দ্রব্যাদিতেও যেভাবে ভেজাল মিশান হইতেছে তাহাতে সহরের স্বাস্থ্য যে দিন দিন খারাপ হইতে অধিকতর খারাপ হইবে তাহাতে আর আশ্চর্য্য কি? কুইনাইন অমিল, রোগীর পথ্যাদি অমিল, কেরোসিন অভাবে রোগীর ঘরে আলো নাই, অর্থ দিয়াও ভাল ঔষধ মিলে না। সাগু, বার্লি এবং মিছরি না থাকার মধ্যে; এ অবস্থায় কর্ত্তৃপক্ষীয়গণ সহরের দুঃস্থ জনগণকে রক্ষা করিবার ব্যবস্থা না করিলে সহরের যে কি ভীষণ পরিণতি হইবে তাহা ভাবিলে আতঙ্কে শিহরিয়া উঠিতে হয়।

শুধু কৃষ্ণনগরের নয় বাংলার সব সহরের ও গ্রামের অবস্থাই এইরূপ—এ বলে আমাকে দেখ ও বলে আমাকে দেখ।

খাদ্যের ব্যাপারে বাংলাকে স্বাবলম্বী করার চেষ্টা

খাদ্য-ব্যাপারে বাংলাদেশকে আত্মনির্ভরশীল করিয়া তোলাই বাঙ্গলা সরকারের নব-গৃহীত কৃষি-নীতির চরম লক্ষ্য। সেই উদ্দেশ্যে বঙ্গীয় কৃষি-বিভাগ একটী পরিকল্পনা প্রস্তুত করিয়াছেন এবং তদনুযায়ী অচিরেই কার্য্য আরম্ভ

করিতেছেন। সংক্ষেপে বলিতে গেলে উক্ত পরিকল্পনার উদ্দেশ্য হইতেছে প্রদেশের মধ্যে কৃষির উপযোগী সমস্ত পতিত জমি আবাদ করা, বাংলায় একচেটিয়া পাট উৎপাদন বজায় রাখিয়া যে সব জমিতে খাদ্যশস্য উৎপন্ন হয় না, এরূপ জমিতে যতদূর সম্ভব খাদ্যশস্য জন্মান, প্রচুর সার প্রয়োগ করিয়া এক-ফসলী জমিতে বৎসরে দুইবার ফসল উৎপাদন করিয়া লওয়া এবং বর্ত্তমানে যেসব জমিতে খাদ্যশস্য জন্মে, তাহাতে ভালভাবে সার দিয়া এবং উন্নত ধরণের বীজ ব্যবহার করিয়া তাহার উৎপাদন শক্তি বৃদ্ধি করা। এই পরিকল্পনা কার্য্যে পরিণত করার জন্য প্রথমতঃ প্রদেশের প্রতি ইউনিয়নে কি পরিমাণ চাষের উপযোগী পতিত জমি আছে এবং কি পরিমাণ জমিতে সহজেই দুইবার ফসল উৎপাদন করা যায়, তাহার একটী হিসাব সংগৃহীত হইবে। প্রত্যেক স্থানে অধিকতর পরিমাণে সার প্রস্তুত করা যায় কি না, সে সম্বন্ধেও তথ্যাদি সংগৃহীত হইবে। প্রত্যেক ইউনিয়নেই তিন চারি বৎসরের মধ্যে খাদ্যশস্যের চাষ বৃদ্ধি করিতে হইবে। নূতন শস্যের, বিশেষ করিয়া গোল ও মিঠা আলুর চাষের উপর জোর দেওয়া হইবে। কারণ আলু চাউলের ১০ গুণ জন্মিয়া থাকে।

বঙ্গীয় কৃষি-বিভাগে সর্ব্বদাই যথেষ্ট লোকের অভাব রহিয়াছে। কৃষির উন্নতিকল্পে গভর্ণমেণ্ট ঐ বিভাগে যথেষ্ট সংখ্যক লোক সংগ্রহের সিদ্ধান্ত করিয়াছেন। অবিলম্বে যথেষ্টসংখ্যক কৃষি বিদ্যায় উত্তীর্ণ গ্রাজুয়েট ও ট্রেণিংপ্রাপ্ত ডিমনষ্ট্রেটার পাওয়া সম্ভব নয় বলিয়া পূর্ব্বে বৃহৎ পরিকল্পনা অনুযায়ী কার্য্য আরম্ভ করিতে ইতস্ততঃ করা হইয়াছে। এক্ষণে যে কয়জন যোগ্যতাসম্পন্ন কৃষি-গ্রাজুয়েট ও ট্রেণিং-প্রাপ্ত ডিমনষ্ট্রেটার পাওয়া যায়, সেই কয়জনকে লইয়া এবং বিভিন্ন বিভাগ হইতে ও বাহির হইতে সাধারণ ও গঠনমূলক যোগ্যতাসম্পন্ন কর্ম্মচারিবৃন্দকে লইয়া কার্য্য আরম্ভ করিতে হইবে। কারিগরী ও সাধারণ শিক্ষাপ্রাপ্ত বহুসংখ্যক লোককে উক্ত কাজে নিয়োগ করা হইবে। কিছুদিন পূর্ব্বে একজন ডেভেলপমেণ্ট-কমিশনার ও একজন সহকারী-কমিশনার নিয়োগ করা হইয়াছে। নূতন পরিকল্পনা অনুযায়ী ৩০ জন জেলা ডেভেলপমেণ্ট অফিসার নিযুক্ত করা হইবে। এইরূপ এক একজন অফিসারের উপর ২৬টী জেলার এক একটীর ভার দেওয়া হইবে। ময়মনসিংহ ও মেদিনীপুরে আরও একজন করিয়া অতিরিক্ত অফিসার নিযুক্ত হইবেন। কলিকাতার শিল্পাঞ্চলগুলির এবং ২৪-পরগণা ও হাওড়ার জন্য দুইজন অফিসার প্রদান করা হইবে এই সব জেলা-ডেভেলপমেণ্ট অফিসার তাঁহাদের স্ব স্ব এলাকায় কি পরিমাণ পতিত জমি আছে, তাহার তথ্যাদি সংগ্রহ করিবেন এবং তাঁহার এলাকায় কত সস্য ও সারের প্রয়োজন হইবে, তাহা জানাইবেন। সাধারণ শস্য-বীজ ব্যবসায়িগণই সরবরাহ করিবেন। গভর্ণমেণ্ট সস্যাদি আনা-নেওয়ার যানবাহনাদির সুবিধা করিয়া দিবেন। কিন্তু উন্নত ধরণের বীজ কৃষি বিভাগের জেলা অফিসারগণের মারফত বিতরণ করা হইবে। জেলা ডেভেলপমেণ্ট অফিসারগণ শস্য-বীজ খণদান করিবেন এবং জমির উৎকর্ষ সাধনের জন্য জরুরী পরিকল্পনাসমূহ প্রণয়ন করিবেন। রেল লাইনের দুই পাশের পতিত জমিগুলি আবাদ করিবার দিকে সরকার প্রথম দৃষ্টি দিবেন। এজন্য রেলওয়ে কর্ত্তৃপক্ষের অনুমতি গৃহীত হইয়াছে এবং হিসাব করিয়া দেখা গিয়াছে যে, ইহার ফলে প্রায় এক লক্ষ একর জমিতে খাদ্যশস্যের চাষ বৃদ্ধি করা যাইবে। বাংলার ন্যূনাধিক সাড়ে সাঁইত্রিশ লক্ষ একর পতিত জমি কৃষির উপযোগী বলিয়া নিরূপিত হইয়াছে। জমির উর্ব্বরতা-শক্তি বৃদ্ধির জন্য ছোট ছোট পরিকল্পনা অনুযায়ী কার্য্য করিয়া বিপুল পরিমাণ জমিতে আবাদ করা যাইতে পারে।

সমুদ্রোপকূলবর্ত্তী বিধ্বস্ত অঞ্চলের দুরবস্থা

কাঁথি মহকুমার সমুদ্রোপকূলবর্ত্তী বাত্যাবিধ্বস্ত কাঁথি রামনগর ও খেজুরী থানার এবং তমলুক মহকুমার নন্দীগ্রাম ও সুতাহাটা থানার সামুদ্রিক বাত্যাবর্ত্তে বিধ্বস্ত সর্ব্বহারা দুর্গতদের যে ভয়াবহ দুর্দ্দশা ঘটিয়াছে, তাহা বর্ণনাতীত। প্রথমতঃ সামুদ্রিক বাত্যাবর্ত্তে ঐ অঞ্চলবাসীরা সর্ব্বস্ব হারাইয়া অনেকেই সলিল-সমাধি লাভ করিয়াছে। তারপর খাদ্য, আশ্রয় ও আচ্ছাদনাভাব-জনিত নানা দুরন্ত

রোগাক্রমণে দিনের পর দিন বহু লোককে প্রাণ হারাইতে হইয়াছে। ইহা সত্ত্বেও যাঁহারা বাঁচিয়া আছেন, নানা অভাবের মর্ম্মান্তিক যন্ত্রণায় তাঁহারাও দিন দিন মরণ পথগামী হইতেছেন। দুর্গতদের বাসভবন না থাকায় ক্ষুদ্র কুঁড়ের মধ্যে দিন কাটাইতে হইতেছে, এর উপর দারুণ শীতে আচ্ছাদন-বস্ত্রাভাবে তাহাদের দুর্গতির সীমা নাই। আর বর্ত্তমান বৎসরও তাহাদের কোন ফসল পাইবার আশাই নাই, কারণ একে ত এ বৎসর ঐসব অঞ্চলের অধিকাংশ জমিতেই আবাদ হয় নাই, কোথাও কোথাও যে অত্যল্প জমি আবাদ হইয়াছিল, তাহাও বৃষ্টির অভাবে নষ্ট হইয়া গিয়াছে। এতদ্ভিন্ন ম্যালেরিয়া, শোথ, উদরাময়, ওলাউঠা ইত্যাদি ব্যাধিতে সকলে মৃতপ্রায় এবং অনেকে মারা যাইতেছে। সুতরাং বৎসরের পর বৎসর দীর্ঘকাল ধরিয়া এইসকল সর্ব্বহারাদের খাদ্য, বস্ত্র, ঔষধ, পথ্য ও অন্যান্য যাবতীয় অভাব সাহায্যদান দ্বারা মিটাইবার ব্যবস্থা না করিলে যে এই সুবিস্তীর্ণ অঞ্চল একেবারে জনমানবহীন হইয়া পড়িবে, তাহা সকলেই সুস্পষ্টরূপে বুঝিতে পারিতেছেন। যাঁহারা বিধ্বস্ত বাস্তভিটা ছাড়িয়া দূরস্থানে আশ্রয় লইয়াছে, তাঁহারাও নানা অভাবের জন্য পুনরায় জন্ম মাটীতে ফিরিতে পারিতেছে না। কাজেই ঐ বিধ্বস্ত অঞ্চল নীরব জনমানবহীন শ্মশানের দৃশ্য ধারণ করিয়াছে।

গ্রামে গেলে অতি অল্প লোকই দেখা যায়। যাহারা আছে, তাহারাও আবার ম্যালেরিয়া, শোথ আদি রোগে অস্থি-কঙ্কাল-সার ও বিবর্ণ হইয়া কুঁড়ে চালা ঘরের মধ্যে শয্যাগত থাকিয়া নানা অভাবে জর্জ্জরিত ও চলৎশক্তিহীন হইয়া পড়িয়া আছে, ক্ষীণকণ্ঠে কথা বলিবারও শক্তি সামর্থ্য তাহাদের নাই। এই ভীষণ দৃশ্য দেখিলে আর স্থির থাকা যায় না। ঐ বিধ্বস্ত অঞ্চলে রামকৃষ্ণ মিশন, মেদিনীপুর ও কাঁথি বন্যা-সাহায্য-সমিতি এবং গভর্ণমেণ্ট দুর্গতদের নানারূপ সাহায্যদান করিয়া আসিতেছেন। সম্প্রতি ডাক্তার সঙ্কট মহাশয় আসিয়া সর্ব্বাপেক্ষা অধিকতর দুর্দ্দশাগ্রস্ত কাঁথি থানার ১১নং ইউনিয়নে দুর্গতদের সাহায্য-দান কার্য্যে ব্রতী হইয়াছেন।

এতদ্ব্যতীত ওজরাটী সেবা-সমিতি সম্প্রতি সাহায্যদান জন্য উপস্থিত হওয়ায় তাঁহাদের উপর কাঁথি থানার সমুদ্রোপ-কূলবর্ত্তী ১৮নং ও ২০নং ইউনিয়নের সর্ব্বহারা মৃতকল্প দুর্গতদের সাহায্যদানের ভার অর্পণ করিয়া অতি উত্তম কাজই করা হইয়াছে। যাহা হউক, ঐ সর্ব্বহারাদের যাহাতে এই ঘোর দুর্দ্দিনের অবসান না হওয়া পর্য্যন্ত বাঁচাইয়া রাখিতে পারা যায় তৎপ্রতি গভর্ণমেণ্ট ও দেশবাসী উভয়েরই দৃষ্টি থাকিলে একটা বিধ্বস্ত অঞ্চলবাসী কোনক্রমে মৃত্যুগ্রাস হইতে রক্ষা পাইবার আশা করিতে পারে। এদিকে আমরা উভয়েরই বিশেষ দৃষ্টি আকর্ষণ করিতেছি।

কেবল এক মেদিনীপুর জেলার বিধ্বস্ত অঞ্চলেরই এই ভয়াবহ অবস্থা নহে;—অন্যদিকে ২৪ পরগণা জেলার সাগরদ্বীপ ও সুন্দরবনের সমুদ্রোপকূলবর্ত্তী কতকগুলি স্থান পরিভ্রমণ করিয়াও আমরা ঠিক ঐরূপ অবস্থা দেখিয়া আসিয়াছি; তবে এ অঞ্চলের মৃত্যু-সংখ্যার তুলনায় সে অঞ্চলের মৃত্যুসংখ্যা অনেক কম। কিন্তু সময়ে সুবৃষ্টি না হওয়ায় সে অঞ্চলের স্থানে স্থানে ও অনেক উচ্চ জমির শস্যহানি হইয়াছে এবং ঐসকল বিধ্বস্ত স্থানের অনেক জমিও আবাদ হইতে পারে নাই। সুতরাং এতদঞ্চলবাসীর উপনিবেশস্বরূপ সাগর পারবর্ত্তী সাগরদ্বীপ ও সুন্দরবনের ঐ প্রকার শোচনীয় অবস্থা যে এতদঞ্চলবাসী বিপন্ন দুর্গতদের অতিমাত্রায় বিচলিত করিবে, তাহাতে কোন সন্দেহ নাই।　　(নীহার)

হরিজন উন্নয়ন

হরিজন-উন্নয়নকল্পে ভারত গবর্ণমেণ্ট এক নূতন আইন বিধিবদ্ধ করিয়াছেন। এই নূতন আইন অনুসারে কেন্দ্রীয় সরকারের শূন্য পদগুলির শতকরা ৮½টী হরিজনদের জন্য রিজার্ভ থাকিবে। বয়সের মেয়াদও ৩ বৎসর বর্দ্ধিত করা হইয়াছে এবং প্রতিযোগিতা-মূলক পরীক্ষা বা মনোনয়নের ফিয়ের হারও হ্রাস করা হইয়াছে।

ভারতবর্ষে হরিজন তপশীলভুক্ত জাতিদের লোক-সংখ্যার অনুপাতে তাহাদের চাকুরীর হিস্সা দাঁড়ায় ১২·৭৫%। কিন্তু বর্ত্তমান হরিজনদের মধ্যে যোগ্যতা-বিশিষ্ট প্রার্থীর সংখ্যা নিতান্ত কম থাকায় এই হিস্সা ৪½% রূপে ধার্য্য করা হইয়াছে। হরিজনদের শিক্ষা ও যোগ্যতা বৃদ্ধির সঙ্গে সঙ্গে শতকরা হিস্সার পরিমাণও ক্রমশঃ বর্দ্ধিত করা হইবে।

কেন্দ্রীয় গবর্ণমেণ্টের ১ম ও ২য় শ্রেণীর চাকুরী এবং ভারত গবর্ণমেণ্টের নিয়ন্ত্রণাধীন সাবর্ডিনেট সার্ভিস-সমূহ এই নূতন আইনের আমলে আসিবে। উচ্চ শ্রেণীর টেক্‌নিক্যাল যোগ্যতা বা বিশেষ ধরণের যোগ্যতার প্রয়োজন হয়—এই ধরণের অল্পসংখ্যক চাকুরীর বেলায় এই আইন বলবৎ হইবে না। রেল বিভাগের চাকুরীর বেলায়, নিম্ন-শ্রেণীর ভৃত্য ও মজুর বাদে অন্যান্য সকল প্রকার চাকুরীর বেলাতেই এই আইন বলবৎ হইবে। কোম্পনী-পরিচালিত রেলপথগুলিকেও এইরূপ নিয়মভারির জন্য অনুরোধ করা হইবে।

অগ্রগামী মহীশূর

১৯৪২-৪৩ সনে মহীশূররাজ্যের রাজস্ব সর্ব্বপ্রথম ৬ কোটী টাকারও অধিক দাঁড়াইয়াছে। জল-শক্তি হইতে বিদ্যুৎ সংগ্রহ সম্বন্ধে ভারতবর্ষে মহীশূরের স্থান সকলের উপরে। হাইড্রো-ইলেক্‌ট্রিক পরিকল্পনার কাজ রীতিমত-ভাবে অগ্রসর হইয়াছে। এই বিরাট পরিকল্পনায় ৬৪,০০০ অশ্ব-শক্তি উৎপন্ন হইবে বলিয়া আশা করা যাইতেছে। এর জন্য পুঁজি নিয়োগ করিতে হইয়াছে ৪ কোটী ৯ লক্ষ টাকা। বর্ত্তমানে শিবসমুদ্রম ও শিবসমুদ্রে ৬৮,০০০ অশ্ব-শক্তি বিদ্যুৎ উৎপন্ন হইতেছে।

যুদ্ধ-প্রচেষ্টায় মহীশূরের দান নিতান্ত কম নয়। যুদ্ধের জন্য মহীশূর গবর্ণমেণ্ট ও জনসাধারণ ৪৩·৪১ লক্ষ টাকা দান করিয়াছে। মহীশূর গবর্ণমেণ্ট ১ কোটী ২৫ লক্ষ টাকা মূল্যের ডিফেন্স নোট বণ্ড ক্রয় করিয়াছেন। মহীশূরের সরকারী ও বেসরকারী কারখানাগুলি ৮ কোটী টাকা মূল্যের সমরোপকরণ যোগাইয়াছে। বর্ত্তমানে ২৬টী কারখানা যুদ্ধোপকরণ উৎপাদনে মোতায়েন আছে। ভারতবর্ষের একমাত্র এরোপ্লেন তৈরীর কারখানা হিন্দুস্থান এয়ার-ক্র্যাফ্‌ট ফ্যাক্টরী মহীশূররাজ্যেই অবস্থিত।

সরকারী কৃষিবিভাগ ডাঙ্গিনিগা তামাক এবং নূতন ধরণের তুলার চাষ প্রবর্ত্তন করিয়াছে। "খাদ্যশস্য ফলাও" আন্দোলন অনুসারে ২ লক্ষ একর নূতন জমিতে চাষ-আবাদ আরম্ভ করা হইয়াছে।

গবর্ণমেণ্ট প্রাথমিক শিক্ষার ভার সম্পূর্ণরূপে গ্রহণ করিয়াছেন। এই রাজ্যে হাইস্কুলের সংখ্যা ৪৯, মাধ্যমিক বিদ্যালয় ৩৭৭ এবং প্রাথমিক বিদ্যালয় ৬,৮৪১। মোট ছাত্র-সংখ্যা ২,৩৫৭,৬৩৫ জন। আগামী চার বৎসর মধ্যে ১,০০০টী নূতন প্রাথমিক বিদ্যালয় খোলা হইবে।

ভারতের চা-শিল্প

১৯৪২-৪৩ সনে সমগ্র ভারতে চা উৎপন্ন হইয়াছে

৫,৬৮৬ লক্ষ পাউণ্ড। ১৯৪১-৪২ সনে উৎপাদনের পরিমাণ দাঁড়ায় ৫,০২০ লক্ষ পাউণ্ড। আলোচ্য বর্ষে উত্তর ভারতে ৪৭৪২ লক্ষ পাউণ্ড এবং দক্ষিণ ভারতে ৯৩৪ লক্ষ পাউণ্ড উৎপন্ন হইবে বলিয়া আশা করা গিয়াছিল; কিন্তু এই অঞ্চলে উৎপাদন যথাক্রমে ১৪% ও ১০·৫% বর্দ্ধিত হইয়াছে। সম্মিলিত জাতি-সমূহ ভারতবর্ষ হইতে ৪,২১৫ লক্ষ পাউণ্ড গ্রহণ করিবেন। কাজেই ভারতে ব্যবহারের জন্য ১,৪৭০ লক্ষ পাউণ্ড চা থাকিবে। গত কয়েক বৎসর যাবৎ ভারতে প্রতি বৎসর গড়ে ১,১০০ লক্ষ পাউণ্ড ব্যবহৃত হইয়া আসিতেছে। যুদ্ধের ফলে চায়ের ব্যবহার কিছু বাড়িয়াছে। তাহা সত্ত্বেও বিদেশের চাহিদা পূরণের পর ভারতে যে চা উদ্বৃত্ত থাকিবে, তাহাতে নিশ্চয়ই দেশের অভাব পূরণ হইবে।

গ্রেটবৃটেনের আহার্য্য-সচিব ১৯৪৩ সনের জন্য ৭,৩০০ লক্ষ পাউণ্ড চায়ের চুক্তি করিয়াছেন। তন্মধ্যে ভারতবর্ষ ৪,৩১০ লক্ষ, সিংহল ২,৭০০ লক্ষ এবং বৃটিশ পূর্ব্ব আফ্রিকা ৩০০ লক্ষ পাউণ্ড যোগাইবে। গত বৎসরের তুলনায় এবারকার চুক্তির পরিমাণ ২৩০ লক্ষ পাউণ্ড বেশী।

ভারতবর্ষ হইতে খাদ্যশস্য রপ্তানি

বিগত কয়েক বৎসর যাবৎ ভারতবর্ষ হইতে বিদেশে খাদ্যশস্য রপ্তানির পরিমাণ অনবরত কমিয়া আসিয়াছে। ১৯৩৭-৩৮ সনে ভারতবর্ষ হইতে বিদেশে খাদ্যশস্য রপ্তানি হইয়াছিল ৯০০,০০০ টন; ১৯৪২-৪৩ সনে রপ্তানির পরিমাণ দাঁড়ায় মাত্র ৩৭১,০০০ টন।

বর্ত্তমান সরকারী বৎসরের প্রথম সাত মাসে বিদেশে খাদ্যশস্য রপ্তানি হইয়াছে মাত্র ৮০,০০০ টন। ইহার অধিকাংশই রপ্তানি হইয়াছে প্রথম কয়েক মাসের ভিতর। গত জুলাই মাসের পর হইতে বিদেশে খাদ্যশস্য রপ্তানি সম্পূর্ণরূপে বন্ধ করা হইয়াছে। গত জানুয়ারী মাসের পর হইতে নবেম্বর মাসের মাঝামাঝি পর্য্যন্ত কলিকাতা হইতে মাত্র ২,৭২৭ টন চাউল বিদেশে রপ্তানি হইয়াছে; তন্মধ্যে ২,০০০ টন রপ্তানি হইয়াছে পারস্য উপসাগরের তীরবর্ত্তী অঞ্চলসমূহে এবং অবশিষ্ট চাউল প্রেরিত হইয়াছে বিদেশের বন্দরসমূহে অবস্থিত ভারতীয় জাহাজগুলির নাবিকদের জন্য। ইউনাইটেড্ কিংডম কমার্সিয়াল কর্পোরেশন ১৯৪২ সনের প্রারম্ভে সামান্য পরিমাণে গোধূম পারস্যোপসাগর অঞ্চলে রপ্তানি করে।

জাহাজের অভাববশতঃ বিদেশ হইতে ভারতবর্ষে খাদ্যশস্য আমদানির পথে বিষম বাধার সৃষ্টি হইয়াছে। তবে আশার কথা এই যে, বিদেশ হইতে খাদ্যশস্য আমদানি অল্প পরিমাণে হইলেও উহা আরম্ভ হইয়াছে এবং আমদানির পরিমাণ বাড়িতে থাকিবে বলিয়াই আশা করা যায়।

আর্জেন্টিনার সমবায়-আন্দোলন

নিম্নের তালিকায় আর্জেন্টিনার ১৯৩১-৩২ সনের সমবায়-আন্দোলনের পরিচয় দেওয়া হইল :—

বিভিন্ন শ্রেণীর সমবায়	সমিতির সংখ্যা	সদস্য সংখ্যা	শেয়ারে বিভক্ত পুঁজি (পিসো)	মোট আয় (পিসো)
কৃষি সমবায়		৪২,৮৮০	৮,১৪৪,৯৯০	৭১,৩০২,৬৩৯
তুলা বিক্রয় সমিতি		৫,৯১৩	২,৪০০,৭৯০	১৫,৬৪০,৯১২
ঋণদায়ক সমবায়		৮২,৩৮৫	১২,৬১৬,৫৩৪	২৩,৪০০,৫০০
ঋণদান সমবায়		৪২,২০৭	৬,২৯৯,৭২৫	১৯,৬৪২,১৫৭
বিদ্যুৎ উৎপাদন সমিতি		১৩০,০০৪	১৭,০০৪,৮৫০	৩,৪৯৪,৭০০
শহরে বীমা সমবায়		৩২,৭৩১	৮৬০,১৪৫	৩,৩৫৮,৩৬৭
পল্লী বীমা সমবায়		১৪,৭৭০	৩,৩৫১,৭০০	১,৪২৩,৩৬৭
সমবায় ভেয়ারী	১২১	৯,৭৮৫	৩,৪৮০,০৮০	২০,৫৯০,৭২০
বিবিধ শহরে সমবায়	৬৩	১৮,৭৭৩	৪,৬৪৫,৬২৫	২৪,৫৫৯,৩১২
বিবিধ পল্লী সমবায়	১৪	১,৪৩১	৫৫৩,৬০০	৪,৬১৭,০০২
ফল, শাক-সব্জী বিক্রয়-সমিতি	২৬	১,৫৬১	১,৭৭৩,৯৩০	২,৩৮৫,২৮৩
তামাক বিক্রয় সমিতি	১৫	৩,৯৫১	৬১৭,১৮০	৭,০৮৩,৯০৮
মোট	৬৫৬	৩৯০,৭২৭	৩১,৭৬২,৩২০	১৯৭,৫৭৮,৮৬৭

গ্রেটবৃটেনের বীমা-ব্যবসায়

বৃটিশ জীবন বীমা কোম্পানীগুলির ১৯৪২ সনের কার্য্য-বিবরণী প্রকাশিত হইয়াছে। এই সমস্ত হিসাব-পত্রে দেখা যায় যে, অপেক্ষাকৃত অধিকসংখ্যক বীমা কোম্পানীর নূতন ব্যবসায়ের অঙ্ক বর্দ্ধিত হইয়াছে। ফেরৎ দেওয়া বা তমাদি হওয়া পলিসির সংখ্যাও কমিয়াছে। এ সম্বন্ধে দেনা পরিশোধের পরিমাণও যে ভাবে হ্রাস পাইয়াছে তাহা বহু বৎসরের মধ্যে ঘটিতে দেখা যায় নাই। প্রতিনিধিস্থানীয় ২৬টী বাষা বীমা কোম্পানীর ১৯৪২ সনে নতুন কারবারের মোট পরিমাণ দাঁড়াইয়াছে ১০৫,৮২৬,৩৬২ পাঃ; ১৯৪০ সনে ৮২,২৫৮,০৪৪ পাঃ এবং ১৯৩৮ সনে ১৮০,৩২২,৫০৬ পাঃ। শান্তির সময়ের তুলনায় বীমাকারী ও বীমা দালালদের সংখ্যা হ্রাস সত্ত্বেও নূতন কারবারের অবস্থার উন্নতি সাধিত হইয়াছে।

অগ্নি-বীমা ব্যবসায়েরও উন্নতি ঘটিয়াছে। ১৯৪২ সনে ২২টী বড় বড় বৃটিশ কোম্পানীর অগ্নি-সংক্রান্ত মোট প্রিমিয়াম দাঁড়াইয়াছে ৫০,৩২০,৩৩৬ পাঃ, লাভ ৪,৬৬৩,১০৬ পাঃ এবং লাভের অনুপাত ৯·২৫%। ১৯৪১ সনে এই সমস্ত অঙ্ক দাঁড়াইয়াছিল যথাক্রমে ৪৮,২৮৪,৩৩৬ পাঃ, ৩,৪৯১,৫৯৩ পাঃ ও ৭·১২%।

আলোচ্য সনে সামুদ্রিক বা জাহাজী বীমার আয় খুব বেশী দাঁড়াইয়াছে। প্রতিনিধি স্থানীয় ১৯টী কোম্পানীর প্রিমিয়াম আয় ১৯৪১ সনে ১১,২৩০,১৫৯ পাউণ্ডের স্থলে আলোচ্য সনে ৩১,১২৫,৭৪৪ পাঃ দাঁড়াইয়াছে। যুদ্ধ বীমার প্রিমিয়াম আয় অত্যধিক বর্দ্ধিত হইয়াছে। জাহাজী বীমার প্রিমিয়াম আয় বৃদ্ধির ইহাই প্রধান কারণ।

অন্য বিভাগগুলির তুলনায় দুর্ঘটনা বীমা বিভাগগুলির কাজ তেমন সন্তোষজনক হয় নাই। ১৯৪২ সনে এই খাতে প্রিমিয়াম আয় ২,১৫৪,৩২০ পাঃ হ্রাস পাইয়া ৬৩,১৯১,২৭৫ পাঃ দাঁড়াইয়াছে। পক্ষান্তরে গ্রেটবৃটেনে তথা বিদেশে শিল্প-প্রচেষ্টা বৃদ্ধি ও মজুরী বৃদ্ধির ফলে মালিকদের দায়িত্ব শোধ ও শ্রমিকদের ক্ষতিপূরণ বিভাগগুলির প্রিমিয়াম আয় বর্দ্ধিত হইয়াছে।

কুইবেক প্রদেশে কৃষি-সমবায়

১৯৪২ সনে "কো-অপারাতিফ্ ফেদারিয়ে দা কুইবেক" নামক কেন্দ্রীয় প্রতিষ্ঠানের সহিত ২৮৪টী সমবায় সমিতি সম্বদ্ধ হইয়াছে। এইগুলির সদস্য-সংখ্যা ২৩,০০০। ১৯৩৪ সনের তুলনায় সদস্য প্রায় চার গুণ বাড়িয়াছে। এই সনে প্রতিষ্ঠানের পুনর্গঠনের সময় সমিতির সংখ্যা ছিল মাত্র ৭৪টী। গত বৎসরের বার্ষিক বিবরণীতে দেখা যায়, মোট ব্যবসায়ের পরিমাণ দাঁড়াইয়াছে ২৩,৪০০,০০০ ডলার। অর্থাৎ ১৯৩৩ সনের (৪,৮০০,০০০ ডলার) ৫ গুণ বর্দ্ধিত হইয়াছে। গত ৪ বৎসরের (১৯৩৮-১৯৪২) মধ্যে কো-অপারেতিফ্ ফেদারিয়ের ব্যবসায় দ্বিগুণ বাড়িয়াছে। ১৯৩৫-৩৬ সনের মধ্যেও ব্যবসায় আর একবার দ্বিগুণ বাড়িয়াছিল। ১৯৪১ সনের তুলনায় ১৯৪২ সনে ব্যবসায় বৃদ্ধির পরিমাণ ৫,৬৬৬,৬৫৩ ডলার অর্থাৎ ১৯৩৪ সনের (৫,৪৫০,০০০ ডলার) মোট আয়ের চেয়ে কিছু বেশী।

ছয় বৎসরের মধ্যে সদস্যদের নিকট ৩৩৯,৮২৮ ডলার লভ্যাংশ বিতরিত হইয়াছে।

পাইকারী ক্রয়-বিক্রয় প্রতিষ্ঠান ছাড়া "কো-অপারেতিফ্ ফেদারিয়ে" সংশ্লিষ্ট সমিতিগুলির হিসাব পরীক্ষা করে এবং এইগুলির মধ্যে যান্ত্রিক কৃষি ও ব্যবসায় বিষয়ক তথ্যাদিও প্রচার করে। বীমা সম্বন্ধে শিক্ষাদান ও এর মস্ত বড় ব্যবস্থা। শিক্ষার জন্য বৎসরে গড়ে ৩০,০০০ ডলার ব্যয় করা হয়।

উজবেকিস্তানের তৈল-সম্পদ্

১৯১৭ সনের উজবেকিস্তানের খনিজ-সম্পদ্ একরূপ অনাবিষ্কৃত অবস্থাতেই ছিল। কারখানা অঞ্চলে অল্প-সংখ্যক কয়েকটী তৈলখনির অস্তিত্ব ছিল। এইগুলির কাজ চলিত মান্ধাতার আমলের প্রথায়। বৎসরের পর বৎসর সংগৃহীত তৈলের পরিমাণ কমিয়াই চলিয়াছিল।

উজবেকিস্তানে সোভিয়েট শাসন প্রতিষ্ঠিত হওয়ার পর খনিজ দ্রব্য উত্তোলনের হিড়িক পড়িয়া যায়। বর্ত্তমান যুদ্ধ আরম্ভ হওয়ার পূর্ব্ববর্ত্তী দশ বৎসরে সোভিয়েট ভূতত্ত্ব-বিদ্‌দের চেষ্টায় সুবিস্তৃত তৈল-ক্ষেত্রসমূহ আবিষ্কৃত হয় এবং আধুনিক ধরণের তৈল-শিল্পও প্রতিষ্ঠিত হয়।

যুদ্ধ আরম্ভ হওয়ায় উজবেকিস্তানের তৈল উৎপাদন সর্ব্বোচ্চ সীমায় উপনীত হইয়াছে। নূতন নূতন তৈলখনি আবিষ্কৃত এবং ঐগুলির কাজও আরম্ভ হইয়াছে। ১৯৪২ সনে উজবেকিস্তানের তৈল-শ্রমিকগণ বহু লক্ষ টন তৈল উৎপাদনে সমর্থ হইয়াছে। ১৯৪৩ সনে উৎপাদনের পরিমাণ তিন গুণ বর্দ্ধিত হইয়াছে।

উৎপাদন বৃদ্ধির সঙ্গে সঙ্গে উজবেকিস্তানের সম্মুখে একটী শক্তিশালী পাইপ-লাইন গঠনের জরুরী প্রয়োজন উপস্থিত হইয়াছে। বিখ্যাত কারখানা খাল ও অন্যান্য বাধা খালের মত এই পাইপ-লাইনও দেশবাসীর সমবেত চেষ্টায় শীঘ্রই বাস্তবে পরিণত হইবে।

চীনে খাদ্য ও তূলার উৎপাদন বৃদ্ধি

খাদ্য ও তূলার উৎপাদন বৃদ্ধি করিবার জন্য চীনের কৃষি ও বন বিভাগের ক্রমবর্দ্ধমান প্রচেষ্টা এবং গত দাদ্ধ দুই বৎসরে ইহার প্রচেষ্টার ফলাফল সম্প্রতি উক্ত বিভাগের এক বিবরণীতে প্রকাশ পাইয়াছে।

খাদ্যোৎপাদন-বৃদ্ধির জন্য এই বিভাগ তিনটী ব্যবস্থা গ্রহণ করে—কর্ষিত জমির পরিমাণ বৃদ্ধি করা, প্রত্যেক কর্ষিত অংশের উৎপাদন বৃদ্ধি করা, এবং ঘূর্ণ ও প্রাকৃতিক বিপর্য্যয় এবং কীটপতঙ্গ হইতে ক্ষতি নিবারণ করা। এই বিভাগের প্রচেষ্টার ফলে ১৯৪২ সনে ৫৬,৮২৩,২১৫ মৌ জমি এবং ৭২,৫৫১,৬৬৬ পিকুল্ শস্য বৃদ্ধি পায়।

গত কয় বৎসর যথেষ্ট তূলা সরবরাহ হয় নাই বলিয়া কৃষি ও বন বিভাগ এই বৎসর ইহার মৌলিক পরিকল্পনাটীকে সম্প্রসারিত করিতেছে। তূলা-নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ ও কার্ম্মার্স ব্যাঙ্কের সহযোগিতায় ১৩টী বিভিন্ন প্রদেশের তূলা উৎপাদনকারীদের "বীজ ঋণ" ও "উৎপাদন ঋণ" হিসাবে ১০৬,০০০,০০০ ডলার দেওয়া হইতেছে। ইতিমধ্যে কৃষকদের পরামর্শ দিবার জন্য এই বিষয়ে পারদর্শী ৫০০ জন ব্যক্তিকে ভিন্ন ভিন্ন প্রদেশে প্রেরণ করা হইতেছে।

১৯৪২ সনে কৃষি ও বন বিভাগ কর্তৃক ২,০০০,০০০ মৌ পরিমাণ জমি বৃদ্ধি করা হয় এবং এই বৎসর তূলা চাষের জন্য আরও ১৩,২০,০০০ মৌ জমি বৃদ্ধি করা হইয়াছে। ইহার ফলে ৪০০,০০০ পিকুল্ তূলা বেশী উৎপাদিত হইবে বলিয়া আশা করা যাইতেছে। (চীনবার্ত্তা)

ভারতীয় কেন্দ্রীয় তুলা কমিটী

ভারতীয় কেন্দ্রীয় তুলা কমিটীর টেক্‌নলজিক্যাল লেবরেটরীর ১৯৪৩ সনের ৩১শে মে পর্য্যন্ত এক বৎসরের বার্ষিক বিবরণী প্রকাশিত হইয়াছে। বিবরণী পাঠে দেখা যায়, লেবরেটরীর কাজ অধিকাংশক্ষেত্রে গতানুগতিক পথে পরিচালিত হইলেও একটী ক্ষেত্রে কিছু নূতনত্বও দেখা গিয়াছে। বয়ন সম্বন্ধে লেবরেটরীতে যে সমস্ত পরীক্ষা হইয়াছে বিভিন্ন কটন মিল ও ফার্ম্মগুলি তাহার পূর্ণ সুযোগ গ্রহণ করিয়াছে। আর কেবলমাত্র ভারতীয় মিল ও ভারতীয় ফার্ম্মগুলিই নয়, বেলজিয়ান কঙ্গো, পূর্ব্ব আফ্রিকা, উগাণ্ডা প্রভৃতি ভারতের বাহিরে অবস্থিত দেশগুলির এজেন্সীগুলিও এই সমস্ত পরীক্ষার সুযোগ-সুবিধা গ্রহণ করিয়া সন্তোষ প্রকাশ করিয়াছে এবং পরীক্ষার জন্য ক্রম-বর্দ্ধমান সংখ্যায় নমুনা-সমূহ প্রেরণ করিতেছে।

ভারতীয় মিলগুলির নিকট প্রাপ্ত নমুনাগুলির বেলায় কেবলমাত্র রুটিন-বাঁধা কাজ করা হয় নাই। কারণ, কোন তুলা হইতে আশানুরূপ ফললাভে অসমর্থ হওয়ার পর মিলগুলি লেবরেটরীর সাহায্য প্রার্থনা করে। কাজেই এইরূপ ক্ষেত্রে মিলগুলির কার্য্যকলাপের আনুপূর্ব্বিক বিবরণী পূর্ণরূপে অনুধাবনের পর সম্ভবমত সমস্যা-সমাধানের চেষ্টা করা হইয়াছে। এইভাবে সংশোধিত ও উন্নত ধরণের ভারতীয় তুলার সর্ব্বোৎকৃষ্ট প্রয়োগের ব্যবস্থা করা হইয়াছে।

আলোচ্য বৎসরে নিম্নলিখিত আট বিভাগে লেবরেটরীর কাজ পরিচালিত হইয়াছে: (১) সাধারণ, (২) বয়ন-লেবরেটরী, (৩) পরীক্ষাগার, (৪) তন্তু-পরীক্ষা-বিভাগ, (৫) টেক্‌নলজিক্যাল গবেষণা, (৬) দোলাই বিভাগ, (৭) প্রকাশ বিভাগ ও (৮) বিবিধ।

আলোচ্য সনে বয়ন-শিল্প সম্পর্কিত বহু লোকজন লেবরেটরীটী পরিদর্শন করেন। ইহাদের মধ্যে নিম্নে উল্লেখযোগ্য কয়েকটী প্রতিষ্ঠানের লোকজনের পরিচয় দেওয়া যাইতেছে :—

(১) বোম্বাই, এসোসিয়েশনের সদস্যগণ।

(২) বাঙ্গালোর, এস-কে-এস-ডে টেক্‌নলজিক্যাল ইনষ্টীটিউটের ছাত্রগণ।

(৩) পুনা কৃষিকলেজের ছাত্রগণ।

(৪) মাতুঙ্গা, ডি-জে টেক্‌নিক্যাল ইন্‌ষ্টিউটের বয়ন বিভাগের ছাত্রগণ।

(৫) কানপুর, গবর্ণমেণ্ট কেন্দ্রীয় বয়ন বিদ্যালয়ের ছাত্রগণ।

(৬) পাঞ্জাব, শাহদরা গবর্ণমেণ্ট স্কুল অব্ ডাইং অ্যাণ্ড ক্যালিকো প্রিণ্টিংএর ছাত্রগণ।

(৭) বোম্বাই, দুইটী মিলের কয়েকজন কর্ম্মচারী।

(৮) বোম্বাই, দুইটী কটন ফার্ম্মে কয়েকজন কর্ম্মচারী।

(৯) বোম্বাই, বয়ন সমিতির (ভারতবর্ষ) সদস্যগণ।

মফঃস্বলের লেবরেটরীগুলির গবেষণা-সহায়কগণ ১৯৪২ সনের নবেম্বর-ডিসেম্বর মাসে লেবরেটরীতে আগমন করেন। তাঁহারা লেবরেটরীর সহকারীদের সঙ্গে একটী সম্মেলনে সমবেত হন। সম্মেলনটী আহূত হয় ১৯৪২ সনের ৪ঠা ও ৫ই ডিসেম্বর তারিখে। এই সময় মফঃস্বলের গবেষণা-সহায়কগণ তুলা-বিষয়ক বাৎসরিক নূতন কোর্সে শিক্ষালাভও করেন।

মাদুরা হরিজন তীর্থ-যাত্রিবাস

গত ৮ই জুলাই তারিখে শ্রীজমনালাল বেসাই কর্তৃক প্রদত্ত দশ হাজার টাকা ব্যয়ে মাদুরা সহরে "নন্দনার হোম" নামে হরিজন তীর্থযাত্রীদের জন্য একটী যাত্রি-নিবাসের দ্বার-উদ্ঘাটন-উৎসব সম্পন্ন হইয়াছে। শ্রীরাজা-গোপালাচারী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। তামিল-নাইডুর দূরবর্ত্তী অঞ্চলসমূহ হইতে বিস্তর হরিজন প্রতি বৎসর মীনাক্ষী দেবীর পূজা-অর্চ্চনার জন্য মীনাক্ষী মন্দিরে সমবেত হয়। তাহাদের অসুবিধা দূর করার জন্যই এই যাত্রি-নিবাসটী নির্ম্মাণ করা হইয়াছে। ১৯৩৯ সনের জুলাই মাসে মন্দিরের দুয়ার হরিজনদের জন্য উন্মুক্ত করা হয়।

মীনাক্ষী দেবীর মন্দির-দ্বার হরিজনদের সম্মুখে উন্মুক্ত হইলেও বিভিন্ন বিশ্রামাগার ও যাত্রিনিবাসগুলির দ্বার এখনও তাহাদের সম্মুখে রুদ্ধ রহিয়াছে। শ্রীরাজা-গোপালাচারী বক্তৃতা-প্রসঙ্গে তাহা উল্লেখ করিয়া বলেন যে, অস্পৃশ্যতার বিরুদ্ধে ক্রমাগত আঘাত হানিয়া নিশ্চয়ই তাহা দূরীভূত করা হইবে। প্রায় হাজার বৎসর পূর্ব্বে শ্রীরামানুজের মন্দির-প্রবেশ আন্দোলন বর্ণ-হিন্দুদের বিরোধিতায় ব্যর্থ হইলেও আজ যে তাহা সফল হইয়াছে তাহাও তিনি বিশেষ জোরের সহিত উল্লেখ করেন।

ধান ও চাউলের মূল্য

গত ১লা ডিসেম্বর হইতে ধানে ও চাউলের মূল্য নিম্নোক্তরূপ নির্দ্ধারিত করা হইয়াছে মেদিনীপুর, বাঁকুড়া, বীরভূম, বর্দ্ধমান, বগুড়া, রাজসাহী, জলপাইগুড়ি, দিনাজ-পুর, ময়মনসিংহ, মালদহ, রাঙ্গামাটি, খুলনা, যশোহর ও পার্ব্বত্য চট্টগ্রামে ১লা ডিসেম্বর হইতে ১৪ই জানুয়ারী পর্য্যন্ত (এই দিন ধরিয়া) ব্যবসায়ীরা পাইকারী সর্ব্বোচ্চ ১৬৲ মণ দরে চাউল বিক্রয় করিতে পারিবে এবং কৃষকগণ ও চাউলের কলসমূহ সর্ব্বোচ্চ ১৫।৹ মণ দরে বিক্রয় করিতে পারিবে। ব্যবসায়িগণ সর্ব্বোচ্চ ২।৹ টাকা মণ দরে ধান্য বিক্রয় করিতে পারিবে।

১৫ই জানুয়ারী হইতে পুনর্বিজ্ঞপ্তি না দেওয়া পর্য্যন্ত ব্যবসায়িগণ পাইকারী সর্ব্বোচ্চ ১৪ টাকা মণ দরে চাউল বিক্রয় করিতে পারিবে; কৃষকগণ ও চাউলের মিলগুলি সর্ব্বোচ্চ ১৩।৹ আনা মণ দরে বিক্রয় করিতে পারিবে; ব্যবসায়িগণ সর্ব্বোচ্চ ৮।৹ আনা মণ এবং কৃষকগণ ৮৲ মণ দরে ধান্য বিক্রয় করিতে পারিবে।

১লা ডিসেম্বর হইতে ১৪ই জানুয়ারী পর্য্যন্ত (এই দিন ধরিয়া) কলিকাতার এবং অবশিষ্ট জিলাসমূহে ব্যবসায়িগণ সর্ব্বোচ্চ পাইকারী ১৭৲ টাকা মণ দরে চাউল বিক্রয় করিতে পারিবে; ব্যবসায়িগণ সর্ব্বোচ্চ পাইকারী ১০৲ টাকা মণ দরে ধান্য বিক্রয় করিতে পারিবে; এবং কৃষকগণ ৯।৹ টাকা মণ দরে ধান্য বিক্রয় করিতে পারিবে।

১৫ই জানুয়ারী হইতে পুনরায় বিজ্ঞপ্তি না দেওয়া পর্য্যন্ত ব্যবসায়িগণ সর্ব্বোচ্চ পাইকারী ১৫৲ টাকা মণ দরে চাউল বিক্রয় করিতে পারিবে; কৃষকগণ ও চাউলের মিল-সমূহ ১৪।৹ মণ দরে বিক্রয় করিতে পারিবে। ব্যবসায়িগণ সর্ব্বোচ্চ পাইকারী ৯৲ টাকা মণ দরে এবং চাষীরা ৮।৹ টাকা মণ দরে ধান্য বিক্রয় করিতে পারিবে।

ইহার অতিরিক্ত দরে অগ্রিম যে সব চুক্তি হইয়াছে, তাহা বাতিল হইয়া যাইবে।

চাউল ও ধানের সর্ব্বনিম্ন মূল্য যথাবিহিত বিজ্ঞপ্তি দিয়া ১৫ই জানুয়ারীর পর ধার্য্য করা হইবে। স্মরণ রাখিতে হইবে যে, এইসব মূল্য সর্ব্বোচ্চ মূল্য; ইহার অতিরিক্ত মূল্যে বিক্রয় ও ক্রয় অপরাধ বলিয়া গণ্য হইবে। যখন প্রয়োজন মনে হইবে তখন সরকার এইসব সর্ব্বোচ্চ মূল্য অপেক্ষা যথেষ্ট কম দরে তাঁহাদের প্রয়োজনমত মাল ক্রয় করিবেন। ৩০শে নবেম্বরের পর আউশ ধান্য ক্রয় করা পরিকল্পনা অনুসারে ক্রয় বন্ধ করিয়া দেওয়া হইবে। তবে সরকারী এজেন্টগণ ব্যবসায়ী ও কৃষকদের নিকট হইতে চাউল ক্রয়ের জন্য উপযুক্ত দর দিতে থাকিবেন।

বাঙলা হইতে চাউল ও ধান্য রপ্তানি বন্ধের আদেশ বলবৎ রহিয়াছে।

বণিক, মজুর, রাষ্ট্রিক ও পণ্ডিত

[অধ্যাপক বিনয়কুমার সরকারের সহিত শ্রীহরিদাস মুখোপাধ্যায়ের কথোপকথন]

প্রঃ—আপনার অর্থনৈতিক মতামতসমূহকে আজকাল লোকেরা কি চোখে দেখে ?

উঃ—তা বলা সহজ নয়। তবে চোখও আছে, কানও আছে। পত্রিকায় সমালোচনাগুলা প'ড়েছি। আর লোকজনের সঙ্গে কথাবার্ত্তারও কিছু-কিছু বুঝ্‌তে পারা যায়। মনে হচ্ছে যে,—যারা কারখানা চালায়, ব্যাঙ্ক চালায়, বীমা চালায়, আমদানি-রপ্তানির কাজ করে তাদের অনেকে এই অধমের মতগুলা নেহাৎ গাঁজাখুরি বিবেচনা করে না। তারা দেখ্‌ছে যে, যখন-তখন দিন-রাত রাষ্ট্র-নীতির দোহাই দিলে ব্যাঙ্ক-বীমাও বাড়ানো যাবে না আর কারবারও ফুলিয়ে তোলা সম্ভব নয়। রাষ্ট্রিক ব্যবস্থা যাই হ'ক, আর্থিক আইন-কানুনের অবস্থা যাই হ'ক,—ব্যবসাদারকে ব্যবসা চালাতেই হবে, টাকা রোজগার কর্‌তে হবে, আর আয় বাড়াতে হবে। কাজেই রাষ্ট্রনীতি হ'তে মুক্ত ধনবিজ্ঞানের মক্কেল খাঁটি শিল্পী-বণিক-ব্যবসাদার মহলে বাড়ছে। ব্যবসা-পাড়ার কথাবার্ত্তায় এইরূপ বুঝেছি। ব্যাঙ্ক, বীমা, বহির্জ্জাগিজ্যের কেজো লোকেরা এই ষোল-সতর বছর আমাকে বন্ধুভাবেই দেখে আস্‌ছে। কেহ-কেহ এই অধমকে কেজো লোকও ভাবে !

প্রঃ—আর কোনো মহলে আপনার আর্থিক মতামতের দিকে সহানুভূতি দেখতে পান ?

উঃ—মজুর-পন্থীরা, সোশ্যালিষ্টরা আর কমিউনিষ্টরা এই অধমের বস্তুনিষ্ঠ ও দুনিয়া-নিষ্ঠ বাণী পছন্দ করে। তারা পূর্ব্ব-পশ্চিম ঘারাক্ কর্‌তে অভ্যস্ত নয়। তাদের আস্থা মার্কস্-পন্থী। তারা দেখ্‌ছে—আর্থিক দুনিয়া একই নিয়মে একই পথে চ'লেছে সর্ব্বত্র। ভারতে পুঁজি-নিষ্ঠার ক্রম-বিকাশ তারা চায়। কাজেই যন্ত্রনিষ্ঠা তাদের কাছে অতি প্রিয়। এইসকল বিষয়ে ভারতবর্ষ ইয়োরামেরিকার অনেক পেছনে প'ড়ে রয়েছে। আর ভারতে রাতারাতি ইয়োরামেরিকান কর্ম্মকৌশল কায়েম করা অসম্ভব। এই সব মত তাদের পক্ষে সহজেই হজম হয়। মজুর-পন্থী মহলে তথাকথিত "ভারতীয় অর্থশাস্ত্র" তত-বেশী প্রিয় না হবারই কথা।

প্রঃ—আপনি মার্কস্-প্রচারক ব'লে মজুর-পন্থীরা আপনাকে সহানুভূতির চোখে দেখে না কি ?

উঃ—ঠিক কথা। আমার বিশ্বাস,—সহানুভূতির একটা বড় কারণই এই। তবে সোশ্যালিষ্ট ইত্যাদি মহলে অনেকেই জানে যে, আমি মার্কস্-পন্থী নই,—মার্কস্-প্রচারক মাত্র। কিন্তু মার্কস্‌কে আমি অন্যতম "জগদ্‌গুরু" বিবেচনা করি। মার্কস্‌ের তারিফ্ আমার মুখে যত বেরোয় খুব কম লোকের মুখেই তত বেরিয়েছে। তারপর লেনিনকে আমি বলি বিশ শতাব্দীর যুগাবতার। অধিকন্তু এই অধমের রচনাবলীর ভেতর যেখানেই কামড়া না কেন, সেখানেই পাবি মজুর, মজুর-মঙ্গল, মজুর-নিষ্ঠা, মজুর-সমিতি, মজুর-স্বরাজ ইত্যাদি। মজুর-পন্থীরা আমাকে সমাজ-বীমার

প্রচারক হিসাবেও তুলনায় দেখে। ১৯১৪-২০ সন হ'তে আমি জনসাধারণের স্বার্থে ব্যাধি-বার্দ্ধক্য আর দৈব ও বেকার-বিষয়ক বীমার জন্য বকাবকি ক'রে চ'লেছি।

প্রঃ—রাষ্ট্রিক মহলে আপনার অর্থশাস্ত্র কিরূপ চলে?

উঃ—রাষ্ট্রিক জন-নায়কেরা জানেন যে, এই লোকটাকে কোনো দলে ভিড়ানো সম্ভব নয়। কাজেই তাঁদের কাছে আমি একটা শূন্য-বিশেষ বা ছায়া মাত্র। আমার মতামতগুলা বিলকুল না-থাকারই সমান। এঁরা মনে করেন,—"থাক্, বই লিখ্‌ছে, লিখুক। থাক্ কিছু ছাপা মাল।" জন-নায়কের সংখ্যা গুনতিতে আর ক'জনই বা? জনসাধারণ দেখ্‌ছে যে,—লোকটা উল্টা ব'কে চলেছে সর্ব্বদাই, ঘাড় সোজা রেখে। মনে করে, কম-সে-কম একটা সাহিত্য তো গ'ড়ে উঠ্‌ছে।

প্রঃ—রাষ্ট্রিক নেতারা আপনাকে ছায়া মাত্র বিবেচনা করে বল্‌ছেন। কথাটার মানে কি?

উঃ—অতি সোজা কথা। এঁরা আমাকে কাজে লাগাতে পারেন না। তাঁদের কোনো কাজে আমি এলাম না। অথচ ভাব আমার আছে এঁদের অনেকেরই সঙ্গে।

প্রঃ—রাষ্ট্রিক নেতাদের কাছে আসা কাকে বলে?

উঃ—তাঁদের দলস্থ হওয়া। ঘটনাচক্রে আমি নির্দ্দিষ্টভাবে নির্দ্দল লোক। ঘাড়ের উপর যাদের মাথা থাকে তারা কোনো "দলের লোক" হ'তে পারে না। কিন্তু কেজো লোকেরা কোনো মতের ভাল-মন্দ'র তোয়াক্কা রাখে না। তারা নিজেদের মতলব হাসিল করবার ফিকির মাত্র খুঁজতে অভ্যস্ত। এই কাজের জন্য চাই দল।

প্রঃ—দলের জন্য চাই কিরূপ লোক?

উঃ—যেসব লোক একমাত্র "হাঁ" আর "না" বল্‌তে পারে। সভায় ব'সে হাত তোলা আর ভোট দেওয়া পর্য্যন্ত তাদের কাজ। তাদের মতামত থাকবার কোনো প্রয়োজন নেই। ভাল-মন্দ বলবার বা বিচার করবার ক্ষমতা থাকলেই বিপদ। তাতে দল ভেঙে যেতে পারে। দল-পতি বেচারার প্রাণ অতিষ্ঠ হবার সম্ভাবনা। আমার মতন লোক কোনো সভায় বসলে হয়ত বন্ধুদের ঠিক বিরুদ্ধেই ভোট দিয়ে বসবে। কেননা,—মনে কর, আলোচ্য বিষয়টার বিচার করা সুরু হ'ল। তখন হয়তো শত্রুপক্ষের দিকেই রায় দেওয়া যুক্তিসঙ্গত বিবেচিত হ'তে পারে। এমন লোককে জন-নায়কেরা ছায়া বা শূন্য ভাব্‌বে না ত কি?

:—অনেকেই দেখ্‌ছেন যে, লোকটা নিজের মত বেচে পয়সা করে না। অথচ মত বেচে পয়সা করা যায়। কাজেই কোথাও-কোথাও কেহ কেহ ভাব্‌ছেন যে,—মতগুলা হয়ত বা স্বার্থ-জড়িত নয়। আর ক্ষতিই বা কার হচ্ছে? তাই এঁরা "বিশ্ব-দৌলত ও আধিক ভারত" বিষয়ক ধনবিজ্ঞান সম্বন্ধে খানিকটা নিশ্চিন্ত ও নিশ্চিন্ত। মাঝে-মাঝে এই ধরণের খবর ভারতের নানা সহর থেকে কানে এসে পৌঁছে।

তা ছাড়া, এঁদের বিশ্বাস যে,—"নতুন কিছু বক্‌তে গেলে গলা-ব্যথা হয় বক্তার। যায় সঙ্গে পরে-পরে। ক্ষতি কি? বরং তাঁক তাতে একটু লাভ আছে। অন্ততঃ পক্ষে গবেষণার নয়া-নয়া সমস্যা পাওয়া যায়। তাই বা মন্দ কি? যারা-যারা গবেষণা কর্‌তে চায় তারা করুক। সকলের মাথা ঘামাবার দরকার কি?" তার পর পনর-ষোল বছর চ'লে গেল। কাল-মাহাত্ম্য আছে। আর ভারতও বহুরে বড়। কেহ-কেহ লক্ষ্য কর্‌ছেন যে,—"এই লোকটার কোনো-কোনো কথা দু-পাঁচ-সাত বৎসরের ভেতর ফ'লে যায়। অধিকন্তু ফরাসী, জার্ম্মাণ, ইতালিয়ান, স্পেনিশ, রুশ ইত্যাদি ভাষা জানাটা নেহাৎ মন্দ নয়। বিদেশী তথ্য, তত্ত্ব ও সংখ্যা জানা থাকলে কম্-সে-কম্ বিদ্যার পরিচয় দেওয়া চলে। হয় তো বা কিঞ্চিৎ-কিছু সাংসারিক লাভও হয়। কে জানে?"

সুতরাং পণ্ডিত-মহলেও এই অধমের আলোচনা-প্রণালীর সম্বন্ধে অল্প-বিস্তর ভাঙন লেগেছে। আজকালকার বাঙালী ও অবাঙালী ভারতীয় অর্থশাস্ত্রীর কেহ-কেহ এক-রগ্‌গা ভাবে কোনো নির্দ্দিষ্ট তথাকথিত ভারতীয় স্বার্থের ওকালতি করেন না।

"দি এগ্রিকালচারাল সিচুয়েশন্"

(ওয়াশিংটন ডি-সি, মে, ১৯৪৩)

মার্কিণ যুক্তরাষ্ট্রের সরকারী কৃষিবিভাগের বিউরো অব্ এগ্রিকাল্‌চারাল ইকনমিকস্ কর্তৃক প্রকাশিত মাসিক পত্রিকা।

বর্ত্তমান যুদ্ধ কেবলমাত্র অস্ত্রশস্ত্র ও নানাবিধ সমরোপকরণ উৎপাদনেই সীমাবদ্ধ নয়। অর্থনীতি-ক্ষেত্রে—বিশেষতঃ আহার্য্য ফ্রন্টেও লড়াই চলিতেছে সমান তালে। কাজেই মার্কিণ যুক্তরাষ্ট্র এখন কেবলমাত্র গণতান্ত্রিক রাষ্ট্রগুলির অস্ত্র-নির্ম্মাণের কারখানাই নয়, মার্কিণ দেশ ক্রমে সম্মিলিত জাতিসমূহের শস্য-ভাণ্ডারেও পরিণত হইয়াছে। এশিয়া মহাদেশে মার্কিণ খাদ্যশস্য প্রেরিত না হইলেও মার্কিণ যে ইয়োরোপের অভাব পূরণের জন্য প্রস্তুত তাহা বেশ বুঝা যাইতেছে।

মার্কিণ যুক্তরাষ্ট্রের কৃষিকার্য্য বর্ত্তমানে চলিতেছে পরিকল্পনা অনুসারে। প্রেসিডেন্ট রুজভেল্ট স্বয়ং এড্‌মিনিষ্ট্রেটার চেষ্টার সি ডেভিসের সহিত একত্রে পরামর্শ করিয়া চাষ-আবাদের এই যুদ্ধকালীন পরিকল্পনা স্থির করিয়াছেন। খাদ্যশস্যের উৎপাদন-বৃদ্ধিই এই পরিকল্পনার মুখ্য উদ্দেশ্য। পরিকল্পনার কাজ বিশেষ জোরের সহিত আরম্ভ হইয়াছে। জীবন-যাত্রার মূল্যবৃদ্ধি ও জিনিষপত্রের অত্যধিক মূল্যবৃদ্ধি নিবারণ সম্পর্কিত সরকারী নিয়ন্ত্রণ-নীতিও সাফল্য-মণ্ডিত হইতেছে। মূল্যনিয়ন্ত্রণ ও ব্ল্যাক-মার্কেট অর্থাৎ চোরা-বাজার লোপ করার ব্যবস্থায় যে-সরকারী জনসাধারণ তথা সশস্ত্র সৈন্যবাহিনী উভয়েই লাভবান হইয়াছে।

যুদ্ধ আরম্ভ হওয়ার পর ক্ষেত-খামারের মজুররা দলে দলে সহরের কলকারখানায় ও সৈন্যদলে যোগদান করিয়াছে। তাহা সত্ত্বেও ক্ষেত-খামারে চাষী-মজুরের অভাব ঘটে নাই। যুদ্ধের পূর্ব্বে কৃষিক্ষেত্রগুলিতে যে পরিমাণ লোকজন নিযুক্ত ছিল, বর্ত্তমানেও প্রায় তাহাই রহিয়াছে। কৃষক পরিবারগুলির যে সমস্ত লোক পূর্ব্বে কোন কাজই করিত না বা সামান্য মাত্রায় সহর খাটাইত তাহারা স্থানান্তরিত চাষী-মজুরদের কাজ সম্পন্ন করিতেছে।

আলোচ্য সংখ্যায় এগ্রিকাল্‌চারাল ইকনমিকসের সাতজন সদস্য মার্কিণ কৃষির বিভিন্ন দিক্ লইয়া আলোচনা করিয়াছেন। জে ভুকস্ লুই প্রণীত "১৯৪৩ সনে ক্ষেত-খামারের চাষী" শীর্ষক প্রবন্ধটীতে দেখা যায়, যুদ্ধ সত্ত্বেও মার্কিণ কৃষিক্ষেত্রগুলিতে চাষী-মজুরদের সংখ্যা অব্যাহত আছে এবং মাথা-পিছু উৎপাদনের পরিমাণও বাড়িয়া গিয়াছে। কৃষিক্ষেত্রে লোকজনের অভাব যে কিভাবে পূরণ করা হইয়াছে, তাহা ইতিপূর্ব্বেই উল্লেখ করা হইয়াছে। ক্ষেত-খামারের কাজে যন্ত্রিযোগের ফলে মাথা-পিছু উৎপাদনের পরিমাণ বর্দ্ধিত হইয়াছে।

"যুদ্ধরত গবেষণাগার বা লেবরেটরিসমূহ" শীর্ষক প্রবন্ধটীও বিশেষভাবে প্রণিধানের যোগ্য। প্রবন্ধ-লেখক হ্যারিজ্ গোড্ সরকারী কৃষি-গবেষণার আভাষ প্রদান করিয়াছেন। সরকারী কৃষি-গবেষণাগারে ভেড়া ও ছাগলের পাকস্থলীর পোকা, হুক-ওয়ার্ম প্রভৃতির প্রতিষেধক আবিষ্কৃত হইয়াছে। ফেনোথিয়াজিন্ নামক রাসায়নিক তরল পদার্থ (এক আউন্স ডোজ) ছাগল ও

ভেড়াকে খাওয়াইলে এই সমস্ত রোগের আশু উপশম হয়। ডোজের মাত্রা বাড়াইলে বাছুর ও অল্প বয়সের কোনও এঁড়েরও এই সমস্ত ব্যাধি দূর করা যায়। ঘোড়া ও বলদের রক্তের মধ্যে এক প্রকার পোকা হয়। এই পোকা ঘোড়া ও বলদের কার্য্যশক্তি হ্রাস করে। সিকি আউন্স কেনোথিয়াজিন খাওয়াইলে ঘোড়া ও বলদ এই পোকার হাত থেকে পরিত্রাণ লাভ করিতে পারে। হাঁস-মুরগীর বিষ্ণকর সেদালওয়ার্ম নামক পোকা নিবারণেও এই কেমিক্যাল পদার্থ অমোঘ ঔষধ।

"হুস্‌হুস্ উইন্ট" নামক একপ্রকার ব্যাধি টম্যাটোয় হয়। মারগ্রোব টম্যাটোর সাথে পেরু দেশের এক জাতীয় বন্য টম্যাটোর সংমিশ্রণ ঘটাইয়া মার্কিণ গবেষকগণ প্যান্-আমেরিকা নামে নূতন এক প্রকার টম্যাটো প্রস্তুত করিয়াছেন। এই নূতন টম্যাটোর চাষে মার্কিণ কৃষকগণ যথেষ্ট লাভবান হইবেন।

মার্কিণ গবেষকগণ হাঁস-মুরগীর নূতন আহার্য্য আবিষ্কার করিয়াছেন। এই আহার্য্য ব্যবহারের ফলে মার্কিণ মুর্গী-গুলির বৎসরে ডিম প্রসবের সংখ্যা ১৯৩৪ সনের ৮৯টা হইতে ১৯৪২ সনে ১১৩টায় বর্দ্ধিত হইয়াছে।

মার্কিণ বৈজ্ঞানিকগণ হুপ্রজনন দ্বারা মধুমক্ষিকার উন্নতি সাধন করিয়াছেন। এইসব মৌমাছির মধু উৎপাদনের পরিমাণ ৫০% বাড়িয়াছে।

রবারের স্বলাভিষিক্ত পদার্থ আবিষ্কার মার্কিণ বৈজ্ঞানিকদের আর একটা বড় রকমের কীর্ত্তি। এই নতুন পদার্থের নাম দেওয়া হইয়াছে নোরপোল্। সয়াবিনের তেল বা অন্যান্য শস্যজাত তেলের তৈরী পদার্থ দ্বারা নানা কাজে রবারের অভাব পূরণ করা হইতেছে। বর্ত্তমানে নানারূপ নামে এই পদার্থ উৎপন্নও হইতেছে প্রচুর পরিমাণে।

এ পি ব্রাউন লিখিত "কৃষিক্ষেত্রের যন্ত্রপাতি" শীর্ষক প্রবন্ধটীও রীতিমত প্রণিধান-যোগ্য। প্রবন্ধ-লেখকের মতে ১৯৪৩ সনে কৃষিযন্ত্রপাতি উৎপাদন যথেষ্ট পরিমাণে হ্রাস পাইয়াছে। ক্ষেত-খামারে লোকজনের সংখ্যাও হ্রাস পাইয়াছে অথচ উৎপাদন বৃদ্ধি করিতে হইবে বৎ-পরোনাস্তি। কাজেই কৃষকদিগকে যন্ত্রপাতির উপর খুব বেশী নির্ভর করিতে হইতেছে।

কৃষিক্ষেত্রে শক্তি-প্রয়োগ সম্পর্কে প্রথম বিশ্বযুদ্ধ ও দ্বিতীয় বিশ্বযুদ্ধের মধ্যে আকাশ-পাতাল ব্যবধান বিদ্যমান। প্রথম বিশ্বযুদ্ধের আমলে ট্রাক্টরের সংখ্যা ছিল অত্যন্ত অল্প। অটোমোবিল্ ও মোটর-ট্রাক শিল্পেরও তখন নিতান্ত শৈশবাবস্থা। প্রথম বিশ্বযুদ্ধের সময় সকল শ্রেণীর পাওয়ার মেশিনের সংখ্যা অবশ্যই খুব বাড়িয়া যায়। যুদ্ধকালের প্রত্যেক বৎসরে কৃষিক্ষেত্রে যন্ত্রশক্তির প্রয়োগও বাড়িয়াছিল।

দ্বিতীয় বিশ্বযুদ্ধের প্রারম্ভে ট্রাক্টরের সংখ্যা সর্ব্বোচ্চ সীমায় উপনীত হইয়াছে। কিন্তু ক্ষেত-খামারের পশু-সংখ্যা ১৯২০ সনের তুলনায় ৫৫%। ফ্যাক্টরি-গুলির অধিকাংশই নূতন, আর যন্ত্রকৌশলের দিক্ থেকেও এইগুলি নূতনত্বের দাবী করিতে সক্ষম। বর্ত্তমানে মার্কিণের কৃষিক্ষেত্রগুলিতে ১,৯০০,০০০টী ট্র্যাক্টর চলিতেছে। ট্র্যাক্টরের মালিক কৃষকের সংখ্যা প্রায় ১,৭০০,০০০ জন। ছোট ছোট কৃষিক্ষেত্রের মালিক প্রায় ১০ লক্ষ কৃষক ট্র্যাক্টরের মুখ দেখিতে পায় না। ইহারা যন্ত্রপাতি ধার করিয়া কাজ সারে। তাছাড়া আরও ৬০ লক্ষ চাষী পশু-শক্তি আর পশু-চালিত যন্ত্রপাতি দ্বারা কৃষিকার্য্য নির্ব্বাহ করে। কতকগুলি যন্ত্রপাতি বাস্তবিকই এমন সেকেলে ধরণের যে, এইগুলির আশু পরিবর্ত্তনের প্রয়োজন উপস্থিত হইয়াছে।

"বিনয় সরকারের বৈঠকে"; বাংলার সংস্কৃতি, সাহিত্য, ইতিহাস, দর্শন, বিজ্ঞান ও চিত্রকলা হ'তে আরম্ভ ক'রে সমাজ, রাষ্ট্র, ও ধর্ম-বিবর্জনের এত কথা "বিনয় সরকারের বৈঠকে" পাওয়া গেল যে তাকে ছোট-খাটো 'বিশ্বকোষ' বলেই মনে হয়। অনেক কথা পাওয়া খুব বড় কথা নয়, অনেক নূতন কথা, নূতন চিন্তা এবং বহু নূতন তথ্য পেলাম বলেই তার এত মূল্য। জিজ্ঞাসু মনের কাছে "বিনয় সরকারের বৈঠকে" আধুনিক বাংলা সাহিত্যের অন্যতম শ্রেষ্ঠ রচনা রূপে বিবেচিত হবে বলেই আমার বিশ্বাস।

"বিনয় সরকারের বৈঠকে"র মধ্যে সবচেয়ে উল্লেখ-যোগ্য কথা দর্শন কি এবং দার্শনিক কে, প্রাচ্য ও পাশ্চাত্য সর্ব্ববিষয়ে সমান কি না অর্থাৎ তাদের সভ্যতার মধ্যে মূলগত কোনো প্রভেদ আছে কিনা, সতীশ মুখোপাধ্যায়ের "ডনসোসাইটি"র ইতিহাস এবং বাংলা সাহিত্যের ভবিষ্যৎ।

"বিনয় সরকারের বৈঠকে" আমার কাছে বাংলা সাহিত্যের একখানা শ্রেষ্ঠ গ্রন্থ বলে মনে হয়, যদিও তার মূল বক্তব্যগুলির সহিত প্রায়ই মতের মিল হচ্ছে না। অবশ্য ডনসোসাইটির কথা আলাদা। ডনসোসাইটির কথা বলতে গিয়ে ডাঃ সরকার সমালোচনার মধ্যে বিশেষ জড়িত হয়ে পড়েন নি, তিনি মূলতঃ ডনসোসাইটির ইতিহাসই বিবৃত করেছেন।

ডন সোসাইটির ইতিহাস তো আমার কাছে একদম নূতন। এ গ্রন্থ পড়ার পূর্ব্বে আমার জানা ছিল সতীশ মুখোপাধ্যায় ডনসোসাইটি প্রতিষ্ঠা করেন এবং তার দ্বারস্থ অনেকে দেশসেবার প্রেরণা পায়, পরে তিনি বহির্জগতের সহিত সম্পর্ক ছিন্ন ক'রে কাশীতে একরূপ সন্ন্যাস জীবন যাপন করছেন। এর বেশী আর কিছু জানতাম না। কাজেই "বিনয় সরকারের বৈঠকে" ডনসোসাইটি ও সতীশ মুখোপাধ্যায়ের ইতিহাস জেনে বিস্মিত হচ্ছি এই ভেবে যে,—এতো বড়ো একটা ঐতিহাসিক যজ্ঞের কথা এতদিন প্রায় অজ্ঞাত ছিল, কারো কাছ থেকেই তো এ-কথা জানতে পারি নি। অধিকাংশ শিক্ষিত বাঙালীই (বিংশ শতাব্দীতে যারা জন্ম গ্রহণ করেছে) জানে না ডনসোসাইটি কি, সতীশ মুখোপাধ্যায় কে, এবং ডন সোসাইটি ও সতীশ মুখোপাধ্যায়ের অবদান বাংলার জাতীয় জীবনে কতখানি। বিনয় সরকার তার "বৈঠকে" সম্পূর্ণরূপে না হোক্—অনেকাংশে সেই অভাব পূরণ করেছেন। "বিনয় সরকারের বৈঠকে" হাজির হয়ে সব চেয়ে ভালো লেগেছে ডন সোসাইটি ও সতীশ মুখোপাধ্যায়ের ইতিহাস। কারণ উক্ত গ্রন্থে এত নূতন আর কিছুই লাগে নি। আমার মনে হয় "বিনয় সরকারের বৈঠকে" দর্শন ও সাহিত্য, ইতিহাস ও বিজ্ঞান, আর্ট ও চিত্র ইত্যাদি সম্বন্ধে যত আলোচনা হয়েছে, তার সঙ্গে অনেকেরই মতের মিল হবে কিনা সন্দেহ। একদিন হয়ত এ-সব মতবাদ ও আলোচনা নিতান্ত সেকেলে হয়ে যাবে, কিন্তু ডন সোসাইটির ইতিহাস বাংলার জাতীয় ইতিহাস হ'তে মুছে যেতে পারে না। তাই মনে হয় অন্ততঃ এই অংশ-টুকুর জন্যও "বিনয় সরকারের বৈঠকে" বাংলা সাহিত্যে অমর হ'য়ে থাকবে। এই তো আমার বিশ্বাস।

[illegible]

"লেবার ইন্ অষ্ট্রেলিয়া, দি রোরী অব্ এ সাকসেসফুল লেবার মুভমেণ্ট"—গরেড রস প্রণীত; নিউইয়র্ক;

অ্যামেরিকান্ কাউন্সিল, ইন্‌স্টিটিউট্ অব প্যাসিফিক রিলেশন্স ; ১৯৪৩ ; ৪৮ পৃঃ ; মূল্য ৫ সেণ্ট মাত্র।

অষ্ট্রেলিয়ার জনৈক ট্রেড্ ইউনিয়ন নেতা কর্তৃক লিখিত এই মূল্যবান পুস্তিকায় অষ্ট্রেলিয়ার মজুর আন্দোলনের সংক্ষিপ্ত ইতিহাস স্থান লাভ করিয়াছে। ট্রেড ইউনিয়ন আন্দোলন হইতে রাজনৈতিক শ্রমিক পার্টি যে কিভাবে জন্মলাভ করিতে পারে তাহাও সবিস্তারে বর্ণিত হইয়াছে।

গ্রন্থকার বলেন, "বড় বড় শিল্পপতি ও ব্যবসায় ধুরন্ধরগণ ট্রেড ইউনিয়ন আন্দোলনকারীদের যুদ্ধের জন্য আহ্বানের গুরুত্ব পূরাপুরিভাবে উপলব্ধি করার পূর্বেই অষ্ট্রেলিয়ার শ্রমিক কেবলমাত্র আর্থিক শক্তি নয়, রাজনৈতিক ক্ষমতাও লাভ করিয়াছে। ব্যবসাসম্পর্কীয় সরকারী হস্তক্ষেপ নীতি সম্পর্কেও গ্রন্থকারের বিশেষ দৃষ্টি নিবদ্ধ হইয়াছে। প্রসঙ্গতঃ তিনি আর্বিট্রেশন কোর্টগুলির কার্যবিধিরও সম্যক পরিচয় প্রদান করিয়াছেন।

গ্রন্থে ঔপনিবেশিক সমস্যা সম্বন্ধেও আলোচনা করা হইয়াছে। বিদেশে শ্রমিকদল প্রেরণ করিয়া কোন দেশের শ্রমিক-সমস্যার সম্যক সমাধান হইতে পারে না, গ্রন্থে তাহা সুস্পষ্টভাবেই বলা হইয়াছে। গ্রন্থকারের মতে, অষ্ট্রেলিয়ার জন্য যে কোন দেশীয় বা জাতীয় লোকজনের অবাধ উপনিবেশ স্থাপন নীতি বরদাস্ত করিতে অষ্ট্রেলিয়ান শ্রমিকগণ আদৌ প্রস্তুত নয়, আর এইরূপ মনোভাব আন্তর্জাতিক আদর্শসমূহের বিরোধীও নয়।

পুস্তিকার শেষ অংশে যুদ্ধের মধ্যে অষ্ট্রেলিয়ার মজুরদের হাল-চাল আর যুদ্ধের পরেই তাহাদের অবস্থা কিরূপ দাঁড়াইবে তাহা লইয়া আলোচনা করা হইয়াছে।

"সোস্যাল্ সিকিউরিটি অ্যাণ্ড রিকনষ্ট্রাক্সন ইন্ ক্যানাডা"—হ্যারী এম ক্যাসিডী প্রণীত ; টোরোণ্টো ; রায়ার্সন প্রেস ; ১৯৪৩ ; ১৯৭ পৃঃ ; মূল্য কাগজে বাঁধাই ২ ডলার ; কাপড়ে বাঁধাই ২।০ ডলার মাত্র।

ডাঃ ক্যাসিডী বৃটিশ কলাম্বিয়ার স্বাস্থ্যবীমার উন্নতি সাধনে বিশেষ অংশ গ্রহণ করেন। বর্তমানে ইনি কালিফোর্ণিয়া বিশ্ববিদ্যালয়ে সমাজ-মঙ্গলের অধ্যাপক পদে নিযুক্ত আছেন। আলোচ্য গ্রন্থখানাকে তিনি "এক বিশাল সমস্যার পর্যবেক্ষণমূলক জরিপ" বলিয়া উল্লেখ করিয়াছেন। যুদ্ধোত্তর যুগে জন-মঙ্গল সম্বন্ধে পরিকল্পনা নির্ধারণই গ্রন্থকারের উদ্দেশ্য। কানাডার সকল প্রকার সমাজ-সেবা এই জরিপের অন্তর্ভুক্ত হইয়াছে ; সঙ্গে সঙ্গে মার্কিণ যুক্তরাষ্ট্রেও নিউজিল্যাণ্ডের সমাজ-নিরাপত্তাবিষয়ক ব্যবস্থাসমূহের এবং বিভারিজ্ পরিকল্পনার সংক্ষিপ্ত বিবরণীও স্থানলাভ করিয়াছে।

আলোচ্য গ্রন্থের শেষ অংশে সমাজের নিরাপত্তা বিষয়ক এক জাতীয় কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণীর উল্লেখ আছে। সমাজ-বীমা, পারিবারিক ভাতা, সরকারী সাহায্য, চিকিৎসা, শিশুমঙ্গল প্রভৃতি সম্বন্ধে আলোচনা করা হইয়াছে। সমস্ত বিষয়েই বিশদ ও আনুপূর্বিক বিবরণীর পরিবর্তে গ্রন্থকার কেবলমাত্র একটা মোটামুটী আভাষ এবং কিভাবে কাজ করার দরকার তাহার হদিস বাতলাইয়াছেন। মোটের উপর, পুনর্গঠন সম্পর্কে প্রধান মন্ত্রী কর্তৃক নিযুক্ত পরামর্শ-কমিটীর রিপোর্টের অনুসরণ করিয়া গ্রন্থকার তাঁর পরিকল্পনা স্থির করিয়াছেন।

"ডেমোক্রেসী এণ্ড্ এম্প্লয়মেণ্ট। অ্যান্ অ্যানালিসিস্ অব দি মেজর প্রব্‌লেম্ অব্ পোষ্ট-ওয়ার প্ল্যানিং" উইলিয়াম এইচ ষ্টেড্ প্রণীত ; নিউইয়র্ক ও লণ্ডন ; হার্পার অ্যাণ্ড ব্রাদার্স ; ১৯৪২ ; ২৮০ পৃঃ ; মূল্য ৩ ডলার মাত্র।

গ্রন্থকার বেকার সমস্যার কারণ ও উহার সমাধান সম্পর্কে কোন নূতন আলোক-পাত করেন নাই। গ্রন্থখানা যে ধনবিজ্ঞানসেবীদের জন্য নয়, সাধারণ পাঠক শ্রেণীর জন্যই লিখিত, গ্রন্থকার গ্রন্থের প্রারম্ভেই তাহা উল্লেখ করিয়াছেন। যুদ্ধের পর যে মন্দা দেখা দিবে তাহাতে গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলি যাহাতে ভাঙ্গিয়া না পড়ে গ্রন্থকার তজ্জন্য দূরদৃষ্টিযুক্ত উদারনীতি অবলম্বনের জন্য উপদেশ প্রদান করিয়াছেন এবং সঙ্গে সঙ্গে কতকগুলি অবশ্যকরণীয় পন্থারও হদিস বাতলাইয়াছেন।

গ্রন্থের প্রথম ভাগে বেকার সমস্যার বড় বড় কারণগুলা সম্পর্কে আলোচনা করা হইয়াছে। ক্রয়-ক্ষমতার অসম বণ্টনের উপরই গ্রন্থকার বিশেষ জোর দিয়াছেন। দ্বিতীয়

ও তৃতীয় ভাগে প্রধানতঃ সমস্যা সমাধান সম্পর্কে আলোচনা করা হইয়াছে। কলকারখানাগুলি স্বতঃপ্রবৃত্ত হইয়া কিভাবে বেকার সমস্যার সমাধান করিতে পারে, সে সম্বন্ধে আলোচনা করিয়া গ্রন্থকার শেষ পর্যন্ত সরকারী হস্তক্ষেপ নীতিই একমাত্র কার্যকরী ও বাঞ্ছনীয় বলিয়া অভিমত প্রকাশ করিয়াছেন। এ ছাড়া দীর্ঘ মেয়াদের আর্থিক উন্নতি সম্পূর্ণরূপে অসম্ভব। শ্রমিকদের কাজের সংস্থান সম্পর্কে মধ্যে মধ্যে যে উঠা-নামা ঘটে তাহার পরিমাণ হ্রাসের এবং শ্রমের বাজারের উন্নততর বিধিব্যবস্থা করার দরকার। গ্রন্থকার এ সম্বন্ধে এবং বেকার সমস্যার বিরুদ্ধে সংগ্রাম ও সমাজরীমার মধ্যে যে নিগূঢ় সম্বন্ধ রহিয়াছে সে বিষয়ে আলোচনা করিয়াছেন।

ক্রয়-ক্ষমতার সন্তোষজনক বিধি-ব্যবস্থার ফলে জন-সাধারণের উৎপাদন-ক্ষমতা ও খাদনের শক্তি দুই-ই বাড়িতে পারে। আলোচ্য গ্রন্থের তৃতীয় খণ্ডে সম্পূর্ণরূপে এই বিষয় লইয়া আলোচনা পরিচালিত হইয়াছে। স্বেচ্ছামূলক সমবায়ের উপর গ্রন্থকার অত্যধিক আস্থা-সম্পন্ন ছিলেন। কিন্তু তিনি স্বীকার করিয়াছেন যে, মুষ্টিমেয় কোন দলের হাতে অর্থ-সম্পদ্ পুঞ্জীভূত হওয়ার অমঙ্গল থেকে পরিত্রাণ লাভ করিতে হইলে সরকারী নিয়ন্ত্রণই একমাত্র কার্যকর পন্থা। জাতীয় সম্পদ্ বণ্টনের সুব্যবস্থা সম্বন্ধে গবর্নমেণ্ট কিরূপ কার্যকরী পন্থাসমূহ অবলম্বন করিতে পারেন, তাহার পুঙ্খানুপুঙ্খ বিবরণ সম্বন্ধে কোনরূপ চেষ্টা না করিয়া গ্রন্থকার ট্যাক্স পরিকল্পনা, অল্পমায়বিশিষ্ট দলগুলিকে সরকারী সাহায্য, মজুরি-নিয়ন্ত্রণের সোপানবিধা এবং আন্তর্জাতিক বাণিজ্যনীতির উপর বিশেষ জোর দিয়া আলোচনা করিয়াছেন।

সরকারী নিয়ন্ত্রণের বহর বাড়িতে থাকিলে গণ-তান্ত্রিক প্রতিষ্ঠানগুলি ভাঙ্গিয়া পড়িবে বলিয়া কোন কোন মহলে যে মিথ্যা আশঙ্কার সৃষ্টি হইয়াছে গ্রন্থকার তাঁহার গ্রন্থের শেষ অধ্যায়ে সে সম্বন্ধে বিশদভাবে আলোচনা করিয়াছেন। তাঁহার মতে, গণতন্ত্র ও সরকারী পরিকল্পনা-নীতির মধ্যে বাস্তবিকই কোন বিরোধিতা নাই। পক্ষান্তরে সরকারী পরিকল্পনা-নীতি সর্বত্র জনসাধারণের প্রত্যক্ষ যোগাযোগ ও তাহাদের মঙ্গল সাধনের নূতন পথই উন্মুক্ত করিতে সক্ষম। শেষ পর্যন্ত তিনি তাঁহার অন্তর্নিহিত গভীর আস্থা খোলাখুলিভাবে প্রকাশ করিয়া বলিয়াছেন, "অভাব ও বেকার-ব্যাধির বিভীষিকা দূর করিবার জন্য এইসমস্ত পন্থা অবলম্বন না করিলে নিখিল বিশ্বের জনগণ আর্থিক নিরাপত্তার তাগিদে দিশেহারা হইয়া গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলা দূরে পরিহার করিবে।"

"এ সোশ্যাল্ ফিলজফি অব্ কো-অপারেশন"। আর এ পামার্স লিখিত ভূমিকাসহ—জে ঘে ওলী প্রণীত। মাঞ্চেষ্টার, কো-অপারেটিভ্ ইউনিয়ন লিমিটেড্; ১৯৪২; ৮০ পৃঃ।

গ্রন্থকার বিলাতের কো-অপারেটিভ্ প্রোডাক্টিভ্ ফেডারেশনের সেক্রেটারী। তাঁহার মতে সমবায় দর্শনের নূতন করিয়া তালিকা সাজান প্রয়োজন। কেবলমাত্র কর্মকৌশলের দিক্ হইতে আলোচনার পরিবর্তে তিনি অন্যতম সুনির্দিষ্ট সমাজ-দর্শন হিসাবেই সমবায় আন্দোলন সম্পর্কে আলোচনা করিয়াছেন। তিনি বিভিন্ন অধ্যায়ে সমবায় নীতি, সমবায় ও শিক্ষা, সমবায় ও যুবাধর্ম, ব্যক্তি ও সমবায় এবং সমবায় ও পুনর্গঠন লইয়া গবেষণা করিয়াছেন। গ্রন্থকারের মতে, ব্যক্তিগত কারবার, সরকারী প্রচেষ্টা ও সমবায় এই তিনটীর সামঞ্জস্য-পূর্ণ ভাগ-বাঁটোয়ারার দরকার; অর্থনীতির প্রকৃত পুনর্গঠন সমস্যার সমাধান সঙ্ঘবদ্ধ আর্থিক চেষ্টা-চরিত্রের এই ত্রিকোণ কাঠামোর উপরেই নির্ভর করিতেছে।



১। "আমেরিকান এগ্রিকাল্‌চার, ১৮৯৯-১৯৩৯ : এ হ্যাণ্ডি অব্‌ আউটপুট, এম্প্লয়মেণ্ট, অ্যাণ্ড্‌ প্রোডাক্‌টিভিটী" বার্গার হ্যারল্ড ও হ্যান্স এইচ ল্যাণ্ডসবার্গ; নিউইয়র্ক; ন্যাশনাল বিউরো অব্‌ ইকনমিক্‌ রিসার্চ; ১৯৪২; পৃঃ ৪৪০; ৩ ডলার।

২। "দি ম্যাকিয়াভেলিয়ান—ডিফেণ্ডার্স অব্‌ ফ্রিডম্‌"; জেমস বার্ণহাম; নিউইয়র্ক; দি জন ডি কোম্পানী; ১৯৪৩; পৃঃ ২৭০; আড়াই ডলার।

৩। "এ কমন্‌ওয়েলথ্‌ অব্‌ নেশন্স—লর্ডস্‌ল্যু হোল্‌ডী লিখিত ভূমিকা"; ফ্রান্সিস হেনরী কলম্যাট; কালিফোর্ণিয়া ষ্ট্যানফোর্ড ইউনিভার্সিটী প্রেস; ১৯৪৩; পৃঃ ৩৯।

৪। "কার্ট বিহেভিয়ার অ্যাণ্ড্‌ প্রাইস্‌ পলিসি"; কন্‌ফারেন্স অন্‌প্রাইস রিসার্চ; কমিটী অন্‌ প্রাইস্‌ ডিটারমিনেশন্স; নিউইয়র্ক; ন্যাশন্যাল বিউরো অব্‌ ইকনমিক্‌ রিসার্চ; ১৯৪৩; পৃঃ ৩৫৬; ৩ ডলার।

৫। "ইনকাম্‌ সাইজ ডিষ্ট্রিবিউসন্স্‌ ইন্‌ দি ইউনাইটেড্‌ ষ্টেট্‌স্‌, প্রথম খণ্ড"; কনফারেন্স অন্‌ রিসার্চ ইন্‌ ইনকাম্‌ অ্যাণ্ড ওয়েল্‌থ; নিউইয়র্ক ন্যাশন্যাল বিউরো অব্‌ ইকনমিক্‌ রিসার্চ; ১৯৪৩; পৃঃ ২০৮; ২ ডলার।

৬। "ম্যারিটাইম, এ হিষ্টরিক্যাল স্কেচ্‌ অ্যাণ্ড্‌ এ ওয়ার্কার্স প্রোগ্রাম"; ফ্রেডারিক জে ল্যাং; নিউইয়র্ক; পাইয়োনিয়ার পাবলিশার্স; ১৯৪৩; পৃঃ ১৭১।

৭। "ইণ্টার-ন্যাশন্যাল ট্রেড্‌ অ্যাণ্ড দি ন্যাশন্যাল ইন্‌কাম্‌ মাল্টিপ্লায়ার"; ম্যাকলণ্ড ক্লিন্ন; ফিলাডেলফিয়া; দি ব্ল্যাকিষ্টন্‌ কোম্পানী; ১৯৪৩; পৃঃ ১৩৭; সাড়ে তিন ডলার।

৮। "ইকনমিক্‌ ইউনিয়ন অ্যাণ্ড ডিউরেবল্‌ গিস"; অটোটড্‌ ম্যালোরি; নিউইয়র্ক ও লণ্ডন, হার্পার অ্যাণ্ড ব্রাদার্স; ১৯৪৩; পৃঃ ১৮৩; ২ ডলার।

৯। "দি নিউ ফিলজফি অব্‌ পাবলিক ডেট্‌"; হ্যারল্ড জি মুল্টন; ওয়াশিংটন; দি ব্রুকিংস ইন্‌ষ্টীটিউসন্‌; ১৯৪৩; পৃঃ ৯৩।

১০। "ইংল্যাণ্ডস্‌ রোড্‌ টু সোস্যাল সিকিউরিটি", কার্ল ডি ফুরেনিংস; ফিলাডেল্‌ফিয়া ইউনিভার্সিটী অব্‌ পেন্‌সিলভেনিয়া প্রেস; লণ্ডন; হাম্‌ফ্রে মিলফোর্ড; অক্সফোর্ড ইউনিভার্সিটী প্রেস; ১৯৪৩; পৃঃ ২৮১; ৩ ডলার।

১১। "ওয়ার্ল্ড ট্রেড্‌ ইন্‌ এগ্রিকাল্‌চারাল প্রোডাক্‌টস"; হেন্‌রী সি টেলর ও এলিজিউসেন্‌ টেলার; নিউ ইয়র্ক; দি ম্যাক্‌মিলান কোম্পানী; ১৯৪৩; পৃঃ ২৮৬; সাড়ে তিন ডলার।

১২। "দি ওয়ার্ল্ড অব দি ফোর ফ্রিডমস"; নিকোলাস এম্‌ বাটলার লিখিত ভূমিকাসহ; নিউইয়র্ক; কলাম্বিয়া ইউনিভার্সিটী প্রেস; ১৯৪৩; পৃঃ ১২১; পৌনে দুই ডলার।

১৩। "পাবলিক ওয়ার্কস ইঞ্জিনিয়ার্স ইয়ার বুক; ১৯৪৩"; নর্ম্যান্‌ হেব্‌ডেন্‌ লিখিত ভূমিকাসহ; শিকাগো; আমেরিকান্‌ পাবলিক ওয়ার্কস এসোসিয়েসন; ১৯৪৩; পৃঃ ৩০৩; পৌনে চার ডলার।

লোক-বিজ্ঞানের গোড়ার কথা

শ্রীশিবচন্দ্র দত্ত, এম এ, বি এল

আধুনিক দুনিয়ার দুইটি বিশেষ উল্লেখযোগ্য ব্যাপার এই—প্রথমতঃ সভ্যজগতের লোকবল-বৃদ্ধি, দ্বিতীয়তঃ এই লোকবলের যে ভাগটি সহরে বাস করে, তাহার বৃদ্ধি। এই দুইটাই বিশেষ করিয়া গত সেড়শো বছরের ব্যাপার। উহাদের আরও বিস্তারিত বিবরণ পরে দেওয়া হইবে। ষোড়শ, সপ্তদশ ও অষ্টাদশ শতাব্দীতে যে মানুষকে ভিত্তি করিয়া আধিক জীবন গড়িয়া উঠিয়াছিল, তাহা বুঝিবার জন্য ইয়োরোপের আধিম যুগের লোকবল সম্বন্ধে দুই চারিটি কথা বলা দরকার।

গোড়াতেই বলা দরকার যে উনবিংশ শতাব্দী আরম্ভ হইবার আগেকার নির্ভুল লোকসংখ্যা বা তার কাছাকাছি কিছু একেবারে পাওয়া যায় না। সেকেলে ইহুদি, চীনা, হিন্দু ও মিশরবাসীদের মধ্যে সামরিক প্রয়োজনে অথবা রাজস্ব-সংক্রান্ত ব্যাপারের জন্য লোকগণনা চলিত ছিল। রোম নগরীতে লোকগণনা সার্ভিয়াস্ টালিয়াসের সময় হইতে সুপ্রতিষ্ঠিত ব্যবস্থা ছিল। তবে রোমক সাম্রাজ্যের সময়েও লোকবল সম্পর্কিত যে সব সংখ্যা রাখা হইত সেগুলা সম্পত্তি ও রাজস্ববিষয়ক ব্যাপারগুলার চেয়ে খাটোভাবেই দেখা হইত। সেই জন্য ঐসব সংখ্যা পরিমাণে অল্প ছিল এবং বিশেষ কাজেও লাগিত না। প্রধানতঃ পার্লামেনের "রেভিয়ারি" ও উইলিয়ম দি কঙ্কারারের "ডোম্‌সডে বুক" তৈয়ারের জন্য মধ্যযুগে যেসব অনুসন্ধান চালানো হইয়াছিল, সেইগুলাতে লোক-সংখ্যার দিকে নজর নিতান্তই গৌণভাবে দেওয়া হয়। লোকবল বিষয়ক তথ্য সুশৃঙ্খলার সহিত সংগ্রহ ও রক্ষা করিতে ইয়োরোপীয় রাষ্ট্র প্রথম আরম্ভ করে সপ্তদশ শতাব্দীতে। প্যারী নগরীতে তাহার দিন কয়েক আগে হইতে জন্মমৃত্যু রেজিষ্ট্রি সম্বন্ধে যে নিয়ম প্রচলিত ছিল, ১৬৭০ সনে কলবার্ট তাহা ফ্রান্সের গ্রামা কমিউন্‌গুলার মধ্যে প্রচলিত করেন। জন্মমৃত্যু ও বিবাহ সম্পর্কিত তথ্য প্রথমে পাদরিরা স্বেচ্ছায় রাখিতে আরম্ভ করেন। ১৬৮৬ খৃষ্টাব্দে সুইডেনের গবর্মেণ্ট প্রত্যেক "প্যারিশ"কে ঐ সব তথ্য রাখিতে বাধ্য করেন। প্রত্যেক 'প্যারিশ'এ যত বাসিন্দা তাহাদের প্রত্যেকের সম্বন্ধেই ঐরূপ তথ্য রাখিতে বাধ্য করা হয়। ঐরূপ উপায়ে সংগৃহীত তথ্যগুলা কিছু কিছু কাজে লাগিলেও উহাদের সাহায্যে মোট লোকবল সম্বন্ধে অথবা লোকবৃদ্ধির হার সম্পর্কে খাঁটি ও নির্ভুল খবর পাওয়া সম্ভব ছিল না।

দেশের সমগ্র লোকবলের কোন নির্দিষ্ট সময়ে বিশেষ গণনা করার ধারণাটি আস্তে আস্তে গড়িয়া উঠে। নির্দিষ্ট কয়েক বছর অন্তর নিয়মিত লোকগণনার যে সব প্রস্তাব উনবিংশ শতাব্দীর পূর্বে করা হইয়াছিল, তাহা বিশেষ কোন সমর্থন পায় নাই। আধুনিক যুগে প্রথম লোক-গণনা হয় ১৭৪৯ সনে সুইডেনে। তারপর ক্রমান্বয়ে ফিন্‌ল্যাণ্ডে ১৭৫০ সনে, অষ্ট্রিয়াতে ১৭৫৪ সনে, নরওয়েতে ১৭৬৯ সনে এবং হাঙ্গেরীতে ১৭৮৪ সনে। কিন্তু কোন গণনাই সম্পূর্ণ হয় নাই এবং কোনটিরই ফলাফল নির্ভর-যোগ্য হয় নাই। লোকবলের পরিমাণও বৃদ্ধি সম্পর্কে এবং সংখ্যা বিজ্ঞানের অন্যান্য বিষয় সম্বন্ধে খাঁটি খবরের অভাব বিলাতে অষ্টাদশ শতাব্দীর প্রারম্ভেই অনুভূত হয়। কিন্তু ১৭৫৩ সনে বিলাতের হাউস্ অব্ কমন্‌সে একজন বেসরকারী সভ্য বার্ষিক লোকগণনা ও যে সব লোক 'প্যারিসের' সাহায্য পায় তাহাদের গণনা সম্বন্ধে আইন করিবার জন্য একটি বিল (আইনের খসড়া) উপস্থিত করে। বিলটিকে এই সব কথা বলিয়া আক্রমণ করা হয় যে, উহা বিলাতের স্বাধীনতার শেষ কণাটি পর্যন্ত ধ্বংস করিবে,- জনসাধারণের উহাতে দুর্দশা ঘটাইবে অথবা

উহাতে মড়ক আনিবে এবং বিলাতের সামরিক দুর্বলতা ফ্রান্স ও অন্যান্য প্রতিদ্বন্দ্বীর কাছে প্রকাশ করিয়া দিবে। হাউস্ অব্ কমন্‌সে বিলটি পাশ হইলেও, হাউস্ অব্ লর্ডস্ উহা মঞ্জুর করেন নাই।

মার্কিণ যুক্তরাষ্ট্রের ফেডারাল শাসন যন্ত্র সম্পর্কিত আইনে এই ব্যবস্থা আছে যে, কংগ্রেসের "নীচের" ব্যবস্থাপক সভাটির সভ্যসংখ্যা বিভিন্ন রাষ্ট্রের লোকসংখ্যা অনুপাতে নির্দ্ধারিত হইবে। ইহার জন্যই নির্দ্দিষ্ট সময় অন্তর সাধারণ লোকগণনা ১৭৯০ সনে প্রথম মার্কিণ যুক্তরাষ্ট্রেই প্রবর্ত্তিত হয়। অষ্টাদশ শতাব্দী যখন শেষ হইয়া আসিল তখন সমগ্র দেশবাসীর নিখুঁত গণনা যে বাঞ্ছনীয় এই ধারণা ইয়োরোপের রাজনীতিজ্ঞদের মাথায় আবার ঢুকিল। ১৮০১ সনে বিলাত ও ফ্রান্সের লোক-গণনা হয়। ইয়োরোপের আদিম লোকগণনার মধ্যে এই দুটা গণনাকে মোটামুটি ঠিক বলা চলে। সারা দেশের লোকগণনা যে এমন একটা শক্ত ব্যাপার নয় এই ধারণা ক্রমে ছড়াইয়া পড়িল, বিশেষতঃ তখন মার্কিণ যুক্তরাষ্ট্রের উদাহরণ সামনে ছিল। ১৭৯৮ সনে ম্যাল-থাসের বিখ্যাত রচনা "সমাজের ভবিষ্যৎ উন্নতির উপর লোকবলের প্রভাব" বিলাতে প্রকাশিত হয়। লোক-গণনার দুরূহতা সম্বন্ধীয় ধারণা বিলাতে নির্ম্মূল করিতে এই গ্রন্থ বিশেষভাবে সাহায্য করে। এই গ্রন্থটিতে বিশেষ আপাতমনোরম যুক্তির সাহায্যে প্রমাণ করিতে চেষ্টা করা হইয়াছিল যে, যে হারে আহার্য্যের পরিমাণ বাড়ে, লোকবল তাহার চেয়ে দ্রুততর হারে বাড়িতে বাধ্য, যে কোন সমাজে এই ধরণের বৃদ্ধি চলিতে থাকে, এবং অবশেষে হয় পাপ ও দুর্দ্দশার দ্বারা অথবা তাহাদের ভয়ের দ্বারাই এই বৃদ্ধি বাধাপ্রাপ্ত হয়। তখনকার যুগে বলা হইয়াছিল যে ম্যালথাস্ কেবল ভয় দেখাইতেছেন। কিন্তু উহার মূল বক্তব্যটি ঠিকই ছিল। তাঁহার মতামত জাহির করিবার পর হইতেই জনবল সম্পর্কিত সমস্যাগুলার আধুনিক পঠনপাঠন সুরু হইল এবং ঐ সম্পর্কে চিন্তা-জগতের দুইটি যুগের মধ্যে একটি সীমারেখা টানিয়া দিল। দেশের অবস্থা সম্বন্ধে আরও খুঁটিনাটি খবর যে দরকার তাহার অনুভূতি ঐ গ্রন্থ জাগাইয়া দিল। উহার জন্যই ইংরেজ অনুভব করিল যে দেশের আহার্য্যের সঙ্গে দেশের লোকবল-বৃদ্ধির সম্পর্ক বুঝিবার জন্য নিখুঁত এবং সঠিক লোকসংখ্যা দরকার। প্রজাতন্ত্র শাসন প্রণালীতে ব্যবস্থাপক সভার সভ্যসংখ্যা লোকবলের অনুপাতেই নির্দ্ধারিত হয়। সেই জন্য প্রজাতন্ত্র শাসন প্রণালীর ক্রমিক বিস্তারের ফলেও ইংরেজরা ও ইয়োরোপের অন্যান্য জাতিরা নিয়মিত সময় অন্তর লোকগণনার ব্যবস্থা করে। এই কারণটি প্রবল হইয়া উঠে কেবলমাত্র ঊনবিংশ শতাব্দীতেই। প্রধানতঃ উহার জন্যই ১৮৩০ হইতে ১৮৭০ সনের মধ্যে কয়েকটি দেশে বিজ্ঞানসম্মত প্রণালীতে লোক-গণনা আরম্ভ হয়।

চীনের যুদ্ধকালীন অর্থনীতি

শ্রীমন্মথনাথ সরকার, এম্ এ

যুদ্ধের ফলে শিল্প-বিপ্লব

যুদ্ধের ফলে চীনের বিরাট আভ্যন্তরীণ ভূভাগ মধ্য যুগের আবহাওয়া থেকে পরিত্রাণ লাভ করে আধুনিক ধরণের শিল্পনিষ্ঠ রাষ্ট্রে পরিণতি লাভ করেছে। ১৯৩৭ সনে লড়াই বাধাবার আগে চীনে ৭৪৫টী কয়লার খনি আর ৩৩টী লোহার খনি ছিল। সমুদ্রতীর হ'তে বহুদূর পশ্চাতে এইসমস্ত খনির কাজ চলতো মান্ধাতার আমলের প্রক্রিয়ায়। খনিগুলি ছিল নিতান্ত ছোট-খাটো ধরণের। সিমেণ্টের কারখানা, সুরাসার তৈরীর কারখানা বা তৈল

সংশোধনাগার একটাও ছিল না। চেচুয়ান প্রদেশে মাত্র ৩৩টী খনি ছিল।

বর্ত্তমানে চীনের আভ্যন্তরীণ অঞ্চলে বেসরকারী মালিকানাযুক্ত ১,৩৫০টী কারখানা চল্‌ছে। এই সমস্ত কারখানা আধুনিক যন্ত্রপাতির সাহায্যেই পরিচালিত। তাছাড়া গবর্ণমেণ্টের নিয়ন্ত্রণাধীনে আরও ১০৮টী ভারি শিল্পের কারখানা চালু রয়েছে। স্বাধীন চীনে যুদ্ধ পরিচালন ও পুনর্গঠনের উপযোগী কোন দ্রব্যের জন্যই পরের মুখাপেক্ষা করতে হয় না; কিন্তু মোটামুটি অভাব পড়েছে ইস্পাতের। দেশে যে পরিমাণে ইস্পাত উৎপন্ন হয়, তাতে জাতির অভাব দূর হয় না। চীন-ভূমিতে লোহা-লক্কড়ের উপাদানের অভাব নেই। এক চেচুয়ান প্রদেশেই ১৪৭,৪৯৭,৭০০ টন লোহা মজুদ রয়েছে। এই সমস্ত লোহা কাজে লাগানোর জন্য শক্তি ও যন্ত্রপাতি সংগ্রহের তোড়জোড় চল্‌ছে।

জাপান ১৯৩৭ সনে যখন চীনভূমি আক্রমণ করে, তখন চীনের ভারি শিল্পের দ্বৈবাধিক পরিকল্পনার কাজ চলছিল পূর্ণ উদ্যমে। যুদ্ধের জন্য এই পরিকল্পনার আমূল সংশোধন করতে হয়। সমস্ত কল-কারখানা কিয়াংসী, হুনান ও হুপে প্রদেশ থেকে আভ্যন্তরীণ চেচুয়ান, ছিকাং, য়ুনান, কোইচাও, কোয়াংসী ও কানসু প্রদেশে স্থানান্তরিত করতে হয়। বর্ত্তমান যুদ্ধে সোভিয়েট রুশিয়া এ সম্বন্ধে সমগ্র পৃথিবীর বিস্ময় উৎপাদন করেছে। রুশিয়ার পরেই চীন এই পুনর্গঠন ও অপসারণের কার্য্যে সমগ্র দুনিয়াকে হার মানিয়েছে। বাস্তবিকই পৃথিবীর ইতিহাসে এর তুলনা নেই। যুদ্ধের মধ্যে অনন্যসাধারণ গতিবেগের সাথেই চীন শিল্পোন্নতি সাধন করে চলেছে।

দেশরক্ষার সহায়ক শিল্প-প্রচেষ্টা

যুদ্ধের পূর্ব্বে চীনের আভ্যন্তরীণ কল-কারখানা ছিল না বললেই চলে। উপকূলবর্ত্তী প্রদেশগুলির সমস্ত কল-কারখানা বিদেশী পরিচালিত অথবা বিদেশীদের প্রভাবাধীন চীনা সওদাগরদের দ্বারা পরিচালিত হ'ত। কাজেই এগুলা "চীনদেশস্থ কল-কারখানা" হ'লেও খাঁটি চীনা কলকারখানারূপে গণ্য করার উপায় ছিল না। যুদ্ধ আরম্ভ হওয়ার পর, শত্রুকে বাধা প্রদান ও পুনর্গঠন-সংক্রান্ত নির্দ্দিষ্ট নীতি অনুসারেই চীনের স্বদেশী কলকারখানা গড়ে উঠতে আরম্ভ করেছে।

কল-কারখানা প্রসারের ভার অর্পিত রয়েছে অর্থ নৈতিক বিভাগের সচিবের হাতে। যুদ্ধের পূর্ব্বে চীনের রেজেষ্টারী করা বেসরকারী কারখানা ছিল ৩,৮৪৯টী; তন্মধ্যে ১,২৯০টী অর্থাৎ প্রায় এক-তৃতীয়াংশ কারখানা চল্‌তো সাংহাই সহরে। চীনের আভ্যন্তরীণ অঞ্চলে কারখানার সংখ্যা ছিল মাত্র ২৭৯টী। ১৯৩৭ সনে চীনের পূর্ব্ব উপকূলে যখন যুদ্ধের আগুন জ্বলে উঠলো, তখন চীনের সরকারী অর্থনৈতিক বিভাগ ৬০০টী বেসরকারী কারখানা দেশের ভেতরে পাঠাবার ব্যবস্থা করলেন। এইভাবে উপকূলবর্ত্তী অঞ্চল হ'তে ২৫০টী কারখানা চেচুয়ানে, ১২১টী হুনানে, ৪৩টী কেনসীতে ২৫টী কোয়াংসীতে ও ১৩টী অন্যান্য আভ্যন্তরীণ প্রদেশে স্থানান্তরিত হলো। ফুকিয়েন প্রদেশের ১০৫টী ও চেকিয়াং প্রদেশের ৮৬টী কারখানাও এইভাবে দেশের ভেতরের দিকে অপসারিত হয়। ১২০,০০০ টন মালমশলা ও ১০০,০০০ জন নিপুণ কারিগরকে পশ্চিমে আনয়ন করা হয়।

স্বাধীন চীনের নূতন এবং পুরাতন তথা স্থানান্তরিত মোট ১,৩৫০টী কারখানা দেশের সর্ব্বত্র ছড়িয়ে রয়েছে। চুংকিং সহরে কারখানা চল্‌ছে ৪৪৪টী। ধাতু গালাইয়ের কারখানা ৪টী হ'তে ৮৭টায়, মেশিন তৈরীর কারখানা ৩৭টী হ'তে ৩৭৬টায়, বৈদ্যুতিক যন্ত্রপাতি তৈরীর কারখানা ১টী থেকে ৪৪টায়, রাসায়নিক কারখানা ৭৮টী থেকে ৩০০টী এবং বস্ত্র বয়নের কারখানা ১০২টী থেকে ২৭৩টায় বর্দ্ধিত হয়েছে। বর্ত্তমানে তিনটী সিমেণ্ট তৈরীর কারখানা চল্‌ছে এবং আরও তিনটী তৈরী হচ্ছে। অ্যাল্‌কোহল তৈরীর কারখানার সংখ্যা বর্ত্তমানে ১৩৩টী; প্রাক্ যুদ্ধ যুগের তুলনায় অ্যাল্‌কোহল উৎপাদন তিন গুণ বেড়েছে। এক চেচুয়ান প্রদেশেই মাসে ৪০০,০০০ গ্যালন অ্যাল্‌কোহল তৈরী হচ্ছে। আধুনিক যন্ত্রপাতি যুক্ত কাগজ-কলের সংখ্যা ৩টী থেকে ১৭টী দাঁড়িয়েছে।

আভ্যন্তরীণ প্রদেশগুলায় ২২টা কারখানায় সিন্থেটিক গ্যাসোলিন, ১৫টায় ডিজেল তৈল ও ৪টায় লুব্রিকেটিং তৈল তৈরী হচ্ছে। কয়লার খনির সংখ্যা ১,৬২৯টী ও লোহার খনির সংখ্যা ১২২টা দাঁড়িয়েছে।

আরও কল-কারখানা ও আরও শিল্প-সম্পদে দেশকে ভরে তুলবার জন্য চিয়াং কাইসেক গবর্ণমেণ্টের চেষ্টা-চরিত্রের অন্ত নেই। নদী ও জলপ্রপাত থেকে বৈদ্যুতিক শক্তি আহরণের বড় বড় পরিকল্পনা স্থির করা হয়েছে। প্রাক্‌যুদ্ধ যুগের তুলনায় চীনের আভ্যন্তরীণ অঞ্চলের বৈদ্যুতিক শক্তি পাঁচ গুণ বেড়েছে এবং দ্রুত গতিতেই বেড়ে চলেছে।

সরকারী নিয়ন্ত্রণ

বেসরকারী মালিকদের আপন খেয়াল-খুসী মত কারখানা চালানোর অধিকার নেই; কল-কারখানাগুলায় রীতিমত সরকারী নিয়ন্ত্রণের ব্যবস্থা করা হয়েছে। গবর্ণমেণ্ট টাংষ্টেন, লোহা ও অ্যান্টিমনি জাতীয় সম্পদে পরিণত করেছে। গবর্ণমেণ্ট অনেকগুলি, কয়লার খনি, লোহাপত্তরের কারখানা তামা চালাইয়ের কারখানা ইত্যাদি পরিচালন করছে। বিদ্যুৎ সরবরাহ রাসায়নিক কল-কারখানা ইত্যাদি আরও হরেক রকমের শিল্প প্রচেষ্টা যুদ্ধকালীন চীনা সরকারের বিশেষত্বে পরিণত হয়েছে। উপকূল ভাগ থেকে যে ৬০০টী কারখানা অচাঙ্গরে স্থানান্তরিত হয়েছে তার ৩০০টী ভারি ভারি শিল্পদ্রব্যের কারখানা। এই সমস্ত কারখানা গবর্ণমেণ্টকে রীতিমত সাহায্য করছে।

জনসাধারণের জীবন-যাত্রা

বয়ন-শিল্পই চীনের জাতীয় জীবনে সব চেয়ে বেশী প্রভাব বিস্তার করেছে। ১৯৩৭ সনে উত্তর চীন আক্রান্ত হওয়ার পূর্ব্বে এই শিল্প বিদেশীদের একচেটিয়া অধিকারে পরিণত ছিল। তুলাও বিদেশ থেকে আমদানি হ'ত। রাসায়নিক শিল্পেরও অবস্থা ছিল কাহিল; সহর ও পল্লীর বাজার বিদেশী রাসায়নিক দ্রব্যেই আচ্ছন্ন দেখা যেত।

ব্যাপক বয়ন শিল্প ও হাল্‌কা রাসায়নিক শিল্পসমূহ প্রবর্ত্তিত হয়েছে যুদ্ধ আরম্ভ হওয়ার পর। যুদ্ধ আরম্ভ হওয়ার সময় তাঁতের সংখ্যা ছিল ৪০,০০০ আর এখন স্বাধীন চীনে তাঁত চলছে ২৩০,০০০টা আর বস্ত্র তৈরী হচ্ছে কি সন এক লক্ষ বেল। এই সমস্ত তাঁতের মধ্যে দেড় লক্ষ তাঁত চলছে ছেচুয়ান প্রদেশে, ৫০ হাজার সেন্সীতে, ১০ হাজার হুনানে, ১০ হাজার য়ুনানে এবং ২,০০০ কোয়াংসী প্রদেশে।

স্বাধীন চীনের বিভিন্ন প্রদেশের আর্থিক উন্নতির জন্য চীন সরকার প্রত্যেক প্রদেশে এক একটী প্রাদেশিক সংগঠন কর্পোরেশন স্থাপন করেছেন। প্রত্যেকটী প্রদেশই আজ প্রগতির পথে প্রধাবিত। এক ছেচুয়ান প্রদেশেই ৭০০টা কারখানা স্থাপিত হয়েছে। এইসমস্ত কারখানায় ১৩৪টীতে নানা প্রকার ছোট-খাটো যন্ত্রপাতি ও হাল-হাতিয়ার তৈরী হচ্ছে; ৬৭টী বিদ্যুৎ উৎপাদনের কারখানা, ১৬টী অ্যালকোহলের কারখানা, ১২টা কাগজের মিল, ১৮টী বয়নের কারখানা এবং ৪৪টী ছাপাখানা। সবচেয়ে বড় প্রতিষ্ঠানটার নাম, চায়না ডেভালাপ্‌মেণ্ট কর্পোরেশন। ইহার পুঁজির পরিমাণ ১২ কোটী ডলার। আরও ৫২টী কারখানার প্রত্যেকটীর পুঁজির পরিমাণ দশলক্ষ ডলারের উপর। ছেচুয়ান প্রাদেশিক গবর্ণমেণ্ট ৫০টি কারখানার মালিক। যুদ্ধ-প্রচেষ্টার সহায়ক অধিকাংশ শিল্পই ছেচুয়ান প্রদেশে অবস্থিত। প্রদেশটী সেইজন্য জাতির যুদ্ধ-প্রচেষ্টা ও পুনর্গঠনের মূল কেন্দ্রে পরিণত হয়েছে।

যুদ্ধের আগে ছিকাং প্রদেশে চামড়া ট্যান করাই ছিল একমাত্র শিল্প-প্রচেষ্টা; মাত্র দু'-তিন বছর বয়সের এই শিশু প্রদেশটীতে এখন ৩০ লক্ষ ডলার পুঁজিসহ ১০টা কারখানা চলছে। পশম, চামড়া, কাগজ, কাঠের তেল, রাসায়নিক দ্রব্য, বিদ্যুৎ উৎপাদন ইত্যাদি অনেক-কিছুরই কল-কারখানা প্রতিষ্ঠিত হয়েছে। এই সমস্ত কল-কারখানা আকারে তত বড় না হ'লেও বৃদ্ধির হার হাওয়া কোন দিকে বইতে আরম্ভ করেছে। পশ্চিম সীমান্তে অবস্থিত এই অনগ্রসর প্রদেশটীর আর্থিক উন্নতি ধাপে ধাপে অগ্রসর

হয়েছে। প্রত্যেকটীর এক কোটী ডলার পুঁজিপাট্টা সহ য়ুংচিয়ে একটা লোহা-লক্কড়ের কারখানা ও একটা মেশিন তৈরীর কারখানা নির্ম্মাণ শুরু হয়েছে। এই অঞ্চলের ভূগর্ভে বিস্তর লোহা নিহিত আছে। ছেংমান-চিকাং সংগঠন কর্পোরেশন চিকাং প্রদেশে আরও কয়েকটী আদর্শ কারখানা স্থাপন করছে। এইসব কারখানার কাজ আরম্ভ হলে চিকাং প্রদেশ সত্যসত্যই শিল্প-প্রধান প্রদেশে পরিণত হবে। মোটের উপর যুদ্ধের ফলে স্বাধীন চীনের প্রত্যেকটী প্রদেশেই বিপুল শিল্প-উদ্যম দেখা যাচ্ছে, প্রত্যেকটী প্রদেশই শিল্প-নিষ্ঠ অঞ্চলরূপে গড়ে উঠছে।

গরিলা শিল্প-প্রচেষ্টা

জাপ-অধিকৃত চীনের মফঃস্বল অঞ্চলের বিরাট অংশে গরিলা যোদ্ধাদেরই একাধিপত্য। শিল্পকেন্দ্রসমূহের সহিত বহু পল্লী-অঞ্চলের যোগসূত্র ছিন্ন হয়েছে। পল্লী শিল্পগুলাই এই সব অঞ্চলের অভাব মিটাচ্ছে। পল্লীবাসী চীনারা কাগজ ও অন্যান্য নিত্য-প্রয়োজনীয় জিনিষ তৈরী করে নিচ্ছে। আদ্যিকালের কারখানাগুলা শত্রু-অধিকৃত চীনে বিস্ময়েরই সৃষ্টি করেছে। শিল্প সমবায় সমিতিগুলা যুদ্ধক্ষেত্রের নিকটবর্ত্তী অঞ্চল তথা শত্রুব্যূহের পশ্চাদ্‌ভাগে বিস্তর ছোট-খাটো শিল্প পরিচালনা করে ঐ সমস্ত অঞ্চলকে আত্মনির্ভরশীল করে তুলছে।

উদাহরণস্বরূপ কিয়াংসু প্রদেশের কথা উল্লেখ করা যেতে পারে। এই প্রদেশের একটা শাসনতান্ত্রিক বিভাগ রেশমকীট পালন এবং আর একটা বিভাগ চীনামাটীর বাসন-কোসন তৈরীর জন্য খ্যাতিলাভ করেছে। প্রাদেশিক কর্তৃপক্ষ কুটীর-শিল্পের উন্নতি বিধানের জন্যে যথেষ্ট চেষ্টা করছেন। পশ্চিম চেকিয়াংয়ের গরিলা অঞ্চলে ২০টা ছোটখাটো কারখানা স্থাপিত হয়েছে। এই সমস্ত কারখানায় রেশমী সুতা, কাগজ, নানাপ্রকার যন্ত্র হাল-হাতিয়ার ইত্যাদি তৈরী হচ্ছে। শত্রু-অধিকৃত অঞ্চলের নিপুণ শ্রমিকদের আনয়ন করে এই সমস্ত কারখানায় নিয়োগ করা হয়েছে।

গরিলা-শিল্প প্রচেষ্টার প্রগতি সাধনের জন্য শান্টুং প্রদেশে একটা পরিকল্পনা স্থির করা হয়েছে। এ জন্য প্রদেশটাকে ১৭টা এলাকায় ভাগ করা হয়েছে। শীঘ্রই এই প্রদেশে ২০০ জন যন্ত্রবিজ্ঞানবিৎ ও আড়াই লাখ নিপুণ শ্রমিককে বিবিধ কুটীর শিল্পে নিয়োগ করা হবে। চাষীরা যাতে ছয় মাস কারখানায় কাজ করে এমন ব্যবস্থা করা হচ্ছে। দক্ষিণ শান্টুং প্রদেশে পশম উৎপাদনের ব্যবস্থা করা হয়েছে। গবর্ণমেণ্ট কয়েকটা টেক্‌নিক্যাল ইন্‌স্টিটিউটে চাষীদের জন্য ট্রেনিং ক্লাসের বন্দোবস্ত করেছেন। চাষীরা ছয় মাস কারখানায় কাজ করলে অনায়াসেই ১০ লাখ পশমী জামা, ৪০ হাজার পশমী কাপড়, ৪০ হাজার পশমী কম্বল ও আরও অনেক পশমী জিনিষ তৈরী করতে পারবে। সরকারী নিয়ন্ত্রণাধীনে কাগজ, রং ও নানা প্রকারের রাসায়নিক দ্রব্যের কারখানা পরিচালিত হচ্ছে; দেশবাসী ও গরিলা সৈন্যদলগুলির যাতে কোন অভাব-অনাটন না হয় এইরূপ ব্যবস্থা করাই শান্টুং প্রদেশের গরিলারা শিল্পের মূল কার্য্যনীতিতে পরিণত করিয়াছে। গরিলারা কেবল মাত্র যুদ্ধই করে না, অবসর সময়ে তারা কঠোর পরিশ্রম করে নানা প্রকার কাজও করে।

চীনের গরিলা শিল্পগুলা বড় রকমের চিজ্ না হলেও পল্লীবাসীর মধ্যে অপূর্ব্ব শিল্প-প্রীতি জাগিয়ে তুলেছে। পল্লীবাসীরা এখন আরও রোজগার করে স্বাবলম্বী হ'তে পারবে, আর কেবলমাত্র যুদ্ধের সময়ে নয়, যুদ্ধের পরে শান্তির সময়েও পল্লী-অঞ্চলে নানাজাতীয় শিল্প গড়ে উঠবে।

সরকারী আর্থিক প্রচেষ্টা

বড় বড় কলকারখানা ও গরিলা শিল্প ছাড়া যুদ্ধকালীন চীনে শিল্প সমবায়, সরকারী একচেটিয়া অধিকার, শিল্প-শিক্ষা প্রচার, শিল্প-বিষয়ক গবেষণা ইত্যাদিরও বহুল প্রচলন ঘটেছে। যুদ্ধের পূর্ব্বে চীনে শিল্প-সমবায় বলে কোন বস্তুর অস্তিত্ব ছিল না। ১৯৩৮ সনে এইগুলা প্রথম প্রতিষ্ঠিত হয়; বর্ত্তমানে এইগুলার সংখ্যা দাঁড়িয়েছে ২,০০০ এবং সদস্যদের সংখ্যা ৩০,০০০ জন।

লবণ, চিনি, তামাক, দেশলাই, চা ও মদ তৈরী

এখন গবর্ণমেণ্টের এক্তেটিয়া অধিকারে পরিণত। গবর্ণমেণ্ট এই সব জিনিষ তৈরীর জন্য কয়েকটী কারখানাও স্থাপন করেছেন। বিদেশ হ'তে আগত চীনা আশ্রয়-প্রার্থী ও আহত সৈন্যদের জন্য জাতীয় রিলিফ কমিশনের অধীন ২০ টা কারখানা পরিচালিত হচ্ছে। এইসমস্ত কারখানায় কাগজ, কাপড়, চামড়ার জিনিষ ইত্যাদি তৈরী হচ্ছে। লোকজনকে শিল্প-শিক্ষায় অভ্যস্ত করার দিকেও গবর্ণমেণ্টের বিশেষ লক্ষ্য নিবদ্ধ হয়েছে। চীনের ১২৯টী বিশ্ববিদ্যালয় ও কলেজের ৭২৫টী বিভাগে প্রাকৃতিক ও ফলিত বিজ্ঞান শিক্ষা দেওয়া হচ্ছে। রসায়নের বিভাগ সংখ্যা ৩১ এবং সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের জন্যও ৩১টী বিভাগ স্থাপিত হয়েছে।

যুদ্ধোত্তর যুগের শিল্প-পরিকল্পনা

যুদ্ধের পর চীনের কল-কারখানাগুলির নিশ্চয়ই অনেক-কিছু পরিবর্ত্তন ঘটবে; অনেক কলকারখানা নিশ্চয়ই উপকূলবর্ত্তী অঞ্চলগুলিতে স্থানান্তরিত হবে; তবুও অভ্যন্তরভাগে অনেক কারখানা থেকে যাবে; কারণ সমগ্র দেশটাকে শিল্পনিষ্ঠ করে গড়ে তোলা চীনা সরকারের মূল উদ্দেশ্য। এজন্য একটা দশ-বার্ষিক পরিকল্পনাও স্থির করা হয়েছে। এই পরিকল্পনার জন্য ৩০ হাজার ইঞ্জিনিয়ার ও টেকনিশিয়ান এবং ৮ লক্ষ নিপুণ শ্রমিকের প্রয়োজন। বর্ত্তমানে চীন সরকারের হাতে মাত্র ৯,৫৩৪ জন ইঞ্জিনিয়ার ও ১৭০,০০০ জন নিপুণ শ্রমিক আছে। কাজেই ভবিষ্যতের জন্য যে কিরূপে ব্যাপক ট্রেনিং দানের ব্যবস্থা করতে হবে তা বেশ বুঝা যাচ্ছে। ঝোটের উপর, চীন আর কাঁচামাল তৈরীর দেশ থাকবে না, শিল্পপ্রধান দেশ রূপেই গড়ে উঠবে। এজন্য চীনকে যুদ্ধের পরে বিদেশ থেকে বিস্তর যন্ত্রপাতি ও পুঁজিপাট্টাও আমদানি করতে হবে।

৯, পঞ্চানন ঘোষ লেনস্থ কলিকাতা ওরিয়েণ্টাল প্রেস হইতে শ্রীযোগেশচন্দ্র সরখেল কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

মাসিক উন্নতি

কৃষি শিল্প বাণিজ্য ও ধর্মবিজ্ঞান বিষয়ক পত্রিকা

CALCUTTA CENTRAL LIBRARY UNIVERSITY

১৮শ বর্ষ | মাঘ, ১৩৫০ | ১০ম সংখ্যা

বঙ্গেশ্বরী কটন মিল্‌স্ লিমিটেড

ম্যানেজিং ডিরেক্টর ডক্টর শ্রীযুক্ত নরেন্দ্রনাথ লাহা

1320

বার্ষিক মূল্য ৩৲ টাকা (ডাক মাশুল ।৵০ আনা স্বতন্ত্র) প্রতি সংখ্যা ।০ আনা

সম্পাদক শ্রী বিনয়কুমার সরকার

ARTHIK UNNATI

(Economic Progress)

Established April, 1926

A monthly journal, in **Bengali**, on economics (theoretical and applied), the applications of industrial research and scientific inventions for social welfare and material progress.

The object of the journal is to function as an organ of banking, foreign trade, money market, insurance, industrialization, agricultural enterprises, railway and shipping economics, public finance, economic legislation, national health, technical education, rural reorganization, municipal administration and other civic interests.

EDITED BY PROF. DR. BENOY KUMAR SARKAR, *Vidya-vaibhava*

Section 1. deals with the *wealth of Bengal*, profession by profession. The data are furnished by the reports of correspondents specially employed for the purpose. The standard of life prevailing among cultivators, artisans, fishermen, boatmen, leather-workers, weavers, shopkeepers, merchants, land-owners, exporters, importers, industrial workers, sailors, clerks, directors and founders of modern industries, banks and other business establishments—all classes of the Bengali population,—is the main theme of these statistical and objective investigations.

Section 2. deals with agricultural, manufacturing and *commercial activities of India* (excluding Bengal, but including the Indian states).

Section 3. deals with the *economic developments of the world*. It seeks to interpret the movement in foreign finance, industries and commerce to the Indian businessmen and economists. India's opportunities for co-operation with foreigners in all spheres of international trade and investment constitute likewise a special subject of study. The facts of world-economy involving, as they do, the intimate interdependence of India and the other countries in regard to economic functions and material welfare are placed before the readers in the form of a regular news-service.

Section 4. deals with the movements and pronouncements of the world's prominent bankers, captains of industry, engineers, chemists, experts in technical, commercial and agricultural education, statisticians, economists, finance-ministers and so forth. The *programmes of learned societies*, businessmen's associations, and bankers' institutes etc. fall within this section.

Section 5. is given over to *interviews* with specialists on problems of applied economics and economic thought.

In all these sections *Arthik Unnati*, although a monthly, intends to acquire the dynamic character of a weekly or even a daily newspaper.

Special Features:

1. A tubular statement of the contents (with occasional synopsis) of the economic, financial, export-import, statistical and allied journals in the Indian and foreign languages including *French*, *German*, *Italian*, and whenever possible, *Russian*, *Japanese* and *Turkish*.
2. Review of books.
3. A serial announcement of Indian and foreign books on economics, banking, commerce, technical education and all other branches of material and social welfare.

N.B. About *fifty per cent* of the monthly devotes itself to **essays and discussions of permanent value** bearing on the methods and problems of the economic sciences. **Bengali translation** or summaries of the views and theories of foreign economists of the present or preceding generations form a marked characteristic of this journal.

Annual subscription Rs. 3/- (excluding postage).

Office: *9, Panchanan Ghose Lane (off Amherst Street), Calcutta*

Director

DR. NARENDRA NATH LAW

Managing Director, Bangeswari Cotton Mills, Ltd., Calcutta.

CONTENTS OF THE JANUARY-FEBRUARY NUMBER, 1944.

Section 1. Wealth of Bengal: Demand for Jute-made Goods. Moving Dispensaries. Treatment of Sexual Diseases. New Rate of Sale Tax. Bengal Governments' Expenditure for Famine in 1943. Famine Relief and Village-Reconstruction Works in Bengal. Supply of Salt. (pp. 215-218).

Section 2. Economic India: Income of Mysore State Railway. Companies in Mysore. Nagpur Pioneer Insurance Co. Limited. operative Insurance Societies Limited. Cultivation of Sugar-Cane. Treasury Bill. (pp. 213-220).

Section 3. World Economy: War-Damage Insurance in U. S. Preparation of War Materials in U. S. A. American War Aid to Russia. Family Pension in Bulgaria. House-hold Menials' Pension in Uruguay. Export of Food Grains from America. Japan's Naval Losses. (221-222).

Section 4 Men, Institutions and Movements: Son. Senator Thomas on Japan's Demand in China. Calcutta. (pp. 223-225).

Section 5. Interview: Jagadish Chandra and Profulla Chandra, the two Great Bengali Scientists. (pp. 226-228).

Section 6. World of Journals:

Section 7. Reviews: Race, Science and Politics. Life. p. 231.

Section 8. Bibliography: 16 books announced.

Articles:

(1) Population of Europe.
By Shib Chandra Dutt, M.A., B.L. (pp. 231-234).

The Fundamentals of Industrial Development
By Manmatha Nath Sarkar, M.A. (pp. 235-238)

Works by and about BENOY SARKAR

B. K. SARKAR:

1. **Villages and Towns as Social Patterns.** Pages 704. Eight Charts. Rs. 15. (Royal).
2. **Economic Development.** Vol. I. Pages 464. Rs. 8. Vol. II Pages 320. Nine Charts (Demy).
3. **The Political Philosophies since 1905.** Vol. I. Pages 404. Rs. 4. (Crown). Vol. II. Pages 356. Rs. 5. Part II. Pages 570. Rs. 12. Part III. Pages 308. Rs. 8. (Demy).
4. **The Sociology of Races, Cultures and Human Progress.** Pages 410 Rs. 7. (Royal).
5. **Introduction to Hindu Positivism.** Pages 770. Rs. 16. (Royal)
6. **Creative India.** Pages 725. Rs. 15. (Demy).
7. **The Politics of Boundaries.** Pages 340. Rs. 2-8-0. (Crown).
8. **Social Insurance Legislation and Statistics.** Pages 470 Nine Charts. Rs. 8. (Demy).
9. **Imperial Preference vis-a-vis World-Economy** Pages 172. Fifteen Charts Rs. 5. (Royal).
10. **Indian Currency and Reserve Bank Problems.** Pages 94 Fourteen Charts. Rs. 3. (Royal)

S. C. DUTT: **Conflicting Tendencies in Indian Economic Thought.** (Sarkarism in Economics). Pages 234 Rs. 5. (Royal).

N. N. CHAUDHURY: **Pragmatism and Pioneering in Benoy Sarkar's Sociology and Economics.** Pages 152. Rs. 3. (Royal).

S. K. GHOSHAL: **Sarkarism** (The Ideas and Ideals of Benoy Sarkar on Man and His Conquests). Pages 60. Re. 1. (Royal)

S. DASS (and fourteen collaborators). **The Social and Economic Ideas of Benoy Sarkar.** Pages 690. Rs. 12. (Royal)

CHUCKERVERTTY CHATTERJEE & CO., LTD. 15 College Square, Calcutta.

জীবনযাত্রার পাথেয়

আমাদের গৃহ-সংসার কত আশা-উৎসাহ, কত শান্তি ও সুখের স্বপ্ন নিয়ে তৈরী ! বাপ মায়ের সে স্বপ্ন বুঝি আজ রূঢ় বাস্তবের আঘাতে ভেঙ্গে যায়। তাই নিজের জন্যও যেমন তাদের দুশ্চিন্তা, ছেলেমেয়ে ও আত্মীয় পরিজনের জন্যও তেমনি তাদের উদ্বেগ ও আশঙ্কা—কি উপায়ে তাদের জীবনযাত্রা নির্ব্বাহের উপযোগী সংস্থান করে রাখা যায়। বর্ত্তমান দুর্দ্দিনে ও ভবিষ্যতের আর্থিক সঙ্কটে তারা কোন পাথেয় নিয়ে দাঁড়াবে ?—হিন্দুস্থানের বীমাপত্র সেই মূল্যবান পাথেয়—দুর্দ্দিনের সর্ব্বোত্তম আশ্রয়। উপার্জ্জনশীল ব্যক্তিমাত্রেরই অবিলম্বে এই পাথেয় সংগ্রহ করা উচিত।

হিন্দুস্থান কো-অপারেটিভ

ইনসিওরেন্স সোসাইটি, লিমিটেড্

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস, কলিকাতা।

NEW ECONOMIC AND SOCIOLOGICAL WORKS

Labour Legislation in British India (Pankaj Mukherjee) Rs. 3/-
Conflicting Tendencies in Indian Economic Thought (Shib Dutt) Rs. 5/-
La Politica Finanziaria Britannica in India (Dr. Moni Moulik) Rs. 5/-
The Economics and Law of Central Banking (Prof. Sachin Dutt). Ans. -/8/-
The Messages of Dante (Prof. Subodh Ghoshal). Ans. -/4/-
The Social and Economic Ideas of Benoy Sarkar, Edited by Prof. Baneswar Dass with the collaboration of Fourteen Scholars and with a Foreword by Dr Narendra Nath Law. Rs. 12/-
Economic Dialectics (Nagen Chaudhury). Rs. 2/.
Italian Economy and Culture (Dr. Moni Moulik). Rs. 3/-
Principles of Civics, Part I. (Prof. Sachin Dutt). Re. 1-4-0
Herder's Doctrine of National Soul (Ghoshal) Ans. -/4/-

CHUCKERVERTTY CHATTERJEE & Co. Ltd.
15, College Square, Calcutta.

সূচী

বাংলার সম্পদ ঃ—পাটজাত জিনিষের চাহিদা। ২৫০টি গ্রাম্যমাণ চিকিৎসালয়। বৌন-ব্যাধির চিকিৎসা। বিক্রয়-করের নূতন হার। ছুভিক্ষে বাঙলা সরকারের খরচ। বাঙলায় আর্ত্তত্রাণ ও পল্লী-উন্নয়ন প্রচেষ্টা। চুরির হিড়িক। গ্রামে ডাকাতি। ম্যালেরিয়ায় পল্লী-উজাড়। বাংলার লবণ সরবরাহ। (২১৪-২১৮)

আর্থিক ভারত ঃ—মহীশূররাজ্যের সরকারী রেলপথের আয়। স্বর্ণ-উৎপাদন। মহীশূররাজ্যে বৌথ কোম্পানী। নাগপুর পাটরোনিয়ার টেনসিওরেন্স কোম্পানী লিমিটেড্। হায়দরাবাদে কো-অপারেটিভ টেনসিওরেন্স সোসাইটী লিমিটেড্। ইক্ষু চাষ ও গুড়ের উৎপাদন-বৃদ্ধি। ভারত গবর্ণমেণ্টের ট্রেজারী বিল। (২১৮-২২০)

দুনিয়ার ধনদৌলত ঃ—মার্কিণ যুক্তরাষ্ট্রে যুদ্ধ-ক্ষতি বীমা। মার্কিণ যুক্তরাষ্ট্রে সমরসম্ভার উৎপাদন। রুশিয়াকে সাহায্যদান। বুলগেরিয়ার পারিবারিক ভাতা। উরুগুয়ে দেশে গৃহকর্ত্রীদের পেন্সন লাভ। আমেরিকা হইতে যন্ত্রশস্ত্র রপ্তানি। রাশিয়াকে সাহায্য-দান। জাপানী নৌ-শক্তির হিসাব। (২২১-২২২)

ব্যক্তি ও সঙ্ঘ ঃ—রাষ্ট্রপতি চিয়াঙ্ ও তাঁহার সন্তানদের শিক্ষা। জাপানের একবিংশতি দাবী বাষিকী উপলক্ষে সিনেটার টমাসের মন্তব্য। কলিকাতা টাউন প্ল্যানিং কমিটি গঠন। (২২৩-২২৫)

সোলাকাৎ ঃ—বিজ্ঞানবীর জগদীশচন্দ্র ও প্রফুল্ল-চন্দ্র। [অধ্যাপক বিনয়কুমার সরকারের সহিত শ্রীহরিদাস মুখোপাধ্যায়ের কথোপকথন]। ২২৬

পত্রিকা-জগৎ

সমালোচনা

গ্রন্থপাঞ্জী

প্রবন্ধাবলী

ইউরোপের লোকবল

শ্রীশিবচন্দ্র দত্ত, এম এ, বি এল

(২) শিল্পোন্নতি সাধনের গোচার কথা

শ্রীযদুনাথ সরকার, এম্ এ ২৩৫

বিনয় সরকারের বৈঠকে

(বিংশ শতাব্দীর বঙ্গ-সংস্কৃতি)

শ্রীহরিদাস মুখোপাধ্যায়

রামকৃষ্ণ-সাম্রাজ্য, বঙ্গ-বিপ্লব, স্বদেশী আন্দোলন, জন সোসাইটির সতীশ মুখোপাধ্যায়, অরবিন্দ-দর্শন, শিল্প-বাণিজ্যে বাঙালীর প্রগতি, মজুর-আন্দোলন, মেয়েদের পুরুষ-সাজা, "অবনীন্দ্র-মণ্ডল", লাঠি-সেনাপতি পুলিন দাশ, ব্রাহ্ম সমাজ, নবরত্ন ও অন্নদাশঙ্কর, বাংলার বৈজ্ঞানিক, ঐতিহাসিক ও দার্শনিক গবেষকগণ, বাবীন্দ্রিক ভগবান, গল্প-রচনায় বাঙালী মেজাজ, হিন্দু-মুসলমানের ধর্ম্ম-মিলন, গুরুসদয়ের নাচানাচি, সুরেন্দ্রনাথ হ'তে শ্যামাপ্রসাদ, ১৯৮০ সনের বাঙালী ইত্যাদি বিষয়ে বিংশ শতাব্দীর বঙ্গ-সংস্কৃতি সম্বন্ধে অধ্যাপক বিনয়কুমার সরকারের সঙ্গে কথোপকথন। প্রশ্নোত্তরের আকারে লিখিত। ৪৯০ পৃষ্ঠা মূল্য ৫৲

বঙ্গীয় ধনবিজ্ঞান পরিষদ্ ও বঙ্গীয় সমাজ-বিজ্ঞান পরিষদের সুধীবর্গের লিখিত কয়েকখানি গ্রন্থ

১। একালের ধনদৌলত ও অর্থশাস্ত্র (বিনয় সরকার) ঃ—প্রথম ভাগ ২।০, দ্বিতীয় ভাগ ৩৲। ২। ধনদৌলতের রূপান্তর (বিনয় সরকার) ১।০। ৩। পরিবার, গোষ্ঠী ও রাষ্ট্র (বিনয় সরকার) ২।০। ৪। স্বদেশী আন্দোলন ও সংরক্ষণনীতি (বিনয় সরকার) ২৲। ৫। নয়া বাঙলার গোড়াপত্তন (বিনয় সরকার) ঃ—প্রথম ভাগ ২।০, দ্বিতীয় ভাগ ২৲। ৬। বাস্তুভিটার পথে বাঙালী (বিনয় সরকার) ৩।০। ৭। দেশ-বিদেশের ব্যাঙ্ক (ডক্টর নরেন্দ্রনাথ লাহা ও জিতেন সেনগুপ্ত) ১৸০। ৮। টাকাকড়ি (রবি ঘোষ) ১।০। ৯। টাকার কথা (নরেন ঘোষ) ১৲। ১০। ধনবিজ্ঞানে সাম্যবেদি (শিব দত্ত) ২৲। ১১। বাংলার ধনবিজ্ঞান (বিনয় সরকার ও অন্যান্য লেখকগণ) প্রথম ভাগ ৪।০, দ্বিতীয় ভাগ ৩৲। ১২। সমাজ-বিজ্ঞান (বিনয় সরকার ও অন্যান্য লেখকগণ) ৩৲। ১৩। মার্কিণ সমাজ ও সমস্যা (নগেন চৌধুরী) ২৲। ১৪। ফরাসী মনীষীদের প্রগতি-দর্শন (প্রফুল্ল বিশ্বাস) ।০।

চক্রবর্ত্তী চাটার্জ্জি অ্যাণ্ড কোম্পানী লিমিটেড

১৫, কলেজ স্কোয়ার, কলিকাতা

মাঘ—১৩৫০

আর্থিক উন্নতি

১৮শ বর্ষ—১০ম সংখ্যা

CALCUTTA UNIVERSITY

অহমস্মি সহমান উত্তরো নাম ভূম্যাম্।
অভীষাড়স্মি বিশ্বাষাড়াশামাশাং বিষাসহি॥

অথর্ববেদ ১২।১।৫৪

পৃথ্বীকন্যের মূর্তি আমি,—'শ্রেষ্ঠতম' নামে আমার জানে সবে ধরাতে;
তেজা আমি বিশ্বজয়ী,—জয় আমার দিকে দিকে বিজয়-কেতন উড়াতে।



পাটজাত জিনিষের চাহিদা

বিলাতে পাটের তৈরী জিনিষপত্রাদির চাহিদা খুব বাড়িয়া গিয়াছে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে। ভাণ্ডীর কলওয়ালা এবং তাঁতীরা যোগান দিয়া উঠিতে পারিতেছে না। কারণ বহু শ্রমিক যুদ্ধে কিম্বা অস্ত্রশস্ত্রের কারখানায় যোগ দেওয়ায় সেখানে লোকাভাব ঘটিয়াছে। উৎপাদন কমিয়া যাওয়ায় সেখানকার কলওয়ালারা সম্প্রতি নূতন অর্ডার গ্রহণ করিতে সাহস পাইতেছে না।

এখন কলিকাতার কারখানা হইতেই নানা দ্রব্যাদি প্রস্তুত হইয়া বিলাতে যাইতেছে; ভাণ্ডী হইতে পাটের জিনিষ রপ্তানি প্রায় বন্ধ হইয়া আসিয়াছে। কলিকাতার প্রস্তুত জিনিষই এখন বিলাতে অনেকে ব্যবহার করিতেছে। এই সব জিনিষ গুণের দিক্ দিয়া যুদ্ধ-পূর্ব্ববর্ত্তী কালের জিনিষের মতই, অথচ দামের দিক্ দিয়া ভাণ্ডীর তৈরী জিনিষ অপেক্ষা অনেক সস্তা।

২৫০টি ভ্রাম্যমাণ চিকিৎসাগার

রোগ চিকিৎসার জন্য বাঙ্গলা গভর্ণমেণ্টের বর্ত্তমানে যে ব্যবস্থা আছে, তদুপরি ২৫০টি ভ্রাম্যমাণ চিকিৎসাগার প্রতিষ্ঠা করা হইবে। এই চিকিৎসাগারগুলি প্রধানতঃ সিনিয়ার মেডিক্যাল ছেলেরা চালাইবে। এই উদ্দেশ্যে প্রদেশের বিভিন্ন মেডিক্যাল কলেজ ও স্কুল হইতে এযাবৎ ২১১ জন ছাত্রকে এই দলে লওয়া হইয়াছে। বাকীগুলি স্থানীয় ডাক্তারদের হাতে থাকিবে; তাঁহাদিগকেও এই সব দলে লওয়া হইতেছে। প্রত্যেক দলে একজন মেডিক্যাল ছাত্র (অথবা ডাক্তার), একজন সহকারী ও একজন ঔষধবাহক থাকিবে। প্রত্যেক দল ছয় দিনের জন্য একটি গ্রামকে উহার হেডকোয়ার্টার করিয়া একদিন পর একদিন পার্শ্ববর্ত্তী গ্রামে যাইবে এবং তাহার পর আর এক গ্রামে চলিয়া যাইবে। এই দল যখন যে গ্রামে থাকিবে, তখন সেই গ্রামে ম্যালেরিয়া,

আমাশয়, কলেরা ও অন্যান্য রোগের চিকিৎসা করিবে। এইসব রোগের চিকিৎসার জন্য প্রত্যেক দলে পর্যাপ্ত ঔষধ থাকিবে; ফুইনাইনও অবশ্য থাকিবে। অধিকাংশ ঔষধই বড়ির আকারে থাকিবে। ফেব্রুয়ারীর মাঝামাঝি এই দলগুলি সমগ্র প্রদেশে কর্মতৎপর হইয়া উঠিবে বলিয়া আশা করা যায়।

যৌন-ব্যাধির চিকিৎসা

সম্প্রতি বাঙলা সরকার যৌনব্যাধি চিকিৎসার নিমিত্ত যেসমস্ত ক্লিনিক খুলিয়াছেন সেগুলির সম্বন্ধে জনসাধারণের মনে একটা ভ্রান্ত ধারণার সৃষ্টি হইয়াছে। এই ক্লিনিক-গুলিতে বেসামরিক জনসাধারণের উক্ত প্রকার ব্যাধিগুলির বিনামূল্যে এবং খুবই গোপনভাবে চিকিৎসা করা হইবে। সামরিক ব্যক্তিগণ এখানে স্থান পাইবে না। যুদ্ধারম্ভের পূর্বে বাঙলা সরকারের সার্জেন-জেনারেল কর্তৃক এইরূপ ক্লিনিক স্থাপন করিবার একটী পরিকল্পনা গৃহীত হয়। কিন্তু এতদিন সুযোগ এবং সুবিধার অভাবে তাহা কার্যে পরিণত হয় নাই।

গত কয়েক বৎসর হইতে এই ব্যাধির চিকিৎসার ব্যাপারে নূতন নূতন তথ্য আবিষ্কৃত হইয়াছে। উপযুক্ত চিকিৎসার ফলে এই রোগ সম্পূর্ণরূপে আরোগ্য হইতে পারে। এই ক্লিনিকগুলির অবলম্বিত চিকিৎসা-প্রণালী একটী শক্তিশালী কমিটির অনুমোদন লাভ করিয়াছে। বাঙলা সরকারের সার্জেন-জেনারেল মেজর-জেনারেল চার্লিউ সি প্যাটন, হাইজিন ইনস্টিটিউটের ডিরেক্টর ডাঃ জে বি গ্রাণ্ট, জনস্বাস্থ্য বিভাগের মেজর সি কে লক্ষণম্, কলিকাতা কর্পোরেশনের হেলথ্ অফিসার ডাঃ এম্ আহমদ, গ্রেট-বৃটেন হইতে আগত বিশেষজ্ঞ মেজর ডেভিস, মার্কিণ-যুক্তরাষ্ট্র হইতে আগত বিশেষজ্ঞ ক্যাপ্টেন কোহেন, কারমাইকেল মেডিক্যাল কলেজের বিশেষজ্ঞ ডাঃ এস পি চ্যাটার্জী ও ডাঃ বি এন বানার্জী এবং কলিকাতা মেডি-ক্যাল কলেজের বিশেষজ্ঞ ডাঃ সৌরীন ঘোষ এই কমিটির সভ্যগণের অন্তর্ভুক্ত। এই দাতব্য চিকিৎসা প্রতিষ্ঠান-গুলির উপযুক্ত পরিমাণ ঔষধপত্রাদি মজুদ রাখা হইয়াছে।

এই সমস্ত কঠিন পীড়ার বিনামূল্যে চিকিৎসার সুযোগ খুব কম দেশেই আছে এবং বাঙলার জনসাধারণ এইরূপ জনহিতকর দাতব্য চিকিৎসার সম্পূর্ণ সুযোগ-সুবিধা গ্রহণ করিয়া উপকৃত হইবে।

বিক্রয়-করের নূতন হার

টাকাপ্রতি এক পয়সা হিসাবে বর্তমানে যে বিক্রয়কর প্রচলিত আছে, তাহা টাকা প্রতি দুই পয়সা অর্থাৎ অর্ধ আনায় বর্ধিত করার প্রস্তাবসহ গত ৭ই ফেব্রুয়ারী সোমবার বঙ্গীয় ব্যবস্থা পরিষদে ১৯৪৪ সনের বঙ্গীয় বিক্রয়কর সংশোধন বিল ২১—৬৪ ভোটে গৃহীত হইয়াছে।

দুর্ভিক্ষে বাঙলা সরকারের খরচ

বাঙলা গভর্নমেণ্ট মাঝে মাঝে যে হিসাব প্রকাশ করিয়াছেন, তাহা হইতে জানা যায়, ১৯৪৩ সনের দুর্ভিক্ষের ফলে এ পর্যন্ত বাঙলা সরকারের অনূন সাড়ে এগার কোটি টাকা ব্যয় হইয়াছে। ইহার মধ্যে খয়রাতি অর্থ-সাহায্য, বস্ত্রাদি দান ও অন্নসত্র প্রতিষ্ঠান বাবদ খরচ হইয়াছে পাঁচ কোটি টাকা; দুস্থ লোকদিগকে দুই কোটিরও অধিক টাকা ঋণ দেওয়া হইয়াছে এবং মেডিক্যাল রিলিফ বাবদ পঞ্চাশ লক্ষ টাকা ব্যয় হইয়াছে। সস্তা দরে ধানচাল বিক্রয় করিয়া গভর্নমেণ্টকে চারি কোটি টাকার অধিক ক্ষতি স্বীকার করিতে হইয়াছে।

বাঙলায় আর্তত্রাণ ও পল্লী-উন্নয়ন প্রচেষ্টা

ভোলা (বরিশাল)—বাখরগঞ্জ জেলার ভোলা মহকুমা একটি দ্বীপ-বিশেষ। ইহার আয়তন ৬১৮ বর্গ মাইল ও লোক-সংখ্যা সাড়ে পাঁচ লক্ষ। এখানে ১৯৪৩ সনের জানুয়ারী হইতে চাউল ও ধানের অনটনের সূচনা হয় এবং মার্চ মাস হইতে দুঃখ-দুর্দশার লক্ষণ দেখা দেয়। মার্চ মাসের পর হইতেই জনগণের দুর্গতি তীব্র ভাব ধারণ করে। স্থানীয় সরকারী কর্মচারিগণ বেসরকারী

লোকদের সহানুভূতি দুঃস্থ জনগণের যথাসম্ভব সাহায্যের ব্যবস্থা করেন। কিন্তু দুঃখের অবসান তাহাতে হয় নাই এবং বহু লোক মৃত্যুমুখে পতিত হইতে থাকে। এই পরিস্থিতির সম্মুখীন হইবার জন্য নিম্নলিখিত সাহায্য-ব্যবস্থাসমূহ অবলম্বিত হয়। নিম্নে পৃথক পৃথকভাবে সরকারী ও বেসরকারী সাহায্য-ব্যবস্থার বিষয় বর্ণিত হইল।

বেসরকারী সাহায্য-ব্যবস্থা—১৩৪৩ সনের এপ্রেল মাসে শহরে ও বিপন্ন এলাকাসমূহে বেসরকারী সাহায্য কমিটি গঠিত হয়। তাঁহারা গভর্ণমেণ্টের প্রথম দান না পাওয়া পর্য্যন্ত স্থানীয় লোকদের নিকট হইতে চাঁদা তুলিয়া সরকারী পরিমাণ দুঃস্থদিগকে চাউল ডাইল সাহায্য হিসাবে বিতরণ করেন।

খাদ্যদ্রব্য রপ্তানির উপর নিষেধাজ্ঞার সময়ে ধৃত ৫,০০০ মণ ধান্য তৎকালীন নিয়ন্ত্রিত দরে ক্রয় করা হয়। গ্রামা অভাবগ্রস্ত স্ত্রীলোকদের দিয়া তাহা ভানাইয়া লওয়া হয়। অতঃপর সেই চাউল একজন অফিসার ও সিভিক-গার্ডদের উপস্থিতিতে দুঃস্থ (অধিকাংশ দিনমজুর) লোকদের মধ্যে বণ্টন করিয়া দেওয়া হয়। কিছু চাউলও ধৃত হইয়াছিল। তাহাও এইরূপভাবে বিতরণ করা হয়। এই ব্যবস্থার ফলে শহরে ও তৎপার্শ্ববর্ত্তী গ্রামগুলিতে প্রায় তিন মাসের জন্য চাউলের অভাব দূর হইয়া যায়।

মিউনিসিপ্যাল ও ইউনিয়ন বিলিফ কমিটী প্রতি সপ্তাহে, কোথাও আবার সপ্তাহে দুইবার করিয়া চাউল, ডাইল প্রভৃতি সাহায্য হিসাবে বিতরণ করে। কয়েকটি স্থানে দরিদ্র লোকদের খাওয়াইবার জন্য ধনশালী ব্যক্তিগণকে প্ররোচিত করা হয়। স্থানীয়ভাবে চাঁদা তুলিয়া ৩,০০০ মণ চাউল বিতরণ করা হয়।

মহকুমা হাকিমের ষ্টাবিলাইজার হইতে অফিসারগণকে ভ্রমণকালে জরুরী অবস্থায় ব্যয় করার জন্য অর্থ প্রদান করা হয় এবং এই উদ্দেশ্যে ১,০৪০৲ টাকা খরচ হয়।

বেসরকারী সাহায্য সমিতিগুলির দান-ভাণ্ডার হইতে বস্ত্রাদি ক্রয় করিয়া দুঃস্থদের (অধিকাংশ স্ত্রীলোক) মধ্যে বিতরণ করা হয়। প্রায় ২,০০০ খানি বস্ত্র বিতরিত হয়।

ভোলা শহরের মহিলা-কর্ম্মীদের দ্বারা একটি দুগ্ধ বিতরণ-কেন্দ্র পরিচালিত হয় এবং এখনও পরিচালিত হইতেছে। পরে ইহা সরকারী দুগ্ধ-বিতরণ-কেন্দ্রের সহিত সংযুক্ত হইয়াছে।

শহরের রাজপথসমূহের পার্শ্বে যেসব দুঃস্থ পড়িয়া ছিল তাহাদিগকে স্থান দান করার জন্য মিউনিসিপ্যালিটীতে একটী ভিখারী-নিবাস স্থাপন করা হয় তাহাদের আহার ও ঔষধাদি প্রদান করা হয়। পরে এই ভিখারী-নিবাসটী সরকারী দুঃস্থ হাসপাতালে পরিণত হইয়াছে।

মুসলিম গোর-সমিতি এবং হিন্দু সৎকার-সমিতি কর্ত্তৃক বেওয়ারিশ মৃতদেহের আনুষ্ঠানিক অন্ত্যেষ্টিক্রিয়ার ব্যবস্থা করা হয়।

সরকারী সাহায্য—৬৩টী খিচুড়ী বিতরণ-কেন্দ্রে দৈনিক ২৭,১০৬ জন দুঃস্থ নরনারীকে আহার প্রদান করা হয়। এই উদ্দেশ্যে ১,০০,০০০৲ টাকা ব্যয় হইয়াছে।

জানুয়ারী মাসের প্রথম সপ্তাহ হইতে আগষ্ট মাসের প্রথম সপ্তাহ পর্য্যন্ত বিভিন্ন প্রকার টেষ্ট-রিলিফ কার্য্য পরিচালিত হয়। তথায় কর্ম্মের বিনিময়ে সাহায্য দেওয়া হইয়াছিল—

	সংখ্যা
পুরুষ	১,৪৭,৬৮০
নারী	৭,৪৭৩
বালক-বালিকা	১৯,৬০৪
মোট	১,৮১,৭৪৭

এইসব কার্য্যে দৈনিক গড়ে ৩,০৩০ জন লোক উপস্থিত হইত এবং মাথাপিছু ৷৷১০ আনা করিয়া মোট ২৮,২৪৭৷৷৵০ আনা ব্যয় হয়। চিরাচরিত পর্দ্দাপ্রথা ও এই সব কার্য্যের প্রতি স্বাভাবিক অবজ্ঞা পরিত্যাগ করিয়া বহুসংখ্যক স্ত্রীলোকও মাঠের কার্য্যে আত্মনিয়োগ করিয়াছিল।

কৃষিঋণ হিসাবে ৫,৫০,০০০৲ টাকা প্রদান করা হয়। এই অর্থের এক অংশ শস্য-বীজে দেওয়া হইয়াছিল। তাঁতী ও ধীবরদিগের স্ব স্ব ব্যবসায় পরিচালনের জন্য ৫০,০০০ টাকা মঞ্জুর হইয়াছে।

দরিদ্র জনসাধারণের মধ্যে অল্প মূল্যে ২,৮০৫ মণ চাউল, ৮১৫ মণ ডাইল, ৩,২২৬ মণ আটা ও ময়দা, ২৪৫ মণ বাজরা, ১,০৯২ মণ জোয়ার ও ৫০ মণ ভুট্টা প্রদান করা হইয়াছে।

৭০ পাইট ট্যাওার্ড কাপড় বিতরণ করা হয় এবং আরও বহু কাপড় ও কম্বল দরিদ্রদিগকে বিনামূল্যে প্রদান করা হইয়াছে। এখানে আরও কাপড়চোপড় পৌঁছিয়াছে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে। (বাংলার কথা)

বাংলায় লবণ সরবরাহ

জানা গিয়াছে যে, পশ্চিম ভারতের বন্দরগুলি হইতে প্রেরিত সরবরাহ বাদে ভারত সরকার বাংলার বাহির হইতে প্রতি মাসে বাংলায় ৩০,০০০ টন লবণ প্রেরণের বন্দোবস্ত করিয়াছেন। বাংলায় লবণ বণ্টন নিয়ন্ত্রণ সম্পর্কেও ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে।

বাংলায় প্রতি মাসে প্রায় ৩০,০০০ টন লবণ লাগে।

চুরির হিড়িক

সহর এবং সহরের সন্নিহিত অঞ্চলসমূহ হইতে নানা প্রকার চুরির সংবাদ পাওয়া যাইতেছে। অধিকাংশ চুরির নাকি কোনও কিনারা হইতেছে না। এত সিভিক-গার্ড, হোমগার্ড ও পুলিশ থাকিতে এরূপ চুরির হিড়িক বাড়িবার কারণ কি? (নোয়াখালী হিতৈষী)

গ্রামে ডাকাতি

মুন্সীগঞ্জ মহকুমার লৌহজঙ্গ থানার অন্তর্গত কয়েকটী গ্রামে সম্প্রতি ভীষণ ডাকাতি হইয়া গিয়াছে। এক গ্রামে ডাকাতেরা বন্দুক, বর্শা ও অন্যান্য মারাত্মক অস্ত্র নিয়া অনেক কৃষকের বাড়ী আক্রমণ করে। বাধা দিতে আসিয়া বাড়ীর লোকদের মধ্যে ২ জন নিহত হয়। ডাকাতেরা সমস্ত জিনিষপত্র লুণ্ঠন করিয়া নিয়াছে। অপর এক গ্রামে বীরেশ্বর ভট্টাচার্য্য নামক এক ব্যক্তির বাড়ীতে অনুমান ৮০ জন ডাকাত হানা দিয়া নগদ টাকা অলঙ্কার-পত্র, বস্ত্রাদি এবং বাসনপত্র অপহরণ করিয়াছে। বেজগাও গ্রামের চন্দ্রবিনোদ ঘোষাল মহাশয়ের বাড়ীতে ৩০।৪০ জন ডাকাত হালানের কপাট ভাঙ্গিয়া প্রবেশ করে এবং বস্ত্রাদি ও অলঙ্কার এবং নগদ টাকা সমস্ত লুণ্ঠন করিয়া লইয়া গিয়াছে। মুন্সীগঞ্জ থানার অন্তর্গত কোনও গ্রামের গোবিন্দ রুদ্রের বাড়ীতে ১৬।১৭ জন লোক রামদা ও কুঠার প্রভৃতি লইয়া হানা দেয় এবং বাড়ীর পুরুষ ও স্ত্রীলোকদিগকে যথেচ্ছ প্রহার করিয়া নগদে ও অলঙ্কারে প্রায় ৩।৪ হাজার টাকা নিয়া পলায়ন করে।

ম্যালেরিয়ায় পল্লী উজাড়

দেশের সর্ব্বত্র যে দুর্দ্দশা দেখা গিয়াছে, তাহার পরিণতি কি হইবে? ইহাতে কত পল্লী যে উৎসন্ন হইয়া যাইবে, কত পরিবারের যে সর্ব্বনাশ ঘটিবে, তাহা ভাবিতেও বক্ষ কাঁপিয়া উঠে। সম্প্রতি মাণিকগঞ্জের দুর্দ্দশা সম্বন্ধে যে সংবাদ প্রকাশিত হইয়াছে, তাহা এইরূপ—"গ্রামে গ্রামে ম্যালেরিয়া ভীষণ আকারে দেখা দিয়াছে; ঘরকোড়া ইউনিয়নে ম্যালেরিয়ায় প্রতিদিন বহু লোকের মৃত্যু হইতেছে। কুইনাইনের অভাবে চিকিৎসা বন্ধ; রোগীর জন্য সাবু, বার্লি প্রভৃতি দুষ্প্রাপ্য এবং দুর্মূল্য। মিছরী আড়াই টাকা সের, তাহাও আবার পাওয়া যায় না। মাত্র ৮।১০ দিন ভুগিয়াই লোক মারা যাইতেছে। সমস্ত পল্লী অকাল শ্মশানভূমিতে পরিণত হইতেছে। জেলে, মুচি, সূত্রধর, এবং আরও অনেক জাত, যাহাদের চাষের জমি নাই তাহাদের অধিকাংশই ভীষণ দুর্ভিক্ষে না খাইয়া মরিয়াছে, কেহ বা বাড়ী-ঘর ছাড়িয়া চলিয়া গিয়াছে। ঢাকা জিলার অনেক অঞ্চলের অবস্থাই প্রায় এইরূপ। ভবিষ্যতের গর্ভে কি আছে কে বলিবে?

(ঢাকাপ্রকাশ)

মহীশূররাজ্যে সরকারী রেলপথের আয়

১৯৪৩ সনের মে মাসে মহীশূরের সরকারী রেলপথগুলির আয় দাঁড়াইয়াছে ১১,৭১,১০০৲ টাকা; পূর্ব্ববর্ত্তী মাসে আয়ের পরিমাণ ১০,৮২,২০০৲ টাকা। ১৮৪২ সনের মে মাসে ১০,১০,৪২৬৲ টাকা। ১৯৪২ সনের ১লা জুলাই হইতে ১৯৪৩ সনের মে মাসের শেষ পর্য্যন্ত আয়ের পরিমাণ ১,১৪,২১,২০০৲ টাকা। পূর্ব্ববর্ত্তী সেই সময়ের আয় ৯৪,০৮,৪১৫৲ টাকা।

১৮৪৩ সনের মে মাসে সরকারী রেলপথগুলিতে ১০,৪৩,৬৬৩ রেলওয়ে মণ পণ্যদ্রব্য ও বিভিন্ন ধাতুর চলাচল হইয়াছে। পূর্ব্ববর্ত্তী মাসে মাল চলাচলের পরিমাণ ২৩,৬৫,০১৩ রেলওয়ে মণ, এবং ১৯৪২ সনের মে মাসে ২৮,১৩,১২৮ মণ। ১৯৪২ সনের ১লা জুলাই হইতে ১৯৪৩ সনের মে মাসের শেষ ভাগ পর্য্যন্ত রেলপথে মোট মাল চলাচলের পরিমাণ দাঁড়ায় ২৬,৪১৬,৪০১ রেলওয়ে মণ; পূর্ব্ববর্ত্তী সনে একই সময়ের মধ্যে মাল চলাচলের পরিমাণ ছিল ৩০,৪২৬,৩৬৮ রেলওয়ে মণ।

স্বর্ণ-উৎপাদন

মহীশূর রাজ্যের স্বর্ণখনিগুলিতে ১৯৪৩ সনের মে মাসে ২১,৪৪৯ আউন্স (ফাইন) সোণা উৎপন্ন হইয়াছে এপ্রিল মাসে উৎপাদনের পরিমাণ দাঁড়ায় ২৩,৩৫৫ আউন্স। ১৯৪২ সনের মে মাসে ২৩,৮৪৯ আউন্স। কাজেই দেখা যাইতেছে যে, আলোচ্য মাসে ১৯৪৩ সনের এপ্রিল মাসের ৮%, ১৯৪২ সনের মে মাসের তুলনায় ১০% কম উৎপন্ন হইয়াছে। আলোচ্য সনে উৎপন্ন স্বর্ণের মোট মূল্য ৪৫,১০,৭৬৭৲ টাকা। ১৯৪৩ সনের এপ্রিল মাসে ৫৬,০৫,২০০৲ এবং ১৯৪২ সনের মে মাসে ৩০,৭৬,৪২১৲ টাকা ছিল।

১৯৪২-৪৩ সনে সোণার খনিগুলিতে মোট ২৩৪, ৫২৪ আউন্স সোণা ও ১৮,৬২৪ আউন্স রূপা উৎপন্ন হইয়াছে। উত্তোলিত এই দুই ধাতুর মোট মূল্য ৪,৩৬, ৫১,০০০৲ টাকা।

মহীশূর রাজ্যে যৌথ কোম্পানী

১৯৪২-৪৩ সনের শেষ পর্য্যন্ত মহীশূররাজ্যে মোট কোম্পানীর সংখ্যা ২০০টী; তন্মধ্যে গ্যারাণ্টী দ্বারা সীমাবদ্ধ কোম্পানীর সংখ্যা ২০টী; বাদবাকী কোম্পানীগুলি অংশদ্বারা সীমাবদ্ধ। শেষোক্ত শ্রেণীর কোম্পানীগুলির মোট প্রাপ্ত মূলধনের পরিমাণ ৩,৭১,২০, ৭৬৬৲ টাকা।

নাগপুর পাইয়োনিয়ার ইনশিওরেন্স কোম্পানী লিমিটেড্

নাগপুর পাইয়োনিয়ার ইনশিওরেন্স কোম্পানীর ১৯৪২ সনের বার্ষিক রিপোর্টে দেখা যায়, কোম্পানী এই সনে মোট ৭,৭১,২৬২৲ টাকা মূল্যের ২৭৮টী নূতন পলিসি বাহির করিয়াছে। কোম্পানীর মোট প্রিমিয়াম আয় দাঁড়াইয়াছে ১,৫৯,২১০ টাকা; আয়কর ও সারচার্জ্জ অর্থাৎ অতিরিক্ত আয়কর বাবদ সুদ, লভ্যাংশ ও খাজানা বাবদ ৩৪,৯৯৪৲ টাকা এবং বিবিধ খাতে ১২৮৲ টাকা।

কোম্পানীর মোট খরচের হিসাবে দেখা যায়, আলোচ্য সনে কোম্পানী মৃত্যুবাবদ দাবী শোধ করিয়াছে ১৮,১৪৮৲ টাকা, মেয়াদ শোধ বাবদ দাবী মিটাইবার পরিমাণ ৩৪,৬১৭৲ টাকা, সারেণ্ডার বাবদ দাবী পরিশোধ ১০,৬৩২৲ টাকা, নগদ বোনাস প্রদান ১,২৪৫৲ টাকা, পরিচালন খরচা ও এজেণ্টদের কমিশন পরিশোধ ৪৫,৩১২৲ টাকা, অন্যান্য দেনা শোধ প্রায়

৫,০০০৲ টাকা। আলোচ্য সনে কোম্পানী জীবন-বীমা তহবিলে ৯ লক্ষ টাকা জমা দিয়াছে। খরচের অনুপাত ১৯৪১ সনের ২৭·৬২% হইতে ১৯৪২ সনে ২০·৩২% এ হ্রাস পাইয়াছে।

কোম্পানীর মোট সম্পত্তির পরিমাণ (১৯৪২ সনের ৩১শে ডিসেম্বর) ১০,২৫,২১৪৲ টাকা; তন্মধ্যে গবর্ণমেণ্ট সিকিউরিটি ও অন্যান্য অনুমোদিত সিকিউরিটির পরিমাণ ৫,২৭,৫৮৫৲ টাকা, অর্থাৎ মোট সম্পত্তির অর্দ্ধেকেরও অধিক।

হায়দারাবাদ কো-অপারেটিভ ইন্‌শিওরেন্স সোসাইটী লিমিটেড্‌

১৯৪৩ সনের ৭ই জুলাই তারিখে হায়দারাবাদ কো-অপারেটিভ ইন্‌শিওরেন্স সোসাইটী লিমিটেডের অষ্টমবর্ষ শেষ হইয়াছে; এই বৎসরের বার্ষিক বিবরণীও প্রকাশিত হইয়াছে।

এই বীমা কোম্পানীটীর বয়স মাত্র আট বৎসর। কিন্তু এই অল্প সময়ের মধ্যেই কোম্পানীটী ভারতের শীর্ষস্থানীয় ২২টী কোম্পানীর মধ্যে নিজের স্থান করিয়া লইতে সমর্থ হইয়াছে। কোম্পানীটীর কৃতিত্ব আরও বেশী এই জন্য যে, অন্যান্য বীমা কোম্পানীগুলির কর্ম্মক্ষেত্র নিখিল ভারত; কিন্তু এই কোম্পানীর কাজ কেবলমাত্র হায়দারাবাদ রাজ্যেই সীমাবদ্ধ রহিয়াছে।

আলোচ্য সনে বীমা কোম্পানীটী পূর্ব্ববর্ত্তী সনের ১৬ লক্ষ টাকার স্থলে মোট ২৬,৩৭,০৮৬৲ টাকার নূতন কাজ করিয়াছে। কাজেই দেখা যায় নূতন কাজের পরিমাণ বাড়িয়াছে ৫০%। বর্ষ শেষে মোট কারবার দাঁড়াইয়াছে ৯০ লক্ষ ৯০ হাজার টাকার।

আলোচ্য সনে কোম্পানীর খরচের পরিমাণ দাঁড়াইয়াছে মোট প্রিমিয়াম আয়ের ২৩·৪৯%। মোট আয়ের পরিমাণ ৬ লক্ষ ৯৩ হাজার টাকা; খরচের পরিমাণ ১৩,৩১২৲ টাকা। কোম্পানীর প্রথম বৎসরে প্রিমিয়াম দাঁড়াইয়াছিল ১লক্ষ ৪ হাজার টাকা। কাজেই দেখা যায়, আলোচ্য সনে প্রথম বৎসরের আয়ের চেয়েও কম ব্যয় হইয়াছে।

১২ মাসের মধ্যে জীবনবীমা তহবিল ৫,২২,৪৪৪৲ টাকা হইতে ৭,২৭,৮২৬৲ টাকায় বর্দ্ধিত হইয়াছে। আলোচ্য সনে বোনাস সহ মোট দাবী শোধের পরিমাণ ১৬,০২৫৲ টাকা; মোট সম্পত্তির পরিমাণ ৯ লক্ষ টাকা।

ইক্ষু চাষ ও গুড়ের উৎপাদন-বৃদ্ধি

ব্যবসায় বাণিজ্যের সংবাদ সরবরাহ বিভাগ নিখিল ভারতীয় ইক্ষু চাষের ১৯৪৩-৪৪ সনের শেষ পূর্ব্বাভাষে জানাইয়াছেন যে, এই বৎসর ৪১১৩০০০ একর জমিতে ইক্ষুর চাষ হইয়াছে এবং ৫৬৯৬০০০ টন গুড় উৎপন্ন হইয়াছে। পূর্ব্ববর্ত্তী বৎসরের তুলনায় চাষের ভূমি ও গুড়ের উৎপাদন যথাক্রমে শতকরা ১৫ ভাগ ও ১২ ভাগ বৃদ্ধি পাইয়াছে।

ভারত গবর্ণমেণ্টের ট্রেজারী বিল

ভারত সরকার কর্ত্তৃক আহূত ৩ মাসের মেয়াদী ৬ কোটি টাকার ট্রেজারী বিলের যে টেণ্ডারের আবেদন ২৫শে জানুয়ারী খোলা হয়, তাহাতে মোট আবেদনের পরিমাণ দাঁড়াইয়াছিল ১০ কোটি ৭৬ লক্ষ ৭৫ হাজার টাকা। তন্মধ্যে শতকরা ৯৯৸৵৩ পাই ও তদূর্দ্ধ দরের সমুদয় এবং ৯৯৸৵৩ পাই দরের শতকরা প্রায় ৬৫ ভাগ আবেদন গৃহীত হইয়াছে।

মার্কিণ যুক্তরাষ্ট্র যুদ্ধ-ক্ষতি বীমা

যুদ্ধ-ক্ষতিপূরণ (ওয়ার ড্যামেজ) কর্পোরেশন ১৯৪২ সনের শেষ ভাগ পর্যন্ত ১২১,০০০ মিলিয়ন ডলার মূল্যের মোট ৪,৭০০,০০০টী পলিসি বাহির করিয়াছে। এই বীমার ৫৮% সম্পন্ন হইয়াছে কালিফোর্ণিয়া মাসা চুসেটস্, নিউজার্সী, নিউইয়র্ক ও ফিলাডেল্‌ফিয়া—এই পাঁচটী ষ্টেটের দ্বারা। মোট প্রিমিয়াম আয় দাঁড়াইয়াছে ১৩০ মিলিয়ন ডলার। কর্পোরেশন মোট ৬৩,০০০,০০০ ডলার মূল্যের ৮৯১টী দাবী পূরণ করিয়াছে। কর্পোরেশন গঠনের পূর্বেই এই সমস্ত ক্ষতিপূরণের দাবী করা হইয়াছিল। পার্লহারবার ও ফিলিপাইন দ্বীপপুঞ্জে শত্রুর আক্রমণের ফলে এইসমস্ত ক্ষতি ঘটিয়াছিল।

মার্কিণ যুক্তরাষ্ট্রে সমরসম্ভার উৎপাদন

গত দুই বৎসরে যুক্তরাষ্ট্রে অসম্ভবরূপ সমরসম্ভার উৎপন্ন হইয়াছে। দুই বৎসরে আমেরিকায় ১ লক্ষ ৩৪ বিমান, ৪ লক্ষ ২৪ হাজার কামান, ১ লক্ষ ৪৮ হাজার হাজার ট্যাঙ্ক এবং ১২ লক্ষেরও অধিক মিলিটারী লরী তৈরী হইয়াছে।

রুশিয়াকে সাহায্যদান

ঋণ ও ইজারা ব্যবস্থা অনুসারে মার্কিণ যুক্তরাষ্ট্র এ পর্যন্ত সোভিয়েট ইউনিয়নে প্রায় ৩৮৮ কোটী ৭৮ লক্ষ ৭১ হাজার ডলার মূল্যের দ্রব্য-সম্ভার প্রেরণ করিয়াছে। সোভিয়েট ইউনিয়নে ৭৪০০ বিমান, ৩৭০০ ট্যাঙ্ক, ১ লক্ষ ৬ হাজার মোটর লরী, ৩০ হাজার ছোট মোটর গাড়ী, ২০ হাজার অন্যান্য ধরণের এবং বিপুল পরিমাণ খনিজ, রাসায়নিক, বিস্ফোরক দ্রব্য এবং যন্ত্রপাতি প্রেরিত হইয়াছে। খাদ্যদ্রব্য প্রেরণ করা হইয়াছে ২০ লক্ষ টন।

বুলগেরিয়ায় পারিবারিক ভাতা

১৯৪২ সনের ৪ঠা আগষ্ট তারিখে বুলগার মন্ত্রিসভা বুলগেরিয়ায় সর্ব্বপ্রথম শ্রমিকদের পারিবারিক ভাতার ব্যবস্থা করিয়া আইন জারি করিয়াছেন। মালিকদিগকেই এই ব্যবস্থার গ্রহণ করিতে হইবে। ১৯৪২ সনের ১লা জুলাই হইতে আইন বলবৎ হইয়াছে। সরকারী শ্রমিক দপ্তর এই পরিকল্পনার পরিচালন-ভার গ্রহণ করিয়াছে। মালিকদিগকে মোট মজুরির বা বেতনের ১০% হিসাবে পারিবারিক ভাতা প্রদান করিতে হইবে।

উরুগোয়েদেশে গৃহভৃত্যদের পেন্সন লাভ

উরুগোয়েদেশের আইন-সভায় ১৯৪২ সনের ২২শে জুলাই তারিখে এক বাধ্যতামূলক আইনজারি করা হইয়াছে। এই আইন অনুসারে চাকর-চাকরাণী এবং খরোয়ানরা পেন্সন লাভ করিবে। মালিককে গৃহ-ভৃত্যের বেতনের ১০% পেন্সন-তহবিলে জমা দিতে হইবে। যাহারা একাধিক ভৃত্য নিয়োগ করিবে তাহা-দিগকে ভৃত্যাপিছু আরও এক পিসো অতিরিক্ত অর্থপ্রদান করিতে হইবে। ভৃত্যদিগকে বেতনের ৫% এই তহবিলে জমা দিতে হইবে।

আমেরিকা হইতে খাদ্যশস্য রপ্তানি

১৯৪৩ সনে আমেরিকার যুক্তরাষ্ট্র হইতে ইজারা ও কর্জ্জ ব্যবস্থা অনুসারে পূর্ব্ব বৎসরের তুলনায় দ্বিগুণেরও বেশী—মোট ১১৪৮ কোটি ৮০ লক্ষ পাউণ্ড (৫১ লক্ষ ৩১ হাজার টন) খাদ্য ও অন্যান্য কৃষিপণ্য রপ্তানি হইয়াছিল। ১৯৪২ সনে রপ্তানির পরিমাণ ছিল ৫৩১ কোটী পাউণ্ড (২৩ লক্ষ ৬৬ হাজার টন)। গত ডিসেম্বরে রপ্তানি ৯০ কোটী পাউণ্ডের মধ্যে শতকরা ৫১ ভাগ রাশিয়ায় ও ৪·২ ভাগ বৃটিশ সাম্রাজ্যে প্রেরিত হইয়াছিল।

রাশিয়াকে সাহায্য-দান

১৯৪২ সনের তুলনায় ১৯৪৩ সনে যুক্তরাষ্ট্র হইতে ইজারা ও কর্জ্জ-ব্যবস্থা অনুসারে প্রায় দ্বিগুণ সাহায্য পাঠান হইয়াছে। ১৯৪১ সনের অক্টোবরে রুশিয়াকে সাহায্য দান আরম্ভ হয়। ঐ সময় হইতে ১৯৪৪ সনের ১লা জানুয়ারী পর্য্যন্ত মোট ৮৪ লক্ষ টন রসদ রাশিয়ায় পাঠান হইয়াছে। ইহার মূল্য ২৪ কোটী ৩৮ লক্ষ ডলার।

জাপানী নৌ-ক্ষতির হিসাব

বর্ত্তমান যুদ্ধের গোড়া হইতে ১৫ই জানুয়ারী (১৯৪৪) পর্য্যন্ত জাপানের নৌ ক্ষতির হিসাব নিম্নে প্রদত্ত হইল—

মার্কিণ নৌ-দপ্তরের ইস্তাহারে ও জেনারেল ম্যাক-আর্থারের ইস্তাহারেও উল্লিখিত সাপ্তাহিক রিপোর্টে সামান্য পার্থক্য আছে—

যুদ্ধ জাহাজ	নিমজ্জিত	সম্ভবতঃ নিমজ্জিত	ক্ষতিগ্রস্ত
ব্যাটল শিপ	২		৯
বিমানবাহী জাহাজ	৬	১	৭
ক্রুজার	২৬	৪	৪৭
ডেষ্ট্রয়ার	৬৩	১৮	৬২
সাবমেরিণ	৬	১	৬
টেণ্ডার	১	১	৪
অন্যান্য শ্রেণীর জাহাজ	২৪	৩	১৭
মোট	১২৮	২৮	১৪২
সাধারণ জাহাজ	৪২৪	৩৬	১৭৯

যুদ্ধ জাহাজ	নিমজ্জিত	সম্ভবতঃ নিমজ্জিত	ক্ষতিগ্রস্ত
ব্যাটল শিপ			১
বিমানবাহী জাহাজ			২
ক্রুজার			৩০
ডেষ্ট্রয়ার			৫৬
সাবমেরিণ			৩
টেণ্ডার	২		১
গানবোট	৮		৪
টর্পেডো বোট	১	১	১
অন্যান্য শ্রেণীর জাহাজ	২	১	১
মোট	৮০	৮	১৯৯
সাধারণ জাহাজ	১২৬	২৩	২৫১
বিভিন্ন শ্রেণীর ছোট ছোট জাহাজ	৮০৭		

রাষ্ট্রপতি চিয়াঙ ও তাঁহার সন্তানদের শিক্ষা

রাষ্ট্রপতি চিয়াঙের জ্যেষ্ঠ পুত্র চিয়াঙ চিঙ-কুয়ো যখন পেইপিঙের বিদ্যালয়ে অধ্যয়ন করিতেন তখন তাঁহার সহপাঠী ছিল চীনের বর্তমান এক নম্বর শত্রু ওয়াঙ চিঙ-ওয়ের পুত্র।

বালক ওয়াঙ বালক চিয়াঙকে প্রায়ই বিদ্রূপ করিত, কারণ বালক চিয়াঙ কখনও বিদ্যালয়ের ভোজনালয় হইতে অতিরিক্ত খাদ্য আনিত না। ঐ সময়ে রাষ্ট্রপতি চিয়াঙ বালক চিয়াঙকে মাসে মাত্র এক ডলার পকেট খরচ দিতেন এবং এই এক ডলার ১০ দফায় পাঠান হইত।

রাষ্ট্রপতি চিয়াঙ পুত্রকে প্রায়ই বলিতেন "আমার নিকট হইতে অর্থ চাহিও না। শক্তিশালী পুরুষ হও এবং নিজের ভবিষ্যৎ গঠন কর।" সন্তানদের শিক্ষা বিষয়ে ইহাই ছিল রাষ্ট্রপতি চিয়াঙের মূল মন্ত্র। তাঁহার নীতি ছিল "আত্মাই শক্তি, অর্থ শক্তি নয়।"

রাষ্ট্রপতি চাহেন না যে তাঁহার পুত্র উচ্চপদস্থ কর্মচারী হইবার স্বপ্ন দেখিবে। সমাজের প্রতি কোন ব্যক্তির অবদান উচ্চপদের দ্বারা নির্ণীত হওয়া উচিত নয়। যুবক চিয়াঙ এই অভিমতের সহিত নিজের মন্তব্য যোগ করিয়া বলেন যে পুরোভাগের যোদ্ধা ও কৃষকেরাই সর্বাপেক্ষা সম্মানার্হ ব্যক্তি। রাষ্ট্রপতি তাঁহার পুত্রকে বলেন, "শূন্য-গর্ভ বক্তৃতা সাফল্যের প্রতিবন্ধক—কেবল বাস্তবিক কার্যেরই মূল্য আছে"।

রাষ্ট্রপতির মতে আত্মপরীক্ষণ সাফল্যের একটী প্রধান উপায় এবং প্রতি রাত্রে নিদ্রা যাইবার পূর্বে চিয়াঙ চিঙ-কুয়ো নিজেকে তিনটী প্রশ্ন করেন—তিনি কি তাঁহার বিবেকের বিরুদ্ধে কোন কার্য করিয়াছেন? তিনি কি তাঁহার মাতাপিতার বিরুদ্ধে কিছু করিয়াছেন? তিনি কি তাঁহার দেশের বিরুদ্ধে কোন কার্য করিয়াছেন?

কোন কিছু সম্পাদন করিতে হইলে রাষ্ট্রপতির মতে দুইটী নীতি অনুসরণ করা উচিত—প্রথমে স্থির করা উচিত কর্মের কোন অংশটী প্রথমে আরম্ভ করা উচিত এবং কোনটী পরে এবং দ্বিতীয়, কোন কার্য অর্ধসমাপ্ত করিয়া ক্ষান্ত হওয়া উচিত নহে।

একদা রাষ্ট্রপতি চিয়াঙ তাঁহার পুত্রকে হস্তলিপির জন্য ভৎর্সনা করেন, কারণ যুবক চিয়াঙ পিতার নিকট এক পত্রের প্রথম অংশ খুব যত্নের সহিত লিখিয়াছিলেন, কিন্তু শেষ অংশটী অত্যন্ত ক্ষিপ্রতার সহিত সম্পন্ন করেন। রাষ্ট্রপতি বলেন কোন-কিছু করিতে হইলে যত্নের সহিত আরম্ভ করা উচিত ও যত্নের সহিত সম্পন্ন করা উচিত।

সন্তানেরা যে পারিপার্শ্বিক অবস্থার মধ্যে বাস করিত তাহার প্রতি রাষ্ট্রপতির বিশেষ লক্ষ্য ছিল। যখন চিয়াঙ-কুয়ো অল্পবয়স্ক ছিলেন তখন রাষ্ট্রপতি তাঁহাকে নূতন চীন ও প্রতীচ্যের প্রভাব সম্বন্ধে জ্ঞান লাভ করিবার জন্য শ্যাংহাইয়ে প্রেরণ করেন। পরে শ্যাংহাই পুত্রের শিক্ষার পক্ষে অত্যন্ত বিলাসী স্থান হইয়া উঠিলে রাষ্ট্রপতি তাঁহাকে পেইপিঙে প্রেরণ করেন।

মানুষের মধ্যে সর্বপ্রধান বস্তু হইতেছে আন্তরিকতা, রাষ্ট্রপতি একদা তাঁহার পুত্রকে এই কথা বলেন। তিনি চিঙ-কুয়োর কি কি করা উচিত নয় সে সম্বন্ধে একটী তালিকা প্রণয়ন করিয়া দেন যেমন "উদ্ধত হইও না," "পরমুখাপেক্ষী হইও না," "গর্ব করিও না।" রাষ্ট্রপতির একটী নীতি হইতেছে "নিজের পারিপার্শ্বিক অবস্থাকে আয়ত্ত কর, ইহা যেন তোমাকে আয়ত্ত না করে।"

সামাজিক যু-ব্যবস্থাগুলি রদ করিতে হইবে অথবা ইহাদের মধ্যে নিমজ্জিত হইতে হইবে।

রাষ্ট্রপতির মতে দেশকে সেবা করিবার জন্য আত্মোৎসর্গই নীতি হওয়া উচিত। চিঃ-কুয়োর নিকট এক পত্রে রাষ্ট্রপতি একটী দৃষ্টান্ত দেন—এক যুদ্ধের সময় যখন ছান বংশের সম্রাটকে (২০৬ খ্রীঃ পূঃ—২২০ খ্রীঃ অব্দ) বলা হয় যে তিনি আত্মসমর্পণ না করিলে তাঁহার পিতাকে (যিনি শত্রু কর্ত্তৃক ধৃত হন) হত্যা করা হইবে। সম্রাট বলেন "হত্যা কর, আমি আত্মসমর্পণ করিব না।"

"মারকুইস চেঃ কুয়ো-ফানের পত্রাবলী" রাষ্ট্রপতির অতি প্রিয় পুস্তক। এই পত্রগুলিতে মাঞ্চুবংশের প্রসিদ্ধ রাজনীতিবিদ্ তাঁহার জীবনের দর্শন, অধ্যয়ন ও কর্ম্মপদ্ধতি এবং শারীরিক ও মানসিক স্বাস্থ্যনীতি সম্বন্ধে অনেক কথা লিপিবদ্ধ করেন। রাষ্ট্রপতি পুত্রকে পত্র লিখিবার সময় না পাইলে তাঁহাকে পুস্তকটীর কোন বিশেষ পত্র পড়িতে আদেশ করেন।

যুবক চিয়াঙের প্রধান পাঠ্য পুস্তক ছিল "মেনসিয়াসের শিক্ষাবলী।" এই পুস্তকে মেনসিয়াস অতি সাধারণ কথায় ও গল্পে তাঁহার মতবাদ ব্যক্ত করেন। কিছুকাল পরে পুত্রের সহিত সাক্ষাৎ হইলে রাষ্ট্রপতি প্রায়ই জিজ্ঞাসা করেন সে মেনসিয়াস পড়িতেছে কি না?

রাষ্ট্রপতি পুত্রের নিকট এক পত্রে বলেন যে, তাঁহাকে চীনের স্থানীয় শাসন উন্নয়নের জন্য পরিশ্রম করিতে দেখিয়া তিনি অত্যন্ত আনন্দিত হইয়াছেন। ৩৩ বৎসর বয়স্ক চিয়াঙ চিঃ-কুয়ো বর্ত্তমানে দক্ষিণ কিয়াংসির যাবস্থাপক এবং কানসিয়েনের ম্যাজিষ্ট্রেট। তাঁহার অধীনস্থ এলাকা চীনের সর্ব্বাপেক্ষা সুশাসিত এলাকাগুলির অন্যতম বলিয়া বিবেচিত হয়।

জাপানের একবিংশতি দাবী বার্ষিকী উপলক্ষে সিনেটার টমাসের মন্তব্য

মার্কিণ যুক্তরাষ্ট্রের আইওটার প্রতিনিধি ও মার্কিণ সিনেটের প্রতিনিধি সিনেটর এলবার্ট ডি, টমাস গত ১৮ই তারিখে চীনের উপর ১৯১৫ সনের জাপানের একবিংশতি জানুয়ারী দাবীর উনত্রিংশ বার্ষিকী দিবস উপলক্ষে নিম্নলিখিত মন্তব্য করেন।

"জাপানের সাম্প্রতিক কার্য্যকলাপে তাহার যে মনোবৃত্তি লক্ষ্য করা গিয়াছে, সেই মনোবৃত্তি তাহার পূর্ব্বেকার আক্রমণাত্মক কার্য্যকলাপেও লক্ষ্য করা গিয়াছিল।

"জাপান চীনের নিকট তাহার একবিংশতি দাবী অতি সংগোপনে পেশ করে এবং ভীতি প্রদর্শন করে। জাপান মনে করিয়াছিল চীনের আভ্যন্তরিক গোলযোগ ও দুর্বলতার জন্য সে সফল হইতে পারিবে। কিন্তু দাবীর বিরুদ্ধে প্রতিরোধ করিবার জন্য চীনের একতা ও পাশ্চাত্য শক্তিবর্গের প্রতিবাদ জাপানের প্রধান অন্তরায় হইয়া দাঁড়াইল।

"জাপান যখন দেখে যে পাশ্চাত্য শক্তিবর্গ তাহাদের নিজেদের সঙ্কটে ব্যতিব্যস্ত হইয়া রহিয়াছে এবং কোন প্রতিবাদ করিতে পারিবে না তখনই সে তাহার প্রতিবেশীদের উপর আক্রমণ করে—ইহা বিশেষ তাৎপর্য্যপূর্ণ। প্রথম মহাযুদ্ধের সুবিধা গ্রহণ করিয়া জাপান যেমন ১৯১৫ সনে তাহার একবিংশতি দাবী পেশ করে সেইরূপ ১৯৩১ সনে যখন পাশ্চাত্য দেশগুলি তাহাদের অর্থনৈতিক সঙ্কটে বিব্রত হইয়া পড়িয়াছিল তখন সে চীনের উত্তর-পূর্ব্ব প্রদেশগুলির উপর চড়াও হয়।

"১৯৩১ সনে যখন ইয়োরোপ নাৎসী জার্ম্মানির বিভীষিকার প্রতি মনোযোগ দিতেছিল তখন জাপান চীনের বিরুদ্ধে এই বর্ত্তমান যুদ্ধ আরম্ভ করে। পার্ল হারবারের উপরও যখন সে আক্রমণ করে তখন সে ভাবিয়াছিল জার্ম্মানির জয় অনিবার্য্য।

"এই সাদৃশ্য কেবল আকস্মিক ঘটনা নয়। ইহা হইতে প্রমাণিত হয় যে, জাপান তাহার দৌর্ব্বল্যের কথা জানে এবং বিভ্রান্ত ও বিচ্ছিন্ন জগতেই সে তাহার শোষণের পরিকল্পনা সফল করিতে পারে। একবিংশতি দাবীর নির্লজ্জতা ও ঔদ্ধত্য তাহার পরবর্ত্তী কার্য্যকলাপের পূর্ব্বাভাস। এই ঘটনাগুলি হইতে প্রমাণিত হয় যে জাপান নিজের আর্থিক স্বাচ্ছন্দ্যের জন্য প্রতিবেশী দেশগুলিকে অর্থনৈতিক দাসত্বে বাঁধিতে চাহে।

"আজ যখন চীন একতাবদ্ধ ও সঙ্ঘবদ্ধ হইয়া সম্মিলিত জাতিবৃন্দের অন্যতম হইয়াছে, যখন এসিয়া জাপানী প্রভুত্বের তাৎপর্য্য হৃদয়ঙ্গম করিতে পারিয়াছে তখন এই বার্ষিকী দিবস জাপানের কু-অভিসন্ধির জঘন্য রূপ আমাদের স্মরণ করাইয়া দিতেছে যে, জাপানের শক্তির উৎস হইতেছে আমাদের অনৈক্য এবং পৃথিবীতে এইরূপ আক্রমণাত্মক কার্য্যকলাপের কোন স্থান নাই আমাদের এই বৃঢ় প্রতিজ্ঞাই জাপানকে সম্পূর্ণভাবে পরাজিত করিবে।"

কলিকাতায় টাউন প্ল্যানিং কমিটি গঠন

কলিকাতা টাউন প্ল্যানিং কমিটির বৈঠকে উদ্বোধন বক্তৃতা প্রসঙ্গে ইষ্টার্ণ কমাণ্ডের প্রধান সেনাধ্যক্ষ মেঃ জেনারেল মেইন কলিকাতায় ঐরূপ একটি কমিটি গঠনের কারণ বিবৃত করেন। তিনি বলেন ইষ্টার্ণ কমাণ্ডের প্রধান কার্য্যালয় কলিকাতায় স্থাপিত হওয়ার পর গত জানুয়ারী মাসে তাঁহার অনুরোধক্রমে ভারতের প্রধান-সেনাপতির নির্দ্দেশে এই কমিটি গঠন করা হইয়াছে।

কমিটির উদ্দেশ্য এইরূপ বলিয়া তিনি বর্ণনা করেন: (১) বর্ত্তমানে সৈন্যদের আবাসস্থান-সম্পর্কিত অবস্থা বিশ্লেষণ করিয়া দেখা। ইহার বিবরণ লিপিবদ্ধ করা হইয়াছে। (উপস্থিত সদস্যদের তাহার একটি সংক্ষিপ্তসার দেওয়া হইয়াছে)। (২) বাসস্থান সম্পর্কে সৈন্যদের প্রয়োজন ও প্রাপ্তস্থানের মধ্যে সামঞ্জস্য বিধানের জন্য একটি স্থায়ী ব্যবস্থাপক-প্রতিষ্ঠান গঠন করা। জেনারেল মেইন বলেন, এই স্থায়ী ব্যবস্থাপক প্রতিষ্ঠান একটি কোয়ার্টারিং কমিটির মত হইবে। আর এই টাউন প্ল্যানিং কমিটির একটি স্থায়ী কর্ম্ম-পরিষদও থাকিবে। এজন্য অনুমোদনও পাওয়া গিয়াছে। কোয়ার্টারিং কমিটি টাউন প্ল্যানিং কমিটির কার্য্যকরী পরিষদ হিসাবে গণ্য হইবে। প্রথম কমিটির নিয়মিত অধিবেশন হইবে আর দ্বিতীয় কমিটির অধিবেশন জরুরী বিষয়সমূহ বিবেচনার জন্য মাঝে মাঝে বসিবে। (৩) সুবিধামত কলিকাতায় বাসস্থানগুলির পুনর্ব্বণ্টনের ব্যবস্থা করা। বর্ত্তমানে যেসকল বাসস্থান সৈন্যদের দখলে আছে, সেগুলির সদ্ব্যবহার হইতেছে কি না তাহাও এই কমিটি দেখিবেন। সংবাদপত্রে এরূপ মন্তব্য করা হয় যে, সামরিক কর্ত্তৃপক্ষ তাঁহাদের বিপুল প্রয়োজনের তুলনায় পর্য্যাপ্ত-সংখ্যক বাসস্থান নির্ম্মাণ করাইয়া লইবার ব্যবস্থা করেন নাই। তিনি বলেন, কলিকাতা ও উহার চতুষ্পার্শ্বে অবস্থিত বৃটিশ বা ভারতীয় সৈন্য ও অফিসারগণের মোট সংখ্যার অতি সামান্য অংশই "রিকুইজিশন্" করা বাড়ীতে থাকে। পরস্পর-বিরোধী স্বার্থের সমন্বয় করার জন্য বিশেষ চেষ্টা করা হইবে। টাউন প্ল্যানিং কমিটি যদি কোন বিষয় সমন্বয় করিতে না পারেন, তবে তাহা ভারত গভর্ণমেণ্টের নিকট বিবেচনার জন্য ছাড়িয়া দেওয়া হইবে।

উপসংহারে জেনারেল মেইন বলেন, "আমি মনে করি, যে প্রতিষ্ঠান আমরা স্থাপন করিতেছি, তাহার ফলে অদূর ভবিষ্যতে অধিকতর বোঝাপড়া ও সহযোগিতার সৃষ্টি হইবে এবং কলিকাতা যুদ্ধ পরিস্থিতির আরও অধিকতর উপযোগী হইয়া উঠিবে।

বিজ্ঞানবীর জগদীশচন্দ্র ও প্রফুল্লচন্দ্র

[অধ্যাপক বিনয়কুমার সরকারের সহিত শ্রীহরিদাস মুখোপাধ্যায়ের কথোপকথন]

প্রঃ—বঙ্গ-বিপ্লবের কর্ম্মে ও চিন্তায় বিজ্ঞানাচার্য্য জগদীশ-চন্দ্র বসু আর প্রফুল্লচন্দ্র রায়ের স্থান কিরূপ ছিল ?

উঃ—বঙ্গ-বিপ্লবকে ১৯০৫-১৪ সনের আন্দোলন ধরে নিয়েছি। কখনো-কখনো বিংশ শতাব্দীর প্রথম কুরুক্ষেত্রের শেষ অর্থাৎ ১৯১৮-১৯ পর্য্যন্ত বঙ্গ-বিপ্লবের সীমানা টেনে থাকি। এই যুগে জগদীশচন্দ্র আর প্রফুল্লচন্দ্র প্রেসিডেন্সী কলেজের অধ্যাপক ছিলেন। অর্থাৎ তখন তাঁরা সরকারী চাকুরে। কাজেই বয়কট-স্বদেশী-স্বরাজ-জাতীয় শিক্ষার আন্দোলনে তাঁরা সোজা-সুজি নাম লেখাতে পারেন নি। তবে এঁদের দুজনেরই কাছ থেকে বঙ্গ-বিপ্লবের সেবক, প্রবর্ত্তক, কর্ম্মকর্ত্তা, জন-নায়ক ইত্যাদি লোকেরা উৎসাহ ও প্রেরণা পেয়েছে।

প্রঃ—কিসের জোরে আপনি একথা বলছেন ?

উঃ—রবীন্দ্রনাথের সঙ্গে এঁদের দুজনেরই বন্ধুত্ব ছিল। জন-সোসাইটির সতীশ মুখোপাধ্যায়ও এঁদেরকে বন্ধুবর্গের ভেতর গুনতেন। অধিকন্তু রামানন্দ চট্টোপাধ্যায়ের "মডার্ণ রিভিউ" আর "প্রবাসী" পত্রিকা এই দুই বিজ্ঞানবীরের চিন্তা ও কর্ম্মের প্রচার-কার্য্যে মোতায়েন ছিল। কাজেই যুবক বাংলা এঁদেরকে নিজেদেরই দলের লোক বুঝতে পারত।

:—আপনি সেই যুগে জগদীশচন্দ্র আর প্রফুল্লচন্দ্রের সঙ্গে সাক্ষাৎ সম্বন্ধে এসেছিলেন কি ?

উঃ—১৯০১-০২ সনে প্রেসিডেন্সি কলেজের প্রথম ও দ্বিতীয় বার্ষিকে আমি এই দুজনেরই ছাত্র। তখন জগদীশচন্দ্রকে জানতাম বর্ত্তমান ভারতের একমাত্র বৈজ্ঞানিক বলে। আর প্রফুল্লচন্দ্র সেকালের ছেলে-মহলে পরিচিত ছিলেন "হিন্দু রসায়নের ইতিহাস"-লেখক বলে। দু'জনকে আমরা বঙ্গ-জননীর "সবে ধন নীলমণি"রূপে পূজা করতাম। সে রীতিমত "পূজা"। নাম করবামাত্র জিভের জল পড়ত।

প্রঃ—ছাত্র হিসাবে এঁদের সম্বন্ধে নূতন-কোনো ধারণা হয়েছিল ?

উঃ—জগদীশচন্দ্রের কাছে পড়েছিলাম পদার্থ-বিজ্ঞানের অন্তর্গত আলোক-বিদ্যা। দেখতাম মাষ্টারের সময়ই হয় না ক্লাসে আসবার। ভাবতাম—গবেষক-আবিষ্কারক হলে বুঝি ক্লাশ ফাঁকি দেওয়া মাষ্টারদের অন্যতম স্বধর্ম্ম দাঁড়ায়! যেটুকু তাঁর সঙ্গে দেখা হত সেটুকু সময় তাঁর মুখ ও চোখ থাকত চিন্তায় চরা। মিনিট দশ-পনরোর বেশী কোনদিন বক্তৃতা করতেন না। কিন্তু সেই ঘণ্টা মিনিটের ভেতর যা শুনতাম তাতে মনে হত এমন মাষ্টার আর হয় না। বিশ্লেষণ ছিল জলের মতন সোজা। জগদীশ-চন্দ্র আমাদেরকে তিন-চার দিনের বেশী পড়িয়ে-ছিলেন কি না মনে পড়ছে না। কিন্তু তাতেই যত মাল পেয়েছিলাম তার চেয়ে বেশী মাল কোন

টেক্‌সট্‌বুকে ছিল না। বক্তৃতা শেষ করেই ছেলেদেরকে বল্‌তেন—"এক্‌স্‌পেরিমেণ্ট দেখ্‌তে চাস্‌?" সকলেই এক স্বরে বল্‌তাম—"হাঁ দেখ্‌ব, নিশ্চয়।" ব্যস্‌। তিনি সহকারীকে বলে দিতেন —"দরজা বন্ধ করে আলোর রকমারি মূর্ত্তি দেখাও।" এই বলেই তিনি নিতেন ছুটি।

প্রঃ—প্রফুল্লচন্দ্রের ক্লাশে কি দেখ্‌তেন?

উঃ—প্রফুল্লচন্দ্রের হাবভাব সম্পূর্ণ আলাদা। এদেই এদিকে তাকান, ওদিকে তাকান। সামনের বেঞ্চের ছেলেগুলোর সঙ্গে একটু-আধটু হাসি ঠাট্টা। তারপর রাসায়নিক পরীক্ষা দেখাতে দেখাতে খানিকটা লাফালাফি, চেঁচামেচি ও ছেলেমি। মাঝে-মাঝে বৈজ্ঞানিক গবেষণার গল্প হত। বিশেষতঃ প্রশ্ন হত—"রসায়নে জীবন উৎসর্গ কর্‌তে চায় কে-কে?" তার কোন জবাব মিল্‌ত না,—বলাই বাহুল্য। তাঁর ছিল আর এক বাণ্ট—"বিয়ে করবি তো রসায়ন বিয়ে কর।"

:—এই দুই বিজ্ঞানবীরের কাছে আপনার সঙ্গে এক ক্লাসে পড়েছে এমন কয়েকজনের নাম করতে পারেন?

উঃ—উকিল অতুল গুপ্ত, গণিতশাস্ত্রী ৺নরেশ ঘোষ, ডাক্তার সত্যেন রায় ও ধরিরুদ্দিন আহম্মদ, জমিদার অমর ও সৌরেন রায় (বেহালা), চা-ব্যবসায়ী শান্তিনিদান রায় (জলপাইগুড়ি), ডেপুটি ম্যাজিষ্ট্রেট ৺মনোরঞ্জন মৈত্র ইত্যাদি।

:—১৯০৫-০৭ সনের স্বদেশী ও বয়কট আন্দোলনে জগদীশচন্দ্র ও প্রফুল্লচন্দ্রের কাছ থেকে বাঙালী জাত কিছু পেয়েছিল কি?

উঃ—প্রফুল্লচন্দ্র ও রাসায়নিক চন্দ্রনাথ ভাদুড়ীকে আমরা জান্‌তাম "বেঙ্গল কেমিক্যাল অ্যাণ্ড ফার্ম্মাসিউটিক্যাল" কারখানার অন্যতম প্রবর্ত্তক ও রাসায়নিক ওস্তাদরূপে। এই হিসাবে বিজ্ঞানবীর প্রফুল্লচন্দ্রকে স্বদেশী আন্দোলনের অন্যতম প্রতিমূর্ত্তি ও কর্ম্মবীর বল্‌তাম। শিল্পবীরের ইজ্জৎ তাঁকে দেওয়া হত। এই নাম ডাক বঙ্গ-বিপ্লবের যুগে যুবক বাংলায় খুব বেশী সাহস ও উদ্দীপনা জোগাত। জগদীশচন্দ্র কোন শিল্প-বাণিজ্যের সঙ্গে সংযুক্ত ছিলেন না। তাঁকে আমরা একমাত্র, গবেষণা-বীর বলেই জান্‌তাম। তাঁর বৈজ্ঞানিক গবেষণার ফলে একালের ভারতবর্ষ দুনিয়ায় দিগ্‌বিজয়ী হচ্ছে। এই ছিল ধারণা। বৈজ্ঞানিক দিগ্বিজয়ের কথায় স্বদেশী আন্দোলনের প্রত্যেক কর্ম্মী সাহস ও উদ্দীপনা পেত।

:—জনসাধারণের সঙ্গে এই দুই বিজ্ঞানবীরের যোগা-যোগ কিরূপ ছিল?

উঃ—জগদীশচন্দ্রের সঙ্গে সাধারণতঃ লোকজনের সাক্ষাৎ সম্বন্ধে—এমন কি ছাত্র ও যুবাদেরও—মাখামাখি ছিল না। তবে রবীন্দ্রনাথ, নিবেদিতা ইত্যাদি বিপ্লব-প্রবর্ত্তকদের সঙ্গে তাঁর যোগাযোগ ছিল অতি-ঘনিষ্ঠ। এই হিসাবে প্রফুল্লচন্দ্রকে দেখতাম জগদীশ-চন্দ্র হতে বিলকুল আলাদা চরিত্রের লোক। প্রফুল্ল-চন্দ্র চিরকালই মিশুক লোক। তাঁর বাড়ীতে (অর্থাৎ বেঙ্গল কেমিক্যাল কারখানার দোতলার এক ঘরে) ছেলেদের যাওয়া-আসা ছিল। তাঁর বাঁলা হতে রসগোল্লা তুলে খেয়েছে আমার মতন বহুসংখ্যক ছোক্‌রা। জন-নায়কদের সঙ্গেও তাঁর মেলামেশা ছিল। বণিক্‌-শিল্পীরাও যাওয়া-আসা কর্‌ত। হরেক-রকমের লোক তাঁর কাছে সল্লা পেয়েছে, আর্থিক সাহায্যও পেয়েছে। স্বার্থত্যাগী স্বদেশ-সেবকরা তাঁকে নিজেদেরই একজন ভাব্‌তে পারত। তিনি অনেক স্বদেশ-সেবক সৃষ্টি করেছেন। খাদি-প্রতিষ্ঠানের গান্ধি-শিষ্য সতীশ দাসগুপ্ত তাঁদের অন্যতম।

প্রঃ—আপনার জীবনে এই দুজনের প্রভাব কিছু আছে?

উঃ—বিজ্ঞানবীর রূপে আমার পূজাস্থান ছিলেন এঁরা দু'জনেই। অন্যান্য বাঙালীর মতন এই অধমও দু'জনকেই সর্ব্বদা গবেষণার ক্ষেত্রে দৃষ্টান্ত ও আদর্শ-রূপে মেনে নিয়েছিল। এই হল প্রধান কথা। কিন্তু

প্রফুল্লচন্দ্র রাসায়নিক, আর জগদীশচন্দ্র পদার্থশাস্ত্রী বা প্রাণশাস্ত্রী। এঁদের বিদ্যার সঙ্গে আমার কাজ-কর্ম্মের সোজাসুজি যোগ একদম নেই। কাজেই লেখাপড়ার লাইনে এঁদের কাছ থেকে বেশী-কিছু পাবার সম্ভাবনা ছিল না। তবে ১৯১০ সনের পর প্রাচীন ভারতীয় সংস্কৃতির চর্চ্চা সুরু করি। সেই সময় হতে প্রফুল্লচন্দ্রের "হিন্দু রসায়নে" যারপরনাই একটি ঝোঁক হয়েছে। "পলিটিক্স ব্যাক্‌গ্রাউণ্ড" রচনার যুগে প্রফুল্লচন্দ্রের বই সর্ব্বদা কাজে লাগত।

প্রঃ—জগদীশচন্দ্রের বিজ্ঞান-সাধনা থেকে আপনি কোন প্রেরণা পেয়েছেন?

উঃ—খুব বেশী। জগদীশচন্দ্রের কোন গবেষণা আমার কোন "রচনায়" ব্যবহার করবার সুযোগ পেয়েছি কিনা সন্দেহ। কিন্তু তাঁর গবেষণা আমার "জীবনে" চরম উদ্দীপনা জুগিয়েছে। তাঁর বৈজ্ঞানিক সিদ্ধান্ত-গুলার ভেতর আমার আসল "দর্শন" রয়েছে। আমার জীবনের "সাধনা" আগাগোড়া জগদীশ-ময়।

প্রঃ—বড়ই আশ্চর্য্যের কথা! পদার্থ-শাস্ত্রী ও প্রাণ-শাস্ত্রী জগদীশচন্দ্রের কোন আবিষ্কার আপনি নিজের কোন বইয়ের ভেতর কাজে লাগাতে পারেন নি বল্‌ছেন। অথচ জগদীশচন্দ্রকে আপনি জীবনের উদ্দীপনার উৎস ঠাঁই দিচ্ছেন! তাঁকে আপনার "দার্শনিক" বল্‌ছেন!

উঃ—জগদীশচন্দ্রের গবেষণাসমূহ থেকে আমি যে-ধরের উদ্দীপনা পেয়েছি সে-ধরের উদ্দীপনা আর কোন গবেষক যোগাতে পারেন নি। এর কারণ,—জগদীশচন্দ্রের প্রাণ-তত্ত্ব। তাঁর গবেষণাগুলার আসল মুদ্দা জীবনের সাড়া। জীবন-বিকাশের লক্ষণগুলা বিশ্লেষণ করা তাঁর আসল বৈজ্ঞানিক কাজ। এই বিশ্লেষণের ভেতর দুনিয়ার সঙ্গে আত্ম জিনিষের যোগাযোগ আর তার নিয়মগুলা ধরা দিয়েছে। জগদীশচন্দ্র-প্রচারিত জীবনের সাড়া-তত্ত্বও ঘাঁকলয়নাই ধামী। আমি মরা মানুষের বা মৃতপ্রায় জাতের নবজীবন-বিকাশের বেপারী।

প্রঃ—জগদীশচন্দ্রের সঙ্গে আপনার আত্মিক যোগাযোগ কোথায়?

উঃ—১৯০৭-১৪ সনের যুগে আমার পেশা ছিল শিক্ষা-বিজ্ঞান আর সংস্কৃতি-বিজ্ঞান। দুটই ব্যক্তিগত, সঙ্ঘগত, জাতিগত, দেশগত জীবনের আলোচনা। আমার মুদ্দা ছিল স্বদেশ-সেবা। "স্বদেশ-সেবক" ছাড়া তখনকার দিনে আমার মুখে অন্য কোন আওয়াজ বেরুত না। ১৯০৭ সনে "নব্য-ভারত" মাসিকে আমার "স্বদেশ-সেবক" প্রবন্ধ প্রকাশিত হয়। যতগুলা চিন্তা আমার মগজে কিল্‌বিল্ করত তার সবই "স্বদেশ-সেবক" শব্দের সঙ্গে জড়িয়ে থাকত। দেশকে বাঁচান, দেশকে জাগান, দেশকে বাড়ান,—এই ছিল একমাত্র কথা।

কাজেই জগদীশচন্দ্রের জীবন-বিশ্লেষণ, জগদীশচন্দ্রের সাড়া-দর্শন আমার-লেখা-লেখির আবহাওয়ায় ছিল অহরহ। তা ছাড়া মরা ভারত আবার জ্যান্ত হচ্ছে, আবার আত্ম হবে,—এই চিন্তার বা স্বপ্নের সঙ্গে সর্ব্বদাই মাখা থাকত জগদীশচন্দ্রের বিবৃত জীবনের সাড়া-প্রণালী।

শুনে আশ্চর্য্য হচ্ছিস্ বোধ হয়? বিশ্বাস করা কঠিন। কোথায় জগদীশচন্দ্রের জগদ্‌বিখ্যাত বৈজ্ঞানিক গবেষণা? আর কোথায় আমার মতন অকিঞ্চিৎকর ছোকরার ছেলেমি? এই দুয়ে যোগাযোগ কল্পনা করা অসম্ভব। ভাব্‌ছিস্ বোধ-হয় ছোট মুখে বড় কথা? কি করব? গরীব মানুষ আর মুখ্যু লোক।

প্রঃ—সাড়া-তত্ত্ব কি আর কোন বৈজ্ঞানিক প্রচার করেন নি?

উঃ—হাঁ। অনেকেই করেছেন। কিন্তু তাঁরা সকলেই বিদেশী। জগদীশচন্দ্র বাঙালী সাড়া-বিজ্ঞানের প্রবর্ত্তক।



"ক্রপস্ অ্যাণ্ড মার্কেটস"

(ওয়াশিংটন, ডি-সি, ১৯৪১, এপ্রিল)

মার্কিণ যুক্তরাষ্ট্রের সরকারী কৃষিবিভাগ হইতে প্রকাশিত ত্রৈমাসিক পত্রিকা। আলোচ্য সংখ্যায় ১৯৪০ সনের চাষ-আবাদের পূর্ব্বাভাষ প্রকাশিত হইয়াছে। এই সনে মার্কিণ যুক্তরাষ্ট্রের কৃষকগণ গত বৎসরের তুলনায় অধিকতর পরিমাণে জমিতে শস্য-ফলাইবার ব্যবস্থা করিয়াছে। মোটের উপর এবার ১৯৩১ সনের পরবর্ত্তী যে কোন সনের তুলনায় অধিকতর পরিমাণ জমিতে চাষ-আবাদ হইবে। যুদ্ধের জন্যই যে মার্কিণ চাষীদের এই তৎপরতা তাহা সহজেই অনুমেয়।

আলোচ্য সনে মাংসের স্থলাভিষিক্তরূপে ব্যবহারের যোগ্য কলাই অর্থাৎ ডাল জাতীয় শস্যের আবাদ শতকরা ১৬ হইতে ৩৫ ভাগ পর্য্যন্ত বর্দ্ধিত হইবে। সয়াবিন, চীনা বাদাম ও মসিনা—এই তিন প্রকার তৈলবীজের আবাদ বাড়িবে যথাক্রমে ১০%, ১২½% ও ২৯%। যুদ্ধের পক্ষে অতি-প্রয়োজনীয় গোল আলু ও মিষ্টি আলুর আবাদ ১৪% ও ১৫% বাড়িবে। শস্য-খাদ্যের আবাদ ৩৬% বাড়িয়া মোট ২৭,০০০,০০০ একর দাঁড়াইবে।

ওট, যব ও ধান চাষের বিশেষ কোন তারতম্য ঘটিবে না। আবাদ পূর্ব্ব সনের মতই হইবে বরং ১% কমিতেও পারে।

আলোচ্য পত্রিকায় মার্কিণের অতুলনীয় কৃষি-সম্পদের পরিচয় ও হালচাল ছাড়া পশু-সম্পদেরও পরিচয় প্রদত্ত হইয়াছে। ভেড়া, গরু, হাঁস-মুরগী ইত্যাদির হিসাব এবং পশম উৎপাদনেরও পরিচয় প্রদত্ত হইয়াছে।

ইণ্ডিয়ান ইকনমিষ্ট

(কলিকাতা, জানুয়ারী, ১৯৪১)

সম্পাদক—কে, ভট্টাচার্য্য, ২।৩সি সীতারাম ঘোষ ষ্ট্রীট, কলিকাতা, বার্ষিক মূল্য ১০৲ টাকা মাত্র।

শিল্পবাণিজ্য ও অর্থনীতি-সংক্রান্ত ইংরেজী মাসিক পত্রিকা।

"ভারতে ব্যাঙ্কিং ব্যবসায়ের স্থিতি সাধন"—শীর্ষক ক্ষুদ্র প্রবন্ধটী বিশেষভাবে প্রণিধানের যোগ্য। অষ্ট্রেলিয়া, জাপান প্রভৃতি দেশে নিজস্ব ব্যাঙ্ক আইন আছে। মার্কিণ ব্যাঙ্ক আইনের অনুসরণ করিয়াই এই সমস্ত দেশে ব্যাঙ্কের আইন বিধিবদ্ধ করা হইয়াছে। সঙ্গে সঙ্গে প্রত্যেকটী দেশের অভাব পূরণের জন্য রদ-বদল অবশ্যই করা হইয়াছে। ব্যাঙ্ক ব্যবসায় সঙ্ঘবদ্ধ করা যে সমস্ত দেশের উদ্দেশ্য সেই সমস্ত দেশকে অবশ্যই এই ধরণের আইন-কানুন বিধিবদ্ধ করিতে হইয়াছে।

ব্যাঙ্ক ব্যবসায়কে সুপথে পরিচালিত করার উপযোগী কোন আইন-কানুনই এদেশে বিধিবদ্ধ করা হয় নাই বলিয়া প্রবন্ধ লেখক দুঃখপ্রকাশ করিয়াছেন। জনসাধারণ সেই জন্য ব্যাঙ্কে টাকা গচ্ছিত রাখিতে সেরূপ মনোযোগী নয়। ১৯১৩ সনে বেঙ্গল ন্যাশনাল ব্যাঙ্ক ফেল মারার পর জনসাধারণ ব্যাঙ্ক ব্যবসায়ের প্রতি আরও বীতশ্রদ্ধ হয়। প্রয়োজনীয় আইন-কানুন বিধিবদ্ধ করিলে জনসাধারণের মনে আস্থা জন্মিতে পারে এবং তাহারা ব্যাঙ্কে

টাকা খাটাইতে প্রলুব্ধ হইবে, প্রবন্ধ লেখক এইরূপ অভিমত প্রকাশ করিয়াছেন।

আলোচ্য প্রবন্ধে ডিরেক্টার বোর্ডের গঠন সম্পর্কেও অনেক প্রয়োজনীয় তথ্য সন্নিবেশিত হইয়াছে। অংশীদার, ডিপোজিটার ও ব্যাঙ্কের কর্মচারী—এই তিন শ্রেণীর প্রতিনিধিদিগকে লইয়া ডিরেক্টার সভা গঠনের প্রয়োজন। প্রত্যেক বৎসর নূতন করিয়া ডিরেক্টার নির্ব্বাচন করিতে হইবে। তিন শ্রেণী হইতেই সমান সংখ্যক ডিরেক্টার গ্রহণের দরকার।

সুদৃঢ় ভিত্তিতে ব্যাঙ্ক ব্যবসার গঠনের উপযোগী আরও অনেক তথ্য আলোচ্য প্রবন্ধে সন্নিবেশিত হইয়াছে। প্রস্তাবিত ব্যাঙ্ক আইন প্রণয়ন এবং মাঝে মাঝে আবশ্যকীয় রদ-বদলের জন্য। ভারত গবর্ণমেণ্টের অর্থসচিব, রিজার্ভ ব্যাঙ্কের গবর্ণর ও রেজিষ্টারীকৃত ব্যাঙ্কসমূহ নির্ব্বাচিত তিনজন বিশিষ্ট ব্যাঙ্ক ব্যবসায়ীকে লইয়া ব্যাঙ্কের বোর্ড গঠনের প্রয়োজন। ভারতবর্ষে ব্যাঙ্ক ব্যবসায় যাহাতে সুপথে পরিচালিত হইয়া উত্তরোত্তর উন্নতি সাধনে সমর্থ হয় বোর্ডটী সেই দিকে লক্ষ্য রাখিবে। ভারতের ব্যাঙ্ক ব্যবসায় মাত্র এইভাবেই উন্নতি করিতে পারে, প্রবন্ধ লেখক এইরূপ অভিমত প্রকাশ করিয়াছেন।

"রেস ; সায়েন্স এণ্ড পোলিটিক্স্" আর বেনেডিক্ট কর্তৃক লিখিত ; মচার্ণ এজ বুকস কর্তৃক প্রকাশিত ; নিউ ইয়র্ক ; ১৯৪০ ; পৃঃ ২৭৪ ; মূল্য ২·৫০ ডলার।

লেখিকা প্রথমে রেস শব্দের অর্থ কি তাহাই বুঝাইতে চেষ্টা করিয়াছেন। তাহার পর তিনি সাধারণ ভুল যাহা ঘটে অর্থাৎ রেস ও ভাষা একই বলিয়া যে ধরা হয়, তাহা সংশোধনের চেষ্টা করিয়াছেন। তাহার পর অশিক্ষিত লোকে আরও যে একটী ভুল করিয়া থাকে তাহাও তিনি সংশোধন করিয়াছেন। তিনি দেখাইয়াছেন যে, রেসের কার্য্য কৃষ্টিসাধন করা নহে। লেখিকা এক স্থানে প্রমাণ করিতে গিয়াছেন যে, লম্বা মাথা বা চ্যাপ্টা মাথা বিশেষ কোন এথ্নিক গ্রুপের বিশিষ্টতা নহে, তাহা সকল এথনিক গ্রুপেই দৃষ্টিগোচর হয়। তবে আধুনিক নৃতত্ত্ববিদ্‌রা মনে করেন যে, কোন প্রকার শারীরিক চিহ্ন বিশেষ একটা কোন এথনিক গ্রুপের একচেটিয়া জিনিষ নহে, তাহা বহু এথনিক গ্রুপেই থাকা সম্ভব। তাহার কারণ হইল অন্তর্বিবাহ অথবা পারিপার্শ্বিক প্রভাব। পরিবর্ত্তন ও চাপের জন্য দেহের বর্ণ ইত্যাদির পরিবর্ত্তন ঘটিতে পারে।

লেখিকা যেভাবে বিভিন্ন এথনিক গ্রুপের সংমিশ্রণ আলোচনা করিয়াছেন তাহা সত্যই আমাদের দৃষ্টি আকর্ষণ করে। লেখিকা দেখাইয়াছেন যে, যাহারা উচ্চ জাতি তাহাদের নীচত্ব বাস্তবিক পক্ষে সামাজিক শাস্তির পরিণতি। উহা জীবতত্ত্বের দিক্ হইতে কোন বৈজ্ঞানিক কারণ-প্রসূত নহে। সব চেয়ে ভাল অধ্যায় বইখানিতে মনে হয় "হু ইজ সুপিরিয়র"? লেখিকা খুব জোরের সহিত দেখাইতে চেষ্টা করিয়াছেন যে, একটী কোন গুণের উপর নির্ভর করিয়া শ্রেষ্ঠত্বের অধিকারী হওয়া একেবারে অসঙ্গত। জাতিগত বিভিন্নতা হেতু মনস্তত্ত্বের যে পার্থক্য হয় না তাহাই লেখিকা প্রমাণ করিয়াছেন। এই অধ্যায়টীর উপসংহারে লেখিকা বলিয়াছেন যে, "অর্থপ্রাণম্" বা রক্তের উপরেও জাতীয় শ্রেষ্ঠত্ব নির্ভর করে না।

"সোসিয়াল সাইকলজি অব মডার্ণ লাইফ" ; ইয়ার্ট হেওার্দন ব্রিট কর্তৃক লিখিত ফারার এণ্ড রাইনহার্ট ইন-কর্পোরেসন কর্তৃক প্রকাশিত ; নিউইয়র্ক ; ১৯৪১ ; পৃঃ ৫৬২।

বইখানি নৃতত্ত্ববিষয়ক তত্ত্বের রিপোর্টের উপর নির্ভর করিয়াই রচিত হইয়াছে। লেখক যদিও সামাজিক আচার-ব্যবহার সম্পর্কে প্রত্নেতিহাস তথ্য নির্ভরযোগ্য বলিয়া মনে করেন নাই, তথাপি তিনি উপসংহারে "আনকনসাস" বা অবচেতন সম্বন্ধে বলিয়াছেন যে স্নায়ু সমূহ যাতে মাঝে লোপ পাইয়া যায় না এবং তাহার পর হঠাৎ আবার অস্তিত্বও ফিরিয়া পায় না, অথবা যেন একটা অদ্ভুত অজ্ঞানতার দ্বারা আচ্ছন্ন হইয়া গেল এমনও নয়। সমাজতত্ত্বের দ্বারা প্রভাবিত নিও-ফ্রয়ডিয়ান তত্ত্বও তিনি বিশেষ উল্লেখ করেন নাই। বেশীর ভাগ দেখা যায়, লেখক যেন বায়লজিক্যাল রিডাকসানিস্‌মের উপরই অধিক জোর দিয়াছেন। তিনি ফ্রয়েডের রিডাকসানিস্‌ম ততটা গ্রহণযোগ্য বলিয়া মনে করেন নাই। কিন্তু দুঃখের বিষয় তিনি আর্জ এইচ মিডের 'সোসিয়াল বিহেভিয়রিসম্' সম্পূর্ণরূপে ফেলিয়া গিয়াছেন, একটুও স্পর্শ করেন নাই।

লেখক মনস্তত্ত্বের দিক্ হইতে কোনটী সামঞ্জস্যপূর্ণ, কোনটী মনস্তত্ত্বের কার্য্য-কারণ-সম্পর্কযুক্ত এবং কোনটী মনস্তাত্ত্বিক ঘটনা ইহাদের মধ্যে নিখুঁত বিশ্লেষণ না করায় বহু স্থলেই গোলমালে পড়িয়া গিয়াছেন।

বহু তথ্যপূর্ণ বস্তু ও ঘটনা লেখিকা যাহা সংগ্রহ করিয়াছেন তাহা যে অনায়াসে পান নাই এ কথা বেশ সহজেই বলা যায়। নানা রকমের "কনসেপ্ট" বা ধারণা লেখিকা ব্যবহার করিয়াছেন এবং তাহাদিগকে সহজবোধ্য করিবার চেষ্টাও করিয়াছেন। তাহাদের মধ্যে ডাবলিউ আই টমাসের 'চারটী ইচ্ছা' প্যভ্‌লভ্‌সের কনডিসনড্ রেসপন্স, ফ্রয়েডসের কনসেপ্ট উল্লেখযোগ্য।



১। "ষ্টাডিজ ইন্ ন্যাশনাল ইনকাম"; সি. এ, অ্যাশ্‌লী; কেম্ব্রিজ; কেম্ব্রিজ ইউনিভার্সিটী প্রেস; ১৯৪৩; পৃঃ ২৫৪; ১৫ শিলিং।

২। "দি নিউ ভ্যালুয়েশান ষ্ট্যাটিষ্টিক্স"; আর, আর, কুচিন্‌স্‌কী; কেম্ব্রিজ; কেম্ব্রিজ ইউনিভার্সিটি প্রেস; ১৯৪২; পৃঃ ৩১; মেড় শিলিং।

৩। "সোস্যাল ওয়ার্ক ইয়ার বুক, ১৯৪৩"; রাসেল এইচ, কুল্জ; নিউইয়র্ক; রাসেল সেজ্ ফাউণ্ডেশান্; ১৯৪৩; পৃঃ ৭৬৪; ৩'২৫ ডলার।

৪। "দি বার্ডেন অব্ বৃটিশ ট্যাক্সেসান" জি, ফিগুলে সিরাস এবং এল, রোষ্টাস; কেম্ব্রিজ; কেম্ব্রিজ ইউনিভার্সিটি প্রেস; ১৯৪২; পৃঃ ২৪০; ১৫ শিলিং।

৫। "ইষ্টার-আমেরিকান্ এফেয়ার্স, ১৯৪১"; নিউ-ইয়র্ক; কলাম্বিয়া ইউনিভার্সিটী প্রেস; ১৯৪২; পৃঃ ২৪০; ৩ ডলার।

৬। "দি মার্কেট ইন্ দি কটন ইণ্ডাষ্ট্রী"; ডাব্লিউ, এস, অ্যাক্রলী; মাঞ্চেষ্টার; পার্শী ব্রাদার্স লিমিটেড্; ১৯৪২; পৃঃ ২৭; ১ শিলিং।

৭। "দি সোভিয়েট হোম্ ফ্রন্ট"; এন বারাউ; লণ্ডন ফেবিয়ান সোসাইটী অ্যাণ্ড্ ভিক্টর গোলানৎস্ লিমিটেড; ১৯৪২; পৃঃ ৩৮; ৬ পেনি।

৮। "ক্যান্ উই উইন দি পিস?" পি, এন্, ফ্রিস; লণ্ডন; ম্যাক্‌মিলান; ১৯৪২; পৃঃ ১৪৮; ৮৯ শিলিং।

৯। "দি নিউ ইকনমিক ওয়ার-ফেয়ার"; এ, বাস্‌ক; লণ্ডন; ডর্ক রাটলেজ; ১৯৪২; পৃঃ ১৪৬; সাড়ে সাত শিলিং।

১০। "হিটলার্স স্পীচেস্" দুই খণ্ড; এম, এইচ, বেনেস সম্পাদিত; লণ্ডন; অক্সফোর্ড ইউনিভার্সিটি প্রেস; ১৯৪২; পৃঃ ১৯৮০; ৪০ শিলিং।

১১। "সোস্যাল্ ইনশিওরেন্স অ্যাণ্ড অ্যালায়েড্ সার্ভিসেস"; স্যার উইলিয়াম বেভারিজ; লণ্ডন; এইচ, এম, ষ্টেশনারী অফিস; ১৯৪২; পৃঃ ২৯৯; ২ শিলিং।

১২। "ষ্টাডিজ্ ইন্ ন্যাশনাল ইনকাম্ ১৯২৪-৩৮"; এ, এল, বাউলী; কেম্ব্রিজ ইউনিভার্সিটী প্রেস; ১৯৪২; পৃঃ ২৪০; ১৫ শিলিং।

১৩। "সোভিয়েট এশিয়া"; ভায়োলেট্ কোনোলী; লণ্ডন; ইউনিভার্সিটী প্রেস; ১৯৪২; পৃঃ ৩২।

১৪। "অষ্ট্রেলিয়ান্ নেটিভ্ পলিসি"; ই, জি, বি, কনক্রফ্‌ট; মেলবোর্ণ ইউনিভার্সিটী প্রেস (অক্সফোর্ড ইউনিভার্সিটী প্রেস) ১৯৪১; পৃঃ ১৬৮; ১০ শিলিং।

১৫। "ইকনমিক ডেভালপ্‌মেণ্ট ইন্ ইয়োরোপ"; সি, ডে; নিউইয়র্ক; ম্যাক্‌মিলান কোম্পানী; ১৯৪২; ৭৪৬; ৪ ডলার।

১৬। "ওয়ার ইকনমিক্স"; জে, ব্যাক্‌ম্যান্; নিউ-ইয়র্ক; ফারার অ্যাণ্ড্ রাইণ্ডহার্ট; ১৯৪২; পৃঃ ৪০১; ৩ ডলার।

ইয়োরোপের লোকবল

শ্রীশিবচন্দ্র দত্ত, এম-এ, বি-এল

অষ্টাদশ শতাব্দীর শেষ পর্যন্ত ইয়োরোপের নানান্ দেশের লোকবল সম্বন্ধীয় যেসব সংখ্যা পাওয়া যায়, সেগুলা নিছক্ আন্দাজ ছাড়া আর কিছুই হইতে পারে না। পরের যুগে অনেক ধনবিজ্ঞানবিদ্ ও অনেক সমসাময়িক বুদ্ধি খাটাইয়া ও পরিশ্রম করিয়া লোকবল সম্বন্ধীয় সংখ্যা খাড়া করিয়াছেন—কিন্তু সেগুলাও আন্দাজ ছাড়া কিছু নয়। যাহা হউক, কয়েকটি সাধারণ কথা বেশ পরিষ্কার। প্রথমটি এই যে, সারা মধ্যযুগে লোকবৃদ্ধির হার খুবই কম ছিল। যতখানি জমি আধুনিক ফ্রান্সের অন্তর্গত, ঠিক ততখানি জমিতে শার্লমেঞের যুগে ৮০ লাখের বেশী লোক ছিল না। ৫০০ বছর পরে ঠিক ততখানি জমিতেই ১ কোটি ২০ লাখের বেশী লোক ছিল না। প্রথম বিশ্বযুদ্ধের পর ফার্থাগ প্রজাতন্ত্রের অধীনে যেসব দেশ ছিল, চতুর্দশ শতাব্দীর গোড়ায় সেই সব দেশের লোকসংখ্যা ছিল ১ কোটি ১০ লাখেরও কম। ২০০ বছর পরে এই লোকবলের কোন উল্লেখযোগ্য হ্রাসবৃদ্ধি হয় নাই। "ডোমস্‌ডে বুকে" যেসব তথ্য পাওয়া যায়, তাহার নানান্ অর্থ করা চলে। ঐরূপ বিভিন্ন অর্থ অনুসারে মধ্যযুগের গোড়ার দিকে বিলাতের লোকবল কিরূপ ছিল, তাহার নানান্ আন্দাজ করা চলে। তবে প্রায়ই বলা হয় যে, একাদশ শতাব্দীর শেষের দিকে বিলাতের লোকসংখ্যা ছিল ১৫ লাখ। ১৩৪৮-৪৯ সনের মড়কের ফলাফল চতুর্দশ শতাব্দীর শেষের দিকে কতটা বজায় ছিল তাহা লইয়া মতভেদ আছে। তাহা সত্ত্বেও আন্দাজ করা হয়, যে চতুর্দশ শতাব্দীর শেষের দিকে বিলাতের লোকসংখ্যা ছিল ২০ লাখ হইতে ২৫ লাখ। ১৩৭৭ সনে বিলাতে মাথা-পিছু করের জন্য যে সংখ্যা সংগ্রহ করা হয়, সেই সংখ্যাগুলাকেই ভিত্তি করিয়া ঐ আন্দাজটি করা হয়। ১৩৪৮-৪৯ সনের মড়কের ফলাফল ঐ সময়ে কত পরিমাণে দেখা যাইত, তাহার সম্বন্ধে যথেষ্ট মতভেদ থাকা সত্ত্বেও ঐরূপ আন্দাজ করা হয়।

মধ্যযুগের অবস্থায় লোকবল-বৃদ্ধি আদৌ ছিল না কেন, অথবা লোকবল বৃদ্ধির হার নিতান্তই অল্প ছিল কেন, তাহার কারণগুলা খুঁজিয়া বাহির করা খুব শক্ত নয়। উহার একটি কারণ কৃষির উৎপাদন-শক্তির অভাব, আহার্য্য সরবরাহের অল্পতা এবং দুর্ভিক্ষের ঘন ঘন আবির্ভাব। আর একটি কারণ—পুনঃ পুনঃ মড়কের আক্রমণ। তৃতীয় কারণ—যুদ্ধজনিত লোকক্ষয়। চতুর্থ কারণ—বসবাসের ব্যবস্থা সাধারণতঃ অস্বাস্থ্যকর ছিল এবং রোগ সারাইবার ও রোগ নিবারণ করিবার ঔষধগুলা ছিল নিতান্ত সেকেলে। পঞ্চম কারণটি চট্ করিয়া চোখে পড়ে না। কিন্তু উহা যে সত্য তাহা প্রমাণিত হইয়াছে। উহা এই যে, সাধারণতঃ, বিশেষতঃ মিস্ত্রী ও শিল্পী শ্রেণীর মধ্যে, বিবাহ প্রৌঢ় অবস্থা পর্যন্ত পিছাইয়া রাখা হইত। কোন কোন স্থানে জন্মহার খুব বেশী থাকিলেও, মৃত্যু হার খুবই বেশী থাকার ফলে, জন্মহার বেশী থাকার সুবিধা পুরাপুরি অথবা অনেকটা নষ্ট হইত। ষোড়শ শতাব্দী হইতে লোকসংখ্যা আরও একটু দ্রুত বাড়িতে থাকে। এই পরিবর্তনটি বিশেষভাবে বিলাত ও ফ্রান্সেই দেখা যায়—যদিও এই দুটা দেশকেই বারবার নানা যুদ্ধবিগ্রহে লিপ্ত হইতে হয়। ১৭০০ খৃষ্টাব্দের মধ্যে ইংলাণ্ড ও ওয়েলসের লোকসংখ্যা দাঁড়াইয়াছিল—৫২½ লাখ আর ফ্রান্সের দুই কোটি। অপর দিকে, ইতালিতে লোকবৃদ্ধি সামান্যই হইয়াছিল, আর জার্মাণির লোকবৃদ্ধি হয় অতি সামান্য, না হয় আদৌই হয় নাই। "ত্রিশ বছরের যুদ্ধের" ফলে জার্মাণির লোকবলের অর্দ্ধেকেরও উপর ধ্বংস-প্রাপ্ত হয়। এই দেশের

লোকবলের উল্লেখযোগ্য বৃদ্ধি ঘটিতে থাকে ১৭০০ সনের পরে।

সারা ইয়োরোপকে ধরিয়া আলোচনা করিলে দেখা যায় যে, অষ্টাদশ শতাব্দীর লোকবৃদ্ধি নিতান্ত অসমানভাবে হইয়াছিল। অধিকাংশ দেশেই জন্ম ও মৃত্যু আমদানির ফলে যে লোক-বৃদ্ধি ঘটে ইহা ঠিক, কিন্তু যতটা লোক-বৃদ্ধি ঘটে ঠিক ততটা অথবা তার কাছাকাছি লোকবল দুর্ভিক্ষ, মড়ক এবং যুদ্ধের ফলে ধ্বংসপ্রাপ্ত হয়। অপর দিকে উপনিবেশগুলা এবং কাছাকাছি দেশগুলার লোক রপ্তানির ফলে, লোকবল হ্রাসের আর একটি অনেকটা নূতন এবং বিশেষ উল্লেখযোগ্য পন্থার সৃষ্টি হয়। ফ্রান্সে আদৌ লোকবল বাড়িয়াছে কিনা সে সম্বন্ধে প্রশ্ন উঠিয়াছিল। ভিরাবো জেদের সঙ্গে বলিতেন যে কৃষির অবনতি এবং বিলাসের বাড়তির ফলে লোকবল কমিয়া গিয়াছিল। বিলাতের অবস্থা অপেক্ষাকৃত ভাল ছিল। সেখানে লোকগণনার প্রথম বছরগুলায়—১৮০১ ও ১৮১১ সনে পার্লামেন্টের রিপোর্টে লোকসংখ্যা সম্বন্ধীয় যে সব অনুমান দেওয়া হয় তাহাতে দেখা যায় যে, ১৭০০ সন এবং ১৮০০ সনের মধ্যে লোকসংখ্যা প্রায় দ্বিগুণ হইয়াছিল। অষ্টাদশ শতাব্দীতে ইয়োরোপীয় মহাদেশের অন্তর্গত যে কোন দেশের লোকবল সঠিক-নির্দ্ধারণ করা সম্ভব নয়। সেইজন্য সারা মহাদেশের কোন নির্ভরযোগ্য সংখ্যা নির্দ্দেশ করা অসম্ভব। অষ্টাদশ শতাব্দীর শ্রেষ্ঠ সংখ্যা-বিজ্ঞান-বিৎ শ্রীযুক্ত সিস্‌মিল্ক ১৭৪১ সনে এই মত প্রকাশ করেন যে, তাঁহার সময়ে সমগ্র ইয়োরোপের মোট লোকসংখ্যা ছিল ১৫ কোটি। তাঁহার হিসাবে তিনি ১০ কোটি এই সংখ্যাটি পান। বাদসাদ পড়িয়া যদি সংখ্যাটিতে কোন ভুলভ্রান্তি ঘটিয়া থাকে, তাহার জন্য ইহার সঙ্গে আরও ২ কোটি যোগ দিয়া দেন। ২০ বছর বাদে তিনি লোকসংখ্যা ১৩ কোটি বলিয়া অনুমান করেন। এইবারের অনুমানে বাদসাদের জন্য কোনরূপে সংখ্যাটিকে বাড়াইয়া লন নাই। সমসাময়িক একজন বিশিষ্ট মার্কিণ সংখ্যাবিজ্ঞানবিদের মত এই যে, সিস্‌মিল্কের অনুমানে পশ্চিম ও দক্ষিণ ইয়োরোপের লোকসংখ্যা অত্যন্ত কম করিয়া ধরা হইয়াছিল এবং রাশিয়া, পোলাণ্ড ও লিথুয়ানিয়ার লোকসংখ্যা বেশী করিয়া ধরা হইয়াছিল—কিন্তু তিনি যে মোট লোকসংখ্যা অনুমান করিয়াছিলেন তাহাতে ভুলের পরিমাণ মাত্র ৩০ লাখ—অর্থাৎ, ১৭৪০ সনে ইয়োরোপের ঠিক লোকসংখ্যা ছিল ১২ কোটি ৭০ লাখ। ইয়োরোপের অনেকগুলা দেশেই অষ্টাদশ শতাব্দীর প্রথমার্দ্ধে যে হারে লোকবৃদ্ধি, দ্বিতীয়ার্দ্ধে তার চেয়ে বেশী হারে লোকবৃদ্ধি ঘটে। স্বাস্থ্যকর ব্যবস্থা-গুলার ক্রমিক উন্নতি এবং কয়েক শ্রেণীর আহার্য্য উৎপাদনের বাড়তিই তাহার প্রধান কারণ। এ কথাও উল্লেখ করা দরকার যে, লোকবলবৃদ্ধি যে একটি বাঞ্ছনীয় জিনিষ এই ধারণা সারা অষ্টাদশ শতাব্দীর রাজারাজড়াদের ও ধনবিজ্ঞানবিদ্‌দের মস্তিষ্ক অধিকার করিয়াছিল। ফ্রেডারিক দি গ্রেট তাঁহার দেশের লোকবল বাড়াইতে সচেষ্ট ছিলেন। শিল্পীরা যাহাতে দেশের বাহিরে না যায় তাহার জন্য বিলাতের পার্লামেন্ট বারবার চেষ্টা করিয়াছিল। ১৭২৭ সনে—অর্থাৎ ম্যাল্‌থাসের বই বাহির হইবার ঠিক এক বছর আগে—পিট একটি আইনের খসড়া আইনসভায় পেশ করেন, যাহার ফলে বড় বড় পরিবারের কর্ত্তারা পুরস্কার পাইতে পারিত। কেবল ম্যালথাসের কথা শুনিবার পরই কোন কোন স্থানে লোকবলবৃদ্ধি জিনিষটা সন্দেহের চোখে, এমন কি, ভয়ের চোখে দেখা হইতে লাগিল।

শিল্পোন্নতিসাধনের গোড়ার কথা*

শ্রীবসুনাথ সরকার, এম্ এ

শিল্পদ্রব্য উৎপাদনে অনেকগুলা খুঁটার উপর নির্ভর করে। বিভিন্ন দেশে এই সমস্ত খুঁটার অনেক কিছু রইফেরও দেখিতে পাওয়া যায়। খুঁটাগুলার মধ্যে একটার মূল্য লইয়া সরাসরি তুলনামূলক বিচার আপাতদৃষ্টিতে সহজ-সাধ্যই মনে হয়। খুঁটাটী দীর্ঘ মেয়াদের পুঁজিপাটা নামে পরিচিত। বাস্তবিকপক্ষে কিন্তু এই তুলনামূলক আলোচনা রীতিমত বিঘ্ন-সঙ্কুল। কারণ ধর-দস্তুর নির্ণয়ে নানা প্রকার তারতম্য দেখা যায়। আর বিভিন্ন দেশে একই ধরণের সিকিউরিটি খুঁজিয়া বাহির করাও মুস্কিল। কিন্তু তবু তারতম্যগুলা এত বেশী পরিস্ফুট যে, এই ধরণের কোন অসুবিধাই ঐগুলাকে দুরধিগম্য করিতে পারে না। উদাহরণস্বরূপ বিভিন্ন দেশের ১৯২৯ সন হইতে ১৯৩৮ সন পর্য্যন্ত সময়ের মধ্যে গবর্ণমেণ্ট সিকিউরিটী সমূহের গড় আয়ের তুলনা করা যাইতে পারে। ইহাতে অনেক-কিছু শিক্ষালাভের সম্ভাবনা আছে। এইসমস্ত সিকিউরিটি ও কলকারখানার সিকিউরিটিসমূহ হইতে অবশ্য একই ধরণের আয় হয় না। তবুও কলকারখানার জন্য লগ্ন মেয়াদের পুঁজিপাট্টা সংগ্রহের আপেক্ষিক খরচ কিরূপ পড়িতে, গবর্ণমেণ্ট সিকিউরিটিগুলা থেকে তাহা অনেকটা বোঝা যাইবে।

এই সময়ের ভিতর পূর্ব্ব ও দক্ষিণ-পূর্ব্ব ইয়োরোপের পোলাণ্ড, রুমানিয়া যুগো-স্লাভিয়া, গ্রীস প্রভৃতি দেশে পুঁজি সবচেয়ে বেশী মহার্ঘ হইয়া পড়ে। এই সমস্ত দেশের গবর্ণমেণ্ট সিকিউরিটিগুলির গড় আয় অর্থাৎ সুদের হার (আভ্যন্তরীণ ধর-দস্তুর হইতে গৃহীত) ধাঁড়ায় ১০% এরও উপরে। তার পরেই লাটিন আমেরিকার দেশগুলা উল্লেখযোগ্য। কলাম্বিয়া গবর্ণমেণ্ট সিকিউরিটির সুদের হার ধাঁড়ায় ১০% এরও উপর, ব্রাজিল ও চীলির হার এর চেয়ে অনেক কম। সকলের শেষে দেখা যায় আর্জ্জেন্টিনা ও উরুগুয়েকে। এই দুই দেশের সুদের হার যথাক্রমে ৫·৮% ও ৪·৬%। চীলির বিদেশী ঋণের সুদের হার লণ্ডনের ধর অনুসারে ৭% এর কিছু উপরে। পূর্ব্বে বর্ণিত উরুগুয়ে ছাড়া আরও কতকগুলা দেশে অল্প সুদের হার দেখা যায়। আলোচ্য দশ বৎসরের মধ্যে এইসমস্ত দেশের মধ্যে জাপানের আভ্যন্তরীণ গবর্ণমেণ্ট বণ্ডের সুদের হার ৩·৭%। বৃটিশ ডোমিনিয়ন সমূহ ও মিসরের সরকারীবণ্ড বৎসরে যথাক্রমে ৪% ও ৪½% সুদ প্রদান করে। লণ্ডনের ধর অনুসারে ডোমিনিয়নগুলার বৈদেশিক ঋণের সুদের হার ও বেশ কম দেখা যায়। দক্ষিণ আফ্রিকার বৈদেশিক ঋণের সুদের হার ৪%, অষ্ট্রেলিয়ার ৪·৭%। লণ্ডনের ধর অনুসারে ভারত-গবর্ণমেণ্টের ঋণের সুদের হার ৪½%। এতদ্ সম্পর্কে বৃটিশ ও মার্কিণের গবর্ণমেণ্ট বণ্ডের সুদের হারেরও উল্লেখ করা প্রয়োজন। আলোচ্য দশ বৎসরে এই দুই দেশের সরকারী বণ্ডের সুদের হার ছিল যথাক্রমে ৩·৬% ও ৩·১%।

এই সমস্ত সুদের হার সম্পর্কে একটী বিষয় মনে রাখার দরকার। বিভিন্ন দেশের গবর্ণমেণ্ট ঐ সমস্ত হারে দেশ-বিদেশের বাজারে ঋণ গ্রহণ করিতে সমর্থ। কিন্তু তাই বলিয়া ঐ সমস্ত দেশের যে-সরকারী কল-কারখানা ও শিল্প প্রতিষ্ঠানগুলি যে একই হারে ঋণ গ্রহণ করিতে পারিবে, এরূপ ধারণা করা ঠিক নয়। তবে মোটামুটি এইরূপ ধারণা করা নিশ্চয়ই চলে যে, পূর্ব্ব-ইয়োরোপ ও কলাম্বিয়ার ঋণ গ্রহণের খরচ অত্যন্ত বেশী, ব্রাজিল ও আর্জ্জেন্টিনারও খরচ রীতিমত চড়া, উরুগুয়ে, মিসর ও বৃটিশ ডোমিনিয়ন সমূহে খরচ বেশ কম এবং বৃটেন ও মার্কিণ

---

* "দি বুলেটিন অব্ ইণ্টার-ন্যাশনাল নিউজ" ২৯শ খণ্ড, ত্রয়োদশ সংখ্যায় প্রকাশিত প্রবন্ধ অবলম্বনে।

যুক্তরাষ্ট্রে পূর্ব্বোক্ত দেশগুলির তুলনায় অত্যন্ত কম। রেলওয়ে, বাঁধ, ঘর বাড়ী এবং কাপড়ের কল ও কল-কব্জা তৈরীর কারখানা গড়তে দীর্ঘ মেয়াদের অনেক বেশী পুঁজিপাট্টার প্রয়োজন। কল গ্রহণ বড় ব্যয়সাধ্য হইবে এই ধরণের আর্থিক প্রচেষ্টাতেও তত বেশী অসুবিধা ভোগ করিতে হইবে।

বিভিন্ন দেশে মজুরি হারের যথেষ্ট তারতম্য দেখা যায়। এদিক্ দিয়াও যথেষ্ট অসুবিধা ঘটিয়া থাকে। যন্ত্রপাতির পরিমাণ ও ঐগুলির গুণের উপরেও মজুরদের যোগ্যতা অনেকখানি নির্ভর করে। তা ছাড়া আব-হাওয়া, ঐতিহ্য, শিক্ষাদীক্ষার অবস্থা এবং আরও নানা প্রকার কারণে মজুরদের যোগ্যতার তারতম্য উপস্থিত হয়। সেই জন্য কেবলমাত্র শ্রমিকদের সংখ্যা আর তাহাদের কাজের সময় ধরা প্রযুক্ত পুঁজিপাট্টার সঠিক অর্থাৎ নিট লাভ মাপা চলে না। এই জরুরী বিষয়টি ছাড়া আর একটী ব্যাপার সম্পর্কে দৃষ্টি দেওয়া প্রয়োজন। বিভিন্ন দেশের (বিনিময়ের বাজার দর অনুসারে একই ধরণের কাগজী মুদ্রাবিশিষ্ট) বৃত্তি ও পেশাসমূহের মধ্যে কতকগুলির পারস্পরিক তুলনা সম্ভবপর। এই সমস্ত পেশার ঘণ্টাপ্রতি মজুরি হারেরও তুলনা করা দরকার। বিভিন্ন দেশের শ্রমের প্রকৃত মূল্যের মধ্যে পার্থক্য থাকিতে পারে। পূর্ব্বোক্ত তুলনা দ্বারা এই পার্থক্য বা সম্পর্ক বিশ্লেষণে বিশেষ কোন সুবিধা না হইলেও বিভিন্ন দেশে শ্রমের খরচ ও বিদেশ হইতে আমদানি করা কাঁচা মালের মূল্যের মেজাজে যে যথেষ্ট পার্থক্য আছে তাহা যেন বুঝিতে পারা যায়। অন্যান্য কাঁচা মালের তুলনায় কতকগুলি কাঁচা মাল চালান দেওয়ার সুবিধা অত্যন্ত বেশী। এই ধরণের কাঁচা মাল যদি খুব বেশী দূরে লইয়া যাওয়ার সমস্যা উপস্থিত না হয় তাহা হইলে, বিনিময়ের বাজার দর অনুসারে সেই পরিমাণ অর্থ দ্বারা বিভিন্ন দেশে পূর্ব্বোক্ত একই পরিমাণের কাঁচা মাল ক্রয় করা সম্ভব। তবে সংরক্ষণ শুল্ক ইত্যাদির অস্তিত্ব থাকিলে অবস্থা অন্য রূপ দাঁড়াইতে পারে। এখন বিভিন্ন দেশে এই সহজে চালান দেওয়ার যোগ্য কাঁচা মাল চালান দেওয়ার সময় মজুরির খরচা কিরূপ পড়ে, তাহা হইতেই ঐ সমস্ত দেশের মজুরি হারের তুলনামূলক পরিচয় পাওয়া যাইবে। এই সমস্ত কাঁচা মালের আমদান প্রধান যুক্তবাণিজ্য নীতি দ্বারাই পরিচালিত হইতেছে এইরূপ ধরিয়া লইতে হইবে। নিম্নের তালিকায় বিভিন্ন শ্রেণীর মজুরদের মজুরি হার এবং দেশ-বিশেষে এই বিভিন্ন শ্রেণীর মজুরি হারের কি তারতম্য আছে তাহা দেখানো হইতেছে। ইহাতে নিপুণ ও অনিপুণ মজুরদের প্রকৃত আয়ের বিশেষ কোন সন্ধান পাওয়া না গেলেও অনেক-কিছু প্রয়োজনীয় তথ্য মিলিবার সম্ভাবনা আছে।

১৯৩৭ সনের অক্টোবর মাসে প্রচলিত বিনিময় হার অনুসারে মার্কিণ সেন্টে প্রদত্ত ঘণ্টা-পিছু মজুরির হার :—

দেশ	নিপুণ (টার্ণার, ফিটার লোহা ঢালাইকারী)	অনিপুণ (ইঞ্জিনিম্যান ও গৃহ নির্ম্মাণীদের মজুর)	নিপুণের তুলনায় অনিপুণদের শতকরা অনুপাত
ক্যানাডা			৬৬
দঃ আফ্রিকা (কেপটাউন)	৫১		২০
নিউফাউণ্ডল্যাণ্ড	৪৬		৫২
নিউজিল্যাণ্ড	৪২		৮৬
অষ্ট্রেলিয়া	৩৬		৮৩
গ্রেটবৃটেন	৩০		৭৩
আর্জ্জেন্টিনা	২৭		৬৩
হাঙ্গেরী	২২		৫০
প্যালেষ্টাইন	২০		৯৫
তুরস্ক (আঙ্কোরা)	১৯		৩৭
রুমানিয়া	১৭		৪৭
চীন	১৪		৭১

মার্কিণ ডলারের হিসাবে নির্দ্দিষ্ট কয়েক শ্রেণীর কার্য্যে-নিপুণ মজুরদের মজুরির নিম্নগ ক্রম অনুসারে—অর্থাৎ মোটামুটিভাবে সহজে চালান দেওয়ার যোগ্য আমদানি করা কাঁচামালের হিসাব অনুসারে দেশগুলিকে সন্নিবেশিত

করা হইয়াছে। জীবনযাত্রা প্রণালীর নিরূপণও যে অনেকটা এইরকম, তাহাও বেশ বুঝা যাইতেছে। দক্ষিণ আফ্রিকার বেলায় সেখানকার শ্বেতাঙ্গদের জীবন-যাত্রা-প্রণালী ধরা হইয়াছে। পূর্ব্ব-নির্দ্দিষ্ট কতকগুলি কাজে অনিপুণ শ্রমিকদের ডলার মজুরির নিম্নগ ক্রমের ও বিশেষ হের-ফের দেখা যায় না। তবে দুই-তিন জায়গায় ব্যতিক্রম ঘটিয়াছে। ইহার কারণও সহজেই উল্লেখ করা যাইতে পারে। দক্ষিণ আফ্রিকার যাবতীয় মজুর মাত্রেই নেটিভ অর্থাৎ দেশীয় আদিম লোকজন। সে জন্য তাদের মজুরির হার সস্তাই দাঁড়াইয়াছে। নিউ ফাউণ্ডল্যাণ্ডের অর্থ নৈতিক মন্দা আর দেশের আনাড়ি মজুরের স্থান পূরণ করায় সেখানে আনাড়ি মজুরদের মজুরির হার এত কম হইয়াছে। প্যালেষ্টাইনে নিপুণ আনাড়ি উভয় শ্রেণীর মজুরদের মজুরি হারের মধ্যে খুব কম পার্থক্য দেখা যায়। ঔপনিবেশিকদের সংখ্যাধিক্যই এর প্রধান কারণ বলিয়া মনে হয়। ইহাদের সকলেই নিপুণ মজুর আর ইহাদের শিক্ষা-দীক্ষার মানও বেশ উচ্চ। চীলি দেশে আনাড়ি মজুরের মজুরির হার অপেক্ষাকৃত উচ্চ (অথবা নিপুণ মজুরদের অপেক্ষা মজুরির হার অত্যন্ত কম) দেখা যায়। ইহার কারণ খুঁজিয়া বাহির করা মুস্কিল। তবে দেশে ইঞ্জিনিয়ারিং শিল্পের পরিমাণ খুব কম। এইজন্যই এই অবস্থা ঘটিয়া থাকিবে। এই চারটী দৃষ্টান্ত বাদে সর্ব্বত্রই জীবনযাত্রা ও ডলার-মজুরির উচ্চ মাপকাঠির সহিত আনাড়ি ও নিপুণ মজুরি-হারের উচ্চ অনুপাতের নিগূঢ় সম্বন্ধ দেখা যায়। তবে যে সমস্ত মাপজোক প্রকাশ করা হইল, তাহা বৈজ্ঞানিক পরীক্ষার দৃষ্টান্তরূপে গ্রহণ না করিয়া কেবলমাত্র উদাহরণ হিসাবে গ্রহণ করাই বাঞ্ছনীয়।

এই পরীক্ষা-মূলক সিদ্ধান্ত অনুসারে উচ্চতর জীবন-যাত্রা-প্রণালী-বিশিষ্ট দেশগুলার পক্ষে নিম্নরূপ কার্য্যক্রম গ্রহণই বাঞ্ছনীয়। আমদানি করা কাঁচা মালের তুলনায় কতকগুলা শিল্পে অপেক্ষাকৃত অল্প শ্রমের প্রয়োজন। আবার কতকগুলা শিল্পে অপেক্ষাকৃত অধিক নৈপুণ্যের দরকার হয়। উন্নততর জীবনযাত্রা-প্রণালীর দেশ গুলার পক্ষে এই দুই রকমের শিল্প-প্রচেষ্টায় ব্রতী হওয়া বাঞ্ছনীয়। কতকগুলা ভারি ভারি কাঁচামাল আছে। এইগুলা স্থানান্তরে প্রেরণ আদৌ সহজসাধ্য নয়। ব্যবসা-বাণিজ্যের কৃত্রিম বাধা-বিঘ্নগুলার জন্য দেশ বিদেশে কাঁচামালের যথেষ্ট তারতম্য ঘটে। এই কারণ ছাড়াও বিভিন্ন দেশে পূর্ব্বোক্ত কাঁচামালগুলার ডলার-মূল্যের যথেষ্ট পার্থক্য দেখিতে পাওয়া যায়। সমগ্র শিল্প-প্রচেষ্টার পক্ষে প্রয়োজনীয় এই জাতীয় ভারি ভারি কাঁচামালের মধ্যে কয়লা ও লৌহ-পিণ্ডের স্থান সকলের উপরে। শিল্প প্রচেষ্টায় এই দুই দ্রব্যের প্রয়োজন হয় সবচেয়ে বেশী। তবে পেট্রোলিয়াম ও জল-শক্তি অনেক সময় কয়লাকে স্থান-চ্যুত করিতে পারে। কোন দেশের হয়ত মজুরি-হার ইত্যাদির তুলনায় বর্ত্তমানে স্বল্প-মেয়াদী শিল্প প্রবর্ত্তনের যোগ্যতা আছে, আর দেশটী হয়ত এইরূপ শিল্প-প্রচেষ্টাতেই সন্তুষ্ট আছে। এখন এইরূপ দেশগুলির পক্ষে দীর্ঘ মেয়াদের জন্য বিশেষ কোন শিল্প প্রবর্ত্তনও সম্ভব হইতে পারে। কিন্তু এই ধরণের শিল্প প্রবর্ত্তনের ক্ষমতা বা অক্ষমতা নির্ভর করে উৎপাদনের সহায়ক পূর্ব্বোক্ত খুঁটাগুলার আধিক্য ও অপেক্ষাকৃত অভাবের উপর। সেই জন্য শিল্প-প্রচেষ্টা সম্বন্ধে আলোচনার সময় স্বল্প-মেয়াদের তুলনায় দীর্ঘ-মেয়াদের শিল্প-প্রচেষ্টা সম্পর্কেই অবহিত হওয়ার দরকার।

প্রাকৃতিক সম্বল সর্ব্বত্র একইভাবে থাকে না। সর্ব্বত্রই ইহার রকম ও পরিমাণের যথেষ্ট তারতম্য দেখিতে পাওয়া যায়। প্রাকৃতিক সম্পদের আধিক্য ও পরিমাণ বশতঃ দেশ পর্য্যন্ত এক একটী অঞ্চল এক এক প্রকার শিল্প প্রবর্ত্তনের সহায়ক বিবেচিত হয়। কোন দেশে হয়ত মাথা-পিছু জমির পরিমাণ খুব বেশী, অথচ সেখানে কয়লা, লোহা, পেট্রোলিয়াম, অথবা জল শক্তির অত্যন্ত অভাব। এইরূপ দেশ কৃষিকার্য্যেরই উপযোগী। যে দেশে জমিও কম আবার খনিজসম্পদও প্রাকৃতিক শক্তির দিক্ থেকেও যে দেশ গরীব, সেই দেশ হাল্কা শিল্পের উপযোগী। আবার যে দেশে জমি কম কিন্তু খনিজ সম্পদ ও প্রাকৃতিক শক্তির অফুরন্ত ভাণ্ডার সেই দেশে ভারি ভারি শিল্প গড়িয়া উঠিবে। কিন্তু এই ধরণের আলোচনা

সহজসাধ্য নয়। মাত্র দুই-চারিটী দেশেরও জাত প্রাকৃতিক সম্পদগুলারও যথাযোগ্য জরিপ করা দুরূহ ব্যাপার। তবে এ সম্বন্ধে কতকগুলা মোদ্দা কথা জানিয়া রাখিলে বিশেষ ফললাভের সম্ভাবনা আছে।

বিভিন্ন দেশে দীর্ঘমেয়াদী শিল্প-প্রচেষ্টাসমূহ প্রবর্ত্তনের সম্ভাবনা সম্পর্কে জরিপের সময় ঐ সমস্ত দেশের প্রাকৃতিক সম্পদের আধাপিছু হিসাব লওয়া হয়। দীর্ঘ সময় ধরিয়া দেশগুলার লোকসংখ্যা বা লোক সংখ্যার অনুপাতের বিশেষ কোন তারতম্য ঘটিবেনা হিসাবের সময় এইরূপ ধরা হয়। বিভিন্ন দেশের প্রতি বর্গমাইলে জন সংখ্যার অঙ্কের মধ্যে বর্ত্তমানে অনেক সময় আকাশ-পাতাল পার্থক্য দেখিতে পাওয়া যায়। মোটের উপর এই পার্থক্য এত বেশী যে, সব চেয়ে জন-বহুল দেশ আর সব চেয়ে কম লোক-সংখ্যা-বিশিষ্ট দেশগুলার মধ্যে যত-কিছুই আপেক্ষিক পরিবর্ত্তন ঘটুক না কেন, অন্ততঃ পক্ষে দুই-তিন পুরুষ সময়ের মধ্যে পূর্ব্বোক্ত হিসাব বা জরিপের পক্ষে বিশেষ-কোন অসুবিধা ঘটিবে না। তবে উনবিংশ শতাব্দীর মাপে লোকচলাচল ঘটিলে অবস্থা নিশ্চয়ই স্বতন্ত্র হইতে পারে। কিন্তু বর্ত্তমানে এইরূপ ঘটার কোনই সম্ভাবনা দেখা যায় না। তবে লোক-সংখ্যার উল্লেখ-যোগ্য আপেক্ষিক পরিবর্ত্তন ঘটার সম্ভাবনা যে সকল সময়েই আছে তাহা বিস্মৃত হইলে চলিবে না।

৯, পঞ্চানন ঘোষ লেনস্থ কলিকাতা ওরিয়েণ্টাল প্রেস হইতে শ্রীযোগেশচন্দ্র সরখেল কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

আর্থিক উন্নতি

কৃষি শিল্প বাণিজ্য ও ধনবিজ্ঞান বিষয়ক পত্রিকা

CALCUTTA CENTRAL LIBRARY UNIVERSITY

১৮শ বর্ষ ফাল্গুন, ১৩৫০ ১১শ সংখ্যা

বঙ্গেশ্বরী কটন মিল্‌স্ লিমিটেড
ম্যানেজিং ডিরেক্টর ডক্টর শ্রীযুক্ত নরেন্দ্রনাথ লাহা

বার্ষিক মূল্য ৩৲ টাকা (ডাক মাশুল ।৵০ আনা স্বতন্ত্র) প্রতি সংখ্যা ।০ আনা

সম্পাদক শ্রী বিনয়কুমার সরকার

ARTHIK UNNATI

(Economic Progress)

Established April 1926

A monthly journal, in **Bengali**, on economics (theoretical and applied), the applications of industrial research and scientific inventions for social welfare and material progress.

The object of the journal is to function as an organ of banking, foreign trade, money market, insurance, industrialization, agricultural enterprises, railway and shipping economics, public finance, economic legislation, national health, technical education, rural reorganization, municipal administration and other civic interests.

EDITED BY PROF. DR. BENOY KUMAR SARKAR. *Vidya-vaibhava*

Section 1. deals with the *wealth of Bengal*, profession by profession. The data are furnished by the reports of correspondents specially employed for the purpose. The standard of life prevailing among cultivators, artisans, fishermen, boatmen, leather-workers, weavers, shopkeepers, merchants, land-owners, exporters, importers, industrial workers, sailors, clerks, directors and founders of modern industries, banks and other business establishments—all classes of the Bengali population,—is the main theme of these statistical and objective investigations.

Section 2. deals with agricultural, manufacturing and *commercial activities of India* (excluding Bengal, but including the Indian states).

Section 3. deals with the *economic developments of the world*. It seeks to interpret the movement in foreign finance, industries and commerce to the Indian business-men and economists. India's opportunities for co-operation with foreigners in all spheres of international trade and investment constitute likewise a special subject of study. The facts of world-economy involving, as they do, the intimate interdependence of India and the other countries in regard to economic functions and material welfare are placed before the readers in the form of a regular news-service.

Section 4. deals with the movements and pronouncements of the world's prominent bankers, captains of industry, engineers, chemists, experts in technical, commercial and agricultural education, statisticians, economists, finance-ministers and so forth. The *programmes of learned societies*, businessmen's associations, and bankers' institutes etc. fall within this section.

Section 5. is given over to *interviews* with specialists on problems of applied economics and economic thought.

In all these sections *Arthik Unnati*, although a monthly, intends to acquire the dynamic character of a weekly or even a daily newspaper.

Special Features:

1. A tabular statement of the contents (with occasional synopsis) of the economic, financial, export-import, statistical and allied journals in the Indian and foreign languages including *French*, *German*, *Italian*, and whenever possible, *Russian*, *Japanese* and *Turkish*.
2. Review of books.
3. A serial announcement of Indian and foreign books on economics, banking, commerce, technical education and all other branches of material and social welfare.

N.B. About *fifty per cent* of the monthly devotes itself to **essays and discussions of permanent value** bearing on the methods and problems of the economic sciences. **Bengali translation** or summaries of the views and theories of foreign economists of the present or preceding generations form a marked characteristic of this journal.

Annual subscription Rs. 3/- (excluding postage).

Office: 9, Panchanan Ghose Lane (off Amherst Street), Calcutta.

Director

DR. NARENDRA NATH LAW

Managing Director, Bangeswari Cotton Mills, Ltd., Calcutta.

CONTENTS OF THE MARCH-APRIL NUMBE

Section 1. Wealth of Bengal: The Rice Wealth of Bengal. Medical Treatment at Faridpore. Anti-malarial Activities in Bankura. Government help to Dispensaries. Remedy of Famine and Diseases. Anti-malarial artivities in Murshidubad. (pp. 239-241)

Section 2. Economic India: Increment in the Number of Workshop Labour. Supply of Cloth to different Provinces. War Expenditure of the India Government. Record Paddy Production. Preliminary Wheat Forecast. Progress of Insurance business. Provident Insurance Societies. Cotton Production in Madras. Cotton Situation in the Province of Sind. (pp. 242-243).

Section 3. World Economy: The Vastness of Lease & Lend of America. The import and export between India and America American Goods in the World's market. Insurance business in Belgium. The Condition of Insurance in Spain. Natural Assets in the British Malayas. Insurance Asset of Iran. (pp. 244-246)

Section 4. Men, Institutions and Movements: After-War Education Planning of India. The Rebuilding of China as a democratic Country. The Industry and Mineral Exhibition. The Orphanage of Madame Chiang. The International Economic Contract. The late Dr. Monomohan Ray. (pp. 247-250).

Section 5. Interview: "Response of Life" and Patriotism of Acharya Prafulla Chandra (Conversations with Prof. B. K. Sarkar): by Haridas Mukherjee. (pp. 251-253)

Section 6. World of Journals: *The Iran League Quarterly*. *Shilpa O Sampad*. (pp. 254-255).

Section 7. Reviews: How the Russians Live. The Lost Peace. (p. 256)

Section 8. Bibliography: 14 books announced. (p. 257)

Article:

The Back-ground of Kuomintang
Dr. Manmatha Nath Sarkar, M.A. (p. 258).

Works by and about BENOY SARKAR

B. K. SARKAR:

1. **Villages and Towns as Social Patterns.** Pages 704. Eight Charts. Rs. 15. (Royal).
2. **Economic Development.** Vol. I. Pages 464. Rs. 8. Vol. II. Pages 320. Nine Charts. Rs. 6. (Demy).
3. **The Political Philosophies since 1905.** Vol. I. Pages 404. Rs. 4. (Crown). Vol. II. Part I. Pages 356. Rs. 5. Part II. Pages 570. Rs. 12. Part III. Pages 368. Rs. 8. (Demy).
4. **The Sociology of Races, Cultures and Human Progress.** Pages 410 Rs. 7. (Royal).
5. **Introduction to Hindu Positivism.** Pages 770. Rs. 16. (Royal).
6. **Creative India.** Pages 725. Rs. 15. (Demy).
7. **The Politics of Boundaries.** Pages 340. Rs. 2-8-0. (Crown).
8. **Social Insurance Legislation and Statistics.** Pages 470 Nine Charts. Rs. 8. (Demy).
9. **Imperial Preference vis-a-vis World-Economy.** Pages 172. Fifteen Charts. Rs. 5. (Royal).
10. **Indian Currency and Reserve Bank Problems.** Pages 94. Fourteen Charts. Rs. 3. (Royal).

S. C. DUTT: **Conflicting Tendencies in Indian Economic Thought.** (Sarkarism in Economics). Pages 234. Rs. 5. (Royal).

N. N. CHAUDHURY: **Pragmatism and Pioneering in Benoy Sarkar's Sociology and Economics.** Pages 152. Rs. 3. (Royal).

S. K. GHOSHAL: **Sarkarism** (The Ideas and Ideals of Benoy Sarkar on Man and His Conquests). Pages 60. Re. 1. (Royal)

S. DASS (and fourteen collaborators). **The Social and Economic Ideas of Benoy Sarkar.** Pages 690. Rs. 12. (Royal)

CHUCKERVERTTY CHATTERJEE & CO., LTD. 15 College Square, Calcutta.

জীবনযাত্রার পাথেয়

জীবনযাত্রার অনিশ্চিত-পথে
জীবন বীমা মানুষের
প্রধান পাথেয়।

আমাদের গৃহ-সংসার কত আশা-উৎসাহ, কত শান্তি ও সুখের স্বপ্ন দিয়ে তৈরী! বাপ মায়ের স্নেহ স্বপ্ন বুঝি আজ রূঢ় বাস্তবের আঘাতে ভেঙ্গে যায়। তাই নিজের জন্যও যেমন তাদের দুশ্চিন্তা, ছেলেমেয়ে ও আত্মীয় পরিজনের জন্যও তেমনি তাদের উদ্বেগ ও আশঙ্কা—কি উপায়ে তাদের জীবনযাত্রা নির্ব্বাহের উপযোগী সংস্থান করে রাখা যায়। বর্ত্তমান দুর্দ্দিনে ও ভবিষ্যতের আর্থিক সঙ্কটে তারা কোন্ পাথেয় নিয়ে দাঁড়াবে?—হিন্দুস্থানের বীমাপত্র সেই মূল্যবান পাথেয়—দুর্দ্দিনের সর্ব্বোত্তম আশ্রয়। উপার্জ্জনশীল ব্যক্তিমাত্রেরই অবিলম্বে এই পাথেয় সংগ্রহ করা উচিত।

হিন্দুস্থান কো-অপারেটিভ

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড্

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস্, কলিকাতা।

NEW ECONOMIC AND SOCIOLOGICAL WORKS

1. Labour Legislation in British India (Pankaj Mukherjee) Rs. 3/-
2. Conflicting Tendencies in Indian Economic Thought (Shib Dutt) Rs. 5/.
3. La Politica Finanziaria Britannica in India (Dr. Moni Moulik) Rs. 5/-
4. The Economics and Law of Central Banking (Prof. Sachin Dutt). Ans. -/8/-
5. The Messages of Dante (Prof. Subodh Ghoshal). Ans. -/4/-
6. The Social and Economic Ideas of Benoy Sarkar, Edited by Prof. Baneswar Dass with the collaboration of Fourteen Scholars and with a Foreword by Dr. Narendra Nath Law. Rs. 12/-

Economic Dialectics (Nagen Chaudhury). Rs. 2/.
Italian Economy and Culture (Dr. Moni Moulik). Rs. 3/-
Principles of Civics, Part I. (Prof. Sachin Dutt). Re. 1-4-0
Herder's Doctrine of National Soul (Ghoshal) Ans. -/4/-

CHUCKERVERTTY CHATTERJEE & Co. Ltd.
15, College Square, Calcutta.

সূচী

বাংলার সম্পদ্ ঃ—বাঙলার চাউল সম্পদ। ফরিদপুরে চিকিৎসা-ব্যবস্থা। বাঁকুড়ায় ম্যালেরিয়া-নিবারণী প্রচেষ্টা। ডাক্তারখানায় সরকারী সাহায্য। দুর্ভিক্ষ ও রোগ-নিবারণ। মুর্শিদাবাদে ম্যালেরিয়া নিবারণ ব্যবস্থা। (২৩৯-২৪১)

আর্থিক ভারত ঃ—কারখানা শ্রমিকের সংখ্যা-বৃদ্ধি। বিভিন্ন প্রদেশে বস্ত্র সরবরাহ। ভারত সরকারের যুদ্ধকালীন খরচ। ধান্য উৎপাদনে রেকর্ড। সম চাষের প্রথম পূর্ব্বাভাষ। প্রগতির পথে বীমা ব্যবসায়। প্রভিডেন্ট সোসাইটীগুলির হালচাল। মাদ্রাজে তুলা উৎপাদন। সিন্ধু প্রদেশের তুলা-পরিস্থিতি। (২৪২-২৪৩)

দুনিয়ার ধনদৌলত ঃ—মার্কিণ কৃষি ইজারার বহর। ভারত-মার্কিণের লেন-দেন। দুনিয়ার মার্কিণ মাল। বেলজিয়ামের বীমাব্যবসা। স্পেনে বীমা ব্যবসায়ের হালচাল। বৃটিশ মালয়ের প্রাকৃতিক সম্পদ। ইরাণের বীমা-সম্পদ। (২৪৪-২৪৬)

ব্যক্তি ও সঙ্ঘ ঃ—ভারতের যুদ্ধোত্তর শিক্ষা-পরিকল্পনা। গণতান্ত্রিক জাতি হিসাবে চীনের গঠন। শিল্প ও খনিজ পদার্থের প্রদর্শনী। আদাম চিড়াখানার অনাথাশ্রম। আন্তর্জাতিক আর্থিক চুক্তি। পরলোকে ডাঃ মনোমোহন রায়। (২৪৭-২৪০)

মোলাকাৎ ঃ—"জীবনের দাড়া" ও গ্রন্থকারত্বের স্বদেশসেবা। [অধ্যাপক বিনয়কুমার সরকারের সহিত শ্রীহরিদাস মুখোপাধ্যায়ের কথোপকথন]। (২৪১-২৪৩)

পত্রিকা-জগৎ ২৫৪

সমালোচনা

গ্রন্থপঞ্জী

প্রবন্ধ ঃ

কুতুমিনতাবের ইতিকথা

শ্রীমন্মথনাথ সরকার, এম এ ২৫৮

বিনয় সরকারের বৈঠকে

(বিংশ শতাব্দীর বঙ্গ-সংস্কৃতি)

শ্রীহরিদাস মুখোপাধ্যায়

রামকৃষ্ণ-সাম্রাজ্য, বঙ্গ-বিপ্লব, স্বদেশী আন্দোলন, ডন সোসাইটির সতীশ মুখোপাধ্যায়, অরবিন্দ-দর্শন, শিল্প-বাণিজ্যে বাঙালীর প্রগতি, মজুর-আন্দোলন, মেয়েদের পুরুষ-সাম্য, "অবনীন্দ্র-মণ্ডল", লাঠি-সেনাপতি পুলিন দাস, ব্রাহ্ম সমাজ, নবরত্ন ও অন্নদাশঙ্কর, বাংলার বৈজ্ঞানিক, ঐতিহাসিক ও দার্শনিক গবেষকগণ, রাবীন্দ্রিক ভগবান, গল্প-রচনায় বাঙালী মেজাজ, হিন্দু-মুসলমানের ধর্ম্ম-মিলন, গুরুসদয়ের মাচানাচি, সুরেন্দ্রনাথ হ'তে শ্যামাপ্রসাদ, ১২৮০ সনের বাঙালী ইত্যাদি বিষয়ে বিংশ শতাব্দীর বঙ্গ-সংস্কৃতি সম্বন্ধে অধ্যাপক বিনয়কুমার সরকারের সঙ্গে কথোপকথন। প্রশ্নোত্তরের আকারে লিখিত। ৪৯০ পৃষ্ঠা মূল্য ৩৲

বঙ্গীয় অর্থবিজ্ঞান পরিষদ্ ও বঙ্গীয় সমাজ-বিজ্ঞান পরিষদের সুধীবর্গের লিখিত কয়েকখানি গ্রন্থ

১। একালের ধনদৌলত ও অর্থশাস্ত্র (বিনয় সরকার) :—প্রথম ভাগ ২।০, দ্বিতীয় ভাগ ৪৲। ২। ধনদৌলতের রূপান্তর (বিনয় সরকার) ১।০। ৩। পরিবার, গোষ্ঠী ও রাষ্ট্র (বিনয় সরকার) ২।০। ৪। স্বদেশী আন্দোলন ও সংরক্ষণনীতি (বিনয় সরকার) ২৲। ৫। নয়া বাঙলার গোড়াপত্তন (বিনয় সরকার) :—প্রথম ভাগ ২।০, দ্বিতীয় ভাগ ২৲। ৬। বাড়তির পথে বাঙালী (বিনয় সরকার) ৩।০। ৭। দেশ-বিদেশের ব্যাঙ্ক (ডক্টর নরেন্দ্রনাথ লাহা ও জিতেন সেনগুপ্ত) ১৸০। ৮। টাকাকড়ি (রবি ঘোষ) ১।০। ৯। টাকার কথা (নরেন রায়) ১৲। ১০। ধনবিজ্ঞানে সাবরেতি (শিব দত্ত) ২৲। ১১। বাংলায় ধনবিজ্ঞান (বিনয় সরকার ও অন্যান্য লেখকগণ) প্রথম ভাগ ৪।০, দ্বিতীয় ভাগ ৩৲। ১২। সমাজ-বিজ্ঞান (বিনয় সরকার ও অন্যান্য লেখকগণ) ৩৲। ১৩। মার্কিণ সমাজ ও সমস্যা (নগেন চৌধুরী) ২৲। ১৪। ফরাসী মনীষীদের প্রগতি-দর্শন (প্রফুল্ল বিশ্বাস) ।০।

চক্রবর্ত্তী চ্যাটার্জ্জি অ্যাণ্ড কোম্পানী লিমিটেড

১৫, কলেজ স্কোয়ার, কলিকাতা

ফাল্গুন—১৩৫০ আর্থিক উন্নতি ১৮শ-বর্ষ—১১শ সংখ্যা

অহমস্মি সহমান উত্তরো নাম ভূম্যাম্।
অভীষাড়স্মি বিশ্বাষাড়াশামাশাং বিষাসহিঃ॥

অথর্ববেদ ১২।১।৫৪

পরাক্রমের মূর্ত্তি আমি,—'সহোত্তম' নামে আমায় জানে সবে ধরাতে;
জেতা আমি বিশ্বজয়ী,—জয় আমার দিকে দিকে বিজয়-কেতন উড়াতে।



বাঙলার চাউল সম্পদ

এইরূপ অনুমান করা হইয়াছে যে, এই বৎসর (১৯৪৩-৪৪) বাঙলায় আমন ধানের ফলন স্বাভাবিক ফলনের তুলনায় শতকরা ১০৩ ভাগ বেশী হইয়াছে। গত বৎসর এই ফসলের ফলন ছিল স্বাভাবিক উৎপাদনের শতকরা মাত্র ৬৮ ভাগ। বাঙলা সরকারের কৃষিবিভাগ কর্তৃক প্রচারিত চাউলের ফলন সম্পর্কিত তৃতীয় এবং শেষ পূর্ব্বাভাষে এই হিসাব প্রদত্ত হইয়াছে। সাতটি জেলায় অতিরিক্ত এবং অন্যান্য জেলায় ষোল আনা ফলন হইয়াছে।

সাধারণ অবস্থায় বাঙলার প্রতি একর (তিন বিঘা) জমির ফলন হইতে ১২ মণ ১৬ সের পরিষ্কার চাউল পাওয়া যায়। প্রদেশের এই বৎসরের ফলন শতকরা ১০৩ ভাগ হইয়াছে। ইহা ধরিয়া লইলে প্রতি একরের ফলন অনুসারে এই বৎসরের মোট উৎপন্ন চাউলের পরিমাণ দাঁড়াইবে ৮৪ লক্ষ ২৮ হাজার ১ শত টন (প্রতি টনে ২৭ মণ)। গত বৎসরের এই ফসলের পরিমাণ ছিল ৪০ লক্ষ ২০ হাজার ১ শত টন।

জেলার কর্ম্মচারীরা অনুমান করিয়াছে যে, এই বৎসর মোট ১ কোটি ৮১ লক্ষ ৭৬ হাজার ৭ শত একর জমিতে আমন-ধান্য উৎপন্ন হইয়াছে। গত বৎসর উক্ত জমির পরিমাণ ছিল ১৬,২০৭,১০০ একর।

ফরিদপুরে চিকিৎসা-ব্যবস্থা

ফরিদপুরে হাসপাতালে যাইতে অক্ষম রোগীদিগকে সংগ্রহের জন্য রাস্তার পার্শ্বে বহু কেন্দ্র খোলা হইয়াছে। ফরিদপুর, মাদারীপুর ও গোপালগঞ্জ-হাটে ১০০ বেডের তিনটী অস্থায়ী হাসপাতাল খোলা হইয়াছে এবং চারিটি মহকুমা শহরে চারিটি সামরিক হাসপাতালে দুঃস্থদের চিকিৎসা

করা হইতেছে। এই সব হাসপাতালের জন্য সামরিক বিভাগ কয়েকজন ডাক্তার প্রদান করিয়াছেন। অন্যান্য সমস্ত ব্যয়ভার গভর্ণমেণ্ট বহন করিতেছেন।

এই জেলায় ৬০০টি ম্যালেরিয়ার চিকিৎসা-কেন্দ্র খোলা হইয়াছে এবং সরকারের নিকট হইতে ৩,৬০০ পাউণ্ড কুইনাইন বিতরণের জন্য পাওয়া গিয়াছে। ইহা ছাড়া গ্রামে গ্রামে চিকিৎসার জন্য ১৯টি ভ্রাম্যমাণ চিকিৎসক দল শীঘ্রই কার্য্য আরম্ভ করিবে।

জেলার সর্ব্বত্র বিভিন্ন কর্ম্মশালাগুলিতে যে-সব দুঃস্থ নরনারী বাস করিতেছে, তাহাদের চিকিৎসার জন্য ৭১টি অস্থায়ী হাসপাতাল খোলা হইয়াছে।

ফরিদপুর ও মাদারীপুরে বালক-বালিকাদের দুইটি আশ্রয়-কেন্দ্র সন্তোষজনকভাবে কাজ চালাইয়া যাইতেছে।

বাঁকুড়ায় ম্যালেরিয়া-নিবারণী প্রচেষ্টা

বাঁকুড়া জেলার স্যানিটারী ইন্‌স্পেক্টারগণ, দাতব্য চিকিৎসালয়ের ডাক্তারগণ এবং দুঃস্থদের সাহায্য প্রদানের কার্য্যে প্রেরিত চিকিৎসকবৃন্দ তথায় কুইনাইন বিতরণ করিতেছেন। গভর্ণমেণ্টের নিকট হইতে প্রাপ্ত ১,০৩০ পাউণ্ড কুইনাইনের মধ্যে ৫১৩ পাউণ্ড বিতরিত হইয়াছে। বিক্রয়ের জন্য প্রাপ্ত ৪৪০ পাউণ্ড কুইনাইনের মধ্যে ৩৪৪ পাউণ্ড বিক্রয় করা হইয়াছে। এই জেলায় ম্যালেরিয়া যথেষ্ট কমিয়া গিয়াছে।

ডাক্তারখানায় সরকারী সাহায্য

বাঙলা সরকার ১৯৪৩-৪৪ সনে ঢাকা বিভাগের বিভিন্ন জেলার থানা ডাক্তারখানার জন্য ৫০০৲ টাকা এবং গ্রাম্য ডাক্তারখানার জন্য ২৫০৲ টাকা দান মঞ্জুর করিয়াছেন। ঢাকা জেলার ১৪টি গ্রাম্য ডাক্তারখানায় ৩,৪০০৲ টাকা প্রদত্ত হইয়াছে। ময়মনসিংহ জেলার ১৩টি থানা ডাক্তারখানা ও ৫৮টি গ্রাম্য ডাক্তারখানার জন্য ২১,০০০৲ টাকা দেওয়া হইয়াছে। ফরিদপুরের ৭টি থানা ডাক্তারখানা ও ৮৩টি গ্রাম্য ডাক্তারখানা মোট ২৪,২৫০৲ টাকা পাইয়াছে। বাখরগঞ্জের ৭টি থানা ডাক্তারখানা ও ২টি গ্রাম্য ডাক্তারখানাকে ৪,০০০৲ টাকা দান করা হইয়াছে।

যেসব থানা ও গ্রাম্য ডাক্তারখানা এই সরকারী সাহায্য পাইয়াছে, নিম্নে তাহাদের নাম দেওয়া হইল :—

ঢাকা (৩,৪০০৲ টাকা) গ্রাম্য ডাক্তারখানা।—ভাটপাড়া, কাজীরপাগলা, গোপলং, গোয়ালদিয়া, চৈতনকান্দা সোনারং, বজ্রযোগিনী, নবগ্রাম, ভাকনপুর, উলুসারা, ধামরাই, তপগঞ্জ, তেরশ্রী ও শ্যামগঞ্জহাট।

ময়মনসিংহ (২১,০০০৲ টাকা) থানা ডাক্তারখানা।—পাকুন্দিয়া, কুলিয়ারচর, বাসাইল, নন্দাইল, নিকলী, হোসেনপুর, করিমগঞ্জ, মিঠামইন, মধুপুর, নাগরা, ইসলামপুর, শ্রীবদ্দি ও গোপালপুর।

গ্রাম্য ডাক্তারখানা।—নানিরবাজার, তেতুলিয়া, কালিহারী, মহীরামকুর, সরারচর, শ'খেরাইল, নন্দীনা, মিটামইন, চীনাডুলী, খাড়ুয়া, উন্ন, মোশাখালি, ধানিখোলা, ত্রিশাল, পরাণগঞ্জ, শাহাগঞ্জ, পুটিজানা, ধোয়াখোলা, রহিমগঞ্জ, কাশীগঞ্জ, রাজীবপুর, রাণীশিমুল, ইশাইল, নরুন্দী, সেধুলী, আঁধারিয়া, নন্দীরবাজার, শ্যামপুর, মাহমুদপুর, চন্দ্রকোণা, পূর্ব্বধলা, পাঁচীকোণা, কালিবাগ, আন্তজিয়া, দিয়ারা, সাওয়ালিয়া, বাজার, সইলকোলে, পাচটিকড়ি, এলাশীন, সালা, ভালজলা, লোহাচী, আদমপুর, নন্দীগঞ্জ, বরা, মোয়াপাড়া, ঘাপুনিয়া, ঘাগরা, মোহনগঞ্জ, ভাটারা, গুয়াগাইর, মহভিতা, দুবলুট, নিলোখিয়া, সাহাবাজপুর, নোয়াপাড়া বাজার, মাগুরা, পাকুটিয়া ও পাগলদিয়া।

ফরিদপুর (২৪,২৫০৲ টাকা) থানা ডাক্তারখানা।—জাজিরা, গোসেনহাট, নরিয়া, রাজইর, নগরকান্দা, কাশীয়ানী ও সদরপুর।

গ্রাম্য ডাক্তারখানা।—কালামৃধা, হাবসপুর, ঘসাই, মৌলতদিয়া, বরাত, খানখানাপুর, ফুকুরা, কাজুলিয়া, মোচনা, পাটগাতি, আজারিয়া, কানেশ্বর, রাহুতহার, রাণীবহা, ওলপুর, পণ্ডিতসার, গড়িয়াসার, খোয়াড়পুর, আমগ্রাম, খালিয়া ভালমা, কৃষ্ণনগর, কুশলা, ধত্তেশ্বর, মৌলভপুর' মুকুন্দিয়া, উদয়পুর, সাতপুর, ধরণাড়া, নকরতা,

ঘোনাপাড়া, নোপাড়া, রাহুতপুর, কবিরাজপুর, গোপীনাথপুর, বাহারপুর, বাগমারা, লাজাইল, পাইককান্দি, দিগনগর, চান্দনী, কানগঞ্জ, উজানচর, মধুরাপুর, বড়কুলনগর নাগেরপাড়া, বাহাদুরপুর, চরগোবিন্দপুর, মুন্সকাপুর, গাজীরটেক, চৌধুরীহাট, কামারপুর, গোয়ালদি, গোপালদি, চরমাধবদিয়া, নলিয়া, রাজধরপুর, শীরষারা, গঙ্গানগর, গোয়ালপাড়া, ইশিবপুর, কাখি, রঘুনাথপুর, রামশীল, জালীরপার, ঘোনাপাড়া, (বেথুরী ইউনিয়নে), নলিকীর, উষেদপুর, গোপালপুর, পশ্চিকর, কেন্দুয়া, নাসালান, বাটিকামারী, লস্করদিয়া, কাইচাইল, মানিকদহ, কানাইপুর, বাগমারা (সংগ্রাম ইউনিয়নে), বৃগী, চরভাগা, নিজামকান্দী, জয়নগর ও দীঘিরপার।

বাখরগঞ্জ (৪,০০০৲ টাকা) খানা ডাক্তারখানা।—পায়েরহাট, বামনা, বেতাগী, পাথরঘাটা, বাখরগঞ্জ, রাজাপুর ও স্বরূপকাঠি।

গ্রামা ডাক্তারখানা।—চরামদী ও দেহেরগতি।

দুর্ভিক্ষ ও রোগ-নিবারণ

সরকারী, বেসরকারী এবং সামরিক কর্মিবৃন্দের প্রচেষ্টায় চাঁদপুর মহকুমা (ত্রিপুরা) বিগত দুর্ভিক্ষ এবং মহামারীর ধ্বংসলীলার হাত হইতে দ্রুত অব্যাহতি লাভ করিতেছে। বিগত নবেম্বর এবং ডিসেম্বর মাসে চাঁদপুরে দুর্ভিক্ষ এবং মহামারীর আক্রমণ তীব্রতম হইয়াছিল। ১১টি ২০ বেডের অস্থায়ী হাসপাতাল, একটী ২০০ বেডের বেসামরিক হাসপাতাল এবং ৩০০ বেডের একটি সামরিক হাসপাতাল এখানে পরিচালনা করা হইতেছে। ম্যালেরিয়ার প্রকোপ কমিয়া গিয়াছে এবং বসন্তের বিস্তারও প্রতিরোধ করা হইয়াছে। সামরিক চিকিৎসক-বাহিনী কলেরার ইন্‌জেক্‌শন এবং বসন্তের টীকা দিয়া এবং বিনামূল্যে ঔষধাদি প্রদান করিয়া পল্লী-অঞ্চলে পরিভ্রমণ করিতেছেন।

৬৩টি লঙ্গরখানা এখনও এই অঞ্চলে পরিচালিত হইতেছে। এইসমস্ত লঙ্গরখানা হইতে প্রত্যহ পাঁচ হাজারেরও অধিক লোক আহার্য্য গ্রহণ করিয়া থাকে। এতদ্ভিন্ন সরকার কর্তৃক শহরাঞ্চলের প্রায় ২,০০০ জন অধিবাসীকে প্রত্যহ বিনামূল্যে খাদ্যাদি সরবরাহ করা হইতেছে। সঙ্কটের চরম মুহূর্ত্তে ২৬২টি লঙ্গরখানা হইতে প্রত্যহ ১২,২৮৮ জন লোককে আহার্য্য দান এবং ২৩টি সাহায্যকেন্দ্র হইতে ১৩,৮০০ লোককে মজুরী লইয়া কাজ করিবার বন্দোবস্ত করা হইত। ঐ সময়ে সৈন্যদল কর্তৃক ২৪,৩৮৫ মণ খাদ্যশস্য পল্লী-অঞ্চলে প্রেরিত হইয়াছিল এবং ১১টি দাতব্য-কেন্দ্রের মধ্যবর্ত্তিতায় গভর্ণমেণ্ট ও রেডক্রশ কর্তৃক প্রত্যহ ১,০০০ শিশু, নারী ও অক্ষম লোকের মধ্যে দুগ্ধ বিতরণ করার বন্দোবস্ত হইয়াছিল।

১,৫২০ খানি কম্বল, ১,৪৮০ খানি চাদর, ৯,২৫৩ খানি ষ্ট্যাণ্ডার্ড কাপড় এবং ২,১৮,৮২২ টাকা এই অঞ্চলে খয়রাতি সাহায্য হিসাবে বিতরণ করা হইয়াছে। তাহা ছাড়া টেষ্ট-রিলিফ কার্য্যের জন্য ৫৭,০০০৲ টাকা ব্যয়িত হইয়াছে।

মুর্শিদাবাদে ম্যালেরিয়া নিবারণ ব্যবস্থা

নিম্নলিখিত ব্যক্তি ও প্রতিষ্ঠানগুলির মধ্যবর্ত্তিতায় মুর্শিদাবাদ জেলায় কুইনাইন বিতরিত হইতেছে —

ডিষ্ট্রীক্ট বোর্ডের সদস্যগণ, সদর মহকুমা হাকিম, সার্কেল অফিসারবৃন্দ, ইউনিয়ন বোর্ডসমূহ, স্যানিটারী ইন্সপেক্টরগণ, স্কুল এবং মাদ্রাসার কর্ম্মকর্ত্তাগণ, রামকৃষ্ণ মিশন, লওন মিশন সোসাইটি, কলেজের অধ্যাপকবৃন্দ, কলেজ ইউনিয়নসমূহ, কৃষক সভা, সামরিক ডাক্তারগণ এবং ১৪০টি শাখা চিকিৎসা-কেন্দ্র।

গভর্ণমেণ্টের নিকট হইতে প্রাপ্ত ২,১৮৬ পাউণ্ড কুইনাইনের মধ্য হইতে ১,১৩৬ পাউণ্ড কুইনাইন বিতরিত হইয়াছে। এতদ্ব্যতীত গভর্ণমেণ্ট কর্তৃক বিক্রয়ের জন্য প্রদত্ত ১,৯৮৯ পাউণ্ড কুইনাইনের মধ্যে ১,৫৫৮ পাউণ্ড কুইনাইন ১৭৬ জন মুচরা বিক্রেতা কর্তৃক এই জেলায় বিক্রীত হইয়াছে।

কারখানা শ্রমিকের সংখ্যা-বৃদ্ধি

১৯৪২ সনে ফাক্টরী আইন প্রয়োগ সংক্রান্ত বার্ষিক রিপোর্টে জানা যায় যে, ভারতের কারখানাগুলিতে ১৯৪২ সনে মোট ২২ লক্ষ ৮১ হাজার ৫ শত ৬৩ জন এবং ১৯৪১ সনে ২১ লক্ষ ৫৬ হাজার ৩ শত ৭৭ জন শ্রমিক কাজ করিয়াছিল। ১৯৪২ সনে শ্রমিকের সংখ্যা সওয়া লক্ষের চেয়েও বেশী হইয়াছিল।

বিভিন্ন প্রদেশে বস্ত্র সরবরাহ

১৯৪২ সনের জুলাই, আগষ্ট, ও সেপ্টেম্বরের মধ্যে ভারতের বিভিন্ন উৎপাদনকেন্দ্র হইতে যে পরিমাণ বস্ত্র বিভিন্ন অঞ্চলে প্রেরণ করা হয় তাহা অপেক্ষা ১৯৪৩ সনের উক্ত তিনমাসে বেশী পরিমাণ বস্ত্র প্রেরণ করা হইয়াছে। উক্ত সময়ের মধ্যে ১৯৪৩ সনে মোট ৪১৭, ৫৮৫ গাঁট ও ১৯৪২ সনে মোট ২৯২,৩২৩ গাঁট বিভিন্ন কেন্দ্রে প্রেরণ করা হয়।

১৯৪৩ সনের নবেম্বর পর্য্যন্ত রেলপথে যে পরিমাণ বস্ত্র বাংলায় প্রেরণ করা হইয়াছে তাহা ছাড়া সমুদ্রপথে ৩৮,০০০ গাঁট (প্রায় ৩৮০ লক্ষ গজ) প্রেরণ করা হইয়াছে। এতদ্ব্যতীত ৩২০ লক্ষ গজ ষ্ট্যাণ্ডার্ড কাপড় বাংলার জন্য সরবরাহ করা হইয়াছে।

ভারত সরকারের যুদ্ধকালীন খরচ

সরবরাহ ও দেশরক্ষা বাবদ ভারত সরকার ১৯৩৯-৪০ সন হইতে ১৯৪৩-৪৪ সন পর্য্যন্ত মোট ৭১৫ কোটি টাকা ব্যয় করিয়াছেন। এই ৫ বৎসরে বৃটিশ সরকার ভারতের সাহায্যার্থে ৯২৬ কোটি টাকা ব্যয় করিয়াছেন। ১৯৩৯ সনের সেপ্টেম্বর মাসে বৃটিশ সরকার ও ভারত সরকারের মধ্যে দেশরক্ষা ব্যয়বরাদ্দের জন্য যে অর্থনৈতিক ব্যবস্থা করা হয় সেই অনুযায়ী উক্ত সাহায্য পাওয়া গিয়াছে। কাজেই ভারতের সরবরাহ-ও দেশরক্ষা বাবদ মোট ১,৬৪১ কোটি টাকা ব্যয়িত হইয়াছে।

১৯৩৯-৪০ সনে দেশরক্ষা ব্যয়ের খাতে ভারতের খরচ বাড়িয়াছে ৪০ কোটি টাকা, ও ১৯৪৩-৪৪ সনে ২২০ কোটি টাকা এবং আলোচ্য ৫ বৎসরের পঞ্চম বৎসরে বৃটিশ সরকারের ব্যয় ৪ কোটি টাকা হইতে বর্দ্ধিত হইয়া ৩৪৫ কোটি টাকা পর্য্যন্ত উঠিয়াছে।

ধান্য উৎপাদনে রেকর্ড

ভারতবর্ষে এ বৎসর প্রয়োজনের অপেক্ষা ১০ লক্ষ টন চাউল বেশী উৎপন্ন হইতে পারে। প্রথম সর্ব্বভারতীয় চাউলের পূর্ব্বাভাষ অনুযায়ী, এ বৎসর ভারতে চাউলের ফসল উৎপাদনে রেকর্ডের সৃষ্টি হইবে এবং উহা ২ কোটি ৮৫ লক্ষ টন ছাড়াইয়া যাইবে। যুদ্ধ-পূর্ব্ব ভারতে চাউলের খরচ ছিল ২ কোটি ৭৫ লক্ষ টন। উহার মধ্যে ২ কোটি ৬০ লক্ষ টন ভারতে উৎপন্ন হইত এবং ১৫ লক্ষ টন বর্ম্মা হইতে আসিত।

উৎপাদন প্রত্যেক প্রদেশেই বৃদ্ধিপ্রাপ্ত হইয়াছে। বাঙ্গলা উৎপাদন-বৃদ্ধির দিক্ হইতে সকলের অগ্রগামী।

এই প্রদেশে চাষের জমির পরিমাণ শতকরা ১৬ ভাগ এবং উৎপাদনের পরিমাণ শতকরা ৪৫ ভাগ বৃদ্ধি পাইয়াছে। আসামে জমির পরিমাণ শতকরা ৩ ভাগ এবং উৎপাদন শতকরা ১০ ভাগ বৃদ্ধি পাইয়াছে। সমগ্র ভারতে ধান্য চাষের জমির পরিমাণ শতকরা ৬ ভাগ ও

উৎপাদন শতকরা ১৬ ভাগ বাড়িয়াছে ; বাঙ্গলায় এবার ১০ লক্ষ ৭০ হাজার টন চাউল উৎপন্ন হইবে এবং চূড়ান্ত পূর্ব্বাভাসে হয়ত এক কোটী টনও দাঁড়াইতে পারে।

গম চাষের প্রথম পূর্ব্বাভাস

১৯৪৩-৪৪ সনে ভারতে মোট ৩২,৩৯১,০০০ একর জমিতে গমের চাষ করা হইয়াছে বলিয়া হিসাব করা হইয়াছে। গত বৎসর এই সময়কার সংশোধিত হিসাবে ৩৩,৭০৯,০০০ একর জমিতে গম চাষের হিসাব পাওয়া গিয়াছিল। ফলতঃ এ বৎসর চাষের জমির পরিমাণ শতকরা ৪ ভাগ হ্রাস পাইয়াছে। ভারতের বাণিজ্যিক সংবাদ ও তথ্যবিভাগ কর্ত্তৃক ১৯৪৩-৪৪ সনের গম চাষের প্রথম পূর্ব্বাভাসে এই হিসাব প্রকাশ পাইয়াছে। বিভিন্ন প্রদেশ ও দেশীয় রাজ্য হইতে প্রাপ্ত হিসাব অনুযায়ী এই তালিকা প্রণীত হইয়াছে।

গম-উৎপাদনকারী প্রদেশ ও দেশীয় রাজ্যগুলির মধ্যে পাঞ্জাবের স্থানই সকলের উচ্চ। মোট গম চাষের জমির মধ্যে একমাত্র পাঞ্জাবেই শতকরা ৩১'৮ ভাগ জমিতে গম বোনা হইয়াছে। গত ডিসেম্বর মাসের শেষাশেষি পর্য্যন্ত ১,১০,৭৭,০০০ একর জমিতে গম চাষ করা হইয়াছিল উহার মধ্যে দেশীয় রাজ্যগুলিতে চাষ করা হইয়াছিল ১৩,২১,০০০ একর। ১৯৪২-৪৩ সনের ডিসেম্বর মাসের শেষাশেষি যে পরিমাণ জমিতে গমের চাষ করা হইয়াছিল তাহার অপেক্ষা আলোচ্য বৎসরের ডিসেম্বর মাসের চাষের জমির পরিমাণ ছিল শতকরা ৬ ভাগ কম। প্রদেশগুলির মধ্যে উড়িষ্যায় গম চাষের পরিমাণই সব চেয়ে কম, মোটে ৭ হাজার একর। ১৯৪২-৪৩ সনের ঐ সময়ে উড়িষ্যায় মোট গম চাষের জমির পরিমাণ ছিল ৪ হাজার একর।

প্রগতির পথে বীমা ব্যবসায়

১৯৪৩ সন বীমা ব্যবসায়ের সুবৎসর। নিম্নে এই সনে কয়েকটী বীমা কোম্পানীর নূতন কারবারের পরিচয় দেওয়া হইল—

হিন্দুস্থান	৪ কোটী টাকা।
নিউ ইণ্ডিয়া	৪ কোটি টাকা।
বোম্বে মিউচুয়াল	৩ কোটী ২৪ লক্ষ টাকা।
ন্যাশনাল	২ কোটি ৮০ লক্ষ টাকা।
ইণ্ডাষ্ট্রিয়াল এণ্ড প্রভেন্সিয়াল	১ কোটী ৫০ লক্ষ টাকা।
মেট্রোপলিটান	১ কোটী ৩২ লক্ষ টাকা।
এসিয়াটিক অ্যাসিওরেন্স	১ কোটী ১১ লক্ষ টাকা।
ফ্রন্টিয়ার জেনারেল	১ কোটী ১০ লক্ষ টাকা।
রুবী জেনারেল	১ কোটী টাকা।
অল ইন্‌সিওরেন্স	৫৪ লক্ষ টাকা।
ক্রি ইণ্ডিয়া জেনারেল	৪৫ লক্ষ টাকা।
বোম্বে কো-অপারেটিভ	৩১'৩০ লক্ষ টাকা।
ক্যানারা মিউচুয়াল	৩৮'৫০ লক্ষ টাকা।
আর্য্যস্থান ইন্‌সিওরেন্স	২১ লক্ষ টাকা।

প্রভিডেণ্ট সোসাইটীগুলার হালচাল

প্রভিডেণ্ট সোসাইটীগুলিও বেশ উন্নতি করিয়াছে। নিম্নে দুইটী কোম্পানীর ১৯৪৩ সনের কারবারের পরিচয় দেওয়া গেল—

নিউ বেঙ্গল প্রভিডেণ্ট	৬ লক্ষ টাকা।
সালেম প্রভিডেণ্ট	২'৭১ লক্ষ টাকা।

মাদ্রাজে তুলা উৎপাদন

মাদ্রাজ প্রদেশে মোট ২,৩২১,০০০ একর জমিতে তুলার আবাদ হয়। তন্মধ্যে সালেম ও ত্রিবেন্দেলী জেলায় ত্রিবেন্দেলী শ্রেণীর তুলা আবাদের পরিমাণ ১০৪,০০০ একর। কাম্বোডিয়া শ্রেণীর তুলার আবাদ ৫২৩,০০০ একর, কোকোনাদ শ্রেণী ১১৪,০০০ একর এবং উস্তরা ও পশ্চিমা শ্রেণী ৯৯৭,০০০ একর।

সিন্ধু প্রদেশের তুলা-পরিস্থিতি

সিন্ধু প্রদেশে আমেরিকান ও দেশী দুই জাতীর তুলার আবাদ হয়। এই প্রদেশে সিন্ধু সুদহার ও সিন্ধ-আমেরিকান নামক নব-উদ্ভাবিত দুই শ্রেণীর তুলার এবং ২৭ নং পশ্চিমা ও উস্তরা নামক নূতন ধরণের দেশী তুলার আবাদ যথেষ্ট পরিমাণে বর্দ্ধিত হইয়াছে। ১৯৪০-৪১ সনে এই তিন শ্রেণীর তুলার আবাদ যথাক্রমে ২৭৩,০০০, ৪৯,০০০ ও ১৮৫,০০০ একর জমিতে সম্পন্ন হইয়াছে, ফলে চাষীদের ২৩ লক্ষ টাকা অতিরিক্ত লাভ হইয়াছে।

মার্কিণ ঋণ ইজারার বহর

১১ই মার্চ—প্রেসিডেন্ট রুজভেল্ট শনিবার কংগ্রেসের নিকট ঋণ ইজারার যে ১৪শ বিবরণী পাঠাইয়াছেন তাহাতে বলিয়াছেন যে, তিন বৎসর পূর্ব্বে যে অবস্থা তাহার পরিবর্ত্তন ঘটিয়াছে এবং আজ সম্মিলিত রাষ্ট্রপুঞ্জের সৈন্যবাহিনী বিশ্বের সমস্ত রণাঙ্গনেই অগ্রসর হইয়া চলিয়াছে।

তিনি বলেন, "১৯৪৩-এর শেষে আমাদের মোট যুদ্ধ ব্যয়ের শতকরা ৮৬ ভাগ সমর বাহিনী ও দেশরক্ষায় লাগিয়াছে এবং ১৪ ভাগ ঋণ ও ইজারা সাহায্যস্বরূপ মিত্র-পক্ষকে দেওয়া হইয়াছে। এই কর্মসূচীর আরম্ভকাল হইতে গত ৩১শে ডিসেম্বর পর্য্যন্ত মোট ঋণ ইজারা সাহায্যের পরিমাণ দাঁড়াইয়াছিল ১৯৮ কোটি ৬০ লক্ষ ডলার এবং ১৯৪৩এ সাহায্য দেওয়া হয় মোট ১১৭৩ কোটি ৩০ লক্ষ ডলার। বেশীর ভাগই বিমান, বোমা, ট্যাঙ্ক, জাহাজ, কামান ও অন্যান্য সমরাস্ত্রে ব্যয়িত হয়। শতকরা দশভাগ জাহাজযোগে বৃটেন ও সোভিয়েট ইউনিয়নকে খাদ্য সরবরাহ করিতে ব্যয়িত হইয়াছে। ১৯৪২-এর তুলনায় গত বৎসর বৃটেনের সরবরাহ শতকরা ১০০, রুশিয়ার শতকরা ১১৪, আফ্রিকা ও মধ্যপ্রাচ্য শতকরা ১২৯ এবং চীন, ভারত, অষ্ট্রেলিয়া ও নিউজিল্যাণ্ডের সরবরাহ শতকরা ৭১ বৃদ্ধি পাইয়াছে।"

প্রেসিডেন্ট রুজভেল্ট জানান যে, যুদ্ধের সমগ্র ব্যয় ডলারের হিসাবে চলে না। যাঁহারা ষ্টালিনগ্রাদ ও সালের্নো, ভিউনিসিয়া ও চ্যাংসায় প্রাণ দিয়াছেন, তাঁহাদের যে অপরিমেয় ধ্বংস ও ক্ষতি হইয়াছে, তাহার মূল্য টাকা দিয়া পূরণ করা চলে না।

"আমেরিকা আজ এমন একটা অবস্থায় উপনীত হইয়াছে, যেখানে ইহার মোট জাতীয় উৎপাদন শক্তির অর্দ্ধেক যুদ্ধকার্য্যে নিয়োজিত হইয়াছে; ঋণ ইজারা অনুসারে রপ্তানির উদ্দেশ্যে দ্রব্যসম্ভার উৎপাদনও ইহার অন্তর্ভুক্ত। তাহাজযোগে সোভিয়েট ইউনিয়নকে ঋণ-ইজারা অনুসারে ১৯৪৩এ ২৮৮ কোটি ৮০ লক্ষ ডলার মূল্যের জিনিষ দেওয়া হইয়াছে।

ভারত-মার্কিণের লেন-দেন

১৯৪১এর ১১ই মার্চ হইতে ১৯৪৩এর ৩১ ডিসেম্বর পর্য্যন্ত ঋণ ইজারা অনুসারে ভারতবর্ষে ৮১,৯৪,৪২,০০০ ডলার মূল্যের সমরসম্ভার রপ্তানি করা হইয়াছে। ১৯৪৩এর রপ্তানি ১৯৪১ ও ১৯৪২এর মোট রপ্তানির ৭০ ভাগ বেশী হইয়াছে।

সুদূর প্রাচ্যের রণাঙ্গনে ভারতবর্ষের সামরিক ও ভৌগোলিক অবস্থানের গুরুত্ব বিচারে ভারত সম্পর্কে আমাদের সমরনীতি নির্দ্ধারিত হইয়াছে। জাপানের বিরুদ্ধে যুদ্ধ পরিচালনায় ভারতবর্ষ একটি প্রধান সরবরাহ-কেন্দ্র। ভারতবর্ষ হইতেই বিমানযোগে চীনের সরবরাহ পথ সম্প্রসারিত করা হইয়াছে। তাহা ছাড়া, ব্রহ্ম-জাপানের বিরুদ্ধে সমর পরিচালনার দিক্ হইতেও ভারতবর্ষ একটি সামরিক ঘাঁটি। বৃটিশ ও ভারতীয় আর্মি ও নৌবহরের জন্য ভারতবর্ষে ৫৫ কোটি ৪০ লক্ষ ডলার মূল্যের কামান ও সমরাস্ত্র পাঠানো হইয়াছে। আমেরিকা-প্রেরিত

যুদ্ধাস্ত্র ও অন্যান্য সমরোপকরণের সাহায্যে ভারতবর্ষ একটি বিরাট সামরিক ঘাঁটিতে পরিণত হইয়াছে।

ইহার পর প্রেসিডেন্ট রুজভেল্ট ভারতীয় সৈন্যদের প্রশংসা করেন; "ইহারা বর্তমান যুদ্ধে বিভিন্ন রণাঙ্গনে সংগ্রাম করিয়াছে এবং আরও অনেকে জাপানের বিরুদ্ধে যুদ্ধের আক্রমণের জন্য প্রস্তুত হইতেছে।

"ঋণ ইজারার সুরু হইতে ১৯৪৩-এর ৩১শে ডিসেম্বর পর্যন্ত আমরা ভারতবর্ষে ২৫ কোটী ডলার মূল্যের কৃষিজাত দ্রব্য পাঠাইয়াছি। যানবাহন ও কারিগরি সরঞ্জাম পাঠানো হইয়াছে। যুদ্ধের দরুণ ভারতীয় রেল-গুলিতে যে অতিরিক্ত চাপ পড়িয়াছে তাহাদের সাহায্যার্থে ইঞ্জিন ও মালগাড়ী এবং অন্যান্য সরঞ্জাম জোগাইয়াছি। বিমানঘাঁটি, সেনানিবাস ও সামরিক পথঘাট নির্মাণের সুবিধার জন্য আমরা উপযুক্ত যন্ত্রপাতি সরবরাহ করিয়াছি। আমরা ষ্টীল, তামা, এলুমিনিয়াম ও দস্তা দিয়া তাহাদের সমরাস্ত্র নির্মাণে সাহায্য করিয়াছি। ঋণ ও ইজারা অনুসারে ভারতবর্ষকে এক কোটি ডলার মূল্যের যন্ত্রপাতি দেওয়া হইয়াছে; সম্প্রতি ভারতবর্ষ নগদ মূল্যে আমাদের নিকট হইতে তাহার প্রয়োজনীয় যন্ত্রপাতি কিনিতেছে।

"সম্মিলিত রাষ্ট্রপুঞ্জের যুদ্ধ-প্রচেষ্টায় ভারতের কাঁচামাল রপ্তানি ক্রমশই উল্লেখযোগ্য হইয়া পড়িতেছে। বলিয়া তৈয়ারীর জন্য আমরা একমাত্র ভারতবর্ষ হইতেই পাট পাই। ভারতবর্ষ অন্যতম অস্ত্র-সরবরাহকারী; দশম বাহিনীর রেডিও নির্মাণের জন্য উহার বড়ই প্রয়োজন। ইহা ছাড়া অন্যান্য জিনিষও সেখান হইতে আমেরিকায় আসে। উহাদের উৎপাদন-বৃদ্ধির জন্য নানাপ্রকার যন্ত্রপাতি দেওয়া হইতেছে। ভারতবর্ষও নানাপ্রকারে সম্মিলিত রাষ্ট্রপুঞ্জের যুদ্ধপ্রচেষ্টায় সাহায্য করিতেছে।

দুনিয়ায় মার্কিণ মাল

১৯৪২ সনে বৃটেনে প্রেরিত সমরসম্ভার ১৯৪২ সনের অপেক্ষা তিন গুণ বৃদ্ধি পায়। জার্মাণির বিরুদ্ধে মিত্র-পক্ষের বিমান আক্রমণের তীব্রতা দ্রুত বৃদ্ধি পাওয়ায় এবং আসন্ন ব্যাপক অভিযানের তোড়যোড় অগ্রসর হওয়ার সঙ্গে সঙ্গে সমানভাবে দ্রুত বিমান ট্যাঙ্ক ও অন্যান্য সমরসম্ভার প্রেরণ করা হইতেছে। ইজারা ও ঋণ অনুসারে আফ্রিকা, মধ্য প্রাচ্য ও ভূমধ্য সাগরীয় এলাকায় ১৫০ কোটি ডলার মূল্যের সমরসম্ভার রপ্তানি করা হয়। ইজারা ও ঋণদান ব্যবস্থা চালু হইবার প্রথম এক বৎসর নয় মাসে ঐসব এলাকায় ৭৮ কোটি ৮০ লক্ষ ডলার মূল্যের সমরসম্ভার রপ্তানি করা হয়। চীনকে (১) ভারত হইতে চীনের বিমান পথের উন্নতি সাধন, (২) ভারত ও মার্কিণ যুক্তরাষ্ট্রে চীন পাইলটদিগকে শিক্ষাদান, (৩) বিমান সরবরাহ, (৪) ভারতে চীনা সৈন্যদিগকে শিক্ষাদান, (৫) স্থল পথ উন্মুক্ত হইবামাত্র ভারতে মজুত দ্রব্যসম্ভার প্রেরণ ব্যবস্থায় সাহায্য করা হইতেছে। বর্তমানে বিমানে প্রেরিত মালের প্রকৃত পরিমাণ সামরিক গোপন তথ্য বলিয়া বিবেচিত হইলেও বিমানে প্রেরিত মালের পরিমাণ দ্রুত বৃদ্ধি পাইতেছে। ১৯৪৩ সনের শেষ তিন মাসে তৎপূর্ববর্তী তিন মাস অপেক্ষা চীনে মার্কিণ ও চীনা বাহিনীর নিমিত্ত বিমানযোগে অধিক পরিমাণ দ্রব্যসম্ভার প্রেরিত হয়। ১৯৪১ সনের ১১ই মার্চ হইতে ১৯৪৩ সনের ৩১শে ডিসেম্বর পর্যন্ত ভারতে ইজারা ও ঋণদান ব্যবস্থানুযায়ী মোট ৮১৯৪৫২০০০ ডলার মূল্যের সমরসম্ভার রপ্তানি করা হয়। সুদূর প্রাচ্যের রণাঙ্গনে ভারতের সামরিক গুরুত্ব ও ভৌগোলিক অবস্থানের বিষয় বিবেচনা করিয়া ভারত সম্পর্কে আমাদের ইজারা ও ঋণ-নীতি নির্ধারিত হইয়া থাকে। ইজারা ও ঋণদান ব্যবস্থানুযায়ী মার্কিণ যুক্তরাষ্ট্র কর্তৃক ভারতে প্রেরিত সমর ও অন্যান্য দ্রব্যসম্ভারের সাহায্যে ভারত একটি বিরাট সামরিক ঘাঁটিতে পরিণত হইয়াছে। ইজারা ঋণ অনুসারে ১৯৪১ সনের ১১ই মার্চ হইতে ১৯৪৩ সনের ৩১শে ডিসেম্বর পর্যন্ত অষ্ট্রেলিয়া ও নিউজিলাণ্ডে ৮০১৮৯৩০০০ ডলার মূল্যের সমরসম্ভার রপ্তানি করা হয়। ইজারা ও ঋণ অনুসারে দক্ষিণ ও মধ্য আমেরিকার দেশসমূহে ১৯৪৩ সনের ৩১শে ডিসেম্বর নাগাদ অন্যূন ১২৮০০০০০০ ডলার মূল্যের সমরসম্ভার রপ্তানি করা হয়। এসব দেশে আমাদিগকে বহুল পরিমাণে তামা, অভ্র, স্ফটীক, টাংষ্টেন, টিন, কুইনাইন,

রবার ও পাবদ সরবরাহ করিয়া থাকে। নিউজিলাণ্ডের ন্যায় অষ্ট্রেলিয়াও দক্ষিণ-পশ্চিম প্রশান্ত রণাঙ্গনে নিজেদের সৈন্য-বাহিনীর খাদ্যসম্ভার সরবরাহ করিয়া থাকে এবং এতদ্ব্যতীত মার্কিণ ও মিত্রপক্ষের অন্যান্য সৈন্য-বাহিনীর প্রয়োজনীয় খাদ্যসম্ভারের শতকরা ২০ ভাগের অধিক সরবরাহ করিয়া থাকে। ১৯৪৪ সনের জানুয়ারী মাসে চীনে বিমান-প্রেরিত মালের পরিমাণ পূর্ব্ববর্ত্তী বৎসরের জানুয়ারী মাস অপেক্ষা ১৫ গুণ বৃদ্ধি পায়।

বেলজিয়ামের বীমাব্যবসা

১৯৩৯ সন হইতে বেলজিয়ামে বীমাব্যবসায়ের নিম্নরূপ অবস্থা দাঁড়াইয়াছে :—

সন	নূতন জীবনবীমার পরিমাণ
১৯৩৯	১,৪৪২,০০০,০০০ ফ্রাঁ
১৯৪০	৭১৮,০০০,০০০ ফ্রাঁ
১৯৪১	২,০৪৭,০০০,০০০ ফ্রাঁ

স্পেনে বীমা ব্যবসায়ের হালচাল

১৯৪২ সনে স্পেনের সমস্ত বীমা কোম্পানির মোট প্রিমিয়াম আয় দাঁড়ায় ৯৯৭,৮৮০,০০ পেসেটা; ১৯৪১ সনে ৮০১,৪২০,০০০ পেসেটা। যুদ্ধক্ষতি বীমার প্রিমিয়াম আয় দাঁড়ায় সবচেয়ে বেশী। তাহার পরেই অগ্নি ও দুর্ঘটনা বীমার স্থান। জীবন বীমার পরিমাণ সেরূপ চমকপ্রদ না হইলেও মোটের উপর সন্তোষজনক।

বৃটিশ মালয়ের প্রাকৃতিক সম্পদ

বৃটিশ মালয় হস্তচ্যুত হওয়ায় বৃটেনকে যে কিরূপ ক্ষতিগ্রস্ত হইতে হইয়াছে, তাহা নিম্নের মাপ জোক হইতে স্পষ্ট বুঝা যাইবে।

বৃটিশ মালয়ের মোট পরিমাণ ফল ৫১,০০০ বর্গমাইল, লোকসংখ্যা ৫,৩০০,০০০। দেশটীর দুই-তৃতীয়াংশ পাহাড় ও বনজঙ্গলে ভরা। উপকূলবর্ত্তী তৃতীয়াংশে চাষ আবাদ হয়। রবি ও টিনের খনি মালয়ের শ্রেষ্ঠ সম্পদে পরিণত। মোট আবাদী জমির পরিমাণ ৫০ লক্ষ একর, তন্মধ্যে রবার চাষের পরিমাণ ৬৪% এবং যথাক্রমে ১৪% ও ১২% ধান ও নারিকেলের আবাদ হয়। মালয় পৃথিবীর শ্রেষ্ঠ রবার উৎপাদন দেশরূপে গণ্য। ১৯৪০ সনে উৎপাদন দাঁড়ায় ৪৪০,০০০ টন। ১৯৩৯-৩৪ সনে পৃথিবীর ৫২% রবার মালয়েই উৎপন্ন হয়। কিন্তু ডাচ পূর্ব্ব-ভারতীয় দ্বীপপুঞ্জের উৎপাদন বন্ধিত হওয়ায় মালয়ের এই হিসাব ৪০% দাঁড়াইয়াছে।

মালয় পৃথিবীর সেরা টিন-উৎপাদক দেশও বটে। ১৯৪০ সনে মালয়ে মোট ৮৫,০০০ টন অর্থাৎ মোটা দুনিয়ার ৩৬% টিন উৎপন্ন হইয়াছিল। টিন রিফাইন শিল্পেও মালয় সু-উচ্চ আসনের অধিকারী। সমগ্র দূর প্রাচ্যের টিন মালয়ের কারখানাগুলিতেই সংশোধিত হইয়া থাকে। দুনিয়ার ৭০% রিফাইন করা টিন মালয়েই উৎপন্ন হয়।

মালয় জাপানের দখলে আসায় মার্কিণেরও যথেষ্ট ক্ষতি হইয়াছে। ১৯৩৭-৪০ সনে যুক্তরাষ্ট্র বৎসরে ১৯০ মিলিয়ন ডলার মূল্যের পণ্য দ্রব্য অর্থাৎ মোট আমদানির ৮% মালয় হইতে গ্রহণ করে। মালয় হইতে আমদানির ৯৬% অংশ রবার ও টিন; যুক্তরাষ্ট্র নিজস্ব মোট চাহিদার ৪১% রবার ও ৭০% টিন মালয় হইতেই আমদানি করিত।

ইরাণের বীমা-সম্পদ

দি ইরাণ ইন্‌শিওরেন্স কোম্পানী ইরাণের একমাত্র জাতীয় বীমা-প্রতিষ্ঠান। মোট বীমার ৮২%এই কোম্পানী কর্ত্তৃক সম্পন্ন হয়। ১৯৪১-৪২ সনে কোম্পানীর প্রিমিয়াম আয়ের পরিমাণ ২৮,৭৪৮,২০৭ রিয়াল। পূর্ব্ববর্ত্তী সনে আয়ের পরিমাণ ২৬,৫৭৮,৫২০ রিয়াল অর্থাৎ আলোচ্য সনে বাড়তির পরিমাণ ৮%।

ভারতের যুদ্ধোত্তর শিক্ষা-পরিকল্পনা

ভারতের যুদ্ধোত্তর শিক্ষা-ব্যবস্থা সম্পর্কে কেন্দ্রীয় শিক্ষা এডভাইসারী বোর্ডের চূড়ান্ত পরিকল্পনা বড়লাটের শাসন-পরিষদের পুনর্গঠন কমিটীর নিকট দাখিল করা হইয়াছে। জন-সাধারণের অবগতির জন্য উক্ত পরিকল্পনা প্রকাশিত হইয়াছে।

ভারত সরকারের এডুকেশনাল এডভাইসার মিঃ জন সার্জেন্টের স্মারক-পত্রের উপর ভিত্তি করিয়া উক্ত পরিকল্পনা প্রণীত হইয়াছে। ভারতের সকল বালক-বালিকাকে কিছু মৌলিক শিক্ষাদান এবং মেধাবী ছাত্র-ছাত্রীকে হাইস্কুল ও বিশ্ববিদ্যালয়ে ও অন্যান্য শিক্ষা-প্রতিষ্ঠানে উচ্চ শিক্ষা দিবার ব্যবস্থা করা ইহার উদ্দেশ্য। এই সঙ্গে হাতে-কলমে কারিগরী শিক্ষার ব্যবস্থা করিয়া দেশের চাহিদা মিটানোও ইহার অন্যতম উদ্দেশ্য। স্কুল ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার বিভিন্ন স্তর, কারিগরী শিক্ষা, বাণিজ্য, শিল্পকলা ও বয়স্কদের শিক্ষা শিক্ষকদের ট্রেনিং, স্কুলের ছাত্রদের আনন্দবর্দ্ধন ও সমাজহিতকর কার্য্যাদি সম্পর্কে পরিকল্পনায় আলোচনা করা হইয়াছে।

৬ হইতে ১৪ বৎসর বয়স পর্য্যন্ত শিক্ষা বাধ্যতা-মূলক করা হইবে। হাই-স্কুলে ছাত্রগণকে বাছাই করিয়া ভর্ত্তি করা হইবে; যাহারা শিক্ষা-ব্যবস্থার পূর্ণ সুযোগ-সুবিধা গ্রহণ করিতে সক্ষম বলিয়া বিবেচিত হইবে সাধারণতঃ সেইসকল ছাত্রকেই হাই-স্কুলে ভর্ত্তি করা হইবে। হাইস্কুলে লেখাপড়া শিক্ষা ও শিল্পশিক্ষা—দুই শ্রেণীর শিক্ষারই ব্যবস্থা থাকিবে। উভয় শ্রেণীর শিক্ষা ব্যবস্থারই উদ্দেশ্য হইবে—সর্ব্বপ্রকার শিক্ষাদানের শেষের স্তরে এরূপ বৃত্তিমূলক শিক্ষা দান, যাহাতে ছাত্রগণ শিক্ষা শেষে উক্ত বৃত্তি অবলম্বন করিয়া জীবিকা নির্ব্বাহ করিতে সক্ষম হয়।

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের কার্য্যাদির সমন্বয় সাধনের জন্য একটী সমবায় কমিটী গঠন করার সুপারিশ করা হইয়াছে। বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের কার্য্যাদিতে যাহাতে কোন সঙ্ঘর্ষ না হয়, উক্ত কমিটী তৎপ্রতি লক্ষ্য রাখিবে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষার ষ্ট্যাণ্ডার্ড বজায় রাখিবে এবং শিক্ষার উন্নতিমূলক নূতন ব্যবস্থাদির জন্য কেন্দ্রীয় সরকার কোন অর্থ মঞ্জুর করিলে তাহা বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মধ্যে বণ্টন করিবে।

পরিকল্পনায় জাতীয় শিক্ষা-ব্যবস্থার প্রত্যেক স্তরের শিক্ষকদের অবস্থার উপর বিশেষ গুরুত্ব আরোপ করিয়া শিক্ষক সংগ্রহ ও তাঁহাদের ট্রেনিংয়ের উন্নতি-সাধনের সুপারিশ করা হইয়াছে।

কেন্দ্রীয় শিক্ষা-এডভাইসারী বোর্ডের সুপারিশে ৪০ বৎসরব্যাপী পরিকল্পনা করা হইয়াছে। প্রথম ৫ বৎসর অর্থাৎ উদ্যোগপর্ব্বে কর্ম্মিসংগ্রহ ও সংগঠন, পরীক্ষা ও গবেষণাকার্য্য এবং বিভিন্ন শ্রেণীর শিক্ষকদের ট্রেনিংয়ের জন্য স্কুল ও কলেজ প্রতিষ্ঠা কার্য্যে অধিকাংশ অর্থ ব্যয়িত হইবে। তাহার পর হাইস্কুলসমূহের সম্প্রসারণের উপরই অর্থব্যয়ের পরিমাণ প্রধানতঃ নির্ভর করিবে। শিক্ষা ব্যয়ের বৃদ্ধির পরিমাণ প্রথম পাঁচ বৎসরে দশকোটী টাকা, দশ বৎসরে ২৩ কোটী টাকা এবং বিংশ বৎসরে ৬১ কোটী টাকা হইবে বলিয়া বরাদ্দ করা হইয়াছে। ৪০শ বৎসরে ব্যয়ের পরিমাণ সর্ব্বাপেক্ষা অধিক হইবে বলিয়া ধরা হইয়াছে। ঐ বৎসর মোট ব্যয়ের পরিমাণ ৩১২ কোটী টাকা অথবা বার্ষিক নিট ব্যয় ২৭৭ কোটী টাকা হইবে বলিয়া বরাদ্দ করা হইয়াছে।

গণতান্ত্রিক জাতি হিসাবে চীনের গড়ন

সাপ্তাহিক সাংবাদিক সম্মেলনে চীনের প্রচার সচিব মিঃ এইচ, সি, লিয়াঙ বিদেশী সাংবাদিকদের নিকট বলেন "চীন গণতান্ত্রিক জাতি হিসাবে গড়িয়া উঠিতেছে এবং ইহার ভিত্তি অতি-সম্প্রতি স্থাপন করা হইয়াছে"। চীন গণতন্ত্র নয় বলিয়া বিদেশীরা, বিশেষ করিয়া চীনের মার্কিণ ও ইংরাজ অধিবাসীরা, যে সন্দেহ প্রকাশ করিয়া থাকেন, তাহার কোন হেতুই নাই ; তবে, প্রচার-সচিব বলেন "পাশ্চাত্যে যাহা গণতান্ত্রিক পদ্ধতি বলিয়া বিবেচনা করা হয় এবং চীনে গণতন্ত্র বলিতে যাহা উপলব্ধি করা হয় তাহাদের মধ্যে পার্থক্য থাকিতে পারে। তাহা হইলেও চীনের গণতন্ত্র নিশ্চয়ই পাশ্চাত্যের গণতন্ত্রের বিপরীত নয় বরঞ্চ ইহার উন্নত সংস্করণ"।

মিঃ লিয়াঙ বলেন চীনের গণতান্ত্রিক ব্যবস্থা জাতির পরলোকগত নেতা ডক্টর সান ইয়াট সেনের তিন মিন চুই অথবা জনগণের তিন নীতির উপর প্রতিষ্ঠিত। যদি ধরিয়া লওয়া যায় যে, জনমতের উপরেই গণতান্ত্রিক জাতির সৃষ্টি হয় তাহা হইলে এই নীতিগুলি চীনে সর্ব্বানুমোদিত বলিয়া চীনের জনমত হইয়া উঠিয়াছে। জনগণের তিন নীতিতে রাষ্ট্রনৈতিক ক্ষমতাকে দুইভাগে বিভক্ত করা হইয়াছে—জনসাধারণের নিয়ন্ত্রণক্ষমতা ও গবর্ণমেণ্টের শাসন ক্ষমতা। ভোটাধিকার, নির্ব্বাচিত সদস্যদের পদচ্যুত করিবার অধিকার, আইন প্রণয়ন কার্য্যে প্রথম হস্তক্ষেপের অধিকার এবং যে কোন রাষ্ট্রনৈতিক কার্য্যে মতামত জ্ঞাপনের অধিকার, জনসাধারণের নিয়ন্ত্রণ-ক্ষমতার অন্তর্ভুক্ত।

পাশ্চাত্যের গণতান্ত্রিক ব্যবস্থা এবং চীন যে গণতান্ত্রিক ব্যবস্থা গ্রহণ করিবে আশা করিতেছে তাহাদের পার্থক্যের উপর মন্তব্য করিয়া মিঃ লিয়াঙ বলেন তথাকথিত পার্লামেণ্ট ব্যবস্থায় ডাঃ সানের কোন সহানুভূতি ছিলনা। তিনি বলেন, গবর্ণমেণ্টের প্রতি সতত সতর্কদৃষ্টি রাখাকে ডাঃ সান আদর্শ গণতান্ত্রিক শাসনব্যবস্থা বলিয়া বিবেচনা করিতেন না।

যে ব্যবসায় প্রতিষ্ঠানে পরিচালকবর্গ অংশীদারদের দ্বারা নির্দ্দিষ্ট কর্মপদ্ধতি স্বাধীন ভাবে প্রয়োগ করিতে পারে তাহার সহিত একটী গণতান্ত্রিক জাতির বিশেষ পার্থক্য নাই। এবং ব্যবসায় প্রতিষ্ঠানের অংশীদারেরা প্রত্যহই সভা করে না।

এই দিক্ দিয়া মিঃ লিয়াঙ বলেন, চীনে যে গণতান্ত্রিক ব্যবস্থা অবলম্বন করা হইবে তাহা পাশ্চাত্যের গণতান্ত্রিক ব্যবস্থা হইতে পৃথক, কিন্তু তাই বলিয়া ইহা প্রতীচ্যের একেবারে বিপরীত নয় বরঞ্চ ইহা প্রতীচ্যের ব্যবস্থার উন্নত সংস্করণ।

"পক্ষান্তরে, যে নিয়মতন্ত্রানুসারে চীনের গণতান্ত্রিক ব্যবস্থা পরিচালিত হইবে তাহা অনেকাংশে আপনাদের অনুরূপ, এবং ইহা বলিলে অত্যুক্তি হইবে না যে আমাদের নিয়মতান্ত্রিক গবর্ণমেণ্ট প্রতিষ্ঠার কার্য্য সম্পূর্ণ হইলে তাহা আপনাদের তুলনায় আরও আধুনিকতর হইবে।" গণতন্ত্র জনমতের উপর গঠিত কিন্তু, মিঃ লিয়াঙ বলেন, জনমতে কোন সম্প্রদায়ের প্রত্যেকটী ব্যক্তির অভিমত প্রকাশ পায় না। গভর্ণমেণ্টের পক্ষে প্রত্যেকের অভিমতানুসারে কার্য্য করা একেবারে অসম্ভব।"

ডাঃ সানের বিবৃত শিল্পদের প্রচারকার্য্য ও শিক্ষাদানের ফলে জনগণের তিন নীতি সমগ্র জাতির অনুমোদন লাভ করিয়াছে এবং এই নীতিগুলির অন্তর্নিহিত ধারণাই বর্ত্তমানে জনসাধারণের অভিমত এবং সেইজন্য এই নীতিগুলি চীনের জনমত হইয়া উঠিয়াছে। এই জনমতের উপর ভিত্তি করিয়া চীন নিশ্চিতভাবে গণতন্ত্রের পথে অগ্রসর হইতেছে এবং এই পথ হইতে সে ভ্রষ্ট হয় নাই। তথাপি কেহ কেহ (যাহারা চীনের কার্য্যকলাপের গতিবিধির সহিত ঘনিষ্ঠভাবে পরিচিত না) বলিয়া থাকে যে চীন গণতান্ত্রিক জাতি নয়। এমন কি তাহারা চীনের গবর্ণমেণ্টকে ফ্যাসিষ্ট-পন্থী বলিয়াও অভিহিত করে।

মিঃ লিয়াঙ বলেন "নিরাপত্তা ও জাতীয় রক্ষাব্যবস্থার জন্য ব্যক্তিগত স্বাধীনতার উপর যে বিধি-নিষেধ প্রয়োগ

করা হইয়াছে তাহারই ফলে এইরূপ সমালোচনা সম্ভব হইয়াছে। এই বিধিনিষেধগুলি প্রতিক্রিয়াশীল অংশগুলির ও শত্রুর চরদের কার্যকলাপ নিয়ন্ত্রণ করিবার উদ্দেশ্যেই প্রয়োগ করা হইয়াছে। গত ২০ বৎসর ধরিয়া কেবল বাঁচিয়া থাকিবার জন্য চীনকে বহু বিপদ ও বাধার সহিত যুদ্ধ করিতে হইয়াছে, এইজন্যই এই বিধি-নিষেধগুলি জাতীয় নিরাপত্তার জন্য অত্যন্ত প্রয়োজনীয়।

"চীনের রাষ্ট্রনৈতিক ভবিষ্যৎ সম্বন্ধে যদি চীনের বন্ধুদের ভুল ধারণা থাকে তাহা হইলে বিশ্ব পুনর্গঠনের সময়ে চীনকে বুঝিবার পথে আরও অনেক বাধা ও অসুবিধার সৃষ্টি হইতে পারে," মিঃ লিয়াঙ উপসংহারে এই মন্তব্য করেন। (চীন-বার্তা)

শিল্প ও খনিজ পদার্থের প্রদর্শনী

চুংকিঙে অর্থনৈতিক কার্যকলাপ দপ্তরের জাতীয় সম্পদ্ কমিশনের উদ্যোগে অনুষ্ঠিত শিল্প ও খনিজ পদার্থের প্রদর্শনীতে যুদ্ধকালীন চীনে কি পরিমাণ শিল্পোন্নতি সম্ভব হইয়াছে তাহা প্রদর্শিত হইতেছে।

জাতীয় সম্পদ্ কমিশনের অধীন ১০৫টী শিল্প, খনি ও ইঞ্জীনিয়ারিঙ প্রতিষ্ঠান কর্তৃক বিভিন্ন প্রকারের প্রায় ১০,০০০টী বস্তু প্রদর্শিত হইতেছে। প্রদর্শিত বস্তুগুলির মধ্যে নানাপ্রকারের নমুনা, মডেল, চিত্র, ফটোগ্রাফ এবং নক্সা আছে।

প্রদর্শনীটী দশটী ভাগে বিভক্ত: প্রাকৃতিক সম্পদ; ২। কয়লা; ৩। পেট্রলিয়াম; ৪। লৌহ ও ইস্পাত; ৫। নন্‌ফেরাস ধাতু; ৬। বিশেষ প্রকারের ধাতু; ৭। কেমিক্যাল ইঞ্জিনীয়ারিঙ; ৮। বৈদ্যুতিক সামগ্রী; ৯। বিদ্যুৎ শক্তি; ১০। যন্ত্রপাতি।

(চীন-বার্তা)

মাদাম চিয়াঙের অনাথাশ্রম

মাদাম চিয়াঙের ৮নং অনাথাশ্রমের পাঁচ শতের অধিক বালক-বালিকা নিজেদের শান্তির জন্য একটী অভিনব ব্যবস্থা অবলম্বন করিয়াছে। তাহাদের সাপ্তাহিক সান্ধ্য সম্মেলনে একজন সভ্যকে বর্তমান ঘটনাপ্রবাহ সম্বন্ধে বক্তৃতা করিতে অনুরোধ করা হয়। যদি সে সন্তোষজনকভাবে ইহার বিবরণ না দিতে পারে তাহা হইলে শাস্তিস্বরূপ তাহাকে "মন্দ শিশুর গোষ্ঠী" পরাইয়া দেওয়া হয়।

যুদ্ধ এলাকা হইতে সংগৃহীত এই গৃহহীন শিশুদের আশ্রমটী চুংকিঙের ৩০ মাইল উত্তরে একটী চিত্তাকর্ষক স্থানে অবস্থিত। আশ্রম হইতে চিয়ালিঙ নদীটী দেখিতে পাওয়া যায়। চিয়ালিঙ নদ চীনের যুদ্ধকালীন রাজধানীতে ইয়াংট্‌জী নদীর সহিত মিলিত হইয়াছে।

ত্রিশ জনের অধিক শিক্ষয়িত্রীর অধীনে এই অনাথেরা নিয়মিতভাবে লেখাপড়া ও খেলা করে। আন্তর্জাতিক ও আভ্যন্তরিক ঘটনাবলী প্রতি ক্লাসের আলোচনার বিষয়ের অন্তর্গত। দেশে ও দেশের বাহিরে কি হইতেছে সে সম্বন্ধে সকলেরই জ্ঞান থাকা প্রয়োজন। তাহারা যে পরিধেয় ও জুতা ব্যবহার করে তাহা তাহাদের দ্বারাই প্রস্তুত। চারিটী বিভিন্ন দলে তাহারা কাঠের কাজ, বেতের কাজ, ধড়ির কাজ ও সেলাইয়ের কাজ শিক্ষা করে। সপ্তাহে অন্ততঃ একবার তাহারা স্নান করে এবং দুই সপ্তাহ অন্তর চুল কাটে। তাহারা নিজেরাই নাপিতের কাজ করে এবং একে অপরের চুল কাটিয়া দেয়।

অনাথ বালক ও বালিকারা ভাল খাদ্য খায়—প্রত্যহ তাহারা মাংস খাইতে পায় এবং অন্ধ্রের চাউল তাহাদের দৈনিক বরাদ্দ। ইহা ছাড়া বিশেষ বিশেষ উপলক্ষে তাহাদের জন্য ভোজের আয়োজন করা হয়।

তাহাদের কার্যকলাপ ও জীবন সম্পর্কীয় সমস্যাগুলি সমাধান করিবার জন্য তাহারা স্বায়ত্ত-শাসন প্রতিষ্ঠান করিয়াছে। অনাথাশ্রমে শারীরিক দণ্ডের ব্যবস্থা আছে। শিক্ষয়িত্রীরা বলেন যে, এই শিশুরা বিভিন্ন বয়সের ও বিভিন্ন চরিত্রের পরিবার হইতে আসিয়াছে বলিয়া সময়ে সময়ে শারীরিক দণ্ডের প্রয়োজন হয়। তাহাদের পারিবারিক চরিত্রের জন্য তাহাদের মনের উপর প্রভাব

বিস্তার করা অতি কঠিন কার্য্য। যাহারা নিয়ত অপরাধ করে তাহাদেরকেই শারীরিক দণ্ড দেওয়া হয় এবং শিশুরাই এই শাস্তি বিধান করে। (চীন-বার্ত্তা)

আন্তর্জ্জাতিক আর্থিক চুক্তি

সোনার উপর ভিত্তি করিয়া যুদ্ধোত্তর বাট্টা বিনিময়ের জন্য কয়েক শত কোটি ডলারের একটি তহবিল গোলার উদ্দেশ্যে আমেরিকা, বৃটেন, রাশিয়া ও কানাডার মধ্যে শীঘ্রই চুক্তি হইবে। এই সম্পর্কে বৃটিশ ও রুশ প্রতিনিধি দলের সহিত মার্কিণ কর্ম্মচারীদের যুগপৎ আলোচনা চলিতেছে। এই চুক্তি সম্পাদনের পরে বাট্টা স্থিতীকরণের ও আন্তর্জ্জাতিক পুনর্গঠন ব্যাঙ্ক স্থাপনের প্রস্তাব আলোচনার জন্য একটি আন্তর্জ্জাতিক অর্থ-সম্মেলন আহূত হইবে।

পরলোকে ডাঃ মনোমোহন রায়

খ্যাতনামা অর্থনীতিবিদ ডাঃ মনোমোহন রায় গত ৯ই মার্চ্চ পরলোক গমন করিয়াছেন। ডাঃ রায় কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ও কারমাইকেল মেডিক্যাল কলেজের অধ্যাপক রূপে কাজ করিতেছিলেন। কলিকাতা ষ্টক এক্সচেঞ্জের সিটার্স অ্যাণ্ড্ কোম্পানীর একমাত্র মালিক ও পরিচালকরূপে তিনি শেয়ারের ব্যবসায়েও নিজেকে যুক্ত রাখিয়া ব্যবসায়ক্ষেত্রে বিশেষ কৃতিত্ব প্রদর্শন করেন। নানা শাস্ত্রে অগাধ পাণ্ডিত্যের জন্য তিনি বিদ্বজ্জন সমাজে সুপরিচিত ছিলেন। অর্থনীতি সম্পর্কে সুগভীর জ্ঞান ও বিচক্ষণতার জন্য দেশে খ্যাতি ও সম্মানের আসন লাভ করিয়াছিলেন। "ইণ্ডিয়ান ইকনমিষ্টের" মারফতে তাঁহার সুচিন্তিত রচনা ও মন্তব্য সুধী-সমাজের শ্রদ্ধা আকর্ষণ করিয়াছিল। তিনি "ইণ্ডিয়ান ইকনমিষ্টের" নবপর্য্যায়ের সহিত গভীরভাবে সংশ্লিষ্ট ছিলেন এবং ইহার একজন পৃষ্ঠ-পোষক ও সুহৃদ হিসাবে উহার সূচনা-কাল হইতেই পরামর্শ ও সহযোগিতা দ্বারা তিনি সর্ব্বদাই পরিচালকবর্গকে উৎসাহিত করিয়াছেন। এই পত্রিকার তিনি প্রাণ-স্বরূপ ছিলেন। মৃত্যুকালে তাঁহার বয়স মাত্র ৫২ বৎসর হইয়াছিল।

"জীবনের সাড়া" ও প্রফুল্লচন্দ্রের স্বদেশসেবা

[অধ্যাপক বিনয়কুমার সরকারের সহিত শ্রীহরিদাস মুখোপাধ্যায়ের কথোপকথন]

প্রঃ—জগদীশচন্দ্র আর প্রফুল্লচন্দ্র সম্বন্ধে আপনি একটা মস্ত প্রভেদ ক'রেছেন দেখ্‌তে পাচ্ছি। কিন্তু এই প্রভেদের কারণটা এখনো যেন পরিষ্কার হচ্ছে না। প্রফুল্লচন্দ্রকে আপনি স্বার্থত্যাগী স্বদেশসেবক বিবেচনা ক'র্‌তেন। ১৯০৭-১৪ সনে আপনার বিচারে স্বদেশ-সেবা আর স্বার্থত্যাগই ছিল সব-চেয়ে বড় ধর্ম্ম বা নীতি। তাহ'লে আপনার জীবনে প্রফুল্লচন্দ্রেরই বেশী প্রভাবশালী হওয়ার কথা। তাই নয় কি?

উঃ—তাথা। এই সংসার অদ্ভুত চিড়িয়াখানা। কে যে কখন কাকে মাত্ করবে তার কোনো ঠিক-ঠিকানা নাই। আচ্ছা,—একটা সোজা দৃষ্টান্ত দিচ্ছি। জানিস্—ময়রা কখনো সন্দেশ খায়? সন্দেশের ওপর তার দরদ হ'তেই পারে না। প্রফুল্লচন্দ্র স্বার্থত্যাগী স্বদেশ-সেবক। ভাল কথা। অতএব তাঁকে পূজা ক'রেছি। কিন্তু তাঁর কাছে ১৯০৭-১৪ সনে "নতুন কোনো প্রেরণা পেলাম কোথায়? ১৯০২-০৬ সনের যুগে ডন-সোসাটির আবহাওয়ার সতীশ বাবুর কাছেই তো স্বদেশ-সেবা আর স্বার্থত্যাগের বাণী চরম মাত্রায় পেয়েছি। তার ওপর বেশী-কিছু পাওয়া সম্ভবপর ছিল না। প্রফুল্লচন্দ্র সতীশচন্দ্রেরই জুড়িদার। তা ছাড়া ১৯০৭-১৪ সনের যুগে এই অধমের নিজের বল্‌তে কিছুই ছিল না। সে-জীবন সুরুই হ'য়েছিল সর্ব্বত্যাগের পর। কাজেই প্রফুল্লচন্দ্রের কাছে "নতুন" পেলাম প্রাচীন হিন্দুজাতির রসায়ন। যা পাওয়া গেল তাই সই। সেটাই আমার কাজে লাগ্‌লো "হিন্দু সমাজ-তত্ত্বের বাস্তব ভিত্তি" গড়্‌বার পেশায়। কিন্তু জগদীশচন্দ্রের কাছে পেলাম বিলকুল আলাদা চিজ। সে অতি-উঁচুদরের মাল। তাঁর তুলনা মেলা ভার।

প্রঃ—সেই আলাদা চিজটা কি?

উঃ—আগেই ব'লেছি জীবন-দর্শন আর সাড়া-বিজ্ঞান। এই চিজটা যে-কোনো লোকের কাজে লাগে,—যে-কোনো যুগে কাজে লাগে,—যে-কোনো অবস্থায় কাজে লাগে। সাড়া-তত্ত্বের একটা মস্ত কথা হচ্ছে সংগ্রাম, লড়াই। আর একটা মস্ত কথা বাধা-বিঘ্ন। জগদীশচন্দ্র যখন-তখন বাধা-বিঘ্নের কথা ব'লেছেন। আর সেই বাধা-বিঘ্ন ভেঙ্গে-চুড়ে জীবন-পথে ছুটে' বেরুবার জন্য বাণী ছড়িয়েছেন। লড়াই, লড়াইয়ে বিজয়লাভ, লড়াইয়ে পরাজয়, কিন্তু মোটের উপর সর্ব্বদাই লড়াই, আর লড়াইয়ের জন্য প্রস্তুত থাকা,—এই হ'লো জগদীশ-প্রবর্ত্তিত সাড়া-বিজ্ঞানের বনিয়াদ। সুতরাং জগদীশচন্দ্রের বিজ্ঞান-সেবা, বৈজ্ঞানিক গবেষণা, বৈজ্ঞানিক আবিষ্কার বা বৈজ্ঞানিক দর্শন এই অধমকে "মাত্" ক'রে রেখেছিল। আর-কোনো গবেষণায় আমি এতটা উদ্দীপনা পাই নি।

খাঁটি বিজ্ঞান-গবেষকেরা আমার গবেষণা আর আহাম্মুকি দেখে হয়ত হাস্‌বেন। হাসুন।

তাঁরা ভাব্‌বেন আমি লোকটা কী আহাম্মুক। পদার্থ-শাস্ত্রী, আলোক-শাস্ত্রী, বিজলী-শাস্ত্রী, উদ্ভিদ্-শাস্ত্রী আর প্রাণি-শাস্ত্রী জগদীশচন্দ্রের বুলির ভেতর আবিষ্কার কর্‌বার একমাত্র দর্শন!

:—প্রফুল্লচন্দ্রের চেলাদের ভেতর কে-কে আজকালও তাঁর কাজে বা আদর্শে লেগে আছেন?

উ:—১৯০৭-১৪ সনে প্রফুল্লচন্দ্রের কাজ বা আদর্শ বল্‌তে বুঝ্‌তাম প্রধানতঃ রাসায়নিক লেখা-পড়া ও গবেষণা। কাজেই তাঁর চেলারাও ছিলেন রাসায়নিক। কিন্তু প্রথমেই একটা অ-রাসায়নিক কথা ব'লে রাখ্‌ছি। চক্রবর্ত্তী চ্যাটার্জ্জি কোম্পানীর নাম শুনেছিস্ তো? এই বইয়ের দোকানের প্রতিষ্ঠাতা তিনজন রাসায়নিক। সকলেই প্রফুল্লচন্দ্রের ছাত্র। রমেশ চক্রবর্ত্তী, মুকুন্দ চক্রবর্ত্তী আর অহীন চ্যাটার্জ্জি ১৯১১ সনে এম্-এস্-সি পাশ ক'রেই বইয়ের ব্যবসায় মন দিলেন। এঁদের মন্ত্রদাতা গুরুদেব প্রফুল্লচন্দ্র।

রসায়নের বহির্ভূত ব্যবসাক্ষেত্রে আজকাল আছেন আর্য্যস্থান ইন্‌সিওর্যান্স কোম্পানীর সুরেশ রায়। বহির্ব্বাণিজ্যে লেগেছেন ইণ্ডো-সুইস্ ট্রেডিং কোম্পানীর সতীন দাসগুপ্ত। সুরেশ রায় রাসায়নিক নন। কিন্তু প্রফুল্লচন্দ্রের নিকট প্রেরণা-পাওয়া লোক। সতীন দাসগুপ্ত'র যারফৎ প্রফুল্লচন্দ্রের অন্যান্য ছাত্রও ব্যবসায় আর শিল্পকর্ম্মে মন দিয়েছে। জিতেন দত্ত (কল্‌কাতার ইক এক্‌স্‌চেঞ্জ), দেবপ্রসাদ ঘোষ (রংপুর), পবিত্র দত্ত (লণ্ডন) ইত্যাদি প্রফুল্লচন্দ্রের রসায়ন-শিষ্যেরা একালে অ-রাসায়নিক কর্ম্মক্ষেত্রে প্রসিদ্ধ।

তাঁর ছাত্রদের ভেতর থেকে বেরিয়েছেন ১৯২০ সনের পরবর্ত্তী বহুসংখ্যক শিল্পী ও বণিক্। যে-সকল বাঙালী রাসায়নিক ও এঞ্জিনিয়ার এ-যুগের স্বদেশী কারখানা চালাচ্ছেন তাঁদের প্রায় প্রত্যেকেই প্রফুল্লচন্দ্রের ছাত্র ও শিষ্য। আর অধিকাংশেই বোধ হয় কোনো-না-কোনো ক্ষেত্রে তাঁর প্রেরণা ও সাহায্য পেয়েছেন। যে-কোনো বাঙালী কারখানার ওস্তাদকে জিজ্ঞাসা ক'রে দেখ্‌লেই শিল্প-বাণিজ্যে প্রফুল্লচন্দ্রের দানটা বুঝ্‌তে পার্‌বি। একালের বাঙালী শিল্পী-বণিকেরা সকলেই অবশ্য রাসায়নিক কারখানা বা ব্যবসার লোক নন। অন্যান্য ব্যবসা-বাণিজ্যের লোকও অনেকে প্রফুল্লচন্দ্রের নিকট প্রেরণার জন্য ঋণী। এ সম্বন্ধে সরকারী ট্যানিং ইন্‌স্টিটিউটের ডিরেক্টার চামড়ার রাসায়নিক বিরাজমোহন দাস খবর দিতে পারেন।

:—এই গেল শিল্প-বাণিজ্যের কথা। প্রফুল্লচন্দ্রের চেলাদের বৈজ্ঞানিক গবেষণা সম্বন্ধে স্বতন্ত্র কিছু বল্‌তে পারেন?

উ:—রসায়নে আমার দৌড় কিছুই নয়। কাজেই রাসায়নিক গবেষক হিসাবে প্রফুল্লচন্দ্রকে জরিপ কর্‌তে যুঁকবো না। প্রফুল্লচন্দ্র ১৯০৭-১৪ সনে অথবা ১৯১৪-৪২ সনে রাসায়নিক রূপে দিগ্‌বিজয়ী কিনা পঞ্চানন নিয়োগী, রসিক দত্ত, ব্রজেন্দ্রকুমার সেন, কুদ্‌রতি খোদা ইত্যাদি রাসায়নিকদেরকে জিজ্ঞাসা করা ভাল। আমি অন্য ধরণের কথা বল্‌ছি। তা হচ্ছে প্রফুল্লচন্দ্রের চেলাদের প্রেরণা সম্বন্ধে। ১৯১৪-১৫ সন পর্য্যন্ত জ্ঞানেন্দ্রনাথ রায়, জ্ঞানেন্দ্র মুখোপাধ্যায় আর জ্ঞানেন্দ্রচন্দ্র ঘোষ ছিলেন তাঁর ল্যাবরেটরীর ছাত্র। এই তিনজনকে তিনি "জ্ঞান-ত্রয়" ব'লে ডাক্‌তেন। তিনজনেই রাসায়নিক। পদার্থ-বিজ্ঞানের ছাত্র মেঘনাদ সাহা আর সত্যেন বসুও তাঁর প্রিয় চেলাদের অন্তর্গত ছিলেন। তাঁর পাতের রসগোল্লা খাইয়েদের ভেতর এঁরা তো ছিলেনই। আর ছিলেন একালের সুপরিচিত নীলরতন ধর (এলাহাবাদ), বিমান সে (মাদ্রাজ), ধীরেন চক্রবর্ত্তী (রিপণ কলেজ), ৺প্রফুল্ল রায় (কার-মাইকেল মেডিক্যাল কলেজ) ইত্যাদি। এই

গবেষণার আরও অনেকে প্রফুল্লচন্দ্রের প্রীতি, স্নেহ, বুক-চাপড়ানো, গালাগালি, আর্থিক সাহায্য ইত্যাদি পেয়েছিলেন। এঁদেরকে প্রফুল্লচন্দ্র নিজ ছেলের মতনই দেখ্‌তেন। হাজার হ'লেও মানুষ তো। নিজের যখন বাড়ীঘর-ছেলেমেয়ে নেই তখন এই সব শিষ্য-চেলারাই ছিলেন তাঁর একমাত্র ভরসা-স্থল। একেই বলে কালিদাসের ভাষায়,—"স পিতা পিতরস্তাসাং কেবলং জন্মহেতবঃ" (তিনিই আসল পিতা, বাপেরা কেবল জন্মদাতা মাত্র)।

সুখের কথা, ১৯০৭-১৪ সনের চেলাদের ভেতর কেহ-কেহ ১৯১৫-২০ সনে আর পরবর্ত্তি-কালে দেশ-বিদেশের বিজ্ঞান-পত্রিকায় গবেষণা প্রকাশ ক'রে দিগ্‌বিজয়ী হ'তে পেরেছেন। ইয়োরামেরিকার যে-দেশেই গিয়েছি সেই দেশেই রাসায়নিক ল্যাবরেটরিতে দু' মাত্রবার সুযোগ জুটেছে। আর প্রায় সর্ব্বত্রই রাসায়নিকদের মুখে শুনেছি প্রফুল্লচন্দ্রের নাম।

প্রঃ—কেন? প্রফুল্লচন্দ্রের নাম রাসায়নিকদের মুখে শুনেছেন কি জন্য? তাঁর রাসায়নিক রচনাবলী কি বিদেশী পত্রিকায় বেরুতো?

উঃ—তারা রাসায়নিক গবেষক হিসাবে বিদেশী রাসায়নিকেরা প্রফুল্লচন্দ্রকে জান্‌তো কিনা জানি না। ওস্তাদেরা বল্‌তে পার্‌বে। কিন্তু বিদেশীদের মুখে শুন্‌তাম যে,—বাঙালী ছাত্রদের দৌলতে কল্‌কাতার নাম আর ভারতের নাম রাসায়নিক দুনিয়ায় ছড়িয়ে প'ড়েছে। তার ভেতর উজ্জ্বলতম শস্য ছিল যুবক বাংলার রসায়ন-গুরু "প্রফুল্লচন্দ্র"। এই হিসাবে আমি প্রফুল্লচন্দ্রকেও দিগ্‌বিজয়ী বলি। জানিস্‌ই তো কথা আছে,—"পুত্রাদিচ্ছেৎ পরাজয়ম্।" গবেষক হিসাবে চেলাদের নাম হয়ত গুরুর চেয়ে বেশী। কিন্তু এইরূপ চেলা রেখে যাওয়ার চেয়ে মহত্তর কাজ আর-কিছু হ'তে পারে না। প্রফুল্লচন্দ্রের চেলারা কেহই নিমক-হারাম নন। সকলেই দেশ-বিদেশে প্রফুল্লচন্দ্রকে সেলাম ঠুকে কাজ সুরু ক'রেছেন,—নয়া-নয়া গুরুর জাক্‌রেতি চালিয়েছেন।

প্রঃ—একালের প্রফুল্লচন্দ্র সম্বন্ধে কার কার কাছে খবর পাওয়া যাবে?

উঃ—একালের সূচী-পরা প্রফুল্লচন্দ্র ১৯২০-২১ সনের পরবর্ত্তী লোক। গান্ধি-যুগে তাঁর আবির্ভাব। সেই সময়ে তিনি সরকারী চাকুরী হ'তে অবসর পেয়েছেন। এই দিশ-বাইশ বৎসর প্রফুল্লচন্দ্র মোতায়েন আছেন দেশ ও দেশের অগণিত কর্ম্মক্ষেত্রে। প্রেসিডেন্সী কলেজের অধ্যাপক সুবোধ মজুমদার ইত্যাদি রাসায়নিকেরা তাঁর হালের ছাত্র। এঁদের সঙ্গে দেখা কর্‌বি। তা ছাড়া রমেশ চক্রবর্ত্তীর সঙ্গে আলাপ কর্‌বি। বর্ষাকালে কল্‌কাতার রাস্তায় হাঁটতে-হাঁটতে চটি-হাতে-করা প্রফুল্লচন্দ্র এঁদের দোকানে এসে খোস-গল্প ক'রেছেন অনেকবার।

"দি ইরাণ লীগ কোয়ার্টারলী"

(অক্টোবর, ১৯৪৩).

বোম্বাই ইরাণ লীগের মুখপত্রের আলোচ্য সংখ্যায় রুশিয়া ও মস্কো সম্মেলন সম্পর্কে সম্পাদকীয় মন্তব্য বিশেষভাবে প্রণিধানের যোগ্য। আমেরিকা ও বৃটেনের অর্থনৈতিক পরিকল্পনা মানিয়া লইতে এবং ইরোরোপ মহাদেশের বহির্ভূত শক্তিদের সহিত আপন পশ্চিম সীমান্তরেখা সম্বন্ধে আলোচনা পরিচালন আদি ব্যাপারে রুশিয়া অসম্মতি জ্ঞাপন করে। যাহা হউক, মস্কো সম্মেলন মোটের উপর ভালয় ভালয় কাটিয়াছে।

রুশিয়া বর্ত্তমানে যুদ্ধে যে অনবরত জয় লাভ করিতেছে, তাহার কারণ, এই রুশিয়ার মতে, নিবেদন ও মন্ত্রবল দুইদিক হইতেই রুশিয়া জার্ম্মাণির উপর প্রাধান্য লাভ করিয়াছে। বর্ত্তমানে ৩০০ ডিভিসন সৈন্য ২০০ ডিভিসন ক্যাদিস্ত সৈন্যের বিরুদ্ধে লড়াই করিতেছে। রুশিয়ার রিজার্ভ সৈন্যও প্রচুর ; পক্ষান্তরে জার্ম্মাণ পক্ষের রিজার্ভেও টান পড়িয়াছে। অন্ততপক্ষে কামানের দিক্ থেকে রুশিয়া জার্ম্মাণির তুলনায় অনায়াসেই প্রাধান্যের দাবী করিতে পারে।

যুদ্ধোত্তর সীমাংসা সম্বন্ধে রুশিয়ার সহিত মিত্রপক্ষের কিছু গোলযোগ হওয়ার সম্ভাবনা আছে। বাল্টিক রাষ্ট্রসমূহ বিশেষতঃ পোলাণ্ডের সীমানা লইয়া কোন কিছু সমস্যার সৃষ্টি হইতে পারে। মিসরে রুশিয়ার কয়েকটী বিমানঘাটি নির্ম্মাণের পরিকল্পনাও গোলমেলে ধরণের। তবে এ সম্বন্ধে মস্কো সম্মেলনে একটা বোঝা-পড়া হইয়া গিয়াছে বলিয়া মনে হয়।

পার্সীদের দান-খয়রাৎ

পার্সী সম্প্রদায় বিভিন্ন যুদ্ধ তহবিলে ১০ লক্ষ টাকারও অধিক দান করিয়াছে। বাংলার দুর্ভিক্ষেও পার্সীরা রীতিমত সাহায্য করিয়াছে। স্যার ডোরাব ও স্যার রতন টাটা ৭৫,০০০৲ টাকা, টাটা আয়রণ অ্যাণ্ড ষ্টীল কোম্পানী ৫০,০০০৲ টাকা, এস, এম, ওয়াডিয়া চ্যারিটিজ্ ১৫,০০০৲ টাকা দান করিয়াছে। মিসেস দাবাভালা ২১,০০০৲ টাকা চাঁদা সংগ্রহ করিয়া বাংলায় প্রেরণ করিয়াছিল।

নানাপ্রকার জনহিতকর কার্য্যেও পার্সীদের দান খয়রাৎ আধিক ভারতের বুকে রীতিমত স্থায়ী দাগ কাটিয়াছে। স্যার ডোরাব টাটা চ্যারিটী ট্রাষ্ট এ-পর্য্যন্ত নানাপ্রকার জনহিতকর কার্য্যে ৬০ লক্ষ টাকা দান করিয়াছে।

তুরস্কে ভারতীয় বস্ত্রের চাহিদা

আলোচ্য পত্রিকায় তুরস্ক সম্বন্ধেও অনেক প্রয়োজনীয় তথ্য স্থান লাভ করিয়াছে। তুরস্কের যে যুদ্ধে যোগ-দানের কোনই সম্ভাবনা নাই, নিরপেক্ষতা রক্ষার দিকেই আগ্রহ বেশী—বিভিন্ন তুর্কী-পত্রিকার অভিমত উদ্ধৃত করিয়া পত্রিকাখানি তাহা বিশেষ জোরের সাথেই প্রচার করিয়াছে।

তুরস্ক এখন ভারত হইতে বস্ত্র আমদানি আরম্ভ করিয়াছে। পূর্ব্বে বৃটেনই তুরস্কের বস্ত্রের চাহিদা মিটাইত। এখন ভারতবর্ষ তাহার স্থান গ্রহণ করিতেছে। গত অক্টোবরের পূর্ব্বেই তুরস্ক ভারতবর্ষ হইতে ১১৫০ টন

বস্ত্র আমদানি করিয়াছে। আগষ্ট মাসের প্রারম্ভেই ভারতবর্ষ হইতে তুরস্কে ৬০০০ টন চটের থলিয়া প্রেরণ করার ব্যবস্থা করা হয়। গত ১৩ই অক্টোবর তারিখে তুরস্ক জার্মাণি হইতে বহুসংখ্যক ওয়াগন ও ইঞ্জিন আমদানি করে।

চীনের প্রতি তুরস্কের সহানুভূতিও বিশেষভাবে সকলেরই দৃষ্টি আকর্ষণ করে। গত ১৪ই অক্টোবর তারিখে তুরস্কের সমস্ত পত্রিকায় চীনের প্রতি সহানুভূতি-সূচক প্রবন্ধ প্রকাশিত হয়। আঙ্কারা বেতার সমগ্র তুর্কী জাতির পক্ষ হইতে মার্শাল চিয়াংকাইসেকের চীনের প্রেসিডেন্ট পদ গ্রহণ সম্পর্কে তাঁহার প্রতি অভিনন্দন জ্ঞাপন ও তাঁহার সাফল্য কামনা করে।

"শিল্প ও সম্পদ" ফাল্গুন সংখ্যা ১৩৫০ সন।—প্লাই উড প্রস্তুত করিতে কোন্ কোন্ কাঠ উপযোগী—শীর্ষক প্রবন্ধটী সময়োপযোগী। যুদ্ধের সময়ে যে সমস্ত নতুন শিল্প বাংলা দেশে কায়েম হইয়াছে তন্মধ্যে প্লাই উড শিল্প একটা বড় স্থান অধিকার করিয়াছে। প্লাই উড তৈয়ার করিতে হলদু, অকরা, ইউটিস, চাপলাশ, শিমুল, টুনি, আম, চম্পা, বাহেরা, লেদুন, শিশু, বিটগক, বনলুম ও লেগুন কাঠ ব্যবহৃত হয়।

হলদু পাওয়া যায় বাংলা, বোম্বাই, মাদ্রাজ, নেপাল, মহীশূর ও যুক্তপ্রদেশে।

অকরা কাঠের জন্মস্থান বোম্বাই মাদ্রাজ মধ্যপ্রদেশ বিহার ও উড়িষ্যা। ইউটিস এই শিল্পে বিশেষ উপযোগী; কালিম্পং ও আসামে পাওয়া যায়—চাপলাশ বাংলা আসাম আন্দামান ও ব্রহ্মে পাওয়া যায়।

শিমুল কাঠ ভারতের প্রায় সর্ব্বত্রই প্লাইউড নির্ম্মাণে ব্যবহৃত হয়। বাংলা, আসাম, বোম্বাই ও যুক্তপ্রদেশে ইহা পাওয়া যায়।

টুনি, যুক্তপ্রদেশে, আসাম, বাংলা বোম্বাই মাদ্রাজ মহীশূর ও কুর্গে পাওয়া যায়।

চম্পা কাঠ বাংলা ও আসামে মাত্র পাওয়া যায়।

বাহেরা চট্টগ্রামে প্রচুর-জন্মে, অন্যত্রও পাওয়া যায়। লেদুনও চট্টগ্রাম ও কাসিয়ারে ও বক্সার অঞ্চলে মিলে।

শিশু কাঠ হিমালয়ের পাদদেশ জুড়িয়া সিন্ধু হইতে আসাম পর্য্যন্ত বিস্তৃত আছে। ইহা হইতে মূল্যবান প্লাই উড হয়।

বনলুম বা আসামী লেগুন এই শিল্পে অতি প্রয়োজনীয়।

লেগুন ব্রহ্মেই বেশী মিলে, ভারতের বনে এই কাঠ অল্প পাওয়া যায়।

"হাউ দি রাশিয়ান্স্ লিভ্"—ডারিউ মিলার প্রণীত; লণ্ডন, ফেবিয়ান সোসাইটী; ১৯৪২; ৪০ পৃঃ; মূল্য ৬ পেঃ মাত্র।

"রুশিয়ার কি অভিপ্রায়? বিদেশী পর্য্যটকরা রুশিয়া থেকে প্রত্যাবর্ত্তনের পর এমন সব পরস্পর-বিরোধী বিবরণীই বা কেন প্রকাশ করে? রুশ প্রতিরোধের গোপন শক্তিটাই বা কিরূপ?" সোস্যালিষ্ট প্রোপাগাণ্ডা কমিটীর এই প্রচার পুস্তিকায় এই সব প্রশ্নের উত্তর-দানের চেষ্টা করা হইয়াছে। গ্রন্থকার রুশ শক্তির গোপন উৎসটীর সন্ধান পাইয়াছেন রুশিয়ার অমুসৃত সমবায়করণের মধ্যে। বাইরের পৃথিবী এই বিরাট সমর-যন্ত্রের সংগঠনের যৎসামান্যেরও সন্ধান লাভে সমর্থ হয় নাই। রুশিয়ার প্রতিরোধ-শক্তির আর একটী কারণ এই যে, রুশ জাতির সকলেই মনে করে দেশটা তাদের নিজেদের; আর তাহাদের মেহনতের উপর লাভ করিতে পারে এমন কোন কায়েমী স্বার্থও এখানে নাই। সোভিয়েট অনেক সময় কঠোর কার্য্যক্রম গ্রহণ করিয়াছে। বলকান বা প্রাচ্য-জগতের কোন দেশের পরিবর্ত্তে বিলাতের সঙ্গে রুশিয়ার তুলনা করার আগ্রহই অনেকাংশে দেখা যায়; প্রকৃত সমালোচনা-ধর্ম্ম-বিরোধী বিদেশী মামুলী প্রচার সাহিত্যেরও ঘাটতি দেখা যায় না। এই সমস্ত কারণে রুশিয়া-ফেরৎ পর্য্যটকদের মধ্যে নানা মুনির নানা মতের সৃষ্টি হইয়াছে। গ্রন্থকার মোটের উপর গতিধর্ম্মী একটা জীবন্ত জাতির বিবরণীই লিপিবদ্ধ করিয়াছেন।

"দি লষ্ট পিস"—এইচ, বাটলার প্রণীত; লণ্ডন; ফেবার অ্যাণ্ড্ ফেবার; ১৯৪১; ২২৪ পৃঃ; মূল্য সাড়ে দশ শিলিং।

গ্রন্থখানায় অর্থনৈতিক সমস্যাগুলির গৌণতঃ সমালোচনা করা হইলেও আন্তর্জ্জাতিক লেন-দেন সম্পর্ক লইয়া যারা মাথা ঘামান, গ্রন্থখানা সেই সব অর্থশাস্ত্রীদের বিশেষ কাজে লাগিবে। আর বইখানা পড়িলে রীতিমত চিত্ত-বিনোদনের সম্ভাবনা আছে। ভ্রমণ ও রাজনীতি জেনেভা, ফ্রান্স, জার্ম্মাণি, অষ্ট্রিয়া, এ-কাল ও সেকালের বিভিন্ন জাতি, হারানো শান্তি, অনাগত যুগের সমস্যা-সমূহ—গ্রন্থের এই সূচীপত্র ও বিভিন্ন অধ্যায় থেকে বেশ বোঝা যাইতেছে উহাতে কোন কোন বিষয়-বস্তুর আলোচনা স্থান পাইয়াছে। বইখানা ঐতিহাসিক রেকর্ডও বটে। বর্ত্তমানে আন্তর্জ্জাতিক লেন-দেনের সম্পর্ক লইয়াই গ্রন্থকারের কারবার; কাজেই তাঁর পক্ষে এই ধরণের সুলিখিত ও তথ্যপূর্ণ গ্রন্থ রচনা সম্ভব হইয়াছে। সমস্ত অধ্যায় একই চিন্তা-স্তরের দিক্ থেকে আলোচনা না করিয়া গ্রন্থকার এক একটী অধ্যায় অভিজ্ঞতা বা প্রজ্ঞা এইরূপ নানান চিন্তাস্তরের দিক থেকে আলোচনা করিয়াছেন।

আলোচ্য গ্রন্থের প্রারম্ভেই দেখা যায় পর্য্যটনের অভিজ্ঞতা। ফ্রান্স সম্পর্কিত অধ্যায়টী যেন ফ্রান্সের আবহাওয়া ও মাটীর জীবন্ত বর্ণনা। জার্ম্মাণির অধ্যায়টা অভিজ্ঞতা ও কেতাবী বিদ্যার একত্র সমাবেশ; নতুন ও পুরাতন জাতিসমূহের অধ্যায়টায় দৈনিক পত্রিকার নিয়মিত পাঠকগণ নতুন কোন বিষয় বস্তুরই সন্ধান পাবে না। অনাগত যুগের সমস্যাসমূহ শীর্ষক শেষ অধ্যায়ে সমস্যাগুলিই বিশেষভাবে বর্ণনা করা হইয়াছে, উত্তর দেওয়ার চেষ্টা করা হয় নাই বলিলেই চলে। এতে মনে হয়, গ্রন্থকারের যেন নূতন আর একখানা বই লিখার ইচ্ছা আছে। যদি তিনি তাহা লিখে থাকেন, তবে পাঠকদের একটা বড় রকমের অভাব পূরণ হবে।

১। "কন্টিনেন্স অব্ পিস্" ; ই, এইচ, কার প্রণীত ; লণ্ডন ; ম্যাক্‌মিলান ; ১৯৪২ ; ২৭৯ পৃঃ ; সাড়ে বার শিলিং।

২। "রিফ্লেক্সন্স্ অন্ গবর্ণমেণ্ট" ; ই, বার্কার ; লণ্ডন ; অক্সফোর্ড ইউনিভার্সিটী প্রেস ; ১৯৪২ ; ৪২৪ পৃঃ ; ২১ শিলিং।

৩। "অ্যাপ্লায়েড্ জেনারেল ষ্ট্যাটিষ্টিক্স্" ; এফ, ই, ক্রফ্‌টন ও ডি, জে, কাউডিন্ ; লণ্ডন ; আইজ্যাক্ পিট্‌ম্যান ; ১৯৪২ ; ৯৪৪ পৃঃ ; ২০ শিলিং।

৪। "কমিউনিটি সিভিং ইন্ ওয়ার টাইম" ; বারবারা ড্রেক ; লণ্ডন ; ফেবিয়ান সোসাইটী ; ১৯৪২ ; ২৯ পৃঃ ; ৬ পেঃ।

৫। "দি স্পাইন্ অব্ ইয়োরোপ" ; টি, রেভিল্ ; লণ্ডন ; অ্যালেন অ্যাণ্ড আনউইন ; ১৯৪২ ; ৩৪৪ পৃঃ ; ১০ শিঃ ৬ পেঃ।

৬। "অ্যান্ এসে অন্ মাল্থিয়ান্ ইকনমিক্স্" ; জন রবিন্‌সন ; লণ্ডন ; ম্যাক্‌মিলান ; ১৯৪২ ; ১২২ পৃঃ ; ৭ শিঃ ৬ পেঃ।

৭। "ইণ্টার-ন্যাশনাল ইকনমিক ডিস্‌ইন্টিগ্রেসন" ; ডারিউ রোক্ ; লণ্ডন ; উইলিয়াম হোজ ; ১৯৪২ ; ২৮৩ পৃঃ ; ২১ শিলিং।

৮। "দি ইকনমিক্স্ অব্ প্রাইস ডিটারমিনেসান" ; সি সি স্যাল্ডটন ; লণ্ডন ; অক্সফোর্ড ইউনিভার্সিটি প্রেস ; ১৯৪২ ; ১৯০ পৃঃ ; ১০ শিঃ ৬ পেঃ।

৯। "নাইট ওভার ইউরোপ" এফ এল ম্যুমান্ ; লণ্ডন ; রবার্ট হেল ; ১৯৪১ ; ৩০০ পৃঃ ; ১৮ শিলিং।

১০। "রোড অ্যাণ্ড্ রেল" ; জি ওয়াকার ; লণ্ডন ; অ্যালেন অ্যাণ্ড্ আনউইন্ ; ১৯৪২ ; ২৩৬ পৃঃ ; ১২ শিঃ ৬ পেঃ।

১১। "ব্লাকমেলাস্ ইন্ ইন্‌কাম অ্যাণ্ড্ এক্সপ্রেস" ; টি উইল্‌সন ; লণ্ডন ; আইজ্যাক্ পিট্‌ম্যান, ১৯৪২ ; ২১৩ পৃঃ ; ১৮ শিলিং।

১২। "দি ফাণ্ডামেণ্টাল প্রিন্সিপলস্ অব্ ম্যাথেমেটিক্যাল্ ষ্ট্যাটিষ্টিক্স্" ; এইচ এইচ, উল্‌ফেন্‌ডেন্ ; টোরোণ্টো ; ম্যাক্‌মিলান ; ১৯৪২ ; ৩৭৯ পৃঃ ; ৫ ডলার।

১৩। "আর্থাণ এক্সপ্লইটেসান অব্ বেল্‌জিয়াম" ; আর আর্ডেন ; ওয়াশিংটন ডি সি ; ক্রকিংস ইন্‌ষ্টিটিউসন্ ; ১৯৪২ ; ৬৫ পৃঃ ; ৫০ সেণ্ট।

১৪। "ইন্‌ট্রোডাক্‌সন্ টু ওয়ার ইকনমিক্স্" ; ব্রাউন ইউনিভার্সিটী ইকনমিষ্টস্ ; শিকাগো ; রিচার্ড ডি আরউইন ; ১৯৪২ ; ২৪৮ পৃঃ ; ১ ডলার ২৫ সেণ্ট।

কুওমিনতাংয়ের ইতিকথা

শ্রীমধুসূদন সরকার, এম্ এ

চীনের সম-সাময়িক ইতিহাসে বিশেষরূপে প্রণিধানের যোগ্য তিনটী বড় রকমের ঘটনা ঘটেছে। তিনটী ব্যাপারেই চীনের জাতীয়তাবাদী দল নেতৃত্ব গ্রহণ করে চীনের শক্তিবৃদ্ধি করেছে আর চীনকে নূতন আলোকের সন্ধান দিয়েছে।

ঐতিহাসিক ধারা অনুসারে প্রথম ঘটনাটা হচ্ছে ১৯১১ সনের মাঞ্চুবংশের উচ্ছেদ-সাধনের পর চীনে গণতান্ত্রিক গবর্ণমেণ্ট প্রতিষ্ঠা; দ্বিতীয় ঘটনা ১৯২৬-২৭ সনে সামরিক লর্ডদের নির্মূল করে প্রাদেশিকতা অপসারণ পূর্ব্বক চীনের ঐক্য ও সংহতি সংস্থাপন। তৃতীয় ঘটনাটী চীনের ইতিহাসে সব চেয়ে গুরুত্বপূর্ণ ব্যাপার। ১৯৩১ সনের সেপ্টেম্বর মাস থেকে নির্মম জাপ সাম্রাজ্যবাদীরা চীনকে গ্রাস করতে আরম্ভ করে। কুওমিনতাং জাতীয় নিরাপত্তার জন্য ১৯৩৭ সনে জাপানীদের বিরুদ্ধে সমগ্র জাতির পক্ষ থেকে যুদ্ধ ঘোষণা করেছে।

জাপানের বিরুদ্ধে কুওমিনতাংয়ের যুদ্ধ ঘোষণা অপ্রত্যাশিত নয় মোটেই; মাঞ্চুদের বিরুদ্ধে বিপ্লব আর উত্তরের সামরিক প্রভুদের বিরুদ্ধে যুদ্ধ পরিচালনের পর কুওমিনতাং যে আত্মরক্ষার জন্য জাপানের বিরুদ্ধে সংগ্রামে চীনের কোটী কোটী মানুষের নেতৃত্ব গ্রহণ করবে তাতে আর আশ্চর্য্য কি? একই উদ্দেশ্য সাধন এবং ক্রমোন্নতির একই ধারা অনুসারেই এই যুগান্তকারী ঘটনাত্রয় সংঘটিত হয়েছে।

গত পঞ্চাশ বছর ধরে চীনের জাতীয় সংগঠনের চরম উদ্দেশ্য সংক্ষেপে নিম্নলিখিতভাবে বিবৃত করা যেতে পারে: দেশের অভ্যন্তর ভাগে আধুনিক জ্ঞান-বিজ্ঞানে জাতিকে অগ্রসর করে জাতীয় ঐক্য ও সংহতি সংস্থাপন আর বাইরের দিক্ থেকে চীনের স্বাধীনতা রক্ষা আর বিশ্ব জাতি সঙ্ঘে চীনের গৌরবপূর্ণ আসন প্রতিষ্ঠা। মাঞ্চু রাজ ও তাঁহাদের অনুবর্ত্তী সমরিক প্রভুরা চীনের আভ্যন্তরীণ প্রগতি ও সংহতির পথ রুদ্ধ করে দাঁড়িয়েছিল, তাই তাদের নির্ম্মম হস্তে নির্ম্মূল করতে হয়েছে। জাপানও এই ভাবে চীনের পথ আগলিয়ে দণ্ডায়মান। চীনের জাতীয়তা ও সার্ব্বভৌম শক্তি বিকাশের পথে জাপানই একমাত্র ও সবচেয়ে বড় শত্রু; সেইজন্য জাপানকেও সংহত্যা করার প্রয়োজন। চীনের এই দুই ব্যাপক জাতীয় প্রচেষ্টা পরস্পরের সহিত রীতিমত ভাবে সম্বন্ধযুক্ত। আধুনিক জ্ঞান-বিজ্ঞানের পথে জাতির অগ্রগতির জন্য দেশের ঐক্য ও সংহতি স্থাপনের দরকার; কিন্তু প্রগতিশীল সমৃদ্ধিশালী ও শক্তিসম্পন্ন জাতি গড়ে তুলতে হলে বাইরের বাধা বিঘ্নও দূর করতে হবে।

মার্কিণ যুক্তরাষ্ট্রের দুইটি বড় রাজনৈতিক দল (রিপাবলিকান ও ডেমোক্র্যাটিক) ও বিলাতের রাজনৈতিক দলগুলির তুলনায় কুওমিন্তাংয়ের বয়স অপেক্ষাকৃত অনেক কম। দলটীর গোড়া পত্তন করা হয় কিঞ্চিদধিক ৪০ বছর পূর্ব্বে। মাঞ্চু সম্রাট তখন পেকিংয়ের কণ্টকাকীর্ণ সিংহাসনে বসে নিরুপায় হয়ে আভ্যন্তরীণ দৌর্ব্বল্য ও বাইরের চাপে তাঁর সাম্রাজ্য ভেঙে যেতে দেখছিলেন। চীনের বুদ্ধিজীবীরা তখন শান্তভাবে কিন্তু দৃঢ় প্রতিজ্ঞার সাথে বিপ্লব আন্দোলনের যোগাড় করছেন। অনেকে ছিন্ চু হুই (চীন পুনরুত্থান সমিতি) ও পরে তুং মেং হুই (ভ্রাতৃত্ব সমিতি) নামক সমিতি প্রতিষ্ঠা করেন। এঁরা সকলে মাঞ্চু-বিরোধী সমিতির সদস্য। মাঞ্চু শাসকদের অত্যাচারে জর্জ্জরিত হয়ে এঁরা গোপনে ষড়যন্ত্র-জাল বিস্তার করেন। প্রথম প্রথম জাতি-বিদ্বেষ ও বিদেশী শাসকের বিরোধিতাই এই আন্দোলনের ভিত্তিমূলে পরিণত ছিল। ডাঃ সুন ইয়াৎসেনের মত

দূরদর্শী রাজনীতিকগণ জাতি-বিদ্বেষের মূলে কুঠারাঘাত ক'রে নূতন জাতি সংগঠনরূপ দূর-প্রসারী আন্দোলনের পথ পরিষ্কার করে।

১৯১১ সনের বিপ্লবের আগে দেশের নানা স্থানে অভ্যুত্থানের ব্যর্থ প্রচেষ্টা দেখা যায়। সমস্ত বিপ্লবী দল ১০ই অক্টোবর তারিখে উহুপের গবর্ণরের প্রাসাদ আক্রমণ করে। এই সময় যে পতাকা উত্তোলিত হয় তাহাতে "চুং কুও কিমিন্‌তাং" অর্থাৎ চীনা বিপ্লবী দল-এই কয়টী কথা বড় বড় অক্ষরে লেখা ছিল। এই বিপ্লব প্রচেষ্টা সাফল্য-মণ্ডিত হয়। মাঞ্চু দরবার পদত্যাগ করে গণতান্ত্রিক গবর্ণমেণ্টের পথ পরিষ্কৃত করে। কিন্তু বিপ্লবী নেতাদের বিপ্লব ব্যর্থ হয়ে যায়। প্রতিক্রিয়াপন্থী সুচতুর য়ুয়ান শিকাই কৌশলে রাষ্ট্র ক্ষমতা লাভ করে, বিপ্লবী পার্টিকে কঠোর হস্তে দমন করতে থাকে, আর চীনের সিংহাসনে নতুন রাজবংশের গোড়াপত্তনে মনোনিবেশ করে। তাঃ সুন দলবল নিয়ে ক্ষুণ্ণ মনে দক্ষিণ চীনে প্রস্থান করে আবার বিপ্লবের আয়োজন করেন।

বিপ্লবীদল ১৯১৯ সনে চুং কুও কি মিন্ তাং নাম ধারণ করে। পরে এর সংক্ষিপ্ত নাম দেওয়া হয় কুওমিন্ তাং। পাঁচ বছর পর দলটীকে নূতন করে ঢেলে সাজা হয়। শীঘ্রই ক্যাণ্টনের নিকটে হোয়াম্পোয় একটী ছোট সামরিক বিদ্যালয় স্থাপন করে তাঃ সুন ইয়াৎসেনের আদর্শ অনুযায়ী নতুন সৈন্যদলের ভিত্তি স্থাপন করা হয়। ১৯২৬-২৭ সনে জেনারেলিসমো চিয়াং কাইসেকের পরিচালনাধীনে এই নতুন আর্মিই উত্তরে সামরিক প্রভুদের শিক্ষাদানের উদ্দেশ্যে প্রেরিত হয়। জাতীয় গবর্ণমেণ্টের প্রথম হেড্ কোয়ার্টার স্থাপিত হয় ক্যাণ্টন শহরে, পরে ইহা নানকিনে স্থানান্তরিত হয়।

কুওমিন্‌তাং ও জাতীয় গবর্ণমেণ্টের রাষ্ট্রীয় ক্ষমতা হস্তগত হয় ১৯২৭ সনে; এই সন থেকে চীন-জাপান যুদ্ধের সূচনা পর্য্যন্ত পরবর্ত্তী দশ বছরে এই দুই প্রতিষ্ঠানকে নানা প্রকার সমস্যার সমাধানে ব্যস্ত দেখা যায়। ইয়াংসী নদীতে অভূতপূর্ব্ব মহাপ্লাবন, জাপানীদের মাঞ্চুরিয়া আক্রমণ, সামরিক প্রভুদের অভ্যুদয়, মধ্যচীনে কম্যুনিষ্টদের বিরুদ্ধে রক্তাক্ত সংগ্রাম ইত্যাদি নানা ধরণের ঝঞ্ঝাট সত্ত্বেও এরা চীনের আধুনিকতা সাধন করতে তথা চীনের বিবদমান প্রদেশসমূহ ও অপ্রদেশের প্রাকৃতিক সম্পদ নিয়ে একটী একক রাষ্ট্র গড়ে তুলতে কসুর করেনি। এই দশ বছরের মধ্যে নতুন নতুন সড়ক ও রেলপথ পত্তন, আর্থিক সংস্কার সাধন, নতুন নতুন বিদ্যালয় স্থাপন, বিস্তর নূতন কারখানা প্রতিষ্ঠা, আধুনিক অস্ত্রশস্ত্রে সুজ্জিত সৈন্যবাহিনী সংগঠন এবং নিয়মতান্ত্রিক গবর্ণমেণ্ট সংগঠনের আয়োজন ইত্যাদি নানা কার্য্য সাধিত হয়েছে।

মোটের উপর, কুওমিন্‌তাংয়ের নেতৃত্বাধীনে চীনের ৪৪ কোটী নর-নারীর হৃদয়ে জাগরণের অভূতপূর্ব্ব উন্মাদনা আবির্ভূত হয়েছে। যুদ্ধের পূর্ব্ববর্ত্তী কয়েক বছর চীন যে পথে চলছিল, তাতে জাপ-সমরপন্থীদেরও সুবিধা হচ্ছিল। এদের প্রাণে সদা এই আশঙ্কাই দোলা দিচ্ছিল যে, চীনের জাতীয় সংগঠন যদি সার্থক হয়, তাহলে জাপানকে বাধ্য হয়ে এসিয়া মহাদেশে সাম্রাজ্য-বিস্তারের স্বপ্ন চিরকালের জন্যে ত্যাগ করতে হবে। সেই জন্য মাঞ্চুরিয়াকে আক্রমণের ঘাঁটীরূপে ব্যবহার করে জাপানীরা জাতীয় গবর্ণমেণ্টের হাত থেকে উত্তরের পাঁচটা প্রদেশ ছিনিয়ে নেওয়ার জন্যে উত্তর চীনে ক্রমাগত ষড়যন্ত্র জাল বিস্তার করতে লাগল। এই প্রচেষ্টা ব্যর্থ হওয়ায় জাপানীরা পিপিং (পেকিং) নগরীর বহির্দেশে মার্কো পলো ব্রীজের নিকটে ১৯৩৭ সনের ৭ই জুলাই রাত্রিতে এক নতুন চাল চেলে বসলো। জাপানীরা প্রচার করলো একজন সৈন্যের খোঁজ পাওয়া যাচ্ছে না। চীন এলাকার ভেতরে তারা গায়ের জোরেই মহড়া চালাচ্ছিল। সেই সময় নাকি জাপ সৈনিক পুরুষ অন্তর্হিত হয়। চীনা সৈন্যনিবাসযুক্ত একটা শহরে জাপানীরা তল্লাসের দাবী করলো। চীনা কর্তৃপক্ষ অস্বীকৃত হওয়ায় জাপানীরা গুলি চালাতে লাগলো। এইভাবে এসিয়া মহাদেশের সব চেয়ে নৃশংসতম সংগ্রামের যবনিকা উত্তোলিত হলো, কুওমিন্‌তাং জাপানীদের যুদ্ধাহ্বানে পশ্চাদ্‌পদ না হয়ে চীনের নিপীড়িত জনগণকে তাদের দেশ ও স্বাধীনতা রক্ষার জন্য নিয়োজিত করলো।

কুওমিনতাংয়ের ভাবধারা ও কর্ম্মকৌশল

গত ৬ বছরেরও অধিক সময় ধরে চীন স্বাধীনতা রক্ষার মরণপণ করে যে ভয়াবহ সংগ্রাম চালাচ্ছে তাতে কুওমিনতাং যে কতখানি গুরুত্বপূর্ণ অংশ গ্রহণ করেছে তা এর ভাবধারা ও গঠন-প্রণালী সম্বন্ধে অবহিত হলে বেশ বোঝা যাবে।

কুওমিনতাং সদস্যদের জন্য কঠোর সংযম ও নিয়মানুবর্ত্তিতা পালনের ব্যবস্থা করেছে। এর সদস্য সংখ্যা দুই কোটী। অন্যান্য দেশে কোন পার্টির সদস্য হতে হলে নির্দ্দিষ্ট বার্ষিক চাঁদা দিলেই ল্যাঠা চুকে যায়; কিন্তু কুওমিনতাংয়ের সদস্য হওয়া অত সহজ নয়। আবেদনকারীকে প্রথমে পার্টির দু'জন সদস্যের সুপারিশ নিয়ে দলগত রাজনীতির সম্পর্কে তার জ্ঞান কতটুকু তার পরিচয় দেওয়ার জন্য কতকগুলি পরীক্ষা দিতে হবে। এই সমস্ত পরীক্ষায় পাশ হলে, পার্টি ও জাতির নিকট আনুগত্য জ্ঞাপক শপথ গ্রহণ করার পর সদস্য হওয়া যায়। সদস্য পদের জন্য প্রত্যেক মাসে চাঁদা দিতে হয়, আবার মধ্যে মধ্যে নানা রকমের সার্ভিসের জন্য ট্রেনিং গ্রহণ করতে হয়।

কাউন্টী ও প্রদেশগুলিতে বিস্তর আঞ্চলিক দলগত কার্য্যালয় আছে। আপন জেলায় দলগত কার্য্য পরিচালন ছাড়া সদস্যগণ পার্টির জাতীয় কংগ্রেসের জন্য প্রতিনিধি নির্ব্বাচনও করে থাকে। কুওমিনতাং দলের সর্ব্বোচ্চ ক্ষমতা এই পার্টি কংগ্রেসেই ন্যস্ত আছে; আর দেশে নিয়মানুগ গণতান্ত্রিক শাসন-ব্যবস্থা প্রতিষ্ঠিত না হওয়া পর্য্যন্ত দেশবাসীর পক্ষ থেকে এই কংগ্রেস সার্ব্বভৌম ক্ষমতা পরিচালনের অধিকারী। ১৯২৪ সনে পার্টির পুনর্গঠনের অল্প সময় পরে প্রথম কংগ্রেস আহূত হয়; দ্বিতীয় কংগ্রেস আহূত হয় ১৯২৬ সনে, তৃতীয় ১৯২৯ সনে, চতুর্থ ১৯৩১ সনে এবং পঞ্চম ১৯৩৪ সনে। জাপানের সঙ্গে যুদ্ধ আরম্ভ হওয়ার পরবর্ত্তী বছর ১৯৩৮ সনে ছাড়াও অন্য বছরে জাতীয় কংগ্রেসের জরুরী অধিবেশন আহ্বান করা হয়। জাতীয় কংগ্রেসের অধিবেশন যখন মুলতুবী থাকে তখন কেন্দ্রীয় এক্সিকিউটিভ্ কমিটি ও কেন্দ্রীয় তত্ত্বাবধায়ক কমিটি সর্ব্বোচ্চ ক্ষমতা পরিচালনের অধিকারী। কমিটি দুটো নির্ব্বাচিত হয় পঞ্চম জাতীয় কংগ্রেসের অধিবেশনে। যুদ্ধ এবং আরও নানা প্রকার সমস্যার জন্য নূতন জাতীয় কংগ্রেস নির্ব্বাচন সম্ভব হয় নি।

কমিটি দুটোর সক্রিয় ও রিজার্ভ সদস্য সংখ্যা মোট ২৬০ জন। অন্ততঃ পক্ষে ছ'মাস পর পর দুটোর পূর্ণ অধিবেশন বসে থাকে। গত দু'বছরের মধ্যেও কমিটি দুটোর ৯ বার অধিবেশন হয়েছে। শেষ অধিবেশন সাঙ্গ হয়েছে ১৯৪১ সনের ডিসেম্বর মাসের মাঝামাঝি, প্রশান্ত মহাসাগরে জাপান কর্ত্তৃক যুদ্ধানল প্রজ্বলিত হওয়ার ঠিক এক সপ্তাহ পরে।

প্রতিষ্ঠান দুটোর মধ্যে কেন্দ্রীয় এক্সিকিউটিভ্ কমিটি অধিকতর গুরুত্বপূর্ণ। পার্টি বা গবর্ণমেণ্ট সম্বন্ধে এই প্রতিষ্ঠান যে কোন ব্যবস্থা বা সিদ্ধান্ত গ্রহণ করতে পারে যার রদবদল একমাত্র জাতীয় কংগ্রেসই ঘটাতে পারে। চরম শাসনতন্ত্র কায়েম না হওয়া পর্য্যন্ত জাতীয় গবর্ণমেণ্টের চেয়ারম্যান নির্ব্বাচন, গবর্ণমেণ্টের এক্সিকিউটিভ্, ব্যবস্থাপক, বিচার, একজামিনেশন ও নিয়ন্ত্রণ বিভাগের প্রেসিডেণ্ট ও ভাইস-প্রেসিডেণ্ট নির্ব্বাচনের ভার এই প্রতিষ্ঠানের উপরেই ন্যস্ত আছে। অধিবেশন মুলতুবী থাকার সময় এর ষ্ট্যাণ্ডিং কমিটী রুটিন বাঁধা কাজকর্ম্ম চালায় আর পলিটিক্যাল কমিটিটী গবর্ণমেণ্টকে নির্দ্দেশ দান করে। শেষোক্ত কমিটিটী কুওমিনতাং পার্টি ও গবর্ণমেণ্টের মধ্যে যোগাযোগ সাধনের কাজ সম্পন্ন করে। কিন্তু ১৯৩৩ সনের ফেব্রুয়ারী মাস থেকে, সর্ব্বোচ্চ দেশ রক্ষা পরিষদই পলিটিক্যাল কমিটির দায়িত্ব ভার গ্রহণ করেছে। বর্ত্তমানে দেশরক্ষা পরিষদই পার্টি, গবর্ণমেণ্ট ও সামরিক কার্য্য পরিচালনের ভার গ্রহণ করেছে। কুওমিনতাংয়ের জাতীয় হেড্ কোয়ার্টারে উহার নিজস্ব শাসনযন্ত্রটীও বিদ্যমান। এর কেন্দ্রীয় এক্সিকিউটিভ্ কমিটির অধীনে চারটি বিভাগও আছে যথা—সেক্রেটারিয়েট্, অর্গানিজেশন বোর্ড, প্রচার বিভাগ ও উপনিবেশ বিভাগ।

চীনা গণতন্ত্র ও কুওমিনতাং দলের প্রাণ-প্রতিষ্ঠাতা ডাঃ সুন ইয়াৎসেন ১৯২৫ সনে পরলোক গমন করেছেন। চীনে কুওমিনতাং শাসনের ভাবধারা ইনিই প্রবর্তিত করেন। ছান মিন্ চু আই অর্থাৎ জাতীয়তাবাদ রাজনৈতিক গণতন্ত্র ও অর্থনৈতিক গণতন্ত্র—এই তিনটি তত্ত্ব কথা চীনের শ্রেষ্ঠ ও একমাত্র আদর্শে পরিণত। নিঃমাঙ্গণ শাসন তন্ত্রের অধীনে চীনা জাতি সম্পূর্ণরূপে স্বাধীন হয়ে বিশ্বের অন্যান্য রাষ্ট্রের সমান মর্যাদা ভোগ করবে এই ছিল ডাঃ সুনের রাজনৈতিক স্বপন। দেশের মধ্যে সকলের জন্য সাম্য ভাবে ধনদৌলতের বাঁটোয়ারা করাও ছিল তাঁর আন্তরিক অভিপ্রায়। সকলে সমান জমি ভোগ দখল করুক, রাষ্ট্রের অধীনে পুঁজি পরিচালিত হউক আর বেসরকারী পুঁজিও নিয়ন্ত্রিত হোক মহাচীনে তিনি এই ব্যবস্থাই কায়েম করতে চেয়েছিলেন।

ডাঃ সুন প্রচারিত রাষ্ট্রীয় আদর্শ পুরাপুরি সমাজতন্ত্রবাদ বা সাম্যবাদ না হলেও ইহা যে পাশ্চাত্য গণতন্ত্রের একধাপ উপরে তা নিঃসন্দেহে অনুমেয়। জাতীয়তাবাদ ও রাজনৈতিক গণতন্ত্র পাশ্চাত্য গণতন্ত্রের নিকট নতুন বস্তু না হলেও অর্থনৈতিক গণতন্ত্র এর কাছে সম্পূর্ণরূপে নতুন চিজ নিশ্চয়ই। কেবলমাত্র আইনের চোখে সমান হলেই চলে না; এতে কারুর পেট ভরে না; সত্যিকার গণতন্ত্র স্থাপন করতে হলে অর্থ সম্পদের দিক হতেও মানুষের অভাব মিটাতে হবে—মানুষ পেটের ভাত আর পরিধেয় বস্ত্রের জন্য যাতে অন্যের মুখাপেক্ষী না হয়, এমন ব্যবস্থা করতে হবে। এ বিষয়ে এসিয়ার চাবুক এদিক দিয়ে পাশ্চাত্য গণতন্ত্রের উপর টেক্কা মেরেছেন নিশ্চয়ই। পাশ্চাত্য গণতন্ত্র এই ব্যবস্থা করতে পারে নি বলে প্রথম মহাযুদ্ধের পর আবার বিশ্ব সংগ্রামের প্রলয়ঙ্কর কাণ্ড উপস্থিত হয়েছে। এবারকার যুদ্ধের অবসানে অন্ততপক্ষে চীনামার্কা আর্থিক গণতন্ত্র কায়েম হবে বলে সকলেই আশা করছেন।

ডাঃ সুন সার্বভৌম ক্ষমতা দুইভাগে বিভক্ত করেছেন যথা, রাজনৈতিক ক্ষমতা পরিচালনা করবে দেশবাসী আর শাসন ক্ষমতা পরিচালনা করবে গবর্ণমেণ্ট। এখানেও চীনমার্কা গণতন্ত্র পাশ্চাত্য গণতন্ত্রের অনেক উপরে উঠেছে। ডাঃ সুনের আদর্শ প্রত্যক্ষ গণতন্ত্র। দেশবাসী ভোট দিয়ে বাছাই হবে, আর যারা ভোটের জোরে রাষ্ট্রীয় ক্ষমতা লাভ করলো তারা যা খুসী তাই করবে, এমন কি ভোট দাতাদেরও নির্য্যাতন করবে, তিনি তা বরদাস্ত করতে রাজী ছিলেন না। ভোটাধিকারের সঙ্গে সঙ্গে ভোট দাতাদের পুনরায় নির্ব্বাচন আহ্বান, নির্ব্বাচিত প্রতিনিধিদের নিকট কৈফিয়ৎ তলব আর নূতন নূতন আইনের আভাস প্রদানের অধিকারও তিনি মেনে নিয়েছেন। গবর্ণমেণ্টকে তিনি এই জন্য একজিকিউটিভ, লেজিসলেটিভ (ব্যবস্থাপক), জুডিসিয়াল (বিচার), একজামিনেশন (সিভিল সার্ভিস) ও কণ্টোল (নিয়ন্ত্রণ) এই পাঁচটা বুযান বা বিভাগে বিভক্ত করেছেন। প্রথম বিভাগ তিনটি সকলেরই সুপরিচিত; কিন্তু শেষোক্ত বিভাগ দুটো চীনের নিজস্ব বস্তু। একজামিনেশান বুযানের উপর প্রতিযোগিতা মূলক পরীক্ষা দ্বারা সরকারী কর্ম্মচারী নিয়োগের ভার অর্পিত আর কণ্টোল বিভাগটা গবর্ণমেণ্ট অফিসারদের বিচারের জন্য সৃষ্টি করা হয়েছে।

ডাঃ সুন জাতীয় সংগঠন তিনটি পর্য্যায়ে বিভক্ত করেছেন; যথা—সামরিক কার্য্যপরিচালন, রাজনৈতিক অভিভাবকত্ব ও শাসনতন্ত্র সম্মত নিয়মানুগ গবর্ণমেণ্টের যুগ।

প্রথম যুগে জাতির সমগ্র প্রচেষ্টা সামরিক প্রয়োজনের দিক্ থেকেই নিয়ন্ত্রিত হবে। যখন কোন প্রদেশে শান্তি ও শৃঙ্খলা পুরাপুরি প্রতিষ্ঠিত হবে, তখন সেই প্রদেশ দ্বিতীয় পর্য্যায়ের উপযুক্ত হবে। এইরূপ প্রদেশের কাউন্টি গুলিকে তখন আদম সুমারী গ্রহণ আর সমস্ত জমি জরিপ করে আত্মরক্ষার উপযোগী সৈন্যদল গঠন আর প্রয়োজনমাফিক বড় বড় সড়ক তৈরী করতে হবে।

নির্ব্বাচন, পুনর্নির্ব্বাচনের অধিকার, স্বাধীন ভাবে ক্ষমতা পরিচালন ও সরকারী কর্ম্মচারীদের বিচার এই চারটি রাজনৈতিক অধিকার প্রয়োগ সম্বন্ধে রীতিমত শিক্ষালাভের পর এক একটি কাউন্টি স্বায়ত্বশাসনের অধিকার লাভ করবে। সমস্ত কাউন্টি স্বায়ত্বশাসনের যোগ্য বিবেচিত হলে সেই প্রদেশ শাসনতান্ত্রিক পর্য্যায়ে উন্নীত হয়ে আপন ব্যবস্থাপরিষদ গঠন করে নিবে। দেশের অর্দ্ধেক

প্রদেশ শাসনতান্ত্রিক ধাপে উঠার পর জাতীয় কংগ্রেস আহ্বান করে দেশের চরম শাসনতন্ত্র প্রণয়ন করা হবে। দেশে তখন নতুন জাতীয় গবর্ণমেণ্ট গঠন করা হবে। এই গবর্ণমেণ্ট পার্টির জাতীয় কংগ্রেসের কাছে দায়িত্বশীল না থেকে সমগ্র জাতির কংগ্রেসের নিকট দায়ী থাকবে।

১৯২৭ সনে রাষ্ট্রীয় ক্ষমতা লাভের পর জাতীয় গবর্ণমেণ্ট ডাঃ সুনের কার্যক্রমই অবলম্বন করেছে। ১৯৪৮ সনে সামরিক শাসনের যুগ অতিবাহিত হওয়ার পর পরবর্তী ছয় বছরের জন্য রাজনৈতিক অভিভাবকত্বের যুগ পত্তন করা হয়। ১৯৩১ সনের মে মাসে এক অস্থায়ী শাসনতন্ত্রও রচিত হয়। ১৯৩৪ সন থেকে খসড়া শাসন তন্ত্র রচনাও আরম্ভ হয়; ১৯৩৬ সনের ৫ই মে তারিখে জাতীয় গবর্ণমেণ্ট কর্তৃক উহা রীতিমত প্রবর্তিতও হয়; স্থির হয় যে, ১৯৩৭ সনের ১২ই নবেম্বর তারিখে জাতীয় কংগ্রেসে উহা অনুমোদন লাভ করবে। কিন্তু জাপ আক্রমন সমস্তই পণ্ড করেছে। যুদ্ধ বিরতি হওয়ার সঙ্গে সঙ্গে জাতি আবার প্রাথমিক সামরিক শাসনের যুগেই ফিরে গিয়েছে।

৯, পঞ্চানন ঘোষ লেনস্থ কলিকাতা ওরিয়েণ্টাল প্রেস হইতে শ্রীযোগেশচন্দ্র সরখেল কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

আর্থিক উন্নতি

কৃষি শিল্প বাণিজ্য ও ধনবিজ্ঞান বিষয়ক পত্রিকা

CALCUTTA UNIVERSITY CENTRAL LIBRARY

১৮শ বর্ষ | চৈত্র, ১৩৫০ | ১২শ সংখ্যা

বঙ্গেশ্বরী কটন মিল্‌স্ লিমিটেড
ম্যানেজিং ডিরেক্টর ডক্টর শ্রীযুক্ত নরেন্দ্রনাথ লাহা

বার্ষিক মূল্য ৩৲ টাকা (ডাক মাশুল ।৵০ আনা স্বতন্ত্র) প্রতি সংখ্যা ।০ আনা

সম্পাদক শ্রী বিনয়কুমার সরকার

ARTHIK UNNATI

(Economic Progress)

Established April, 1926

A monthly journal, in **Bengali**, on economics (theoretical and applied), the applications of industrial research and scientific inventions for social welfare and material progress.

The object of the journal is to function as an organ of banking, foreign trade, money market, insurance, industrialization, agricultural enterprises, railway and shipping economics, public finance, economic legislation, national health, technical education, rural reorganization, municipal administration and other civic interests.

Edited by Prof. Dr. Benoy Kumar Sarkar, *Vidya-vaibhava*

Section 1. deals with the *wealth of Bengal*, profession by profession. The data are furnished by the reports of correspondents specially employed for the purpose. The standard of life prevailing among cultivators, artisans, fishermen, boatmen, leather-workers, weavers, shopkeepers, merchants, land-owners, exporters, importers, industrial workers, sailors, clerks, directors and founders of modern industries, banks and other business establishments—all classes of the Bengali population,—is the main theme of these statistical and objective investigations.

Section 2. deals with agricultural, manufacturing and *commercial activities of India* (excluding Bengal, but including the Indian states).

Section 3. deals with the *economic developments of the world*. It seeks to interpret the movement in foreign finance, industries and commerce to the Indian businessmen and economists. India's opportunities for co-operation with foreigners in all spheres of international trade and investment constitute likewise a special subject of study. The facts of world-economy involving, as they do, the intimate interdependence of India and the other countries in regard to economic functions and material welfare are placed before the readers in the form of a regular news-service.

Section 4. deals with the movements and pronouncements of the world's prominent bankers, captains of industry, engineers, chemists, experts in technical, commercial and agricultural education, statisticians, economists, finance-ministers and so forth. The *programmes of learned societies*, businessmen's associations, and bankers' institutes etc. fall within this section.

Section 5. is given over to *interviews* with specialists on problems of applied economics and economic thought.

In all these sections *Arthik Unnati*, although a monthly, intends to acquire the dynamic character of a weekly or even a daily newspaper.

Special Features:

1. A tabular statement of the contents (with occasional synopsis) of the economic, financial, export-import, statistical and allied journals in the Indian and foreign languages including *French*, *German*, *Italian*, and whenever possible, *Russian*, *Japanese* and *Turkish*.
2. Review of books.
3. A serial announcement of Indian and foreign books on economics, banking, commerce, technical education and all other branches of material and social welfare.

N.B. About *fifty per cent* of the monthly devotes itself to **essays and discussions of permanent value** bearing on the methods and problems of the economic sciences. **Bengali translation** or summaries of the views and theories of foreign economists of the present or preceding generations form a marked characteristic of this journal.

Annual subscription Rs. 3/- (excluding postage).

Office: 9, Panchanan Ghose Lane (off Amherst Street), Calcutta.

Director

DR. NARENDRA NATH LAW

Managing Director, Dangeswari Cotton Mills, Ltd., Calcutta.

CONTENTS OF THE MARCH-APRIL NUMBER, 1944.

Section 1. Wealth of Bengal: Burdwan District Agricultural and Industrial Association. Sugar for Bengal. Rice Out-put of Bengal. Maternity and Child-Welfare. Help for the Destitute. Reports of Some Banks Working in Bengal. (pp. 263-265)

Section 2. Economic India: The Indian Banking Business. The India Mutual Provident Society Ltd. The New Business of Some Insurance Companies in 1943. Increased production of Sugarcane and Molasses. Demand for Indian Jute in America. The Central Government Budget. The Epic Success of the Oriental Life-office. The War-Insurance Fund. Compulsory Insurance in the State of Gwalior. The Final Forecaste of Jute. Wood-wealth of India. (pp. 266-269).

Section 3. World Economy: Production of Silver in America. Wheat-crops of Australia. The British Government Budget. Oil in Szechuan. The American Capital in Great Britain. Production of Gunny Sheets in East Africa. The War Budget of U. S. A. Cultivation of Soybean in U. S. A. Import of American Potatoes in China. Future of Sikang, the New Chinese Province. Manufacture of Microphone in China. A Plan for Motor-tyre Production. Wool out-put in South Africa. Production of Wool in Syria. Export of Wool from Uruguay. (pp. 270-272).

Section 4. Men, Institutions and Movements: A Constitutional Government for China. Help for the Poor Chinese Students. The Road-construction Plan for India. Death and Birth Rates of 1943. The Women Workers of America. The Demand of the American Working Class. (pp. 273-274).

Section 5. Interview: The Brahma Society and the Revolution in Bengal. (Conversation between Prof. Benoy Kumar Sarkar and Sj. Haridas Mukherjee.) (pp. 275-276).

Section 6. World of Journals: *International Labour Review*, July, 1943. Summarised. (pp. 277-278).

Section 7. Reviews: *Vaideshiki. Juddher Dukhsina. Juddha Jakhan Thambe.* (pp 279-280).

Section 8. Bibliography: p. 281.

Articles:

(1) Social Thoughts of Profulla Sarkar.
By Prof. Benoy Kumar Sarkar (pp. 282-285).

Economic Reconstruction.
By Mr. Kalipada Bhattacharyya. (pp. 285-286).

Works by and about BENOY SARKAR

B. K. SARKAR:

1. **Villages and Towns as Social Patterns.** Pages 704. Eight Charts. Rs. 15. (Royal).
2. **Economic Development.** Vol. I. Pages 464. Rs. 8. Vol. II. Pages 320, Nine Charts. Rs 6. (Demy).
3. **The Political Philosophies since 1906.** Vol. I. Pages 404. Rs. 4. (Crown). Vol. II. Pages 356, Rs. 5. Part II. Pages 570, Rs. 12. Part III. Pages 368. Rs. 8. (Demy).
4. **The Sociology of Races, Cultures and Human Progress.** Pages 410. Rs. 7. (Royal).
5. **Introduction to Hindu Positivism.** Pages 770. Rs. 16. (Royal).
6. **Creative India.** Pages 726. Rs. 15. (Demy).
7. **The Politics of Boundaries.** Pages 340. Rs. 2-8-0. (Crown).
8. **Social Insurance Legislation and Statistics.** Pages 470 Nine Charts. Rs. 8. (Demy).
9. **Imperial Preferences-vis-a-vis World-Economy.** Pages 172. Fifteen Charts. Rs. 5. (Royal).
10. **Indian Currency and Reserve Bank Problems.** Pages 94. Fourteen Charts. Rs. 3. (Royal).

S. C. DUTT: **Conflicting Tendencies in Indian Economic Thought.** (Sarkarism in Economics). Pages 234 Rs. 5. (Royal).

N. N. CHAUDHURY: **Pragmatism and Pioneering in Benoy Sarkar's Sociology and Economics.** Pages 152. Rs. 3. (Royal).

S. K. GHOSHAL: **Sarkarism** (The Ideas and Ideals of Benoy Sarkar on Man and His Conquests). Pages 60. Re. 1. (Royal)

S. DASS (and fourteen collaborators). **The Social and Economic Ideas of Benoy Sarkar.** Pages 600. Rs. 12. (Royal)

CHUCKERVERTTY CHATTERJEE & CO., LTD. 15 College Square, Calcutta.

ভবিষ্যতের দায়িত্ব

যুদ্ধকাল স্বচ্ছন্দ জীবনযাত্রা নির্ব্বাহের অনুকূল নহে—অনিশ্চয়তা ও অজ্ঞাত বিপদের আশঙ্কায় সকলেই এখন উদ্বিগ্ন। তবুও এই সঙ্কটের মধ্যেই ব্যক্তির ও জাতির ভবিষ্যৎ নিরাপত্তা সাধনের দায়িত্ব মানুষেরই হাতে; সে দায়িত্ব পালনের পক্ষে জীবন বীমা প্রধান সহায়ক, আর্থিক সংস্থান সাধনের প্রকৃষ্টতম উপায়।

স্বদেশী ভাবাদর্শে নিয়ন্ত্রিত ও পরিচালিত 'হিন্দুস্থান' বর্ত্তমানে দেশের চরম সঙ্কটের দিনেও জনসাধারণের, এমন কি এ-আর-পি কর্ম্মিগণের বিমান-আক্রমণ জনিত মৃত্যুর দায় পর্য্যন্ত অতিরিক্ত চাঁদা না নিয়াও গ্রহণ করিতেছে।

হিন্দুস্থানের বীমাপত্র গ্রহণ করিয়া নিজের ও পরিবারের আর্থিক সংস্থান করুন।

হিন্দুস্থান কো-অপারেটিভ

ইন্‌সিওরেন্স সোসাইটি, লিমিটেড্

হেড্ অফিস—হিন্দুস্থান বিল্ডিংস্ কলিকাতা

NEW ECONOMIC AND SOCIOLOGICAL WORKS

Labour Legislation in British India (Pankaj Mukherjee) Rs. 3/-
Conflicting Tendencies in Indian Economic Thought (Shib Dutt) Rs. 5/-
La Politica Finanziaria Britannica in India (Dr. Moni Moulik) Rs. 5/-
The Economics and Law of Central Banking (Prof. Sachin Dutt). Ans. -/8/-
The Messages of Dante (Prof. Subodh Ghoshal). Ans. -/4/-
The Social and Economic Ideas of Benoy Sarkar, Edited by Prof. Baneswar Dass with the collaboration of Fourteen Scholars and with a Foreword by Dr. Narendra Nath Law. Rs. 12/-
7. Economic Dialectics (Nagen Chaudhury). Rs. 2/-
8. Italian Economy and Culture (Dr. Moni Moulik). Rs. 3/-
9. Principles of Civics, Part I. (Prof. Sachin Dutt) Re. 1-4-0
10. Herder's Doctrine of National Soul (Ghoshal) Ans. -/4/-

CHUCKERVERTTY CHATTERJEE & Co. Ltd.
15, College Square, Calcutta.

সূচী

বাংলার সম্পদ্ঃ—বর্দ্ধমান জেলা কৃষি-শিল্প প্রতিষ্ঠান। বাংলা দেশের গুড় চিনি। বাংলার চাউল-সম্পদ। মাতৃ-মঙ্গল ও শিশু-কল্যাণ। দুঃস্থ সাহায্য। বাংলায় অবস্থিত ও কার্য্যরত কয়েকটি ব্যাঙ্কের বিবরণী। (২৬৩-২৬৪)

আর্থিক ভারতঃ—ভারতের ব্যাঙ্ক-ব্যবসায়। ইণ্ডিয়া মিউচুয়াল প্রভিডেণ্ট সোসাইটি লিঃ। ১৯৪৩ সনে কয়েকটি বীমা কোম্পানীর নূতন কাজের হিসাব। উচ্চ চাষ ও গুড়ের উৎপাদন বৃদ্ধি। আমেরিকায় ভারতীয় পাটের চাহিদা। কেন্দ্রীয় সরকারের বাজেট। ওরিয়েণ্টালের বিরাট সাফল্য। যুদ্ধ ঝুঁকি বীমা তহবিল। গোয়ালিয়র রাজ্যে বাধ্যতামূলক বীমা। পাট উৎপাদনের শেষ হিসাব। ভারতের কাষ্ঠ-সম্পদ্। (২৬৬-২৬৯)

দুনিয়ার ধনদৌলতঃ—আমেরিকায় বোমা উৎপাদন। অষ্ট্রেলিয়ার গোধূম-সম্পদ্। বৃটেনের সরকারী বাজেট। ছেচল্লিশের তৈল-সম্পদ্ বৃটেনে মার্কিণ পুঁজি। পূর্ব্ব আফ্রিকায় চট উৎপাদন। মার্কিণ যুক্তরাষ্ট্রের সামরিক বাজেট। মার্কিণ মুলুকে সপ্তাহিনের চাষ আবাদ। চীনে মার্কিণ আলু আমদানি। চীনের শিশু প্রদেশ সিকাঙ এর ভবিষ্যৎ। চীনে মাইক্রোফোন যন্ত্র তৈয়ারী। মোটর গাড়ীর টায়ার তৈয়ার পরিকল্পনা। দক্ষিণ আফ্রিকার পশম উৎপাদন। সিরিয়াজাত পশম। উরুগোয়ের পশম রপ্তানি। (২৭০-২৭২)

ব্যক্তি ও সঙ্ঘঃ—চীনের নিয়ন্ত্রাধিক গবর্ণমেণ্ট। চীনের দুর্গত ছাত্রদের সাহায্য। ভারতের রাস্তা তৈয়ারী পরিকল্পনা। ১৯৪৩ সনের জন্ম-মৃত্যুর হিসাব। আমেরিকায় মহিলা শ্রমিকের সংখ্যা। মার্কিণ শ্রমিকের দাবী। (২৭৩-২৭৪)

গোলাকাৎঃ—ব্রাহ্মসমাজ ও বঙ্গ-বিপ্লব। [অধ্যাপক বিনয়কুমার সরকারের সহিত শ্রীহরিদাস মুখোপাধ্যায়ের কথোপকথন] (২৭৪-২৭৬)

পত্রিকা-জগৎ ২৭৭

সমালোচনা ২৭৯

গ্রন্থপঞ্জী ২৮১

প্রবন্ধঃ

(১) সমাজ-চিন্তায় প্রফুল্ল সরকার
অধ্যাপক বিনয়কুমার সরকার

(২) আর্থিক পুনর্গঠন
শ্রীকালীপদ ভট্টাচার্য্য ২৮৫

বিনয় সরকারের বৈঠকে

(বিংশ শতাব্দীর বঙ্গ-সংস্কৃতি)

শ্রীহরিদাস মুখোপাধ্যায়

রামকৃষ্ণ-শাস্ত্রাত্মা, বঙ্গ-বিপ্লব, স্বদেশী আন্দোলন, ব্রহ্ম সোসাইটির সতীশ মুখোপাধ্যায়, অরবিন্দ-দর্শন, শিল্প-বাণিজ্যে বাঙালীর প্রগতি, মজুর-আন্দোলন, মেয়েদের পুরুষ-সাজা, "অবনীন্দ্র-মণ্ডল", লাঠি-সেনাপতি পুলিন দাশ, ব্রাহ্ম সমাজ, নজরুল ও অন্নদাশঙ্কর, বাংলার বৈজ্ঞানিক, ঐতিহাসিক ও দার্শনিক গবেষকগণ, রাবীন্দ্রিক ভগবান, গল্প-রচনায় বাঙালী মেজাজ, হিন্দু-মুসলমানের ধর্ম্ম-মিলন, গুরুসদয়ের নাচানাচি, সুরেন্দ্রনাথ হ'তে জানাপ্রসাদ, ১৯৮০ সনের বাঙালী ইত্যাদি বিষয়ে বিংশ শতাব্দীর বঙ্গ-সংস্কৃতি সম্বন্ধে অধ্যাপক বিনয়কুমার সরকারের সঙ্গে কথোপকথন। প্রশ্নোত্তরের আকারে লিখিত। ৪৯০ পৃষ্ঠা মূল্য ৫৲

বঙ্গীয় ধনবিজ্ঞান পরিষদ্ ও বঙ্গীয় সমাজ-বিজ্ঞান পরিষদের সুধীবর্গের লিখিত কয়েকখানি গ্রন্থ

১। একালের ধনদৌলত ও অর্থশাস্ত্র (বিনয় সরকার):—প্রথম ভাগ ২।০, দ্বিতীয় ভাগ ৩৲। ২। ধনদৌলতের রূপান্তর (বিনয় সরকার) ১৷০। ৩। পরিবার, পোষ্টী ও রাষ্ট্র (বিনয় সরকার) ২।০। ৪। স্বদেশী আন্দোলন ও সংরক্ষণনীতি (বিনয় সরকার) ২৲। ৫। নয়া বাঙলার গোড়াপত্তন (বিনয় সরকার):—প্রথম ভাগ ২।০, দ্বিতীয় ভাগ ২৲। ৬। বাড়তির পথে বাঙালী (বিনয় সরকার) ৩৷০। ৭। দেশ-বিদেশের ব্যাঙ্ক (ডক্টর নরেন্দ্রনাথ লাহা ও জিতেন সেনগুপ্ত) ১৸০। ৮। টাকাকড়ি (রবি ঘোষ) ১৷০। ৯। টাকার কথা (নরেন রায়) ১৲। ১০। ধনবিজ্ঞানে সাধুবেতি (শিব দত্ত) ২৲। ১১। বাংলার ধনবিজ্ঞান (বিনয় সরকার ও অন্যান্য লেখকগণ) প্রথম ভাগ ৪৲, দ্বিতীয় ভাগ ৩৲। ১২। সমাজ-বিজ্ঞান (বিনয় সরকার ও অন্যান্য লেখকগণ) ৩৲। ১৩। মার্কিণ সমাজ ও সমস্যা (নগেন চৌধুরী) ২৲। ১৪। ফরাসী মনীষীদের প্রগতি-দর্শন (প্রফুল্ল বিশ্বাস) ৷৷০।

চক্রবর্ত্তী চ্যাটার্জ্জি অ্যাণ্ড কোম্পানী লিমিটেড

১৫, কলেজ স্কোয়ার, কলিকাতা

আর্থিক উন্নতি

চৈত্র—১৩৫০ ১৮শ বর্ষ—১২শ সংখ্যা

অহমস্মি সহমান উত্তরো নাম ভূম্যাম্।
অভীষাড়স্মি বিশ্বাষাড়াশামাশাং বিষাসহি।

অথর্ববেদ ১২।১।৫৪

পরাক্রমের মূর্তি আমি,—'শ্রেষ্ঠতম' নামে আমায় জানে সবে ধরাতে;
জেতা আমি বিশ্বজয়ী,—জয় আমার দিকে দিকে বিজয়-কেতন উড়াতে।



বর্দ্ধমান জেলা কৃষি-শিল্প প্রতিষ্ঠান

বর্দ্ধমান জেলার কৃষির উন্নতি ও পল্লীশিল্পগুলির উন্নয়ন এবং নূতন কৃষি ও শিল্পের প্রবর্ত্তনের উদ্দেশ্য লইয়া 'বর্দ্ধমান জেলা কৃষি-শিল্প প্রতিষ্ঠান' গঠিত হইয়াছে। প্রতিষ্ঠান বিভিন্ন বন্য বন্যা ও দুর্ভিক্ষ সাহায্য সমিতির পৃষ্ঠপোষকতায় জেলার বিভিন্ন স্থানে দুস্থ চাষীদের মধ্যে ৫০৲ মণ গম বীজ অর্দ্ধমূল্যে এবং বিভিন্ন প্রকারের রবিশস্যের বীজ বিনামূল্যে বিতরণ করিয়াছেন এবং আশানুরূপ ফল পাইয়াছেন। সম্প্রতি বিভিন্ন স্থানে অর্দ্ধেকমূল্যে ও বিনামূল্যে তিলবীজ বিতরণ করা হইতেছে। কাটোয়া ও কালনা মহকুমার খড়িনদীর মাঝে বাঁধ বাঁধিয়া মাঝে মাঝে বোরো ধানের আবাদ হয়। প্রতিষ্ঠান ধেনুয়া ও শীলার বাঁধ বাঁধিয়া বহু-শস্য জমিতে আবাদের ব্যবস্থা করিয়াছেন এবং ফলও ভাল হইয়াছে। আগুরীগ্রামে একটি পাম্প-বাঁধা কার্য্যে হাত দেওয়া হইয়াছে। ঐ বাঁধের ফলে প্রায় ২০০০ বিঘা জমিতে স্থায়ীভাবে বোরো ও বেটেরা ধান্য এবং রবি-শস্যাদি প্রচুর পরিমাণে হইবে। রায়না থানার দামুন্যা গ্রামে বোরো ধান্যের আবাদ নূতনভাবে আরম্ভ হইয়াছে। কালনা মহকুমার দামোদর বন্যা-বিধ্বস্ত মধ্যমগ্রাম অঞ্চলে ও ইন্দ্রপুর কেন্দ্রের অধীনস্থ গ্রাম সমূহেও এবার নূতনভাবে বোরো ধান্যের চাষ করা হইয়াছে এবং ফল ভালই হইয়াছে।

জেলার বিভিন্ন অঞ্চলে ৬টি ধানের বাঁধ বাঁধিয়া দিয়া নূতন ভাবে গম, বড় পেঁয়াজ ও অন্যান্য রবিশস্যের চাষের সুবিধা করিয়া দেওয়া হইয়াছে। প্রতিষ্ঠান খাঁড়গাম কেন্দ্র হইতে মেমারী থানার ৪টি ধানের বাঁধ বাঁধিয়া দিবার সঙ্কল্প করিয়াছেন।

বন্যার জন্য যে সমস্ত অঞ্চলে এবার শস্য হয় নাই সেই স্থানে বেটেরা ধান্য চাষের প্রচলন করা হইতেছে। এই

ধান্ত চৈত্রের শেষে বপন করিলে আষাঢ়ের প্রথমে পাকিয়া যায়। ৬০ দিনে ফসল হয় এইজন্ত ইহাকে ষেটেরা ধান্ত বলে। প্রতিষ্ঠান এই ধানের বীজ অর্দ্ধমূল্যে বিতরণের ব্যবস্থা করিয়াছেন।

শিল্পের দিক হইতে কেতুগ্রাম থানার মাহুন্দীতে চরকা কেন্দ্র করা হইয়াছে। কাটোয়া থানার পলসোনা গ্রামেও চরকার কাজ আরম্ভ করা হইয়াছে। উক্ত গ্রামে তাঁতীদিগকে অল্পমূল্যে সিলের সূতা সাহায্য করিয়া এবং জামালপুর থানার গুড়েঘরে মুদ্রণ দিয়া বয়ন কেন্দ্র আরম্ভ করা হইয়াছে। ইন্দ্রপুরে ষেটের সূতা কাটিবার প্রবর্ত্তন করা হইয়াছে। কেতুগ্রাম থানার মাহুন্দী, কালনা থানার ইন্দ্রপুর, জামালপুর থানার শ্রীকৃষ্ণপুর ও খণ্ডঘোষ থানার কুলে গ্রামে খাদিশালা কেন্দ্র করিয়া কাজ দিয়া বহু হিন্দু মুসলমান দুস্থা নারীকে সাহায্য দেওয়া হইতেছে। শীঘ্র আরও তিনটি কেন্দ্রে কার্য্য আরম্ভ করিবার ব্যবস্থা হইতেছে। মঙ্গলকোট থানার বাজার বন কাপাসিতে সোলা শিল্পের কেন্দ্র করা হইতেছে। প্রতিষ্ঠান মন্তেশ্বর কেন্দ্রের অধীন বাষাসনের শাঁখা শিল্প, পূর্ব্বস্থলী থানার যোগাড়িয়ার মাদুর শিল্প ও কৃষ্ণপুরের ছুরি কাঁচি শিল্পের উন্নয়নের জন্ত এবং আরও কয়েকটি স্থানে বয়ন কেন্দ্র স্থাপনের চেষ্টা করিতেছেন।

বাংলা দেশের জন্ত চিনি

বাংলা দেশের জন্ত চিনির পরিমাণ আরও বাড়াইয়া দিবার জন্ত অনুরোধ হওয়ায়, কেন্দ্রীয় খাদ্য-বিভাগ উহার বরাদ্দ ১ লক্ষ ৩২ হাজার টন হইতে বাড়াইয়া ১ লক্ষ ৪০ হাজার টন মঞ্জুর করিয়াছেন। ইহার মধ্যে, বাংলা দেশে উৎপন্ন চিনি ১০ হাজার টন পরিমাণ থাকিবে। গুড়ের বরাদ্দও ৩৭ হাজার টন হইতে বাড়াইয়া ৬০ হাজার টন মঞ্জুর করা হইয়াছে।

বাংলার চাউল সম্পদ

এইরূপ অনুমান করা হইয়াছে যে এই বৎসর (১৯৪৩-৪৪) বাংলার আমন ধানের ফলন স্বাভাবিক ফলনের তুলনায় শতকরা ১০৩ ভাগ বেশী হইয়াছে। গত বৎসর এই ফসলের ফলন ছিল স্বাভাবিক উৎপাদনের শতকরা মাত্র ৬৮ ভাগ। বাংলা সরকারের কৃষিবিভাগ কর্ত্তৃক প্রচারিত চাউলের ফলন সম্পর্কিত তৃতীয় এবং শেষ পূর্ব্বাভাষে এই হিসাব প্রদত্ত হইয়াছে। সাতটি জেলায় অতিরিক্ত এবং অন্যান্য জেলায় ষোল আনা ফলন হইয়াছে।

মাতৃ-মঙ্গল ও শিশু-কল্যাণ

বর্ত্তমান আর্থিক বৎসরের জন্ত বাংলা গভর্ণমেণ্ট নিম্নলিখিত খাতগুলি মঞ্জুর করিয়াছে :—

মফঃস্বল সহরে স্বাস্থ্য ও শিশুকল্যাণ সমিতি পরিচালনা করার জন্ত ৬,০০০ টাকা; বরিশাল শিশু-কল্যাণ কেন্দ্রের ব্যয় নির্ব্বাহের জন্ত ১,৫০০ টাকা, রামকৃষ্ণ শিশুমঙ্গল প্রতিষ্ঠানের পোষকতার জন্ত ১,৫০০ টাকা এবং ইণ্ডিয়ান রেডক্রস সোসাইটির প্রাদেশিক শাখা কর্ত্তৃক প্রতিষ্ঠিত বেঙ্গল হেল্থ ওয়েলফেয়ার কমিটিকে প্রতি জেলায় মাতৃ-মঙ্গল ও শিশুকল্যাণ কার্য্য পরিচালনার জন্ত ২,৫০০ টাকা।

দুগ্ধ সাহায্য

১৯৪৩-৪৪ সনে কৃষ্ণনগর সদর মহকুমায় ১২৩০০০৲ টাকা কৃষি ঋণ সরকার হইতে প্রদান করা হইয়াছে এবং গত জুলাই মাস হইতে ডিসেম্বর পর্য্যন্ত এই ছয় মাসে এই মহকুমার লঙ্গরখানা হইতে দৈনিক গড়ে ৪,০০০ দুস্থ লোকদের আহার দেওয়া হইয়াছে এবং সরকার গড়ে ২০৮০ লোককে চাউল আটা প্রভৃতি সাহায্য হিসাবে প্রদান করিয়াছেন। ইহা সরকারী সংবাদে প্রকাশ হইয়াছে।

বাংলায় অবস্থিত ও কার্য্যরত কয়েকটি ব্যাঙ্কের বিবরণী

বেঙ্গল সেণ্ট্রাল ব্যাঙ্ক লিঃ—হেড অফিস ও রেজিষ্টার্ড অফিস কলিকাতা। শাখাসমূহ মোট ২২টি; শ্যামবাজার, মাণিকতলা, জোড়াসাঁকো, ছারিসন রোড, বহুবাজার, ভবানীপুর, হুগলী, শালকিয়া, ঢাকা, রংপুর, বগুড়া,

বহরমপুর (মুর্শিদাবাদ), পাবনা, গাইবান্ধা, বাঁকুড়া' রাঁচি, হাজারীবাগ, কোডারমা, কৃষ্ণনগর (নদীয়া), নবদ্বীপ, নারায়ণগঞ্জ ও শিরিডি। মূলধন—অনুমোদিত ১,০০,০০,০০০৲; বিলিকৃত ৫০,০০,০০০৲; বিক্রীত ৫০,০০,০০০৲; আদায়ীকৃত (অগ্রিম কলসহ) ২৮,০০,০০০৲। কার্য্যকরী তহবিল—৪,০০,০০,০০০৲। রিজার্ভ তহবিল—৪,০০,০০০৲। ১৯৪০ ও ১৯৪১ সালের প্রতি বর্ষে ৫% ও ১৯৫২ সালে ১০%লভ্যাংশ ঘোষিত। সুদের হার—চল্‌তি ।০, সেভিংস্ ১½%, স্থায়ী আমানত ন্যূনতম ২½%। রিজার্ভ ব্যাঙ্কের তালিকাভুক্ত। (হিসাব ৩১শে জানুয়ারী ১৯৪৪ পর্য্যন্ত)

ব্যাঙ্ক অব ক্যালকাটা লিঃ—হেড অফিস ও রেজিষ্টার্ড অফিস—কলিকাতা। শাখাসমূহ মোট ১৯টি—ঢাকা, নারায়ণগঞ্জ, শিমুলিয়া, নীলফামারী, জোয়ার, মালদহ, আমালপুর (মুঙ্গের), শান্তিপুর, কৃষ্ণনগর, মেদিনীপুর, আনন্দপুর, বালিচক, তমলুক, কোলাঘাট, চাকুরিয়া, বালেশ্বর, পুরী ও বেরিলী; সাব অফিস—কর্ণেলগোলা। মূলধন—অনুমোদিত ১০,০০,০০০৲; বিলিকৃত ১০,০০,০০০৲; বিক্রীত ৮,৫৮,৬২৫৲; আদায়ীকৃত ৪,৫৫,৬১৫৲। কার্য্যকরী তহবিল—৪৬,০০,০০০৲। রিজার্ভ তহবিল—১০, ০০৲। ১৯৪২ সনে ৫% ও ১৯৪৩ সনে ৬% লভ্যাংশ ঘোষিত। সুদের হার—চল্‌তি ১%, সেভিংস্ ২½%, স্থায়ী আমানত ৪%। (হিসাব ৩১শে ডিসেম্বর ১৯৪৩ পর্য্যন্ত)

সিটাডেল ব্যাঙ্ক লিঃ—হেড অফিস ও রেজিষ্টার্ড অফিস—কলিকাতা। শাখাসমূহ মোট ৩টী; বড়বাজার (কলিকাতা), বর্দ্ধমান ও উত্তরপাড়া। মূলধন—অনুমোদিত ১,০০,০০,০০০৲; বিলিকৃত ২৫,০০,০০০৲; বিক্রীত ২১,৩৫০৲ আদায়ীকৃত ২৫,৫৩৫৲। কার্য্যকরী তহবিল—৩,৬৭,৯৮২৲—১ পাই। রিজার্ভ তহবিল—শূন্য। সুদের হার—চল্‌তি ১%, সেভিংস্ ২%, স্থায়ী আমানত ৩½%—৪½%। (হিসাব ৩১শে ডিসেম্বর ১৯৪৩ পর্য্যন্ত

সিটি ব্যাঙ্ক লিঃ—হেড অফিস ও রেজিষ্টার্ড অফিস—কলিকাতা। শাখা ১টি—ময়মনসিংহ। মূলধন—অনুমোদিত ১০,০০,০০০৲; বিলিকৃত ২,০০,০০০৲; বিক্রীত ২,০০,০০০৲; আদায়ীকৃত প্রায় এক লক্ষ (সঠিক হিসাব নাই)। কার্য্যকরী তহবিল—প্রায় ১০,০০,০০০৲ (সঠিক হিসাব নাই)। রিজার্ভ তহবিল—৫১৫।/০ আনা; গভর্ণমেণ্ট সিকিউরিটিসমূহ ২২৮২৲। ১৯২০ সালে প্রতিষ্ঠাবধি ১৯৪১ সাল পর্য্যন্ত মোট ১২১% লভ্যাংশ প্রদত্ত। সুদের হার—চল্‌তি ।০%; সেভিংস্ ৩%; স্থায়ী আমানত ৩½%—৪½%। (হিসাব ২২শে ফেব্রুয়ারী ১৯৩৪ পর্য্যন্ত)

ভারতের ব্যাঙ্ক ব্যবসায়

ভারতের ব্যাঙ্ক ব্যবসায়কে নিম্নলিখিত পাঁচটা বিভাগে ভাগ করা যাইতে পারে—

(১) কো-অপারেটিভ্ ও জমি-বন্ধকী ব্যাঙ্ক (লোন অফিস সহ)।

(২) কমার্সিয়াল ব্যাঙ্ক।

(৩) এক্সচেঞ্জ ব্যাঙ্ক।

(৪) ইন্ডিস্ট্রিয়াল ব্যাঙ্ক।

(৫) রিজার্ভ ব্যাঙ্ক।

সমবায় ব্যাঙ্ক ব্যবসায়

ভারতবর্ষে কো-অপারেটিভ্ বা সমবায় ব্যাঙ্ক ব্যবসায় যে কিরূপ উন্নতি লাভ করিয়াছে তাহা ১৯৩৬-৩৭ সনের নিম্নলিখিত হিসাবে থেকে বেশ বোঝা যাইবে—

কৃষি সমবায় ঋণদান সমিতির সংখ্যা

অন্যান্য সমবায় ঋণদান সমিতির সংখ্যা

সমবায় ব্যাঙ্কের (৫ লাখ টাকা বা তদতিরিক্ত পুঁজি ও মজুত তহবিলসহ) সংখ্যা

সমবায় ব্যাঙ্ক (১ হইতে ৫ লাখ টাকা পর্যন্ত পুঁজি ও রিজার্ভসহ)

মোট কার্যকরী মূলধন কোটী টাকা

জমি বন্ধকী ব্যাঙ্ক

সমবায় বা আধা-সমবায় ভিত্তিতে গঠিত এই সমস্ত ব্যাঙ্ক কৃষকদিগকে দীর্ঘ মেয়াদী কর্জ দাদন করে। ভারতবর্ষে এই শ্রেণীর ব্যাঙ্ক ব্যবসায়ে মাদ্রাজের স্থানই সকলের উপরে। কতকগুলি প্রদেশে জমি বন্ধকী ব্যাঙ্ক আদৌ স্থাপিত হয় নাই। নিম্নের তালিকা হইতে বিভিন্ন প্রদেশের অবস্থা বেশ বোঝা যাইবে।

প্রদেশ	ব্যাঙ্কের সংখ্যা	কার্যকরী মূলধন (লক্ষ টাকা)
মাদ্রাজ		৮৩
পাঞ্জাব		২১
বোম্বাই		
মধ্যপ্রদেশ		
বাংলা		
যুক্তপ্রদেশ		
আসাম		

কমার্সিয়াল ব্যাঙ্কিং

গত ৪০ বৎসরের মধ্যে ভারতের যৌথ ব্যাঙ্কগুলি বেশ কিছু উন্নতি করিয়াছে। নিম্নের মাপজোকের (১৯৪১) প্রতি দৃষ্টিপাত করলেই তা বেশ বোঝা যাইবে।

	ব্যাঙ্কের সংখ্যা	মূলধন ও রিজার্ভ (লাখ টাকায়)	গচ্ছিত অর্থ (লাখ টাকায়)
১৯০০	৯	১২৭	৮০৭
১৯১০	১৬	৩১৬	২,৫৬৫
১৯২০	২৫	১,০৩২	৭,১১৪
১৯৩০	৩১	১,১৯০	৬,৩২৫
১৯৪০	৫৮	১,৪৬৫	১,১৩,৮৪৮

উপরের তালিকায় ৫ লাখ টাকার উপর মূলধন ও রিজার্ভযুক্ত ব্যাঙ্কের হিসাব দেওয়া হইল। ১ লাখ হইতে ৫ লাখ টাকার মধ্যে মূলধন ও রিজার্ভযুক্ত ব্যাঙ্কগুলাও যে রীতিমত উন্নতি করিয়াছে, তাহা নিম্নের মাপজোক থেকে বেশ উপলব্ধি হইবে :—

	ব্যাঙ্কের সংখ্যা	মূলধন ও রিজার্ভ (লক্ষ টাকা)	গচ্ছিত অর্থ (লক্ষ টাকা)
	৩৩	৮১	২৮৩
	৪৭	১৪০	৪৩৯
১৯৪০	১২২	২৪৩	১১,০৩০

উপরের এই সমস্ত মাপজোক হইতে স্পষ্টই বোঝা যায় যে, ভারতে কমার্সিয়াল ব্যাঙ্ক ব্যবসায় রীতিমত উন্নতির পথেই অগ্রসর হইয়াছে। কিন্তু এদিক দিয়া আরও অনেক কিছু করণীয় রহিয়াছে। কারণ ভারতের মোট ২৫,০০০ সহরের মধ্যে মাত্র ৫০০টী সহরে ব্যাঙ্ক বা ব্যাঙ্কশাখার অস্তিত্ব দেখা যায়। ১৯৩৬ সনে ভারতে ব্যাঙ্কিং অফিসের সংখ্যা মাত্র ১৪৪৬টী; পক্ষান্তরে মার্কিণ যুক্তরাষ্ট্রে এইগুলির সংখ্যা ২৫,০০০, বিলাতে ১৩,৪০০, ফ্রান্সে ৪৫,০০০, জার্মানিতে ২৬,০০ এবং বেলজিয়ামে ১৪,০০।

লোন অফিস

ভারতবর্ষে লোন অফিসের সংখ্যা এক হাজারের উপর এবং এইগুলির কার্য্যকরী মূলধন প্রায় ৯ কোটী টাকা। প্রত্যেকটির প্রাপ্ত মূলধন প্রায়ই এক লাখ টাকার নীচে। মধ্যবিত্ত সম্প্রদায়ের গচ্ছিত অর্থের উপরেই মোটের উপর এইগুলি নির্ভর করে।

এক্সচেঞ্জ ব্যাঙ্ক

এক্সচেঞ্জ ব্যাঙ্কগুলির হেড্ অফিস ভারতের বাহিরে অবস্থিত। ভারতের বহির্ব্বাণিজ্য এইগুলার মুঠার মধ্যে। উত্তর-পশ্চিমের আভ্যন্তরীণ ব্যবসা-বাণিজ্যের উপরেও এইগুলার প্রভাব অত্যন্ত বেশী। দিল্লী ও অমৃতসরের বস্ত্র ব্যবসায়, কানপুরের চামড়ার ব্যবসা আর বাংলার পাটের ব্যবসায় প্রধানতঃ এই সমস্ত ব্যাঙ্কের পুঁজিপাট্টায় পরিচালিত হয়। এইগুলির লভ্যাংশের হারও অনেক বেশী; তবে ১৯৩০ সনের পর লভ্যাংশের হার কিছু কমিয়াছে।

ইম্পিরিয়্যাল ব্যাঙ্ক

ইম্পিরিয়্যাল ব্যাঙ্কের অনুমোদিত মূলধনের পরিমাণ ১১½ কোটী টাকা; তন্মধ্যে অর্দ্ধেক প্রায় মূলধন। রিজার্ভ ফাণ্ডের পরিমাণ ৫ কোটী ৫৮ লক্ষ টাকা। ১৯৩৫ সনে রিজার্ভ ব্যাঙ্ক স্থাপিত হওয়ার পর ইহা সরকারী ব্যাঙ্করূপে আর গণ্য না হইলেও নানা স্থানে রিজার্ভ ব্যাঙ্কের একমাত্র এজেন্টরূপে কার্য্য পরিচালন করে।

রিজার্ভ ব্যাঙ্ক

দেশের ক্রেডিট ও কারেন্সী নিয়ন্ত্রনের উদ্দেশ্যে এই কেন্দ্রীয় ব্যাঙ্ক প্রতিষ্ঠানটী কায়েম করা হইয়াছে। (১) নোট বাহির করা, (২) ব্যাঙ্কারদের ব্যাঙ্করূপে কাজ করা, আর (৩) সরকারী ব্যাঙ্করূপে কাজ করা এই ব্যাঙ্কের একমাত্র দায়ভার পরিণত।

ইণ্ডিয়া মিউচুয়েল প্রভিডেণ্ট সোসাইটি লিঃ

ইণ্ডিয়া মিউচুয়েল প্রভিডেণ্ট সোসাইটি লিমিটেডের গত ১৯৪৩ সনের ৩১শে ডিসেম্বর পর্য্যন্ত এক বৎসরের কার্য্যবিবরণী ও আয় ব্যয়ের হিসাব প্রকাশিত হইয়াছে। কোম্পানী আলোচ্য বৎসরে ৩, ৩৬, ৭৪০৲ টাকা মূল্যের ৬২৬ খানি প্রস্তাব পাইয়াছিলেন, তন্মধ্যে ৩,০০১৫৲ মূল্যের ৬২২ খানি প্রস্তাব অনুমোদিত ও গৃহীত হয়। গত বৎসরে নূতন বীমার পরিমাণ ছিল ২,৫৮,১৭৫৲ টাকা।

আলোচ্য বৎসরে প্রিমিয়াম বাবদ আয় দাঁড়াইয়াছে ৮১,০২৫ টাকা ১৪ আনা, সেই তুলনায় গত বৎসর ছিল ৬০, ১৭৫ টাকা ১ আনা। কোম্পানী প্রিমিয়াম ও অন্যান্য খাতে মোট ৬৫, ৪৯২ টাকা ১১ আনা ৯ পাই জমা করিয়াছেন এবং বীমা তহবিল ব্যতিরেকে বিভিন্ন খাতে ২৫, ৯৫৭ টাকা ৩ পাই ব্যয় করিয়াছেন; তন্মধ্যে অপ্রদত্ত বীমার দাবীপূরণ বাতীত প্রকৃতপক্ষে ১,২৩০ টাকা ১৩ আনা মাত্র বীমার দাবীপূরণ বাবদ, ম্যানেজিং ডাইরেক্টরের পারিশ্রমিক ও কর্ম্মচারীদের বেতন বাবদ ১,৩৬৮৲ টাকা ১১ আনা ৬ পাই; এজেন্টদের কমিশন বাবদ ৫,১১৩ টাকা ৩ পাই ও বিজ্ঞাপন বাবদ ১৭০২৲ টাকা ১ আনা উল্লেখযোগ্য। কোম্পানীর মোট ব্যয় প্রিমিয়াম আয়ের শতকরা ২৫ ভাগের মধ্যেই রহিয়াছে।

আলোচ্য বিবরণীতে দাদন বকায় দেখা যায়, বীমা-তহবিলের মোট অর্থ ১,২১,৪২২ টাকা ১২ আনা ৫ পাই এর মধ্যে ; ৫৯,৯৫৩৲ টাকা গভর্ণমেণ্ট সিকিউরিটীসমূহে লগ্নী করা রহিয়াছে এবং ৭,২৩০৲ টাকা ৮ আনা বীমাকারীদের ঋণস্বরূপ প্রদত্ত হইয়াছে। অবশিষ্ট ২৪,৪৮৯৲ টাকা ৮ আনা কয়েকটি স্বদেশী কোম্পানীর বাজার চল্‌তি শেয়ারে লগ্নী করা হইয়াছে। ইণ্ডিয়া কর্পোরেশন অব বেঙ্গল লিমিটেডের শেয়ারে লগ্নীকৃত অর্থের জন্য বাজার দরে তেজী-মন্দার সংরক্ষণ তহবিল নাই ; বকেয়া বিল খাতে ৩৫০০৲ টাকা দেখানো হইয়াছে। কোম্পানীর বীমা তহবিল গত বৎসরে ৯৫,৩৬৪৲ টাকা ১২ আনা ২ পাই হইতে বৃদ্ধি পাইয়া ১,২১,৪২২৲ টাকা ১২ আনা ৫ পাইতে দাঁড়াইয়াছে, উহার মধ্যে পলিসি-প্রত্যর্পনের এবং দাদন ও ব্যাঙ্কে গচ্ছিত অর্থ বাবদ ২১,৭৫০৲ টাকার মধ্যে অবশিষ্ট ২৯,৬৭২৲ টাকা ১২ আনা ৫ পাই (ব্যাঙ্কে নগদ ও ডাক টিকিটে মজুত মোট অর্থ ৬,০৮৬৲ টাকা ১৫ আনা ৫ পাই বাদে)।

১৯৪৩ সনে কয়েকটি বীমা কোম্পানীর নূতন কাজের হিসাব

হিন্দুস্থান কো-অপারেটিভ্ ইন্‌সিওরেন্স সোসাইটি লিঃ ৫ কোটি টাকার বীমা সংগ্রহ করিতে সমর্থ হইয়াছেন। ১৯৪২ সনে তাঁহাদের কার্য্যের পরিমাণ ছিল প্রায় তিন কোটি টাকা।

লক্ষ্মী ইন্‌সিওরেন্স কোম্পানী লিমিটেডের সংগৃহীত বীমার পরিমাণ ২ কোটি ২০ লক্ষেরও উর্দ্ধে উঠিয়াছে—গত বৎসরের অপেক্ষা শতকরা ৭৩ ভাগ বেশী।

ভাগ্যলক্ষ্মী ইন্‌সিওরেন্স লিঃ ১৭,১৭,০৫৫৲ টাকার ৭৩২ খানি প্রস্তাব প্রাপ্ত হন, তন্মধ্যে ১৫,০১,৭১০৲ টাকার ৬৪৪খানি প্রস্তাব অনুমোদিত ও গৃহীত হইয়াছে। ১৯৪২ সালে তাঁহাদের কার্য্যের পরিমাণ ছিল ১৩,৭৮,৮০০৲ টাকা।

হাওড়া ইন্‌সিয়রেন্স কোম্পানী তাঁহাদের কার্য্যের প্রথম বৎসরেই ১৩,৪৮,০০০৲ মূল্যের ৫০০ খানি প্রস্তাব প্রাপ্ত হ'ন, তন্মধ্যে ১২,০৯,০০০৲ মূল্যের ৪৮৬ খানি প্রস্তাব গৃহীত ও পলিসি ইস্যু হয়। ইহা ব্যতীত তাঁহারা কিস্তিবন্দি ৪৮,০০০৲ টাকার এ্যানুইটি সংগ্রহ করিতে সমর্থ হইয়াছেন।

ইষ্ট ইণ্ডিয়া ইন্‌সিওরেন্স কোম্পানী লিমিটেডের সংগৃহীত বীমার পরিমাণ দাঁড়াইয়াছে ২,৭৬,৫০০৲ টাকা ; এতদ্ব্যতীত ইহাই তাঁহাদের সংগৃহীত সর্ব্বোচ্চ পরিমাণ বীমা কার্য্য।

ইক্ষু চাষ ও গুড়ের উৎপাদন বৃদ্ধি

ব্যবসায় বাণিজ্যের সংবাদ সরবরাহ বিভাগ নিখিল ভারতীয় ইক্ষু চাষের ১৯৪৩-৪৪ সনের শেষ পূর্ব্বাভাষে জানাইয়াছেন যে, এই বৎসর ৪১১৩০০০ একর জমিতে ইক্ষুর চাষ হইয়াছে এবং ৫৬২৮০০০ টন গুড় উৎপন্ন হইয়াছে। পূর্ব্ববর্ত্তী বৎসরের তুলনায় চাষের ভূমি ও গুড়ের উৎপাদন যথাক্রমে শতকরা ১৫ ভাগ ও ১২ ভাগ বৃদ্ধি পাইয়াছে।

আমেরিকায় ভারতীয় পাটের চাহিদা

মার্কিণ যুক্তরাষ্ট্রের সামরিক উৎপাদন বোর্ড ঘোষণা করিয়াছে যে, কলিকাতা হইতে পাট ক্রয়ের কথাবার্ত্তা শেষ হইয়াছে। এই পাট জুবার ও সোটেরিয়োর পুনরায় বিক্রয় করা হইবে। ইহা হইতে চিনি প্যাক করার থলিয়া প্রস্তুত হইবে। প্রয়োজনের উপযোগী শতকরা ৫০ ভাগ পাট এখনই ক্রয় করা হইবে। বাকী পাট ক্রয় করা হইবে চিনির মওসুমে, মে ও জুন মাসে। এই সময় পরবর্ত্তী বৎসরের চাহিদাও স্থির করা হইবে।

থলিয়ার উপযোগী তন্তু সংগ্রহের জন্য মার্কিণ যুক্তরাষ্ট্র ও ল্যাটিন আমেরিকার এক জাতীয় আনারসের আবাদ করা হয়। কিন্তু এ-পর্য্যন্ত চাহিদা পূরণের পক্ষে উৎপাদন নিতান্ত কমই দাঁড়াইয়াছে।

কেন্দ্রীয় সরকারের বাজেট্

ভারত সরকারের ১৯৪৪-৪৫ সালের বাজেট অর্থসচিব স্যার জেরেমি রেইসম্যান গত ২৯শে ফেব্রুয়ারী কেন্দ্রীয়

ব্যবস্থা পরিষদে পেশ করিয়াছেন। ব্যক্তিগত সর্ব্বনিম্ন আয় যাহার উপর কর ধার্য্য করা হইবে তাহা ১৫০০৲ টাকা হইতে পুনরায় ২০০০৲তে উঠাইয়া লওয়া হইয়াছে এবং বীমা কোম্পানীসমূহের প্রদেয় কর হ্রাস সাধন করিয়া টাকায় ৬৩ পাই হিসাবে সীমাবদ্ধ করা হইয়াছে। বাজেটের অন্যান্য প্রস্তাবগুলি সংক্ষেপে নিম্নে প্রদত্ত হইল :—

(১) ১০ হাজার টাকার অধিক আয়ের উপর দার-চার্জ্জের হার বৃদ্ধিপ্রাপ্ত হইবে।

(২) তামাকের উৎপাদন-শুল্ক বৃদ্ধি করিয়া ১০ কোটি টাকা নূতন আয়ের ব্যবস্থা করা হইবে।

(৩) 'কর্পোরেশন ট্যাক্স' এক আনা হইতে বাড়াইয়া তিন আনা করা হইবে।

(৪) অতিরিক্ত লাভকরের বর্ত্তমান হারের (শতকরা ৬৩৲ টাকা) কোনও পরিবর্ত্তন হয় নাই, তবে ব্যবসা-মূলক জমার পরিমাণ টাকা প্রতি আরও ১৯ পাই বাড়ানো হইয়াছে।

ওরিয়েণ্টালের বিরাট সাফল্য

ওরিয়েণ্টাল গবর্ণমেণ্ট সিকিউরিটি লাইফ এ্যাস্যুরেন্স কোং ১৯৪৩ সালে ১৫ কোটির অধিক টাকার নূতন বীমা পত্র বিক্রয় করিয়াছেন। এই সংখ্যা পূর্ব্ব বৎসর অপেক্ষা ৫১ কোটি অধিক।

যুদ্ধ ঝুঁকি (মাল) বীমা তহবিল

যুদ্ধ-ঝুঁকি (মাল) বীমা তহবিলের আয় ব্যয় সম্বন্ধে সম্প্রতি কেন্দ্রীয় সরকার ৩০শে সেপ্টেম্বর যে বৎসর শেষ হইয়াছে তাহার যে হিসাব বাহির করিয়াছেন তাহাতে দেখা যায় : আয় (প্রিমিয়াম আয় সহ)—১১,৮৬,৮৭,৪৮২ ৷৹ এবং বিবিধ আয় ২৮৮৬৷৶০, মোট—১১,৮৬,২০,৩১৮ ৸৶০, ব্যয় মোট—১৩,৪৩,৫১৬৷৶০ ।

গোয়ালিয়র রাজ্যে বাধ্যতামূলক বীমা

গোয়ালিয়রের মহারাজা সকল সরকারী কার্য্যে নিযুক্ত কর্ম্মচারীগণের জন্য বাধ্যতামূলক বীমার পরিকল্পনায় সম্মতি প্রদান করিয়াছেন। এই সংক্রান্ত নিয়মাবলী প্রণয়নের জন্য একটি কমিটি নিযুক্ত হইয়াছে।

পাট উৎপাদনের শেষ হিসাব

বাংলা, বিহার, উড়িষ্যা ও আসাম এবং কুচবিহার ও পার্ব্বত্য ত্রিপুরার ১৯৪৩ সনে উৎপন্ন পাটের শেষ হিসাব পাওয়া গিয়াছে। শেষ পূর্ব্বাভাষ ছিল ৯৯ লক্ষ ৪৯ হাজার ২৪৪ গাঁট, কিন্তু উৎপাদনের পরিবর্দ্ধিত হিসাবে ৬৯ লক্ষ ৪০ হাজার ৫৪০ গাঁট দেখা যাইতেছে। মোট ঘাটতি—৮ হাজার ৭ শত ৬ গাঁট। মোট বত্ত জমিতে পাট চাষ হইয়াছে বলিয়া ধরা হইয়াছিল, তাহা ঠিকই আছে।

ভারতের কাষ্ঠ-সম্পদ

ভারতের সরকারী বন-বিভাগ বেসামরিক চাহিদা ছাড়া বৎসরে সেনা বিভাগকে প্রায় ১০ লক্ষ টন কাঠ সরবরাহ করিতেছে। ১০ লক্ষ টন কাঠ লম্বালম্বি ভাবে সাজাইলে পৃথিবীর চারিদিকে বিষুবরেখা বরাবর ১০ ফুট প্রশস্ত একটি রাস্তা তৈরী হইতে পারে।

আমেরিকায় রৌপ্য উৎপাদন

১৯৪৩ সনে গোটা পৃথিবীতে কি পরিমাণ রূপা উৎপন্ন হইয়াছে তাহার হিসাব দেওয়া অসম্ভব ; তবে এই সনে উত্তর ও দক্ষিণ আমেরিকার প্রধান প্রধান রৌপ্য উৎপাদনকারী দেশগুলিতে কত রূপা উৎপন্ন হইয়াছে তাহার হিসাব পাওয়া গিয়াছে। এই সমস্ত দেশের মোট উৎপন্ন রূপার পরিমাণ দাঁড়ায় ১৬ কোটি ৬০ লক্ষ আউন্স। তন্মধ্যে মেক্সিকো উৎপন্ন করিয়াছে ৮ কোটি ৭০ লক্ষ আউন্স, যুক্তরাষ্ট্র ৪ কোটি ৪৫ লক্ষ, ক্যানাডা ১ কোটি ৮৫ লক্ষ এবং পেরু ১ কোটি ৬০ লক্ষ আউন্স।

অষ্ট্রেলিয়ার গোধূম-সম্পদ

১৯৪২-৪৩ সনে অষ্ট্রেলিয়া হইতে বিদেশে ১ কোটি ৪৩ লক্ষ বুসেল গম রপ্তানি হইয়াছে। এই সনের ৩০শে নভেম্বর পর্যন্ত অষ্ট্রেলিয়ার কৃষকরা গম বিক্রয় করিয়া সাড়ে নয় কোটী পাউণ্ড ঘরে তুলিয়াছে।

বৃটেনের সরকারী বাজেট

বৃটিশ ট্রেজারীর ১৯৪৩-৪৪ সনের বিবরণীতে প্রকাশ, এই সনে বৃটিশ গবর্ণমেণ্টের আয় ও ব্যয় যথাক্রমে ৩০৩ কোটি ৮৫ লক্ষ ৪৮ হাজার ১৪৫ পাঃ ও ৫৭৮ কোটি ৮৪ লক্ষ ২১ হাজার ৪২৪ পাঃ। ঋণ করিয়া ঘাটতি পূরণ করা হইয়াছে।

ছেচুয়ানের তৈল-সম্পদ

ছেচুয়ান প্রদেশে কিয়াংসুতে যে তেলের খনি আবিষ্কৃত হইয়াছে, তাহাতে গোটা জাতির কয়েক শতাব্দী চলিবে। ছেচুয়ান বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক চাউধুয়ো ও অধ্যাপক সি ওয়েনহুয়ো তৈল উৎপাদন অঞ্চলটি পরিদর্শনের পর এইরূপে বিবৃতি প্রদান করিয়াছেন। তাঁহাদের মতে এই সমস্ত খনিজ তেলের সহিত কালিফোর্ণিয়ার তেলের তুলনা করা চলে।

বৃটেনে মার্কিণ পুঁজি

মার্কিণ যুক্তরাষ্ট্রের ট্রেজারী বিভাগের এক বিবরণীতে প্রকাশ, বিদেশে যুক্তরাষ্ট্রের মোট ৩৩৪ কোটি ৭৫ লক্ষ টাকা খাটিতেছে। বিদেশে পুঁজি-পাট্টা নিরোপ সম্পর্কে মার্কিণ যুক্তরাষ্ট্রের সহিত একমাত্র বৃটেনেরই তুলনা করা চলে।

পূর্ব্ব আফ্রিকায় চট উৎপাদন

যুদ্ধের জন্য বৃটিশ পূর্ব্ব আফ্রিকার দেশজাত তন্তু হইতে চট, দড়ি ইত্যাদি তৈরীর সাড়া পড়িয়া গিয়াছে। যুদ্ধের জন্য প্রয়োজনীয় বালির বস্তা ও দড়ি এখন এইভাবে তৈরী হইতেছে। কেনিয়া হইতে কফি চালানের থলিয়ার জন্য দেশজাত তন্তু কয়েক বৎসর হইতে ব্যবহৃত হইলেও শিল্পটী এখন বেশ প্রতিষ্ঠালাভ করিয়াছে।

মার্কিণ যুক্তরাষ্ট্রের সামরিক বাজেট

সম্প্রতি প্রেসিডেণ্ট রুজভেল্ট কংগ্রেসের নিকট ১০০,০০০,০০০,০০০ ডলার সামরিক ব্যয়ের বিরাট বাজেট পরিকল্পনার বাণী প্রেরণ করিয়াছেন। ১৯৪৪ সনের জুন

মাসের শেষ পর্য্যন্ত সরকারী বৎসরের জন্য এই ব্যয় ধরা হইয়াছে। প্রেসিডেন্ট এই সময়ের মধ্যে যুদ্ধে জয়লাভ করিবেন বলিয়া আশান্বিত। সেই জন্য যুদ্ধোত্তর যুগের সংগঠনের ব্যয়ও এই বাজেট পরিকল্পনার অন্তর্ভুক্ত করা হইয়াছে।

মার্কিণ মুল্লুকে সয়াবিনের চাষ-আবাদ

সয়াবিনের চাষ ৫৩% বাড়াইয়া ১৯৪২ সনে মোট ৯ মিলিয়ন একর জমিতে এই শস্য ফলাইবার ব্যবস্থা করা হয়। অধিকাংশ সয়াবিন চাষ যথা উত্তর রাষ্ট্রগুলিতে বিশেষতঃ ইলিনইস, আইওয়া, ইণ্ডিয়ানা ও ওহিয়ো এই চারটী ষ্টেটে সীমাবদ্ধ। ১৯৪১ সনে এই চারটী ষ্টেটে ৪·৮ মিলিয়ন একর জমিতে সয়াবিনের চাষ হইয়াছিল। ১৯২৪ সনে ৬·৮ মিলিয়ন জমিতে চাষের ব্যবস্থা করা হয়। নিম্নে এই চার ষ্টেটে সয়াবিন চাষের তুলনামূলক হিসাব দেওয়া গেল :—

ষ্টেট	১৯৪১ সনের মোট একর	১৯৪২ সনের মোট একর	১৯৪১ সনের তুলনায় ১৯৪২ সনের বাড়তি
	মিলিয়ন একর	মিলিয়ন একর	%
ইলিনইস	২,১৮৫	২,৯০০	
আইওয়া	১৪৯	১,১৪০	
ইণ্ডিয়ানা	৮৫৬	১,২০০	
ওহিয়ো	৬৭৪	৯০০	

চীনে মার্কিণ আলু আমদানি

চুংকিঙ হইতে সেণ্ট্রাল নিউজের এক সংবাদে প্রকাশ, কার্য্যনির্ব্বাহক উদ্যানের মার্কিণ পরামর্শদাতা ডক্টর থিওডোর জাইকৃট্টা ও জাতীয় কৃষিগবেষণা মন্দিরের উদ্যান বিভাগের কর্ত্তা মিঃ কুয়ান চিয়া-চি চেংটু ও সেনশিয়েনে বপন করিবার জন্য বিমানযোগে ৪০০ পাউণ্ড ওজনের চারি প্রকার উৎকৃষ্ট মার্কিণ আলু চীনে লইয়া আসিয়াছেন।

ডক্টর থিওডোর জাইকৃট্টা শস্য ও আলু উৎপাদনের বিশেষজ্ঞ। তিনি যখন চীনে আসেন তখন ৫২ প্রকারের আলু সঙ্গে আনেন।

উপরোক্ত চারি প্রকার আলু চীনে বপন করিবার উপযোগী। —চীনবার্ত্তা

চীনের শিন্ত প্রদেশ সিকাঙ-এর ভবিষ্যৎ

সিকাঙ প্রদেশটী আকারে যুক্তরাষ্ট্রের কালিফোর্ণিয়ার দুই গুণের অধিক হইলেও ইহার লোকসংখ্যা কালিফোর্ণিয়ার লোকসংখ্যার ২০ ভাগের ১ ভাগ মাত্র। ইহা তিব্বত ও সিকুয়ানের মধ্যে অবস্থিত একটী বন্য ও অকর্ষিত অঞ্চল।

কেন্দ্রীয় কর্তৃপক্ষ সিকাঙ প্রদেশকে আধুনিক করিয়া গড়িয়া তুলিবার জন্য এই বৎসর ১ কোটী চীনা ডলার বরাদ্দ করিয়াছেন।

তিন বৎসর পূর্ব্বে স্থাপিত সিকাঙ কৃষি উন্নয়ন ব্যুরো বিভিন্ন কাউণ্টিতে ১২টী পরীক্ষামূলক কৃষিক্ষেত্র চালাইতেছেন। এই কৃষিক্ষেত্রগুলিতে ওলন্দাজ গাভী এবং মার্কিণ মেষ উৎপন্ন করা হইতেছে। সম্প্রতি ১৫ লক্ষ তুঁত গাছ রোপণ করা হইয়াছে এবং রেশম কীট উৎপাদনকারী জিলাগুলিতে ১৬,০০০ রেশম কীট ডিম বিতরণ করা হইয়াছে।

সিকাঙে শিল্প এখনও শৈশবাবস্থায় আছে। পশম পরিষ্কার ও বয়ন, চর্ম্ম শোধন, সুরাসার শোধন, বস্ত্রপাতি প্রস্তুত, লৌহ ও ইস্পাত উৎপাদন, কাগজ ও রাসায়নিক দ্রব্য প্রস্তুত করিবার জন্য এই স্থানে মাত্র আটটী ফ্যাক্টরী আছে। সিকাঙ তাহার তিন লক্ষ অধিবাসীদের জন্য স্বয়ং সম্পূর্ণ হইবার চেষ্টা করিতেছে। এই প্রদেশে, সীসক, তাম্র, নিকেল, দস্তা, স্বর্ণ, জিপসাম, এসবেষ্টস, গ্র্যাফাইট, গন্ধক, লৌহ ও কয়লার খনি আছে।

জলশক্তি সিকাঙের একটী অত্যাবশ্যকীয় জিনিষ। এনিঙ খালটী, যাহা প্রায় ৬০,০০০ একর জমি জলসিক্ত করিতে পারে, যদি মেরামত করিয়া উন্নত করা হয় তাহা হইলে এই প্রদেশের খাদ্যোৎপাদন বহু গুণ বৃদ্ধি পাইবে।

এই নূতন প্রদেশটীতে চলাচল করা অত্যন্ত কঠিন। বর্ত্তমানে তিনটী রাজপথ সম্পূর্ণ করা হইয়াছে এবং চিঙহাই প্রদেশে যাইবার জন্য আরেকটী পথ প্রস্তুত করা হইতেছে। ইহা প্রায় ৮০০ কিলোমিটার দীর্ঘ হইবে।

চীনে অণুবীক্ষণ যন্ত্র তৈরী

ফুনমিঙের কেন্দ্রীয় যন্ত্রপাতির কারখানায় চীনা ইঞ্জিনীয়ারেরা চারিশত অণুবীক্ষণ যন্ত্র প্রস্তুত করিয়াছে—চীনে চীনা ইঞ্জিনীয়ারদের দ্বারা ইহাই প্রথম অণুবীক্ষণ যন্ত্র প্রস্তুত হইল।

যন্ত্রগুলি দ্বারা যে কোন বস্তু ৫০০ গুণ পরিবর্দ্ধিতরূপে দেখা যাইবে। উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠান ও গবেষণাগার-গুলির জন্য এই অণুবীক্ষণ যন্ত্রগুলি প্রস্তুত করা হইয়াছে। পেইপিঙের জাতীয় একাডেমী লেন্সগুলি সরবরাহ করেন।

জানা গিয়াছে যে পেইপিঙ একাডেমী ও কেন্দ্রীয় যন্ত্রপাতির কারখানা, উচ্চবিদ্যালয়গুলির ব্যবহারের জন্য অণুবীক্ষণ যন্ত্র প্রস্তুত করিবার আয়োজন করিতেছেন।

মোটর গাড়ীর টায়ার তৈরীর পরিকল্পনা

চুংকিঙের শিল্পপ্রতিষ্ঠানগুলির তালিকায় আর একটী নূতন শিল্প শীঘ্রই স্থান পাইবে। এই শিল্পটী হইবে মোটর গাড়ীর টায়ার প্রস্তুত করিবার শিল্প।

দক্ষিণ আফ্রিকায় পশম উৎপাদন

১৯৪২-৪৩ সনে দক্ষিণ আফ্রিকা ইউনিয়নে ৭৭০,০০০ বেল পশম বিক্রয় হইয়াছে। ১৯৪১-৪২ সনে উৎপন্ন হইয়াছিল ৮০৬,০০০ বেল। উৎপাদন কম হওয়া সত্ত্বেও উৎকৃষ্টতর পশম উৎপাদনের ফলে কৃষকগণ আলোচ্য সনে পশম বেচিয়া ২,০০০,০০০ পাঃ অধিক আয় করিতে সক্ষম হইয়াছে।

সিরিয়াজাত পশম

১৯৪৩ সনে সিরিয়া ও লেবাননে প্রায় ২,৫০০ মেট্রিক টন পরিষ্কৃত পশম উৎপন্ন হইয়াছে।

এই দুই দেশের ভেড়ার সংখ্যা ২,২৬০,০০০ হইতে ২,৩৪২,০০০ এর মধ্যে।

উরুগোয়ের পশম রপ্তানি

উরুগোয়ের ভেড়ার সংখ্যা ২০,০০০,০০০ হইতে ২২,০০০,০০০ এর মধ্যে। ১৯৪২-৪৩ সনের তুলনায় ১৯৪৩-৪৪ সনে ১০% বেশী পশম উৎপন্ন হইয়া মোট উৎপাদন ৬১,৮৫০,০০০ কিলোগ্রাম দাঁড়াইয়াছে বলিয়া আশা করা যাইতেছে। এর মধ্যে ৪,৭০০,০০০ কিলোগ্রাম স্থানীয় মিলগুলিতে ব্যবহৃত হইবে।

১৯৪৩-৪৪ মওসুমের প্রথম দুই মাস অক্টোবর ও নভেম্বরে ২১,৩৭৯ বেল পশম বিদেশে রপ্তানি হইয়াছে। পূর্ব্ববর্ত্তী মওসুমের প্রথম দুই মাসে রপ্তানি হইয়াছিল মাত্র ১,৩৮২ বেল।

চীনের নিয়মতান্ত্রিক গবর্ণমেণ্ট

চুংকিঙের স্বায়ত্ব-শাসন অগ্রসর করাইবার সমিতিতে এক বক্তৃতা প্রসঙ্গে চীনের ব্যবস্থাপক উয়ানের সভাপতি ডক্টর সুন্ ফো বলেন যুদ্ধের পরে চীনের রাজনৈতিক কার্য্যসূচীতে নিয়মতান্ত্রিক গবর্ণমেণ্ট প্রতিষ্ঠা সর্ব্বাগ্রে স্থান পাইবে।

"জনসাধারণ এখনও স্বায়ত্বশাসনের 'অবস্থায়' পৌছায় নাই ধারণা করিলে ভীষণ ভুল করা হইবে। এই অবস্থা আপেক্ষিক ব্যাপার এবং ইহার জন্য কোন মাপ কাঠি নাই", ডাঃ সুন বলেন।

ডাঃ সুন বলেন ১৯১৭ সনে তাহার পিতা ডক্টর সুন্ ইয়াৎসেনের নির্দ্দেশ ক্রমে ফিলিপিনোরা স্বায়ত্বশাসন ব্যবস্থা প্রবর্ত্তন করিয়া ও স্থানীয় শাসনকর্ত্তা ও প্রতিনিধিদের জনসাধারণের ভোট দ্বারা নির্ব্বাচিত করিয়া অতি সাফল্যের সহিত কার্য্য করিতেছে।

ডাঃ সুন বিশ্বাস করেন যে, চীনের জনসাধারণ এক্ষণে নিয়মতান্ত্রিক গবর্ণমেণ্ট গ্রহণ করিতে সক্ষম। তাঁহার মতে চুংকিঙ যুদ্ধকালীন রাজধানী বলিয়া সমগ্র দেশে স্থানীয় স্বায়ত্বশাসন ব্যবস্থা প্রবর্ত্তন বিষয়ে তাহার অগ্রণী হওয়া উচিত।

উপসংহারে ডাঃ সুন আইন দ্বারা শাসন ব্যবস্থা পরিচালনার উপর জোর দেন। সরকারী আদেশ ও জনসাধারণের অভিমত উভয়েরই আইনসঙ্গত হওয়া প্রয়োজনীয়। আইন সমর্থন করা ও শ্রদ্ধা করা সকলেরই উচিত। অসমান চুক্তি রহিত হইয়াছে বলিয়া এক্ষণে চীনের বিদেশী অধিবাসীদের চীনা আইন মান্য করিতে হইবে। —চীনাবার্ত্তা

চীনের দুর্গত ছাত্রদের সাহায্য

চীনের দুর্গত ছাত্রদের ও বিদ্যালয়গুলির সাধারণ কল্যাণ সমিতির সাহায্যের জন্য চারিটি গবর্ণমেণ্ট ব্যাঙ্কের মিলিত দপ্তর শিক্ষা দপ্তরকে ২ কোটী ৮০ লক্ষ চীনা ডলার ঋণ দিয়াছেন।

দুর্গত ও গরীব ছাত্র এবং যে সকল ছাত্রদের পিতারা শিক্ষক তাহাদের সাহায্য সম্পর্কিত বিধিগুলি শিক্ষা দপ্তর কর্ত্তৃক প্রকাশিত হইয়াছে।

শিক্ষা দপ্তর সমস্ত বিদ্যালয়কে সাধারণ কল্যাণ সমিতি ও পরস্পর সাহায্য সমিতি গঠন করিতে নির্দ্দেশ দিয়াছেন। এই সমিতিগুলিতে শিক্ষক ও ছাত্রদের ২০ ভাগ মূলধন থাকিবে এবং বাকী ৮০ ভাগ শিক্ষা দপ্তর ঋণ দিবেন।

সাধারণ কল্যাণ সমিতিগুলি, শিল্প, হস্তশিল্প এবং দৈনিক প্রয়োজনের জিনিষ উৎপাদন করিবে। —চীনবার্ত্তা

ভারতে রাস্তা তৈরীর পরিকল্পনা

গত বৎসর নাগপুরে চীফ ইঞ্জিনিয়ার সম্মেলনে ৩৫০ কোটি টাকা ব্যয়ে ৩০০,০০০ মাইল সড়ক নির্ম্মাণের বিংশ-বার্ষিক পরিকল্পনার প্রস্তাব গৃহীত হয়।

ইঞ্জিনিয়ার সম্মেলনে প্রস্তাবিত পরিকল্পনাটি দুইটি অংশে বিভক্ত। একটি দীর্ঘ মেয়াদের পরিকল্পনা; সমগ্র ভারতে ব্যাপক সড়ক নির্ম্মাণ ইহার উদ্দেশ্য। দ্বিতীয়টি যুদ্ধের জরুরী প্রয়োজন মিটাইবার উপযোগী। যুদ্ধের দরুণ অতিরিক্ত পরিমাণে যান চলাচলের জন্য সড়ক নানাস্থানে ভাঙ্গিয়া যায়, সেই সমস্ত ভগ্ন অংশের সংস্কারসাধন দ্বিতীয় পরিকল্পনার আপাততঃ মুখ্য উদ্দেশ্য হইলেও যুদ্ধের পর

যুদ্ধমুক্ত লোকজন ও যন্ত্রপাতি এই সমস্ত সড়ক নির্মাণ ও সংস্কারে নিযুক্ত হইবে।

দীর্ঘ মেয়াদী পরিকল্পনায় সড়কগুলিকে ৪ শ্রেণীতে ভাগ করা হইয়াছে; যথা—(১) জাতীয় রাজপথ, (২) প্রাদেশিক বা ষ্টেট সড়ক, (৩) ডিষ্ট্রীক্ট সড়ক ও (৪) পল্লী সড়ক। প্রথোমক্ত সড়ক বা রাজপথ কেন্দ্রীয় সরকার কর্তৃক নির্মিত হইবে; বাকী তিন শ্রেণীর সড়ক প্রাদেশিক তহবিল বা দেশীয় রাজ্যের তহবিল দ্বারা তৈরী হইবে।

বর্তমানে ৭৯,০০০ মাইল পাকা সড়ক ও ১৬৩,০০০ মাইল কাঁচা রাস্তার স্থলে যথাক্রমে ১৪১,০০০ মাইল পাকা সড়ক এবং ২৪৩,০০০ মাইল কাঁচা সড়ক তৈরী করা হইবে এবং নির্মাণের পর সড়কগুলি কার্যোপযোগী রাখার জন্য বৎসরে ১৬ কোটী টাকা হিসাবে খরচ হইবে।

১৯৪৩ সনের জন্ম-মৃত্যুর হিসাব

বাংলায় ১৯৪৩ সনে সকল প্রকার কারণে মোট মৃত্যুর সংখ্যা গত পাঁচ বৎসরের গড় অপেক্ষা শতকরা ৫৮ ভাগ বৃদ্ধি পাইয়াছে। উক্ত পাঁচ বৎসরে গড় মৃত্যুর হার ছিল ১,১৮৪,৯০৩। ১৯৪৩ সনে মোট মৃত্যুর সংখ্যা দাঁড়ায় ১,৮৭৩,৭৪৯; উহা গড় মৃত্যুর হার অপেক্ষা ৬৮৮,৮৪৬ বেশী।

উক্ত বৎসরে কলেরায় মৃত্যুর সংখ্যা ছিল ২১৪,১৭৫; গড় অপেক্ষা ১৬০,৯০৯ বেশী।

ম্যালেরিয়ায় মৃত্যুর সংখ্যা ৬৭৪,৩৩০; বিগত পাঁচ বৎসরের গড় হিসাবের তুলনায় ২৮৫,৭২২ বেশী।

বসন্ত রোগে মৃত্যুর সংখ্যা ২২,০০৫; এই হিসাব বার্ষিক গড় অপেক্ষা ১৪,০৭৪ অধিক।

আমেরিকায় মহিলা শ্রমিকের সংখ্যা

১৯৩৯ সনের অক্টোবর মাসে মার্কিণ যুক্তরাষ্ট্রে যত নারী শ্রমিকের সংখ্যা ছিল, ১৯৪৩ সনের অক্টোবর মাসে তাহার সংখ্যা দ্বিগুণ দাঁড়াইয়াছে। ১৯৩৯ সনে এই সংখ্যা ছিল ২৩ লক্ষ; ১৯৪৩ সনে তাহা বাড়িয়া দাঁড়ায় ৪৫ লক্ষ।

মার্কিণ শ্রমিকের দাবী

আমেরিকার শ্রমিকগণ শান্তি সম্মেলনে প্রতিনিধিত্বের দাবী করিয়েছে। আন্তর্জাতিক সহযোগিতা ইহাদের কাম্য; এই সহযোগিতার জন্য তাহারা এক প্রতিষ্ঠান সংগঠন-প্রয়াসী যাহা স্বদেশে ও বিদেশে স্থায়ী শান্তি প্রতিষ্ঠায় সক্ষম হইবে।

আমেরিকান ফেডারেশন অব্ লেবার নামক শ্রমিক সঙ্ঘের এক সাব কমিটী ১৮ মাস ধরিয়া নানা আলোচনার পর যুদ্ধোত্তর সংগঠন সম্বন্ধে এক পরিকল্পনা স্থির করিয়াছে। এই পরিকল্পনার মধ্যেতে উত্থাপিত একটী নিখিল বিশ্বসঙ্ঘ গঠনের প্রস্তাব সমর্থন করিয়া নিম্নরূপ দাবী করা হইয়াছে—

(১) স্থায়ী আন্তর্জাতিক আদালত স্থাপন, (২) ভবিষ্যতে যেকোন উপায়ে যুদ্ধ প্রতিরোধের ব্যবস্থা (৩) জনগণের সামাজিক কল্যাণের ব্যবস্থা (৪) শিশুমঙ্গলের ব্যবস্থা, (৫) মাদক দ্রব্য ব্যবসায় নিয়ন্ত্রণের ব্যবস্থা ও (৬) সংক্রামক রোগ নিবারণের ব্যবস্থা।

ব্রাহ্মসমাজ ও বঙ্গ-বিপ্লব

[অধ্যাপক বিনয়কুমার সরকারের সহিত শ্রীহরিদাস মুখোপাধ্যায়ের কথোপকথন]

প্রঃ—বঙ্গ-বিপ্লবে ব্রাহ্মসমাজের দান কিরূপ ?

উঃ—খুব বেশী। ১৯০৪-১৫ সনে বঙ্গ-বিপ্লবের রাষ্ট্রিক, আর্থিক ও সাংস্কৃতিক কিরিস্তি নিয়ে ছাখ্। দেখ্‌বি সব ক'টা বিভাগের বহুসংখ্যক নেতা হয় পাকা ব্রাহ্ম না-হয় ব্রাহ্ম-ঘেঁষা হিন্দু। আবার ১৯১৩ সনের বুখ্‌নিটা মনে আছে তো? "বিবেকানন্দ, রবীন্দ্রনাথ, অরবিন্দ, জগদীশচন্দ্র, ব্রজেন্দ্রনাথ, এঁরা সকলেই ভারতবাসীর ইয়োরোপ-বিজয়ের প্রথম সেনাপতি।" এঁদের ভেতর অ-ব্রাহ্ম কে? বিবেকানন্দ? তাঁর ছেলেবেলার খবর নিয়ে দেখিস্। বুঝ্‌বি,—বিবেকানন্দও ব্রাহ্ম অথবা ব্রাহ্ম-ঘেঁষা হিন্দু। বিপিন্ পাল আর অরবিন্দও ব্রাহ্ম, হিন্দু-ব্রাহ্ম অথবা ব্রাহ্ম-হিন্দু। সতীশ মুখোপাধ্যায়, বিপিন পাল, মনোরঞ্জন গুহ আর অশ্বিনী দত্ত'র গুরু বিজয়কৃষ্ণ গোস্বামী। বিজয়কৃষ্ণকে ব্রাহ্ম বলা যাবে, না ব্রাহ্ম-ঘেঁষা হিন্দু বলা যাবে? উকিলেরা তর্ক করুন আর জজ সাহেব বিচার করুন। রামানন্দ চট্টোপাধ্যায় আর কৃষ্ণকুমার মিত্র তো পাকা ব্রাহ্ম। স্বদেশী যুগের ভেতর তিনজন ডাক্তারকে অনেক কর্মক্ষেত্রে দেখ্‌তে পাই। নীলরতন সরকার, সুন্দরীমোহন দাস আর প্রাণকৃষ্ণ আচার্য্য। এঁরা তিনজনেই ব্রাহ্ম। প্রফুল্লচন্দ্র তো ব্রাহ্মই। সুরেন ব্যানার্জিকে কী বল্‌তে চাস্? ব্রাহ্ম? না ব্রাহ্ম-হিন্দু না হিন্দু-ব্রাহ্ম? যা ইচ্ছা বল্। তারক পালিত ব্রাহ্ম, আনন্দমোহন বসু ব্রাহ্ম। আরও উঁকিয়ে যেতে চাস্? উঁকিয়ে ছাখ্ না। বঙ্কিম, হেম, নবীন, বিহারীলাল—নামজাদা যুগ-প্রবর্তক সাহিত্য-বীরেরা সব কী? হয় ব্রাহ্ম, না হয় ব্রাহ্ম-হিন্দু বা হিন্দু-ব্রাহ্ম।

:—তা হ'লে কি বল্‌তে চাচ্ছেন যে, ব্রাহ্ম সমাজই বঙ্গ-বিপ্লব এনেছে?

উঃ—প্রায় তাই। একথা শুন্‌বামাত্র তোরা আমাকে মেরে ফেল্‌বি বোধ হয়? কিন্তু কারবারটা দাঁড়াচ্ছে মোটের উপর অনেকটা এইরূপই। তবে আমি তো কখনো কোনো নির্দ্দিষ্ট ব্যক্তি বা সঙ্ঘকে কোনো আন্দোলনের একমাত্র কারণ, জনক বা প্রতিনিধি বল্‌তে অভ্যস্ত নই। হাড়ে-হাড়ে আমি বহুত্ব-নিষ্ঠ। সুতরাং অব্রাহ্ম হিন্দু আর অ-হিন্দু মুসলমান এবং হিন্দু-মুসলমানের বহির্ভূত খৃষ্টিয়ানের দানও বঙ্গ-বিপ্লবের ভেতর দেখ্‌তে পাই। হীরেন দত্ত, গুরুদাস, আশুতোষ, রামেন্দ্র-সুন্দর, অম্বিকা উকিল, রাসবিহারী ঘোষ ইত্যাদি মনীষীরা ব্রাহ্ম নন! ব্রহ্মবান্ধব উপাধ্যায় খৃষ্টিয়ান-হিন্দু না হিন্দু-খৃষ্টিয়ান?

প্রঃ—ব্রাহ্ম সমাজের এত প্রভাব হ'ল কী করে?

উঃ—ব্রাহ্ম সমাজটাকে অ-হিন্দু, হিন্দু-বিরোধী অথবা হিন্দু-বহির্ভূত ভেবেই তো বাঙালী যত গণ্ডগোল প'ড়েছে। তোর এই প্রশ্নটাই উঠ্‌ছে সেই গণ্ড-

গোনের দরুন। আমার মুড়োয় এই ধরণের প্রশ্ন হাজিরই হয় না। একবার কল্পনা কর্ না যে,—গোটা কয়েক পাকা-মাথাওয়ালা বাঙালী-হিন্দু বাংলা-দেশটাকে বর্ত্তমান জগতের উপযোগী ক'রে তুল্বার জন্য উঠে-প'ড়ে লেগেছে। আধুনিক সংস্কৃতি, আধুনিক আর্থিক ব্যবস্থা, আর আধুনিক আইন-কানুন আমদানি করা তাদের একমাত্র বা প্রধান পেশা। এই ধরণের দরদশীল স্বদেশনিষ্ঠ লোকের নাম বাঙালী ব্রাহ্ম। বাস্।

আমার পরিভাষায় ব্রাহ্ম—বর্ত্তমান-নিষ্ঠ হিন্দু বাঙালী। লোকটার আগে বাঙালী হওয়া চাই। তারপর হিন্দু হওয়া চাই। তারপর বর্ত্তমান-নিষ্ঠ হওয়া চাই। তা হ'লেই সে হ'য়ে গেল ব্রাহ্ম। এই ব্যক্তিকে সহজে বল্বো বর্ত্তমান জগতের সংস্কৃতিওয়ালা লোক। দেখ্‌লি কেমন "ইন্‌ডেফিনিশন" (সীমা-সম্বন্ধ)?

প্রঃ—আপনি কি বল্তে চাচ্ছেন যে, ব্রাহ্ম আর অ-ব্রাহ্ম হিন্দু প্রাণে-প্রাণে এক?

উঃ—পুরাপুরি এক। বুঝাবার জন্য সময়ক্ষয় হ'তে হবে না। কথাটা ঠিক যে, ১৯০৫-১৪ সনের বঙ্গবিপ্লবের যুগেও প্রাচীন-পন্থী হিন্দুরা বর্ত্তমান-নিষ্ঠ হিন্দুদের (অর্থাৎ ব্রাহ্মদের) সংস্কৃতি সহ্য কর্তে পার্তো না। রামমোহনের মৃত্যুর পর থেকে ১৯১৪ পর্য্যন্ত ব্রাহ্মরা ধর্ম্ম-অর্থ-কাম-মোক্ষ বিষয়ক গোটা কয়েক জিনিষ মাত্র চেয়েছে। কিন্তু সেগুলাকে স্বদেশীযুগেরও সনাতনী-হিন্দুরা পছন্দ কর্তো না। অথচ আজ ১৯৩২ সনে কী দেখ্‌তে পাচ্ছিস্? আজকাল প্রাচীনপন্থী বাঙালী-হিন্দুরা বিলকুল সেই সব চিজই চায়। চায় শুধু নয়,—আমদানি ক'রেছে। মিলেছে,—মিল্‌ছে,—আরও মিল্‌তে চাচ্ছে। যারা মিল্‌তে পাচ্ছে না তারা সুখী নয়, তারা পস্তাচ্ছে। সনাতনী-হিন্দুরা আজকাল যা-কিছু চায় তার অতিরিক্ত আধ-কাঁচাও একালের ব্রাহ্মরা চায় না। অতএব বুঝা গেল যে, ব্রাহ্মরা সনাতনীহিন্দুদের পঞ্চাশ-পঁচাত্তর-শ' বছর আগে-আগে চ'লেছে। আজ দুই-ই একাকার। ব্রাহ্মতে-হিন্দুতে কোনো ফারাক নেই। ব্রাহ্মসমাজের সংস্কার-সাধনা প্রকারান্তরে চরম সিদ্ধি লাভ করেছে। বাঙালী হিন্দুত্বও অনেকটা "মানুষ" হ'য়েছে।

প্রঃ—তবুও দুটা-একটা দৃষ্টান্ত দিয়ে বুঝিয়ে দিন না?

উঃ—মেয়েরা জুতো পায়ে দিলে সনাতনী-হিন্দুরা চট্‌তো। বল্‌তো ব্রাহ্মামি হচ্ছে। আজ জুতা পায় দেয় না কোন্ হিন্দু মেয়ে? একমাত্র যে মেচারার পয়সা নেই। মেয়েরা ইস্কুলে-কলেজে গেলে সনাতনীরা বল্‌তো ব্রাহ্মামি। মেয়েরা রাস্তায় বেরুলে হিন্দুরা বল্‌তো ব্রাহ্মামি। মেয়েরা চাকুরি কর্লে হিন্দুরা বল্‌তো ব্রাহ্মামি। মেয়েরা স্বামী মরবার পর বিয়ে করলে হিন্দুরা বলতো ব্রাহ্মামি। মুখে বল্‌তো ব্রাহ্মামি। প্রাণে-প্রাণে বুঝতো খৃষ্টিয়ানি বা পাশ্চাত্যামি। আজকালকার হিন্দু মেয়েদের কেহ কেহ কলেজে যায়, চাকুরি করে, যে কোনো জাতের স্বামী চায়, ভাইভোর্সে মজবুত হয়, স্বামী ম'লে আবার বিয়ে করে। যে কাজটা তুই আজ করছিস, মনে কর,—সেই কাজটা তোর মাসতুতো ভাই করছে পঞ্চাশ বছর ধরে। তা হ'লে তোর মাসতুতো ভাই তোর পথ-প্রদর্শক নয় কি? তোর চেয়ে বেশী মজবুতওয়ালা বা হুঁসিয়ার নয় কি? তোর চেয়ে বেশী জীবন-নিষ্ঠ নয় কি? তোর চেয়ে বেশী বর্ত্তমান-নিষ্ঠ নয় কি? অবশ্য তুই তাকে এক ধরে করে রেখেছিস। তোর-ই আহাম্মুকি।



"ইণ্টার ন্যাশনাল লেবার রিভিউ"

(জুলাই, ১৯৪৩)

আলোচ্য সংখ্যায় 'যুদ্ধকালীন অর্থনীতির শান্তিকালীন অর্থনীতিতে পরিপর্ত্তন,' 'জাহাজী শ্রমিকদের কার্য্যকাল ও মজুরির হার,' 'বিলাতে অক্ষম লোকজনের সমাজে পুন: প্রতিষ্ঠা সমস্যা', 'যুক্তরাষ্ট্রে হাসপাতাল কর্ম্মচারীদের কাজের অবস্থা,' 'নিখিল ইউরোপে পুনর্গঠন পরিকল্পনা' প্রভৃতি প্রবন্ধ স্থান লাভ করিয়াছে।

১৯৪১ সনের ২৩শে সেপ্টেম্বর তারিখে মিত্রপক্ষের অন্তর্ভুক্ত কয়েকটি দেশের প্রতিনিধি এক সম্মেলনে বসিয়া যে প্রস্তাব গ্রহণ করে, তদনুসারে লণ্ডনে আন্তর্মিত্রপক্ষীয় কমিটি ও মিত্রপক্ষের যুদ্ধোত্তর চাহিদা নির্ণয় ব্যুরো স্থাপিত হয়। প্রতিষ্ঠান দুইটি রীতিমত কাজ করিয়াছে।

ইণ্টার-অ্যালায়েড্ কমিটি

নাৎসী অত্যাচারের কবল হইতে উদ্ধারপ্রাপ্ত দেশগুলার জন্য আহার্য্যদ্রব্য, কাঁচা মাল, ঔষধপত্র এবং অন্যান্য নিত্য প্রয়োজনীয় জিনিষপত্র সরবরাহের সুবন্দোবস্তের ভার আন্তর্মিত্রপক্ষীয় কমিটি অর্থাৎ ইণ্টার-অ্যালায়েড্ কমিটির উপর অর্পিত। কয়েকটি গবর্ণমেণ্ট মুক্তিলাভের পর প্রথম ১৮ মাসে যে সমস্ত জিনিষ পত্রের প্রয়োজন উপস্থিত হইবে তাহার এক একটা তালিকা কমিটির নিকট প্রেরণ করিয়াছে।

এই সমস্ত প্রাথমিক হিসাবপত্রে কমিটিকে সাহায্য করিবার জন্য মিত্রপক্ষের চাহিদা নির্ণয় ব্যুরো স্থাপিত হইয়াছে। ইহাকে কমিটির সেক্রেটারিয়েট বা দপ্তর বলা যাইতে পারে। ব্যুরো বৃটিশ রিলিফ সোসাইটী, রেডক্রস ইত্যাদি প্রতিষ্ঠানের সহিত যোগাযোগ স্থাপন করিয়া নানাপ্রকার প্রয়োজনীয় অনুসন্ধানে প্রবৃত্ত হইয়াছে। মিত্রপক্ষীয় গবর্ণমেণ্টসমূহের প্রতিনিধিবর্গ ও বিভিন্ন বিশেষজ্ঞদের মধ্যে যোগ সূত্র রক্ষা করিয়া ব্যুরো কাজ চালাইতেছে।

কৃষি-বিষয়ক টেক্‌নিক্যাল উপদেষ্টা কমিটি

যুদ্ধ-শেষে ইউরোপীয় খাদ্য পরিস্থিতির যাপজোক ও গবাদি পশু, শস্য বীজ, হাল-লাঙ্গলের ও সার সরবরাহ দ্বারা কোন উপায়ে ইউরোপকে আহার্য্য সম্পর্কে স্বাবলম্বী করা সম্ভব সে সম্বন্ধে অনুসন্ধান গবেষণার জন্য এই কমিটি স্থাপিত হইয়াছে। ইউরোপের মিত্রপক্ষীয় দেশগুলির যুদ্ধোত্তর অভাব অভিযোগ সম্বন্ধে কমিটী এক বিস্তৃত রিপোর্টও প্রণয়ন করিয়াছে। ইউরোপ স্বাভাবিক অবস্থায় শস্যবীজ সম্পর্কে আত্ম-নির্ভর হইলেও যুদ্ধের পর প্রায় দশ লক্ষ টন নানা প্রকার বীজের প্রয়োজন হইবে। সমস্ত বীজই বাহির হইতে আমদানি করার প্রয়োজন হইবে না। বাহির হইতে আমদানি করা সম্পর্কে যাহাতে জাহাজের উপর বেশী চোট না পড়ে, কমিটী সেইভাবে আমদানি করার সুপারিশ করিয়াছে।

গৃহপালিত পশু পরিস্থিতিও এইরূপ গবেষণা-সাপেক্ষ। জার্ম্মাণ আক্রমণের পর পশু সম্পদের কিরূপ ক্ষতি দাঁড়াইয়াছে সে সম্বন্ধে অনুসন্ধান করিয়া বিশেষজ্ঞগণ মাংস, ডেয়ারীজাত দ্রব্য ও কাজের উপযোগী পশুর কিরূপ অভাব

পড়িতে পারে সে সম্বন্ধেও হিসাব করিয়াছেন। ইহাদের মতে ইউরোপে লক্ষ লক্ষ পশুর অভাব উপস্থিত হইবে। স্বাভাবিক বাড়তির উপর নির্ভর করিলে, কৃষকদিগকে ৫।৬ বৎসর অপেক্ষা করিতে হইবে। জাহাজের অভাবে বাহির হইতে আমদানি করা সম্ভব হইবে না। প্রজননের সাহায্য গ্রহণ ও বৈজ্ঞানিক উপায়াদি দ্বারা ঘাটতি পূরণ সম্পর্কে বিশেষজ্ঞগণ মাথা ঘামাইতে আরম্ভ করিয়াছেন।

কমিটী চাষী মজুরের অভাব পূরণ এবং সার সরবরাহ সম্পর্কেও গবেষণায় প্রবৃত্ত হইয়াছে।

ঔষধপত্র সরবরাহ, পুষ্টি সমস্যা, এবং মালপত্র চালান দেওয়ার বন্দোবস্ত—এই তিন বিষয়েও তিনটী উপদেষ্টা কমিটী গঠিত হইয়াছে এবং কমিটীগুলির কাজও চলিতেছে পুরাদমে।

দক্ষিণ আফ্রিকার পুনর্গঠন পরিকল্পনা

দক্ষিণ আফ্রিকায় ১৯৪২ সনের মার্চ্চ মাসে সামাজিক ও অর্থনৈতিক পরিষদ কায়েম করা হয়। পরিষদের প্রথম রিপোর্ট প্রকাশিত হইয়াছে। পরিষদ যুদ্ধোত্তর যুগের অভাব অভিযোগ নির্দ্ধারণ, উৎপাদন বৃদ্ধি ও জীবনযাত্রা প্রণালীর উন্নতিবিধান সম্পর্কে যুদ্ধকালীন অর্থনীতির আপ-জোক করিয়াছে। যুদ্ধের ফলে ইউরোপীয় পুরুষ শ্রমিকদের সংখ্যা না বাড়িলেও ইউরোপীয় নারী-শ্রমিকের সংখ্যা বাড়িয়াছে, তবে সঠিক সংখ্যা জানার উপায় নাই। কৃষাঙ্গ শ্রমিকদের সংখ্যা বাড়িয়াছে ৩৩,০০০ জন।

যুদ্ধের পর যুদ্ধ-ফেরৎ ৮০ হাজার ইউরোপীয় পুরুষ, ৩০ হাজার ইউরোপীয় নারী এবং ১ লক্ষ ২০ হাজার কৃষাঙ্গ নর-নারীর পুনর্নিয়োগ সমস্যা উপস্থিত হইবে। প্রচলিত সামাজিক ও অর্থনৈতিক ব্যবস্থার কাঠামোর মধ্যে অতি অল্প সময়ের মধ্যে এতগুলো লোকের কাজের সংস্থান করা আদৌ সহজ-সাধ্য নয়। কমিটী এই সমস্ত লোকের পুনর্নিয়োগ সম্পর্কে কতকগুলি যোগাবিধা স্থির করিয়া গবর্ণমেণ্টের নিকট দাখিল করিয়াছে।

কাউন্সিলের মতে, দীর্ঘ মেয়াদী কাজের পরিকল্পনা-গুলির কাজ (১) শীঘ্র আরম্ভ করিতে হইবে, (২) এজন্য স্থানীয় কাঁচামালগুলি যত বেশী পারা যায় প্রয়োগ করিতে হইবে; (৩) বিভিন্ন শ্রেণীর নিপুণ কারিগরদের উপযোগী নানা ধরণের কাজ আরম্ভ করিতে হইবে; (৪) বিভিন্ন অঞ্চলে এই সমস্ত লোকজনকে নিয়োগ করিতে হইবে; এবং (৫) সর্ব্বোচ্চ সামাজিক ও অর্থনৈতিক সুযোগ-সুবিধার দিকে লক্ষ্য রাখিয়া পরিকল্পনাগুলি স্থির করিতে হইবে।

পরিষদ শিল্প-প্রসার, যান-বাহন চলাচলের উন্নতি সাধন, বৃত্তিশিক্ষা, খনি-শিল্পের প্রসারতা সাধন, বৈদেশিক বাণিজ্য ইত্যাদি নানা বিষয়ে গবেষণা করিতেছে।

"বৈদেশিকী"

"বৈদেশিকী" বইটার ভিতর আছে কতকগুলা বিদেশী "রামায়ণী কথা" বা "কথা-সরিৎ-সাগরের" গোটা দশেক ঢেউ। আইরিশ জাতের কেল্টিক কাহিনী আছে। জার্মাণদের টিউটনিক গাথা আছে। চীনাদের দেব-কাহিনীর এক চটাক পাওয়া যায়। তিব্বতী রাজা কেসর আর বর্মী ত্রিভুবনাদিত্য ধর্ম্মরাজের সঙ্গেও মোলাকাতের সুযোগ ঘটে। "আরব্য রজনী"র খোশগল্পে বৈঠক গুল্‌জার করা সম্ভব। তা ছাড়া একালের যুবক মেক্‌সিকো আর আফ্রিকান নিগ্রো সমাজকেও বাঙালীর মজলিশে দেখিতে পাইতেছি।

বইটা বাহির হইয়াছে অধ্যাপক সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের হাতে। লেখক দেশবিদেশের ভাষার বেপারী। ভাষা হইতেছে আন্তর্মানুষিক লেন-দেন, খাওয়া-পরা, রীতি-নীতি, ধর্ম্মকর্ম্ম ইত্যাদি সকল প্রকার সংস্কৃতির বাহন ও চাবী। কাজেই "বৈদেশিকী"র গল্পগুলা বাঙালী জাতুকে রকমারি সমাজের সঙ্গে আন্তর্মানুষিক যোগা-যোগের সুবিধা সৃষ্টি করিয়া দিয়াছে। ছেলেমেয়েরা পড়িয়া আনন্দ পাইবে। নৃতত্ত্ব আর সমাজ-বিজ্ঞান আলোচনার কাজে গবেষকমাত্রের সাহায্য হইবে। অধিকন্তু কবি, গাল্পিক, নাট্যকার ও সিনেমা-শিল্পীরা এইসকল কাহিনী হইতে চিত্তাকর্ষক চরিত্র, ঘটনা ও অবস্থার নমুনা পাইবেন। বইটার দাম আড়াই টাকা, পৃষ্ঠা সংখ্যা ২০০, প্রকাশক বেঙ্গল পাব্‌লিশার্স (১৪ বঙ্কিম চাটুজ্যে ষ্ট্রীট, কলিকাতা, ১৩৪৩)।

একালে বইটার ইজ্জত হইবে। ১৯১৪ সন হইতে বিনয় সরকার প্রণীত "বর্ত্তমান জগৎ" গ্রন্থাবলী (৫০০০ পৃষ্ঠা) বাঙালী পাঠকের পেটে পড়িতেছে। তাহাতে বাঙলার নরনারী দুনিয়ার সঙ্গে দেশকে তুলনায় দেখিতে ও বুঝিতে শিখিয়াছে। "আর্থিক উন্নতি"র দুনিয়ার ধন-দৌলত"-অধ্যায় বৈদেশিক মাল বহন করে। বিশ বৎসর ধরিয়া আন্তর্জ্জাতিক চিন্তায় বাঙালীরা বেশ পাকিয়া উঠিতেছে। বিদেশ-দক্ষ বাঙালীর সংখ্যা বাড়িতেছে। কাজেই সুনীতি চট্টোপাধ্যায়ের বই সমাদৃত হইবে।

"যুদ্ধের দক্ষিণা"

লড়াইয়ের অর্থ-কথা সম্বন্ধে নানা তথ্য ও তত্ত্ব "আর্থিক উন্নতি"তে বাহির হইয়াছে। বইয়ের আকারে এই সব কথা সহজে পাওয়া যায় না। অধ্যাপক অনাথগোপাল সেন —প্রণীত "যুদ্ধের দক্ষিণা" (১৯৪৪, ১৩৬ পৃষ্ঠা, ২৲) বইয়ে পাঠকেরা চিত্তাকর্ষক বৃত্তান্ত পাইবেন। দ্বিতীয় সংস্করণের সূচীপত্র নিরূপণ,—যুদ্ধের ব্যয়-রহস্য, কর, ঋণ ও ইনফ্লেশন, ইনফ্লেশন না স্বর্ণ যুগ, স্টালিনের প্রেমালিঙ্গন, পরাধীন জাতির রিজার্ভ ব্যাঙ্ক, আমাদের ব্যালান্সশীট বাজেট, লেণ্ড-লিজ ব্যবস্থা, গত যুদ্ধের হিসাব-নিকাশ, জার্মাণ মার্কের মহাপ্রস্থান, যুদ্ধের পরে আমরা ও তাহারা।

অনাথবাবুর বিবৃত সংখ্যাগুলা যে-কোনো পাঠকের পক্ষে শিক্ষাপ্রদ। ভারতীয় কংগ্রেস-পন্থী অর্থশাস্ত্রীদের মতামত ও সিদ্ধান্তসমূহ এই বইয়ের ভিতর সহজে পাওয়া যায়। এই সকল মতামতের আর সিদ্ধান্তের বিরুদ্ধেই "আর্থিক উন্নতি"র সম্পাদক বিনয় সরকার সাধারণতঃ বাংলা ও ইংরেজী প্রবন্ধ-গ্রন্থাদি লিখিয়া থাকেন। তাহা সত্ত্বেও তিনি অনাথ সেনের বইয়ের ভূমিকা লিখিয়াছেন। বুঝিতে হইবে যে, বাঙালী সমাজে বইটার মূল্য কম নয়।

"আর্থিক উন্নতি"-পত্রিকায় কোনো বক্তব্যের স্বপক্ষে-বিপক্ষে সমালোচনা করা হয় না। বিনয় বাবুর ভূমিকা হইতে উদ্ধৃত করিয়া আমরাও বলিতে চাই যে, "এই বইয়ের মাল পেটে পড়িলে বাঙালী পাঠকের মহলে-মহলে টাকাকড়ি, সরকারী আয়-ব্যয়, আন্তর্জাতিক কর্জ, কেন্দ্র-ব্যাঙ্কের কার্য-প্রণালী, মাঝিণ শিল্প-বাণিজ্য, আর্থাধির অর্থকথা, আর লড়াইয়ের খর্চা সম্বন্ধে অনেক-কিছু সহজে হজম হইতে পারিবে।" বইটা সকলেরই পড়িয়া দেখা উচিত।

"যুদ্ধ যখন থামবে"

এই বইয়ের তিন লেখক। সুবিমল মুখোপাধ্যায়ের হাতে বাহির হইয়াছে "যুদ্ধোত্তর অর্থনৈতিক সংগঠন ও ভারতবর্ষ"। "যুদ্ধোত্তর সাহিত্য" লিখিয়াছেন সত্য চট্টোপাধ্যায়। অমলেন্দু দাশগুপ্ত "যুদ্ধোত্তর জীবন-আদর্শ" প্রচার করিয়াছেন। "আর্থিক উন্নতি"র পাঠকেরা সমাজ-বিজ্ঞানেরও খাদক। কাজেই শেষের প্রবন্ধ দুইটাও তাঁহাদের কাজে লাগিবে। একালের সাহিত্য-বিশ্লেষণে সত্য'র হাত অনেক দূর গিয়াছে। তাঁহার চিন্তা কথঞ্চিৎ স্বাধীনভাবে চলিতেও অভ্যস্ত। অমলেন্দু সামাজিক ও রাষ্ট্রিক দর্শন-চর্চায় বর্তমান-নিষ্ঠ। দুনিয়ার হালচাল শক্ত মুঠায় পাকড়াও করিবার চেষ্টা তাঁহার আছে। অর্থনৈতিক প্রবন্ধের লেখক সুবিমল আর্থিক ভারতের সঙ্গে-সঙ্গে আটলান্টিক চার্টার, ব্যাঙ্ক'র, উনিভাস ইত্যাদির অনেক-কিছু সামলাইতে পারিয়াছেন। বিষয়গুলা সহজে বুঝাইবার ক্ষমতা দেখিতেছি। বিনয় সরকার ভূমিকায় বলিতেছেন —"১৯০৪ সনের বিশ-বাইশ বছরের বাঙালী ছোকরাদের মগজ এতটা তাজা ছিল কি? এতটা সজাগ ছিল কি? এতটা বর্তমাননিষ্ঠ ছিল কি? দুনিয়া সম্বন্ধে এতটা ওয়াকিবহাল ছিল কি?" বইটা (১৯৪৪, ১০০ পৃষ্ঠা, ১৲) পড়িবার মতন বই। পাঠকেরা ভূমিকার প্রশ্নগুলার জবাব দিতে থাকিলে বাঙালী সমাজের উপকার হইবে।

১। "দ্রি চায়নাজ নিউ ডিল"; হবার্ট ফ্রেইন্; নিউইয়র্ক; দি ম্যাক্‌মিলান কোম্পানী; ১৯৪৩; পৃঃ ২৭৭; ২'৫০ ডলার।

২। "ওয়ার অ্যাণ্ড ইণ্ডিয়ান্ ইকনমিক পলিসি"; ভি আর গ্যাড্‌গিল ও এন ভি সোভান; পুনা, গোখেল ইন্‌ষ্টিটিউট্ অব্ পলিটিক্স অ্যাণ্ড ইকনমিকস্; ১৯৪৩; পৃঃ ১৩২; ৫৲ টাকা, ১০ শিঃ।

৩। "এসিয়া আনবাউণ্ড—এ প্যাটার্ণ ফর ষ্টিবল্ ইন্ দি ফার ইষ্ট"; সিড্‌নী গ্রিন্‌বি; নিউইয়র্ক ও লণ্ডন; ডি এপল্‌টন—সেঞ্চুরী কোম্পানী, ১৯৪৩; পৃঃ ৩৯৩, ৩ ডলার।

৪। "সোস্যাল্ রিকন্‌ষ্ট্রাক্‌সন"; এম অ্যান্ডারটন্ পিক; লণ্ডন; টমাস নেল্‌সন অ্যাণ্ড সন্স; পৃঃ ২৪১, ৩ শিঃ।

৫। "আর্মিংস অ্যাণ্ড সোস্যাল্ সিকিউরিটি ইন্ দি ইউনাইটেড্ ষ্টেটস্" ডব্লিউ এস ভরটিন্‌স্কী; ওয়াশিংটন ডি-সি, কমিটি অন্ সোস্যাল্ সিকিউরিটি, সোস্যাল্ সায়েন্স রিসার্চ কাউন্সিল, ১৯৪৩; পৃঃ ২৭০+৪১, ২'৫০ ডলার।

৬। "ইকনমিক প্রব্‌লেমস অব ওয়ার অ্যাণ্ড ইটস্ আফ্‌টারম্যাথ"; সি ডব্লিউ রাইট; শিকাগো, ইউনিভার্সিটি (কেম্‌ব্রিজ প্রেস), ১৯৪২; পৃঃ ১৯৭; ২ ডলার।

৭। "জুইস্ এমান্‌সিপেসন্ আণ্ডার অ্যাটাক্"; বি ডি উইন্‌রিব্; নিউইয়র্ক, আমেরিকান জুইস্ কমিটি, ১৯৪২; পৃঃ ৯৫; ২৫ সেণ্ট।

৮। "দি থিয়োরী অব্ কম্‌পেটেটিভ্ প্রাইস্" জে ডি ঈস্‌লার; নিউইয়র্ক, ম্যাক্‌মিলান্ কোম্পানী, ১৯৪২; পৃঃ ১৯৭; ৩ ডলার।

৯। "মার্কেটিং লাইক্ ইন্‌সিওরেন্স"; জে ওয়েল্ ষ্ট্যান্‌সম; কেম্‌ব্রিজ, মাস, হার্ভার্ড ইউনিভার্সিটী প্রেস, ১৯৪২; পৃঃ ২১১; ৩৩ শিঃ ৬ পেঃ।

১০। "হিষ্টরী অব দি ইউনাইটেড্ ষ্টেটস্ ফুড এডমিনিষ্ট্রেশন—১৯১৭-১৯১৯"; ডব্লিউ সি মুলেন্‌বের্গ, অক্সফোর্ড ইউনিভার্সিটি প্রেস, ১৯৪১; পৃঃ ৩৯৯; ২৮ শিঃ।

"সাম্ ফিনান্সিয়াল্ ট্রেণ্ডস্ অব্ কমার্সিয়াল ব্যাঙ্কস্ অব্ রোড্ আইল্যাণ্ড, ১৯১৫-১৯৩৭"; বি এ ম্যাকলাফ্‌লিন্; ওয়াশিংটন ডি সি, ক্যাথলিক ইউনিভার্সিটী অব্ আমেরিকা প্রেস, ১৯৪১; পৃঃ ১০৬; ১'৫০ ডলার।

১২। "দি শিফ্‌টিং অ্যাণ্ড ইনসিডেন্স্ অব্ ট্যাক্সেসন"; ও ভন মেরিং; ফিলাডেল্‌ফিয়া ব্ল্যাকিষ্টোন কোম্পানী, ১৯৪২; পৃঃ ২৬২; ৩'২৫ ডলার।

১৩। "দি ষ্ট্রাক্‌চার অব্ আমেরিকান্ ইকনমি, ১৯১৯-১৯২৯"; ডব্লিউ ডব্লিউ লিয়নটিয়েফ; কেম্‌ব্রিজ; মাস; হার্ভার্ড ইউনিভার্সিটি প্রেস; পৃঃ ১৮১, ১৪ শিঃ।

১৪। "ইংলিশ ডিনেচার্স অব্ দি থার্টিন্থ সেঞ্চুরী"; জি সি হোম্যান্স; কেমব্রিজ, মাস; হার্ভার্ড ইউনিভার্সিটী প্রেস, ১৯৪১; পৃঃ ৪৭৮; ২৪ শিঃ ৬ পেঃ।

সমাজ-চিন্তায় প্রফুল্ল সরকার*

অধ্যাপক শ্রীবিনয়কুমার সরকার

একালের প্রফুল্ল সরকার (১৮৮৩-১৯৪৪) ছিলেন "আনন্দবাজার"-সম্পাদক, গল্প-লেখক ও সমাজ-সংস্কারক। এই প্রফুল্লকে আমি জানিতাম ১৯২৫ সনের ডিসেম্বর হইতে। সেকালের প্রফুল্ল ছিল ১৯০২-০৫ সনে ডন সোসাইটিতে সতীশ মুখোপাধ্যায়ের চেলা। সেই পাঠশালায় বর্ত্তমান লেখকেরও নাম লেখানো ছিল। প্রফুল্ল তখন জেনারেল অ্যাসেম্‌ব্লির কলেজে (একালের স্কটিশ চার্চে) ছাত্র,—আমি পড়ি প্রেসিডেন্সীতে। প্রফুল্ল'র বয়স উনিশ-বাইশ,—এই অধম পনর—আঠারো বছরের চ্যাংড়া।

"ক্ষিষ্ণু হিন্দু" (১৯৪০) বইয়ে প্রফুল্ল হিন্দু সমাজের নল ও নলচে দুইই বদলাইবার পাঁতি দিয়াছেন। তাঁহার ব্যবস্থায় বর্ণাশ্রম বা জাতিভেদ থাকিবে না। তিনি বিদ্যাসাগরী বিধবা-বিবাহ চালু করিতে চাহিয়াছেন ব্যাপক ও সার্ব্বজনিকভাবে। তাহা ছাড়া যে-কোনো জাতের পুরুষের সঙ্গে যে-কোনো জাতের স্ত্রীর বিবাহও তিনি মঞ্জুর করিয়াছেন।

সাংসারিক জীবনে প্রফুল্ল বৈষ্ণব ও রামকৃষ্ণ-ভক্ত। তথাপি গবেষক হিসাবে তিনি চরম মতের বিপ্লব-পন্থী সমাজ-সংস্কারক। এমন কি কেশব সেনের ব্রাহ্মপাতিও প্রফুল্ল'র পাঁতির পাশে নেহাৎ ছেলেখেলা। আর ভূদেব, বঙ্কিম, বিবেকানন্দ, রামেন্দ্রসুন্দর ও গুরুদাস ইত্যাদি সনাতনী সমাজ-দার্শনিকেরা বেশ-কিছু পেছন-মুখো, স্থিতিনিষ্ঠ ও নড়ন-চড়নহীন তো বটেই। বিংশ শতাব্দীর বঙ্গীয় সমাজ-চিন্তায় প্রফুল্ল অন্যতম বিপ্লবীর ইজ্জত পাইতে বাধ্য।

বঙ্গীয় সমাজ বিজ্ঞান পরিষদের এক সভায় প্রফুল্ল'র মতামত বিশ্লেষিত হইয়াছিল। প্রফুল্ল উপস্থিত ছিলেন। "ক্ষিষ্ণু" শব্দটা কায়েম করা উচিত কিনা সন্দেহ। প্রফুল্ল'র দেওয়া সংখ্যাগুলা হইতে প্রমাণিত হয় প্রধানতঃ দুই কথা :—(১) বাঙ্‌লার মুসলমান বর্দ্ধিষ্ণু, (২) বাঙ্‌লার হিন্দুও বর্দ্ধিষ্ণু। তৃতীয় কথা নিম্নরূপ :—মুসলমানেরা যে-হারে বাড়িতেছে হিন্দুরা তার চেয়ে কম হারে বাড়িতেছে। বৃদ্ধির অর্থাৎ বাড়তির হারেরই কম-বেশী দেখা যাইতেছে। এই অবস্থায় হিন্দুকে বর্দ্ধিষ্ণু বা বাড়তির পথে বলাই যুক্তিসঙ্গত।

লোকসংখ্যা বিষয়ক মাপঠোক লইয়া আপত্তি করিতেছি। কিন্তু হিন্দু নরনারীকে বাড়তির পথে লইয়া যাইবার কর্ম্মকৌশল সম্বন্ধে প্রফুল্ল'র সঙ্গে বর্ত্তমান লেখক একমত। বস্তুতঃ বিংশ শতাব্দীর মনু বলিলে আমি এই ধরণের ব্যবস্থা-কার পাঁতি-প্রচারক বা স্মার্ত্ত পণ্ডিত সমঝিয়া থাকি।

গাল্পিক হিসাবে প্রফুল্ল'র স্থিকানা বাংলা সাহিত্যে স্থায়ী ভাবে কায়েম হইয়া রহিয়াছে। "অনাগত" (১৯২৮), "স্রষ্টালয়" (১৯২৯), "লোকারণ্য" (১৯৩২), "বালির বাঁধ" (১৯৩৫) ইত্যাদি গল্পের স্রষ্টাকে বাঙালী জাত্ শীঘ্র ভুলিবে না। এই লেখক বেশ-কিছু সমাজ-সচেতন ও বস্তুনিষ্ঠ। আদর্শনিষ্ঠাও মালুম হয়। আর এক কথা। দেশ-বিদেশের সাংবাদিক-সংসারে গাল্পিক, কবি বা নাট্যকার বেশী নাই। ফরাসী, আর্ম্মাণ, ইতালিয়ান, ইংরেজ, মার্কিণ, রুশ, জাপানী ইত্যাদি স্বাধীন ও বড়-বড় দেশের সংবাদপত্র-সেবীরা অতি-কিছু বা হাতী-ঘোড়া নয়। তাহাদের ভিতর কবি-গাল্পিক-নাট্যকারের সংখ্যা খুবই কম। প্রফুল্ল একাধারে সাংবাদিক ও গাল্পিক। দুনিয়ার মাপকাঠিতে প্রফুল্ল উচ্চতম শ্রেণীর সুধী বিবেচিত হইবেন। বাঙালী সমাজে প্রফুল্ল'র মতন একাধারে সাংবাদিক ও কবি বা গাল্পিক আরও আছে।

---

* আনন্দ বাজার পত্রিকা, ২৩ এপ্রিল ১৯৪৪।

প্রফুল্ল ইত্যাদি বাঙালী সংবাদপত্রসেবীরা বাঙলার নরনারীকে জগতের উচ্চতম বৈঠকে দাঁড় করাইতে পারিয়াছে। যখন-তখন ইয়োরামেরিকান বা জাপানী সাংবাদিকদেরকে হোমরা-চোমরার ইজ্জৎ দেওয়া আহাম্মুকি। আজকাল,—১৯৪৪ সনে,—বাঙালী জাতের অবস্থা যার পর নাই গৌরবজনক ও আশাপ্রদ। যে-কোনো মুহূর্তে বাঙলার নরনারী যে-কোনো প্রধান ও স্বাধীন জাতের লোকের সঙ্গে টক্কর দিতে সমর্থ। সাংবাদিক-সাহিত্যিক সাহিত্যসেবক প্রফুল্ল সরকারের জীবন হইতে যুবক বাঙলা এই ইসারা পাইতেছে। বাঙালীর বাচ্চারা প্রফুল্লকে দৃষ্টান্ত স্বরূপ গ্রহণ করিতে পারে।

পারিবারিক ও সাংসারিক ব্যবস্থায় প্রফুল্ল বৈষ্ণব ও রামকৃষ্ণ-পন্থী। এই সঙ্গে আর একটা কথা মনে রাখা আবশ্যক। প্রফুল্ল ছেলেবেলায় বা যৌবনে স্বদেশ-যোগী ও যুবক বঙ্গের অন্যতম প্রাণ-প্রতিষ্ঠাতা সতীশ মুখোপাধ্যায়ের শিষ্য ছিলেন। সতীশের ডন সোসাইটিতে অনেক ছোকরার সঙ্গে প্রফুল্ল'রও স্বদেশ-সেবায় হাতে খড়ি হয়। সে ১৯০২-০৫ সনের কথা। প্রফুল্ল তখন কলেজের ছাত্র,—বয়স উনিশ-বাইশ।

গৌরবময় বঙ্গ-বিপ্লব তখনও আত্মপ্রকাশ করে নাই। তবে নানা দিক হইতে সেই বিপ্লব তখন আসো-আসো। সেই বিপ্লবের সক্রিয় জন্মদাতা ছিল অনেক ব্যক্তি, প্রতিষ্ঠান ও আন্দোলন। বঙ্গ-বিপ্লবের এই সমুদয় জনকের ভিতর ডন সোসাইটির কর্ম ও চিন্তামণ্ডল ছিল অতি-প্রসিদ্ধ। ১৯০৫ সনের বিলাতী বয়কটের (৭ই আগস্ট) পরবর্তী যুগে বাঙলা দেশের শহরে-মফঃস্বলে কম্-সে-কম্ শ'-তিনেক যুবা সতীশের চেলারূপে "দেশের কথা" বলিত ও দেশের কাজ করিত। সতীশের চোখ লইয়া তাহারা ভারতের ভূত-ভবিষ্যৎ-বর্তমান দেখিতে শিখিয়াছিল। প্রফুল্ল ছিল এই শ'-তিনেকের অন্যতম।

ডন সোসাইটির ভাবধারা মাসিক "স্বদেশী", "বয়কট" "স্বরাজ" ও "জাতীয় শিক্ষা" অন্যান্য যুবার মগজ ও হৃদয়ের মতন প্রফুল্লর মগজ ও হৃদয় তাতাইয়া তুলিয়াছিল। ডন সোসাইটির আবহাওয়ায় রবি ও বঙ্কিম এক সঙ্গে পূজা পাইতেন। "বন্দেমাতরম্-সম্প্রদায়" ১৯০৬ সনের জুন মাসে কাঁঠালপাড়ার বঙ্কিম-সম্মেলনের ব্যবস্থা করে। তাহাতে সতীশ-শিষ্যদের উৎসাহ ছিল প্রচুর। প্রফুল্লও যোগ দিয়াছিল চরম উৎসাহে।

উনিশ-বাইশ বছরের প্রফুল্ল মামুলি কলেজের প্রথম চার শ্রেণীর ছাত্র। কিন্তু ডন-সোসাইটি বেশ-কিছু অ-মামুলি রকমের প্রতিষ্ঠান। এখানে সতীশের টোল চলিত দস্তুর-মতন। সপ্তাহে দুই দিন করিয়া রীতিমত লেখাপড়ার ব্যবস্থা ছিল। ঘরের বেঞ্চিগুলা ছেলের দলে ভরা থাকিত। মঙ্গলবার বসিত স্বদেশ, সংস্কৃতি, জাতীয়তা, আর্থিক উন্নতি, গণ-তন্ত্র, ভারতীয় ইতিহাস, সমাজ-সেবা, বৃহত্তর ভারত ইত্যাদি বিষয়ক আলোচনা। শুক্রবার নির্দিষ্ট ছিল নৈতিক চরিত্র গঠনের জন্য। গীতা-পাঠ ছিল তাহার প্রধান বা একমাত্র বাহন। লেখাপড়ার ব্যবস্থা ছিল বিকালে।

গীতার অধ্যাপক ছিলেন সুমধুর ব্যাখ্যাকার ও হৃদয়-স্পর্শী বক্তা পণ্ডিত নীলকণ্ঠ গোস্বামী। সাধারণ সংস্কৃতি সম্বন্ধে অধ্যাপক ছিলেন সতীশ নিজে। মাঝে-মাঝে দুইটা বক্তৃতার জন্য আসিতেন ব্রহ্মবান্ধব, রবি, দীনেশ সেন, ভগ্নী নিবেদিতা, পণ্ডিত দুর্গাচরণ সাংখ্য-বেদান্ততীর্থ, "ইণ্ডিয়ান-নেশন"-সাপ্তাহিকের সম্পাদক নগেন ঘোষ ইত্যাদি গুণীবর্গ। বক্তৃতাগুলা শুনিবার সময় টোলের অন্যান্য পড়ুয়ার মতন প্রফুল্লকেও চুম্বক লইতে হইত। তার পর বাড়ীতে বসিয়া সেই সব হইতে পড়ুয়ারা বাংলায় অথবা ইংরেজিতে প্রবন্ধ লিখিত। প্রবন্ধগুলা সংশোধন করিতেন সতীশ। কোনো-কোনোটা "ডন অ্যাণ্ড দি ডন সোসাইটিজ ম্যাগাজিন'-মাসিকে ছাপা হইত। নগেন ঘোষ ডন সোসাইটিকে অবৈতনিক "কোচিং ইন্‌স্টিটিউশন" বলিতেন। এই আড্ডার ছেলেরা বিনা পয়সায় প্রবন্ধ লিখিতে শেখে আর সতীশ ঠিক যেন এদের ওরোজা মাষ্টার। ডন সোসাইটি সম্বন্ধে কাহারো-কাহারো এইরূপ ধারণা ছিল। কাজেই প্রবন্ধ লেখালেখির কাজে প্রফুল্ল'র হাত এই টোলে কিঞ্চিৎ-কিছু মক্‌স হইয়াছিল ধরিয়া লওয়া চলে।

প্রফুল্ল'র শেষ চার বৎসরের ছাত্রজীবন ডন সোসাইটির আবহাওয়ায় কাটিয়াছিল। নিয়মিত বক্তৃতা শোনা আর প্রবন্ধ লেখাই এই টোলের পড়ুয়াদের একমাত্র কারবার নয়। আরও কিছু আছে। স্বদেশী আন্দোলন সুরু হইবার বৎসর দু'এক পূর্ব্বেই সতীশ ডন সোসাইটির তত্ত্বাবিধানে স্বদেশী জিনিষের একটা দোকান কায়েম করিয়াছিলেন। চেলাদেরকে দোকানদারী ব্যবসায় অভিজ্ঞতা দেওয়াই তাঁহার প্রধান উদ্দেশ্য ছিল। ইহার নাম হাতে-কলমে ধন-বিজ্ঞান শেখানো। দোকান হইতে লাভের কোনো ব্যবস্থা ছিল না। সতীশ জীবনে কখনো পয়সা রোজগার করেন নাই। স্বদেশী ভাণ্ডার চালানো ছাড়াও ডন সোসাইটির এই ধরণের আর এক কাজ উল্লেখযোগ্য। তাহা হইতেছে স্বদেশী মালের মেলা। সতীশ তাঁহার চেলাদের কর্তৃত্বে ও পরিচালনায় স্বদেশী জিনিষের প্রদর্শনীর ব্যবস্থা করিতেন। প্রফুল্লকেও এই সব কাজে হিস্সা লইতে হইত। তানপিটে ছোক্‌রা তৈয়ারি করার দিকে ডন সোসাইটির ঝোঁক দেখা যাইত।

সেকালের মেট্রোপলিটান ইন্‌স্টিটিউশনে (একালের বিদ্যাসাগর কলেজে) ডন সোসাইটির স্বদেশী মেলা বসিত। এই কলেজের ঘরেই সাপ্তাহিক ক্লাস দুইটা চালানো হইত। স্বদেশী দোকানও ছিল এই কলেজেরই রাস্তার উপরকার দোতলার ঘরে। কলেজের অধ্যক্ষ নগেন ঘোষ সতীশকে বন্ধুভাবে এই সকল ঘর ব্যবহার করিতে দিতেন। গুরু-দাসকে করা হইয়াছিল ডন সোসাইটির সভাপতি। প্রফুল্ল ইত্যাদি সকল সতীশ-শিষ্যের সঙ্গেই গুরুদাসের সাক্ষাৎ যোগাযোগ সহজে ঘটিতে পারিত।

কুস্তী, ব্যায়াম, শারীরিক কসরৎ ইত্যাদি খেলা-ধূলার দিকেও ডন সোসাইটির নজর ছিল। এই জন্য সরস্বতী পূজা ও অন্যান্য উৎসবের উপলক্ষ্যে সার্ব্বজনিক পালোয়ানী-প্রদর্শনীর ব্যবস্থা করা হইত। তাহা ছাড়া গানের দিকেও ঝোঁক ছিল। সতীশ-শিষ্যদের পক্ষে রবিবার সুরের লোক-রূপে পাইবার সুযোগ জুটিত। স্বদেশী বিপ্লব যেই সুরু হইল অমনি রবি নিজে আসিয়া ডন সোসাইটির ভক্ত-দেরকে গান শিখাইয়া গিয়াছিলেন। পরে তিনি তাঁহার শিষ্য অজিত চক্রবর্ত্তীকে ইঁহাদের জন্য গানের মাষ্টার বাহাল করেন (নভেম্বর ১৯০৫)।

বাঙালীর বাচ্চার পক্ষে যত-কিছু মন-মাতানো আর প্রাণ-তাতানো শক্তি থাকিতে পারে তাহার অনেক-কিছুই প্রফুল্ল ডন সোসাইটির আন্তর্বাস্তবিক যোগাযোগে পাইয়া-ছিলেন। বিবেকানন্দ'র তখন মৃত্যু হইয়াছে (১৯০২)। কিন্তু সতীশ ছিলেন নরেন দত্ত'র অন্তরঙ্গ বন্ধু। কাজেই দিগ্‌বিজয়ী বিবেকানন্দ'র কাহিনী ডন সোসাইটির বৈঠকে জম্‌-জম্‌ করিত। এই সূত্রেই নিবেদিতার সঙ্গে সতীশ-শিষ্যদের আত্মীয়তা। সতীশ নিজে বিজয়কৃষ্ণ গোস্বামীর শিষ্য। এই জন্য বিপিন পাল ও মনোরঞ্জন গুহ তাঁহার বন্ধু। তাহা ছাড়া ব্রজেন শীল, আশুতোষ, রাসবিহারী ঘোষ, ডাক্তার নীলরতন সরকার, অশ্বিনীকুমার দত্ত, অম্বিকা উকিল, সুরেন বন্দ্যোপাধ্যায় এবং যতি ঘোষ (অমৃতবাজার) ইত্যাদি জন-নায়কগণের সঙ্গে তাঁহার আনাগোনা অল্প-বিস্তর ঘনিষ্ঠ। এই সকল নেতাদের কথা কথা ডন সোসাইটির আবহাওয়ায় ছিল মুড়ি-মুড়কি বা চাল-ভাজার মতন মামুলি জিনিষ।

ডন সোসাইটির মারফৎ প্রফুল্ল'র পক্ষে বোধহয় অরবিন্দ-দর্শন ঘটে নাই। বাংলার গগনে অরবিন্দ'র খোলাখুলি উদয় হয় ১৯০৬ সনের মাঝামাঝি,—জাতীয় শিক্ষা পরিষদ প্রতিষ্ঠার সহ-সম কালে বা কিছু-পরে। এই পরিষদ কায়েম করিয়াই ডন সোসাইটি জীবনলীলা সংবরণ করে (এপ্রিল ১৯০৬)। বস্তুতঃ স-শিষ্য সতীশকে কেন্দ্র করিয়া এই পরিষদের বেঙ্গল ন্যাশন্যাল কলেজ গড়িয়া উঠে।

বঙ্গ-নেতাদের সঙ্গে প্রফুল্ল'র প্রত্যক্ষ বা পরোক্ষ মেলা-মেশা ঘটিয়াছিল উনিশ-বাইশ বছর বয়সে। ধর্ম-অর্থ-কাম-মোক্ষের অনেক-কিছু সম্বন্ধেই জ্ঞান ও অভিজ্ঞতা ডন সোসাইটির টোলে পরিবেষণ করা হইত। স্বদেশ-সেবক তৈয়ারীর এই কারখানা হইতে প্রফুল্ল কিছু-কিছু রসদ সংগ্রহ করিয়াছিলেন বলা যাইতে পারে। অবশ্য তাঁহার জন্মভূমি নদীয়ার প্রভাব তাঁহার রচনাবলীতে ছিলই। পরবর্ত্তী কালে ছোটনাগপুরে তিনি উকিলি

করেন উড়িষ্যার ডেপ্যুটেশন স্টেটের ম্যানেজারও তিনি ছিলেন। এই দুই অভিজ্ঞতায় তাঁহার সাহিত্যিক ও সাংবাদিক জীবন পুষ্ট হইয়াছে সন্দেহ নাই। অধিকন্তু আনন্দবাজার পত্রিকার সম্পাদন-কালে তাঁহার উপর ডন সোসাইটির চিন্তাধারাও হয়ত কোনো প্রভাব বিস্তার করিয়াছিল। জীবন-বৃত্তান্ত-লেখকেরা তাহার বিশ্লেষণ করিয়া দেখিবেন। গল্প-লেখক প্রফুল্লকেও এই আবহাওয়া হয়ত কোনো ইন্দিত জোগাইয়া থাকিবে। সাহিত্য-সমালোচকদের পক্ষে তাহা খতাইয়া দেখা আবশ্যক। "শ্রীগৌরাঙ্গের জীবনী"-লেখকের (১৯০৪) জীবনে সতীশের ছায়া হয়ত কিছু-কিছু পড়িয়াছে। অধিকন্তু "কথিক-বিন্দু"-সংক্রান্ত সমাজ-গবেষণার ভিতর ডন সোসাইটি-প্রবর্তিত আলোচনা-প্রণালীর কুচো-কাচা থাকা অসম্ভব নয়। এই সকল বিষয়েও খোঁজ লওয়া চলিতে পারে,—চিত্ত-বিজ্ঞানের আর ব্যক্তিত্ব-বিকাশের তরফ হইতে।

বর্ত্তমানে আট-দশ বৎসর যাবৎ সতীশচন্দ্র কাশীবাসী। বয়স বোধহয় বৎসর আশী হইবে। তাঁহার মুখে ডন সোসাইটির কথা শুনিয়া রাখা ভাল। সতীশ-শিষ্যদের সঙ্গে এখানে-ওখানে-সেখানে দেখা-সাক্ষাৎ হয়। এ-কালের কলিকাতায় আর মফঃস্বলে তাহাদের কেহ-কেহ উকিল, ডাক্তার, বণিক, এঞ্জিনিয়ার, মাষ্টার, সাংবাদিক ইত্যাদি পেশায় মোতায়েন আছে। হিন্দুস্থান ষ্ট্যাণ্ডার্ড দৈনিকের সম্পাদক হেমেন্দ্রলাল রায়ের ডন সোসাইটি সম্বন্ধে বোধহয় কিঞ্চিৎ-কিছু খবর দিতে সমর্থ। কয়েক বৎসর ধরিয়া "উদ্বোধন"-মাসিকে গিরিবাশঙ্কর রায় চৌধুরীর "শ্রী অরবিন্দ" বাহির হইতেছে। তাঁহার ঝুলির ভিতর ডন সোসাইটির মালও আছে।

ডন সোসাইটির ভক্তদের ভিতর এখনো রাষ্ট্রিক আবহাওয়া নামজাদা হইয়াছেন বিহারের কংগ্রেস-প্রেসিডেন্ট গান্ধি-পন্থী রাজেন্দ্রপ্রসাদ। রিপন কলেজের অধ্যাপক রবীন্দ্রনারায়ণ ঘোষ ছিলেন মাষ্টার মহলে সুপরিচিত। নৃতত্ত্বসাহিত্যে হারাণ চাকলাদারের নাম আছে। ঐতিহাসিক রাধাকুমুদ মুখোপাধ্যায় গবেষক-জগতে স্থায়ী ঠিকানা কায়েম করিয়াছেন। চিত্তরঞ্জন-পত্নী মেয়র ও মন্ত্রী সন্তোষ বসুকে বাংলার সার্ব্বজনিক আসরে সকলেই চেনে। প্রফুল্ল সরকার ইত্যাদি নামজাদা সতীশ-শিষ্যদের অন্যতম গুরুভাই ছিল বর্ত্তমানের এই অধম লেখক।

আর্থিক পুনর্গঠন

শ্রীকালীপদ ভট্টাচার্য্য
সম্পাদক, ইণ্ডিয়ান ইকনমিষ্ট

এদেশের টাকার বাজার এখনো এমন এক অবস্থার মধ্যে পড়িয়া আছে যাহা জাতীয় আর্থিক সংগঠনের সহায়ক নয়। এইজন্য টাকার বাজারের পুনর্গঠনের জন্য এক ব্যাপক কার্য্যকরী পরিকল্পনা গ্রহণের আবশ্যকতা অনুভূত হইতেছে! এইরূপ কার্য্যকরী পরিকল্পনা গ্রহণের দ্বারা আন্তর্জাতীয় ব্যবসা-বাণিজ্য-শিল্প-অর্থনীতি-ক্ষেত্রে দেশে এক নববিধান প্রতিষ্ঠিত করা যায়।

টাকার বাজারে যে অর্থনৈতিক ব্যবস্থা প্রচলিত রহিয়াছে, তাহার সহিত কেবলমাত্র এদেশের যোগাযোগ নহে, বহির্দেশের সঙ্গেও তাহার গভীর সংযোগ বিদ্যমান। এইজন্য সার্ব্বভৌম-আর্থিক-জীবন-প্রণালীর সহিত সঙ্গতি রাখিয়া আর্থিক সংগঠনের কথা ভাবা দরকার। এদেশের অর্থনীতি এবং টাকার বাজারের সহিত গভীর সংযোগ রহিয়াছে ব্রিটিশ অর্থনীতি এবং উহার টাকার বাজারের। এইজন্য ওদেশের সহিত সঙ্গতি রাখিয়া এদেশের আর্থিক পুনর্গঠনের পরিকল্পনার কথা চিন্তা করা আবশ্যক। যদি ভারতবর্ষ সম্যকরূপে আত্মশাসিত দেশে পরিণত হয়, তাহা হইলে, তাহার নিজস্ব বিনিময়ব্যবস্থার কথা ভাবা যায়। ভারতের অবস্থা এখনো সেরূপ নয়।

আমরা এই প্রসঙ্গে ব্রিটিশ পুঁজিবাদী অর্থনীতি বিনি-

ব্যবস্থার সহিত সামঞ্জস্য রাখিয়া এদেশের পক্ষে কল্যাণপ্রদ এই নব-গঠনের কথা আলোচনা করিতেছি :

ইহা সর্ব্বজনস্বীকৃত সত্য যে, যে দেশের নিজস্ব শিল্প ও বাণিজ্য নাই সেদেশের শিল্পবাণিজ্য বলিতে যাহা বুঝা যায়, তাহা এমন এক অবাবস্থার মধ্যে পড়িয়া থাকে যে, যদি সহসা তাহা পুনর্গঠিত না হয়, তাহা হইলে বিশ্বব্যাপী দুর্দ্দিনের মধ্যে তাহার আত্মরক্ষা করা দুরূহ এবং কোন রকমে করিলেও তাহার জীবনী শক্তির ক্ষয় অনিবার্য্য! এইজন্য যুদ্ধোত্তর অর্থনীতিক পুনর্গঠনের যে চিন্তাধারা আজ বিভিন্ন দেশকে আলোড়িত করিতেছে, এদেশের জীবনের সহিতও তাহার নিকট সম্বন্ধ রহিয়াছে এবং নব ব্যবস্থার চালাগড়ার সঙ্গে তাহার বাঁচা-মরার গভীর সম্পর্ক বিদ্যমান আছে!

টাকার বাজার হইতেছে দেশের স্নায়ুকেন্দ্র। এই কেন্দ্র হইতেই বিভিন্ন শিরা উপশিরার মত বহু বিচিত্র জীবন ধারা প্রবাহিত। এই টাকার বাজারে যে জাতির টাকার হুণ্ডি আদানপ্রদান বেশী, সে জাতির সমৃদ্ধি তত্তই অধিক পরিমাণে বাড়িয়া উঠে। কিন্তু এই টাকার বাজার সকল সময় দেশের স্বার্থে চালু থাকে না, বিশেষতঃ পরাধীন দেশে!

এই দেশের টাকার বাজারে এদেশের কয় টাকা খাটে না; কিন্তু তাহা দেশের স্বার্থে নয়। এইজন্য দেশের স্বার্থে টাকার বাজার গড়িয়া তোলার দরকারই সর্ব্বাগ্রে। এই সংগঠনের আহ্বানই আজ জাতির জীবনে আত্মপ্রতিষ্ঠা এবং জন্মগত অধিকার-সংস্থাপনের আহ্বান।

আমরা মোটামুটিভাবে কয়েকটি বিশেষ প্রতিষ্ঠানের কথা প্রথমতঃ উল্লেখ করতঃ জাতীয় আর্থিক পুনর্গঠনের এক পরিকল্পনা উপস্থাপিত করিতেছি :

এদেশের শিল্পপুঁজির সমস্যা বহু আলোচিত বিষয়। উহার পুনরাবৃত্তি না করিয়া সংক্ষেপে এই কথা বলা চলে যে, ম্যানেজিং এজেন্সী, হোল্ডিং এবং ইনভেষ্টমেণ্ট কোম্পানী ইত্যাদির ব্যবসা প্রথাকে নব সংগঠনের পথে নিয়ন্ত্রিত করিয়া পুঁজিসমস্যার সমাধান করা যায়। উক্ত প্রতিষ্ঠানগুলি ব্যবসাবাণিজ্যিক প্রতিষ্ঠান এবং ঐ এজেন্সী হাউসগুলির ব্যবসা মূলতঃ ইনভেষ্টমেণ্ট ব্যাঙ্কিংএর মত এবং এইগুলিই প্রধানতঃ এদেশে ইউরোপীয় ইন্ভেষ্টিং হাউসের কাজ করে এবং মার্চ্চেণ্ট ব্যাঙ্কার রূপে এইগুলির কার্য্যপ্রণালী ও ব্যবসা নিয়ন্ত্রিত। এই এজেন্সী হাউসগুলির সহিত আবার বহির্বাণিজ্যের ঘনিষ্ঠ যোগাযোগ। আমাদের মনে হয়, এইরূপ প্রতিষ্ঠানগুলি যদি এক একটি 'ট্রাষ্ট'রূপে পরিবর্ত্তিত হয়, তাহা হইলে এই ট্রাষ্টসমূহ টাকার বাজারে অপরিসীম প্রভাব বিস্তার করিতে পারে। বিদেশী ম্যানেজিং এজেন্সী, হোল্ডিং কোম্পানী ও ইনভেষ্টমেণ্ট ট্রাষ্ট ইত্যাদি কোম্পানীসমূহ এইরূপ এক একটি ট্রাষ্ট শ্রেণীর প্রতিষ্ঠান এবং টাকার বাজারে এইগুলির প্রতিপত্তির কারণ এই যে, এজেন্সীসমূহের পরিচালনাধীনে বহুবিধ প্রতিষ্ঠান নিয়ন্ত্রিত হয়। এদেশের কয়েকটি এজেন্সী হাউস এইরূপ আদর্শে পরিচালিত। কিন্তু সাফল্যের দিক দিয়া উহাদের অনেকেরই কার্য্যধারা এখনো বার্ড এণ্ড কোং, অকটিভিয়াস টীল এণ্ড কোং, কিলবার্ণ এণ্ড কোং লিঃ, শ'ওয়ালেস এণ্ড কোং, বাযালয়ী এণ্ড কোং লিঃ, জেমস কিনলে এণ্ড কোং লিঃ, বলডুইউন এণ্ড কোং লিঃ ইত্যাদি প্রতিষ্ঠানের মত বৈশিষ্ট্য অর্জ্জনও করিতে পারে নাই! এই অক্ষমতার কারণ নানাবিধ। ঐ সকল কারণের উল্লেখ না করিয়া আমরা কেবলমাত্র বলিতে চাই যে, যুদ্ধোত্তর আর্থিক-পুনর্গঠনের সহিত তাল মিলাইয়া চলিবার নিমিত্ত দেশীয় এজেন্সী হাউসগুলিকেও পুনঃ সংগঠিত করার আবশ্যকতা আছে।

(ক্রমশঃ)

ভ্রম-সংশোধন

বর্ত্তমান বর্ষের "আর্থিক উন্নতি"র পৌষ সংখ্যার ২০৫ পৃষ্ঠার ২য় কলমের ২৬শ লাইনে "শিবচন্দ্র দত্ত" স্থানে "কালিদাস মুখোপাধ্যায়" হইবে।

২, পঞ্চানন ঘোষ লেনস্থ কলিকাতা ওরিয়েণ্টাল প্রেস হইতে শ্রীযোগেশচন্দ্র বসুর দ্বারা মুদ্রিত ও প্রকাশিত।